ক্রান্তদর্শী

দ্বিতীয় পর্ব

The establish



প্রকাশক:
শ্রীঅমূল্যগোপাল মজ্মদার
ডি. এম. লাইব্রেরী
৪২, বিধান সরণি
কলকাতা-৬

প্রচ্ছদপট: প্রণবেশ মাইভি

প্রথম প্রকাশ: প্রাবণ ১৩৬১

মূদ্রাকর: শ্রীশ্রামলকাস্তি বন্দ্যোপাধ্যায় রুমা প্রিণ্টার্স ৬৩এ/৩, হরিদোষ ষ্ট্রীট কলকাডা-৬

স্বর্গীয় অন্নদাপ্রসাদ চৌধুরী স্মরণে

ভূমিকা

কবিগুরুর মতো আমারও বলতে ইচ্ছা করে,
"এ কী কৌতুক নিত্য-নৃতন ওগো কৌতুকময়ী, আমি যাহা কিছু চাহি বলিবারে বলিতে দিতেছ কই।"

প্রবন্ধে আমার কথা আমি অবাধে বলতে পারি, কিন্তু উপন্থানে আমি যা খূদি লিখতে পারিনে। বাইরের আদেশে নয়, অন্তরের নির্দেশে আমি এমন দব কথা লিখি যা আমার কথা নয়, যা চরিত্রের কথা। তারা আমার স্ট ছলেও আমার হাতের পুতুল নয়। যে যার অভাবের অন্ত্রনণ করে। যার যা নিয়তি। আমি নিজেই ওদের ব্যাপার ভাপার দেখে বিশ্বিত। ওরা আমার ইচ্ছামতো বাঁচবে না, যে যার ইচ্ছামতো বা বিধাতার ইচ্ছামতো বাঁচবে। আমি আমার মনটাকে খোলা রেখেছি।

এক বন্ধু প্রথম পর্ব পড়ে প্রশ্ন করেন. "এইসব চরিত্র কি আপনি মডেল দেখে এঁকেছেন ?" এব উত্তরে আমি বলি, "কোনো একটি চরিত্রের মডেল কোনো একজন নয়। একাধিক ব্যক্তির কাছ থেকে তিল তিল করে সংগ্রহ করা হয়েছে বিভিন্ন বৈশিষ্ট্য। তাই কাউকে চিনতে পারা যাবে না। চিনলে সেটা ভূল হবে! কিন্তু এমন কথা আমি বলব না যে এঁরা স্বাই আমাব কপোলকল্পিড।"

বই চার পর্বে শেষ হলে আমি আরো একটা স্বীকারোক্তি করব। তার দেরি আছে। আগে তো দেখি কার কী গতি হয়। আমিও কি জানি ?

ঐতিহাসিক ঘটনাগুলো আমি জানি। কিন্তু ব্যক্তির জীবনের ক্রমপরিণতি আমি জানিনে। লিথতে লিথতে জানতে পারব। উপন্যাস লেখাও একটা নিরুদ্দেশযাত্রা। এটা ইতিহাস নয়, ঐতিহাসিক উপন্যাসও নয়। আরস্তের পূর্বে এর খীম্ ছিল রিনিউয়াল। পুনন বীকরণ। লিখতে লিখতে তার খেকে সরে এসেছি। উপন্যাস তার নিজের নিয়মেই চলে। আমাকেও সে নিয়ম মানতে হবে।

ক্ৰান্তদৰ্শী (বিভীয় পৰ্ব)

দীপিকা বৌদির আদরের কুক্র এশফ স্বপনদার পায়ের কাছে চোখ বৃজ্বে ভয়েছিল। দিঁ ড়িতে কার পায়ের শব্দ শুনে গা ঝাড়া দিয়ে ওঠে। প্রথমটা গরর গরর করে, তার পরে ঘেউ ঘেউ করে দরজার দিকে তেড়ে যায়।

দরজার ওপার থেকে আওয়াজ আসে, "আসতে পারি ?"

স্বপনদা ফরাসী ভাষায় উত্তর দেন, "আঁতে।" উনি তথন মনে মনে প্যারিসে বাস করছিলেন। টেবিলের উপর একরাশ ফরাসী পত্রিকা খোলা। সেসব তিনি জার্মান দখলী ফ্রান্স থেকে বাঁকা পথে সংগ্রহ করেছেন।

বাবলী ঘরে ঢুকে বলে, "এটাকে তো আমি আগে কখনো দেখিনি। বাপ রে! কী বিকট গর্জন! যেন চোর কি ডাকাত পড়েছে।"

"ওঃ তুমি !" স্থপনদা চেয়ার ছেড়ে উঠে বাবলীকে ছুই হাতে জড়িয়ে ধরে বলেন, "আমার প্রিয় বোন চকোলেট। আমার প্রিয় বোন চকোলেট।" বলতে বলতে আবেগে তাঁর কঠরোধ হয়। চোথে জল এদে পড়ে।

"কই, বৌদি কোথায় ?" বাবলী তার হাত থেকে ফুলের দাজি নামিয়ে রেথে বলে, "তোমাদের বিয়েতে আমি যোগ দিতে পারিনি। জেলের বাইরে থাকলেও ওসব বুর্জোয়া অষ্ঠানে যোগ দিইনে। যাক, বিয়ে যখন হয়েই গেছে তথন অভিনন্দন জানাতেই হয়। সেইসঙ্গে দিতে হয় কিছু উপহার। আমরা প্রোলিটারিয়ানরা ফুলই দিই। কই, তিনি কোথায় ?"

"তিনি।" স্থপনদা কপট দীর্ঘাস ফেলে বলেন, "তিনি আমাকে তাঁর পেয়ারের কুকুরের বেবী সিটার করে বসিয়ে রেখে বাজার করতে বেরিয়েছেন। বাড়ীতে একটা পার্টি আছে। তোমার যদি অন্ত কোনো এনগেজ্মেণ্ট না থাকে তবে বেয়ো না, থেকে যাও। আমাদের সলে থাবে। বিয়েতে তুমি যোগ দিতে না, কিছু বৌভাতে তো দিতে। তোমাকে আমি খুব মিস করেছি। ভোমার রাজবী ক্যারামেলকেও। সেও কি ছাড়া পেয়েছে।"

"না, টুর্গেনিভদা।" বাবলী বিষয় মুখে বলে, "সে অনেক কথা। কিন্তু তোমাকে আর আমি টুর্গেনিভদা বলব না। টুর্গেনিভ যাঁকে ভালোবাসতেন তাঁর প্রতি একনিষ্ঠ থাকতে গিয়ে সারাজীবন অবিবাহিত থেকে গেলেন। আর তুমি! বিশ বছর না বাইশ বছর একনিষ্ঠ থাকার পর সবাই যা করে তুমিও তাই করলে। কোথায় রইল তোমার প্রেমের আদর্শ! তোমার অসাধারণত্ব! পারবে কি তুমি কথনো আর একথানা 'ভাজিন সয়েল' লিখতে? তুমি আমাকে হতাশ করলে, স্বপনদা!"

"আগে তো শোন সব কথা। তার পরে যা বলতে চাও বলো।" স্থপনদা চাকরকে ডেকে চায়ের হুকুম দিয়ে জমিয়ে বসেন।

"বেশ তো, শুনব।" বাবলী এলফের গায়ে হাত ব্লোতে ব্লোতে বলে। ইতিমধ্যে তার সঙ্গে ভাব হয়ে গেছে।

"চকোলেট ভোমাকে আমি বার বার বলেছি আমি টুর্গেনিভ নই। আমার গুরু ফোবয়োর। বছদিন থেকে চেষ্টা করে আসছি আর একথানা 'মাদাম বোভারি' লিখতে। তাঁর মতো অবিবাহিত রয়েছি। এটা আর্টের প্রতি একনিষ্ঠতা। প্রেমের প্রতি একনিষ্ঠতা নয়। হাা, প্রেমের প্রতি একনিষ্ঠতা ছিল। কিন্তু সেটা কতকাল একতরফা থাকতে পারে বলো ? দশ বছর অপেক্ষা করেছি, বিশ্বাস করেছি যে ওর ছেলে বড়ো হলে ও আমার কাছে চলে আসবে। এদেশে না হোক ওদেশে গিয়ে আমরা বিয়ে করব। আমাদের ফোর আর্টস ক্লাবে এর নজির আছে। বুঝতে পারি আমাদের বেলায় তা হবার নয়। বুথা অপেক্ষা। তথন ইণ্ট ওয়েন্ট ক্লাব গড়ে তুলি। এথানেও মহিলাদের সঙ্গে মেলামেশার যথেষ্ট হুযোগ। কিন্তু মন দেওয়া নেওয়া হলো না। আমি বাঁকে চাই তিনি আমাকে চান না। যিনি আমাকে চান আমি তাঁকে চাইনে, আমি তো বিয়ের আশা একরকম ছেড়েই দিয়েছিলুম। এমন সময় বাবাব পরলোকের সমন আসে। তিনি আমাকে ডেকে বলেন, আমি আর বেশী দিন নেই। আমার একটা সাধ অপূর্ণ থেকে যাচ্ছে। সেটা ছিল ভোমার মায়েরও সাধ। ভিনি থাকলে তিনি ভোমার উপর চাপ দিতেন। ব্দামি কথনো চাপ দিইনি ও দেব না। কিন্তু আমি আশা করেছি ও করব ফে তুমি তোমার পূর্বপুরুষের বংশলভিকায় ছেদ পড়তে দেবে না। প্রেমে পড়ে বিয়ে করতে চাও করো, কিছ বিয়ে করলেই পিতৃঞ্বণ থেকে মৃক্ত হবে। নয়ডো नग्र। একথা শুনেই चांत्रि यनःश्वित करत्न स्क्रिन। क्लांव उथन ভाउत्नत्न मूर्य।

যুদ্ধ নিয়ে নানা জনের নানা মত। কারো কারো মত ক্লাবের মূলনীতি-বিরোধী। নাৎসীদের বিরোধিতা করতে গিয়ে আমি বাখ্ বেঠোভেন গোটে শিলারের বিরোধিতা করতে পারিনে। কেউ কেউ আবার নাৎসীদের জয় কামনা করেন। পুলিশ শুনতে পেলে রক্ষে আছে! আমার সঙ্গে বাঁর মতের মিল তিনিই হন তোমার বৌদি। তাঁর একটিমাত্র শর্ত। লাভ্ মী, লাভ্ মাই ডগ। তাঁকে ভালোবাসলে তাঁর কুকুরকেও ভালোবাসতে হবে।" স্বপনদা হাসেন।

"এমন শত কোনো কালেই শুনিনি। ধন্ত বৌদি।" বাবলীও হাসে।

"শতপথ ব্রাহ্মণে আছে। পুররবা যথন উর্বশীকে বিয়ে কণতে চান তথন উর্বশী বলেন, আমার শয়ার পাশে পুত্রবং প্রিয় হুটি মেষ বাঁধা থাকবে ও এরা কথনো অপহত হবে না। পুররবা বলেন, বেশ, তাই হবে। একদিন রাত্রিকালে গন্ধর্বরাজ বিশ্বাবস্থ মেষ হুটিকে হরণ করেন। উর্বশী তাদের উদ্ধার করার জন্মে কারাকাটি করলে পুররবা শয়া থেকে উঠে বিবস্থ অবস্থায় বিশ্বাবস্থর পশ্চাদ্ধাবন করেন। উর্বশীর আরো এক শত ছিলো পুররবাকে যেন তিনি কথনো বিবস্ত্র না দেখেন। হঠাং বিহ্যতের ঝলকানিতে তাঁর সেই রূপ দেখে উবশী তৎক্ষণাং অদৃশ্য হয়ে যান।" স্বপনদা বলতে বলতে এল্ফের উপর কড়া নজর রাথেন।

বাবলী ভয় পেয়ে বলে, "এল্ফ যদি চুরি যায়?"

"ভাবনার কথা বৈকি। তবে আমাদের বেলা তেমন কোন শর্ত হয়নি। আমি শুধু ভালোবেসেই খালাস।" স্বপনদা অভয় দেন।

"তা ভালোবাদার মতো কুকুর বটে। কোন্ জাতের ?" বাবলী হংধায়। "পোষেরানিয়ান। তার মানে জার্মান।" স্থপনদা বলেন।

"তা হলে আমি একে ভালোবাসতে পারব না। জানো তো তোমার প্রিয় জার্মানরা আমার প্রিয় রাশিয়ানদের ঘাড়ে ঝাঁপিয়ে পড়েছে। রাশিয়া যদি হেরে যায় সর্বনাশ হবে, অপনদা। বিপ্রব ব্যর্থ হবে। রাশিয়ায় ব্যর্থ হলে ভারতেও ব্যর্থ হতে বাধ্য। তা হলে আমি কী নিয়ে বাঁচব! রুশকে তার চরম সঙ্কটের দিন যে-ই মদত দেবে সে-ই আমার মিতা। সে যদি ইংরেজ হয় তবে সেও আমার মিত্র। আমাদের থীসিস বদলে পেছে। তাই আমাদের জেল থেকে মৃক্তি দেওয়া হয়। জুলি তা জনে রেগে আগুন। বলে, তোমরা দেশলোহী। দেশের চরম সঙ্কটের দিন যে-ই মদত দেবে সে-ই আমার মিত্র।

সে যদি হিটলার হয় তো সেও আমার মিতা। একথা শুনলে কেই বা ওকে মৃক্তি নেবে । ওর সঙ্গে আমার বিচ্ছেদ ঘটে গেছে, স্থানদা। মনটা থারাপ বলে থারাপ। একযাতাায় পৃথক ফল।" বাবলী আফদোস করে।

স্থানদা শুস্থিত হয়ে বলেন, "বিচ্ছেদ! ও যে বড়ো অলক্ষণে কথা! আমার প্রিয় বোন চকোলেটের সঙ্গে আমার প্রিয় বোন ক্যারামেলের বিচ্ছেদ। না, না, কথাটা অতি রুঢ়। বলতে পারো মতান্তর। মনাস্তর কখনো নয়।"

"জুলি আমাকে শাসিয়েছে আমাদের মিতা ইংরেজরা যেদিন লাথি থেয়ে সম্প্রের জলে ভেদে থাবে সেদিন আমরাও লাথি থেয়ে এক নৌকায় ভাসব। এদেশে আমাদের ঠাই হবে না। আমাদের পিতৃভূমি রাশিয়া। সেইথানেই আমাদের শেষ আশ্রয়। যদি সে তার স্বাধীনতা রক্ষা করতে পারে।" বাবলীর কঠরোধ হয়।

"পারবে। পারবে। আলবাং পারবে।" স্বপনদা স্থনিশ্চিত। "হিটলারের দশা হবে নেপোলিয়নের মতো। হিটলার কি নেপোলিয়নের চেয়েও বড়ো? কেঁদো না, বোন চকোলেট। কেউ মদত দিক আর নাই দিক, রাশিয়া আত্মরক্ষা করবেই। ইংরেজ কেন ওকে মদত দিতে ছুটে গেছে, জানো? ইংরেজের আশক্ষা রাশিয়া কিছু জায়গা ছেড়ে দিয়ে আবার না একটা ব্রেস্ট-লিটোভস্ক দদ্ধি করে। তথন হিটলার আবার মোড় ঘূরে ইংরেজের ঘাড়ে ঝাঁপিয়ে পড়বে।" স্বপনদারও দেই আশক্ষা।

"অসম্ভব। জায়গা ছেড়ে দিয়ে সন্ধি! অসম্ভব! সন্ধিই অসম্ভব।
একবার যে চুক্তি ভঙ্গ করেছে আবার দে ভাই করবে। হিটলারকে টিট
করতে হবে। তার জন্মে যদি সামাজ্যবাদীদের সঙ্গে হাত মেলাতে হয় তাও
সই। জুলি একথা শুনে আরো ক্ষেপে যায়। বলে, মিলির মতো তুমিও
আগে থাকতে বিলেভে পালিয়ে যেতে পারো। বিয়ে করে স্থাও থাকবে।"
বাবলী কাঁদো কাঁদো শ্বরে শোনায়।

"মিলি মিলিটি কে?" স্বপনদা উৎস্ক হন।

"নামকরা বিপ্লবী নায়িকা মধুমালভী মৃত্যাফী। বিয়ের পর দত্তবিশ্বাদ।
স্বামী বছদিন থেকে লণ্ডনের অধিবাদী। অগত্যা মিলিও বিয়ের পর দেখানকার
বাসিন্দা। আগে থাকতে পালিয়ে গেছে এ কী রকম কথা! ইংরেজরাও কি
ভারত থেকে পালিয়ে যাচ্ছে নাকি ? বিপ্লবের ঢের দেরি। আগে ভো রুশ
বিপ্লব নিক্টক হোক। রাশিরা রাছ্মুক্ত হোক। ভার পরে আমরা দিকে

দিকে আগুন জালাব। আপাতত আমাদের হাতের তাদ হাতে রাথতে হবে। লোকে বলবে আমরা দামাজ্যবাদীদের অম্চর। দেইজ্যেই আমাদের জেল থেকে থালাদ দেওয়া হয়েছে। লোকের ভয়ে আমিও তো আজকাল বন্ধু-বান্ধবদের কাছ থেকে শতহন্ত দ্রে থাকি। ভোমার কথা আলাদা। তুমি আমাকে ভূল বুঝবে না, স্বপনদা।" বাবলী মিনতি করে।

"আরে না। আমি কি আমার বোনদের ভূল বুঝতে পারি! তোমাকেও
না, ক্যারামেলকেও না। তোমাদের দিক থেকে তোমরা তৃজনেই ঠিক।
মাহুষের মনটা উকিল। বলে গেছেন প্রমহংসদেব। আমরা হাইকোর্টে
গিয়ে নিত্য তৃ'পক্ষে দাঁড়িয়ে তৃ'পক্ষের হয়ে মামলা লড়ি। কিন্তু যুক্তক্ষেত্র তো
আদালত নয়। সেথানে তুই পক্ষ নয়, আরো এক পক্ষ। তার নাম নিয়তি।
ডেপ্টিনি। তোমাদের তুই পক্ষের যুক্তিই ভূল প্রমাণ হয়ে যেতে পারে।
তথন তোমরা তৃজনেই আবার কোলাকুলি করতে পারো। এ বিচ্ছেদ
চিরবিচ্ছেদ নয়। কেউ কি জানত যে বিপ্লবী নায়িকা মধুমালতী মৃত্যাফী
রাতারাতি ভোল পালটে বিলেত গিয়ে হাজির হবেন! নিয়তি। ডেপ্টিনি।
এই যুদ্ধের শেষ কী ভাবে হবে তা তুমিও জানো না, জুলিও জানে না, আমিও
জানিনে, কেউ জানে না। হিটলারও না, স্টালিনও না, চার্টিলও না।
অপনদা চায়ের পেয়ালা বাড়িয়ে দেন। হস্টেসের অহুপন্থিভিকে তিনিই
হস্টেসের স্থলে অভিযিক্ত।

"চার্চিল!" চার্চিলের কথায় বাবলীর মনে পড়ে, "মিলি এখন চার্চিলের পরম ভক্ত। অমন নেতা নাকি হয় না। ব্রিটেনকে বাঁচিয়ে দিয়েছেন। লেবার পার্টির দদস্থরাও ওঁর কাছে ক্বতঞ্জ।"

"চাচিল!" স্থপনদা উদ্দীপ্ত হয়ে বলেন, "পুরুষস্থ ভাগ্যং দেবা ন জানস্থি কুতো মহায়া:। লেবার পার্টির অত বড়ো শত্রু ।কি আর আছে? শুধু লেবার কেন টোরি পার্টির অধিকাংশ সদস্থ ওঁর উপর বিরূপ। যতবার মন্ত্রী হয়েছেন প্রত্যেকবারই মারাত্মক সব ভূল করেছেন। কড লোক যে ওঁর জন্মে যুদ্ধে রুথা প্রাণ দিয়েছে যুদ্ধের সময় আর কত অর্থ যে বরবাদ হয়েছে। এ যুদ্ধের আগের দশটি বছর ধরে ওঁর বনবাস। একজন ইংরেজও বিশাস করত না যে ওঁর কোনো রাজনৈতিক ভবিন্তং আছে। ইংরেজদের একটা মন্ত গুণ যুদ্ধের সময় ওরা দলবাজি ভূলে যায়। লেবার পার্টির সদস্যরা বলেন চার্টিল যদি প্রধানমন্ত্রী হন তা হলেই ওঁরা কোয়ালিশনে রাজী হবেন। আর টোরিদের

অধিকাংশ ওঁর উপরে বিরূপ হলেও আর-কোনো নেতাকে পান না যিনি লেবারকে বাদ দিয়ে এককভাবে যুদ্ধ চালাতে পারবেন। নিয়তি। একেই বলে নিয়তি। নইলে ত্'বছর আগেও কি কেউ বিশ্বাদ করত যে চাচিল আবার মন্ত্রী হবেন ? প্রধানমন্ত্রী হওয়া তো দুরের কথা। সব চেয়ে আশ্চর্যের কথা সোভিয়েট রাশিয়ার এত বড় শত্রু আরে ছিল না। সেই মহাশত্রু কেমন করে মিত্র হলেন সে এক হর্ভেত রহস্ত। আমি যেটুকু বুঝি সেটুকু এই যে, রাশিয়া তো কোনোদিন ব্রিটেন আক্রমণ করবে না, করলে জার্মানীই कत्रत्। (कारनामिन क्वान बाक्रमण कत्रत्य ना. कत्रत्व कार्यानीहे कत्रत्य। স্বভরাং জার্মানীই এক নম্বর শক্ত। তার বিরুদ্ধে যুঝতে হলে পুব দিকেও মিত্র চাই, শুধু পশ্চিম দিকে নয়। পূব দিকের সেই মিত্র ছিল পোলাও। সে তো একমাসের মধ্যেই কুপোকাং। রাণিয়াই একমাত্র শক্তি যে জার্মানীকে ৰুখতে পারে। যদি প্রয়োজনমতো অন্ত্রপন্ত পায়। হলোই বা সে কমিউনিস্ট। বিপদে পড়লে বাঘে গোরুতে একঘাটে জল খায়। ক্যাপিটালিস্টের সঙ্গে কমিউনিস্টের এটা সেয়ানে সেয়ানে কোলাকুলি। সেই চার্চিল আর সেই ফালিন! ভাবতে পারো একথা। ইতিহাদের পরিহাদ। একদিন যেটা ছিল অসম্ভব আজ দেটা সম্ভব। আসলে যুদ্ধ ব্যাপারটা ব্যক্তির সঙ্গে ব্যক্তির সংঘর্ষ নয়, শক্তির সঙ্গে শক্তির সংঘাত। আর সে শক্তিকে বলতে পারে। ইমপার্স নাল। যেমন সাইক্লোন বা ভূমিকম্প। ব্যক্তি সেখানে নিমিত্তমাত। তা বলে চার্চিলের জায়গায় চেম্বারলেনকে বসিয়ে দিলে চলত না। তেমনি স্টালিনের জায়গায় টুটস্কিকে। বিপ্লবের দিন টুটস্কির ভূমিকা ছিল স্টালিনের চেয়ে বড়ো। ট্রটস্কি না হলে রেড আমির স্বষ্টি আর কেউ করতে পারতেন না। পরে ওঁর উপর দারুণ অভায় করা হরেছে, তা তুমি স্বীকার করো আর नारे करता, त्वान । किन्न चाजरकत्र मितन को निनरे खत्रना।"

শ্বা বলেছ। আমরা উবেগ নিয়ে তাকিয়ে আছি তাঁরই মৃথের দিকে।
এতদিন তিনি াার্টির কর্ণধার ছিলেন। এখন সরকারের কর্ণধার হয়েছেন।
শাসন্যন্ত এখন তাঁর মৃঠোর মধ্যে। মৃদ্ধ পরিচালনার অভিজ্ঞতাও তাঁর আছে।
হিটলার তাঁর তুলনার কী! আঙুল ফুলে কলাগাছ! কিন্তু জার্মান সেনা যে
হারে এগিয়ে যাচ্ছে তাতে আতক্কের কারণ না থেকে পারে না। মস্কোর
পত্তন আসর। লেনিনগ্রাভের পত্তন অদ্রে। আমরা কি ছির থাকতে পারি
নম্ভব হলে ফুলেট গিয়ে লড়তুম। মনটা পড়ে আছে মন্ধোতে, লেলিনগ্রাভে।

দেহটা কলকাতায়। তৃমি তো টুর্গেনিভ নও, তৃমি কী ব্ঝবে আমার ষাতনা! অবশ্য কমিউনিন্ট তৃমি কোন কালেই ছিলে না। বিপ্লবীদের প্রতি সহাম্পৃতি, এই টুকুর জন্মেই তোমার কাছে আদি। তা তৃমি কি তোমার মাদাম ভিয়ার্দোর সঙ্গে সম্পর্ক একেবারেই কাটিয়ে দিলে? ব্যক্তিগত প্রশ্ন করছি, কিছু মনে কোরো না।" বাবলী ফুলুরি থেতে খেতে বলে। স্বপনদার প্রিয় ভোজ্য।

"বান্ধববান্ধবী সম্পর্ক যেমন ছিল তেমনি আছে। কিন্ধ প্রেমিকপ্রেমিক। সম্পর্ক আর থাকতে পারে না। বহুদিন থেকেই নেই। মানুষের হৃদয় এক বিচিত্র বস্তু। একবার যদি হারায় তবে সহজে তাকে ফিরে পাওয়া যায় না। ষতদিন না তাকে ফিরে পাচ্চি ততদিন আর কাউকে রুদয় দিতে পারিনে। क्रमग्र ना मिरा एम्ट मिरल रमि ट्रांचा विठाति छ। रमें करका चामि वावात পীড়াপীাড়ি দত্তেও বিয়ে করিনি। একটা না একটা অজুহাতে এড়িয়ে গেছি। কিন্তু ক্রমেই উপলব্ধি করছিলুম যে এমনভাবে চলতে পারে না। দেবতা বলো, মামুষ বলো, পশুপাখী বলো সকলেরই ছোড আছে। জুটি আছে। একক কেউ নয়। আমিই বা কেন ব্যতিক্রম হতে যাই ? ফ্লোবেয়ারের মতো একনিষ্ঠ আর্টিণ্ট হতে চাই বলে ? এটা উনবিংশ শতাকী নয়। ফরাসী সমাজও নয়। ও রকম একটা ক্লাসিক লিখলে সেটা না হবে কালোপযোগী. না দেশোপযোগী। এথন আমি ভাবছি একখানা নাটক লেখার কথা। বিশ্বরুদ-মঞ্চে যার অভিনয় দেখছি তারই আদলে লিখলে দেটাই হবে আমার 'ফাউট'। ও বই লিখতে গ্যেটের ক'বছর লেগেছিল, জানো? চল্লিণ বছর। আমার বয়সেই তিনি আরম্ভ করেন। সমাপ্ত করেন আমার বাবার বয়সে। এর জন্মে চাই একটি নারী। এই বয়সেই তিনি নারী গ্রহণ করেন। তাকে গির্জায় গিয়ে বিয়ে করেন সভেরো বছর বাদে। ও কী! চমকে উঠলে যে!" স্বপনদা বিশ্বয়ের ভাণ করেন।

"রুশো যা মানতেন না, ভরতেয়ার যা মানতেন না, গ্যেটে স্বয়ং তাঁর যৌবনে যা মানেননি বৃদ্ধ বয়দে তাই মেনে নিলেন! গির্জায় গিয়ে মন্ত্রপাঠ করে সমাজসমত কনভেনশনাল ম্যারেজ। চমকে উঠৰ না?" বাবলী উত্তর দেয়।

তোমরা কি তা হলে বিবাহও তুলে দিতে চাও ? স্বপনদা স্থান "না, বিবাহ তুলে দেব না। তবে আইনের কড়াকড়ি রাখব না, ধর্মীর অন্নষ্ঠান রাথব না। ইচ্ছা হলো একসঙ্গে থাকলুম, ইচ্ছা হলে সক্ষত্যাঞ্ করলুম। বিবাহ হবে বন্ধুভার মডো।" বাবলীর জবাব।

"ছেলে কার তা নিয়ে যদি বিরোধ বাবে সম্পত্তির উত্তরাধিকার কার উপর বর্তাবে ?" স্বপনদা জেরা করেন।

"এক্ষেত্রে মায়ের সাক্ষ্যই শেষ কথা।" বাবলী গম্ভীরভাবে বলে।

"ছাথ, চকোলেট, সবাই ভোমার মতো সভাবাদিনী নয়। মিথ্যাবাদিনীও আদালতে দেখেছি। সব চেয়ে ভালো হচ্ছে দম্পত্তি বলে কিছু না থাকা। উত্তরাধিকার বলে কিছু না রেখে যাওয়া। কিছু সোভিয়েট রাশিয়াতেও সম্পতি রেখে যাওয়া ও জন্মস্থতে পাওয়া ফিরে আসছে। রাষ্ট্রের কাছে সব সস্থানই সমান, অবৈধ কেউ নয়। কিন্তু সমাজের চোথে কে কার সম্ভান এ প্রশ্ন অবাস্তর নয়। সমাজ্টা যদি মাতৃতান্ত্রিক হতো তা হলে কেউ কেয়ার করত না। কিন্তু সমাজতন্ত্রের দেশেও সমাজ এখনো পিতৃতান্ত্রিক। কমি-উনিস্টরা যখন 'সমাজ', 'সমাজ' বলে চিংকার করে তথন ওরা যা বলতে চায় তা 'রাষ্ট্র', 'রাষ্ট্র'। বিবাহের বেলা কড়াকড়ি গোড়ায় ছিল না। এখন একট একটু করে ফিরে আসছে। এর জন্মে পুরুষদের দায়িত্বহীনতাও দায়ী। বাপ হবে, ছেলের দায়িত নেবে না। সব দায়িত রাষ্ট্রের। রাষ্ট্র কাঁহাতক সহু করবে। ফরসী বিপ্লবের দিনেও এই দায়িত্হীনতা দেখা দিয়েছিল। কবি ওয়ার্ডস ওয়ার্থ তথন প্যারিসে। যার সঙ্গে বাস করেন তাঁর একটি কলা। হয়। দেই ক্যাকে কবি তার মায়ের দেশে ফেলে যান। জীবনে কোনো দিন স্বীকৃতি দেন নি। সম্প্রতি এই তথা আবিষ্কার করা গেছে। কবির মহিমা এতে খৰ্ব হয়নি, কিন্তু তিনি তো কেবল কবি নন, তিনি ঋষি।" স্থপনদা কটাক্ষ করেন।

वावनी एका है। "वाला की, अलमना ! अवार्कम अवार्थ !"

"হাা, বোন, ওয়ার্ডসওয়ার্থ। ফরাসী বিপ্লবের প্রথম দিবসে তিনি বিপ্লবের মোহে মগ্ধ ডিলেন। সেকথা স্মরণ করে লিখেছিলেন—

'Bliss it was in that dawn to be alive

And to be young was very heaven.'

বিপ্লব যথন সন্ধানের রাজতে পরিণত হয় তখন আরো অনেকের মতো তাঁরও মোহভঙ্গ হয়। তিনিও কোতল হতেন, যদি না দেশে ফিরে যেতেন। ব্রিটেনও দিনে দিনে বিপ্লববিরোধী হয়ে ওঠে। নেপোলিয়নের আমলে যুক্তে জড়িয়ে পড়ে ফ্রান্সবিরোধীও হয়। আদিপর্বের কথা গোপন রাধাই তো তথন নির্নিরোধী কবির আত্মরক্ষার পথ। তোমার মনে যা নিয়ে থটকা বাধছে তা এই বিবাহবহিভূতি সস্তান। তথনকার দিনে বিবাহমাত্রেই ছিল যাবজ্জীবন বিবাহ। বিপ্লবীদের পক্ষে যাবজ্জীবন কারাদণ্ড। বিবাহবিচ্ছেদ আইনসমত হয় তার অনেক পরে। তুমি যদি পুরুষমান্থ্য হতে আর তোমার্ক বান্ধবী ক্যারামেল যদি হতো তোমার ধর্মপত্নী তা হলে এই যুদ্ধের ইস্যুতেই তোমাদের বিবাহবিচ্ছেদ ঘটে যেত। নয়তো তোমরা ত্র্জনেই জ্বলে পুড়ে মরতে। সস্তান থাকলে তার যে কী দশা হতো অন্থমান করতে পারো।

"জুলি আমাকে কী বলে শাসিয়েছে, শুনবে ?" বাবলী কাঁদো কাঁদো হুরে বলে, "ইংরেজদের সঙ্গে আমরা যদি এক জাহাজে যাত্রা না করি তবে দেশদ্রোহী পঞ্চমবাহিনী বলে আমাদের ফায়ারিং স্কোয়াডের সামনে থাড়া করা হবে। এক রাশিয়া যদি স্বাধীন ভারতকে স্বীকৃতি দেয় তবে গুলী না করে আন্দামানে পাঠানো হবে।"

স্বপনদা সমবেদনা জানিয়ে বলেন, "ক্যারামেলটা একটা পাগলী। ওর কথা ধরতে নেই, বোন। স্বাধীন ভারতেও আইন আদালত উকীল ব্যারিস্টারু থাকবে। আমরা ভোমাকে নতুন সরকারের কবল থেকে ছাড়িয়ে আনব। তবে ক্যারামেলকে ছাড়িয়ে আনবে কে জানিনে, স্বাধীনতার কিছুদিন বাদে যদি অক্টোবর রেভোলিউশন হয় আর তোমরাই ওর দলের স্বাইকে ধরে ধরে ধরে কায়ারিং স্বোয়া ও এক করো বা অপরাধ লঘু হয়ে থাকলে দ্বীপান্তরে পাঠাও। তথন আমরাও বেকার। আদালতও ফাকা। তোমরা বেভাবে রাশিয়ার মাছিমারা নকল করে চলেছ তাতে শ্রমিক রুষক ভিন্ন আরু সকলের আতক্ষের যথেষ্ট কারণ আছে। রাভারাতি ভোল পালটালেও ধনীরা কেউপ্রাণে বাঁচবে না, মধ্যবিত্তরাও মধ্যপদলোপী হবে। তুমি হয়তো ভোমাদের এই দাদাটিকে বাঁচাতে চাইবে, কিছু আপনি বাঁচবে কি-না দন্দেহ। এক মাছের ভেড়ি থেকেই ভোমাদের বছরে লাখ টাকা আয়।"

বাবলী অপ্রতিভ হয়ে বলে, 'ওটা তোমার ভূল ধারণা। এদেশের কমিউনিস্টরা কথনো ওদেশের মাছিমারা নকল করবে না। এদের সবাই তোমধ্যবিত্ত। নিজেদের শ্রেণীটিকে লোপ করতে হাত উঠবে কেন? তবে, ই্যা, প্রাইভেট প্রপার্টির উপর পাবলিকের অগ্রাধিকার প্রতিষ্ঠা করতে হবে। আমাদের মাছের ভেড়ি পাবলিক প্রপার্টি হতে পারে। তার বদলে আমরা বিদ

ক্ষতিপূরণ না পাই তবে খোরপোষ পেতে পারব। মধ্যবিত্তদের এমন দাপট থাকবে না তা ঠিক। কিন্তু এমন বেকারিও থাকবে না। সব ছেলের চাকরি জুটবে। সব মেয়ের বর জুটবে। নয়তো চাকরি। অকারণ নরহত্যা মহান স্টালিনও করেননি। করেছেন বিরোধীদের ম্লোচ্ছেদ করতে। বাধ্য হলে এদেশের বড়কভাও তাই করবেন। তার জন্তে বিরোধীরাই দায়ী।"

স্থপনদা হাল ছেড়ে দিয়ে বলেন, "স্টালিন ছা গ্রেট। যেমন পিটার ছা গ্রেট। ক্যাথারিন ছা গ্রেট। আচ্ছা, ইংরেজরা কতদিন তোমাদের সহযোগিতা পাবে ?"

"যুদ্ধ যতদিন শেষ না হয় ততদিন। তার আগে ওদের আমরা নড়াতে চাইনে।" বাবলীর সাফ জবাব।

শৃব ভালো কথা। কিন্ত লোকে যদি থেতে না পেয়ে দলে দলে মারা যায়, মেয়েরা যদি পরতে না পেয়ে দলে দলে বেআব্রু হয়ে ঘূরে বেড়ায় তার দায়িত্ব নেবে কারা ? যুদ্ধক্ষেত্রে হাজার হাজার ক্লীমজুরের দরকার হয়, সিপাহীর তো হয়ই। তাদের অনিচ্ছা থাকলে জাের করে ধরে নিয়ে যাওয়াও সম্ভবপর। এর দায়িত্ব নেবে কারা ? যুদ্ধের থরচ জােগানাে কি কঠিন সমস্তা নয় ? মুদ্রাফীতি ছাড়া এ সমস্তার আর কী সমাধান আছে ? টাকার কােনাে দাম থাকবে না, তাই জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হবে। তার দায়িত্ব নেবে কারা ? ইংরেজরা তাে অপ্রিয় হবেই, তাদের দক্ষে তােমরাও। তুমিও কি আর সে-রক্ম সমাদর পাবে!" স্থপনদা ঘাড় নাড়েন।

"সব ব্ঝি, দাদা। আমিও ভেবে দেখেছি। কিন্তু রাশিয়া যদি ছেরে যায় তবে বিপ্লবেরও সমাধি হবে। বিপ্লবী বলে আমি পরিচয় দেব কোন্ মুখে? আমি তো ভৃতপূর্ব হয়ে যাব। রাশিয়ার হারজিং আমার পক্ষেও জীবনমরণ সমস্তা। জুলির কথা আলাদা। সেও বিপ্লবী, কিন্তু কৃষকশ্রমিকের কেউ নয়। সেও জনগণের কথা আওড়ায়, কিন্তু জমিদারের বিরুদ্ধে মহাজনের বিরুদ্ধে লড়বে না। দ্রৌপদীর মতো সে বেণী বাঁধবে না, যতদিন না তৃঃশাসনের নিধন হয়। কিন্তু তার পরে পাগুবরা ভারতময় চোর পোষণ করবে। ও যদি জেলখানায় আরো চার পাঁচবছর কটোতে চায় আমি বলবার কে? ওর থীসিসটাই ভূল। এ যুদ্ধে ইংরেজ হারতে পারে না। ইংরেজকে হারতে দেখলে আমেরিকা ছুটে আসবে। একদিকে রাশিয়া, আরেকদিকে আমেরিকা, এদের সঙ্গে লড়াই করে নাংসীরা বে কেষন করে জিড়বে তা আমার মাণায়

আদে না। কিন্তু বিশ্বাদে মিলয়ে ক্লফ তর্কে বছ দুর। জুলির বিশ্বাস হিটলার জিতবেই। ত্রন্ধচর্ষের জয় হবেই, নিরামিষ আহারের জয় হবেই, আর্যন্থের জয় হবেই। স্বন্ধিক চিহ্নের জয় হবেই। স্টালিনের সঙ্গে ছ'বছরের অনাক্রমণ চুক্তি ছিল বলে আমি জুলির দক্ষে তর্ক করিনি। মৃথ বুজে দহ্ করে গেছি। কিঙ চুক্তির খেলাপ করে হিটলারের দৈত্য যথন দোভিয়েট পিতৃভূমি আক্রমণ করে তথন কি আর চুপ করে দব কথা মেনে নিতে পারি! ঘরে আগুন লাগলে এক বালতি জল নিয়ে যে ছুটে আদে দে যদি এককালে শত্ৰু হয়ে থাকে তবু আজ তো দে বরু। চার্চিল অবশ্য ভারতের স্বাধীনতা পছন্দ করেন না, কিন্তু আমরা কেন ধরে নেব যে যুদ্ধের পরেও চার্চিল থাকবেন ? তথন যিনি প্রধান-মন্ত্রী হবেন তিনি যদি ভারতের স্বাধীনতা মঞ্জুর না করেন আমরাই সকলের আগে মুক্তিযুদ্ধে নামব। শ্রমিক ক্লয়ক একজোট হয়ে দিকে দিকে লাল ঝাণ্ডা তুলবে। সৈনিকরাও তাদের সঙ্গে যোগ দিয়ে লাল কেলা দখল করবে। কংগ্রেসকে দিয়ে আপস ছাড়া আর কিছু হবার নয়। গান্ধীর দৌড় তো দেখা গেছে। আর স্থভাষ বোদ ভো হাওয়া। শুনছি উনি নাকি জার্মানীতে গিয়ে অস্ত্র সংগ্রহ করছেন। কিন্তু সেদেশে থেকে এদেশে আসবেন কোন পথে ? রাশিয়া তো হুয়ার বন্ধ করেছে। স্বপনদা, জুলির জন্মে আমি সভাই হুঃখিত। ও বেচারী থামোথা জেলে পচছে। পারো তো তুমি ওকে জেল থেকে বার করে নিয়ে এম। বিচ্ছিন্ন হলেও আমি ওর শুভাকাজ্জী বন্ধু।" বাবলী একনি:খানে বলে যায়।

"আচ্ছা, বোন চকোলেট, আমি ওর মায়ের সঙ্গে পরামর্শ করে ওর সঙ্গে সাক্ষাতের অহ্মতি চাইব। তবে ওর যা জেদ! না একো ফপেয়া না একো, জওয়ান। জেল থেকে বেরিয়ে ও যদি আবার ফোট উইলিয়ামে গিয়ে ওই ধ্যো ধরে তা হলে ওকে ওরা এবার কোট মার্শাল করবে। এবার আর বিনা বিচারে আটক নয়, সামরিক বিচারে ফাঁসী বা ৰীপান্তর বা কারাবাস। ব্জের সময় বে-কোনো গভন মেণ্ট নির্মম। ইংরেজরা দিন দিন কঠোর হচেছ।" হুলিয়ারি দেন স্থপনদা।

বাবলী এবার অন্য প্রদেষ পাড়ে। "আচ্ছা, স্থপনদা, একটা কথা ভোমাকে জিজ্ঞাসা করলে তুমি কি খুব রাগ করবে ? ভোমার বিয়েতে মাদাম ভিয়ার্দো কিছু মনে ক্রেননি ?"

স্থপনদা গন্ধীর হয়ে যান। "ভাধ চকেলেট, আমি টুর্গেনিভ নই, ভিনিও

चामाम जियातमा नन। वित्युत जात्म वामितितक जामि किर्ति नित्थ थवत्रहो। मित्रि छिनुम वहेकि । नित्थि छिनुम शिठांत्र अखिम हेक्झा, आमात । जनक्छा नग्न । এর উত্তরে বাঁশরি কা লেখেন ভনবে ? তোমার মূথে একটি কথা শোনার জন্যে আমি বছরের পর বছর কান পেতে রয়েছি। সেই কথাটি না বলে তুমি বিদেশে চলে গেলে, ফিরলে চার বছর বাদে। বাঙালীর মেয়ের বিয়ের বয়স একবার পার হয়ে গেলে পরে তার পাত্র জোটে না। বাপ মা জোর করে বিয়ে দিয়ে দেন। লেখাপড়া তো তেমন শিখিনি যে চাকরি করব। শিখেছি ছবি আঁকতে। সেই স্থবাদে দাদার সঙ্গে তোমাদের ফোর আর্টস ক্লাবে ষাওয়া আদা করি। তোমার দক্ষে আলাপ হয়। তুমি আমার ছবি দেখতে আমাদের বাড়ী আসতে শুরু করো। ওসব ছবির সমঝদার যত ছিল থরিদদার তত ছিল না। আমিও পেশাদায় আর্টিন্ট হতে চাইনি। তোমাকে চিঠি লিখে জানাই যে আমার গুরুজন আমার বিয়ে দিতে যাচ্ছেন, পাত্রও পেয়ে-ছেন। পাকাপাকি এখনো হয়নি, এখনো সময় আছে। কিছু তার আগে তোমার ফিরে আদা চাই। তুমি লিখলে ব্যারিস্টার না হয়ে দেশে ফিরলে তোমার জীবন বার্থ হবে। তা তো ঠিকই। পুরুষমার্থের কাছে তার জীবিকাই পরম পুরুষার্থ। প্রেম তার তুলনায় গৌণ। আর নারীর কাছে ুপ্রেমই মুখ্য, যদিও তার গুরুজন সেদিকে দুক্পাত করেন না, ধরে বেঁধে বিয়ে দেন। তথন নারীর জীবন ব্যর্থ। বিদেশ থেকে ফিরে তুমিই আমাকে বলেছিলে যে তুমি আমার জীবন ব্যর্থ হতে দেবে না। আমাকে উদ্ধার করবে। ও বিয়ে বিয়েই নয়। সভ্যি সভ্যি ভূমি অপেক্ষা করেছিলে। আমি কিন্তু সস্তানের জননী হয়ে আরো বেশী করে জড়িয়ে পড়ি। আমার ছবি আঁকার পাট উঠে যায়। তোমাকে আমি সম্পূর্ণ অব্যাহতি দিই। তথন তুমি যদি বিয়ে করতে আমি আশ্বর্ধ হতুম না। আশ্বর্ধ হচ্ছি এই কথা ভেবে যে তুমি এতকাল গৃদ্ধ করার পর অবশেষে প্রেমের যুদ্ধে হার মানলে। প্রার্থনা করি তোমরা স্থবী হও। আমার কথা ভূলে গেলেই আমি স্থবী হব।"

"তার পরে[°]?" বাবলী আরো ভনতে চায়।

তার পরে আর কী? আই অ্যাম আ ডিফিটেড ম্যান। আমি একজন পরাজিত পুরুষ। আমার অহঙ্কার ছিল যে আমি অপরাজিত। মহাত্মা থেমেন বলেন অহিংদার অদাধ্য কিছু নেই আমিও তেমনি বলতুম প্রেমের অদাধ্য কিছু নেই। আমার প্রেমই একদিন খ্যামের বাঁশরির মতো আমার প্রিয়াকে টেনে নিয়ে আসবে। ওর বিব। হবিচ্ছেদ যদিও সহজ নয় তব্ অসম্ভব নয়। কিন্তু সন্তানের মায়া ও কাটিয়ে আসবে কী করে? আমি হেরে গেছি। এমন এক সময় ছিল যথন এটা নিবারণ করতে পারা যেত। কিন্তু বিলেত না গিয়ে আমার স্বন্ধি ছিল না, ইউরোপ না দেখে আমার শাস্তি ছিল না, ব্যারিস্টার না হয়ে আমার মর্যাদা ছিল না। আমার জত্যে বাঁশরির জীবনটাও ব্যর্থ হলো। নিয়তি! ডেক্টিনি! এ ছাড়া তুমি আর কী ব্যাখ্যা দেবে? এখন এ ভাঙা জীবন জোড়া দিতে পারলে বাঁচি। দীপিকা যদি আমার ভাঙা হুরে চাঁদের আলো হয়।" স্থপনদা আবেগের সঙ্গে বলেন।

এল্ফ হঠাৎ এক লাফে বাবলীর কোল থেকে নেমে এক ছুটে নিচের তলায় গিয়ে বেউ বেউ জুড়ে দেয়। না, চোর নয়, ডাকাত নয়, বাড়ীর গৃহিণী। পেছনে বাড়ীর চাকর রামদীন। তার সঙ্গে বাজার থেকে কেনা লটবহর। এল্ফ তাঁর আগে আগে সিঁড়ি ওঠে। আজকাল দোতালাতেই স্বপনদার। থাকেন। যেখানে এতদিন থাকতেন অধ্যাপক গুপ্ত। অধুনা স্বর্গীয়।

॥ घूडे ॥

স্থানদার স্থভাবই হলো গড়িমসি করা। যেটা আজ করার কথা সেটা তিনি কাল করবেন। যেটা কাল করবার কথা সেটা পরশু। যেটা বিলেড যাবার আগে করার কথা সেটা করবেন বিলেড থেকে ফিরে। অমনি করেই বাঁশরি দেবীকে হারালেন। দীপিকা দেবীকেও হারাতেন, যদি না পরলোকের ডাক শুনে বাবা অন্তিম ইচ্ছা জানাতেন। আর বেশী দিন নেই সেটা ডাক্তার-দেরও ধারণা।

তাঁর পাতানো বোনদের তিনি "আমার প্রিয় বোন" বলে ডাকতেন বাবলী ও ছুলির মতো তাঁর প্রিয় বোনদের সংখ্যা ছিল সাত কি আটজনা এঁদের কারো কাছে বিবাহের প্রস্তাব করা তাঁর পক্ষে অশোভন হতো। প্রস্তাব শুনে অপর জন যদি বলে, "ছি !" দীর্ষ দিনের পরিচয়ের ফলে একজনকে তিনি "আমার প্রিয়তম বোন" বলতেও শুরু করেছিলেন। ক্লাবের অধিবেশন পালা করে বাঁদের বাড়ীতে বসত তিনিও ছিলেন তাঁদের একজন। সেইস্ত্রে গুরুজনদের সঙ্গেও আলাপ পরিচয় নিবিড় হয়েছিল। কারণে অকারণে ত্'জনই ত্'জনের বাড়ী গিয়ে ক্লাবের ভবিশ্বং নিয়ে গবেষণা করতেন। কুকুরকে যদিও স্থানদা যমের মতো ভরাতেন তবু দীপিকাদের বাড়ী গেলে এল্ফকে বিস্কৃট দিয়ে ভোলাতেন।

ক্লাবের নিয়ম ছিল ইউরোপ, আমেরিকা বা জাপান ফের্ডা না হলে কেউ সদক্ত হতে পারতেন না। ওটা কেবল পূর্ব পশ্চিমের মিলনের সেতৃ নয়, নরনারীর মেলামেশারও সোপান। গত সাত আট বছরের মধ্যে কয়েকটি শুভবিবাহের ঘটনাও ঘটছে। দীপিকার গুরুজন আশা করেছিলেন যে সেরকম ঘটনা তাঁদের বাড়ীতেও ঘটবে। কল্যা ইতিহাদে অক্সমেণের্ডের ফার্ফ ক্লাস অনার্স পেয়ে অসাধারণ মোগ্যতার প্রমাণ দিয়েছে। কিন্তু এমনি এদেশের সমান্ত যে এর উপরেও পণ যৌতৃক নিয়ে দরাদরি করে। গুরুজন নরম হলেও দীপিকা পাথরের মতো শক্ত। তাঁরও একটা পণ আছে। তাঁকে ভালোবাসলে তাঁর কৃকুরকেও ভালোবাসতে হবে। তাঁর পণে তিনি অটল। তাই বছরের পর বছর যায়, সমবয়সিনীদের সকলেরই বিয়ে হয়ে যায়, ত্রিশের কোঠায় পা দিয়েও দীপিকা অন্তা। তথনকার দিনে অভাবনীয় ব্যাপার। হাঁ্যা, হিন্দু সমাজে।

বাবার জন্মে স্থপনদা কিছুই করেননি, ছেলের জন্মে বাবা দব কিছুই করেছেন। একথা মনে আদতেই মনটা হু হু করে ওঠে। তু'চোথ জলে ভরে যায়। বিয়ে যদি কোনোদিন করতেই হয় ভবে আজ নয় কেন ? কাল অবধি বাবা যদি না বাঁচেন। কিছু কাকে ? এ প্রশ্নের উত্তর খুঁজছেন এমন সময় দীপিকার প্রবেশ। ক্লাবের মায়া যেন কাটতেই চায় না। সেই উপলক্ষে আগমন।

"আমার প্রিয়তম বোন দীপিকা", স্থপনদা না তেবে চিস্তে স্বতঃস্কৃতভাবে বলে কেলেন, "আমি যদি বোন কথাটা বাদ দিই, তুমি কি আমাকে দ্বণা করবে?"

"এতদিন দাওনি কেন সেইটেই আমাকে ভাবায়। কিছ, জানো তো, আমি পাথর দিয়ে তৈরি। আমার একটা শর্ত আছে। লাভ মী, লাভ মাই ডগ।" দীপিকার মুখ উজ্জ্বল হয়ে ওঠে।

"তা হলে চলো আমার সঙ্গে বাবার ঘরে। ত্'জনে মিলে তাঁকে প্রণাম করে তাঁর আশীর্বাদ ভিক্ষা করব।" স্বপনদা বলেন। "কিন্তু অমন করে আমার শর্তটা এড়িয়ে গেলে চলবে না। পরিষ্কার বলতে হবে আমার এল্ফকে তুমি ভালোবাদবে। আমার শোবার ধরে সারা রাত ও ছাড়া থাকে। ও আমাকে পাহারা দেয়, আমিও ওকে পাহারা দিই।' দীপিকা বলেন।

স্থপনদার মনে পড়ে শতপথ ব্রাহ্মণের উর্বশী পুররবা উপাধ্যান। ওটা দীপিকাকে শোনান। "তুমি কি পূর্বজন্ম উর্বশী ছিলে। আর এল্ফ ছিল তোমার ভেডা তা নইলে এমন উদ্ভট শর্ত কার মাথার আদে। কিন্তু ওই একটি শর্তেই আমি রাজা। ওর বেশী না।"

"না, আমার আর-কোনো শর্ত নেই। আমি তোমার তুমি আমার আর এলফ আমাদের।'' দীপিকা সম্মতি দেন।

তথন থেকেই এ বাড়ীর এই রীতি। এল্ফ রাত্রে ছাড়া থাকে। আর কর্তাগিন্নীর শোবার ঘর ওরও শোবার ঘর। অন্তান্য ঘরেও ওর অবাব প্রবেশ।

বৌদি গরে চুকতেই বাবলী তাঁকে প্রণাম করে তাঁর হাতে ফুলের তোডা ধরিয়ে দেয় আর তাঁর গলায় পরিয়ে দেয় ফুলেব মালা। তিনি চিনতে না পেরে স্থানদার দিকে তাকান।

শ্বণরাজিতা দেন। ডাক নাম বাবলী। আমার প্রিয় বোন চকোলেট দু সম্প্রতি জেল থেকে ম্জি পেয়ে আমাদের বিরেব থবর শুনে অভিনন্দন জানাতে ছুটে এসেছে। আমি ওকে থাকতে বলেছি, আমাদের পার্টিতে যোগ দেবে। মনে করো এইটেই বৌভাত।" স্বপনদা বলেন।

দীপিকা বাবলীর গালে বিলিতী কেতায় চূম্ থেয়ে বলেন, "হাউ স্থাইট অভ ইউ! আমার পিয় ননদ। কিন্তু জেলে ধরে নিয়ে গেল কেন ?" দীপিকা জিজ্ঞাস্থ।

"যুদ্ধবিরোধী কার্যকলাপের জন্যে।" বাবলীর জ্বাব।

ভা হলে ছেড়ে দিল কেন °" দীপিকা বুবাতে পারেন না।

''আমাদের থীসিসট। বদলে গেল বলে। এ যুদ্ধ আর সাম্রাজ্যবাদী যুদ্ধ নয়। এটা সোভিয়েট রাশিয়ার জনযুদ্ধ। অতএব আমাদেরও।" বাবলী বোঝায়।

"ও মা তাই নাকি।" দীপিকা কৌতুক বোধ করেন। "ঢাল নেই তলোয়ার নেই, নিধিরামের দল জনযুদ্ধে নামবে। ইংরেজরা ছত্রভঙ্গ করবে না ?" "আহা! তা কেন করতে যাবে ? ওরা তো ইংরেজের শক্র নয়, মিত্র। ওদের যুদ্ধ হচ্ছে ওদের আর ইংরেজদের কমন এনিমির বিশ্লুছে। বর্বর ফাসিস্টদের বর্বর নেতা হিটলারের বিশ্লুছে। সভ্যতাকে বাঁচানোর জন্তে এই যুদ্ধ। এখানে ইংরেজরা আর আমরা এক শিবিরে।" বাবলী প্রত্যয়ের সঙ্গে বলে।

"আছো, আমি যথন অকৃসফোর্ডে পড়াশুনা করতুম সে-সময় ওথানকার বাঙালী ছাত্রদের মৃথে শুনেছিলুম অপরাজিতা সেন বলে একটি কলেজের ছাত্রী হিজলী বন্দীশালার হত্যাকাণ্ডের প্রতিবাদে কলকাতার এক ক্লাবে ঢুকে এক সাহেবকে গুলী করে। সাহেব বেঁচে যান। মেয়েটির শান্তি হয়। তবে ফাঁসী কি দীপান্তর নয়। কাঁ ছর্জয় সাহস! আর কা জলস্ত দেশপ্রেম! কোথায় যে নিবে গেল মেয়েটি! কেউ আর ওর নাম করে না। তোমার নামের সঙ্গে ওর নামের মিল আছে, বাবলী।" দীপিকা বলেন।

"চরিত্রের সঙ্গেও মিল আছে।'' স্বপনদা মস্তব্য করেন। আঞ্চন! আগুন! আমার প্রিয় বোন চকোলেট আগুন দিয়ে তৈরি।''

"এত যদি মিল তবে তুমি কি সেই অপরাজিতা?" দীপিকা অবাক হন।
"হঁটা, বৌদি, আমিই সেই।" বাবলী উত্তর দেয়। "ইংরেজদের উপর
আমার রাগ পড়ে গেছে। সোভিয়েট রাশিয়ার এই জীবনমরণ সংগ্রামে
স্বাধীন ভারতেরই উচিত সর্বতোভাবে সাহায্য করা। তা যথন সে পারছে না
তথন যে পারছে তার সঙ্গে সহযোগিতা করাই তো যুদ্ধজয়ের পূর্ব শর্ত। ওরা
আমাকে অশেষ কষ্ট দিয়েছে, কিন্তু অসম্মান কথনো করেনি। এবার তো
রানীর হালে ছিলুম। যুদ্ধের পরে আবার ওদের সঙ্গে মোকাবিলা হবে।
আপাতত যুদ্ধজয়ই একমাত্র লক্ষ্য। স্বাধীনতা অপেক্ষা করতে পারে।"

"রানীর হালে ছিলে বলছ, কিন্ধ তোমার চেহার। দেখে তো তা মনে হয় না। তোমার কি অস্থ করেছিল " বৌদি মমতার সঙ্গে স্থান।

"অস্থ নয়, বৌদি। অ-স্থ। আমার অস্তরে স্থ নেই। আমি অস্থী। আমার মতো অস্থী আর নেই।" বাবলী ভাবাবেগে ভেঙে পড়ে।

"কেন, ভাই বাবলী ? কী ভোমার ছংখ ?" বৌদি গলে যান।

"তুশমনরা চুক্তির খেলাপ করে অতকিতে রুশ পিতৃত্মি আক্রমণ করেছে, তা জানেন। মস্কো বিপন্ন, লেনিনগ্রাড বিপন্ন। আমরা কি আপাতত ওসব ঘাঁটি ছেড়ে দিয়ে দ্রে সরে যাব? টাইমের বদলে স্পেস বিনিময় করব?

টাইম পেলে তৈরি হয়ে পালটা আক্রমণ করব ? স্পেদ কেড়ে নেব ? জনগণমন অধিনায়ক ক্লভাগ্যবিধাতা মহামতি স্টালিন কী চিস্তা করছেন বলতে পারব না। কিন্তু মস্কো লেনিনগ্রাডের বাসিন্দাদের জন্মে আমরা দিবারাত্রি চিস্তিত। এ তো গেল আমাদের কমরেডদের সকলের মাধাব্যথা। এর উপর আমার निष्कत तृत्क वाथा। आमात वासवी कुलित मरक आमात विष्कृत परि शिष्का। মতামতের দিক থেকে আমরা এখন উত্তরমেক দক্ষিণমেক। যুদ্ধের ফলাফলের জত্যে সবুর না করে ইংরেজকে ভারত থেকে তাড়াতেই হবে। এই হলো ওর মত। তা হলে ইংরেজ কেমন করে রাশিয়াকে মদত দেবে? কে জানে কেমন করে? তা হলে রাশিয়া যুদ্ধে জিতবে কী করে? কে জানে কী করে ? আচ্ছা, দেশ যদি আজ এথনি স্বাধীন হয় সে কি রাশিনাকে মদত দেবে ? না, তেমন কোনো বাধ্যবাধকতা নেই। ভারতের স্বাধীনতার জ্বন্থে রাশিয়া কবে কাঁ করেছে যে ভারত স্থায়ত বাধ্য ? এখন এই অবোধ বালিকার সঙ্গে আমি কাঁহাতক তর্ক করব! আমি শুধু বলেছি যে, জুলি, যদি হিটলার আর স্টালিন এই হু'জনের মধ্যে একজনকে বেছে নিতে হয় তুমি কাকে বেছে নেবে ? ও বলে, হিটলারকে। আর তুমি ? আমি বলি, দ্টালিনকে। ব্যস্। এক কথায় তালাক। আমার মতো অস্থী আর কে ?'' বাবলী থামে।

"সত্যি আমি এত হুঃখিত।" বৌদি বলেন দরদের সঙ্গে।

"এই সব নয়, বৌদ।" বাবলী আরো বলে, "আমার বড়ো সাধ ছিল যে খপনদা হবেন বাংলার টুর্গেনিভ, আর একখানা 'ভাজিন সয়েল' লিখবেন আমাদের জন্মে ও আমাদের নিয়ে। অমর করে দেবেন আমাদের। ও কৈ ভো আমি টুর্গেনিভদা বলে ডাকতে শুরু করেছিল্ম। উনি আমাদের হতাশ করেছেন। উনি টুর্গেনিভ নন। উনি আর একখানা 'ভাজিন সয়েল' লিখবেন না। লিখবেন আর একখানা 'ফাউন্ট'। জার্মান ক্লাসিকই এখন ওর আদর্শ। কশ ক্লাসিক নয়। সহাত্ত্ত্তিটা মনে হয় জার্মানদের প্রতি। ওই যে ফাউন্ট ও হিটলার ছাড়া আর কে? শয়তানের সঙ্গে কার অমন চুক্তি? ফাউন্টকে আথেরে জিতিয়ে দেওয়া মানে হিটলারকে আথেরে জিতিয়ে দেওয়া। স্বপনদা, তুমি আমাকে হতাশ করলে। আমার মাথাব্যখা আর বুকে ব্যথার উপর হাড়ে ব্যথা।" বাবলী নালিশ করে।

''আমার প্রিয় বোন চকোলেট, তুমিও আমাকে ভূল ব্ঝলে।'' স্বপনদা হতভম্ব হয়ে বলেন, ''হিটলার তো বর্বর। আমি যার কথা লিখতে চাই দে সভ্য মাস্থ। যে মাস্থ ইউরোপে আমেরিকায় জাপানে মানবপ্রগতির ধ্বজাবাহক। সে মাস্থ যে একটার পর একটা মহাযুদ্ধে জড়িয়ে পড়ছে এটা কি সে সাম্রাজ্যবাদী বা সাম্যবাদী বলে? না আছে এর কোনো গভীরতর ব্যাখ্যা ? যেমন ফাউস্টের মতো শয়তানের সঙ্গে চুক্তি? শয়তান মানে অশুভ শক্তি।"

"বাবলী, তুমি তোমার দাদাকে ভুল বুবোছ। উনি জার্মানদের ভালো-বাসলেও হিটলারকে ও তার দলবলকে নয়। হিটলাকের জয় উনি কামনা করেন না," বৌদি বলেন।

''দাদা,'' বাবলী নরম হয়ে বলে, ''তা হলে তুমি টলস্টয়ের মতো আর একখানা 'ওয়ার অ্যাণ্ড পীদ' লেখ। তাতে রাশিয়ার জিৎ দেখানে। হবে।''

"তা হলে তো আমাকে অবিলম্বে মস্কো যেতে হয়। ইংরেজ সরকার আমাকে পাশপোর্ট দেবে, না রুশ সরকার ভিসা দেবে ? আমরা এদেশের লোক বছকাল যুদ্ধবিগ্রহ দেখিনি। প্রত্যক্ষ অভিজ্ঞতা না হলে এদেশের পটভূমিকাতেও অমন উপন্যাস লেখা সম্ভব নয়। এই বাল্যবিবাহের দেশে . তুমি নায়িকা পাচ্ছ কোথায়়ু আগে তো সামাজিক পরিবর্তন হোক। কাল্পনিক চরিত্র দিয়ে 'ওয়ার অ্যাও পীস' হয় না। আমার তেমন কোনো উচ্চাভিলায় নেই, বোন। তুমি বলতে পারো, কেন ? 'ফাউন্ট' ? সেটাও কি আমার উচ্চাভিলায় নয় ? ওই নাম আমি ব্যাবহার করব না। ও কাহিনীও না। আমি ভাধু অন্নসরণ করতে চাই থীম্টা; মাতুষ সভ্য হতে গিয়ে তার আত্মাকে বিকিয়ে দিচ্ছে। পরিবর্তে যা পাচ্ছে তা পার্থিব উন্নতি। যত উচ্চে উঠুক নাকেন, অসন্তোষ ওর কপালে লেখা। অশান্তি ওর নিত্য সহচর। ত্রাণ করতে পারে ওকে ঐশী করুণা। আর নারীর প্রেম। আমারও মৌল বিশ্বাস ওট ছটিতে। মাহুষকে বাঁচানো মাহুষের সাধ্য নয়। সে যদি বাঁচে তো বাঁচবে এশী করুণায়। তোমরা কমিউনিন্টরা তো ঈশ্বর মানবে না। আমিও কি মানতুম? আমি হিউমানিট। কিন্তু পাশ্চাত্য মানবি-কভার ভিতর থেকে এখন দানবিকতা বেরিয়ে এসেছে। আকাশ থেকে বোমা ফেলে এখন নিবিচারে নারী শিশু বধ করছে। তার জন্মে এতটকু বিবেকের দংশন নেই। এই আসম প্রলয়ের দিন যদি আমি এশী করুণায় বিখাস করি সেটা আমার প্রতিক্রিয়াশীলতা নয়। আর নারীর প্রেম ? এ

জগতে তার মতো আর কী আছে? আমরা পুরুষরা কি যোগ্য ?" বলতে বলতে স্বপনদার গলার স্বর অস্পষ্ট হয়ে আদে।

বাবলী ন্তর হয়ে শোনে। "হঁ্যা, লেখবার মতো থীম বটে। ঐশী করুণা সম্বন্ধে থিমত থাকতে পারে, কিন্তু নারীর প্রেমের বেলা আমরাও তোমার দঙ্গে একমত। তবে নারী ও পুরুষ এখন পরস্পরের কমরেড। আমাদের দলের ছেলেরা আমাকে 'দিদি' বলে ডাকে না। বুড়োরাও 'বোন' বলে ডাকেন না। সকলের কাছেই আমি 'কমরেড'। আমিও স্বাইকে বলি 'কমরেড'। স্থ্রী পুরুষ নির্বিশেষে। নরনারীর বাছবিচার একটা বুর্জোয়া কুসংস্কার। তা বলে প্রেম একটা কুসংস্কার নয়। আমাদের পরিকল্পিড সমাজেও প্রেম থাকবে।"

"বাঁচালে। অন্তত একটা জায়গায় তোমাদের সঙ্গে আমার মিল থাকবে। বুর্জোয়া বলে আমার লেগা অপাঙ্কেয় হবে না।" স্বপনদা দীপিকার সঙ্গে দৃষ্টি বিনিম্য করে বাবলীর দিকে তাকান।

হঠাং এল্ফ তেড়ে গিয়ে ঘেউ ঘেউ শুরু করে দেয়। কলিং বেল বাজবার আগেই টের পায় কারা যেন আসছেন।

"আরে, এস, এস।" অপনদা দরঙার সামনে গিয়ে সিঁড়ির সামনে দাড়ান। পার্টির অতিথিরা একে একে বা জোড়ে জোড়ে হাজির হন।

"ব্যাপার কী হে! আজকের এই পার্টি কেন? তোমাদের কারে। জন্মদিন নয় তো। উপহার আনা হয়নি।" বলেন স্থবিনয় তালুকদার।

"না, তেমন কোনো উপলক্ষ নেই। এমনি একটু আডা দিতে থেয়াল হলো। ক্লাব উঠে গেছে। ভাব বিনিময় তো উঠে যায়নি। তোমরা যদি রাজী হও আমরা ক'জন মিলে ছোট একটা গ্রুপ গঠন করতে পারি। কালচারাল গ্রুপ। যুদ্ধবিগ্রহের দিনে কেবল যে মান্থয় ধ্বংস হয় ভা নয়, তার স্পষ্টিভ ধ্বংস হয়। আমাদের কাজ হবে নতুন স্পষ্টির নক্শা তৈরি করা। যাতে শৃহ্যতা পূর্ণ হয়।" স্থপনদা নিবেদন করেন।

দিগারেট ধরাতে ধরাতে স্থবিনয় বলেন, "এই নিয়ে ক'বার হলো? সেই স্থলজীবন থেকেই তুমি একটার পর একটা গ্রুপ গঠন করে আসছ। পারলে কি একটাকেও বাঁচিয়ে রাখতে? আচার্য প্রফুল্লচক্র একবার একটা বাণী দিয়েছিলেন। তাতে ছিল, বাঙালীর উৎসাহ খড়ের আগুনের মতো দপ করিয়া জলিয়া উঠিয়া দপ করিয়া নিভিয়া যায়। তথন মানতে চাইনি।

এখন মানতে হছে। আডা দিতে বাঙালীর জুড়িনেই। আমরা আবার আডা দেব। কিন্তু নতুন স্পষ্টির নক্শা আমাদের কাছে প্রত্যাশা করা রুথা। তার জক্ত চাই দৃষ্টি। দৃষ্টি আমাদের সীমিত। ইংরেজ এদেশে না এলে আরো সীমিত থাকত। ওরা চলে গেলে আমরা আমাদের পুরানো গগুীতে ফিরে যাব। দেই অষ্টাদশ শতান্দীর মনোজগতে। ওরা লুটই করতে এদে থাকুক আর রাজ্বই করতে, ওরা নিয়ে এদেছিল আন্ত একটা যুগকে। যুগটাও যদি ওদের সঙ্গে চলে যায় তবে আমরা আবার পদাবলী আর মন্দলকাব্য আর পাঁচালী লিখব। নতুন স্পষ্টির নক্শা? তার রূপায়ণ করবে কারা। কাদের জন্তো তোমার আমার দিন গেছে বলেই ধরে নাও। আমারা কেবল বাঙালী নই, আমরা উনবিংশ শতান্দীর রেনেসাঁদের ফসল। ফসল থেকে ফসিল। আমাদের সম্বন্ধে কেথা হবে, ন ভূতোন ভবিশ্বতি। এমনটি আগেও হয়নি, পরেও হবে না।"

"তার মানে," অপনদা টিপ্পনী কাটেন, "ত্রটিশ রাজত্বের দঙ্গে সঙ্গে আধুনিক য্গের অঙিত্বও শেয হয়ে এল। তার শৃত্ততা পূরণ করবে মধ্যুয়গের পুনরা-বর্তন। কিন্তু আমি যা নিয়ে ভাবছি তা কেবল ভারতের ভবিয়ুৎ নয়, বিশ্বের ভবিশ্রং। মানবন্ধাতির ভবিশ্রং। মানবসভ্যতার ভবিশ্রং। এই যুদ্ধ যে শূক্ততা রেগে যাবে ৃসই শৃক্ততার পূরণ। আমরা ক'জন কি শুধু বাঙালী, শুধু ভারতীয় ? আমরা কি মাহ্য নই ? এ দক্ষট মানবিকভারও দক্ষট। মুদ্লমানরা যেমন বলে, ইদ্লাম ইন ডেঞ্চার, তেমনি আমারও বলতে ইচ্ছা করে, হিউমানিজম ইন ডেঞ্জার। আমরা এমন কিছু হারাতে যাচ্ছি যা পাচশো বছর ধরে ইউরোপকে স্প্রিশীল রেথেছে, দেড়শো বছর ধরে ভারতকেও, বিশেষ করে বাংলাকেও। এই যুদ্ধ যদি আরো সংক্রামক হয়, যদি রাশিয়া থেকে এশিয়ায় ছড়ায়, যদি ইরান হয়ে ভারতেও ঢোকে তা হলে আমরাও হব যুদ্ধক্ষেত্রের সাগিল। মহাযুদ্ধ হচ্ছে মহাসংক্রমণ। দেশ স্বাধীন হলেও যে যুদ্ধ এড়াতে পারত তা নয়। এটা কোন একটি নেশনের একক সাধ্যের অতীত। কিন্তু এই মহামারীর পরে যারা বেঁচে থাকবে তারা মাহুষ বলে পরিচয় দিলেও হিউমানিজ্মের মহিমা উপলব্ধি করবে না। এইদব চিন্তা করেই আমি :আবার এক গ্রুপের পত্তনে উত্যোগী হয়েছি।"

"ওদিকে আরো একটা গ্রুপের পত্তন হয়েছে।" ইক্রজিং রাহা সংবাদ দেন। "মানবেক্রনাথ রায়ের র্যাডিকাল হিউমানিফ গ্রুপ। হিউমানিজমকে বাঁচিয়ে রাখার একমাত্র উপায় তাঁকে র্যাডিকাল করা। কিন্তু আমাদের যা এতিহু তা লিবারল হিউমানিস্ট ঐতিহু। এর থেকে একচুল সরে গিয়ে যদি আমরা র্যাডিকাল হিউমানিস্ট হই তবে আরো একচুল সরে গিয়ে কমিউনিস্ট হিউমানিস্ট হব না কেন? তাই গোলে হরিবোল দেবার জন্মে রব উঠেছে দ্বাইকে হতে হবে আলিইফাসিস্ট। আবে, আলিইফাসিস্ট তো মোল্লা মৌলবী শুরু পুরোহিতরাও। যারা হিউমানিজদের ধার গারে না তারাও। যারা বলে লিবারল হিউমানিজমের যুগ গেছে তাদের সঙ্গে হাত মিলিয়ে আমরা আলিইফাসিস্ট হতে রাজী নই। আমি বরাবর লিবারল হিউমানিস্ট ছিলুম এখনো তাই, পরেও তাই থাকব। যুগ যদি যায় যাবে। তাকে আটকে রাখার দায় আমার নয়। আমাদের প্রুপেরও নর। আচ্ছা, একটা ম্যানিফেন্টা বার করলে কেমন হয় কমিউনিস্ট ম্যানিফেন্টার মতো লিবারল হিউমানিস্ট ম্যানিফেন্টো। না, না,হাসির কথা নয়। আমি সীরিয়াস।"

বাবলী এতক্ষণ উসখৃস করছিল, এবার দীপিকা বৌদির কানে ফিস ফিস করে বলে, "মাফ কোরো. বৌদি, আমার একটু কাজ আছে। আরেকদিন আসব।"

"সে কী!" স্থপনদা টের পেয়ে বলেন. "তুমি উঠছ কেন? তোমাকে তো বলেছি আজ এটা তোমার থাতিরে আরেকবার বৌভাত। লুচি, পোলাও, মাছ, মাংস, চাটনি, মিষ্টি সব কিছুই পাবে। শুধু একটু ধৈর্য ধরতে হবে। সেইজন্মে কথাবার্তা চাল্ রাথা দরকার। তোমাকে তো কেউ লিবারল হিউমানিফ হতে বলছে না। তুমি কমিউনিফ হিউমানিফ, আমরা লিবারল হিউমানিফ। আধাআধি মিল তো আছে। অমিল যেটা সেটা আপাতত চাপা পড়ছে। তবে আমরা ওই আাণ্টিফাসিফ ভেক ধারণ করতে নারাজ। আমাদের পক্ষে ওটা হবে ভগুমির ভেক। ভাগনার (Wagner) আমার প্রিয় সঙ্গীতকার। আমার যথন খুশি তথন আমি ভাগনার বাজাব। ওদিকে জার্মানীতে বসে হিটলারও তাই করছেন। হিটলার ভাগনার ভালোবাসেন। ওর সঙ্গে আমার এইখানে একটা মিল রয়েছে। গুপ্তচরের ভয়ে আমি এটা গোপন করতে পারব না। আরো জোরে 'সিগফ্রিড' বাজাব। যে সঙ্গীত দেশোত্তর ও কালোত্তর তাকে ফাসিফ বলে চিহ্নিত করা মুর্য তা। আমি সেই মুর্য তার পায়ে আজুসমর্পণ করব না। আমি জানতে চাই ক'জন আাণ্টিফাসিস্টের এ সাহস আছে।"

এটা যেন বাবর্গার প্রতি একটা চ্যালেঞ্চ। বেচারি একলা পড়ে গেছে, ওর নিজের দলবল এখানে নেই। মস্কো বিপন্ন, লেনিনগ্রাড বিপন্ন, ঠিক এই মূহুর্তে যদি কেউ 'সিগফ্রিড' বাজায় তাতে জার্মান পক্ষের মনের জোর বাড়ে, ক্ষশ পক্ষের মনের জোর কমে। সন্ধাতের উপরে হার জিৎ নির্ভর করে বইকি। বাবলী বলে, "স্বপনদা, তুমি কি কখনো চাইকোভস্কির 'নাটক্র্যাকার' বাজাও না ?"

"বাজাই বইকি। রিমস্কি-কোরদাকোভও আমার প্রিয়।" স্বপনদা উত্তর দেন।

"তা হলে আমি শুনতে আসব, যেদিন বালিন বিপন্ন হবে সেদিন। ওঁরা কেউ কমিউনিস্ট ছিলেন না। ওঁদের সন্দীতও দেশোত্তর ও কালোত্তর। তা হলে তো কারো আপত্তি থাকার কথা নয়। সেদিন ধরা পড়বে তোমার নিজের সেন্টিমেন্ট কোন্ দিকে। তবে আমার মিনতি শোন। বুক ফুলিয়ে ভাগনার বাজাতে যেয়োনা। ওতে আমাদের শক্রপক্ষের উল্লাস বাড়বে। আমাদের মিত্রপক্ষের বিষাদ গাঢ় হবে।" বাবলীর কণ্ঠস্বর কাঁপে।

''সদ্দীতের কী অসামান্ত প্রভাব।'' অনীতা তালুকদার বলেন। ''আমাদের দেশেই আমরা দেখেছি 'বন্দে মাতরম্' কেমন করে একটি নিরস্ত্র ভাতিকে সংগ্রামের বল জোগায়। আচ্ছা, মিস সেন, 'বন্দে মাতরম্' সম্বন্ধে আপনাদের কী মত। ওটা কি আাণ্টিফাসিন্ট সম্মেলনে গান করতে পারা যাবে।'

"ওতে ম্সলমান কমরেডদের আগত্তি আছে। 'তং হি তুর্গা দশপ্রহরণধারিণী' ওরা আমাদের সঙ্গে গলা মিলিয়ে গাইতে পারে না। দেটাও
আরেক রকম ভণ্ডামি। ওর বদলে 'জনগণমন'র প্রস্তাব উঠেছে। 'ভারতভাগ্যবিধাতা' কে ৈকেউ বলে ব্রিটিশ রাজরাজেশ্বর, কেউ বলে ঈশ্বর।
আমরা কমিউ নিস্টরা ঈশ্বরবিশ্বাসী নই। তাই আমাদের আগত্তি ঈশ্বরে।
আর জুলিদের আপত্তি ব্রিটিশ রাজরাজেশ্বরে। তৃতীয় কোনো সঙ্গীত খুঁজে
পাওয়া যাচ্ছে না। 'ইন্টারন্তাশনাল' আজ্বলাল রাশিয়াতেও অচল। ওরা
নাকি নতুন একটা সঙ্গীত স্পষ্টি করেছে, যেটা ওদের দেশোপযোগী। ওদেশে
এখন দেশভক্তির জোয়ার এসেছে। দেশ বাঁচলে তো ধর্ম বাঁচবে। ধর্ম
বলতে ওদেশে কমিউনিজম বোঝায়। 'পিতৃভূমি'র জন্তে ওরা প্রাণ দিছেছ।
ওদেশেও তো কতক লোক আছে যারা কামউনিস্ট নয়। ওরাও সমানে প্রাণ

দিচ্ছে। মতবাদের দিক থেকে যে য:ই হোক না কেন. দেশরক্ষার বেলা সবাই ওরা পেট্রিয়ট। পেট্রিয়টিক সঙ্গীতই ওরা আব্দকাল বাজায়।" বাবলী বিশদ করে।

"আমরা ভারতীয়রাও তো পেট্রিয়ট। আমাদের মাতৃভূমি বিপন্ন হলে আমরা কী বাজাব ? এমন কোন্ দঙ্গী ভ আছে যাতে ম্সলমানদের আপত্তি হবে না, কমিউনিস্টদের আপত্তি হবে না ? আ্যিটিফাসিস্ট বলে যাঁরা সম্মিলিত হচ্ছেন তাঁদের পায়ের তলায় কোন্ দেশের মাটি ? কথাটার মধ্যে দেশের তো নামগন্ধ নেই। মতবাদেরও কি আছে ? অ্যান্টিফাসিস্ট বললে কেবল যে কমিউনিস্ট বোঝায় তা নয়, লীগপন্থী ম্সলমান, মহাসভাপন্থী হিন্দুও বোঝায়। অমন এক জগাথিচুড়ির জন্মে জান দেবে ক জন! দেশ যদি বিপন্ন হয়।" জিজ্ঞাসা করেন আদিত্য বর্মণ।

বাবলী উত্তর দিতে গিয়ে হিমশিম খায়। দীপিকা বৌদি তার দশা দেখে
মুখ খোলেন। "এ বেচারি সবে জেল থেকে ছাড়া পেয়েছে। এর কাছে
জবাবদিহি প্রত্যাশা করা অন্যায়। তা ছাড়া জবাবদিহির দায়টা তো কেবল
কমিউনিফদের নয়। ন্যাশনালিফরাও কি হিটলারবিরোধী ম্দোলিনিবিরোধী
তোজোবিরোবী নন গুলাদেরও জবাবদিহি করতে হবে। টাকি যদি জার্মান
শিবিরে যোগ দেয় তবে হিটলারের ফৌজ অনায়াসে ইরানে চুকবে, ইরান
গেরিয়ে বেলুচীয়ানে। ম্পলমানদের মতিগতি কোন্ দিকে তা তো এখন
থেকেই আঁচতে পারা যাচছে। ওরা চায় পাকিস্তান। হিটলারবাহিনী
যেদিন বেলুচীয়ানে চুকবে সেদিন সেখানে পাকিস্তানের নিশান উড়বে।"

অতিথিরা সকলেই দমে যান। টু শব্দটি করেন না। খবর আদে, থাবার তৈরি। আজ দেশী মতেই রান।। সাহেবী মতে নয়।

বাবলী না থাকলে মহিলার সংখ্যা কম পড়ত। জোড় মিলত না। ও মেয়েকে বদিয়ে দেওয়া হয় ওরই মতো অবিবাহিত একজন পুরুষমামুষের পাশে। ওই আদিত্য বর্মণ। স্থপনদার অন্তরক্ষ বন্ধু। রাজনীতি থেকে দ্রে থাকতে চান। কালচারাল গ্রুপ গঠন করতে উৎসাহী। বাবলীকেও সঙ্গে পেলে স্থা।

"নো কমিটমেণ্ট। আপনার দিক থেকেও না। আমাদের দিক থেকেও না। আপনাকে আমরা স্বধর্ম ত্যাগ করতে বলব না। আপনিও আমাদের স্বধর্ম ত্যাগ করতে বলবেন না। আমরা কেউ ফাসিস্ট নই। তা বলে অ্যাণ্টিফাসিস্ট বলে নাম জাহির করতেও চাইনে। ওর মধ্যে একটা রাজ-নৈতিক ইন্ধিত প্রচ্ছন। যাঁরা অ্যাণ্টিফাসিস্ট বলে পরিচয় দিচ্ছেন তাঁরা সরকারের সঙ্গে শহযোগিতা করতে কমিটেড। আমরা কমিটেড নই। সরকারের সঙ্গে শহযোগিতা করতে গিয়ে কেন আমরা আমাদের কংগ্রেদী বন্ধুদের কাছে অপ্রিয় হতে যাই ? ওঁদের অনেকেই এখন জেলে। ওঁরা কী মনে করবেন, আমরা যদি রাশিয়ার স্বার্থে ইংরেজের সঙ্গে হাত মেলাই! ভারতের স্বার্থ বলতে কি স্বতম্ব কিছু নেই ?" বর্মণ স্থধান।

"ভারতের স্বার্থ বলতে যদি বোঝায় ভারতের ক্লযক শ্রমিকের স্বার্থ, যারা শতকরা আশিজন, তা হলে ভারতের স্বার্থ এ যুদ্ধে ক্লযক শ্রমিক শ্রেণীর একমাত্র রাষ্ট্র সোভিয়েট রাশিয়ার অন্তিত্বরক্ষা। এ লড়াই ভারতের ক্লযক শ্রমিকদেরও লড়াই। তাই এর নাম জনযুদ্ধ। ইংরেজরা এর শরিক বলে মহাভারত অশুদ্ধ হয় না। ওদের দক্ষে সহযোগিতা করলেও আমাদের জাত বায় না। ওদের দক্ষে আমাদের পাগুব কৌরব সম্পর্ক। আপংকালে পাগুব ও কৌরব মিলে একশো পাঁচ ভাই। আমার প্রাণের বন্ধু মঞ্জুলিকাকে আমি কিছুতেই এ তত্ত্ব বোঝাতে পারিনি। ও বেচারি জেলে পড়ে আছে। কীকরা যায়, বলুন। শতকরা আশিজনের স্বার্থটাই তো বড়ো। সোভিয়েট রাশিয়ার বিপদে ওদেরও বিপদ। দেশ মানে কি থালি দেশের মাটি? না দেশের অধিকাংশ মান্থয়?" বাবলীর পালটা প্রশ্ন।

বাবলীর ডানদিকে বসেছিলেন স্থবিনয় তালুকদার। তিনি এই প্রশ্নের উত্তর দেন। "এমনও তো হতে পায়ে যে অধিকাংশ মাহ্মেরে স্বার্থ বিদেশী পুঁজিপতিদের স্বার্থবিরোধী। তেমন ক্ষেত্রে বিদেশী পুঁজিপতির হাত থেকে পরিত্রাণই কি সর্বপ্রথমে প্রার্থনীয় নয় । এটা কি স্পষ্ট নয় যে ইংরেজরা ইংলণ্ডের বাইরে লড়ছে ভারতীয় জওয়ানদের কাঁধে চড়ে । গতবারের যুদ্ধে তেরো লাপ তওয়ান ওদের কাঁধে চড়িয়ে লড়ছিল। ক্যাক্স্মালটি এক লাথের উপর। কী লাভ হলো তাদের জাতভাইদের । তাদের শ্রেণীভাইদের । কী করে আমরা জানব যে এবারকার যুদ্ধের পর ইংরেজ আবার আমাদের ভাওতাদেবে না । একনম্বর ভাওতাবাজ ওই চার্টিল মহাপ্রভূ। ওঁর নীতি হচ্ছে কাজের বেলায় কাজী, কাজ ফুরোলে পাজী। ওঁর অনিচছুক মৃষ্টি থেকে স্বাধীনতা আদায় করে নিতে হবেই যুদ্ধের পরে। যদি ওঁর দেশ জয়ী হয়। তা হলে যুদ্ধের মারাধানে কেন নয় । এটাই হলো ভারতের পেট্রিরটদের

বৃক্তি। রাশিয়ার পেট্রিয়টদের যুক্তির দক্ষে এর অমিল কোথায় ? রাশিয়ানরাও এখন পেট্রিয়ট হিদাবেই লড়ছে। ভারতীয়রাও পেট্রিয়ট হিদাবে লড়তে রাজী। যদি ইংরেজরা তাদের কাঁধ থেকে নামে। কংগ্রেদ যদি স্বাধীন হয়ে সমান হয়ে লড়তে পারে তবে রাশিয়ার পক্ষেই লড়বে, মিদ সেন।"

"দেশ যদি আজ এখনি স্বাধীন হয় আমিই সব চেয়ে স্থাী হব, দাদা। কিন্তু এর জন্যে আমি ইংরেজকে জেরবার করতে পারব না। জেরবার হলে সেকেমন করে সোভিয়েটের শক্রর সঙ্গে লড়বে? একবছর আগে আমরাও তো যুদ্ধবিরোধী কার্যকলাপে যোগ দিয়েছি ও জেলে গেছি। তথন ইংরেজ আমাদের শক্র ছিল। এখন সে মিত্র। অবস্থার পরিবর্তনে ব্যবস্থার পরিবর্তন।" বাবলী কৈফিয়ৎ দেয়।

স্থপনদা বিরক্ত হয়ে বলেন, "এরই নাম কালচারাল গ্রুপ! প্রাথমিক অধিবেশনেই রাজনীতি! চকোলেট, তুমি খাবারে মন দাও।"

"উনি নিজেই তো একটি খাবার !" রসিকতা করেন অদিতি রাহা। "অমন রসনারোচন নাম রাখল কে ?"

"ওটা আমারই কীতি।" জবাব দেন স্বপনদা। "ওরা ত্ই বাদ্ধবী আমার দক্ষে দেখা করতে এসেছিল। বাবলী আর জুলি। আমার চোথে ওরা ত্ই বিপ্লবী নায়িকা নয়, ত্টি নিরীহ নাবালিকা। আমি ওদের এক-জনকে থেতে দিই চকোলেট, আরেকজনকে ক্যারামেল। দেই থেকে ওদের ডাকনাম দাঁড়িয়ে যায় মিদ চকোলেট আর মিদ ক্যারামেল। ফী বার অবশ্য চকোলেট আর ক্যারামেল জোগাতে পারিনে। তবে ওরা যথনি আদে তথনি কিছু না কিছু থেতে পায়। তৃংথের বিষয় ক্যারামেলকে আর দেখতে পাছিনে। দে এখন জেলে বদে লপদী থাছে।"

"না, দাদা।" বাবলী শুধরে দেয়। "দিব্যি ত্রেকফাস্ট থাচছে। ওথানে ওর যা দাপট ওরার্ডররাই মেমসাহেব বলে দেলাম ঠুকছে। ওদের মনে আস জন্মছে, প্রাণহানির নয়, চাকরিহানির। জুলি ওদের এই বলে শাসিয়েছে যে দেশ তো স্বাধীন হবেট, তথন সে যার যার বিশ্লদ্ধে রিপোর্ট করবে তার তার চাকরি যাবে। ওর হাতে নোটবই দেখলেই ওরা আহি আহি করে। লপসী খাবে কে? জুলি? পরিজ ছাড়া ওর ব্রেকফাস্ট হয় না। কোয়েকার ওটস। আমেরিকায় তৈরি।"

"এই তোমাদের মদেশিয়ানা।" স্বপনদার মূথে হাসি। "অবশ্র আমরাও ভাই দিয়ে ত্রেকফাস্ট করি। লোকে বলে দেটা সাহেবিয়ানা।"

"এখন তো ইংরেজ তোমাদের মিত্র। তোমরাও দেশের ঘরে ঘরে দাহবিয়ানা চালাও।" পরামর্শ দেন বৌদি।

''ভাষ্ সাহেবিয়ানা কেন? রুশিয়ানা।" জুড়ে দেন অদিতি রাহা। ''ভাই, তুমি আমাকে একটা সামোভার কিনে দেবে?"

॥ তিন ॥

সামোভার যে কী বস্ত আর কোথায় কিনতে পাওয়া যায় এ বিষয়ে বাবলীর বিন্দুমাত্র জ্ঞান ছিল না। মেয়েটি ঠাটাও বোবো না। ভাবনায় পড়ে যায়।

''চায়ের কেটলী হচ্ছে বিদেশিয়ানা। ওকে বর্জন করতেই হবে। কিন্তু সামোভার তো ম্বদেশিয়ানা নয়। আচ্ছা, চা জিনিসটাও তো বিদেশী। দেশ স্বাধীন হলে চা কফি সিগারেট থাকবে, না ইংরেজদের সঙ্গে সঙ্গে যাবে? তোমরা কি হুঁকো ফিরিয়ে আনবে? সিদ্ধি থাবে?" কৌতুকের সঙ্গে স্থান বর্মণ।

"আমানের এটা একটা আন্তর্জাতিক গ্রুপ। এখানে চা কফি সিগারেটও চলবে, কেটলীর মতো সামোভারও চলতে পারে। হুঁকো আর সিদ্ধি কিন্তু অচল, কারণ অনাধুনিক। আমরা রিভাইভালিন্ট নই।" স্থপনদা বিধান দেন।

"সামোভার চলুক, আমাব আপত্তি নেই, কিন্তু দোহাই আপনার, মিস সেন, কমিউনিজ্নের নামে আপনারা রাশিয়ানিজম ডেকে আনবেন না।" হাত জোড় করেন তালুকদার। "আজকাল কেউ কেউ বলতে ও লিথতে শুরু করেছেন সোভিয়েট রাশিয়া নাকি তাঁদের পিতৃভূমি। বিদেশ যদি কারো কাছে স্বদেশ হয় তবে স্বদেশও তাঁর কাছে বিদেশ। এঁরা কি তবে বিদেশী? অধ্যাপক চ্যাটাজিকে জিজ্ঞানা করতে হবে।"

''চ্যাটাজি ?'' বর্মণ বলেন, ''তার পিতৃত্মি যদি সোভিয়েট রাশিয়া হয়

ভবে তো তিনি চ্যাটারস্কি। আর তাঁর কমরেডরা ঘোস্কি, বোস্কি, ম্থারস্কি, ব্যানারস্কি।"

"এ প্রসঙ্গে স্থপনমোহন তপনোভিচ গুপ্তোভ কী বলেন ?'' রাহা বানিয়ে বানিয়ে প্রশ্ন করেন। ''আর দীপিকা নরেশোভ্না গুপ্তোভা ?''

গাসির ধুম পড়ে যায়। এ এক মজার থেলা। স্বপনদা প্রতিবাদ করেন।
"সে কী কথা। আমরা যে ভারতের প্রাচীনতম রাজবংশ। চন্দ্রগুপ্ত মৌর্য
আমাদের পূর্বপূক্ষ। তবে কালক্রমে আমরা বৈছ বৃত্তি অবলম্বন করেছি।"
স্বপনদার নিবেদন।

''ধম্বন্তরি গোত্রটাও কি কালক্রমে বর্তেছে ?'' রহস্য করেন রাহা।

"আর এই যে বাবলী দেখছ এঁদের বংশ আরো প্রাচীন। কংসের পিতা উগ্রসেন এঁদের পূর্বপুরুষ। কালক্রমে এঁরাও বৈল্ববৃত্তি অবলম্বন করেন।" স্বপ্রদার বক্ষরা।

"না দাদা, আমরা বৈতা নই, কায়স্থ।" বাবলী সংশোধন করে।

"এথন কথা হচ্ছে," রাহা বলেন, "কশিয়ানা চলতি হলে চ্যাটাজি যদি হয় চ্যাটারস্কি, গুপু যদি হয় গুপ্তোভ, দেন হবে কী ? দেনিন ?"

''তা হলে দাঁড়াবে অপরাজিতা শিবশঙ্গরোভ না সেনিনা।'' বর্মণের উক্তি।

বাবলী বিব্রত হয়ে বলে, "আমি বাঙালীই থাকব। কমিউনিজম আর রাশিয়ানিজম এক জিনিস নয়।"

প্রতি কথাটাই আপনাব নৃথ দিরে কবৃল কবিয়ে নিতে চেয়েছি আমরা।
কিছু মনে করবেন না, বোন।" তালুকদার বলেন, "এদেশের স্থদীর্ঘ ইতিহাসে
এ রকম ঘটনা আগেও ঘটেছে। ইসলাম ধর্মে দীক্ষা নিয়ে যারা মুসলমান
হলেন তাঁরা সঙ্গে সঙ্গে আরবী নাম নিয়ে হজরত মোহাম্মদের স্বজাতি বনে
গেলেন। আরব দেশই হলো তাঁদের স্বদেশ আর ভারত তাঁদের বিদেশ।
তাঁরা এখন নিজ বাসভূমে পরবাসী। তাঁদের জন্মে চাই পাকিস্তান। আরবরা
তাঁদের স্থান দেবে না। তেমনি কমিউনিজমে দীক্ষা নিয়ে আপনারাও যদি
সঙ্গে রাশিয়ান কালচার গ্রহণ করেন তবে হয়তো একদিন আপনাদের
জন্মেও একটা আলাদা হোমলাও দাবী করবেন। মকা আর মদিনার মতো
আপনাদের পবিত্র তীর্থ তো মস্কো আর লেনিনগ্রাড। মস্কো আর লেনিনগ্রাড
বিপন্ন বলে আপনার। তেমনি মর্যাহত হয়েছেন যেমন উতলা হয়েছিলেন মকা

আর মদিনা থলিফার শাসনে থাকবে না শুনে ভারতের ম্সলমানরা। তাদের সেই যে থেলাফৎ আন্দোলন তাতে সহাত্বভূতি দেখাতে গিয়ে আমরাও জড়িয়ে পড়েছিলুম। পড়াশুনা ছেড়ে জেলে গেছলুম। এবারেও আপনাদের বিপদে আমাদের সহাত্বভূতি আছে, তবে জেলে যেতে আপনারাও বলছেন না, আমরাও রাজি নই। এক জীবনে ত্'বার একই ভূল হয় না। আমরা কেউ বা ন্যাশনালিফ, কেউ বা র্যাশনালিফ, কেউ বা সোশিয়ালিফ। কিন্তু কেউই বিদেশকে স্বদেশ আর স্বদেশকে বিদেশ বলে ভ্রম করিনে।"

বাবলী বেচারি কোণঠাদা হয়ে বৌদির দিকে কাতর দৃষ্টিতে তাকায়। তিনি তার পক্ষ নিয়ে বলেন, "ওটা কিন্তু ঠিক হলো না, স্থবিনয়দা। খেলাফং আন্দোলনে জড়িয়ে পড়ে আপনাদের জেল হয়নি। তার সঙ্গে যুক্ত ছিল স্বরাজ আন্দোলন। মুসলমানরা বিনা শর্তে স্বরাজ আন্দোলনে যোগ দিত না। হিন্দুরা বিনা শর্তে খেলাফৎ আন্দোলনে যোগ দিত না। হুই নৌকায় পা রেথে যাত্রা করলে যা হয়। পা ফদকে যে যেদিকে পারে ভেদে যায়। মুসলমানরা ভাসতে ভাসতে এখন পাকিস্তানে কুল খুঁজছে। হিন্দুরা স্বাধীন ভারতের জন্মে সত্যাগ্রহে নেমেছে। অবশ্য হিন্দুর সঙ্গে মুসলমানও আছে। কমিউনিট্রাও থাকত, যদি না রাশিয়ার বিপদে ইংরেজরা সাহায্যের হাত বাড়িয়ে দিত। কে যে আজকের দিনে ভুল করছে আর কে যে ঠিক করছে তা বলবার সময় আসেনি। রাশিয়া যদি জার্মানদের রুপতে না পারে তবে ওরা কি টাকি ও ইরান ভেদ করে ভারতের ঘাড়ে এসে পড়বে না, স্থবিনয়দা? মস্কো আর লেনিনগ্রাডের জন্তে সহাত্বভূতি অহেতৃক নয়। ওতে আমাদের স্বার্থ আছে। তা বলে আমরা রাশিয়ান বনে যাব না। বাবলীও খাঁটি বাঙালীই আছে ও থাকবে। তবে সামোভার একটা আমিও কিনবই। আমাদের এটা একটা আন্তর্জাতিক গ্রুপ। কেটলী আর নামোভার উভয়ের ছান আছে।"

"আমার কোন্তলা, ইসলাম গ্রহণ করলে আরব্য কালচার গ্রহণ করতে হবে, প্রীস্টধর্ম গ্রহণ করলে ইউরোপীয় কালচার গ্রহণ করতে হবে, কমিউনিজম গ্রহণ করলে ক্লম কালচার গ্রহণ করতে হবে এটা একটা ভ্রান্তি। মাইকেল মধুসদন এর থেকে মৃক্ত হয়েছিলেন। নইলে 'মেঘনাদবধ' হতো না। বাংলার কমিউনিস্টদের একথা মনে রাখতে হবে। ক্লম সাহিত্য আমার কাছে ইংরেজীর মতোই প্রিয়। টলস্টয়, ডস্টয়েডক্কি, টুর্গেনিভ, চেকভ, গোকি এঁরা আমার আপনজন। রাশিয়ার প্রতি সহামুভূতি আমার পক্ষে সহজাত। তা বলে রাশিয়াকে আমি পিতৃভূমি বলে ওর জন্তে লড়তে যাব না। যদি না রুশরাও আমার মাতৃভূমির স্বাধীনতার জন্তে লড়ে।" তালুকদার স্থুস্পষ্ট করেন।

বাবলী যে অস্বস্তি বোধ করছে এটা আঁচতে পেরে স্থপনদা বলেন, "তুমি রজ্জুতে সর্পল্লম করছ, স্থবিনয়। আমার এই প্রিয় বোনটিকে আমি চকোলেট বলে ডাকি, ডাই বলে বোনটি কি ইংরেজ বনে গেছে? এ কথনো রাশিয়ান বনে যাবে না, তুমি দেখো। তবে রাশিয়ার ছদিনে তার প্রতি সহাস্থভুতি না জানিয়ে পারে না। আমিও সহাস্থভবী। রাশিয়া তো জার্মানী আক্রমণ করেনি। জার্মানী কেন রাশিয়া আক্রমণ করতে যায়? তবে মহাযুদ্ধের পরিপ্রেক্ষিতে আছে এর তাৎপর্য। মহাযুদ্ধ হচ্ছে একপ্রকার মহামারী। ছডিয়ে প্রড়াই তার স্বভাব। মহাযুদ্ধের প্ররোজনে রাশিয়াই যে আফগানিস্থান ভেদ করে ভারতে এদে হাজির হবে না তাই বা কে বলতে পারে? রিবেন্ট্রপের সঙ্গেম মলোটভের কোলাকুলি ভুটো বছরও টিকল না। চার্চিলের সঙ্গে স্টালিনের কোলাকুলি দেয়ানে সেয়ানে কোলাকুলি। চকোলেটকে সাবধান থাকতে বলি। কালকের শক্রু আজকের মিত্র। আজকের মিত্র কালকের শক্রু। আবার কথন জেলে ধরে নিয়ে যায় কে জানে।"

এর থেকে ওঠে জুলির প্রসঙ্গ। জুলি এথনো জেলে। বিনা বিচারে আটক। ওর জলে কী করা যায় দে এক সমস্তা। বিচার দাবী করলে বিচারে দণ্ড হবেই। ক্ষমা ভিক্ষা করলে জুলি নিজেই মারতে আদবে। এক যদি কর্তারা স্বতঃপ্রবৃত্ত হয়ে মুক্তি দেন। কেনই বা দেবেন, যদি মুক্তি পেয়ে ও মেয়ে আবার যুদ্ধবিরোধিতা করে? ও কি মুচলেকা দিতে রাজী আছে আর অমন কর্ম করবে না? ওর হয়ে ওর মাও কি রাজী আছেন? মুশকিল হচ্ছে ওর মা ওর গার্জেন নন। ওর নিজস্ব আয় আছে। স্বশুরবাড়ী থেকে মাসোহারা আদে। বিধবার জীবনস্বত্ব।

'চকোলেট আর ক্যারামেল তুই আমার কাছে সমান মিষ্টি। কে কমিউনিন্ট, কে ত্যাশনালিন্ট সেটা আমার গণনা নয়। আমি তো লঘুচেতা নই। আমার ৰপ্থেব কুটুম্বকম্। চকোলেটের জত্যে আমার তুর্তাবনা গেছে, ক্যারামেলের জত্যে আছে। ও যদি ছাড়া পায় তবে আরো একদিন ওর থাতিরে বৌভাত হবে। কী বলো, বৌ ?" স্বপনদা স্থান। তিনি সত্যিই চিস্কিত।

"বেশ তো। আমি খুশি হব।" বধুর উত্তর।

"আমি কিন্তু ওর সক্ষে সমুখ সমরে নারাজ।" বাবলী সন্ত্রন্ত সরে বলে। "দেশদ্রোহী বলে ও আমাকে সকলের সামনে অপমান করবে। আমি ষে গায়ে পেতে নেব তা নয়। দেশ কি শুধু বৃর্জোয়াদের দেশ । শতকরা আশি-জন শ্রমিক কুষকের দেশ নয় । ওদের স্বার্থেই আমি লড়েছি, এখনো লড়ছি। আজকের লড়াইটা রাশিয়ান ফ্রন্টে। আমার হয়ে আমার ক্রশ কমরেডরা লড়ছে।"

তৃই রণর ক্লিণীর থন্দ দেখতে কারে। উৎসাহ ছিল না। এটা একটা কাল-চারাল গ্রুপ। রাজনীতির আখড়া নয়। স্থানদা খেদ প্রকাশ করেন।

''কা ছুর্ভাগ্য আমাদের।'' তালুকদার বলেন, ''একদিকে কংগ্রেস লীগ বিরোধ। তার মানে হিন্দু ম্সলমানের বিরোধ। আরেকদিকে কংগ্রেস কমিউনিস্ট বিরোধ। তার মানে শ্রেণীতে শ্রেণীতে বিরোধ। ইংরেজ যদি কংগ্রেসকে রাজত্ব সঁপে দিয়ে যায় তবে নতুন সরকারকে একহাতে ম্সলমানদের দমন করতে হবে, আরেক হাতে ক্লযক শ্রমিকদের। যদি না তারা দেশের স্বার্থকে সাম্প্রদায়িক স্বার্থের তথা শ্রেণীস্বার্থের উধেব স্থান দেয়।''

''তুরাশা। তুরাশা। তুটোই তুরাশা।'' রাহা হাহাকার করেন।

"কংগ্রেস সরকার ত্র'দিন বাদে পদত্যাগ করবে। কংগ্রেস নেতারা তিন-দিন বাদে ডেলে ফিরে যাবেন। দেশ শাসন করবে কে ? যে শাসন করতে পারবে সে। আমি যতদূর দেখতে পারচি ওই ইংরেড়।" বর্মণ বলেন।

"ওরাও আমাদের ছাড়বে না, আমরাও ওদেব ছাড়ব না। অগচ বাগডাও করব। এটাও এক প্রকার দাম্পত্য কলহ।" তালুকদার পরিহাস করেন।

''সেই সঙ্গে হয়ে। স্থয়োর কোনল।'' বর্মণ হাসি চাপেন।

"চিরস্তন জিভুজ। ইংরেজ থাকতে এ কোন্দল মিটবে না। এ কোন্দল না মিটলে ইংবেজ যাবে না। নিয়তি! আমাদের নিয়তি! ভাবতেই পারা যায় না যে ইংরেছ নেই, হিন্দু মুসলমান শান্তিতে আছে।" স্থপনদার বন্ধয়ল ধারণা।

বাবলী তা শুনে স্বাক হয়। "এর একমাত্র প্রতিকার ডিকটেটরশিপ অভ ছা প্রোলিটারিয়াট। তথন কে হিন্দু কে মৃসলমান! স্বাই এককাট্রা। এখন যেটা দেখছি সেটা একদল বুর্জোয়ার সঙ্গে আরেকদল বুর্জোয়ার বিবাদ। ছু'পক্ষই জনগণের মাথায় কাঁঠাল ভেঙে খাচ্ছে। জনগণকে কাঁঠালের একটি কোয়াও খেতে দিচ্ছে না।"

চমকে ওঠার মতো ব্যাপার নয়। কমিউনিস্টরা তো ওকথা হামেশাই বলে থাকে। তবু অপ্রত্যাশিত বলে সকলেই সকলের মুখ চাওয়াচাওয়ি করেন।

"কিছ, চকোলেট, তোমার যুক্তির সঙ্গে তোমার কর্মের সামঞ্জ কোথায়? চার্চিলের চেয়ে বড়ো কাঁঠালখোর কে? তার মতো আরেক কাঁঠালখোরের সঙ্গে সংগ্রামে প্রোলিটারিয়ানদের ডিকটেটর নিচ্ছেন তাঁরই দেওয়া অপ্রশস্ত্র। আর তোমরাও সেই একনম্বর কাঁঠালখোরের সঙ্গে হাত মিলিয়েছ। প্রতিকারের জন্মে তোমাদের দিকে তাকাবে কোন্ হিন্দু, কোন্ মুসলমান ?" স্থানদা সংশয়ান্বিত।

"আর প্রতিকার যাকে বলছ তা ব্যাধির চেয়েও থারাপ।" দীপিকা বৌদি বলেন। "বুর্জোয়ারা নিমূল হলে দেশের কালচার রক্ষা করবে কারা ? কেশদেশে কি সে সম্পদ বেড়েছে। অন্ত রক্ষা পেয়েছে ? এই তো সেদিন পর্যন্ত চেক্ত পড়তে পাওয়া থেত না। ডস্টয়েভস্কি ভৌ এখনো অপ্রাপ্য। বাশিয়ার জনগণের সাংস্কৃতিক উত্তরাধিকার থেকে ডস্টয়েভস্কিকে বাদ দিলে জনগণেরই ক্ষতি। বুর্জোয়া বলে তোমরাও কি বঙ্কিম রবীক্রনাশকে বাদ দেবে না? হিন্দু ম্ললিম বিরোধের প্রতিকার কি এই যে ধর্ম জিনিসটাকেই আফিং বলে নিষিদ্ধ হবে ? এ যেন মাখাব্যখা সারানোর জত্যে মাখাটাকেই কেটে বাদ দেওয়া।"

"না, বৌদি! সে রকম অভিসন্ধি আমাদের কারো নেই। আমরা সংস্কৃতিও রাথব, ধর্মও রাথব। কিন্তু বৃজে যা আধিপত্য রাথব না। তা হলেই দেখবেন হিন্দু মূসলমান মিলে মিশে বাস করছে, কথার কথার মারামারি করছে না। আর সংস্কৃতিরও তথন রূপান্তর ঘটবে। বঙ্কিম রবীক্রনাথের সমকক্ষ চাষী মজুরের ঘরে ঘরে জনাবে। ওরা উঠতে চায়, ওদের উঠতে দেওয়া হচ্ছে না। উপর থেকে জগদ্দল পাথরের চাপ সরে গেলে ওরাও মাথা তুলে দাঁড়াবে। 'বল বীর, চির উরত মম শির।' কাজী নজক্ল ইসলাম তার নম্না।'' আখাস দেয় বাবলী।

ইতিমধ্যে রবীন্দ্রনাথের তিরোধান ঘটেছে। সভ্যতার সক্ষটে তাঁর শরীর মন ভেঙে পড়েছিল। নাৎদীদের কশ আক্রমণ জুন মাদে। কবিগুরুর মহাপ্রয়াণ আগস্ট মাদে। একটার সঙ্গে আরেকটার সম্বন্ধ ছিল বলে অপনদার ধারণা

''রবীন্দ্রনাথ থাকতেও, কাজী নজকল থাকতেও বাংলার হিন্দু মুসলমানকে

মেলানো গেল না। আজ তো রবীক্রনাথও নেই। নজকলেরও শুনেছি মানসিক ত্রবস্থা। একদিন দেখতে যেতে হবে।" স্থপনদা বলেন।

''তু'পক্ষের কাগজগুলো পড়ে দেখছ, স্থপন? দান্ধার পূর্বাবস্থা। যে-কোনোদিন বেধে যেতে পারে।'' রাহার কণ্ঠে আতঙ্কের হর।

"তথন আমরা ভালোমান্নর দেজে বলব ইংরেজের চালবাজি। একই নিংশাদে বলব, মৃদলমানদের বজ্জাতি।" বর্মণ বলেন, "আশ্চর্যের ব্যাপার, যারাই দব চেয়ে উগ্র বিটেশবিশ্বেষী তারাই দব চেয়ে উগ্র মুদলমানবিশ্বেষী।"

তালুকদার মন্তব্য করেন, 'তার চেয়েও আশ্চর্যের ব্যাপার তাঁদের প্রতিপক্ষ পলাশীর পরাজয়ের জন্মে হিন্দ্দেরই দায়ী করেন, আর বিজেতাদের হাত থেকে নবাবী ফিরে পেতে চান। নবাবা বলতে অবশ্য মীর জাফরের নবাবী, দিরাজের নবাবী নয়। ইংরেজের দক্ষে লড়তে হয় লড়বে হিন্দুরা। মরতে হয় মরবে হিন্দুরা। মুসলমান ওর মধ্যে নেই।"

"বাঙালী যদি হই ভাগ হয়ে যায় বাংলাও হই ভাগ হয়ে যেতে পারে।" স্থানদা হঁশিয়ারি দেন। "কাগজ যারা লেখে তাদের কি মৃতিভ্রংশ হয়েছে। এ হলাংল পান করার মতো নীলকণ্ঠ হতে পারতেন রবীক্রনাথ ও নজকল। উাদের বদলে পান করবে কে ? আমি তো অক্ষম।"

"ওকে স্থপন," তালুকদার বলেন, "তৃমি তো ইংলণ্ড, ফ্রান্স, জার্মানী তিনটি দেশেই দীর্ঘকাল বাস করেছ। তৃমি কি লক্ষ করনি যে ইংলণ্ডে প্রটেস্টাণ্টদের একাধিপত্য, ফ্রান্সে ক্যাথলিকদের একাধিপত্য, জার্মানীতে এ সমস্রার সমাধান হয়নি বলেই জার্মানী এক নয়, তৃই ? তার অপরভাগের নাম অস্ট্রিয়া। জার্মান একীকরণের জন্মে অস্ট্রিয়া থেকে এসেছেন হিটলার, তিনি জাের করে তৃই রাষ্ট্রকে এক করেছেন, কিন্তু প্রটেস্টাণ্ট বা ক্যাথলিক কোনাে এক সম্প্রদায়কে একাধিপত্যের স্থ্যোগ দেননি। তুই সম্প্রদায়ই সমান সমান বলে তৃইপক্ষের জােড়াভালিও দেননি। তাঁর সমাধান হচ্ছে কেউ ক্যাথলিকও নয় কেউ প্রটেস্টাণ্ট ও নয়, এমন কি গ্রীস্টানও নয়। সকলেই আর্য আর টিউটন। যাাদের প্রাচীন উপকথা অবলম্বন করে ভাগনার তাঁর অপেরা পর্যায় রচনা করেছেন। ধর্মের নামে জার্মানরা কি কম লড়াই করেছে ? তাতে কোনাে সম্প্রদায়েরই জয় হয়নি। হয়েছে জার্মান জাতির বিভাজন ও বলক্ষয়। অত বড়ো গুলবান জাতি কি আর আছে ? আত্মকলহের ফলে ওরাই ইংরেজ ফরানীর তুলনায় বলহীন। জার্মানদের দিকে তাকাও। তা হলে বাঙালীদের

আত্মকলহের অর্থ খুঁজে পাবে। এর অর্থ হিন্দু মুসলমান ক্যাথলিক প্রটেন্টান্ট সমান সমান। কেউ কারে। একাধিপত্য সহু করবে না। ফিফটি ফিফটি মেনে নিলেও প্রশ্ন ওঠে তৃতীয় পক্ষ চলে গেলে গভন র হবেন কাদের লোক? প্রধানমন্ত্রী হবে কাদের লোক? বিমত হলে দালিশী করবেন কে? সিদ্ধান্ত নেওয়া হবে কেমন করে? এক পক্ষ সরকার চালাবেন, অপর পক্ষ অপোজিশনে থাকবেন, এটা কি পালা করে হওয়া সম্ভব? চাই মিশ্র দল। তাও যথেই নয়। চাই হিন্দু মুসলিম বিভেদের উধ্বে উঠে প্রাচীন বাঙালীত্মের উধ্বেধন। চাই একজন ভাগনার। যিনি পুরাতনকে নতুন রূপ দেবেন।"

''এর পরে তুমি বলবে, চাই একজন হিটলার '' উপহাস করেন বর্মণ।

"হিটলার! হিটলার কি বাংলার হিন্দু মৃসলমানকে ঐক্যবদ্ধ করে সেইথানেই থাকবেন! বুহত্তর বঙ্গের দাবীতে আসাম আক্রমণ করবেন না, বিহার আক্রমণ করবেন না? আর ভাগনার? ভাগনার কি লাউসেনকে নিয়ে, মহানামতীকে নিয়ে গীতিনাট্য রচনা করতে পারবেন ?" বিশ্বাস হয় না রাহার।

"ভরে বলি কি নির্ভয়ে বলি ?" বাবলী বৌদির দিকে তাকায়। "কেন, ভয় কিদের ? আমরা কেউ পুলিশে রিপোর্ট করব না।" তিনি থার-সকলের হয়ে অভয় দেন ওকে।

"হিন্ই হোক আর মুসলমানই হোক, শতকরা আশিজন বাঙালী হচ্ছে চাষী আর মজুর। একজন বাঙালী হিটলার এদের কতটুকু উপকার করতে পারে? উপকার যা করবার ওই বিশঙ্কন বাঙালীরই করবে। কয়েকটা ভেল্কি আর ভোজবাজি দেখিয়ে তাদের মন্ত্রমুগ্ধ করার পর হঠাৎ একদিন জামশেদপুর চড়াও হবে। কারণ তার কয়লার ঘাটিতি। তার পরে আরেকদিন আশাম আক্রমণ করবে। কারণ তার পেট্রল না হলে চলবে না। এসব জায়গায় বাঙালী আছে। সেটাই হবে তার অজুহাত। কিন্তু শতকরা আশিজনকে ভূলিয়ে রাখতে পারবে কদ্দিন! শত্রুর হাতে যদি পরাজিত না হয় ডো বিশ্লবীদের হাতেই নিপাত যাবে। জেলে বসেই আমি হিটলারের প্রশংসা শুনেছি। বেরিয়ে এসে যা শুনছি তা কিবলে প্রশংসা নয়। তা জয়ধ্বনি। এখন আমি যদি বলি, বাঙালীর যাকে প্রয়োজন তিনি একজন হিটলার নন, তিনি একজন স্টালিন, তা হলে আমি একঘরে হব।" বাবলা ভয়ে ভয়ে বলে।

"আরে, না, না। একদরে কেন? তোমাদের দলটিও কম ভারী নয়। দলের অধিকাংশই বৃর্জে য়া। কিন্তু হিটলারের যেমন ভাগনার স্টালিনের তেমন কে? এ তো বড়ো রঙ্গ, বোন, এ তো বড়ো রঙ্গ। নাম যদি বলতে পারো যাব তোমার সঙ্গ।" স্থপনদা বৌদির দিকে আড়চোথে তাকান। হু'জনেরই গাল লাল হয়ে ওঠে।

"আমার অত বিছে নেই, স্বপনদা।" বাবলী কবুল করে। "ফালিনের দদ্দীত প্রীতির কথা কোথাও পড়িনি। জারের আমলের দদ্দীতের উপরে বিপ্লবীদের স্বাভাবিক বিরাগ। ব্যালের থাতিরে যেটুকু সহু করতে হয় সেটুকুই করে। ব্যালে ওদের স্বার প্রিয়। তোমার প্রশ্নের জ্বাব বোধহয় চাইকোভেস্কির 'দোয়ান লেক।' না, বৌদি ?''

"কী জানি, বাপু। তোমরা ভাইবোনে কে কার দঙ্গে যাবে আমি কী করে জানব? আমি আর আমার এল্ফ। এই জেনেছি সার।" এল্ফ তাঁর পায়ের কাছে।

"চকোলেট, তুমি বলতে পারলে না। হিটলারের ষেমন ভাগনার স্টালিনের ভেমন কেউ থাকলে তো ? ওটা একটা কালচারাল গ্যাপ। বিপ্লবও ওটা পুরণ করেনি।" স্বপনদা বৌদির মুখরক্ষা করেন।

. "কালচারাল গ্যাপ!" বাবলী গ্রাহ্ম না করে বলে "সেটা এমন কী জরুরি? বিপ্লব যে তার জন্মে আটকায় না এটা তো রাশিয়ার বেলা প্রত্যক্ষ। ভাগনারের মতো কেউ ছিলেন না, কিছু পুশকিন ছিলেন, টুর্গেনিভ ছিলেন গোঁকি ছিলেন। সেইজ্বন্থেই তো আমরা তোমার কাছে এদেছিলুম। তুমি গ্যাপ পূরণ করতে স্বপনদা।"

''আমি!' স্থপনদা নিঃস্পৃহভাবে বলেন, "জন্ম রোমাণ্টিক। আমার কাছে তোমরা আশা করো বিপ্লবের রোমাণ্টিক চিত্র। ফরাসী বিপ্লবের গোড়ার দিকে রোমাণ্টিসিজম যদি বা কিছু ছিল রুশবিপ্লবের আগাগোড়া রোমাণ্টিকতাবভিত্ত। বিপ্লবেগীদের মধ্যে রোমাণ্টিক গারা ছিলেল তাঁরা হয় আত্মহত্যা করেছেন, নয় কোতল হয়েছেন, নয় মৌন ব্রস্ত নিয়েছেন, নয় পালিয়ে বেঁচেছেন। মাহনীর জীবনে কেবল রিয়ালিজম থাকবে, তাও শুধু সোশিয়াল রিয়ালিজম, এ যেন একপ্রকার ইসলামী ফডোয়া। যার ফলে আরবী সাহিত্য হয়েছে আরব মরুভ্মির মতো আরেক মরুভ্মি। এখানে শুখানে ছটো একটা ওয়েসিস যে নেই তা নয়, কিছু মরকো থেকে বাগদাদ

পর্যন্ত বিরাট ভূথও রদের অভাবে থা থা করছে। অথচ ইসলামের মতে। বৈপ্লবিক ধর্ম আর কোথায়!"

বাবলী একেবারে চুপ। তালুকদার বলেন, "অর্থেক বাঙালী বৈপ্লবিক
ধর্ম ইদলাম মেনে নিয়েছে। বাকী অর্থেকও বৈপ্লবিক মতবাদ কমিউনিজম
বরণ করবে, ইংরেজ যদি দেশছাড়া হয়। আর কংগ্রেস বদি গদী না পায়।
ফ্রেজনা ফ্রুলনা শস্তুত্তামলা বঙ্গভূমিও হবে আরেক মক্রভূমি। আমাদের হাতে
খুব বেশী সময়ও নেই, স্থানমোহন। এই যুদ্ধে রাশিয়া যদি জ্বেতে কমিউনিজমও দিকে দিকে ছড়াবে। অর্থেক বাঙালী কমিউনিস্ট বনে গেলে আশ্রুধ
হবার কী আছে। আগে ধেমন মুদলমান বনে গেল। এটা তো একদা
বৌদ্ধনের দেশ ছিল। বৌদ্ধরা আজ ক'জন।"

"তোমার ওটা বাড়াবাডি।" রাহা প্রতিবাদ করেন। "অর্থেক মুদলমান হতে দাতশো বছর লেগেছে। অর্থেক কমিউনিস্ট হতে তার চেয়ে কম দময় লাগবে না। যদি না বলপ্রয়োগ হয়। বলপ্রয়োগ হলে দেটা একতরফা থাকবে না, জেনে রেখো। আমরা গৃহযুদ্ধ এড়াতেই চাই। কিন্তু এ রা যদি গৃহযুদ্ধ চাপিয়ে দেন তবে আমরাও বিনা যুদ্ধে স্বচ্যগ্র মেদিনী ছাড়ব না। তার মানে আমাদের প্রাইভেট প্রপাটি ।''

"আপনি নিশ্চিন্ত থাকুন, দাদা, ব্যাপার ততদূর গড়াবে না। মালিকরা পা দিয়ে ভোট দেবেন। গ্রামকে গ্রাম খালি হয়ে যাবে।" বাবলীর মূখে হাসি। "কিন্তু শহর! শহর তো আমাদেরই শক্ত ঘাঁটি।" রাহা তর্ক করেন। "সেকথা ঠিক। শহরের বেলা অক্য স্ট্রাটেজি।" বাবলী সেটা কাঁস

করে না।

''ওই শহরগুলোই হবে এদেশের ওয়েসিদ। যদি টিকে থাকে।'' স্থপনদা বলেন।

"কিন্তু কথা হচ্ছিল কালচারাল গ্যাপ সম্বন্ধে।" তালুকদার থেই ধরিয়ে দেন। "বিপ্লব মানেই তো একটা ক্লীন ত্রেক। একটা পরিষ্কার ছেন। অতীতের সঙ্গে বর্তমানের। পূর্বতনের সঙ্গে অধুনাতনের। জীবনের অন্তান্ত্র বিভাগে যদি ছেন পড়ে তো সংস্কৃতিই কি হবে একমাত্র ব্যতিক্রম? কালচারাল গ্যাপ অনিবার্থ। নম্নতো ওটা বিপ্লবই নয়। রেভোলিউশন নয়, রিষ্কর্য। বপন, তৃমি একজন রিফমিন্টের মতো কথা বলছ। মিস্ সেন তোমার ফাঁজে পা দেবেন কেন? তিনি যে একজন রেভোলিউশনিন্ট।"

স্থানদা হেদে বলেন, "আমি হচ্ছি কচ্ছপ আর আমার এই বোনটি হচ্ছে ধরগোন। ওর ধারণা ও আমার আগে লক্ষ্যন্থলে পৌছবে। ও তো জানে না যে পরিবর্তনেরও একটা অন্তানিহিত নিয়ম আছে। যে দেশ বা জাতি যত পুরাতন সে দেশ বা জাতি তত ধীরে ধীরে বদলায়। রাশিয়া কি পাঁচ হাজার বছরের পুরানো দেশ গ রাশিয়ানরা কি পাঁচহাজার বছরের পুরানো জাতি গ ওরা তো এগিয়ে যাবেই। কিন্তু আমরাও যে চিরকাল পেছনে পড়ে থাকব তা নয়। আমরাও ওদের ধরে ফেলব ও ছাড়িয়ে যাব। কী, বোন গ তোমার বিশ্বাস হয় না গ দেখবে কার কথা ফলে।"

"তোমরা বৃদ্ধে য়ার। কচ্ছপের মতোই মন্থর। কিন্তু ওই রেটে এগোলে তোমরা কোনো কালেই লক্ষ্যন্থলে পৌছবে না, স্বপনদা। এ যুগটা তোমাদের যুগ নয়। তোমাদের যুগ ছিল মার্কসপূর্ব তুই তিন শতান্ধী। এখন এটা মার্কসোত্তর শতান্ধী। ইতিহাস তোমাদের মহাপ্রন্থানের দিন ধার্য করে দিয়েছে। ব্রিটিশ সাম্রাজ্যের স্থ্য যেদিন অন্ত যাবে সেদিন তোমাদের উপরেও অন্ধকার নেমে আসবে। অ্যারিস্টোক্রাসী, ব্যারিস্টোক্রাসী প্লুটোক্রাসী সব একধার থেকে ফৌত হবে।" বাবলীর মুখে চোখে হাদি।

'ভাখ, চকোলেট।'' স্বপনদা ওকে বোঝাবার চেন্টা করেন, "আমরা এদেশের বুর্জোয়ারা এদেশে ভাশানালিজম আর ডেমোক্রাসী এই ছই মহাতত্ত্বর প্রবক্তা। আমরা না থাকলে এদেশে এদব তত্ব কোনোদিন গজিয়ে উঠত না। আরো একটি মহাতত্ত্ব সোশিয়াল জাস্টিদ। এতেও আমাদের অনীহা নেই। কিন্তু বুরতেই তো পারছ আমাদের কিছু কিছু প্রপার্টি আছে। তার মায়া কাটানো মুথের কথা নয়। আমরা যদি তোমাদের মতো সর্বহারা হতে না চাই তবে সেটা আমাদের অপরাধ নয়। প্রাইভেট প্রপার্টি মাত্রেই শোষণলক্ত নয়। আমার বাবা প্রাণপণ পরিশ্রমে যা অর্জন করে গেছেন তা পারিশ্রমিকের প্র্যায়ে পড়ে। আর আমিও কি কম পরিশ্রম করি ?''

বাবলী াকটু ভেবে নিয়ে বলে, "তোমাদের পক্ষেও যথেই যুক্তি আছে, স্থানদা। তোমাদের আমরাসম্পূর্ণ নিঃস্ব করব না। কেমন ব্যবহার তোমরা পাবে সেটা নির্ভর করবে কেমন ব্যবহার তোমরা করবে তারই উপরে। তোমরা যদি শক্রতা করে। তামরা যদি মিক্রতা করে। তামরা যদি মিক্রতা করে। তবে আমরাও মিক্রতা করব। প্রাইভেট প্রাপার্টির বৈধতা স্বীকার না করলেও আমরা আমাদের মিক্রদের প্রাইভেট প্রাপার্টি বেদ্থল করব না, বাজেয়াপ্ত করব

না। তবে তাঁদের উত্তরাধিকারীদের জন্মগত অধিকার অবাধ হবে না। জন্মস্বত্ব বলে কারো কিছু থাকবে না। ষেটা থাকবে সেটা কর্মগত অধিকার স্বাইকে কাজ দেওয়া হবে। স্বাইকে খোরপোস দেওয়া হবে। উন্নতির সোপানও খোলা থাকবে। যারা কাজের লোক হবে তারা উচ্চতর সোপানে উঠবে।

''আমি তো শুনেছিলুম যোগ্যতা অনুসারে নয়, প্রয়োজন অনুসারেই যে যা পাবে। যে দশ টাকা মজুরির যোগ্য নয় সে বিশ টাকার ভোগ্য উপকরণ দাবী করতে পারবে। যেহেতু তার কাচ্চাবাচ্চা বেশী।'' তালুকদার হাসেন।

"কাচ্চাবাচ্চার ভার রাষ্ট্র নেবে। রাষ্ট্র যদি বলে তাদের সংখ্যা কমাও তবে সে নির্দেশ মান্ত করতে হবে। প্রযোজন ঘদি অপদার্থতার পোষক হয় । তবে সেটা গ্রাহ্ম হতে পারে না।" বাবলী ব্যাখ্যা করে।

তালুকদার গম্ভীরভাবে বলেন, "দেখুন, মিস সেন, আপনাদের দব চেয়ে প্রবল বাধা আদবে বৃজ্বোয়াদের দিক থেকে নগ। ক্লফদের দিক থেকেই। প্রাইভেট প্রপাটি ওরা কিছুতেই হাতছাড়া করবে না। আর কাচ্চাবাচ্চাই তো ওদের অগুন্তি। কাচ্চাবাচ্চার ভার ওবা রাষ্ট্রের দ্বিশ্বায় সঁপে দেবে না। গৃহযুদ্ধ বেধে যাবে এই তুটি ইস্থাতেই। সম্পত্তি আর সন্তান।"

বাবলী না থাকলে আলাপ আলোচনা সংস্কৃতিকে থিরেই চলত। তা নয়, বার বার কক্ষ্চ্যত হচ্ছে। দীপিকা অধৈর্য হয়ে উঠেছেন লক্ষ করে স্বপনদা মোড় ঘ্রিয়ে দেন।

"নতুন রেকর্ড আর আসছে না কিছুদিন থেকে।" স্বপনদা বলেন, "তাই পুরানো রেকর্জ বাজিয়ে সঙ্গীতের তৃষ্ণা মেটাতে হচ্ছে। চকোলেট কী মনে করবে, জানিনে। আমার তো ইচ্ছে করছে ভাগনারের 'মাইস্টারসিঙ্গাদ' বাজিয়ে শুনতে ও শোনাতে। সেকালে আমাদের দেশের মতো জার্মানীতেও কবির দল ছিল। সেইরকম একটি দলের মূল গায়েন এক মৃচি। নাম হান্স সাক্স। ভাগনার তাই নিয়ে একটি অপেরা লেখেন, অপেরাটি এখনো জনপ্রিয়। মিউনিকে মানস আর আমি দেখে মৃশ্ব হয়েছি।"

মানদের উল্লেখ শুনে বাবলী জানতে চায়, ''মানসদা এখন কোথায় ? আর ভাঁর বন্ধু সৌম্যদা ?''

'মানস চাকরি ছাড়বে কি ছাড়বে না তাই নিয়ে হামলেটের মডো

(मार्नामर्त्ना कर्राष्ट्रिम। किर्मामन गास्त्रिनिरक्छरन १ (शरक मर मिक विरवहना করে বুঝতে পারে যে চাকরির বিকল্প বেকারি। অগত্যা চাকরিতেই ফিরে গেছে। কলকাতার পশ্চিমের এক জেলায়। কিন্তু যেথানেই যাক ওর সেই একই ভাবনা। দেবার ছিল পোলাগুকে নিয়ে, তারপর ফ্রান্সকে নিয়ে, ভারপর ব্রিটেনকে নিয়ে, অবশেষে রাশিয়াকে নিয়ে। ও কি নীরব সাক্ষী হবে, না যুদ্ধে ঝাঁপিয়ে পড়বে ? অবশ্য হিটলারের বিপক্ষে। কিন্তু ওকে ঝাঁপিয়ে, পড়তে দিচ্ছে কে? বড়লাট তো দিভিল অফিদারদের দ্বাইকে জানিয়ে দিয়েছেন যে কাউকেই যুদ্ধে যেতে দেওয়া হবে না। ইংরেজদেরও না। মানস ন যথো ন তকো। আর তার বন্ধ সৌমা? দেও তো ছটফট করছিল ব্যক্তি সত্যাপ্ৰহে যোগ দিতে। কিন্তু গান্ধীজী ওকে মনোনয়ন দেননি। অযোগ্য বলে নয়, অন্য কারণে। গঠনকর্মে যারা নিযুক্ত তারা যেন সিভিল অফিসার। তাদের থাকতে হবে স্বস্থানে। সভাগগ্রহ ভো একপ্রকার যুদ্ধ। নৈতিক যুদ্ধ। ভাতে যারা অংশ নেবে তাদের যেতে হবে যুদ্ধক্ষেত্র। অর্থাৎ কারাগারে। দৌম্য যদি জেলে যায় তবে গঠনকর্ম পরিচালন। করবে কে ? দেটাও কি কম আবশ্যক ? মাঝে মাঝে কলকাতা এলে দেখা করে যায়। কিন্তু ওর আশ্রম ওই পদ্মাপারে। ওর দাড়ি এখন আরো ব্যক্তি হরেছে।" স্বপনদা মুচকি হাসেন।

''মুসলমান বলে ভুল হয়।'' বাবলী মুখ টিপে হাসে।

"ইয়া, হিন্দু মুসলিম একতার ওটাও পূর্বশর্ত।" স্থপনদা পরিহাস করেন।
"যতই যাই করো ভবী ভূলবে না।" তালুকদার মন্তব্য করেন।
মুসলমান ভূলবে না ঘে সে একদিন এদেশের বাদশা ছিল। আবার হবে, যদি
চাকা ঘূরে যায়। তথন কোথায় তোমার স্বরাজ আর কোথায় তোমার
বিপ্লব।

স্বপনদা উঠে গিয়ে গ্রামোফোনে ভাগনারের রেকর্ড চাপিয়ে দেন। আর স্বাইকে বলেন, ''এখন মন দিয়ে শোন।''

এল্ফ তা শুনে থেউ থেউ করে আপত্তি জানায়। দীপিকা তাকে কোলে করে নিয়ে শোবার ঘরে চলে যান ও দরজা বন্ধ করে ফিরে আদেন। সেও আণ্ডে আণ্ডে চুপ করে।

কিন্তু বাবলীকে ধরে রাখা যায় না। হিটলারের প্রিয় ভাগনার। অতএব বাবলীর অপ্রিয়। অপনদা যতই বোঝান ও মেয়ে অবৃঝা তথন বলেন, "আরেকদিন এলো, শালিয়াপিনের ভল্গা বোটম্যান শোনাব।"

॥ ठांत ॥

মনীধীদের কারো কারো মতে রুশবিপ্লব কবে ফুরিয়ে গেছে, এথন ষেটা চলছে সেটা বিপ্লবের পরবর্তী নেপোলিয়নীর পর্যায়। নেপোলিয়ন পরাস্ত হলে ব্রবঁরা ফিরে আসবেন। তার মানে আবার রোমানোভ বংশের আমল। কেউ বিশ্বাস করেন না যে রোমানোভরা গণতন্ত্র প্রবর্তন করে প্রজাদের হাতেই শাসনক্ষমতা ছেভে দেবেন।

"এই মনীষীরাধরে নিয়েছেন যে স্টালিনই একালের নেপোলিয়ন। এটা কিন্তু ঠিক নয়।" মানস বলে তার জেলার সিভিল সার্জন ডাক্তার ঘটককে।

"আমার মেয়ে ঝরনাও তো তাই মনে করে।" ভাক্তার ঘটক বলেন।

"আচ্ছা, তা হলে বাংনাকে মনে করিয়ে দেবেন যে নেপোলিয়নের রাশিয়া আক্রমণের তারিথ ছিল ২৩ণে জুন। আর হিটলারের রাশিয়া আক্রমণের দিন ২২শে জুন। প্রায় কাঁটার কাঁটায় মিনে যাচ্ছে। নেপোলিয়নের তুই দিকে ছিল তুই মহাকণ্টক। তাদের নিয়ল না করে তিনি নিষ্ণটক হতে পারছিলেন না। কিন্তু ব্রিটেনকে আক্রমণ করতে গিয়ে দেখেন নৌবল নেই। যতদিন না নৌবল গড়ে ওঠে ততদিন অপেকা করতে হবে। ইতিমধ্যে স্থলসৈতা দিয়ে রাশিয়াকে হারিয়ে দেওয়া যেতে পারে। রাশিয়ার পরে ব্রিটেন। গত শতাব্দীতে নেপোলিয়নের সেই যে সিদ্ধান্ত এই শতাব্দীতে হিট্লারের সিদ্ধান্তও তাই। হিটলার যদি নেপোলিয়নের মতো নিম্কটক হতে চান তবে তাঁকেও প্রথমে রাশিয়াকে ও পরে ব্রিটেনকে হারিয়ে দিতে হবে। ব্রিটেন দেটা বোঝে। দেইজন্মে রাশিয়াকে মদত দিয়ে জোরদার করছে। রাশিয়া যে কমিউনিস্ট আর ব্রিটেন যে ক্যাপিটালিস্ট এ গণনা আপাতত শিকেয় তোলা রয়েছে। ইউরোপের কণ্টিনেট যার একছতে শাসনাধীন তিনিই নেপোলিয়ন। যেমন সেকালে তেমনি একালে। তিনি কে ? তিনি হিটলার ? ভবিষ্যতে যদি ইউরোপের কণ্টিনেট স্টালিনের একচ্ছত্ত শাদনাধীন হয় তবে मीनिनरे एरवन त्नार्भानियन। किंड ज्थन जिएन एरव जात अधान व्यवताय। আমেরিকাও ব্রিটেনের পেছনে দাঁড়াবে। তথন ক্যাপিটালিন্ট বনাম কমিউনিন্ট যতবানের সংঘাত। সন্ধিও হতে পারে।" যানস অনুমান করে।

এর পর ডাক্তার সাহেব চলে যান তাঁর পারিবারিক প্রসঙ্গে। "ঝরনাকে নিয়ে আমরা কী মৃশকিলেই না পড়েছি, মিস্টার মল্লিক। ওর বিয়ের বয়স পেরিয়ে যেতে বসেছে। কিন্তু ম্যাচ করে যদি বিয়ে দিতে যাই তবে ওর বর হবে হাজার টাকা মাইনের চাকুরে। তার কম হলে ও বিয়ে করবে না। যদি করে প্রেমে পড়ে বিয়ে করবে। কিবা হাড়ি কিবা ডোম।"

মানস হেদে বলে. "বারনার মতো গুণবতী কল্মার প্রার্থীর অভাব হবে না। আর তাঁর বয়স এমন কী হয়েছে গাঁহা মুশকিল তাঁহা আসান।"

"না, না, মিন্টার মল্লিক, ব্যাপার অত সহজ নয়। আমরা ওকে পোন্ট-গ্রাজুয়েট ক্লাসে ভতি হতে দিইনি। আমরা কো-এড়ুকেশনকে ভয় করি। কিসে থেকে কী হয় কে বলতে পারে! প্রেমের নামে কত মেয়ের সর্বনাশ হচ্ছে। আমরা চিরকাল ঘটকালি করেই বিয়ে দিয়ে এসেছি। সেটাই ছিল আমাদের পেশা। মেয়ে এখন বায়না ধরেছে যুদ্ধে যাবে। উইমেন্স অক্জিলারি কোরে যোগ দিয়ে ওয়াকি হবে।" ডাক্তারের চোথে মুথে ত্রাস।

"ভালোই তো। মন্দ কী ?" মানস উৎসাহের সঙ্গে বলে, "যুদ্ধক্ষেত্রে উপস্থিত থাকা কত বড়ো একটা সৌভাগ্য! একভাবে না একভাবে অংশ নেওয়া কত বড়ো একটা সুযোগ! আপনি ডাক্তার, আপনারই তো কর্তব্য জ্যাকটিভ সাভিসে নাম লেথানো। ফিরে এলে হতেন ক্যাপটেন দটক। ঝরনা যদি যান ওঁকেও হয়তো ক্যাপটেন র্যাঙ্ক দেওয়া হবে। বিয়েও হয়ে যেতে পারে কোনো এক অফিসারের সঙ্গে।"

প্রবলভাবে মাথা নেড়ে ডাক্তার সাহেব বলেন, "গতবারের যুদ্ধটা শেয হয়ে না গেলে আমাকেও ফ্রন্টে যেতে হতো, মিল্লিক সাহেব। ফ্রন্টে যাইনি, ক্যান্ট্রনমেটে কাল করেছি। তার আশে পাশে থাকে লালবালার। লালবালারে কী বিক্রী হয়, জানেন? নারীদেহ। যুদ্ধে যারা প্রাণ দিতে যায় তাদের সন্ধানের জন্তে নারীরও প্রয়োজন হয়। কোন্ ভদ্রঘরের মেয়ে যেতে রাজী হবে? যায় ওই লালবাজারের পণ্যরাই। প্রচুর অর্থ পায়। মিলিটারি বাজেটে ওটাকে দেখানো হয় এনটারটেনমেট কস্ট হিসাবে। এবারকার যুদ্ধের নৃতনত্ব হচ্ছে অফিসারদের বিনোদনের জন্তে সমান ঘরের ওয়াকি প্রবর্জন। ক্লাবে গিয়ে তাস থেলা, টেনিস থেলা, গ্রামোফোন বাজানো, হাত ধরাধরি করে নাচা, একসকে বসে ডিনার খাওয়া। এইসব আর কী! ভফাতের মধ্যে ক্লাবের বদলে মেস। কলকাভায় বেশ সাড়া পাওয়া গেছে।

ধনীকন্তারাও অগ্রণী হয়েছেন। গভন মেণ্ট সমন্ত দায়িত্ব নিচ্ছেন। কিন্ধু আগুন আর ঘি একসকে রাখলে যা হবার তা হবেই। নজর রাখবে কে প্র বিয়ে যাদের হবে তারা কলঙ্ক এড়াবে, কিন্তু তাদেরও তো বৈধব্যের ভয় থাকবে।"

ভাবনার কথা বইকি। মানস শুধু বলে, "हैं।"

"ঝরনার মা এখন শব্যা নিয়েছেন। মিদেস মন্ত্রিক যদি একবার দেখতে যান তো বড়ো উপকার হয়। সব চেয়ে ভালো হতো যদি মেয়েকে রাতারাতি পাত্রন্থ করতে পারতুম। চেষ্টা যে করছিনে তা নয়। কিন্তু ওই হাজার টাকা মাইনের লক্ষ্য ভেদ করবে কে? আমার নিজেরই মাইনে তার চেয়ে অনেক কম। এতদিন চাকরি করেও আই. এম এস. হতে পারলুম না। আই. এম. এদের বদলে আই. এম. ডি। যেন আমের বদলে আমড়া।" ডাক্তার সাহেব কাষ্ঠহাদি হাদেন।

"আই. এম. এদ হতে চান তো এখনি তার মওকা। যুদ্ধে যাঁরা যাচ্ছেন তাঁরা আই. এম. এদ. হয়ে ফিরবেন।" মানদ আশা দেয়।

"ক্ষেপেছেন। কোথায় পাঠাবে তার ঠিক ঠিকানা নেই। হয়তো লিবিয়ায় কি সাইরেনাইকায়। এবাব টার্কদের ধপ্পরে নয়, জার্মানদের থপ্পরে। বাপ রে বাপ, রমেল। রমেলের সঙ্গে লড়তে পারে তেমন ইংরেজ কে আছে! ঈজিপ্ট গেল বলে ধরে নিন। ইংরেজ জেতে কি না সন্দেহ।" ডাক্তার ঘটক কানে কানে বলেন।

দেখুন, ডাক্তার সাহেব, ইংরেজদের সী পাওয়ার আছে। সী পাওয়ার থাকতে কেউ তাদের পরান্ত করতে পারবে না। ওরা সাময়িকভাবে হটে আসবে। যেমন ডানকার্কে। কিন্তু অপসরণ তো পরাজয় বরণ নয়। আপনি হয়তো কিছুদিনের জন্যে বন্দী হবেন। কিন্তু পরে সেটাই হবে আপনার প্রমোশনের সোপান। এথনো সময় আছে।" মানস উৎসাহ দেয়।

"তাতে আমার পারিবারিক সমস্থার কোনো স্থরাহা হবে না, মল্লিক সাহেব। ঝরনা জেদ ধরেছে ওয়াকী হবেই। তাতে আর কিছু না হোক অফিসার র্যাঙ্ক ও র্যাঙ্কের উপযোগী মাইনেও তো হবে। আমার নিজের মাইনের চেয়ে কম নয়। একটা মফঃস্বল শহরে ভেরেণ্ডা ভাজার চেয়ে মিলি-টারি ক্যাম্পে দহরম মহরম ক্রাও ভালো। চরিত্র যে সকলের নষ্ট হয় তা নয়। ও নিজের ইজ্জৎ নিজে রথেতে জানে। বরাবরই সাহসী মেয়ে। ঘোড়ায় চড়ত কম বয়সে। আমাদের তো পুত্রসম্ভান নেই ! তুই মেয়ের পর ওই আমাদের ছেলে। কিন্তু তা বলে তো ওকে ছেলেদের সঙ্গে কলেছে পড়তে দিতে পারিনে। ওর মা ওকে চোখে চোখে রেখেছেন।' ডাব্রুার সাহেব বলেন।

"তা যদি বলেন, আজকাল ছেলেদের কলেজে মেয়েদের যাওয়া তো নতুন কিছু নয়। আমাদের প্রতিবেশী রিটায়ার্ড জজ রায় বাহাত্র স্থবাধকুমার ভদ্র তো তার মেয়ে শীলাকে ছেলেদের কলেজে পাঠাচ্ছেন।" মানদ দৃষ্টান্ত দেখায়।

"আপনি বোধহয় জানেন না যে শীলার বিয়ে ঠিক হয়েই রয়েছে। ছেলেটি পুলিশ টেনিং কলেজ থেকে ফিরলেই শুভকর্ম দারা হবে। স্টাটিং পে আড়াইশো। ঝরনা হলে পত্রপাঠ থারিজ করত।' ডাক্তার দাহেব একটু পরে জুডে দেন, "যদি না প্রেমে পড়ে বিয়ে সম্ভব হতো।'

'বারনার চোথে প্রেমের মূল্য বিত্তের চেয়ে চারগুণ বেশী। এথন এদেশের যুবকদের চোথে বারনার প্রেমের মূল্য কয়গুণ বেশী কী করে বোনা যাবে ? আপনাদেব উচিত ওকে যুবকদের সঙ্গে মিশতে দেওয়া। এই মফঃস্বল শহরে দেটার স্থযোগ কোথায় ? দিন না ওকে বাইরে যেতে।'' মানস আবেদন করে।

"তা হলে ওর মা মনের ছুংখে মারা যাবে। আর বাবা চাকরি ছেড়ে বৈরাগী হয়ে যাবে। এই যুদ্ধ বাঙালীর সমাজে অধ্যপ্তন ডেকে আনছে। শুনছি ওয়াকির জন্মে ভদ্রঘরের কন্সাদের আগ্রহ ভেকেন্সীর চাইতেও বেনী। যাদের ধনসম্পদের অভাব নেই তাদেরও। যুদ্ধক্ষেত্র যেন একটা রোমান্সের কেলিকানন। সোসাইটি গার্লদের প্রত্যেকের ধারণা একজন কর্নেল বা মেজরের সঙ্গে ভার বিয়ে হবে। অবশ্য প্রাণে বেঁচে ঘরে ফিরে এলে। এদের চেয়ে কত ভালো সেইসব যুদ্ধবিরোধী মেয়েরা যাদের স্লোগান হলো 'না একো ক্রপেয়া. না একো জ্প্রান।" কেন যে ওদের ধরে ধরে জেলে দেওয়া! জেলখানায় গিয়ে অমন কত মেয়ে দেওলুম।" ভাক্তার সাহেব আক্ষেপ করেন।

শিক্ত ওদের মধ্যেও তো নাৎসীদের রুশ আক্রমণের পর ছু'মত দেখা যাচ্ছে। কলকাতা থেকে আমার বন্ধু অপনদা লিখেছেন বাবলী সেন জেল থেকে ছাড়া পেয়ে এখন যুদ্ধের পক্ষে ঘুরে দাঁড়িয়েছে।" মানস জানায়।

"কিছ বাবলী সেন ঝরনা ঘটকের মতো এত বোকা মেয়ে নয় যে ওয়াকি

হয়ে যুদ্ধক্ষেত্রে যাবে। অবশ্র সরকারও ওকে বিশাস করে যুদ্ধে যেতে দেবে না। দেশীয় জওয়ানদেরকে ও হয়তো ইংরেছের বিক্লেই হাতিয়ার বাগাতে ভজাবে। আর-একজন জোন অফ আর্ক।" ঘটকের উপহাস।

"কিন্তু ও যে রাশিয়ার বন্ধু কমিউনিস্ট।" মানস বিশ্বিত হয়।

"আমর। তে। জানি ও বর্ণচোরা ভাশনালিস্ট।" ঘটক মৃচকি হাসেন। "পুলিশের লোক ওকে চোথে চোথে রেথেছে।"

"সব কমিউনিস্ট কি তাই ?" মানস স্থধায়।

"আরে. না, না। সবাই কেন হবে? ওই যারা আগে টেররিণ্ট ছিল ওরা ওদের দীক্ষা ভূলে যায়নি। দীক্ষা কি কেউ ভোলে? টেররিজম ছেড়েছে, কিন্তু আশনালিজম ছাড়েনি। তবে এটাও ঠিক যে ওরা এখন রাশিয়ার জয় চায়। স্কৃতরাং ইংরেজের পরাজয় নয়।" ডাক্তার থোলসা করেন।

মানস এর পরে জিজ্ঞাসা করে, "আচ্ছা, ডাক্তার সাহেব, আপনি তো নানান জেলায় জেলখানার ভিতরে গেছেন। সেটা আপনার ডিউটির সামিল। বাবলীর বন্ধু মঞ্জুলিকা সোম বলে একটি মেয়েকে কি দেখেছেন ?"

"শুধু জেলথানায় কেন, বৈঠকথানায়ও দেখেছি। ওর বাবা ক্যাপটেন দিন্হা ছিলেন আমার দীনিয়র। আহা অমন ভালো মাস্কুয় আমি দেখিনি। কিন্তু মাস্কুয় ভালো হলেই ডাক্তার ভালো হওয়া যায় না। আবার ডাক্তার ভালো হলে মাস্কুয় ভালো হওয়াও নিশ্চিত নয়। যাক, জুলির কথা হচ্ছিল।" ঘটক শ্বরণ করে বলেন, "ও হলো বিলেতফের্ডা পরিবারের বিলেতফের্ডা মেয়ে। ইংরেজদের সঙ্গে ওর সম্পর্কটা একই কালে প্রেম-দ্বণার সম্পর্ক। লাভ-হেট রিলেশনশিপ। সাহেব মেমদের ও যত বেশী ভালোবাসে তত বেশী ঘণা করে। সাইকোলজিকাল কেস।"

"এরকম কেস আপনি আর ক'টা দেখেছেন ?" জানতে কৌতৃহল হয় মান্থবের।

শৈত শত। তার জন্মে বিলেত যেতে হয় না। ইংরেজী লেখাপড়া যারাই শিখেছে তারাই ইংরেজকে ভালোবেদেছে। কিছু বর্ণ বৈষম্য যেই দেখেছে অমনি ইংরেজকে দ্বাণা করেছে। প্রত্যেকটি দাভিদেই বর্ণ বৈষম্য। আপনিও ভূকতভাগী, আমিও তাই। আপনার কথা আমি বলতে পারব না, কিছু আমার বয়দ হয়েছে, প্রেম বা দ্বাণ কোনোটাই আমার হৃদয়ে এখন আর তেমন প্রবল

নয়। যেমন ছিল ত্রিশ বছর আগে। ইংরেজের জন্মে আমি প্রাণ দিতে পারতুম। বাঙালী পলটনে যোগ দেবার জন্মে বাড়ী থেকে পালিয়েছি. পরে ধরা পড়ে ফিরেছি। বাবার চেয়ে মায়ের বেশী অমত। একই পরিস্থিতি দেখা দিয়েছে আমার মেয়ে ঝর্রনার বেলা। সেও কি বাড়ী থেকে পালিয়ে যাবে, পরে ধরা পড়ে ফিরবে? কী জানি! আমার তো ভালো মালুম হচ্ছেনা।' ডাক্তারের মুখ আঁধার হয়ে আগে।

মানস অভয় দেয়! "না, না, মেয়েরা একা পালিয়ে যায় না। গেলে আর কারো সঙ্গে যায়। ঝরনার সঙ্গে আর কেউ থাকলে তো!"

"আপনি আমার মনে দন্দেহ ঢুকিয়ে দিলেন, মল্লিক সাহেব। আমি ভাবছি আর কে হতে পারে।" ঘটক বিদায় নেন।

ক্লাবটা শুবুমাত্র টেনিদ থেলার জল্যে। দক্ষে একটা লাইব্রেরী আছে, দেটা শুবু মূল্যবান। দেখানে পাওয়া যায় এমন দব পুরানো ইংরেজী বই যা অন্তত্ত্ব ভা যেমন গ্যেটের আত্মচরিত। টলস্টয়পত্মীর দিনলিপি। মানদ নিবিষ্ট হয়ে পড়ে। টেনিদের পরে লাইবেরীতে বদে বইপত্র নাড়াচাডা করতে করতে ডাক্লার দাহেবের দক্ষে কথাবর্তা। দেদিন আর কেউ উপস্থিত ছিলেন না।

"আজ এত দেরি হলো যে ?'' যুথিকা কৈফিয়ৎ চায়।

"দিভিল দার্জনের মেয়ে ঝরনা ওয়াকি হতে চায়। মা শয্যাশায়ী। বাপ চিস্তিত। এই নিয়ে কথাবার্তা হচ্ছিল।" মানদ জবাবদিহি করে।

সমন্ত শুনে যুথিকা বলে, ''ঝরনা হচ্ছে এদেশের নিউ উওম্যান। শীলা তা নয়। শীলাকে আমি ভালোবাসি, কিন্ধ ঝরনাকে শ্রন্ধা করি। হাজার টাকার নীলামণর ও যদি দিয়ে থাকে তবে এটা ভালো বিয়ের জত্যে নয়, বিয়ে আদৌ নয়ের জত্যে। সোজা কথা মনের মাহুষ না পেলে ও বিয়ে করবে না। আর মনের মাহুষ তো চাইলেই মেলে না। অকমাৎ মিলে যেতেও পারে, যেমন মিলির বেলা। নয়তো খন হকাল প্রতীক্ষা করতে হয় শবরীর মতো।"

মিলির প্রসন্ধ ওঠে। "দত্তবিশ্বাস কি মিলির মনের মান্ন্য ? হা হা হা !" মানস হেসে উড়িয়ে দেয়।" এসেছিল জুলিকে বিয়ে করতে। জুলি প্রত্যা- খ্যান করে। তথন মিলিকে হাতের কাছে পেয়ে প্রস্তাব জানায়। মিলি সম্মতি দেয়।"

ক্র জানে, ঝরনার জীবনেও ঘটনাচক্রের ঘটকালি ঘটতে পারে। আর

না ঘটলেই বা কী । যুদ্ধক্ষেত্রে যাবার স্থযোগ পায় ক'জন মেয়ে! তেমন একটা স্থযোগ যদি আমার জীবনে আসত আমিও কি যেতে চাইতুম না । বিয়ে করেছি, মা হয়েছি, এখন আমার হাত পা বাঁধা।" আফসোস করে ঘুথিকা।

"সেই হোমারের যুগ থেকেই যুদ্ধক্ষেত্রে যাবার স্থযোগ পাচ্ছে মেয়েরা।" মানদ গন্তীরভাবে বলে, "কিন্তু ইলিয়াড মহাকাব্যের শুক্ষভেই দেখতে পাবে আকিলিদের দক্ষে আগামেমননের নারীঘটিত বিবাদ। মেয়েরা ছিল যুদ্ধের প্রাইজ। একালের ওমাকিদের নিয়েও যে এক অফিসারের দক্ষে আকেশারের বিবাদ বাধবে না তা নয়। বারনাকে নিয়েও কাড়াকাড়ি পড়তে পারে। এতদিন তো জানতুম গণিকাদের যুদ্ধক্ষেত্রে নিয়ে যাওয়া হতো। এখন ওয়াকিদের কেন শ'

যুথকা ফিক করে হেদে বলে, "শোভিয়েট রাশিয়ায় শুনছি প্রমীলা বাহিনী আছে। প্রমীলারা যুদ্ধক্তে গিয়ে নাংসা যুদ্ধবন্দীদের যুদ্ধের প্রাইজ বলে বিবাদ বাধাবেন না তো গ'

''বলা যায় না। ওরাও তো নিউ উওম্যান। তবে দ্যালিন শুনলে রক্ষে থাকবে না। সঙ্গে সঙ্গে কোতল। সম্রাজী ক্যাথারিন হলে অন্য কথা ছিল। তিনি নিজেই হয়তো প্রমীলাদের প্রাইজ কেড়ে নিয়ে নিজের শোবার ঘর দাজাতেন।'' মানস কশদেশের ইতিহাস থেকে সম্রাজীর প্রকৃতি বর্ণনা করে।

'রাশিয়া দেখছি সব ব্যাপারে এগিয়ে রয়েছে। ফালিনের পরে একদিন হয়তো ডিকটেটর হবেন তেমনি জাদরেল এক মহিলা। পৃথিবীতে স্বর্ণমুগ আসবে। কিন্তু তার আগে মুদ্ধে জেতা চাই। লঙ্কার ওই প্রমালা বাহিনী কি কিন্তিয়ার বানরবাহিনাকে প্যুদ্ধ করতে পারবে । আচমকা নাংসী আক্রনণের পর থেকে ভাবছি সোভিয়েট সেনা কি ধাকা সামলাতে সক্ষম হবে ।'' মুথিকা গালে হাত দেয়।

'দেই আশক্ষায়ই তো[ঁ] ইংরেজরা ছুটে গেছে রাশিয়ানদের মদত দিতে। এখনকার মতো ওরা শত্রু নয়, মিত্র।'' মানস বোঝাতে চায়।

''ইংরেজের মতো লাকি জাত কি আর আছে ? সেই যে একটা প্রবাদ আছে, ইংরেজরা লড়ে শেষ ফরাসীটি পর্যস্ত। এবার লড়বে শেষ রাশিয়ানটি পর্যস্ত। এতদিন লড়া হয়েছে শেষ ভারতীয়টি পর্যস্ত।" যুথিকা পরিহাস করে।

"হাসির কথা নয়। কংগ্রেসের সঙ্গে ইংরেজের মিটমাট হলে ভারতীয় সৈশ্বরাও ছুটে যেত রাশিয়ানদের সঙ্গে কাঁধে কাঁধ মিপিয়ে লড়তে। মওলানা আজাদ তো বলে রেথেছেন তিনি দরকার দেখলে কন্স্ক্রিপশন করবেন। মানবভাগ্য নিভর্ত্তর করছে ক্লশজার্মান যুদ্ধের ফলাফলের উপরে। নাংসীরা যদি জেতে তবে সভ্যতার ঘড়ির কাঁটা পেছন দিকে ঘ্রিয়ে দেবে।" মানস এ নিয়ে গন্তীরভাবে চিস্তিত।

"কংগ্রেসের সঙ্গে মিটমাট হলে এমন ঘটতে পারে যে ক্যাপটেন রুঞ্চকলি ঘটক তাঁর উইমেন্স অক্জিলিয়ারি কোর নিয়ে রুঞ্সাগর পারে অবতীর্ণ হবেন। সব লাল হো জায়েগা নয়, সব কালা হো জায়েগা।'' যুথিকা রঙ্গ করে।

"কিন্তু কংগ্রেসের সঙ্গে সরাসরি মিটমাট কোনোদিন হবার নয়, ভুঁই। সবাই এটা এতদিনে সমবো গেছে। মাবো রয়েছে মুসলিম লীগ। তাকে ডিঙিয়ে মিটমাট করতে গেলে সে খাস বিলেতের টোরি পার্টির সব চেয়ে রক্ষণশীল সদস্তদের কাছে দরবার করবে। ওঁরা সায় না দিলে এই অচল অবস্থার অবসান হবার নয়। ওঁরা সায় দেবেনও না, যদি না মুসলিম লীগ সায় দেয়। আর মুসলিম লীগের যা শত্তাতে কংগ্রেস কোনোদিন রাজী হবে না।" মানস খেদোক্তি করে।

"তা হলে ক্যাপটেন রুষ্ণকলি ঘটকের ওয়াকিরা রুষ্ণনাগরপারে যাচ্ছেন না। কোথায় যাচ্ছেন বলতে পারো । পদার ওপারে দেখেছি চট্টগ্রাম বা আরাকান অভিমুখে দৈল্য চালনা। ক্যাপটেন লাহা তো দিক্বাপুরের কথাও বলেছিলে কিন্তু ওয়াকিরা কি তা হলে বঙ্গোপদাগর পার হবে । দেটা এমন কিছু দূর নয় দিক্বাপুরে বিস্তর বাঙালী আছে। ঝরনার খবর আমরা তাঁদের কাছ থেকে পাব। প্রাণের ভয় নেই। ভয় যেটা দেটা ওই আকিলিদের দক্ষে আগামেমননের কাড়াকাড়ির। শুস্ত নিশুন্ততে মিলে ভিলোত্তমাকে ওরা ছ'ট্করো না কবে। তবে সাস্তনা এই যে ভিলোত্তমা এক্ষেত্রে একজন নয়, একদল।" যথিশা হাদি চাপে।

"একবার মিসেস ঘটকের সঙ্গে দেখা করলে হতোনা?" মানস বলে। "নিশ্চয়। কিন্তুঝরনার পক্ষ নেব।" যুথিকা উত্তব দেয়।

ঝরনা আর ওর মা ত্'জনেরই ধহুত জিপণ। ঝরনা ওয়াকি হবে, নয়তো গৃহত্যাগ করবে। ওর মা ওকে ওয়াকি হতে দেবেন না। হলে দেহত্যাগ করবেন। ওয়াকিদের সম্বন্ধে যুথিকার ধারণা স্পষ্ট নয়। ওরা কি অফিসার- দের মন জোগাতে গিয়ে খারাপ হয়ে যাবেই, ভালো থাকতে পারবে না ? ভাই যদি হয়ে থাকে তবে তো মিসেস ঘটকের আপত্তির কারণ আছে। কী কবে সে আপত্তি থগুন করা যায় ? অথচ ঝরনাকেও আগে থেকে সন্দেহ করা অন্থচিত। সে গন্তীর প্রকৃতির মেয়ে। বেশী কথা বলে না। লাইব্রেরী থেকে বই আনিয়ে নিয়ে পড়ে। সীরিয়াস বিষয়ের বই। মাঝে মাঝে টেনিস খেলতে আসে। কব্ জির জাের আছে। ওর রাজনৈতিক মতামত কাউকেই জানতে দেয় না। যুক্তকেত্রে যেতে চায়, এর থেকে ধরে নেওয়া যায় না যে সে সামাজ্যবাদী। বাঙালীদের একটা প্রানো নালিশ তাদের সৈত্যদলে নেওয়া হয় না, অসামরিক জাতি বলে অবজ্ঞা করা হয়। সেই অপবাদ ক্ষালনের জত্যেও বহু যুবক সৈত্যদলে ভতি হয়েছে। তাই বলে কি তারা সামাজ্যবাদী ? মেয়েরা যথন ছেলেদের সক্ষে সমান অধিকারে দাবী করছে তথন ওয়াকি দলে ভতি হওয়াও তো সমান অধিকারের পর্যায়েই পড়ে।

"মাদিমা," যুথিকা ভাক্তার গৃহিণীকে আত্মীয়তার স্থত্তে বাঁধে, "আপনি শ্য্যাশায়ী শুনে উদ্বিগ্ন হয়ে দেখতে এসেছি।"

"তোমরা সবাই ভালো আছো তো, মা?" তিনি উঠে বসেন।

"আপনার আশীর্বাদে ও ডাব্রুনার সাহেবের সৌজন্তে।" যুথিক। ভদ্রতার থাতিরেই বলে। কল দেবার সময় দেয় দাশরথিবাবুকে। এই স্টেশনে আগে যেবার এসেছিল তথম থেকেই চেনাশোনা।

"আমি এখন মহাবিপদে পড়েছি। সবই আমার নিজের কর্মফল। আমার ছোট মেয়েকে আমি বোল বছর বয়সেই পরের ঘরে দিতে পারতুম। পাত্রপক্ষই ঝোলাঝুলি করছিল। আমি তখন অছ। ঝরনা আমার কোলের
মেয়ে। ও যদি পরের ঘরে যায় আমার কোল থালি হবে। তখন কি জানতুম
বে ত্ধ কলা দিয়ে কালসাপ প্রছি! যে আমাকেই দংশন করবে। আমার
সর্বাদ এখন বিষের জালায় জলছে। কে আমাকে বাঁচাবে! কেউ পারবে না।
তুমিও না। এই শয্যাই আমার শেষ শয়া। ডাজারের ডাজারি বাইরে।
ঘরে কি ওঁর ক্ষমতা আছে? ক্ষমতা থাকলে ওই সোমন্ত মেয়ের বিয়ে দিতেন
না? ধারকর্জ করে প্রোভিডেণ্ট ফাগ্ডের টাকা তুলেও মেয়েকে যেমন করে
হোক পাত্রছ করা চাই। মেয়েয়াছ্যের প্রকৃত ছান বাপের বাড়ী, শতরবাড়ী,
ছেলের বাড়ী। তা তো নয়, যুদ্ধক্ষেত্রে স্বানেও হবে না? তথন কে ওকে

বিয়ে করবে ? চাকরিই বা জোগাবে কে ? সরকার কি তেমন কোনো ভরসা দিছে ? আর এরা যদি যুদ্ধে হেরে যায় তা হলে এদের দেওয়া ভরসার কি মূল্য আছে !" শেষের কথাগুলি তিনি ফিস ফিস করে বলেন।

ভদ্রমহিলা সত্যিই বিপন্ন। তবে শব্যাশায়ী বলে অনাহারে জীর্ণশীর্ণ নন।
দিব্য কট্ট পুট বলির্চ। তরে তরেই তিনি ঘরসংসার চালান। তাঁর হাঁক ডাক
তনে বি চাকর ছুটে আসে। ফরমাস থাটে। মুথিকার জল্ঞে সন্দেশ ও সরবং
এসে হাজির।

''নিজের সম্ভানকে আপনি কালসাপ বলছেন, শুনে তুঃথ পেলুম, মাসিমা।

এ সন্দেশ কি আমার গলা দিয়ে নামবে ? আপনি এত অসহিষ্ণু কেন ? আরো

কন্ত মেয়ে ওয়াকি হচ্ছে। যুদ্ধকেত্রে যাওয়া মানে প্রাণ দিতে যাওয়া নয়।

মেয়েদের যথেষ্ট নিরাপদ দ্রম্বে রাখা হবে। যেমন ডাক্তার ও নাস দৈর। আর

একালের মেয়েদের প্রকৃত স্থান কি কেবল রামাণর আর আঁতুড়ঘর আর

ঠাকুর্বর ? দিনকাল বদলে গেছে। মেয়েরা এখন জেলে যাচ্ছে, মন্ত্রী হচ্ছে,

আপিস করছে, মোটর চালাচ্ছে।'' যুথিকা তর্ক করে।

মিলেদ ঘটক চুপ করে থেকে বলেন, "আমারই নিজের কর্মফল। তুটি মেয়ে হওয়ার পর আমি আশা করেছিলুম ভার পরেরটি হবে ছেলে। হলো শাবার মেয়ে। তথন দেই মেয়েকেই ছেলের মতে। করে মানুষ করি। ছাফ প্যাণ্ট পরে ইক্ষুলে যায়, দৌড়ঝাঁপ করে। খেলাধূলায় চ্যাম্পিয়ন। যেথানেই वसनी इन ७ वावा ७ व्ह टिनिम (थनात क्छ ज्ञाद निया यान। टिनिस ७ व्ह হারিয়ে দেয় কার সাধ্যি ? ভোমাদের এখানে আসার আগে একজন স্মাসিস্টাণ্ট ম্যাজিক্টেট এসে একবছর ছিল। রোজ টেনিস খেলতে খেলতে अस्त्रत प्र'क्टनत्र मध्य अमन जाव दश त्य जामता त्जा श्रद्ध निर्दे अहेवात जानत्क বিবাহের প্রভাব। ওমা, কোথার প্রভাব। ও ছেলে ধরাটোয়া দেবার নাম করে না। বিলেতে বহুকাল কাটিয়েছে। কত মেয়ের দলে টেনিস খেলেছে। यत्रमा नांकि ७३ (नशेद्रकम এक गांक (क्रथ । अत आमात्र गर्वाक गतीत त्रार्श রি রি করে। গার্ল ক্রেও কী! ছেলেডে মেয়েডে ক্রেওশিপ হতে পারে কথনো! তোৰার বিলেতে কী হয় তা কি আমরা জানিনে 🕈 খবরদার! चामि वनि, धवत्रमात्र, सूछ, धवत्रमाद्र, छूटे धटे वीत्रदात नरण मिनिमूछन। বীদরের গলার মৃক্তার হার! সেই থেকে মেরের আমার মুখ ভার। ভাঙ্গো क्टक क्या क्रम ना। शामित्र शामित्र त्र्षात्र। एविमा त्र नित्रमिष्ठ त्यमत्र

ৰায় তা নয়। কালেকটর সাহেবের মেম ওকে বার বার ডেকে পাঠান। উনিও টেনিসের ভক্ত। কিন্তু বাবে না। উনি তোওর বন্ধ ক্রেও মনোজ বাগচী নন।"

"টেনিসে আমারও অমুরাগ ছিল, মাসিমা। কিছু কাচচাবাচ্চাদের সঙ্গ দেওয়া তার চেয়েও জরুরি। আমরা নিজেদের কুঠিতেই ব্যাডমিন্টন খেলি। আমরা মানে আমি আর আমার প্রতিবেশিনীরা। বারনাকেও নিমন্ত্রণ করেছি। ও একদিন কি হু'দিন গিয়ে আর ওমুখো হয়নি। ওর সমকক থাকলে তো যাবে। এখন বুঝতে পারছি ও চায় পুরুষ প্রতিপক্ষ। , কিংবা পুরুষ পার্টনার। আমরা তো পুরুষদের থেলতে ডাকিনে। আমার স্বামীকেও না। এখন বোঝা যাচ্ছে বারনা কেন ধরাছোঁয়া দেয়নি। সভাি, আপনাদের ভাবনার কারণ আছে। তা বলে অমন করে মেয়েটাকে পর করে দেবেন না। বিশ্নের পরে তো এমনিতেই পর হয়ে যাবেই। যে হু'দিন বাপের বাড়ীতে আছে মা বাপের দলে মনের হথে থাকুক। আপনি ওর দলে মিটমাট করে ফেলুন, মাসিমা। ইচ্ছে থাকলে উপায় থাকে। ওয়াকি সম্বন্ধে আমি ওয়াকিবহাল नहें, हैं। कि ना क्लानांगेहें वनव ना। किन्नु गुष्त्रत हि फिक्क कजतका ठाकति পৃষ্টি হচ্ছে। একটা না একটা ভুটে বেতে পারে। তবেতার জক্তে কলকাতার বি দিল্লীতে বেতে হবে। মেয়েকে আপনারা চোখে চোখে রাখতে পারবেন না। নে কার সঙ্গে মিশবে ? মিশলে তা আপনাদের এলাকার বাইরে। শাল্পেই তো লিখেছে বিবাহের বয়স হলে পিতা যদি কলার বিবাহ দিতে না পারেন তবে কলা নিজেই নিজের পতি বরণ করবে।" যুথিকা পথনির্দেশ করে। সুখ ফুটে বলে না যে সে আপনি তার দৃষ্টান্ত দেখিয়েছে।

"ওসব বিলিতী প্রথা এদেশে চলবে না, মা যুথিকা। আমরা জাতকুল গণগোত্র মানি। মনোজ বাগচীর বেলা সামান্ত ব্যতিক্রম হতো। ওরা বারেন্দ্র, আমরা রাটী। ঝরনা যদি আমাদের মূখ হাসায় আমরা ওকে ড্যাজ্য কল্যা করবো।" ডাক্তার গৃহিণী কঠোর কঠে বলেন।

যুথিকা মর্মে ব্যথা পার। ত্যাব্দ্য কক্ষা সে নিব্দেও তো হয়েছে। কিন্ত সেকথা জানায় না। বেচারি বারনার ভবিশ্বং ভেবে ব্যাকুল হয়।

পরের দিন ব্যাভমিন্টন ব্যাকেট ছাতে ঝরনাকে আসতে কেখা গেল যুথিকাদের কুঠির লন্-এ। অনেকদিন বাদে দেখা।

"কী ভাই। কেমন খাছো।" বৃথিকার এখা।

"শারীরিক ভালো। মানসিক ভালো নয়। শথ্করে যদি কেউ ইনভ্যালিড হয় ভবে তার জন্তে চবিষশ ঘণ্টা ঘরে আটকা থাকা কি খুব-স্থাের ?" বারনার উত্তর।

"তা হলে তুমি আজ ছাড়া পেলে কী করে ?" যুথিকা আশ্চর্য হয়।

"আপনার স্থবাদে। আপনি কাল মাকে কী বলেছেন জানিনে। ফলে তাঁর স্থর অনেকটা নরম হয়েছে। আমাকে উনি ওয়াকি হতে দেবেন না, কিন্তু কলকাতা গিয়ে অন্ত কোনো চাকরির জন্তে চেটা করতে দেবেন। যুদ্ধ-ক্ষেত্রে যেতে দেবেন। শুনেছি যুদ্ধের প্রয়োজনে কলকাতাকে কেন্দ্র করে রকমারি অসামরিক বিভাগ খোলা হচ্ছে। ফ্রন্টে যেতে হবে না। ক্রন্টের সঙ্গে যোগাযাগ রাধতে হবে। মিসেস গোস্বামী আমাকে স্থপারিশ করে কয়েকজনের নামে চিঠি দিচ্ছেন। আপনিও কি—"ঝরনা ইতন্তত করে।

"আলবং। তোমাকে স্থপারিশ করব না তো কাকে করব ? এ শহরে তোমার মতো যোগ্য আর কে আছে ? তোমার অক্ষমতা তো এই যে তৃমি পৃষ্ণব নও, নারী। কিছ দিনকাল বদলে গেছে। নারীও পুরুষের সঙ্গে সমান। তোমাকে আমি মিলিটারি ইউনিফর্মে দেখলেও অবাক হতুম না। তা সিভিল ইউনিফর্মই ভালো। মা বাপের মনে কট্ট যদি দিতেই হয় তবে এখন এই ইস্থাতে নয়। পরে আর কোনো ইস্থাতে।" যুথিকা ছুটু মিষ্টি হাসি হাসে।

"তেমন কোনো ইস্থার সম্ভাবনা নেই, যুথিকাদি।" ঝরনা রঙিন হয়ে। বলে, "বাঙালীর ছেলেরা দাকণ সেয়ানা। অবশ্য মানসদা বাদে।"

যুথিকা ওর পিঠ চাপড়ে দিয়ে বলে, "মানসদার মতো বোকাসোকা ছেলে আরো অনেক আছে। তোমাকে ছাড়তে হবে গুণু জাতের অহস্কার, কুলের গরব। কেন, বাঙালী ছাড়া কি আর বর হয় না । বে তোমাকে ভালোবানবে, যাকে তুমি ভালোবানবে সেই তোমার বর। সীভার মতো তোমার চারদিকে গণ্ডী ভাকার অধিকার কোন্ লক্ষণের আছে । সেই গণ্ডীর ভিতরেই জীবনসলী বরণ করতে হবে, তাও করে দেবেন গুরুজন, এর বিরুদ্ধে বিলোহ করাও একপ্রকার যুদ্ধ। এই ইস্থাতে আপস করতে নেই। বাপ মা ভ্যাক্য কয়। করলেও না । শুথিকার হাসি মিলিরে যায়।

ওয়াকির প্রভাবটা এসেছিল মিন্টার গোস্বামীর কাছ থেকে। এথানকার জেলা মাজিষ্টেট ও কালেকটর। সরকারী কাগলপত্র তাঁর দক্তরে পৌছেছিল। দিল্লী থেকে কলকাতা হয়ে। ভারত সরকার ভারতে যুবকযুবতীদের জন্মে এক এক করে সব ক'টা দরজা খুলে দিছেন। সাড়াও পাছেন
সব ক'টা প্রদেশ থেকে। ওয়াকিতে অ্যাংলো ইগুয়ানদেরই সাড়া বেশী।
ক্রণ্টে যেতে ওদের ভয়ভর নেই। না প্রাণের ভয়, না চরিত্রের ভয়। শত
শত ইগুয়ান অফিসার ক্রণ্টে যাছে, তারা যদি ইগুয়ান মহিলাদের সাহচর্ষ না
পায় তবে অ্যাংলো-ইগুয়ান মহিলাদের সাহচর্য পাবে। কেউ কেউ বিয়েও
করবে।

শহরের গণ্যমান্তরা প্রাচীনপন্থী। সিভিল সার্জনের মেয়ে যে পুরুষদের সঙ্গে টেনিস থেলতে যায় এটাও তাঁরা স্থনজরে দেখেন না। কিন্তু আগে থেকে এর নজির আছে। মিসেস গোস্বামীও তো মাঝে মাঝে থেলতে আসেন। স্বাস্থ্যের জন্তেই টেনিস খেলা। আমোদের জন্তে নয়। পাষাণ প্রতিমার মতো ম্থ। কথা বলেন খুব কম। হাসি পেলে হাসি চেপে রাথেন। ঝরনারও সেই ধরণধারণ। প্রাচীনপন্থীদের এটা গা সওয়া হয়ে গেছে। কিন্তু ওয়াকি! সর্বনাশ!

॥ औष्ट ॥

কথা ছিল মিলি লণ্ডনে গিয়ে বেডফোর্ড কলেজে জ্লির জায়গায় ভণ্ডি হবে। কিন্তু কলেজের কর্তৃপক্ষ তাতে রাজী নন। বলেন নতুন করে দরপাল করতে ও একবছর অপেক্ষা করতে। একবছর পরে ব্রিটেনের উপর আকাশ-যুদ্ধ। প্রাণ বাঁচাবে না পড়াশুনায় মন দেবে ? প্রাণ বাঁচানো বলতে কেবল নিজেরটি বোঝায় না। মিলি স্বতঃপ্রণোদিত হয়ে ত্রাণকার্যে যোগ দেয়। দেশে থাকতে ওর সেবাকর্মের অভিজ্ঞতা ছিল। সহজেই নাম করে। এমনিতেই ও মেয়ে অসমসাহসী। সাইরেন শুনে ও শেলটারে ঢোকে না। যেথান থেকে ডাক আলে সেথানে ছুটে যায়। জ্বমীদের নিয়ে যায় হাসপাতালে।

স্কৃষার গা বাঁচিয়ে চলে। ওর স্থটের ক্রীজ নট্ট ছবে এটাই ওর কাছে উবেগের বিষয়। তবে ও নীরব দর্শক নয়। বি. বি. সি'র ইণ্ডিয়ান সাভিসে ওর কণ্ঠস্বর শোনা ধার। প্রত্যেক ভারতীয় নাগরিকের কর্তব্য এই যুদ্ধে মিত্র-পক্ষের জয় কামনা করা। ভূল, ভূল, অত্যস্ত ভূল এই ধারণা যে ইংলণ্ডের তুর্বোগ হচ্ছে ভারতের স্থযোগ। কে বাঁচবে, যদি ইংলণ্ড মরে? কে মরবে, যদি ইংলণ্ড বাঁচে?

ওর আফসোস মিলি ওর ব চকান্ট শোনে না। বলে, "ব্রিটিশ প্রোপা-গাঞা আমি ভনতে চাইনে। জিভবে ওরা ঠিকই, কিন্তু জয়ের ভাগ ভারতকে দেবে না। তা বলে আমরা ওদের চ্র্যোগের স্থযোগ নিতে চাইনে। সেটা অধর্ম হবে। ওরা প্রাণের দায়ে লড়ছে। তা ভো আমি ফচক্ষেই দেখতে পাছি। হিটলারের পায়ে আঅসমর্পণ করলে বেঁচে যেত। কিন্তু তেমন বাঁচা কি মরার চেয়েও খারাপ নয়? চার্চিল তাঁর দেশবাসীর অপরাজেয় আআ। ধলা তাঁর নেতৃত। কিন্তু এটাও আমি জানি যে আমরা যদি তাঁর মামার দেশের মভো আধীনভার জলো লড়তে না পারি ভো অলা কোনো উপায়ে স্বাধীন হতে পারব না। আমেরিকার স্বাধীনভার যুদ্ধই অলাল উপনিবেশের স্বাধীনভার যুদ্ধের আদর্শ। দেশ এর জলে তৈরি নয়।"

্ স্ক্মার লেবার পার্টির সর্দারদের সঙ্গে মেলামেশা করে তাঁদের ভজায় যে ভারত তার সমস্ত শক্তি নিয়ে যুদ্ধে ঝাঁপ দিতে মৃথিয়ে রয়েছে, যদি কংগ্রেস নেতাদের অগৌণে জেল থেকে ছেড়ে দেওয়া হয়। আর বড়লাটের শাসন-পরিষদ্কে ব্রিটেনের মতো ওয়ার ক্যাবিনেটে পরিণত করা হয়। স্বাধীনতা এই মৃহুর্তে কেউ চাইছেন না। সেটা সব্র করতে পারে। স্ক্রমারের বিশাস লেবার পার্টির চাপে চার্চিল ভারতীয় নেতাদের সঙ্গে আলাপ আলোচনার জন্মে দৃত পাঠাবেন।

মিলি ওর কথায় কান দেয় না। বলে, "অমন একটা পাপেট গভর মেণ্ট যদি কংগ্রেসের নেতারা গঠন করেন তো দেশের লোক ছি ছি করবে।"

আকাশযুদ্ধে নাৎসীয়া জয়ী হয় না। হিটলার উপলব্ধি করেন যে আকাশ পথে ব্রিটেন আক্রন্থ করা নিক্ষন। করতে হবে সমুত্রপথে আক্রমণ। কিছ নৌযুদ্ধে কি ব্রিটেনকে পরাত্ত করা সন্তব, যতদিন না জার্মানীর জাহাজের সংখ্যা ও শক্তি বাড়ে? তার ক্ষেত্তে অপেক্ষা করতে গেলে যুদ্ধের মোমেন্টাম নষ্ট হবে। মোমেন্টাম বজায় রাখতে হলে অবিলম্বে বাঁপিয়ে গড়তে হবে রাশিয়ার উপরে। এক ঢিলে ছই পাখী মারা হবে। একটার নাম তো সোভিরেট ইউনিয়ন। অক্টার নাম বোলশেভিক বিপ্লব। দশ বছরের অনাক্রমণ চুক্তি মাতা করতে জার্মানী স্থায়ত বাধ্য। কিছ দশ বছর সময় পেলে যে বিপ্লব চিরস্থায়ী হবে, সে এক দারুণ বুঁকি।

জার্মানরা রাশিয়া আক্রমণ করার পর যুদ্ধের মোড় ঘুরে যায়। মিলির বিশেষ কিছু করবার থাকে না। সকলেই বলাবলি করে যে এ বাত্রা ফাঁড়া কেটে গেছে। যা শক্র পরে গুটেলার আর এ মুখো হবে না। হলে নেপোলিয়নের মতো ওয়াটারলু। আপাতত রাশিয়াকে মদত দেওয়াই স্বুদ্ধি। ইংরেজের হয়ে ওই লড়বে।

যুথিকাকে লেখা মধুমালতীর চিঠিতে এসব কথা তো ছিলই, ছিল আরো অনেক কথা। ওয়াটারলুর আগে ইংরেজরা তাদের যুদ্ধপ্রস্তুতিতে ঢিলে দেবে না। উৎপাদন জোর কদমে চলেছে। কেউ বেকার নয়। ধর্মঘট স্বপ্নের অতীত। কেউ কারো চেয়ে বেশী খেতে পায় না, এমনি কঠোর রেশন প্রথা। যা রেশনে দেয় তাতে পেট না ভরলে তুমি যে শিকার করে পেট ভরাবে তারও জো নেই। এক মন্ত্রীর চাকরি গেল একটা না ছটো খরুগোস শিকার করতে গিয়ে। পোশাক সম্বন্ধেও কড়াকড়ি। পোশাকেই তো উচ্চনীচ ভেদ বোঝা যেত। সেটা যাতে না বোঝা যায় সে ব্যবহাও হচ্ছে। লিখিতভাবে না হলেও অলিখিভাবে এটাও একপ্রকার সাম্যবাদ। বোলশেভিকদের মদত দিতে যাওয়াও তো একহিসাবে সাম্যবাদকে স্বীকৃতি দেওয়া। শ্রেণীবৈষম্য ক্রমেই লোকচকুর অস্তরালে চলে যাছেছ। ধনীদের অবহা খারাপ হচ্ছে বলা চলে না, কিন্তু গরিবদের অবহা আগের চেয়ে ভালো হচ্ছে। ঘর-বাড়ীর অভাব, এটাই ওদের সব চেয়ে জোরালো অভিযোগ।

চিঠির বয়ান শ্রনে মানস চমংকৃত হয়। কিন্তু ওর যা স্বভাব। সমালোচনা করবেই। 'মিলিকে চিঠি লিখলে জিজ্ঞাসা করবে, ''মদটা কি কেউ কম থাচ্ছে ?"

"যুদ্ধের অফুরোধে মাহুষ সব পারে। ওটাই বা না পারবে কেন।" যুথিকার প্রশ্ন।

"ইতরভন্র সকলের মধ্যেই ওর ব্যাপক প্রচলন। অমন লাভজনক ইওারী আর নেই। যদি না অস্ত্রশন্ত্রের নির্মাণকে তার মধ্যে ধরো।" মাসদ ক্ষীণ হাসে। "তবে আছেন ওদের মণ্টগোমরির মডো সেমাণতি। বিদি স্থরা স্পর্শ করেন না।"

"हिंदेनात्र अञ्चा न्थर्भ करतन ना, स्टामिह।" वृथिका वरन।

"লোকটার গুণ আছে। গুনেছি একাস্ক ভদ্র। সম্পূর্ণ সং। কডকগুলো নৈতিক গুণ না থাকলে মাহুব শ্রুদ্ধা করবে কেন? তা বলে গোঁয়ারতুমিটা তো উড়িরে দেওয়া যায় না। ছই ফ্রন্টে লড়াই করতে বিসমার্কপর্যন্ত বারণ করে গেছেন। ছই ফ্রন্টে লড়াই করতে গিয়ে কাইজারের হার হলো। হিটলার কি বিসমার্কের চেয়েও বৃদ্ধিমান? বলতে পারো পশ্চিমমুখে আর এগোনোর উপায় ছিল না।" মানস স্বীকার করে।

যুদ্ধটা নতুন এক মোড় নেওয়ায় বয়ুবায়বদের মধ্যে জল্পনাকল্পনার সীমা ছিল না। কে জিতবে? জার্মানী না রাশিয়া? জার্মানীর পক্ষেও বেশ কয়েকজন ছিলেন। তাঁরা একটু চাপা গলায় বলেন, "মস্কো দ্র অন্ত নয়। ইংরেজের সাধ্য নেই যে মস্কোতে গিয়ে য়ৄয় করে।" তার সঙ্গে জয়ড় দেয় ''আর মস্কোই তো রাশিয়ার মাথা। মাথা কাটা গেলে কি ধড়টা বাঁচতে পারে?

ভাবনার কথা বইকি। মানস রোজ রাত্রে তার কুঠির চারদিকের প্রশন্ত বারান্দায় পায়চারি করতে করতে পাক থায়। তার পরে প্রশন্ত লনের এক প্রাস্তে ভেকচেয়ার পেতে আকাশের দিকে চেয়ে চিস্তা করে। টলস্টয়ের 'ওয়ার আ্যাণ্ড পীস' মনে পড়ে। কশরা আবার মস্কোর ঘরনাড়ী দোকানপাট পুড়িয়ে খাক করে দিয়ে শহর খালি করে দিয়ে যাবে। নাৎসীরা একফোটা জলও খেতে পাবে না। একটি মাহ্যয়ও সহযোগিতা করবে না। রুশদের এই 'পোড়া মাটি' নীতি অপূর্ব ও অনক্য। জার্মানরা দখল করতে পারে, কিছ ভোগ করতে পারবে না। নিজেরাই নাকাল হবে।

কিছ মন্তার কথা, রুশ কমিউনিন্টরা এই বিপদে মার্কস এক্সেলসের শরণ নিচ্ছেন না. শ্বরণ করছেন অষ্টাদশ শতাব্দীর ঘোর প্রতিক্রিয়াশীল সেনাপতি কাউন্ট স্থভোরোভকে। সম্রাজ্ঞী ক্যাথারিনের প্রিয়পাত্র। বিপ্লবী ফরাসী সৈক্তের বিরুদ্ধে লড়তে পাঠানো হয়েছিল বাকে ইটালীতে তিনিই কিনা হবেন বিপ্লবী রুশ সৈন্টোর পর্যস্থানী। করতে হবে তাঁরই পদান্ত অন্থসরণ। সাম্যবাদ নয়, জাতীয়তাবাদ্ধ এখন যুদ্ধের প্রেরণা।

কথন কোন্ তাসথানা থেলতে হয় স্টালিন সেটা জানেন। তাই জাতী-য়তাবাদের তাসথানা থেলছেন। কলে খদেশের বুর্জোয়াদের সহযোগিতা পাচ্ছেন। আর বিদেশী জাতীয়তাবাদীদেরও। রুশ জাতীয়তাবাদের সঙ্গে ব্রিটিশ জাতীয়তাবাদের মিতালি গতবারের মহাযুক্তেও বিভ্যমান ছিল। জাতীয়তাবাদী হিসাবেই রূশরা কম বিপক্ষনক, সাম্যবাদী হিসাবে বেশী।
নইলে চার্চিন্ন কেন সাহায্য পাঠাবেন ? ক্রিপ্স তো মস্কোতেই বসে আছেন।
ফালিনকে তিনিই সতর্ক করে দেন যে হিটলারের ফৌজ আক্রমণ করতে
উত্তত। ফালিন তো প্রথমটা বিশাসই করতে চাননি। পরে ইংরেজদের
সঙ্গে মৈত্রীর বন্ধনে আবদ্ধ হন। ওরা নাই বা হলো কমিউনিন্ট। ফাউন্ট তো শয়তানের সঙ্গেও হাত মিলিয়েছিলেন।

স্থানদা গ্যেটের 'ফাউন্টে'র মতো একথানা ক্লাসিক লিখতে ইচ্ছা করেছেন। তাঁর হাতে সেটা হয়তো নেবে উপন্যাসের রূপ। হবে শুধু যুগোপযোগী নয়, দেশোপযোগী। এর জন্মে তাঁকে খুব ভাবতে হচ্ছে। ছোটখাটো একটা গ্রুপের পত্তন করেছেন। মানস যদি মাঝে মাঝে কলকাতা গিয়ে গ্রুপের আন্তায় যোগ দেয় তো খুশি হবেন। ওঁর ওথানেই উঠবে।

স্বপনদা লিথেছেন, "যুদ্ধ তো ক্রমেই বিশ্বযুদ্ধের আকার ধারণ করছে হে! তুমি যেখানেই থাক না কেন, সেখানেই যুদ্ধক্ষেত্র। তোমাকে প্রত্যক্ষদর্শনের জন্মে দ্ব দেশে যেতে হবে না। জানো তো, আমি ফেটালিস্ট। কপালে যদি মরণ লেখা থাকে তো ঘরে বদেই মরব। পালিয়ে বাঁচব না। আর পালাবই বা কোথায়? ওদিক থেকে তেড়ে আসছে নাৎসীরা। রাশিয়ানরা যদি কথে না দাঁড়ায়, শহরকে শহর ছেড়ে দেয় তবে জার্মানরা ককেশাল পেরিয়ে ইরানে চুকবে। তার পর ভারতে। এদিকে যদি জাপানীরা এসে হানা দেয় তবে ইংরেজরা কেমন করে তুই দিক সামলাবে? ইতিমধ্যে বিশুর ব্রিটিশ সৈশ্য আমদানী হয়েছে, কিছ কাদের সক্ষে লড়তে এসেছে তারা? বিজোহী ভারতীয়দের সক্ষে নয় তো? যাক, আমি বাপু, এর মধ্যে নেই। কংগ্রেস নেতারা মুদ্ধে যোগ দিলেও আমি রণছোড়। ল্যাগুর যা বলেছেন আমিও তাই বলি, একটুখানি বদলে দিয়ে—

'I strove with none; for none was worth my strife.

Woman I loved and, next to Woman, Art.'

আজকের দিনে কিছুই নিশ্চিত নয়। জীবনও নয়, সম্পত্তিও নয়, সভ্যতাও নয়, সংস্কৃতিও নয়। নিশ্চিত বলতে সত্যি যদি কিছু থাকে তবে সেটা হলোধ্য। গীতা উপনিষদ, বাইবেল কোরান, বৌদ্ধ ও জৈন ধর্মগন্থ, পার্শীদের আবেন্তা। কিছু আমরা ধারা আর্টিন্ট বা ইনটেলেকচুন্নাল তাদের মন মেজাজ সংশয়বাদীর। তাই আমাদেরই এত মাথাবাধা। চাষী বা মজুর হলে বলতুম,

গোল্লায় যাক সভ্যতা, ধ্বংস হোক সংস্কৃতি, মা কালী তো থাকবেন, আর শিবলিন্ধ। এঁদের কি বিনাশ আছে ? না, এঁরা আদিম যুগ থেকে রয়েছেন, অন্তিম যুগ পর্যন্ত থাকবেন। তবে যুদ্ধ করতে করতে মাহ্য জাতিটাই যদি বিল্পু হয়ে যায় তবে এঁদেরও বিলোপ ঘটবে। ধর্ম এক্ষেত্রে অসহায়। মাহ্যম জাতির অন্তর্ধানে ধ্যেরও অন্তর্ধান।"

স্থানদা ও দীপিকা বৌদি স্থির করেছেন যে এই অনিশ্চয়তার মধ্যে একটি নিরীহ মানবশিশুকে এ জগতে আনবেন না। যুদ্ধ শেষ হলে পরে ওকথা ভাবা যাবে। এই সিদ্ধান্ত নিতে তাঁদের কম কট্ট হয়নি। কিন্তু আরো কট্ট হতো যদি সুদ্ধের বিভীষিকার মাঝখানে এত বড়ো একটা দায়িত্ব নিয়ে হিমশিম থেতেন।

च्रानांत िर्देत (गरात मिरक छिन जामन कथा। "जात शत (गान. খনে হেসোনা। আমরা যদিও টুলী খ্রীটের তিন দক্ষি তবু আমাদেরও একটা यानिक्ष्रको हारे। यार्कम अक्नम यथन क्रिकेनिक यानिक्ष्रको तहन। करतन তথন তাঁরা ক'জন ছিলেন ? দেদিনকার সেই ক্ষুদ্রতম বীজ আজ এক বিশাল বটবুক্ষ। মাঝখানে এক শতান্ধী ব্যবধান। আমাদেরও দিন আসবে। এ শতাব্দীতে নয়, একবিংশ শতাব্দীতে। অবশ্র মানবজাতি যদি আত্মঘাতী না হয়। আমরা যা ঘোষণা করতে চাই তা সংক্ষেপে এই যে, একজন মাহুষ কেবল বাঙালী নয়, সে ভারতীয়। সে কেবল ভারতীয় নয়, সে মানুষ। মাত্র্যহিসাবে সে সমগ্র মানবজাতির উত্তরাধিকারী। সমগ্র বিশ্ববিজ্ঞান, বিশ্ব দর্শন, বিশ্ব সাহিত্য, বিশ্বসংস্কৃতিই তার উত্তরাধিকার। তাকে তার এই উত্তরাধিকার স্বত্বে সংরক্ষণ করতে হবে। তার সঙ্গে নিজেরও কিছু যোগ করতে হবে। যোগফল দিয়ে যেতে হবে উত্তরপুরুষের হাতে। এটা প্রাচ্য ওটা পাশ্চাত্য এ গণনার দিন গেছে। এটা ভারতীয় ওটা অভারতীয় এ গণনাও অবান্তব। এখনকার গণনা হচ্ছে কোন্টা মানবিক, কোন্টা অতি-মানবিক, কোন্টা অমানবিক। আমরা মানবিকবাদী। বন্ধুরা ভার পূর্বে একটা বিশেষণ কুড়ে দিতে চান। উদার মানবিকবাদী। লিবারল হিউ-ষানিষ্ট। পার্থক্য স্থচনা করতে আর একটি গোটার দলে। তাঁরা র্যাডিকাল हिखेगानिक ।"

ৰ্থিকা জিজাস। করে, "টুলী ক্লিটের ডিন দলি মানে কী ?" মানস ছেনে বলে, "কোনো এক অখ্যাত শহরের অখ্যাত রাজার ডিনজন অখ্যাত দক্তি এক ইশতাহার জারি করেছিল। তাতে ছিল উই ছ পীপল অভ্ ইংলাাণ্ড।"

"কিন্ধ স্থপনদা তো অধ্যাত শহরের অধ্যাত রান্ধার অধ্যাত দক্তি নন। ওঁর নাম একালের বাঙালী পাঠকরা স্বাই জানে।" যুথিকা তাঁর পক্ষ নেয়।

রাত অনেক হয়েছে। মানস তার অভ্যাসমতো তার কুঠির চারিদিকে প্রশন্ত বারান্দায় পায়চারি করার পর বাইরের প্রশন্ত লনে মৃক্ত আকাশের তলে ডেক চেয়ারে গা এলিয়ে দিয়েছে। দৈনন্দিন কাজকর্ম চুকিয়ে দিয়ে এই সময়টায় সে উধর্ব ভাবনাচিস্তায় বিভোর হয়। খুব দেরি দেখলে যুথিকা তাকে ডাকতে আসে।

"ছাথ ছুঁই, অপনদা আর আমি এক পথের পথিক হলেও পুরোপুরি একমত নই। ঈশ্বর যদি না থাকেন, অমরত্ব যদি না থাকে তবে বাকী থাকে প্রকৃতি আর মানবজাতির পাথিব ভবিদ্যং। কিন্তু প্রকৃতির উপর মাম্ব কত্টুকু নির্ভর করতে পারে? ভূমিকম্প বা মহাপ্লাবন বা তুষারপ্রবাহ বা সৌরজগতের দূরবর্তী ঘটনা যে-কোনোদিন মাম্বকে নিশ্চিহ্ন করে দিতে পারে। তা ছাড়া এটাও তো সম্ভব যে পৃথিবী ক্রমে ক্রমে উষ্ণতা হারাবে। তথন প্রাণধারণ করাই কষ্টকর হবে। হিউমানিস্টরা ধরে নিয়েছেন যে প্রকৃতি চিরকাল প্রাণের অম্পূল থাকবে ও মানবজাতির বিকাশ সর্বতোম্থী হবে। এই ফুটি ধারণার উপর অপনদারা আর একটি ধারণা স্থাপন করতে স্থান। সেটা 'লিবারল' জীবনদর্শন। কারো সঙ্গে বন্দ্ব থাকবে না। না ধনিকদের সঙ্গে, না শ্রমিকদের দক্ষে। না জমিদারদের সঙ্গে, না চাষীদের সঙ্গে। হিংসা দ্রের কথা, অহিংসাও সংগ্রামের উপায় হবে না। আইনসঙ্গত উপায়ে যতদ্র হবার ততদ্র হবে। কী করে ওঁর সঙ্গে একমত হই, বলো ?" মানস চিন্তাৰিত।

"ঈশর আর অমরত্ব, এ ছটি কি আরো গোড়ার জিনিস ।" যুথিকা স্থায়।

"হাা, ছু'ই। সেই উপনিষদের যুগ থেকেই মাছ্য এ ছটিকে মূলগত প্রশ্ন বলে উত্তরের অন্বেষণ করে এসেছে। এই অনিশ্চিত বিশ্বে এই ছটি নিশ্চিতি যদি না থাকে তবে জীবন অর্থহীন।" মানস কাতরকঠে 'বলে।

বৃথিকা তার স্বামীর হাতে হাত রেখে মিটি ক্রে বলে, "তা তুমি রোক রাত্রে আকাশের তারাদের দিকে চেরে কিসের উত্তর খুঁজে পাবে, মানস ৫ একটি কবিতা মনে পড়ছে। শোন। ফ্রান্সিস টমসনের লেখা।" এই বলে সে ধীরে ধীরে আবৃত্তি করে -

O world invisible, we view thee,
O world intangible, we touch thee,
O world unknowable, we know thee,
Inapprehensible, we clutch thee,
Does the fish soar to find the ocean,
The eagle plunge to find the air—
That we ask of the stars in motion
If they have rumour of thee there?"

মানস নীরবে শুনে যায়। এটি তার নিজেরও একটি প্রিয় কবিতা। জানত না যুথিকার কণ্ঠস্থ।

"এইরকম একটি ভাব কবিরের দোঁহাতেও মেলে। 'পানীমে মীন পিয়াসী। চারদিকে জল, মাছ তবু জলের জন্মে তৃষিত। আমরা ঈশ্বরের দারা পরিবৃত্ত হয়ে বেঁচে আছি। তবু বিখাস হচ্ছে না যে তিনি আছেন ও তিনি আছেন বলেই আমরা আছি।" যুথিকা বলে যায়, "তোমার যা হয়েছে তার নাম বিশাসের সক্ষট। তুমি বিশাস হারিয়ে ফেলেছ।"

"আর অমরত ?" মানদ তার বিতীয় প্র#টার উত্তর ভনতে চায়।

"আত্মা অমর, দেহ অমর নয়। দেহও যদি অমর হতো দেহীদের ভার পৃথিবী বহন করতে পারত না। স্বৃত্যু বন্ধ হলে জন্মও বন্ধ হতো। জন্ম বন্ধ হলে নরনারীর মিলনও নিশ্পয়োজন হতো। নরনারী বলে হটি ভাগও থাকত না। আত্মার তো স্বীপৃক্ষ ভেদ নেই। দেহেরই আছে। দেহের অতিত্ব মেনে নিলে জন্ম স্বৃত্যুর ভারসাম্যও মেনে নিতে হয়। যতগুলি জন্ম ততগুলি স্বৃত্যু আছে বলে হঃথ নেই, হঃথ শুধু এই যে মায়ের কোল থালি করে নিরীহ নিশাপ শিশু অকালে চলে যায়। জানি সে অস্বতের সন্তান, তার আত্মা অমর। তুনু তার জন্মে প্রাক্তন। সেও কি মাকে ছেড়ে থাকতে পারে হু" যুথিকার স্বর ক্ষম হয়ে আসে।

"প্রকৃতির কোল থেকে যে গেছে ঈশরের কোলে সে আছে। এখানেও যে প্রেম দেখানেও সেই প্রেম। বিশাস করতে ইচ্ছা করে, কিন্তু বিশাসের কোর খুঁজে পাচ্ছিনে। বেশী রকম ইনটেলেকচুরাল হওয়ার এই পরিণাম।" আক্লেপ করে মানদ। "সারাজীবন আকাশের তারাদের দিকে চেয়ে চেয়ে রাড কাটালেও তৃমি
বিখাসের জার পাবে না। ওপার থেকে কেউ কোনোদিন ফিরে আসেনি,
আসবেও না, যাকে দেখে তোমার বিখাস হবে যে সে অমর। ইন্দ্রিয়গ্রাফ্
প্রমাণ কি সব ক্ষেত্রে সম্ভব? অন্তরে উপলব্ধি করতে হয়। আমার অন্তরের
উপলব্ধি আমাকে অভয় দিচ্ছে যে আমার দেহ চলে গেলেও আমার অন্তিত্ব চলে
যাবে না, আমার অন্তত্বই আমার অমরত্ব। দেহের সঙ্গে সঙ্গে পরিচয়ও যাবে,
আমাকেও কেউ চিনতে পারবে না, আমিও কাউকে চিনতে পারব না, তা
সত্বেও আমি থাকব। তোমার ভালোবাসা আমার কাছে পৌছবে। আমার
ভালোবাসা তোমার কছে। ভালোবাসাই মৃত্যুকে জয় করতে পারে। তাই
ভালোবাসার জল্যে মাহ্য অকাতরে প্রাণ বিসর্জন করতে পারে। দেশপ্রেমও
এর মধ্যে পড়ে।'' যুথিকা নিঃসংশয়।

রাতের বেলা মৃক্ত আকাশের তলে যে শাস্তি তেমন শাস্তি মানস আর কোথাও পায় না। তাই রোজ একবার শাস্তির সন্ধানে আসে।

"বাইবেলে পড়েছি ভগবান মাত্রুষকে নিজের আদলে বানিয়েছেন।" মানস बल, "किन्ध वान्तरव दिश्व मार्थे ज्ञानात्क ज्ञानात ज्ञानत वानितार । আর মানবন্থট্ট ভগবানের কাছে ইচ্ছাপূরণ প্রত্যাশা করেছে। হতাশ হলে ভাবচে ভগবানই নেই। ভগবান যদি থাকেন তবে এত অন্তায় কেন, এত অত্যাচার কেন ? এত হু:খ, এত ব্যর্থতা কেন ? কিন্তু ভগবান না থাকলেও এসব থাকত। প্রতিকারের জন্মে মাত্রুষ কার কাছে যেত ? যার কাছে যেত ভার চেহারা তো সর্বশক্তিমানের মতো নয়। তার হৃদয় তো সর্ব জনের প্রতি প্রেম ও করুণায় পরিপূর্ণ নয়। মাহুষের মধ্যে শ্রেষ্ঠ যারা তারা যদি শক্তিমান হয়ে থাকেন তো প্রেমময় বা করুণাময় নন। যদি প্রেমময় বা করুণাময় হয়ে থাকেন তো শক্তিমান নন। ব্যক্তিকে ছেড়ে যারা সমাজের দিকে তাকাছে তারা কি দেখতে পাচ্ছে এমন এক সমাজ যে একাধারে শক্তিমান ও শ্রেমময় বা করুণাময় ? কই, লোভিয়েট রাশিয়ার দিকে ভাকালে ভেমন লক্ষণ ভো দেখতে পাইনে। শক্তির দক্ষে জ্ঞান মিশ খেতে পারে, কিছ প্রেম বা করুণা কি মিশ খায়? ইভিহাসে এর একটি কি মুটি দৃষ্টান্ত আছে। একটি ভো আমাদের সমাট অশোক। হাজার বছরে হয়তো তেমন একজন ব্যক্তি জ্মাবেন। কিছ সমাজ বা সমষ্টি কি তাঁর অহুরূপ হবে ?"

''না বোধহয়। তবু সেই আদর্শের দিকেই অগ্রসর হবে।'' যৃথিকা:

মানসকে ভরসা দেয়। "ভাবীকালের মানবসমান্ত কেবল শক্তিমান ও জ্ঞানবান হবে না, প্রেমময় ও করুণাময়ও হবে। কিন্তু 'তা বলে ভগবানের স্থান নিডে পারবে না। ভগবান ভগবান। মাহ্য মাহ্য। পরমাত্মা পরমাত্মা। জীবাত্মা জীবাত্মা। পরমাত্মাকে বাদ দিয়ে জীবাত্মা নয়। আর স্থাইকে বাদ দিলে প্রাইই বা কাকে নিয়ে থাকবেন? তাই জীবাত্মাও অমর। কিন্তু জীবদেহ অমর নয়।"

"নেইখানেই তো তৃ:খ। যাকে ভালোবাসি তাকে হারাতে কে চার ? তবু হারাতেই হয়। আজ না হোক কাল, কাল না হোক পরে একদিন। নিজেকেও তো একদিন এই মর্ভভূমি থেকে বিদায় নিতে হবে। এর পরে কোথায় আবার গতি হবে কেউ জানে না, জানতে পায় না, যে যা খুশি কল্পনা করে। কেউ পরজার, কেউ পরলোক। কেউ নির্বাণ, কেউ মোক্ষ, কেউ ভক্তের সক্ষে ভগবানের যুগল মিলন।" মানস উদাস কঠে বলে যায়।

"আজ বাদে কাল কী হবে তাও মাহ্যকে জানতে দেওয়া হয়নি। ইহ-কালের পর কী গতি হবে বা ইহলোকের পর কোথায় গতি হবে সে তো আরো দ্রের কথা। এসব ভাবনা বুথা ভাবনা। এসব নিজে না ভেবে তাঁকেই ভাবতে দাও যিনি ভোমাকে ইহলোকে পাঠিয়েছেন। তুমি তো নিজের ইচ্ছায় জ্বনাওনি।" যুথিকা মানসকে শুতে নিয়ে যায়।

ঘরে পা দিয়ে মানস বলে, ''গৃহ থাকলে গৃহী থাকে, গৃহী থাকলে গৃহ থাকে। জগং থাকে বন্ধ থাকে, বন্ধ থাকলে জগং থাকে। বন্ধ সত্য জগং মায়া যেমন অসকত তেমনি অসকত জগং সত্য বন্ধ মায়া। আমরা ইনটেলেক-চুয়োলরা জগং সত্য মানি, বন্ধের বেলা সন্ধিহান। কেউ কেউ তো সোজাস্থজি নান্তিক। অপর পক্ষে মানবস্থাই ভগবান আর মানতে পারা যাছেই না। মাহুষের আদলে ভগবান নয়, মাহুষ যত বড়োই হোক। মাহুষের মাপে তাঁকে মাপা বায় না, সেটা রুখা।''

রায় বাহাত্বর মাঝে মাঝে আলাপ করতে আসেন। তিনিও তো একদা জন্ম ছিলেন, অবদর নিজেও আইন আদালত সম্বন্ধে খোঁল থবর রাখেন। হাইকোটের রিপোট তাঁর নিজ্য পাঠ্য। কিছু তাঁর অধিকাংশ সময় কেটে বায় শাস্তচায়। শাস্ত্র বলতে কেবল ছিন্দুদের নয়, বৌদ, জৈন, এটান, মুসলমান, পাশীদের শাস্ত্রও। সমান আদাও জিজ্ঞানা নিরে। মানস তাঁর সঙ্গে আলাপ করতে তাঁর বাড়ীতেও যায়। ধর্মের প্রসঙ্গে তাঁর বক্তব্য শোনে। নিজের সমস্যা শোনায়।

"দেখুন, মল্লিক সাহেব," রায় বাহাছর বলেন, "মাছ্য সাধনা করলে দেবভার ন্তরে পৌছতে পারে, বৃদ্ধ হতে পারে, গ্রিফ হতে পারে, কিছ ওই ছ্টি রহস্ত ভেদ করা ভার সাধ্যাভীত। মৃত্যুর পর কী হয় ভা দে মৃত্যুর ওপারে না গেলে জানতে পাবে না, এপার থেকে জানা অসম্ভব। মৃত্যু থেকে অমৃতে যাবার আকাজ্রা স্বাভাবিক। এইটুকু পৃথিবীর এইটুকু জীবনই যে একমাত্র জীবন ভা মেনে নিভে মন বিম্থ। একপ্রকার না একপ্রকার পরকাল একভাবে না আরেকভাবে ধর্মপ্রাণদের সকলেরই স্বীকৃত। ওপারে যে কিছুই নেই এটা এপার থেকে কেউ দেখবেই বা কী করে । আছে, এই প্রভায় মাছ্যকে ধর্মে মতি দেয়। এটা আপনি নিশ্চয়ই লক্ষ করেছেন যে হিন্দু ম্ললমান শিথ প্রীস্টান কেউ কারো চেয়ে কম ধর্মপ্রাণ নয়। যে যার পথে চলে পরকালের পাথের সংগ্রহ করছে। যে পাথের তার চাইই।"

"কিন্ধ যেথানে যাবার জন্মে পাথের সংগ্রহ দে যদি শৃত্য হয়ে থাকে তবে তো পাথের সংগ্রহ বুথা। যা আমাকে অমৃত করবে না তা নিয়ে আমি কী করব ? মৈত্রেয়ীর মতো এই প্রশ্ন আমারও প্রশ্ন।" মানসকে এ ভাবনা জর্জর করে।

"এখানে অমৃত হচ্ছে এমন এক উপলব্ধি যার পরে আর কোনো উপলব্ধির প্রয়োজন থাকে না। বলা যেতে পারে পূর্ণছের উপলব্ধি। এই জীবনেই সেটা সম্ভব। সম্ভদের জীবনে সে রকম ঘটে বলে শুনেছি। কিন্তু সবাই তো আর সম্ভ নয়, হতেও পারে না। সাধারণ মাছ্য আমরা, আমাদের কর্তব্য দিব্য জীবনের দিকে এক পা এগিয়ে থাকা। কালক্রমে মাছ্য জাতটাই দেবতার ছরের উন্নীত হবে, যেমন হয়েছে পশুপাধীর থেকে মাছ্যবের ছয়ে। তার জক্তে হয়তো হাজার হাজার বছর লাগবে। লাখ লাখ বছরও লাগতে পারে। বিবর্জনের ইতিহাসে লাখ লাখ বছরও তো খুব বেশী সময় নয়। আসল কথাটা হলো মানবজাতির লক্ষ্য কী। সব মাছ্যবই যদি একই সলে নির্বাণ লাভ করে তা হলে মানবজাতি বলে কারো অভিন্ত থাকবে না। আরু সবাই যদি শেষ-বিচারের দিন স্বর্গে বা মরকে যায় ভা হলেও মানবজাতির জভিত্রলোপ। সমগ্র মানবজাতির দিক থেকে বন্ধি ভাবি ভবে ক্রমবিকাশের পথে এগোডে এগোডে দেবজাতিরে পরিণত হওয়াই লক্ষ্য। পশু থেকে মাছ্যব বন্ধি মন্তব্য হয়ে থাকে

তবে মান্ত্র থেকে দেবতাও সম্ভব নয় কেন ? ততদিন আমরা অপেক্ষা করতে পারব না, এই যা তঃথ।" রায় বাহাতর হাসেন।

"কিন্তু আপনার সেই দেবজাতিও মরণশীল।" মানস ভোলে না। "আর বিবর্তন সেইখানেও থামবে না। তার পরেও থাকবে উচ্চতর তর। দেবতার চেয়েও উচ্চ। কিন্তু তা সত্ত্বেও মৃত্যুর অধীন। পরমায়ু দীর্ঘায়িত করেও একদিন বিদায় নিতে হবে। দেবতা বলে যম ছাড় দেবে না। স্বর্গের দেবতা তো নয়। মর্ত্যের দেবতা।"

শ্রী অরবিন্দ যে অতিমানবের স্বপ্ন দেখেছেন সেই অতিমানবকেও তার সাধের ভূলোক ত্যাগ করতে হবে। ভূলোক চিরদিনই মর্ত্যলোক। তা সংস্থেও সোধনার মূল্য আছে। তাতে মাহ্যবের উচ্চতা বেড়ে যায়। ব্যক্তির বেলা তো নিশ্চয়ই। জাতির বেলাও কি না যথাকালে এইব্য।'' রায় বাহাত্বর বিধাষিত।

"ব্যক্তি নিয়েই তো জাতি। জাতির উচ্চতাও বাড়বে ক্রমে ক্রমে। হয়তো কয়েক শতান্দী লাগবে। কিন্তু দেহত্যাগ করার সঙ্গে সঙ্গেই অতি-মানবত্ব শেষ। তার পরে আর বিকাশ নেই, বৃদ্ধি নেই। তথনো সেই প্রশ্নই উঠবে, যা আমাকে অমৃত করবে না তা নিয়ে আমি কী করব?" মানস ভোলে না। নিশ্চিতি চায়।

''ওই যে বলেছি। অম্বৃত্ত মানে পূর্ণতার উপলব্ধি। কতক মাহ্নয়ের বেলা এটা সত্য হয়েছে, অনেক মাহ্নয়ের বেলাও সত্য হবে, এই লাইনে যদি প্রগতি হয় তো অধিকাংশ মাহ্নয়ের বেলাও সত্য হবে। সব মাহ্নয়ের বেলাই বা নয় কেন? যদিও সাধারণ লোকের তাতে আগ্রহ আছে মনে হয় না। ওরা চায় এপারের স্থখাচ্ছল্যকে ওপারে টেনে নিয়ে যেতে। ওদের কামনা ম্বর্গ। ওদের ভীতি নরক। ধর্মও ওদের সেই শিক্ষা দিচ্ছে। উচ্চকোটির লাধকরা অবশ্র ফর্মনারকের চেয়ে আরো উচ্চ লোক আকাজ্র্যা করেন। এপারে না হোক ওপারে তাঁরাই উচ্চতায় উপনীত হন। তাঁদের লক্ষ্য পরমান্মার লক্ষে সাম্বৃত্তা। পরমান্মা সম্বৃদ্ধে বারা নীয়ব তাঁরা সর্ববিধ বাসনা কামনার নির্বাণকেই পরমান্মার সঙ্গে সাম্বৃত্তার সমান মৃল্য দেন। ইতি ইতি করে সাধক যেখানে পেঁছিন নেতি নেতি করেও সেইখানে পেঁছতে পারেন। উপনিষদের 'পূর্ণ' আর বৌদ্ধশান্তের 'শৃক্ত' একই সত্য বলে মনে হয়। তা নইলে বৌদ্ধর্ম ঈশ্রেরাদী না হয়েও এত মহান হতো না। ধর্মমাত্রই ঈশ্রেরাদী

নয়। আবার সোজাস্থজি নিরীশ্বরবাদীও নয়। ঈশ্বরকে বাদ দেওয়া মানে ঈশ্বরকে অধীকার করা নয়। অস্বীকার যারা করেছে ভারা কোনোরকম ধর্ম প্রতিষ্ঠা করে যেতে পারেনি। একালের মার্কস্বাদীরাও পারবে না।" রাফ বাহাত্র রায় দেন।

হঠাৎ মার্কদের নাম শুনে চমকে ওঠে মানস। বলে, ''মার্কসও ভো একজন প্রোফেট। ইতিমধ্যেই তাঁর প্রোফেসী ফলে গেছে ছনিয়ার স্থর্হৎ একটি ভূখণ্ডে। ঈথরকে বাদ দিয়েও যদি ধর্ম হয় তবে মার্কসবাদও একপ্রকার ধর্ম। বৌদ্ধনের ধেমন বৃদ্ধং শরণং গচ্ছামি ধর্মং শরণং গচ্ছামি সক্তমং শরণং গচ্ছামি মার্কসবাদীদেরও তেমনি মার্কসং শরণং গচ্ছামি মার্কসবাদং শরণং গচ্ছামি পার্টিং শরণং গচ্ছামি। সর্বহারার প্রতি তাায়ধর্মই ওদের ধর্ম। ঈশারকে যদি একজন ব্যক্তি বলে না ভাবি, একটি স্পিরিট বলে ভাবি, তবে সে স্পিরিট মার্কস, লেনিন প্রম্থ প্রোফেটদের মাধ্যমেও কাজ করছে। তাঁদের পশ্চাতে যে প্রেরণা সে প্রেরণাও স্পিরিচ্যাল। তা না হলে কোটি কোটি লোক প্রাণ দিতে ছুটে যায় কেন ? তা কি শুরু থেতে পরতে পাবার জত্যে ? ঈশারকে যদি একটি নৈর্ব্যক্তিক বিধান বলে ভাবি তবে সে বিধান সামাজিক ত্যায়ের পশ্চাতেও ধর্মের বিশ্বব্যাপী প্রসারের মূলেও সেই নৈতিক বিধান। কিন্তু কালক্রমে তাঁদের অন্ত্রামীদের মধ্যেও সামাজিক অ্যায় এসে পডেছে। তাই পরম প্রীস্টভক্ত কশ্প দেশের জনগণও প্রীন্টকে ছেড়ে মার্কসকে ধরেছে।''

"Man does not live by bread alone. সমাজব্যবন্ধা নিশুঁত হলেও
মাহ্মৰ তাই নিয়ে পরিতৃপ্ত হবে না। এই দেখছেন না আমার কিসের অভাব ?
কেন তবে আমি ক্ষ্মিত ও ত্যিতের মতো ধর্মশাস্ত্র মন্থন করে সার সত্য গ্রাস
করি । কারণ আমি অফুভব করি যে এই বিশ্বপ্রপঞ্চ আগনাতে আপনি সম্পূর্ণ
নয়। এর আড়ালে আছেন একজন বার নাম নিয়ে রূপ নিয়ে হাজারও মতভেদ,
কিন্তু বার অন্তিত্ব আমার অন্তিত্বের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। তুই অন্তিত্বই
একই অন্তিত্বের ভিতর বাহির। জীবনের সার্থকতা ধনসম্পদে বা পরাক্রমে বা
জ্ঞানবৃদ্ধিতে নয়, ভগবানকে ও তার স্পষ্টকৈ আপনার করে। কবির কথার,
দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা। আমার ব্যক্তিগত সাধনাও এই বৃগল
প্রেমের সাধনা। এই সাধনায় এ জন্মে বদি এগিছে থাকি তবে পরজন্মের কথা
পরজন্মে হবে।" রায় বাহাত্র শেষ করেন।

॥ ह्य ॥

আরেক দিন কথাপ্রসঙ্গে রায় বাহাত্র মানসকে একটা চমক দেন।
বলেন, "এই যে যুদ্ধ এটাও লীলাময়ের লীলা। যুদ্ধক্ষেত্র তাঁর লীলাভূমি।
বুন্দাবনেও যিনি কুরুক্ষেত্রেও তিনি। শ্রামের বাঁশি শুনে যারা রাসলীলায়
মেতেছিল তারাই মেতেছে রক্তরাঙা হোলিথেলায়। তাদের কাছে 'মরণ রে,
তৃহুঁ মম শ্রাম সমান ' মল্লিক সাহেব, মরণেরও একটা আনন্দ আছে।
প্রেমিকের সঙ্গে মিলনের আনন্দ। তা নইলে পতক্ষেরা কেন স্বেচ্ছায় আগুনে

ঝাঁপ দেয় ? সেই আগুনই তাদের কাছে শ্রাম সমান। পারেন কি আপনি পতক্ষদের নিবৃত্ত করতে ? গোপীদের নিবৃত্ত করতে ? তা হলে পারবেন কেন

সৈনিকদের নিবৃত্ত করতে ?"

মানদ বলে, "এমন আজব কথা কথনো আমি ভনিনি। যিনি বুন্দাবনের ক্বফ ভিনি কুরুক্ষেত্রের ক্বফ কি না এ বিষয়ে পণ্ডিতদের মধ্যে বিমত আছে। সেটা না হয় মেনে নেওয়া গেল। কিন্তু কুরুক্ষেত্র কেমন করে বুন্দাবনের মতো লীলাভূমি হতে পারে ? সৈনিকরা কেমন করে গোপী হতে পারে ? মরণমারণ কেমন করে হোলিথেলা হতে পারে ? শ্মশান কেমন করে কুঞ্চবন হতে পারে 🔊 "যেথানেই তিনি দেথানেই তাঁর লীলা, দেখানেই তাঁর লীলাসহচর সহচরী। যুদ্ধক্ষেত্রই বা ব্যতিক্রম হবে কেন? আপনাকে আরো গভীরে প্রবেশ করতে হবে, মিস্টার মল্লিক। আমি যুদ্ধবিগ্রহের পক্ষপাতী নই, সান্ত্রিক মানুষ। কিন্তু কিদের আকধণে পতক্ষের মতো শত সহল্র লোক লড়াই করতে ছুটে যাচ্ছে প্রাণের মায়া না রেখে। তা জার্যানরাই হোক আর রাশিয়ানরাই হোক আর ইংরেশ্বরাই হোক আর ভারতীয়রাই হোক। আপনাদের ওই রাজনৈতিক য়া অর্থনৈতিক ব্যাখ্যাই সব কথা নয়। মতবাদভিত্তিক ব্যাখ্যাতেও মন মানে না। খুঁজতে হবে আধ্যাত্মিক ব্যাখ্যা। গীতা পড়ে আমি এর একটা মানে পাই। কিছু গীতার সঙ্গে ভাগবতকেও মিলিয়ে পড়ি। কুরুক্তেত আর বুরুবন একই লীলামমের ত্ই লীলাভূমি।" রায় বাহাতর তাঁর এই ধারণায় অটল ৷

"কিন্তু, রায় বাহাত্র," মানস নিবেদন করে, "সেক্তালে সৈনিকরাই কেবল যুদ্ধে যেত। যুদ্ধক্ষেত্র বলে একটা স্থানও নিদিষ্ট থাকত। এখন তো যে-কোনো মাহুষের উপর যে কোনো জায়গায় বোমা বর্ষণ হতে পারে। মরবার আগে দে বলতেও সময় পাবে না যে, 'মরণ রে তুরু' মম খ্রামসমান'। সেকালে উভয়পক্ষের হাতে অন্ত্র থাকত। একালে আপনার বা আমার হাতে অন্ত নেই, তবু অত্তিতে আমরাও আক্রান্ত হতে পারি। লীলাময়ের এ কেমনতরো লীলা গীতায় বা ভাগবতে বা অক্ত কোনো শাস্ত্রে এর ব্যাখ্যা খুঁজে পাওয়া যাবে না। অর্জুনের হাতে অস্ত্র ছিল, কাজেই তাঁকে বলতে পারা যেত, হে অর্জুন, যুদ্ধ করো। নিমিত্তমাত্রো ভব সব্যসাচী। কিন্তু যাদের হাতে অন্ত নেই, যারা যান্ধা নয়, সাধারণ নাগরিক, তাদের প্রতি সে রকম অমুজ্ঞা কি পরিহাস নয় ? যুদ্ধক্ষেত্রে যেতে আমিও একপ্রকার ব্যাকুলতা অহভব করি। মরণের সঙ্গে মিলনের জন্মে নয়, অন্যায়ের প্রতিরোধের জন্মে। অশুভ শক্তির সঙ্গে শুভ শব্দির বিরোধ আদিকাল থেকে চলে আসছে। প্রাচীনেরা তাকে বলতেন দেবাফরের বন্দ। ফাদিস্টরাই আজকের দিনে অশুভ শক্তির প্রতিরূপ। ভারতের উপরেও যে ওদের নজর নেই তা নয় । রাশিয়া যদি হেরে যায় ওরা স্থলপথে ভারতে এসে হাজির হবে। তথন তো লড়তেই হবে। না আবার আমরা পরাধীনতা বরণ করব ? লীলাময়ের লীলা বলে নিশ্চিম্ভ থাকা যায় না, রায় বাহাতুর। আমি গভীরভাবে চিস্তিত।"

"আপনি অকারণে চিস্তা করছেন, মিস্টার মন্ত্রিক।" রায় বাহাত্র আখাস দেন। "ইংরেজ এখনো শক্তিমান। তাকে হারাতে পারে এমন শক্তি কার আছে ।"

প্রসঙ্গটা রাজনীতির দিকে মোড় নেয়। মানস বলে, "যুদ্ধকালে সবকিছুই তো অনিশ্চিত। ইংরেজ যে হারবে না এ বিষয়ে নিশ্চিত হওয়া যায় কী করে ? সেদিন ডানকার্কে ইংরেজের কী দশা দেখা গেল ?''

''ওটা পরাজয় নয়, পশ্চাদ্ অপসরণ। যুদ্ধকালে অমন কতবার হয়, কতবার হবে। পুলিশ সাহেব রবিন্স সেদিন আমাকে বলছিলেন, ''আমরা প্রতিটি যুদ্ধে হারব, কিন্তু শেষ যুদ্ধে জিতব। অলস্ ওয়েল ছাট এগু স্ব ওয়েল।" এই হলো ওদের জাতীয় দর্শন। রবাট ব্রুসও তো বার বার লড়েছিলেন, বার বার হেরেছিলেন, আথেরে জিডেছিলেন। ওটা স্কচদেরও জাতীয় দর্শন। বিটিশ

বলতে স্কচও বোঝায়। আপিনি নিশ্চিত বলে ধরে নিতে পারেন যে ওর) অবশেষে জয়ী হবে।'' রায় বাহাতুর নিঃসংশয়।

''স্কটল্যাণ্ডের লোকদের স্কচ বললে ওরা অপমান বোধ করে, রাফ্র বাহাছর।'' মানস ভধরে দিয়ে বলে, ''স্কচ নয়, স্কট্স।'' যেমন আসামী নয়, অসমীয়া। উড়ে নয়, ওড়িয়া।''

'ও: তাই নাকি ?'' রায় বাহাত্বর জিব কেটে বলেন, 'ভা হলে ভো ম্যাকৃষ্ণারসনকে আমি না জেনে অপমান করেজিলুম। ঢাকায় যথন উনি জেলা ব্দুজ তথন আমি সাব-জ্জ। অমন অমায়িক ভদ্রলোক আমি দেখিনি। হিন্দু আইন নিয়ে থটকা বাধলে আমার চেম্বারে ছুটে আদতেন। জুডিদিয়াল সেক্রেটারি হয়েই আমাকে ডেকে পাঠান। বলেন, আমার অধীনে আাদিস্ট্যান্ট সেক্রেটারি হতে আপনার আপত্তি আছে? শুরুন কথা। স্থাড়াকে বলছেন, ক্যাড়া, পরমান্ন থাবি ? ক্যাড়া বলছে, **আঁচাব কোথায় ? সাহেবের আগ্রহ** দেখে আমি দর হাঁকি, আমার নিচে যাঁদের স্থান তাঁরা প্রমোশন পেয়ে অ্যাডিশনাল ডিসট্রিকট জব্দ হবেন, আর আমিই কিনা সময়ে স্থযোগ পাব না। একেই কি বলে ব্রিটিশ জাস্টিন ? সাহেব মূচকি হেসে বলেন, আমি থাকতে আপনাকে স্থপারসীড করে কার সাধ্যি। এর মানে তথন ব্রতে পারিনি, মিন্টার মল্লিক। ম্যাকৃফারসন কিছুদিন বাদে হাইকোর্টের জল্প হয়ে যান। তথন আমি গিয়ে অভিনন্দন জানাই। তথন কী বলেন, শুনবেন ? বলেন, আপনার জন্মে আমি যা করার করেছি। ওয়েট আও সী। সত্যি, অমন ভালো মাহ্র আর দেখা যায় না। আাডিশনাল না হয়ে সরাসরি ডিস্ট্রিকট জজ। বছর না ঘুরতেই রায় বাহাতুর। সাহেবই প্রথম অভিনন্দন জানান। লেখেন, হিন্দু আইন তো আমি আপনার সৌজন্তেই শিথেছি। শুহুন কথা। আমি নিজে কভটুকু বা জানি! হিন্দু আইন যে অনস্ত পারাবার।" রায় বাহাছর থামেন।

''আমাকেও দেখছি আপনার কাছে পাঠ নিতে হবে, রায় বাহাত্র। যদি আপনার অবসর বাকে।'' মানস সবিনয়ে বলে।

"ঢালা নিমন্ত্রণ রইল। যথন খুশি শুভাগমন করবেন। তবে আইনচর্চায় আজকাল আমার মন নেই। এখন আমার ইহলোকের পাট গুটিয়ে নেবার সময়। যেদিন ডাক আসবে সেদিন যেন বকেয়া পাট কিছু নাথাকে। দারাস্থত কেউ আমার সঙ্গে যাবে না। স্বপ্লের মডো মিলিয়ে যাবে এই সংসার। মনে হবে এতক্ষণ যেন একটা স্বপ্ন দেখছিলুম। মা বলতেন এটা মায়ার সংসার। কেউ কারো নয়। সেই কথাই মনে পড়ছে আজকাল। মা অনেকদিন আগে চলে গেছেন। কোথায় আছেন জানিনে। কে জানে হয়তো পরলোকে আবার তাঁর সক্ষে দেখা হবে। কিংবা পরজন্ম আবার তাঁর কোলে জ্মাব। ব্রতে পারছি এটাও একপ্রকার মায়ার বন্ধন। কে কার মা, কে কার ছেলে! শঙ্করাচার্য বলে গেছেন কা তব কাস্তা কম্পে প্রঃ। আগে তাঁকে মায়াবাদী বলে আমল দিইনি। এখন মনে হচ্ছে তিনি সেটা উপলব্ধি করেছিলেন। আমিও একটু একটু কবে উপলব্ধি করছি।" রায় বাহাত্ব বিমনা বন।

মানস নীরব হয়ে ভাবে। তার পরে বলে, "আপনি আমি থাকি না থাকি মানব জাতি থাকবেই। মানবজাতি থাক না থাক প্রাণীলোক থাকবেই। প্রাণীলোক থাক না থাক নক্ষত্রলোক থাকবেই। নক্ষত্রলোক থাক না থাক স্পেদ টাইম থাকবেই। স্পেদ টাইম যদি খাকে বিবর্তন বন্ধ থাকবে না। জড থেকে আবার বিবর্তিত হবে জীব, জীব থেকে মাত্র্য বা মাত্র্যের মতো বা মাহুষের চেয়ে শ্রেষ্ঠ কোনো সতা। এইপর্যন্ত আমি বুঝি। এইপর্যন্ত আমি নিশ্চিত। কিন্তু মৃত্যুর পরে যদি স্পেদ টাইমের বাইরে চলে ঘাই তা হলে আমি আনে থাকব কি না, থাকলে আবার স্পেদ টাইমের ভিতরে ফিরে আসব কি ন। এর উত্তর আমি জানিনে। এক্ষেত্রে যুক্তির নয়, বিশ্বাদের আশ্রম নিতে হয়। আর সে বিখাসও ভিত্তিহীন নয়। ইনটুইশনের উপর প্রতিষ্ঠিত। আমার ইনটুইশন আমাকে বলছে যে আমি স্পেদ টাইমের ভিতরেও যেমন আছি বাইরেও তেমনি আছি। আছি এই মুহুর্তেই। থাকব পরের মুহুর্তেও। মাঝখানে ছেদ পড়বে না, পড়তে পারে না। মুত্যুও ছেদ ঘটাবে না, ঘটাতে পারে না। কিন্তু মৃত্যুর পরে কী, কোথায়, কোন রূপে. কোন নামে, কোন লোকে এসব প্রশ্নের উত্তর এখনো পাইনি, যারা পেয়েছেন ও লিপিবদ্ধ করে গেছেন তাঁদের কথার উপর নির্ভর করতে হচ্ছে। তাঁরাই যে শেষ কথা বলে গেছেন তা নয়। সামনে রয়েছে আরো শত শত বৎসর, শহল্ৰ সহল্ৰ ৰংসর। মাহুষ জাতটাই যদি আত্মঘাতী না হয় তবে আরো কত মূনি ঋষি সাধু সম্ভ বুদ্ধ জিন প্রোফেট জন্মাবেন। তাঁদের বাণীও লিপিবদ্ধ হয়ে মান্তবের এইসব প্রশ্নের উত্তর জোগাবে।"

"কিছ আমার সামনে তো শত শত বংসর নেই, সহল্র সহল্র বংসর তো

मृत्त्रत्र कथा। वर्ष्ण रकात मन वहत्र। मासूरवत्र शत्रमायूत वाहेरवल निर्मिष्टे শীমা। অনাগতদের অজানা উত্তর শোনার বা পড়ার দৌভাগ্য আমার হবে না। সামনের পাঁচ দশ বছরে নতুন আর কী শুনব বাপড়ব! আপনারা মানবিকবাদী, মাসুষের কাছে আপনাদের অফুরস্ত প্রত্যাশা। বিজ্ঞানের দিক থেকে, রাজনীতির দিক খেকে, অর্থনীতির দিক থেকে, সমাজনীতির দিক থেকে সে প্রত্যাশা সভিত্তি অপরিসীম। কিন্তু আধ্যাত্মিকতার দিক থেকে মাহুষ আর একটি পা-ও এগোতে পারবে বলে মনে হয় না। পরবভীকালে যেসব মহাপুরুষ জন্মাবেন তাঁরা পূর্বতীদের উত্তরবর্তী। পূর্বতনের যে অংশটা পুরাতন সেটাকে তাঁরা নতুন রূপ দেবেন, কিন্তু যে অংশটা চির্ল্ভন বা সনাতন সেটার হেরফের কী করে সম্ভব ? ইটারনাল ভেরিটি তিন হাজার বছর আগে যেমন ইটারনাল ছিল আজও ডেমনি ইটারনাল, তিন হাঞার বছর পরেও তেমনি हें हो इनान थोकरत । मुख्य बाद बहिश्मा, त्थ्रिय बाद त्मीन्तर्य, क्रमा बाद कक्रणा, মোহ আর নির্বাণ, শৈলশিথরে যীশুক্থিত beatitude, এসব হলো চিরস্তন-বা চিরনৃতন। পরে যারাই আদবেন তাঁরাই এইদব কথা বলবেন। নতুন-করে বলবেন। আধ্যত্মিকভার ক্ষেত্রে সত্যিকার নৃতনত্ব আমি প্রত্যাশা করিনে, মিস্টার মল্লিক, তবে চিরস্তনত্ব নব নব উল্লেখ লাভ করতে পারে। 'রায় বাহাত্বর বিশ্বাস করেন।

পুরাতন আর নৃতন ছাড়া আরো একটি 'তন' আছে। চিরস্তন। মানসও এটা জানত ও মানত। তাই তর্ক করে না। শুধু যোগ করে, নৈতিকতার দিক থেকে প্রগতির প্রয়োজন আছে, রায় বাহাত্র। দামাজিক ন্যায় রুশদেশে বিপ্লব ডেকে এনেছে। বিপ্লবের ভয়ে জার্মানরা যুদ্ধ বাধিয়ে বসেছে। গত শতান্দীতে আমেরিকার গৃহযুদ্ধ ক্রীতদাসদের প্রতি দামাজিক ন্যায়ের প্রয়োজনেই হয়েছিল। ভারতের ঘয়েও দামাজিক অন্যায় প্রতিকারের জন্মে কাঁদছে। একদিন গৃহযুদ্ধের রূপ নিতে পারে। আমি কি নিশ্চিন্ত হয়ে অধ্যাত্মচর্চা করতে পারি? স্থবের বিষয় মহাত্মা গান্ধী এ বিষয়ে সজাগ ও সক্রিয়। নিছক রাজনৈতিক মৃক্তি তাঁর অধিষ্ট নয়।''

"একথা মানতেই হবে যে আমর। হিন্দুরা আধ্যাত্মিকতাকে যত উচ্চে স্থান দিয়েছি নৈতিকতাকে তত উচ্চে নয়। মহাত্মা গান্ধীকে সেইজতোই আমি বৃদ্ধ ও থীতার সঙ্গে তুলনা করি। কিন্তু সমাজের বাইরে সঙ্গে বাচার্চ গঠন করা। এক জিনিস আর সমাজব্যবহাকে ভাষসকত রূপ দেওয়া আরেক জিনিস। যাদের হাতে শস্ত্র, যাদের হাতে শাস্ত্র আর যাদের হাতে উৎপাদনের উপায় তারাই দেশে দেশে যুগে যুগে সমাজের ব্যবস্থাপনা করেছে। নীতি বিদ্দের কথায় কান দেয়নি। তাঁরা তাঁদের মঠবাড়ীতে বসে জপতপ করেছেন ও তাঁদের গৃহী শিশুদের দৃষ্টি ইহলোকের থেকে পরলোকের দিকে ফিরিয়ে দিয়েছন, আর ইহকালের থেকে পরকালের দিকে। কার্ল মার্কস এসে ভরসা দেন যে স্থায়ের প্রতিষ্ঠা এই জগতেই ও এই জন্মেই সম্ভব। কিন্তু তাঁর শিশুরাও দেখছি শস্ত্রবত ও শাস্ত্রবত, ক্ষত্রিয় আর বাহ্মণ। তফাতের মধ্যে এই যে তাঁদের সমাজে বৈশ্য নেই, উৎপাদনের উপায় বৈশুদের হাতে নেই। বাহ্মণ ক্ষত্রিয় যদি অন্থ নামে থেকে যান তবে শ্ব্রদের মাথায় কাঁঠাল ভেঙে থাবেন।'' রায় বাহাত্র সন্দেহ করেন।

"কিন্তু গান্ধীজী তো শস্ত্র বা শাস্ত্রের উপর নির্ভর করছেন না। সজ্য গঠনেও তাঁর অনিচ্ছা। গান্ধী সেবাসজ্য নিজের হাতেই একরকম ভেঙে দিয়েছেন। কংগ্রেসকেও তিনি স্বাধীনতা অর্জনের বাহন হিসাবে দেখেছেন, সামাজিক ন্থায় সংস্থাপনের বাহন হিসাবে নয়। তা হলে তাঁর শক্ত ঘাঁটি কোথায় ৪ ওই সেবাগ্রামের আশ্রম ৪ মানস ভেবে পায় না।

রায় বাহাত্র এর উত্তরে বলেন, ''কেন? বিড়লা আর বাজাজ? ভারতের শ্রেণ্টা সম্প্রদায়? এঁরা স্বোপজিত ধনের ট্রান্টা হবেন। তা হলে রাশিয়ার মতো এঁদের নিকেশ করতে হবে না। দেখুন, মিন্টার মল্লিক, গান্ধীজীর মতবাদ যত মহৎ হোক না কেন তিনি ডাইনীর হাতে তাঁর শিশুকে সঁপে দিয়ে যাচ্ছেন। ধনিকরা কথনো ট্রান্টা হতে পারে না। দেবোত্তর, ব্রহ্মাত্তর, প্রারাক্ষ সব কিছুই আমি দেখেছি। সেসবও তো ট্রান্টাদের হাতে সঁপে দেওয়া সম্পত্তি। যে যার নিজের বংশের কোলে বোল টানে। আদালত না থাকলে কারো কাছে জবাবদিহির দায় থাকত না। গান্ধীজী তো আবার আদালত পছন্দ করেন না, পুলিশ পছন্দ করেন না, জেল পছন্দ করেন না। শুধুমাত্র ব্যক্তির মহত্তের উপর ছেড়ে দেওয়া ও মাঝে মাঝে তার শোষণের বিক্লমে সত্যাগ্রহ করা এভাবে কি নতুন ব্যবস্থা গড়ে উঠতে পারে? রাশিয়ায় দেখছি নিউ সোশিয়াল অর্ডার হয়েছে, কিছ সেটা নিউ মরাল অর্ডার নয়। নিউ মরাল অর্ডার না হলে ওর নৈতিক ভিত্তি তুর্বল। স্বাধীনতার পরে আমাদের নেতারাও যেটা গড়বেন সেটা যদি ধনিকদের মহত্ত্বনির্ভর হয় তো সেটাকেও আমি মরাল অন্ডার বলতে পারব না। ব্রিটশ সরকারও তো দাবী করেন

যে তাঁরা ভারতীয় প্রজাদের ট্রাস্টা। তাঁদের সেই হাতীর খোরাক জোগাতে গিয়ে ভারতের জনগণ নিংম। আর সেটার প্রতিকার করতেই তো গান্ধীজীর অভিযান। বিদেশী ট্রাস্টারা থাকবে না, কিন্তু স্বদেশী ট্রাস্টারাতো থাকবেন। তাঁরা থাকতে সেটা নিউ সোশিয়াল অভার হতে পারে কি পু মহাত্মার কাছে এই হবে আমার প্রশ্ন। না, এই মৃহুর্তে নয়। ম্বরাজের পরে। যদি ম্বরাজের পর তিনি ও আমি বেঁচে থাকি।" রায় বাহাত্বর অভটা নিশ্চিত নন।

''থাকবেন, থাকবেন, বেঁচে থাকবেন।'' মানদ আশাদ দেয়। সে বিলেত থেকে দত্তবিশ্বাদের চিঠি পেয়ে জানতে পেরেছে চার্চিলের মন্ত্রীমগুলীর কয়েকজ্ঞন বিশিষ্ট দদশ্য এথন ভারতের স্বায়ত্তশাদনের জন্মে তাঁর উপর চাপ দিচ্ছেন। বাশিয়ার জন্মে লডতে হলে ভারতের দঙ্গে মিটমাট শ্রেয়। নইলে ভারতীয় জ্ঞাতীয়তাবাদীদের দঙ্গেও লডতে হবে। তার মানে আরো একটা ফ্রন্টে।

বিলেত থেকে চিঠিপত্র আদা বন্ধ হয়ে যায়নি, বিলম্বিত হয়েছে।
দত্তবিশ্বাস কালে ভজে লেথে। লেথে মানসকে। আর মিলিও যে সম্পূর্ণ নীবব তা নয়। যুথিকাকে নিজের ঘবসংসাবের থবব জানায় ও তার ছেলে-মেয়ের কুশল জানতে চায়।

দত্তবিশ্বাস আজকাল ভারত থেকে বইয়ের অর্ডার পায় না বলে দোকানট।
বিক্রী করে দিয়েছে। যুদ্ধের মরস্থমে ব্রিটিশ ব্রডকান্তিং করপোরেশনে এক্টা
গণ্যমান্ত পদ ভবিরের জোরে জোগাড করে নিয়েছে। পোশাক তো তার
বরাবরই নিশুঁত ছিল, চোদ্দ বছর বিলেতে বাস করে সে তার ইংরেজী
উচ্চারণটাকেও সাহেবদের মতো করেছে। বি বি সি. ওটার উপরেই বেশী
শুরুত্ব আরোপ করে। কর্মস্থত্রে বছ পদস্থ ইংরেজের সঙ্গে তার মেলামেশা।
সাধারণত মদের গেলাসের উপরে। এ ছাড়া লেবার পার্টির পার্লামেশট
সদস্তদের সঙ্গেও তাব ঘনিষ্ঠ যোগাযোগ। কৃষ্ণ মেননের সঙ্গেও তার দীর্ঘ-কালের বন্ধুতা।

"মাই ডিয়ার মালিক." ইংরেজীতে লিথেছে দত্তবিশ্বাদ, "বেশীর ভাগ ইংরেজই এখন ভারতীয়দের সঙ্গে মিটমাট করতে ব্যগ্র। কিন্তু স্বাধীনতা সানে কি দায়িঘহীনতা? যে দেশ স্বাধীনতা পাবে সে কি তার সব দায়দায়িছ স্বস্বীকার করবে? যুদ্ধ হতদিন না শেব হচ্ছে ততদিন যুদ্ধের দায়িছও স্বীকার করতে হবে। যেমন ব্রিটেনকে তেমনি ভারতকে। ফ্রান্সের মতো বেইমানী

कत्रत्न हम्बद ना। क्यामीता जात्मद्र व्याधधाना तम् कार्यानत्मत्र ह्राउ দিয়েছে। বাকী আধথানায় তাঁবেদার সরকার গঠন করেছে। ভারতীয়র। যদি তেমন কিছু করে তো দর্বনাশ। ইণ্ডিয়া অফিদ সন্দেহ করছে যে কংগ্রেস নেতাদের একভাগ শক্তর দক্ষে সন্ধি করবার স্বাধীনতা হাতে রাখতে চান। গান্ধীজীর ঝেঁাকটাও শান্তির জত্যে সন্ধির দিকে। যুদ্ধের ফরাফল অনিশ্চিত বলে তিনি যুদ্ধের দায়িত্ব নিতে নারাজ। তাঁর যেমন অসামাক্ত প্রভাব তিনি সরে দাঁড়ালে নেহকও সরে দাঁড়াবেন। ভিতরে ভিতরে অনেকেই युष्कत नाशिष निएक ताकी। किन्द शाकी यनि वरनन, 'ना', का शल मकलाई বলবেন, 'না'। একজন কি তু'জন বাদে। কংগ্রেসের সঙ্গে যদি মিটমাট না হয় তো লীগের সঙ্গেই বা মিটমাট হবে কী করে ? মেজরিটিকে বাদ দিয়ে মাইনরিটির সঙ্গে মিটমাট হয় না। কিন্তু মেজরিটির সঙ্গে মিটমাট যেদিন হবে সেদিন মাইনরিটির সঙ্গেও মিটমাট হওয়া চাই। মাইনরিটিকে বাদ দিয়ে মেজরিটির সঙ্গেও মিটমাট হয় না। বিশেষ করে সে মাইনরিটি যথন ইণ্ডিয়ান আর্মির শতকরা চল্লিশ জন। আমি মুসলমানদের কথাই বলছি। শিথদের জড়ালে শতকরা পঞ্চাশ ছাড়িয়ে যায়। ওরা সবাই লড়তে উদ্গ্রীব, কিন্তু ওদের স্বার্থ বলি দিলে ওরা লড়বে কেন? আর ওরা যদি না লড়ে তবে আফ্রিকায় আর পশ্চিম এশিয়ায় শক্তপক্ষই ক্রিডবে। এর পরে জাপান যদি যুদ্ধে নামে তা হলে দক্ষিণপূর্ব এশিয়াতেও শক্ষপক্ষের জিং। অন্ধ গান্ধীভক্তদের এসৰ বোঝায় কে ।''

এর উত্তরে মানদ লেখে স্কুমারকে, "বোঝাবেন তিনিই যিনি রাশিয়ায়
গিয়ে স্টালিনকে ব্ঝিয়েছেন। তার মানে দার স্টাফোর্ড ক্রিপ্দ। ক্রিপ্দ
যদি ভারতকেও রাশিয়ার দকে দমান গুরুত্ব দেন তা হলে তাঁকে একবার
এদেশে পদার্পণ করতে হয়। তার আগে গান্ধীজীর সহকর্মীদের জেল খেকে
খালাদ হওয়া চাই। নইলে তিনি তাঁদের দলে পরামর্শ করবেন কী করে?
হাজার হোক, গান্ধীজী একজন গণতান্ত্রিক নেতা। যুদ্ধকালে চার্চিল বেদিকে
যান সকলেই দেদিকে যান। তেমনি সভ্যাগ্রহকালে গান্ধীজী যেদিকে যান
সকলেই দেদিকে যান। সভ্যাগ্রহত্ত ভো একপ্রকারয়্র্যুত্ব। কংগ্রেদ নেতারা
সভ্যাগ্রহ করতে চাননি। গান্ধীজীও তাঁদের বতদিন সন্তব নিরন্ত করেছেন।
মুদ্ধকালে মিটমাট হবে না ভনেই ওয়া সিভিল লিবার্টির দাবীতে সভ্যাগ্রহে
নেমেছেন। মিটমাট যদি মুদ্ধকালে না হয় তো কোনো কালেই হবে না।

যুদ্ধের পর বিটিশ শক্তি আরো নিরস্কুশ হবে। এটাই কংগ্রেস মহলের ধারণা।
যুদ্ধবিগ্রহ কি কেবল দৈনিকদের নিয়েই হয়? সারা ভারতে অসামরিক
জনগণকে অনাহারে রেখে, অর্ধনগ্ন রেখে, যুদ্ধ জয় করতে গেলে যা হয় তা গভ
মহাযুদ্ধের সময় জার-শাসিভ রাশিয়ায় দেখা গেছে। ভার নাম বিপ্লব।
ভারতের অসামরিক জনগণকে বিপ্লবের মুখে ঠেলে দেওয়াটা আদ্ধ চার্চিল
ভক্তদের অদ্রদশিতা। বিপ্লব একবার আরম্ভ হয়ে গেলে গাদ্ধীজীরও আর
কোনো ভূমিকা থাকবে না। কংগ্রেসেরও না। স্বভরাং সময় থাকতে
তাঁদের ভূমিকা তাঁরা সেরে রাখছেন। মাইনরিটির ধুয়ো তুলে বিটেনের
রক্ষণশীলরা যত বেশী কালহরণ করবেন তত বেশী অন্তভাপ করবেন। তখন
তাঁদের সরাসরি মুখামুখি হতে হবে সহিংস বিপ্লবীদের। মাঝখানে গাদ্ধী
ও তাঁর সহকর্মীরা থাকবেন না। জিল্লা ও মুসলিম লীগ থাকতে পারে. কিন্থ
বিপ্লবের তোভে তাদেরও ভেসে যেতে কভক্ষণ।"

মানস জানত যে চাচিলকে কেউ এসব কথা বোঝাতে পারবে না। তিনি ভারতীয় জনমতকে গ্রাহ্ট করেন না। সৈত্য সামস্ত পেতে অস্থবিধে না হলেই তিনি নিশ্চিস্ত। তবু ইংলণ্ডের জনমতের উপরে তার ভরদা ছিল। সেদেশের জনমত অনড় অচল নয়। তার প্রমাণ গান্ধী-আরউইন প্যাক্ট। সেই নজীবে একদিন গান্ধী-লিনলিথগো প্যাক্টও সম্ভবপর। মানস আশাবাদী।

ওদিকে যথিকাকে লিখেছিল মধুমালতী, "গত শবংকালের ব্যাটল অভ্ ব্রিটেনে ইংরেজ জাতির সাহস, শৃঙ্খলা ও মনোবল প্রত্যক্ষ করে আমি উপলব্ধি করেছি যে ওরা অপরাজেয়! এ যুদ্ধের ফলাফল আর যাই হোক ব্রিটেনের পতন নয়। ফ্রান্সের সঙ্গে এইখানেই এদের তফাং। বিপ্লবের দেশ ফ্রান্স। এ কা তার পরিণাম। তা হলে আমাদের দেশের বিপ্লবীদের কী আশা! যাক, যুদ্ধটা তো আগে শেষ হোক, তার পর দেশে ফিরে গিয়ে ভাবা যাবে। ইতিমধ্যে আমি পড়ে গেছি একটু মূশকিলে। আমার ধারণা ছিল এদেশে কেউ আমাকে চেনে না। আমি অপরিচিতা। কিছু আমাদের সেই সার জন-আ্যাণ্ডারসন এখন এখানকার হোম সেক্রেটারি। স্বাই জেনে গেছে তাঁর আমসে আমি ছিলুম বেছল টেররিস্ট। ভারতক্ষেতা ইংরেজ সাহেব মেমরা আমাকে ও আমার কর্তাকে নিমন্ত্রণ করে দেশী বিলিতী খানা খাওয়ান। আর একান্তে নিয়ে গিয়ে প্রশ্ন করেন, 'হোয়্যার ইন্ধ চন্দ্র বোস।' আমি তো প্রথমটা ধরতেই পারিনি যে চন্দ্র বোস হচ্ছেন স্কভাষচক্স বোস। আমার কর্তাঃ

আমাকে ববিয়ে দেন যে ইংরেজদের কাছে বিতীয় নামটাই প্রথমটার চেয়ে প্রধান। ওদের নিজেদের বেলা ওরা তাই করে। এখন এ প্রশ্নের উত্তর আমি দিই কী করে ? আমি কি সবজানতা ? 'জানিনে' বললে ওরা বিশ্বাস করবে না। ওদের ধারণা বোদ এখন জার্মানীতে। আমি বলি, দেটা কেমন করে সম্ভব ? যুদ্ধকালে কি কেউ ভারত থেকে বাইরে কোখাও যেতে পারে ? চারদিকে কড়া পাহারা। জলপথে অসম্ভব, আকাশপথে অসম্ভব। স্থলপথ বলতে তো খাইবার পাস। পাঠান ছাড়া সে পথে কেউ যাওয়া আসা করতে পারে না। চন্দ্র বোদ কি পাঠানের মতো দেখতে ? তাঁর কোথায় দাড়ি, কোথায় গোফ ? কোথায় পাঠানের মতো পোশাক ? গুপ্তচরদের চোথে ধুলো দিয়ে খাইবার পাস ভেদ করা শিবের অসাধ্য। তা সত্ত্বেও আমাকে বাড়ী বয়ে এসে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে, হোয়াার ইজ চন্দ্র বোস ? আমি বলি, জানিনে। জানলেও আমি বলতুম না। তোমরা যেমন তোমাদের দেশকে ভালোবাস আমরাও তেমনি আমাদের দেশকে ভালোবাদি। চক্র বোদ যদি জার্মানীতে शिराष्ट्रे शारकन তবে জার্মানদের স্বার্থে নয়, পরাধীন স্বদেশবাদীদের স্বার্থে। আমিও পালটা স্থাই, জেনারল ছ গল কী করতে এদেশে এসেছেন ? পরাধীন ক্রান্সকে মৃক্ত করতে। বেঞ্জামিন ফ্রাঙ্কলিন কী করতে ফ্রান্সে গেছলেন? পরাবীন উপনিবেশকে স্বাধীন করতে। অল ইজ ফেয়ার ইন লাভ অ্যাও ওয়ার। ওদের মুথ চুণ। তবে আমি সত্যি জানিনে স্কভাষদা এখন কোখায়? শুন্তি নিরুদ্ধেশ।"

যুথিকাও জানে না। জানলেও লিথত না। কে জানে কার হাতে পড়ত। মানসকে জিজাসা করে, "হোয়ার ইজ চন্দ্র বোস ?"

মানস বলে, "হিমালয়ের কোনো এক তুর্গম গুহায় অজ্ঞাতবাস করছেন। পুলিশ তাঁকে খুঁজতে খুঁজতে হন্দ হয়ে গেছে। কড়া সেনসরশিপ। যার। জানে তারাও প্রকাশ করে না। ওটা এখন একটা মিলিটারি দীক্রেট।"

ও চিঠি ছিল হিটলারের ক্ষণ অভিযানের আগেকার। এর পর মিলি লেখে, "বৌদি, অলৌকিক ঘটনার যুগ যায়নি। অঘটন আজো ঘটে। নাংসীরা যে কমিউনিস্টদের নিজের রাজ্যে হানা দেবে এটা তেমন চমক লাগাবার
মতো ঘটনা নয়, অসময়ে ঘটেছে এই যা আশ্চর্য। কিন্তু কেউ কি ভাবতে
পেরেছিল যে ক্ষণ বিপ্লবকে যিনি আঁতিড়ে গলা টিপে মারতে অঘাস্থর, বকাস্থর
প্রস্তৃতি প্রতিবিপ্লবীদের পাঠিয়েছিলেন তিনিই এখন তাকে রক্ষা করার জন্যে

মিতালি পাতিয়েছেন তাঁর পরম বৈরী ফালিনের সঙ্গে? হঁ়া, বৌদি, সেই চার্চিলই আজ এই চার্চিল। আমরা সবাই হকচকিয়ে গেছি। আমার কর্ত্রা কেরকম ভবিগুদাণী করেছিলেন। কিন্তু একবারও বলেননি যে ইংলণ্ডের রক্ষণশীলরা রাশিয়ার বিপ্লবীদের জিতিয়ে দেবে। নাটের গুরু হবেন কিনা চার্চিল স্বয়ং। কোথায় শ্রেণীসংগ্রাম! শ্রেণীশক্রই এখন শ্রেণীমিক্র! মার্কসবাদীদের মৃথ চ্ণ। কনসারভেটিভরাও এখন সোভিয়েটদরদী। রাজনীতি চিরদিনই রাজনীতি। গুরু মধ্যে নীতির সন্ধান যেন অন্ধকার দরে কালো বেড়ালের সন্ধান, যে বেড়াল সেথানে নেই। আমি তাজ্জব বনে গেছি। অহিংসাবাদী না হলেও আমি ছিল্ম নীতিনিষ্ঠ মাহুষ। সাম্রাজ্যবাদের সহ্বোগিতায় মার্কসবাদ হয়তো জয়ী হবে, কিন্তু সাম্রাজ্যবাদের সঙ্গেল প্রতিদ্বিতার দিনও তো আসবে। তথন দেখবে নিজেই সাম্রাজ্যবাদী সেজে বনে আছে।"

মিলি আরো লিথেছে "সাধারণ ইংরেজ এখন স্বস্তির নিঃশাস ফেলছে। হিটলার যদি দ্টালিনকে হারিয়ে দেনও তবু,এত বেশী বলক্ষয় করবেন যে তার পরে আর ইংরেজের দক্ষে বলপরীক্ষায় নামবেন না। ততদিনে ইংরেজের বিমানশক্তি তার নৌশক্তির মতো হুর্বার হয়ে থাকবে। আকাশ থেকে বোমাবর্ধণ করে জার্মানীর সব ক'টা শহরকে ধ্বংসম্বপ বানিয়ে ছাড়বে। ওদের এয়ারফোর্সে এখন বাঙালী যুবকদেরও নিচ্ছে। যারা এদেশে পডাশুনা করেছে ভাদের কয়েকজন এয়াব ফোর্সে যোগ দিয়ে সমান ব্যবহার পাচ্ছে। ওদের যোগ্যতার জোরে ওদের যদি পদোন্নতি হয় তা হলে ওরা হবে ওদের অধীনস্থ ইংরেজ ক্যাডেটদের উপরওয়ালা। স্থার কেউ বলতে পারবে না যে বাঙালীরা অসামরিক জাতি। সেই অপমানের প্রতিবাদেই না সম্বাদবাদী আন্দোলন। ভবে কাজটা ভীষণ বিপজ্জনক। এর মধ্যেই একটি দোনার চাঁদ ছেলে প্রাণ হারিয়েছে। ওর মা ওকে বারো বছর বয়দ থেকে বিলেতে এনে মাছুষ করে-ছিলেন। একমাত্র সস্তান। ওঁকে সান্তনা দেবার ভাষা নেই। দিনরাত ঠাকুরঘরে বলে প্রার্থনা করছেন। কাঁদতে কাঁদতে চোথের জল ফুরিয়ে গেছে। সরকার থেকে একটা মেডেল পাঠিরে দিয়েছে। যুদ্ধের ডেদ্পাচে স্থূর্ণ স্থান্ধরার বীরত্বের সম্মানস্কুচক উল্লেখ আছে। বেঁচে থাকলে স্থপর্ণ একদিন এয়ার মার্শল হয়ে বাঙালীর মৃথ উজ্জল করত। বাঙালীর কেন বলছি, ভারতীয়ের। এদেশে আমরা সবই ইণ্ডিয়ান।"

এ 6ঠি পড়ে ছুথিকা কেঁদে আকুল। বিদেশে বিভূইছে অপঘাতে বারা

গেল ছেলেটি। আহা রে! ওর মা বাবা কেমন করে প্রাণ ধরে সঞ্ করবেন!

"ছেলেটিকে আমি দেখেছি।" মানদ বলে, "আমার বোডিং হাউদেই ওঁর। তিনজনে এসে ওঠেন। বাবা আই. এম. এস, অফিসার। ছুটির শেষে দেশে ফেরেন। ছেলে ভতি হয় এক নামকরা প্রাইভেট স্কুলে। মা কাছাকাছি বাসা নেন। আমিও বাসাবদল করি। দিব্যি সপ্রতিভ ছেলে। ওই বয়সেই वमूक ठानाट मिर्थिए। की कता यात्र, वरना! युक्त भारतहे लाग निरंत्र জ্যাথেলা। দেশ যথন স্বাধীন হবে তথন দেখবে তোমার ছেলেকেও দ্রকার হলে কন্দ্রিপ্ট করবে। স্বাধীনতা আর দায়িত্ব একই মূদ্রার এপিঠ ওপিঠ। একটা স্বাধীন জাভিকে কী পরিমাণ মূল্য দিতে হয় তা তো ইউরোপে গিয়ে দেখেছি। অকৃসফোর্ড কেমব্রিজের প্রত্যেকটি কলেজে উৎকীর্ণ রয়েছে সেইস্ব সোনার চাঁদ ছেলের নাম যারা যুদ্ধে গিয়ে ফিরে আদেনি। দেশের জত্যে প্রাণ দিয়েছে। তাদের জভে যারা অপেক্ষা করছিল সেইদব মেয়েদের আর বর জোটেনি। জুটবেও না। তারা চিরকুমারী হয়ে নি:সঙ্গ জীবন কাটাবে। আলাপও হলো তেমন কয়েকজনের সঙ্গে। একদিক থেকে যেমন ওদের ক্ষডি হলো তেমনি আরেকদিক থেকে লাভ। মেয়েদের জন্মে অনেকগুলি বন্ধ দরজা খুলে গেছে। আফিদে আদালতে কলকারখানায় স্কুল কলেছে দর্বতা ওদের দেখতে পাওয়া যায়। পালামেন্টেও। ক্যাবিনেটেও। তবে আমি নেভা এয়ার ফোর্দে ওদের প্রবেশ নিষেধ। সিভিন সাভিসের উচ্চতম পর্যায়েও তাই। অকৃদফোড কেমব্রিজে মেয়েদের জন্মে আলাদা কলেজ। দাধারণ কলেজে ঢুকতে দেয়না। কারণ কলেজমাত্রই রেসিডেনশিয়াল। দ্বিতীয় মহাযুদ্ধের পর দেখানেও মেয়ের। চড়াও হবে। "মানদ মুচকি হাদে।

যুথিকা শিউরে ওঠে। "না, না, অত বেশী অবাধ স্বাধীনতা ভালো নয়। ছেলেদের হৃদ্টেলে মেয়ে! মেয়েদেব হৃদ্টেলে ছেলে! ভাবতে পারা যায় এর জ্বের কতদ্র গড়াবে? এর ফল কী হবে?"

মানস কৌতৃক করে বলে, "ফল কিছুই হবে না। বার্থ কণ্ট্রোল আজকাল কারো অজানা নয়। আর ফল হলেই বা কী । ওদেশের সমাজ আগের চেয়ে উদার হয়েছে। এর পর আরো উদার হবে। তৃমি কি জানতে যে রাামজে মানকভোনাল্ড ছিলেন কুস্তীপুত্র । তাতে তাঁর রাজ্যলাভ আটকায়নি। তাঁর স্বীভাগ্যও ছিল ঈর্থার বিষয়। তাঁর সহধ্যিণী ছিলেন গ্ল্যাভ্রেটান বংশের কল্পা।" य्थिका छेनात रूल ७ षा दानी छेनात रूट पिन प्रमुक । जात मर्था माक् माजामरीत मः स्वांत यर हे मिक । वर्ल, "ह्इलिए माज थून माक वर्ल भाज । थून माक, अठी अर्मि माज स्वांत स्वांत वर्ण अर्म माक, अठी अर्मि माज स्वांत स्वांत वर्ण अर्म माक, अठी अर्मि माज स्वांत माज स्वांत निर्माण अर्म माज स्वांत की । राम माज स्वांत भाज स्वांत वर्ण माज स्वांत प्रांत स्वांत के स्वांत अर्म हे कि एक प्रांत रूप वर्ण वर्ण माजि स्वांत अर्म वर्ण स्वांत स्वांत अर्म अर्म स्वांत स्वांत स्वांत का स्वांत स्व

মানদের মনে পড়ে স্বপনদা একবার চার্ল স্ব্যাম্বের 'ড্রিম চিলড্রেন' থেকে উদ্ধৃতি দিয়েছিলেন। ''The children of Alice call Rertram their father.''

"স্থপনদার জীবনটাও চাল স ল্যাম্বের মতো অপূর্ণ থেকে যেতে পারে।" মানস আক্ষেপ করে।

"কেন ? কেন ?" যুথিকা জানতে উংস্থক হয়। "কারণ ওকে বাবা বলবার মতো কেউ নেই।" মানস উত্তর দেয়।

॥ সাত ॥

প্জোর ছুটিতে মানস কলকাতায় যায় ও স্বপনদার অতিথি হয়। এবার আলাপ হয় দীপিকা বৌদির সঙ্গে। ল্যাঙ্গ নাড়তে নাড়তে আরো একজন আলাপ করতে আগুয়ান হয়। "এল্ফ" নাম শুনে মানসের মনে পড়ে যায় ছেলেবেলার ইংরেজী প্রাইমারের প্রথম পৃষ্ঠার প্রথম ছবি। একটি কুকুর। তার মুথে একটা ছাতা।

"এ নাম আপনি কোথায় পেলেন, বৌদি ?" মানস জানতে চায়।
"আপনার মুখ দেখে মনে হচ্ছে এ নামটা আপনার চেনা। আগে তো শুনি আপনি কোথায় চিনলেন।" বৌদি ধরাছে যা দেন না। শ্বামার চেনা এল্ফের মুখে ছিল একটা ছাতা। নামে মিলছে। জাতে মিলছে না। না, জ্যান্ত কুকুর নয়, ছবির কুকুর,। বইখানার নাম বোধহয় রয়াল রীডার। স্পষ্ট মনে আছে ওকে। কিন্তু এ কুকুর দে কুকুর নয়।" মানদ ঘাড় নাড়ে।

বৌদি হাদি চেপে বলেন, "সে কুকুর কি এতকাল বেঁচে থাকতে পারে ! তবে আপনি ঠিকই ধরেছেন। ও বই আমিও পড়েছি। ও নাম আমার মনে ছিল। তাই ওই নামই এই বাচ্চারও রাখি। ওটা ছিল বোধহয় টেরিয়ার। ফক্স টেরিয়ার। এটা হলো পোমেরানিয়ান। কিন্তু একে আমি ছাতা ধরাতে পারিনি। বিষম অবাধ্য।"

তা ভনে এলফ ঘেউ ঘেউ করে প্রতিবাদ ঘোষণা করে।

"তাখ, মাহু, তোমার দক্ষে আমার অনেক কথা ছিল। এখন কুকুরকে ছেড়ে একটু মাহুষের দিকে নজর দাও দেখি। তোমার শ্বতিশক্তি কত প্রথর তার পরীক্ষা তৃমি দিয়েছ। বোঝা যাচ্ছে তোমার বৌদি আর তৃমি দমবয়দী।"

"তাই তো মনে হচ্ছে। তবে আমি এক বছর অস্থপে ভূগে পেছিয়ে পড়েছিলুম। হয়তো সেই কারণে আমিই বয়সে বড়ো। যদিও সম্পর্কে তিনিই বড়ো। তা ছাড়া আমার স্কলে ভতি হতেও বছরখানেক দেরি হয়েছিল।" মানদ বিবৃত করে।

"এখন আমার কথাটা মন দিয়ে শোন দেখি।" স্থপনদা বিষয়ান্তরে যান। "বলো, কী বলতে চাও।" মানস উৎকর্ণ!

"ক্যারামেলকে জেলখানায় দেখে এসেছি। ও মেয়ে কিছুতেই বাড়ী আদবে না। বলে, জেল থেকে মৃক্তি অর্থহীন উক্তি। গোটা দেশটাই তোইংরেজের জেল। ওরা একটা মশা কি মাছিকেও ভারতের বাইরে যেতে দেয় না। এমন কড়া পাহারা! শুনছি একমাত্র স্থভাষদাই ওদের ছোট বড়ো ত্'রকম জেল থেকে মুক্ত হতে পেরেছেন। তা আমি তো ওঁর মতো সন্মাসিনী সেজে মহাপ্রছানের পথে নিখোঁজ হতে পারব না! ওঁকে নাকি শেষ দেখা গেছে বদরীনাথে। যত সব কক আগেও বুল স্টোরি। স্থভাষ আমার সহপাঠী। ওকে আমি ভালো করেই চিনি। যদিও ইদানীং যোগাযোগ ছিল না। ও এখন প্রোপ্রি রাজনীতির লোক। ছাত্রবয়সে একবার সন্মাসী হবার জত্যে বাড়ী থেকে পালিয়েছিল শুনেছি। তা বলে ও সন্মাসী নয়। দেশ যতদিন

না স্বাধীন হয়েছে ততদিন ব্রহ্মচর্ষব্রতধারী। তার মানে আরো পনেরো বছর।
যথন পলাশীর স্থিশতবার্ষিকী ও দিপাইবিস্রোহের শতবার্ষিকী অনুষ্ঠিত হবে।
তার আগে ইংরেজকে নড়ানো যাবে না। যদি না ইউরোপে ওরা ঘোরতরভাবে জড়িয়ে পড়ে। ঘটনাস্রোত যদি না ঘোরালো হয়।" স্থপনদা যতদ্র
বোঝেন।

মানস ছংথিত হয় জুলির জত্যে। স্বামী নেই, সংসার নেই, দায়দায়িজ নেই। কিসের আকর্ষণে জেলের বাইরে আসতে চাইবে গু আজকাল জেলটাও তো একটা ক্লাব। ভদ্রঘরের মহিলারাও সে ক্লাবের মেম্বর। তবু ওটা জেল, ওর চারদিকে বেইনী।

"তুমি যদি ওর সঙ্গে দেখা করতে চাও তো ব্যবস্থা করতে পারি। কিন্ত রুথা চেষ্টা। ও মেয়ে এই এল্ফের মতোই অবাধ্য।" স্থপনদা আফদোদ করেন।

এল্ফ ততক্ষণে মানসের পায়ের কাছে গা এলিয়ে দিয়েছে। এবার শুধু ল্যান্স নেড়ে মৃত্ প্রতিবাদ জানায়। মানস তার পিঠে হাত বুলিয়ে দেয। কী নরম লোম !

"আমার জেলা হলে আমি পদাধিকার বলে যেতুম। এখানে আমি পদাধিকারী নই। কোন স্থবাদে যাব ? তুমি যেতে পারো আসামীপক্ষের কোঁহুলী পরিচয়ে। তা ছাড়া আরো কয়েকটা মাস সব্র করলে তো ওরা সবাই ছাড়া পেয়ে বেরিয়ে আসবে।" মানস দত্তবিশ্বাসের উপর বিশ্বাস রেথে আভাস দেয়।

''কই, এমন কথা তো খবরের কাগচ্ছে লিখছে না ?'' স্থপনদা বিস্মিত হন।

"লিথছে আমার নিজন্ম সংবাদদাতা। লগুন থেকে। ওথানকার নেতারা এখানকার নেতাদের দক্ষে একটা আঁতাত করদিয়াল কামনা করেন। কথা-বার্তা চালাতে হলে তাঁদের জেল থেকে খালাস দিতে হবে। সঙ্গে স্তাদের অন্তরদের। সেইস্থতে আমাদের জুলিকেও। যার নাম রেথেছ ক্যারামেল।" মানস খোলসা করে।

''তা হলে তো আনন্দের বিষয়। কিন্তু আজকাল আমি রাজনৈতিক ব্যাপারে সীনিক বনে গেছি। যেই ভানব ওদেশের নেতাদের সঙ্গে এদেশের নেতাদের আঁতাত করদিয়াল হয়েছে অমনি ভানব আাথারগ্রাউণ্ড থেকে আব্যু- প্রকাশ করেছেন বামপদ্বী মহানায়ক স্থভাষচক্র। আবার তিনি কংগ্রেস প্রেসিডেন্ট পদের জন্মে দাঁড়াবেন। বাধা দিলে আর কাউকে দাঁড় করাবেন। আপসবিরোধী সংগ্রাম চালাবেন। বামপদ্বীরা দক্ষিণপদ্বীদের থেদিয়ে কংগ্রেস ক্যাপচার করবে। তথন কোথায় থাকবে তোমার আঁতাত করদিয়াল? তা নয় তো কংগ্রেস ভেঙে ত্'ভাগ হবে। একভাগ সরকারের পক্ষে, আরেকভাগ সরকারের বিপক্ষে। গান্ধীজী কি কংগ্রেসকে ভেঙে ত্'ভাগ হতে দেবেন। দক্ষিণপদ্বীদের বলবেন পদত্যাগ করে জেলে ফিরে যেতে। তথন বামপদ্বীরাও ফিরে যাবেন আগুরগ্রাউণ্ডে।" স্বপনদা ভবিয়্বাণী করেন।

"তা হলে জুলি বেচারির কী আশা।" দীপিকাদি মুথ খোলেন।

"কিছুমাত্র না। ওর কপালে জেল কিংবা আগুরগ্রাউণ্ড। ও তারজক্ত প্রস্তুত। ওর চেয়ে ঢের বেশী প্রাাকটিকাল বাবলী। যার নাম দিয়েছি চকোলেট। ও ভালো করেই বোঝে যে যুদ্ধ শেষ না হলে স্বাধীনতা হবে না। হতে পারে কেন্দ্রে রদবদল। সেটা স্বাধীনতা নয়। সেটার জন্মে জেলে যাওয়া নিরর্থক। আগুরগ্রাউণ্ড তো আরো বিপজ্জনক। চকোলেট এখন ওর কমরেডদের নিয়ে কমিউন গঠনের কাজ হাতে নিয়েছে। ওরা কেউ বাড়ীতে থাকে না। থাকে ভাড়াটে বাসায়। বাইরে তার নাম সজ্ব। ভিতরে তার নাম কমিউন। পুলিশ জানে। কিন্তু হন্তক্ষেপ করে না। ওরা তো শক্রপক্ষের চর নয়, মিত্রপক্ষের লোক। চকোলেট মাঝে মাঝে আসে। তোমার বৌদির সঙ্গে ওঁর খুব ভাব। এল্ফকে আদর করে। চুমু থায়। বৌদি ওর হাতে একটা একণো টাকার নোট গুঁজে দেন। চকোলেট কিনে খেতে। কথাবার্ডা চোথে চোথে হয়।" স্বপনদা হাসেন।

"এসব গোপন কথা তুমি ফাঁস করছ কোন্ আছেলে? তোমার বদ্ধ ঠাওরাবেন আমিও একজন কমিউনিস্ট। আমার কুকুরকে যে ভালোবাসে আমি তাকে ভালোবাসি। তোমাকে বলেছি, লাভ্ মী, লাভ্ মাই ডগ। বাবলীকে বলেছি লাভ্ মাই ডগ, লাভ মী। ওটা ভালোবাসার পুরস্কার।' দীপিকাদিও হাসেন।

মানস তা শুনে এল্ফের কপালে একবার মুখ ছুঁইয়ে দেয়। সঙ্গে সঙ্গে ক্ষমাল দিয়ে মুখ মোছে। তিনজনেই হেসে ওঠে। আর এল্ফ ঘন ঘন ল্যাজ কাছে।

খপনদা বলেন, "জানো তো, চকোলেটের সঙ্গে ক্যারামেলের ছাড়াছাড়ি

ছয়ে গেছে। ক্যারামেল চকোলেটকে বলে স্টালিনের স্পাই। চকোলেট ক্যারামেলকে বলে হিটলারের স্পাই।"

মানস গভীর বেদনা বোধ করে। বলে, "এর চেয়ে ছঃখের বিষয় আর কী হতে পারে! কোথায় হিটলার আর স্টালিন! কোথায় বাবলী আর জ্বলি! ওরা লড়াই করে মরছে বলে এরাও লড়াই করে মরবে!"

"না, না, মরবে না।" স্থপনদা অভয় দেন। "আমার কাছে আসবে।
চকোলেট আর ক্যারামেল থাবে। ক্যারামেল কথনো হিটলারের চর হতে পারে
না। সে তার স্থদেশকে ভালোবাসে। চকোলেটও কথনো স্টালিনের চর হতে
পারে না। সে তো দেশের জন্মে সাহেব মেরে ফাঁদী ঘেতে তৈরি হয়েছিল।
মৃশকিল হয়েছে এই যে বামপন্থীদের ছই গোষ্ঠীর ছই বিপরীত পলিদি। এক
গোষ্ঠী দেশের স্বাধীনতার জন্মে সাম্রাজ্যবাদী যুদ্ধে অসহযোগ করবে। আরেক
গোষ্ঠী কশের স্বাধীনতার জন্মে ফাসিস্টবিরোধী যুদ্ধে সহযোগিতা করবে।
দেশের স্বাধীনতা আগে না কশের স্বাধীনতা আগে ? এই নিয়ে আড়াআড়ি।"

"আড়াআড়ি থেকে ছাড়াছাড়ি। ছাড়াছাড়ি থেকে মারামারি।' মানস ভন্ন দেখায়। ''ক্ষমতা ছাতে পেলে একপক্ষ অপরপক্ষকে অংশ দেবে না। বিরোধিতা করলে ভেলে পুরবে। সশস্ত্র বিরোধিতা করলে প্রাণে মারবে।''

স্থপনদার মনে পড়ে যায় বাবলা ওঁকে জানিয়েছিল জুলি নাকি ওকে শাসিয়েছে যে বিশাসগাতকতার অপবাধে তাকে ফায়ারিং স্কোয়াডের গুলীতে শ্রীয়া হবে।

"ওটা নিছক ভাষাশা করে বলা। দীরিয়াদ ভাবে নিতে নেই। চকোলেটকে আমি ব্বিয়ে স্থবিয়ে ঠাণ্ডা করেছি। ক্যারামেলকেও ঠাণ্ডা করব।" স্থপনগাকথা দেন।

"কিন্তু ওদের গোষ্ঠাদের তুমি কী করে বোঝাবে ? এ তো আরো একটা কুক্লক্ষেত্রের স্থচীমুখ। ইংরেজদের বিদায়ের পরে ফাল হয়ে বেরোবে। তথন তুমি জুলিকে বাঁচাতে পারবে না, বাবলীকেও না।" মানস শিউরে ওঠে।

"আরো একটা কুরুক্ষেত্র ?' স্বপনদা জেরা করেন। "কোন্টার কথা ভেবে একথা বলছ, মাহ ?"

"কেন? হিন্দু মুসলমানের শরিকী **ঘন্দ** কে না জানে সেটা চরমে উঠবে, যেদিন ইংরেজ বিদায় নেবে? যদি না ইতিমধ্যে একটা মিটমাট হয়। কিংবা সালে দলে।" মানস ব্যাখ্যা করে। "সেইজন্মেই তো আমি সহসা ইংরেজবিদায়ের পক্ষণাতী নই। আগে সৰ দিক সামলাও। তারপর ওদের বিদায় দাও। ওরা তো এতদিন সব দিক সামলেছে। কুক্ষক্ষেত্র বাধতে দেয়নি। যতদিন থাকবে, দেবেও না।" শ্বপনদার দৃঢ় বিশাস।

"সহসা ইংরেজবিদার আমিও কি চাই।" মানস বলে, "কিন্তু সব দিক সামলানো পনেরো বছর পরেও স্থাম হবে না, স্থানদা। পলাশীর বিশত-বার্ষিকীর দিন যদি ওরা বিদার হয় তো সেইদিনই বাধবে শরিকী বন্ধ থেকে কৃকক্ষেত্রের যুদ্ধ। যদি না ইতিমধ্যে একটা সর্বসম্মত স্মাধান খুঁজে পাওয়া যায়।"

"তা হলে দেটাই আমাদের নিয়তি। বছর পনেরোর মধ্যে যদি সমাধান না মেলে তবে কোনোদিনই মিলবে না। পনেরো বছরের পর একটা দিনও আমি অপেক্ষা করব না। কুরুক্তেত্রের ঝুকি নেব।' স্বপনদার ধৈর্যেরও সীমা আছে।

''তোমার মতো কুর্ম অবতার আমি নই।'' দীপিকাদি উদ্দীপ্ত হয়ে বলেন। ''যুদ্ধের স্থযোগ নিতে যদি না চাও তো যুদ্ধের পরেই বিদায়ের নোটশ দিয়ো। যুদ্ধ সারা হতে কি পনেরো বছর লাগবে ?''

"ঐতিহাসিক নিয়তি বলে যদি কিছু থাকে তবে শতান্দীর ছাপার সাতার সালই ভারতবর্ষের নিয়তিনির্ধারক। পলাশীর যুদ্ধের একশো বছর আগে শাহজাহানের পুত্রদের শরিকী যুদ্ধ। তার একশো বছর আগে বিতীয় পাণি-পথের যুদ্ধ।" স্থপনদা বিবরণ দেন। তার পরে যোগ করেন, "তেমনি পলাশীর একশো বছর পরে সিপাইবিদ্রোহ। তার একশো বছর বাদে বিটেন থেকে রোমান অপসরণের মতে। ভারতবর্ষ থেকে ব্রিটিশ অপসরণ।"

"তোমার ও থীসিসটি চমৎকার। তার জন্মে তোমাকে ভক্টোরেট দেওয়া উচিত।" উপহাস করেন দীপিকাদি। "কিন্ধ তোমার ওই হিস্টারিক্যাল ডিটারমিনিজম যুক্তিনির্ভর নয়। এমনও হতে পারে যে এই যুদ্ধে রাশিয়ানদের হারিয়ে দিয়ে জার্মানরা ইরানের পথে ভারতে চুকবে। কিংবা জার্মানদের হারিয়ে দিয়ে রাশিয়ানরা ইংরেজদের সঙ্গে ঝগড়া করে আফগানিস্থান দিয়ে ভারতে চুকবে। সেটাও হবে ভারতের প্রাচীন ও মধ্যযুগের ঐতিহাসিক আক্রমণগুলোর মতো বহিংশক্রের আক্রমণ। তথন ইংরেজরা ভারতীয়দের হাতে ক্রমতা সঁপে দিয়ে ভারতরক্ষার দায় এড়াতে পারে। নয়তো তথন ভারতীয়রাই ক্ষমতা কেড়ে নিয়ে ভারতরক্ষার দায় বহন করতে পারে। এর জন্মে পনেরো বছর অপেক্ষা করতে হবে কেন ় যা হবার তা সাত আট বছরের মধ্যেই হয়ে যাবে।"

স্থানদা কোণঠাসা হয়ে মানসের দিকে তাকান। মানস বলে, "রাশিয়া ভারত আক্রমণ করবে না। তার দৃষ্টি পশ্চিমম্থী। পশ্চিমে রয়েছে আমেরিকা। আর জার্মানী ? সে যথন ভারতের পথে তুরস্কে বা ইরানে পদার্পণ করবে তথন দেখবে ইংরেজরা ও ভারতীয়রা সেথানে গিয়ে বসে আছে। যেমন জাণানের পথরোথ করতে সিঙ্গাপুরে ও মালয়ে গিয়ে বসে আছে। ওরা চলে ভালে ভালে ভো এরা চলে পাতায় পাতায়। এদের সামনে থোলা রয়েছে কেবল ভারতের মানচিত্র নয় গোটা পৃথিবীর মানচিত্র। দাবাথেলার ছকের উপরে যে যার ঘুঁটি সাজিয়ে বসেছে। একপক্ষ চাল দিলে অপরপক্ষ পালটা চাল দিছে। আমরা সবটা দেখতে পাচ্ছিনে। কারণ আমরা কেবল স্বদেশের মানচিত্রই দেখছি। আর আমাদের দাবা থেলার ছক যুদ্ধের নয়, সভ্যাগ্রহের।"

"বাঁচা গেল। বহিংশক্রর আক্রমণ স্থদ্রপরাহত। তা হলে দীপিকার ধীসিসটা কেঁচে যায়। ওকে কেউ ভক্টরেট দেবে না।" স্থপনদা পরিহাস করেন।

"তা বলে ইংরেজ রাজত্ব আরো পনেরো বছর ! গান্ধী, জিল্লা, বল্লভআই, লাজেন্দ্রপ্রসাদ ততদিন বেঁচে থাকবেন !'' দীপিকাদি অধারতা প্রকাশ করেন।

"একটা নেশনের জীবনে পনেরো বছর এমন কিছু বেশী সময় নয়। গান্ধী, জিলা, বল্পভাই বেঁচে না থাকতে পারেন, নেহঞ্চ, বোস, আঞাদ বেঁচে থাকবেন। দেখতে হবে শাহ্ জাহানের পুত্রদের মতো শরিকী যুদ্ধ যাতে না বাগে। তা ছাড়া ত্'শো বছরের একটা সাম্রাজ্য গুটিয়ে নিতে যদি পনেরো বছর সময় লেগে যায় সেটা কি খুব বেশী সময় ? তার কমে বিশৃষ্খলার আশকা আভাবিক। দ'কিশ বামের অন্তর্মন্দ্রটাও উপর থেকে তল পর্যন্ত ফাটল ধরিয়ে দিতে পারে। কংগ্রেসের কি আর সেই সংহতি আছে ? বারা একজোট হয়ে একটা সহাদেশ চালাবেন! রাশিয়াকে বাদ দিলে ইউরোপ যত বড়ো একা ভারতবর্ষ তত্ত বড়ো আর তত বিচিত্র। পনেরো বছরের মধ্যে যদি এই অন্তর্ম জ্বতা ছেকে তো হিন্দু মুসলিম গৃহযুদ্ধের মতো বাম দক্ষিণ গৃহযুদ্ধও অরাজকতা ছেকে

শানবে। পরাধীনতার পরিবর্তে অরাজকতা, স্বরাজ বলতে কি এই বোঝায় ? ব্বলে, রাহ্ন, স্থবের চেয়ে দোয়ান্তি ভালো। ইংরেজ থাকতে দোয়ান্তি আছে। এখনো ওরা একটা বড়ো মাপের ছুভিক্ষ হতে দেয়নি। একটা বড়ো গোছের দাকাহাকামা বাধতে দেয়নি। মাথা তুলতে দেয়নি দেশীয় রাজাদের। নাক গলাতে দেয়নি বাইরের শক্রদের। ওদের ত্যক্ত সিংহাসনে বাঁরা বসবেন তাঁরা কি এসব কর্তব্য পালন করতে পারবেন ? বিক্রমাদিত্যের সিংহাসন ভোজ্বাজের জন্মে নয়।" স্থপনদা শ্বরণ করেন।

পরের দিন স্থপনদা মানসকে একাস্কে ডেকে নিয়ে গিয়ে বলেন, 'আচ্ছা, তৃমিও কি কথায় কথায় বল না. স্থের চেয়ে সোয়াজি ভালো? তোমার বৌ কি সেটা গায়ে পেতে নেয়. রাগ করে, থোঁটা দেয়, রাতে জাগিয়ে রাখে, সকাল না হতেই কুকুরকে বেড়াতে নিয়ে যায়? তা হলে শোন, বলি। তোমার বৌদির ধারণা তিনি আমাকে স্থী করেননি, শুরু সোয়ান্তি দিয়েছেন। তাঁর অপরাধ তিনি তো বাঁশরি নন। আমি ওঁকে কী করে বোঝাই যে ওঁর ধারণাটা ভূল। বাঁশরির সঙ্গে বিয়ে হলেও আমি স্থী হতুম না, যদি আমাকে বিলেত যেতে না দেওয়া হতো, জার্মানীতে ও ফ্রান্সে থাকতে না দেওয়া হতো, বাারিফার হতে না দিয়ে ফিরিয়ে আনা হতো। আমি কি তেমনি মায়্রষ যে বৌ আর বাচ্চা নিয়েই স্থী হতে পারি? আমি সব চেয়ে স্থী হই যথন স্বান্তর্বার মতো স্বান্তি করি। অথচ সে স্থ যেন দশমাস গর্ভধারণের পর প্রস্ববন্ত্রণা থেকে মৃক্তির স্থ। আমার স্থত্যথের নিরিথই আলাদা। তুমি তো তথন এথানে ছিলে না, থাকলে দেখতে আমি দরজা জানলা বন্ধ করে চির্বিশ ঘণ্টা কেবল কেঁদেছি। জল ছাড়া আর কিছু খাইনি।"

মানদ চমকে ওঠে। "কেন ? কী ব্যাপার ? দাম্পত্য কলহ ?'

"আরে, না, না। তোমার বৌদি তথন কোথায়? বিয়ের আগের ঘটনা। প্যারিদের পতন। মনে আছে ফ্রাক্ষোপ্রাশিয়ান ওয়ারের সময় ফরাসীরা চারমাস কাল প্রাশিয়ানদের ঠেকিয়ে রাখে। শহরে চুকতে দেয় না। গত মহাযুদ্ধে তো জার্মানদের প্যারিদের ধারে কাছেও ঘেঁষতে দেয়নি। শহর থেকে বছদ্রে জবর লড়েছে। এবার কোথায় লড়াই? কোথায় কী? রাজধানীটা বিনা যুদ্ধেই ছেড়ে দিল। ছাড়ল যদি তো রাশিয়ানদের মতো পুড়িয়ে দিয়ে গেল না কেন । মনে আছে রাশিয়ানরা নেপোলিয়নের সৈক্তদের বেলা কী করেছিল? ওদের মন্ধ্যা দ্থল করতে দিল ভা ঠিক, কিন্ত ওদের

লক্ষে একজনও সহযোগিতা করল না। সে এক গৌরবময় দিন। এবারেও রাশিয়ার লোক হিটলারের সৈশ্বদের মস্বো ছেড়ে দিতে পারে, কিন্তু তার আগে পুড়িয়ে দিয়ে যাবে। একজনও সহযোগিতা করবে না। ফরাদীরা প্যারিস ছেড়ে দিয়েছে, পুড়িয়ে দেয়নি, নাৎসীদের সঙ্গে সহযোগিতা করছে। এ ছংখ আমার যাবে না। আমি যে মনে প্রাণে ওদের একজন হতে চেয়েছি।" বলতে বলতে স্বপ্নদার গলা ধরে আসে। তিনি ক্ষমাল বার করে চোখের উপর রাখেন।

মানস তাঁকে স্ববেদনা জানায়। "ফরাসীরা এবার তৈরি ছিল না। হঠাৎ বেকায়দায় পড়ে যায়। লক্ষ লক্ষ শরণার্থীর শ্রোত সৈত্য চলাচলে বাধা দেয়। তবে এটাও ঠিক যে ওরা প্রাণ ধরে প্যারিসকে পুড়তে দিত না। আগুন নেভাতে প্রাণ দিত। প্যারিস যে ওদের প্রাণকেন্দ্র। মঙ্কো সেই অর্থে রাশিয়ানদের প্রাণকেন্দ্র নয়। তবে এটাও ঠিক যে রাশিয়ানরা তথনো সহ্বোগিতা করেনি, এখনো করবে না। ওরা হাজার মাইল হটে যেতে পারে, কিছু সহযোগিতা কিছুতেই না।"

'আর ওনেছ? রম্যা রলাঁ এইকাল নাৎসীদের বিরুদ্ধে মসীযুদ্ধ করে
অবশেষে ফিরে গেছেন নাৎসী অধিরুত এলাকায় অগ্রামে? বেঠোডেনই তাঁর
শেষ অবলমন। বেমন ছিল আদি অবলমন। নাৎসীরা কেন বাদ সাধবে?
বৈঠাভেন ভো আর্মানদেরই। বড়ো হৃঃথ হয় ওঁর কথা ভেবে। প্রথম
মহাযুদ্ধে 'above the battle'। দিতীয় মহাযুদ্ধেও যুদ্ধের উধের্ব নন,
ফাসিন্টবিরোধী। কিছু ফ্রাজের প্রাজ্যের পর নিবিরোধী।"

"তুমিও তো তাই।" মানদ রলার পক্ষ নেয়।

"এই যুদ্ধে আমিও above the bathle, যুদ্ধের উধের। তা বলে কি ফাসিস্টদের কাছে আত্মসমর্পণ ফরাসীদের উচিত হয়েছে?"

''তবে প্রতিরোধেয় সংবাদও আসচে ফ্রান্সের সারস্বত মহল থেকে।' মানস বলে।

"তৃষি হি ব্রতে পারছ মা, মাহ, যে গোটা প্যারিদ শহরটাই এখন নাৎদীদের হাতে হদটেজ? ওদের গারে আঁচড়টি লাগলে সারা শহরটাকেই গুরা পুঞ্জিরে দেবে। ফরাসীরা যমকেও ফত ভয় করে না, যত ভয় করে নংকৃতির শ্বভিলোপকে। প্যারিদের প্রত্যেকটি পাধরের একটা ইতিহাস আছে। প্রতিরোধ করতে গিমে যে প্রতিশোধটা ভেকে আনা হবে তার ভয়ে

শংস্কৃতিসচেতন মামুধমাত্রেই কাডর। নাৎশীদের বর্বরতা সেকালের সেই পথদের পথ ধরেছে। দেবার ঘটে রোমের পতন। এবার ঘটেছে প্যারিসের পতন। আমার কাছে এটি একটি প্রতীকী ঘটনা। একালের রোম তো লগুন বা ওয়াশিংটন নয়, প্যারিদ। সামরিক অর্থে নয়, সাংস্কৃতিক অর্থে। প্যারিস আজ যা ভাবে, আজ যা আঁকে, আজ যে ফ্যাশন ডিজাইন করে অবশিষ্ট পৃথিবী কাল তা ভাবে, কাল তা আঁকে, কাল তা অমুকরণ করে। কমিউনিষ্ট রাশিয়াও বাদ যায় না। তা যদি হয় তবে প্যারিদের পতন হচ্ছে আধুনিক ইউরোপীয় সভ্যতার পতন। আর সেটাই তো একমাত্র আধুনিক সভ্যতা। প্রাচা সভ্যতামাত্রেই প্রাচীন। আমরা একটি প্রাচীন সভ্যতার উত্তরাধিকারী. দলেহ নেই, কিন্তু আধুনিক হতে চাইলে আমাদের মুধ ফেরাতে হয় পশ্চিম मिटक है। त्रामायाय बाला (कमवान्स बाला, विरवकानम बाला, खतविन बाला, গান্ধী বলো, রবীন্দ্রনাথ বলো, প্রাচ্য সভ্যতার কোন প্রতিনিধি পাশ্চাত্য অভিমুখে যাত্রা করেননি ও আধুনিকতার আলোকে প্রাচীনের পুনবিচার করেননি ? কিন্তু প্যারিসের পতনের পর প্রতিক্রিয়ার স্থচনা হতে পারে। রিভাইভালিজম মাথা চাড়া দিতে পারে। ভারতবর্ষ স্বাধীনতা পেয়ে সতীদাহ ফিরিয়ে আনতে পারে।" বলতে বলতে আঁতকে ওঠেন স্বপনদা।

"না. না, স্থপনদা, গান্ধী থাকতে, নেহেরু থাকতে সেটা সম্ভব হবে না। নারীশক্তিও কুণ্ডলিনীশক্তির মতো জাগ্রত।" মানস রসিকতা করে।

"সেটা শুধু স্বামীদেব জাগিয়ে রাখার জন্মে।" স্বপনদাও রসিকতা করেন। গন্ধীর হয়ে বলেন, "গান্ধী, নেহেরু কি আরো পনেরো বছর বেঁচে থাকবেন।"

"তৃমি দেখছি ধরে নিয়েছ যে ছাপান্ন কি সাতান্ন সালের আগে ভারতের মৃক্তি নেই। এটা কিন্তু আধুনিক মনের যুক্তিসিদ্ধ বিশাস নয়, এটাও এক-প্রকার দৈববাদ। গণশক্তি জাগ্রত হলে আরো আগে ভারত স্বাধীন হতে পারে। বিনা প্রেমসে না মিলে নন্দলালা, বিনা ত্যাগদে স্বরাজ। গণসত্যাগ্রহ হচ্ছে ত্যাগশক্তির পরীক্ষা। দেশের লোক ত্যাগশক্তির পরীক্ষা একটার পর একটা দিয়ে এসেছে, এখনো একটা কি তৃটো বাকী। ইংরেজরা কি চৃড়ান্ত শক্তি পরীক্ষা না দেখে যাবে ?" মানস বিষন্ন বোধ করে।

मीभिकामि बाफ़ी टफरतन। धन्फ नथ दमथिया निया जारम।

"ভোমরা ত্'জনে মিলে নতুন কী ম্যানিফেন্টো রচনা করতে যাচ্ছ, মার্কস আর একেলস ?" দীপিকাদি সন্দেহ করেন। "ভালো কথা, মাছ, তুমি কি লিবারল হিউমানিফ ম্যানিফেন্টো সম্বন্ধে কিছু ভেবেছ ? খুব মনে করিয়ে দিয়েছ রাম ।" স্থপনদার মনে ছিল না এডক্ষণ।

"ভাবা কঠিন, লেখা তার চেয়ে কঠিন, কাঞ্চে পরিণত করা তার চেয়েও কঠিন। আমাদের আন্তে আন্তে এগোতে হবে।" মানস উত্তর দেয়। "বৌদি, আমরা এখন যা নিয়ে আলোচনা করছি তা ম্যানিমেস্টো নয়, তা দেশের স্বাধীনতা আর কতকাল পরে বা আগে।"

"ও: সেই হিস্টরিকাল ডিটারমিনিজম।" দীপিকাদি বিজপ করেন।
স্বপনদা উত্তপ্ত হয়ে বলেন, ''ইংরেজের পরেই প্লাবন। চতুর্দদশ লুই যেমন
বলেচিলেন নিজের সম্বন্ধে।"

"অর্থাৎ প্লাবনকে তুমি আরো পনেরো বছর ঠেকিয়ে রাথতে চাও। তুমি
স্থীন দত্তের 'উটপাখী'। তোমাকে লক্ষ করেই কবি বলেছেন 'অন্ধ হলে
কি প্রলয় বন্ধ থাকে!' তোমার ধারণা ঘটনার প্রোত আরো পনেরো বছর
অপেক্ষা করবে।'' দীপিকাদি যেন চ্যালেঞ্জ করেন। আর মানসের দিকে
তাকান।

'না, প্রলয় বন্ধ থাকবে কেন? প্রলয়ই যদি আমাদের নিয়তি হয়ে দথকে প্রলয় ঘটবে। আমার ভূমিকা দর্শকের ভূমিকা। আমি বালিতে মাধা গুঁজে থাকব না, একটু নিরাপদ দূরত্ব খুঁজে নিয়ে নাটকটা দেখব। ট্র্যাজেডী ছাড়া ওটা আর কী হতে পারে! স্বাধীন হলেই যদি ট্র্যাজেডী এড়ানো যেত তা হলে প্যারিসের পতন হতো না, ফ্রান্স বিধণ্ড হতো না, একথণ্ড জার্মান অধিকৃত হতো না। দেখে গুনে আমি দীনিক বনে গেছি। কত বড়ো আদর্শবাদ নিয়ে ইউরোপে গেছলুম! ফিরে যখন আদি তথন অর্থেক আদর্শ বাদ। বাকীটাকে প্রাণপণে আকড়ে আছি। দেটা কিন্তু ইংরেজদের মুখ চেয়ে। স্থদেশকে প্ররা রক্ষা করতে পেরেছে, সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে সোভিয়েট রাশিয়ার দিকে, প্রাণ্ড যদি হেরে যায় তো সভ্যতার সক্ষট আরো গভীর হবে। আমেরিকার উপরেই বর্তাবে উদ্ধারের দায়। ভারতের উপর নয়। ভারত বলতে ভারতের মুদলমানও বোঝায়। আমার প্রতিবেশী প্রা। প্রদের সক্ষে কথাবাত্বা বলে সত্ত্বর পাইনে, পাওয়ার ভ্যাকুয়াম হলে সেটা পূর্ণ করবে কে? কংগ্রেসকে ওদের মজ্জাগত অবিশাদ। কংগ্রেস নাকি বর্ণচোরা হিন্দু। ছিন্দু রাজত্বে ওরা বাদ করবে না, ওদের জন্যে চাই মুদলিম

রাজ্জ। যার এদাকা পাকিস্তান। আমিও তার মধ্যে পড়ি।" স্থপনদা করুণ স্বরে বলেন।

মানদ তাঁকে অভয় দেয়। "ক্ষমতা যথন আদবে তথন দায়িত্বোধও
আদবে। কোনো দায়িত্বশীল ম্দলমান কথনো পাকিস্তানের দাবী তুলে গৃহয়্দ্দ
বাধাতে চাইবে না। তবে মাইনরিটির একটা স্বাভাবিক শক্কা আছে।
ভোটের জোরে মেজরিটি একাই শাদন করবে এইখানেই শক্কার বীজ। হিন্দ্রা
যেখানে মাইনরিটি দেখানে তারাও শক্কিত। আস্তরিক প্রয়াদ পেতে হবে
স্বাভাবিক শক্কা দ্র করতে। এটা তোমাব আমার মতো লিবারল হিউমানিস্টদেবই কাজ। তাই দর্শকের ভূমিকা আমাদের নয়। প্রলয় নিবারবে
আমাদেরও অংশ আছে।"

वभनना बीकांत करतन ना। "ना, जारे, जामात कारना जान रनरे। আমার টাকা আমি বিলিতী ব্যাক্তে রাখি। সময় থাকতে আমার আাকাউন্ট সামি বিলেতে ট্যান্সফার করে দেব। তার পরে বিলেতে গিয়ে প্রাাকটিন করব। তোমার বৌদিকে নিয়েই দোটানা। উনি বরং দেহত্যাগ করবেন তবু দেশত্যাগ করবেন না। আমি কিন্তু মন্ধ্রকার দেখছি। আলো যা এসে-ছিল ইংরেজদের সঙ্গে সঙ্গেই এসেছিল। ওরা যেদিন চলে যাবে সেনিন ওদের শঙ্গে সঙ্গেই চলে যাবে। হাইকোর্টের তথন এ মহিমা পাকবে না, ব্যারি-जीदात अ व सर्यामा थाकरव ना । किमी यो छेर्नु एक मध्याल कता आभात कर्म নগ। বাংলাকে কি কেউ আমল দেবে ভেবেছ ? সব ক'টা পাটি^ট তো অল ইপ্রিয়া পার্টি। পার্টির উপ্রতিম ছরে কোনো মেম্বর কি বাংলায় কথা বলেন ? তুমি তো জানো আমি ছেলেবেলায় ছিলুম বাঙালী জাতীয়তাবাদী। আমার সেণ্টিমেণ্ট বাংলাদেশকে খিরে, ভারতকে ঘিরে নয়। ভারত একটা মহাদেশ। বেমন ইউরোপ। ইংরেজ ফরাদীরা বেমন ইউরোপীয় সামিও দেইরকম ভারতীয়। **আর ও**রা যেমন ইংরেজ ফরাদী আমিও তেমনি¹ বাঙালী। আন্স-কাল স্বাধীন বাংলার কথা কেউ এলেন না। আমিও মনে করি সেটা ধোপে টিকবে না। কাবণ আমরা বাংলাদেশের চারদিকের দীমান্ত রক্ষা করতে পারব না। ফরাসীরাও কি পারল ? তাদের তবু দৈর্গবল ছিল। আমাদের দৈর্গবল करे ? এবারকার যুদ্ধে বেশ্বলী রেজিমেণ্ট নেই, লক্ষ্করেছ ? বাঙালীদের দিক থেকে দাবীও নেই।"

মানস ব্রেক্ফাস্ট খেতে খেতে বলে, "কথাটা ঠিক। এবার বেঙ্গলী

রেজিমেণ্ট অদৃশ্র । তা বলে বাঙালী রিকুটমেণ্ট বন্ধ থাকছে না। বিশুর লোক যুদ্ধে যোগ দিছে । মোলারা গ্রামে গ্রামে গিয়ে মসজিদে মসজিদে মীটিং করে মুসলমানদের দলে দলে আমিতে ভতি করে পশ্চিম এশিয়ায় ও উত্তর আফ্রিকায় পাঠাতে সাহায্য করছে। ফিরে এসে ওরা পাকিস্তানের জন্মে লড়বে।"

''करे, अनव कथा एका कांगरक लाख ना ।'' तो नि व्यवांक हन।

"যাহা নাহি কাগজে তাহা নাহি বাহুবে।" মানস মশ্করা করে। "কিন্তু, বৌদি, বাঙালী আর রণবিম্থ নয়। যদি ম্সলমানদের বাঙালী বলে গণ্য করেন। আর নয়তো গুরা একদিন পাকিস্তানী বলে গণ্য হতে বাধ্য হবে। ওদেরও তো একটা সেন্টিমেন্ট আছে। তার থবর রাথে ক'জন হিন্দু।"

"পরিতাপের বিষয়, মানছি।" বৌদি বলেন, "ওরা যদি ভারতবিম্থ হয় আমি ওদের দোষ দেব না, কারণ ভারত সভািই হিন্দুপ্রধান দেশ, হিন্দু-প্রধানই থাকবে। কিন্ধু বাংলাদেশ সম্পর্কে তো সেকথা বলা চলে না। এ প্রদেশ মুসলিমপ্রধান। মুসলিমপ্রধানই থাকবে। বাঙালী মুসলমানের পক্ষে বাঙালী আতীয়তাবাদই স্বাভাবিক। এতদিন ছিলও তাই। ইদানীং কেমন বেন মনে হচ্ছে যে ওরা আর বাঙালী বলে পরিচয় দিতে ইচ্ছুক নয়। বুহত্তর মুসলিম সমাজে আসন পেতে হলে বাঙালী বলে পরিচয় দেওয়া যেন হিন্দু বলে পরিচয় দেওয়া। যেন বাংলাভাষাটাও হিন্দুর ভাষা। উদ্টাই মুসলমানের নিজ্ম। আমাদের প্রতিবেশীরাও বাংলায় কথা বলতে কেমন যেন সক্ষোচ বোধ করেন। তবে মীর সাহেবের কথা আলাদা। উনি প্রথমেই বাঙালী। ওঁর সম্প্রদায়ের সঙ্গে বনিবনা হয় না। ওঁরা প্রথমেই মুসলমান।"

মীর সাহেবের মতো বাংলাপ্রেমিক মৃসলমান কোনোদিনই পাকিস্তানী হবেন না। মানস স্থানিকিত। "কিন্তু তিরা আপন সম্প্রাদায়ে তিনি মাইন-রিটিতে। এককালে যারা দলে দলে মৃসলমান হয়ে যায় এখন যদি তারা দলে দলে পাকিস্তানী বনে যায় তো আমরা নিরুপায়। এ সমস্তা আমাকে ভাবিয়ে তুলেছে।"

"আমার কথা যদি বল আমি বাঙালা মুসলিম রাজতে বাদ করতে রাজী আছি, কিন্তু পাকিন্তানী মুসলিম রাজতে বাস করতে নারাজ।" অপনদঃ বলেন। "আশা করি সে রকম পরিস্থিতি কোনোদিন উদয় হবে না।"

''তা হলে ইংরেছকে পনেরো বছর কেন, আরো একশো বছর মাধায় করে' রাথতে হয়। আমি তাতে নারাজ।" বৌদি সাফ কথা শুনিয়ে দেন।

"স্বাধীনতা বলতে পাকিস্তানী স্বাধীনতাও বোঝায়, রাস্থ। দশ কোটি মাহ্য যদি আলাদা হবার স্বাধীনতা চায় তবে তাদের সে স্বাধীনতা কি অস্বীকার করা যায়? স্বাধীনতা বলতে যেমন বিবাহের স্বাধীনতা বোঝায় তেমনি বিবাহবিচ্ছেদের স্বাধীনতাও কি বোঝায় না? কিন্তু প্রশ্ন হচ্ছে কেন ওরা এত অব্ঝ হবে যে বিচ্ছেদ শ্রেয় মনে করবে? ধর্মের টানই কি সব? নাড়ীর টান কি তারই মতো একটা টান নয়? বাংলাদেশ বাংলাভাষা, বাঙালী জাতি— এসব কি কেবল হিন্দ্দেরই টানে? মুসলমানদেরও টানে না? মায়ের তুই ছেলে সমান নয়, একজন বড়ো, একজন ছোট। কিন্তু মা তো হু'জনেরই মা থ মাকে শুদ্ধ, অস্বীকার করার প্রবণতা এল কোন্থান থেকে থু' স্বপনদা স্বধান।

''এল পাঞ্চাব থেকে ! পাঞ্চাবী মুসলমানরাই এর উদ্গাতা। বিশেষ করে মহাকবি ইকবাল। আইডিয়াটা তাঁর, নামকরণটা রহমৎ আলী বলে একটি ছাত্রের। ইংরেজী বর্ণমালা থেকে প্রদেশের আছা অক্ষর নিয়ে একত্র গেঁথে হয়েছে পাকি, তার সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে স্থান। কিন্তু বাংলার 'ব' অক্ষর বিজিত।'' মানস উত্তর দেয়।

॥ আটি ॥

ব্রেকফাণ্টের পর স্থপনদা বলেন, "চল, আমরাও একটু বেভিয়ে আদি। মীর আবতুল লভিফ সাহেবকে ভো চেনো।"

মানস বলে, "একটা শভায় আলাপ হয়েছিল। চিঠিপত্তে সে আলাপ্ত'শ হৃত্যতায় পরিণত হয়েছে। উনিও সাহিত্যিক, আমিও সাহিত্যিক। আমার লেখার উনি পাঠক। ওঁর লেখার আমি। বয়সে প্রবীণ, অভিজ্ঞতায়ও বৃহদ্শী।"

"কিন্তু ওঁর প্রাকটিস তেমন জমল না। তাই পার্টটাইম চাকরি নিডে হয়েছে। ল কলেজে পড়ান। আমারও তো দেই দশা।" স্বপনদা আক্ষেপ করেম। মীর সাহেব তাঁর বৈঠকখানায় বসে তাঁর এক সম্পাদক বন্ধুর সঙ্গে গল্প করছিলেন। বেল ভনে বেরিয়ে এসে একগাল হেসে বলেন, ''আইয়ে চভরং, তশ্রিফ লাইয়ে।''

অপনদা অবাক হয়ে স্থান, ''হঠাৎ উদ্ কেন ?''

''আরে. দেইটেই তো আজকের দিনের জনস্ত প্রশ্ন। তাই নিয়েই তো আমার সম্পাদক বন্ধু কামালউদ্দীন আহমদের সঙ্গে আলোচনা হচ্চিল। কী খাবেন, বলুন ?'' মীর সাহেব তাঁর ধানসামাকে ডাক দেন।

"থাক, আমরা এইমাত্র ত্রেকফাস্ট থেয়ে এসেছি।" স্বপনদা আপত্তি করেন।

মীর সাহেব নাছোড়বান্ধা। বাড়ীর তৈরি মোরন্ধা খেতে হবে। 📑

'পড়েছি মোগলের হাতে থানা থেতে হবে সাথে।" স্বপনদা হাসেন।

কামালউদ্দীন সাহেব বলেন, ''কথাটা মিথ্যে নয়। ধানা ধাইয়ে সায়েন্তা ধান্ আমার পূর্বপুরুষকে ব্রাহ্মণ থেকে যবন করেন। হিন্দুরা তথনকার দিনে আমাদের যবনই বলত। মুদলমান বলে চিহ্নিত করা হয় ইংরেজ আমলেই।"

মীর সাতেব বলেন, "ওরা আমাদের যবন করেছে, কিন্তু জবান তো কেড়ে নেয়নি। আমরা চিরকাল বাংলায় কথা বলে এদেছি, বড়জোর হু'চারটে আরবী ফরাসী কথা ব্যবহার করেছি। জলকে 'পানী' তো হিন্দু পানী-পাড়েরাও বলে। বিহারে গেলেই শোনা যায়। 'জী' বলে জবাব দেওয়া তো বিহারী হিন্দুদেরও অভ্যাস। আমরা যদি নবীছী বলি তো সেটা রামজী, গুরুজীর অনুসরণে। ধর্মে আমরা মৃসলমান, ভাষায় বাঙালী। কিন্তু কলকাতার মুসলমান সমাজে দেখছি আমরা বাঙালী বলে পরিচয় দিলে যাকে বলে কল্কে পাইনে। উদ্ভি বাংচিং করে প্রমাণ করতে হবে যে আমরা যথার্থই মৃসলমান। নয়তো কাফের। বাংলা নাকি কাফেরদের জবান।''

স্থপন্দা কামালউদ্দীন সাহেবের মুখের দিকে অবাক হয়ে তাকান।

"মীর সাহেব বলতে সঙ্কোচ বোধ করবেন, ডাই আমিই বলি, শুসুন। তাঁর পূর্বপূক্ষর স্থলতানা আমলের রইস। পাবনা জেলার একটি থানদানী বংশ। দারা উত্তরবঙ্গে স্বাই ওঁদের এক ডাকে চেনে। কিন্তু ব্যারিস্টার হয়ে কলকাতায় বসার পর থেকে তাঁকে কলকাতার ম্সলমান সমাজে ব্যারিস্টার হিসাবে পরিচয় দিতে সংয়ছে। বংশ পরিচয় কেউ জানেও না, জানতেও চায় না। এখন এই ব্যারিস্টার সাহেবের ডাক্টার ছেলে কলকাতার অভিজাত পরিবারেই বিয়ে করবে বলে বদ্ধপরিকর। তা কলকা মীর সাহেব ও তার বেগম সায় দিলেন। বিয়ের পর দেখা গেল বৌমা শুগুরশাশুডীর সঙ্গে উদুভি কথা বলবেন, বাংলায় বললে তাঁর মানহানি হয়। কলকাভায় তু'পুরুষ বসবাস করে ওরা উদুভাষী বনে গেছে। নইলে ওদের আদিনিবাদ তো নদীয়া মেহেরপুরে। কলকাতার বাঙালী মুদলমান এখন বাঙালী বলে পরিচয় দিতে নারাজ। তা হলে সে কী? বিহারী ? পাঞ্চাবী ? না, সে ভরু মুসলমান। মুসলমান কি একটা জাতির নাম ? জিজ্ঞাসা করলে বলে, মুসলমানরা একটা জাতি, একটা নেশন। যেমন হিন্দুরা একটা জাতি, একটা নেশন। তা হলে वांडानी कांथाय मांडाय ? धत छे छत वनत्व, वनानी का हिन् । ७ लान হিন্দু হায়। আমরা এখন দোটানায় পড়েছি, গুপ্ত সাহেব। শ্রাম রাখি না কুল রাথি । ধর্ম রাখি না ভাষা রাখি । ধর্ম রাখতে হলে ভাষা ছাড়তে হবে। মীর দাহেব অবশ্র উদু ভালো গানেন, কিন্ধু তাঁর বেগম তো এত বয়দে উদ্শিখতে পারবেন না। তাঁর টুটি ফুটি উদ্ভিনে বৌমা তো হেদে খুন। শাশুড়ীর হাড় জালিয়ে বৌমা দেই যে বাপের বাড়ী গেছে, আর ফেরার নাম নেই। ছেলেটা বিষম অহুখী। না পারে মাকে উর্দু শেখাতে, না পারে বৌকে বাংলা ধরাতে। শেখাতে হবে না ওকে। ও বাংলা ভালোই জানে। কিন্তু বলবে না। পাছে কেউ ভাবে ও বাঙালা হিন্দু কাফের। আমাদের এখন কর্তব্য কী? ছেলের আবার বিয়ে দেওয়া? এবার আর কলকাডায় মর। উত্তরবদ্ধের অভিজাত মুসলিম সমাজে ?'' কামালউদ্দীন সাহেক স্থান ৷

"আরে, না, ও কথা ভাবা বায় না।" মীর সাহেব শিউরে ওঠেন।
"আমি বহুবিবাহে বিশাস করিনে। আর বিভীয় বিবির জন্যে প্রথম বিবিকে
ভালাক দেওয়াও আমার মতে অধর্ম। তালাক কোনো কোনো কেত্রে
অপরিহার্ম। কিন্ধু এক্ষেত্রে তা নয়। ছেলের জন্যে আমি অন্য বাসার
বন্দোবন্ত করছি। বৌ নিয়েও আলাদা থাকবে। ওদের বাসায় ওরা কোন্
ভাষায় কথা বলবে ওরাই ঠিক করুক। তবে ছেলেও তার মায়ের মুথ রক্ষা
করতে এক তৃতীয় পদ্বা উদ্ভাবন করেছে। সে বাংলাতেও না, উদ্রেতিও না,
ইংরেজীতে কথা বলবে। তার বৌ অবশ্য ইংরেজীশিক্ষিতা। ইচ্ছা করলে
ইংরেজীতে কথা বলতে পারবে। কিন্ধু পাকিন্তান বদি একদিন হাসিল হয়
তবে উদ্ ভ্রবান ফরজ হবে। ইংরেজী হবে হারাম। তথন কী উপায় "

এবার মানস মৃথ থোলে। পাকিছান যদি হাসিল হয় তাতে বাংলার মুসলমানদের কী? পাকিন্তানের ডেফিনিশনে তো বাংলাদেশের উল্লেখ নেই। ওটা মুসলমানদের হোমল্যাও হতে পারে, কিন্তু স্বতন্ত্র এক হোমল্যাও। সেখান-কার ভাবা বাংলা না হয়ে উদ্হিবে কোন্ যুক্তির জোরে?"

"যুক্তিটা হচ্ছে এই যে, মুদলমানরা যেখানেই থাকুক না কেন তারা এক त्मन। युख्ताः वक्षायी। वाढानी विद्याती वल कात्ना एक तरहे, वाःना जावी छेन जावी वाल एक थाकर किन १ जामात जन कावी शतिवादत । আমি চাষীদের স্বার্থ রক্ষার জন্ম কৃষক প্রজা পার্টিতে যোগ দিয়েছি। তাদের স্বার্থ রক্ষার জন্যে একটি পত্রিকাও সম্পদনা করি। আমার কাছে হিনু চাষী আর মুসলিম চাধী বলে হুই পুথক শ্রেণী নেই। কিন্তু মুসলিম জাতীয়তাবাদী-দের মতে মুসলমানদের মধ্যে চাষা ও জমিদার বলে ছই পৃথক ভাগ নেই। সবাই ভাই ভাই। সকলেরই এক স্বার্থ। সেটা মুদলিম স্বার্থ। তার বিপরীত স্বার্থ হিন্দু স্বার্থ। অতএব দেশভাগ করতেই হবে। পাকিস্তানই মুদলমানদের নিজস্ব বাসভূমি। এখন আমার কাগজ চালানো দায়। যদি বলি এটা ঠিক নয় তা হলে কাগজ চলবে না। দলেও ভাঙন ধরেছে। ইতিমধ্যেই অনেকে মুদলিম লীগে নাম লিখিয়েছে। পাকিস্তান চাই বললে ভোট পাবার সম্ভাবনা বেশী। চাইনে বললে সম্ভাবনা কম। পাকিন্তানের ডেফিনিশনে বাংলাদেশের উল্লেখ নেই, সেটা একটা স্বতন্ত্র হোমল্যাও, এটাই লাহোর প্রস্তাবের মর্ম। কিন্তু ইতিমধ্যে মুসলিম লীগের বোলচাল বদলে গেছে। স্বতন্ত্র বঙ্গ বললে যত লোক ভোট দেবে স্বতন্ত্র পাকিন্তান বললে তার চেয়ে ঢের বেশী লোক ভোট দেবে। কেন্দ্রীয় আইনসভায় থারা মুসলিম লাগ টিকিটে নির্বাচিত হবেন তাঁরা জিলা সাহেবের নেতৃত্বে পাকিন্তান পদন্দল হিদাবেই কাজ করবেন।" কামালউদ্দীন উত্তর দেন।

মোরবা থেতে থেতে স্থপনদা বলেন, ''হৃংস্থপ্ন! হৃংস্থপ্ন! পাকিন্তান একটা হৃংস্থপ্ন! ইকবাল দেখতে চেয়েছিলেন। দেখতে পেলেন না। কিন্তু নজকল যেন না দেখেন।''

"নজকল এখন প্রকৃতিছ নয়। বেচারার বড়ো ছ'দিন যাচ্ছিল। সংসার-চিস্তাই ওকে পাগল করে দিয়েছে। এর উপর যদি আসে পাকিস্তানের চিস্তা তা হলে ওর পাগলামি আর সারবে না।" মীর সাহেব বলেন উদ্বোভরে।

"ওর নিজের বাড়ীতেই তে। ছই নেশন।' মানস কটাক করে।

"ওর মতে। বাঙালা জাতীয়তাবাদী আর কে গু বাঙালী জাতিটাই আজকাল অপ্রকৃতিছ। বাঙালী হিন্দুরা যখন বাঙালীর গৌরবে আছাহার। হন তখন বাঙালী মৃদলমানদের অন্তিত্ব ভূলে যান। যেন ওরা বাঙালীই নয়। ব্যতিক্রম একমাত্র নজকল। কিন্ধু থোঁজ করলে দেখবেন আরো ব্যতিক্রম আছেন। তাঁরা বাঙালী হিন্দুদের চোখে মৃদলমান, আর বাঙালী মৃদলমানদের চোখে হিন্দু। তাঁদের মধ্যে এমন লোকও আছেন যারা মাছমাংসই খান না, গোমাংস তো দ্রের কথা। আর হিন্দুত্বের সংজ্ঞাও আজকাল এমন হয়েছে যে যারা দেবদেবী মানে না তারা হিন্দুই নয়। আমার বান্ধ বন্ধুদের অবস্থাও আমারই মতো। না ঘরকা না ঘাটকা।" আফসোদ করেন মীর সাহেব।

"মানসের ও আমারও তো একই অবস্বা।" বপনদা বিলাপ করেন।

"দেখুন, গুপু সাহেব, তলে তলে এক প্রকার পোলারাইজেশন হয়ে যাছে। এক দিকে তথাকথিত ভারতীয় জাতীয়তাবাদী বাঙালী হিন্দু। আরেক দিকে বাঙালা বলে পরিচয় দিতে কৃষ্ঠিত তথাকথিত মুসলিম জাতীয়তাবাদী বাঙালী মুসলমান। বাংলার বাইরে বাঙালামাত্রেরই প্রভাব প্রতিপত্তি ত্রিশ বছর আগে তুকে উঠেছিল। কবিগুরু ধ্বন নাবেল প্রাইজ পান। তার পর গান্ধীজীর স্থা ঘ্বন পশ্চিমে উদয় হয় তথন বাঙালার স্থা প্রদিকে হেলে। এই সেদিন অস্তাচলে গেল। কবিগুরুর ভত্তে আমরা কি কম অশ্রুপাত করেছি? তাকেই আমরা ভালোবাসি, ইকবালকে নয়। কিন্তু হঠাং দেখছি ইকবালই হয়েছেন মুসলমানদের 'জাতীয়' কবি। রবীক্রনাথ নাকি প্রচ্ছন্ন পৌত্রলিক।" মীর সাহেব মুয়ড়ে পড়েন।

"আমার তো মনে হয় এটা একটা সাময়িক আত্মবিশ্বতি। যেমন হিন্দুর পক্ষে, তেমনি মৃসলমানের পক্ষে। নইলে 'পলাশীর যুদ্ধ' পড়ে সিরাঞ্চের জ্ঞে কাঁদেনি কোন্ বাঙালী হিন্দু ? কেউ কি চেয়েছিল পলাশীতে নবাবেব হার হয় ? তথন তো কারো আপত্তি ছিল না মৃসলিম নবাবের অধীনে বাস করতে। মৃসলিম বাদশাকে আহুগত্য জানাতে। রাজপ্তরা বিদ্রোহ করেছিল, মরাঠারা বিদ্রোহ করেছিল, কিন্তু বাঙালী হিন্দুরা বিদ্রোহ করেননি। অর্থনীতি তো তাদের নিয়ন্ত্রণেই ছিল। আর পশ্চিমা জৈন শেঠদের। রাজ্যহারা হয়ে মৃসলমানদের যদি তুর্গতি হয়ে থাকে অর্থহারা হয়ে হিন্দুদেরও তেমনি তুর্গতি। ইংরেজ আমলে কেউ বা কয়েকটা চাকরি বেশী পেয়েছে, কেউ বা কয়েকটা কম। কিন্তু তাদের সংখ্যা লক্ষ্ণ লক্ষ্ণ নয়। সব্দ ক'টা চাকরি হারাতেও

আমাদের আপতি থাকত না, যদি আমরা বাণিজ্যে অপ্রতিশ্বনী হতুম। তার পর কৃষিকর্মে। বাগড়াটা তো হচ্ছে চাকরি বাকরির ইস্থাতে। সেটাকেই চাকা দেওয়া হচ্ছে পাকিস্তানের ইস্থা দিয়ে। যেমন শাক দিয়ে মাছ ঢাকা।" মানস বিশ্লেষণ করে বলে।

"সেইরকমই ছিল দশ বছর আগে। কিছু ইতিমধ্যে সাম্প্রদায়িক রোয়েদাদ এসে হিন্দুদের মনে দারুণ আঘাত হেনেছে। এর জন্মে ওরা ইংরেজকে
তো ক্ষমা করেইনি, মুসলমানকেও দায়ী করেছে। 'আমরা একা লড়ে মরেছি
আর তোমরা কিনা আমাদের লড়াইয়ের ফল ভোগ করছ।' হিন্দুদের ধারণা
দাঁড়িরে গেছে যে রাজার শত্রু বলে ওদের শান্তি দেওয়া হয়েছে, আর রাজার
মিত্র বলে মুসলমানদের পুরস্কার দেওয়া হয়েছে। প্রাদেশিক স্বায়ন্তশাসনে
ওদের প্রকৃত প্রতিনিধিদের ছান বিরোধীদের আসনে। সরকারগঠনে নয়।"
মীর সাহেব হার্থিত।

"আমার ছেলেবেলায় আমি ছিলুম বাঙালী জাতীয়তাবাদী। সেটা ছিল স্বদেশী আন্দোলনের যুগ। বড়ো হয়ে হই ভারতীয় জাতীয়তাবাদী। সেটা ছিল व्यमहरमात्र वात्मानत्मत्र युत्र। वाद्मा वर्ष्ण हरत्र हेष्टेद्मार्थ वाम कद्म व्यमि हहे উদার মানবিকবাদী। আমার পক্ষে এখন পেছন ফিরে যাওয়া সম্ভব নয়, মীর সাহেব। বাঙালী জাতীয়তাবাদীরা যদি হিন্দু মুসলমানের মিলিত বাসভূমি চায় তো তাকে পাকিন্তান বলে আখ্যায়িত করলেও দে গোলাপের মতো তেমনি স্থান্ধ বিভরণ করবে, কিন্তু ভার যদি স্বভন্ত একটা কেন্দ্র হয়, সে কেন্দ্র যদি হয় বাংলাদেশের বাইরে কোনো এক শহরে, তার ভাষা যদি হয় উদ্ আর কর্তারা हन भाक्षावी ७ अबबार्ण मूननमान, তবে সেই माध्यनामिक द्वारमनाद्व मराजा এটাও হবে আরেক সাম্প্রদায়িক রোয়েদাদ। কেমন করে এর আমি সমর্থন করি, বলুন ? তা হলে কি আমি এর বিরোধিতা করব ? না, দেটাও আমার স্বভাবে নেই। আমি নিবিরোধী। আমি ঘরবাড়ী বেচে দিয়ে বিলেড চলে ষাব। সেথা নই প্র্যাকটিন করব। ভাবনা কেবল আমার ঘরণীকে নিয়ে। ঘর ফেলে ঘেতে পারি ঘরণীকে তো ফেলে যেতে পারিনে। আমি যদি তাঁকে টেনে নিয়ে যেতে না পারি তবে তিনিই আমাকে টেনে রাখবেন এথানে। এই কলকাতা শহরে। কিন্তু পাকিন্তান তিনি মেনে নেবেন না। ইংরেজরা যাকে ইচ্ছে তাকে পুরস্কার দিক, কিন্তু তার অধিকারে ঘা লাগলে তিনিও ঘা দেবেন। হিন্দর জন্মভূমিতে ৷হন্দর কোনো অধিকার নেই, একমাত্র অধিকারী মুসলমান,

এটা রাজনীতি হতে পারে, স্থনীতি নয়। নৈতিক সমর্থন জোর করে আদায় করা যায় না। জোর করে আদায় করা যায় বশুতা। তার আগে মুদ্দে জিততে হবে। গৃহযুদ্ধে। যেটা এই সাতশো বছরে ঘটেনি। কী আফদোস।" স্থপনদা কফিতে চুমুক দেন।

"আপনার সঙ্গে আমি একমত, গুপ্ত সাহেব। পাকিন্তানকে আমি বলি গোরস্থান। জিলাকে বলি জিন। বাঙালী মৃদলমান যদি স্বতন্ত একটা নেশন হিসাবে স্বতন্ত্র একটা বাদভূমি চায়. যেটা পাঞ্চাবের সঙ্গে একস্তরে গাঁপা আব যেটার রাজভাষা উদ্ তা হলে আমিও প্রতিবাদ করব। কিন্তু ঘরবাড়ী ছেড়ে বিলেত যাওয়া আমার পক্ষে সম্ভব নয়। দেশে আমার গবিবথানা আছে। কলকাতা শহরেও ছোট্ট একথানা এমারত কিনেছি। আর আমার বেগম সাহেবা তো বাংলা ভিল্ল আর কোনো ভাষা বোঝেন না। গৃহত্যাগ না গৃহিণীত্যাগ আমার সমস্তা নয়। আমি পাকিন্তানেই থেকে যাব ও স্থদিনের অপেক্ষা করব। একদিন না একদিন বাঙালী মৃদলমান তার ভূল ব্বাতে পারবে। আপনি সব মান্তবকে কিছুদিনের জল্যে বোকা বানাতে পাবেন কিছু মান্তবকে সব দিনের জল্যে বোকা বানাতে পারেন না, জিলা সাহেব। আর ওই ইংরেজের ক্রশয় পাকিন্তান! ওটা যেন গোক মেরে জুতো দান। পলাশীতে যাদের মার থেয়েছি তাদের হাত থেকে মীর প্রাক্থরের ইনাম!" মীব সাহেব থেদোক্তি করেন।

কামালউদ্দীন নীরবে শুনছিলেন। বলেন, "গাছে কাঁঠাল গোঁফে তেল।
ইংরেজ কি রাজন্বের মায়া কাটিয়ে ফকিরা নিচ্ছে। যুদ্ধে জিতলে আরো
গাঁট হয়ে বসবে। যুদ্ধে হারলে জার্মানদের হাতে সঁপে দেবে। আসলে এটা
নির্বাচনে মুসলিম লীগকে জিতিয়ে দেবার ফন্দী। কেবল বাংলাদেশে নয়, আর
সব প্রদেশে। পাকিন্ডানের মোহে সবাই চোথ বুজে ভোট দেবে। পাকিস্তানের
ডেফিনিশন এখনো গোলা রয়েছে। ওর মধ্যে আসামও পডতে পারে।
দিল্লাও। কিন্তু লীগওয়ালার। ধরে নিয়েছেন যে শিথেরা রণজিং সিংহের
রাজ্য বিনা যুদ্ধে পাকিন্তানের বাদশাদের চরণে সমর্পণ করবে। শিথদের
সম্মতি না নিয়ে মুসলমানদের পুরস্কার দিতে গেলে আবার এক সিপাইবিল্লোহ।"

"সেকথা ঠিক। ইংরেজরা কেন সে ঝুঁকি নেবে ?" মানস মন্তব্য করে। স্থানদা বলেন, "শিখদের পুরস্কার দিতে হবে। তাদের মতো রাজভক্ত কারা । দিপাইবিল্রোহেও ভারা অংশ নেয়নি। তাদের চটালে নির্ধাত দিপাইবিল্রোহ।

"আমাদের এক পাঞ্চাবী সহকর্মী পাঞ্চাব থেকে ফিরে এসে বলেছেন সেখানে নাকি এক টুকরো লোহা কিনতে পাওয়া যাচ্ছে না। হিন্দু মুসলমান পিথ সবাই কিনে নিয়ে গোপনে হাতিয়ার বানাচ্ছে। প্রত্যেকেরই দাবী গোটা পাঞ্চাব। ইতিহাসের যতগুলো বড়ো বড়ো যুদ্ধ সব ক'টাই তো পাঞ্চাবেই ঘটেছিল।" মানস বলে।

"দেশব যুদ্ধ দৈনিকে দৈনিকে। জনতায় জনতায় নয়। সশস্ত জনতার সঙ্গে সশস্ত জনতার যুদ্ধ একটিমাত্র যুদ্ধক্ষেত্র নিবদ্ধ থাকবে না। যেমন পানিপথে বা তরাইনে। সারা প্রদেশ জুড়েই হানাহানি কাটাকাটি লুটপাট ঘর জালানি চলবে। নারী হরণও বাদ যাবে না। এর নজীর জার্মানীর সপ্তদশ শতাদীর ত্রিশবছরের যুদ্ধ। যে যুদ্ধে তিন ভাগের এক ভাগ মাহুষ মারা যায়। দেশ ছার্মধার হয়। খোপে খোপে বিভক্ত হয়। যদিও উপরে একজন সম্রাট তবু তাঁর ক্ষমতা সীমাবদ্ধ।" স্বপনদা ইতিহাদ শ্বরণ করেন।

"বাংলাদেশেও তো দেরকম ঘটতে পারে।" মানদ আর্ডম্বরে বদে।

"না, বাঙালীরা পাঞ্জাবীদের মতো ধর্মাদ্ধ নয়।" মীর সাহেব আশ্বাস দেন। "পাঞ্জাবে শিথদের উপর যে রকম উৎপীড়ন হয়েছিল বাংলাদেশে তার কোনো তুলনা নেই। ফলে শিথরা হয়ে ওঠে সম্প্রদায়কে সম্প্রদায় কুপাণধারী। ডাক দিলে সকলেই ঝাঁপ দিয়ে পড়ে সংগ্রামে। ব্যংলাদেশের ঐতিহ্ন অসামরিক। আমরা বাঙালীরা অসামরিক জাতি। আপনারা নিশ্চিম্ভ থাকুন। আমরা ভাইয়ে ভাইয়ে লড়ব না। আপস করব।"

কামালউদ্দীন সাহেব বলেন, "ধর্মাদ্ধতা না থাকলেও এখানে ধর্মের নামে রাজনীতি আছে। কৃষক প্রজার যে গ্রায়সঙ্গত অভিযোগ তা সে মৃসলমান বলে নয় বা হিন্দু বলে নয়, সে শোষিত ও বঞ্চিত বলে। কিন্তু ভোটের দালালরা তাদেন বোঝাচ্ছে তারা মৃসলমান বলেই হিন্দু জমিদার ও মহাজন কুলের হাতে এই তুর্ভোগ। যেন মৃসলিম জমিদার ও কাবুলী মহাজনকুল তাদের থাজনা ও ফ্দ মাফ করে। থাজনা বাকী পড়লে জমি থাস করে না, স্থদ বাকী পড়লে লাঠিপেটা করে না। আরেক দল ভোটের দালাল এখন হিন্দুদের বোঝাচ্ছে হিন্দুর ধন মান প্রাণ বিপন্ন। কংগ্রেস তাকে রক্ষা করবে না। সে তো কেবল মৃসলমানদের তোয়াজ করতেই জানে। গান্ধী তো

ম্পলমানদেরই আপন জন। হিন্দুকে বাঁচাবেন একমাত্র বীর সাভারকর। এই যে ধর্মের নামে রাজনীতির খেলা এর উদ্দেশ্য যদিও ক্ষমতার রাজনীতি, তব্ ভোটাভূটির মধ্যেই এটা নিবদ্ধ থাকবে না। তার পরের পর্যায় লাঠালাঠি। যার জমি নেই সে জমি কেড়ে নেবে, যার আছে সে হিন্দুধর্মের দোহাই দেবে। অমনি করে বেধে যাবে ধর্মীয় সংঘর্ষ। গরিব হিন্দুকে মারবে গরিব ম্পলমান। ছর্বল ম্পলমানকে মারবে ত্র্বল হিন্দু। বুখা জোক দিয়ে ভূলিয়ে রাখছেন মীর সাহেব। ধর্মের খেকে রাজনীতিকে পৃথক করতে না শিখলে হিন্দু বা ম্পলমান কোনো পক্ষই নিরাপদ নয়। ধর্মও ভালো, রাজনীতিও ভালো, কিন্তু ধর্মের ভেক পরে রাজনীতি ভালো নয়। আমাদের পরীক্ষার দিন আসছে।"

"তা বলে ধর্মবিজিত রাজনীতিও কি ভালো?" মীর সাহেব প্রশ্ন করেন। 'ধর্মবিজিত মার্কসবাদ আর তার প্রতিবাদী ধর্মবিজিত ফাসিবাদ ও নাংসীবাদ আজ সারা ইউরোপকে যুদ্ধক্ষেত্রে পরিণত করেছে। জাপান যদি যোগ দেয় তো সারা বিশকেও। ধর্মের প্রভাব থেকে মৃক্ত হলে রাজনীতি একটা অভিশাপ হয়ে উঠতে পারে, কামাল সাহেব। রাজনীতি থেকে মহাত্মা গান্ধী বা মওলানা আজাদকে বিদায় দিলে লাভ যতটুকু হবে ক্ষতি হবে তার ৬েয়ে বেশী।"

"মীর দাহেব," মানদ বলে, "অষ্টাদ্শ শতান্ধীতে বার্ক বলেছিলেন, শিভালরির যুগ শেষ হয়ে গেছে। এই শতান্ধীতে আমিও তেমনি বলতে পারি, ধর্মমিশ্রিত রাজনীতির যুগ শেষ হয়ে গেছে। গান্ধীজীর পেছনে যেটা আছে দেটা ধর্মের জোর নয়, নীতির জোর। তিনি নিজেই একটা মরাল <u>ফোর্স</u>। যেদিকে তিনি দেদিকেই জয়। তার সহকর্মীরা <u>ঈশর না মানলেও</u> তিনি কিছু মনে করেন না, কিন্তু সত্য মানতে হবে, আহিংসা মানতে হবে, ত্যাগ মানতে হবে, সংযম মানতে হবে। আগে তিনি বলতেন, <u>ঈশুরই সত্য।</u> এখন বলেন, সত্যই ঈশর। যারা সত্যাগ্রহী তারা ঈশরবিশাদী না হলেও ঈশরবিশাদীর সমান। ধর্মবজিত রাজনীতি ভালো না হতে পারে, কিন্তু নীতিবজিত রাজনীতি নিক্রেই মন্দ। এই পার্থক্যটা সহজে লোকের চোথে পড়ে না বলে ধর্মকেও নীতির থাপ হিসাবে ব্যবহার করতে হয়। হতরাং স্বাইকে বলা হচ্ছে ভালো হিন্দু বা ভালো মুসলমান বা ভালো প্রীন্টান বা ভালো শিথ হতে। অর্থাৎ ভালো মাহ্ব হতে। গান্ধীজীও একজন মানবিকবাদী। একজন হিউমানিন্ট।" মানসের সিদ্ধান্ত।

"হিউমানিস্ট আছকাল কে নয়।" অপনদা বলেন, "মার্কসও হিউমানিস্ট। লেনিনও হিউমানিস্ট। সেইজন্তে তার সামনে একটা বিশেষণ বসাতে হয়। কী রকম হিউমানিস্ট। লিবারল হিউমানিস্ট, না র্য়াডিকাল হিউমানিস্ট, না সোশিয়াল ডেমোক্রাটিক হিউমানিস্ট, না রেডোলিউশনারি হিউমানিস্ট, না স্থাশনালিস্ট হিউমানিস্ট। হিটলার ম্সোলিনিও হিউমানিস্ট বলে দাবী করছেন। যদিও আমার মতে ওঁরা হিউমানিস্টই নন, ওঁরা রিভাইভালিস্ট। ম্সোলিনি চান রোমান এম্পায়ারের পুনরাবৃত্তি। নিজেই হবেন সীজার। আর হিটলার চান হোলি রোমান এম্পায়ারের পুনরাবৃত্তি। নিজেই হবেন সাজার। আর হিটলার চান হোলি রোমান এম্পায়ারের পুনরাবৃত্তি। নিজেই হবেন সাজার। আর হিটলার চান হোলি রোমান এম্পায়ারের পুনরাবৃত্তি। নিজেই হবেন সমাট অটো ছ গ্রেট। ইটালীও আসবে ওঁর পদতলে। পোপও হবেন ওঁর আজ্ঞাধীন। যে যার খুশিমতো পাটি গঠন করেছেন। তার সঙ্গে যুক্ত হয়েছে একপ্রকার না একপ্রকার মতবাদ। মতবাদীদের বলা হয় ফাসিস্ট বা নাৎসী। হিউমানিজমের বিকৃত রূপ। তার প্রায় স্বটাই অন্ধ বিশ্বাস ও বিবেষ। সেই সঙ্গে কিছু সদর্থকও আছে। সেটা জার্মানীর ও ইটালীর নব নির্মাণ। বেকার বলে কেউ নেই। অভুক্ত বলে কেউ নেই। জনতা যা পেয়ে তুই—রেড আর পার্কাস। রোমানদের মতো।"

"একই রকম খোয়াব দেখছেন আমাদের লীগপদ্বী বন্ধুরাও।" কামাল সাহেব বলেন। "ওঁরা বিশ্বে হোলি খেলাফং এম্পায়ার ফিরিয়ে আনবেন। পাকিন্তান তার শেষ নয়, তার শুঞা। হিটলার, মুসোলিনির মতো জিয়ার পেছনেও গড়ভলিকাপ্রবাহ। তফাং শুধু এই যে হিটলার, মুসোলিনির রাজনীতি ধর্মবজিত। ধর্মের স্থান নিয়েছে নাংসী ও ফাসিন্ট মতবাদ। তাদেরও শাস্ত্র আছে। শাস্ত্রী আছেন। শুধুমাত্র শস্ত্র নয়, শস্ত্রধারী নয়। লীগপদ্বীরাও একদল উলেমাকে তাদের পক্ষে পেয়েছেন। একদল ইনটেলেকচ্য়ালকেও। অমিদার, তালুকদার, ধনিক, বণিকরা তো তাঁদের পক্ষে আছেনই। আছেনইংরেজ মুক্রব্রিরাও। আমাদের সাধ্য কী যে আমরা তাঁদের প্রোপাগাণ্ডার মুথে দাঁড়াতে পারি! প্রোপাগাণ্ডাই তো অর্থেক মুদ্ধ। আমার কাগজ উঠে যাবে। মীর সাহেবের লেখাও আর কোখাও বেরোবে না। উন্টো ফল হবে যদি হিন্দুদের পত্রিকায় বেরোয়। উনি জাতীয়তাবাদী মুসলমান আর আমি ক্রমক প্রজাদরদী মুসলমান। আমাদের স্থার্থ পরস্পেরবিরোধী নয়। আমরা একনৌকায় এতদিন ভেসেছি। কিন্তু হোলি খেলাফং এম্পায়ার যদি ফিরেছ আবে আমরা একনৌকায় এতদিন ভেসেছি। কিন্তু হোলি খেলাফং এম্পায়ার যদি ফিরেছ আবে আমরা একনৌকায় এতদেন লৈয়েছ এম্বা

"না, না, ইংরেছ থাকতে ওটা কথনো সম্ভব নয়। আর ইংরেছ কি বিনা প্রাঙ্গে যাবে ?" মীর সাহেব এককথায় উড়িয়ে দেন।

স্থপনদা কথাবার্তকে মোড় ফিরিয়ে দেন। 'আজ আমরা একটা উদ্দেশ্ত নিয়ে এসেছিল্ম, মীর সাহেব। আমার ছোটখাটো একটা গ্রুপ আছে। আমরা তার নাম রেখেছি 'লিবারল হিউমানিন্ট গ্রুপ'। বারো জনের বেশী মেম্বর থাকবেন না। তাঁদের মধ্যে অস্তত ত্'জন মুসলমান। আপনাকে তো অবশ্রুই, আপনার বন্ধুকেও আমাদের সঙ্গে পেলে প্রীত হই।"

"কিন্তু আমার কথাবার্তা শুনে কি মনে হয় আমি লিবারল হিউমানিস্ট ? তা যদি হয় তো আমি সানন্দে সমত।" মীর সাহেব বলেন।

"আমারও সেই কথা।" কামালউদ্দিন সাহেব যদি'র উপরে জোর দেন। "মার সাহেব আপনাদের মতোই বুর্জোগা। আমি সমাজের পুনবিতাসে বিশাসী।"

স্থানদা ভেবে বলেন, "সমাজের পুনবিকাদ নিবিরোধেও হতে পারে। আপনি আন্থন, এদে আমাদের কন্ভার্ট করুন। ইসলামে নয়, পাকিস্তানী ফাতীয়তাবাদেও নয়, সব মামুষ যে সমান এই স্বতঃসিদ্ধ বিশ্বাদে।"

মীর সাহেব ভানতে চান গ্রুপের মূল বক্তব্য কী।

"আপনাকে আমাদের সঙ্গে বদে একটা ম্যানিফেন্টোর থসড়া ম্দাবিদা করতে হবে, মীর সাহেব। আপনাকেও কামাল সাহেব। আমরা দেটাকে বলব লিবারল হিউমানিট ম্যানিফেন্টো।'' স্বপনদা বলেন। "আমাদের প্রথম কথা 'স্বার উপরে মাহ্য সভ্য, তাহার উপরে নাই'। সে নারী না পুরুষ, হিন্দু না ম্সলমান, ইউরোপীয় না ভারতীয়, বাংলাভাষী না উর্দুভাষী, গমিদার না চাষী, ধনিক না শ্রমিক, আর্য না অনার্য এসব হলো মাহ্য নামক সভ্যের উপরে নয়, নিচে। দ্বিতীয়ত, মাহ্যের স্বধর্ম মহ্যুত্ম, বেমন সিংহের সিংহত্ম, অশ্বের অশ্বত্ম, ময়ুরের ময়ুরত্ম, মর্পের সর্পত্ম। মহ্যুত্ম বিদি আমার থাকে তবে দেবত্ব নেই বলে আমি ছোট হয়ে যাব না। মানব হিসাবেই আমার বিচার, দেব হিসাবে নয়। আমার কাছে পারফেকশন প্রত্যাশা করা অহ্যুতিত। মাহ্যকে প্রকৃতি পারফেকট না করেই বানিয়েছে। সে হয়তো একদিন সাধনা করতে করতে অপেক্ষাকৃত পারফেক্ট হবে। তথন হয়তো দেখবে যে অনবন্থ পারফেক্শন আরো স্থদ্র। পরিপূর্ণ মহ্যুত্মই আমাদের অদ্বিষ্ট। কিছ্ক পরিমিত পরমায়ুর মধ্যে তা কি কারো পক্ষে সম্ভব ? প্রকৃতি অয়ুকৃত্ব না হলে, সমাক্ষ

অহক্স না হলে পরিপূর্ণ মহয়ত্ব কারো আয়ত্তগম্য নয়। তা হলেও সাধনা চালিয়ে যেতে হবে। তৃতীয়ত, শাদা আর কালো এই তৃটি ছাড়া আরো আনেকগুলি রং আছে, আকাশের দিকে তাকালেই আমরা তা দেখতে পাই। মাহুষের চরিত্রেও তেমনি অশেষ বৈচিত্র্য। ভালো আর মন্দ এই তৃটি ভাগে তাকে বিভক্ত করা চলে না। ভালো মাহুষেরও মন্দ দিক আছে, মন্দ মাহুষেরও ভালো দিক আছে, কেউ নিপ্ট ভালো নয়, কেউ নিছক মন্দ নয়। মাহুষ এক ভালো দিক আছে, কেউ নিপ্ট ভালো নয়, কেউ নিছক মন্দ নয়। মাহুষ এক ভালো করা, তাকে সরল করতে গেলে সত্যভাহানি হয়। দেবত্ব ও দানবত্ব আরোপ করে রামের ও রাবণের সত্যভা হানি ঘটালে রামায়ণ আর মহাকাব্য থাকে না। হয়ে যায় ধর্মগ্রস্থ। রামও মাহুষ, রাবণও মাহুষ। দেবত্ব ও দানবত্ব হচ্ছে কাল্পনিক।"

মীর সাহেব স্থিত হেসে বলেন, "বুঝেছি। এর জন্মে লাঠির বাড়ি থেতে হবে। কে কে রাজী আছেন সেটা আগে জেনে নিয়ে তার পরে ম্যানিফেস্টো বার করা যাবে।"

'লাঠির বাড়ি' ভনে অপনদার, মৃথ দিয়ে বেরিয়ে যায়, "ও গড!"

"ভগবানকে ডাকছেন যে !" মীর সাহেব সশব্দে হেসে ওঠেন, "হিন্দুরা তত নির্দিয় নয়। আপনি লাঠির বাড়ি খাবেন না। কিন্তু আমাকে থেতে হয়েছে। আবার থেতে হবে। মুসলমানদের হাতে। কেন আমাদের বিপদের মুথে ঠেলে দিতে চান, গুপ্ত সাহেব ।"

মাহবের ব্যাপারে ভগবানকে টেনে এনে স্থপনদা স্বিরোধী কাজ করেছিলেন। সামলে নিয়ে বলেন, "কেউ কারো চেরে কম নির্দয় নয়, মীর সাহেব। ছিন্দুরা তাদের ছেলেদের ত্যাজ্যপুত্র করে, বাড়ীতে এলে তাদের খেতে দেয় উঠোনে চাকরদের সঙ্গে! বিভাসাগর মহাশয় তাঁর স্থগ্রামে গিয়ে দান থয়রাত করে ফেরার সময় গাঁয়ের লোক তাঁর পাল্কীর গায়ে চিল ছোঁড়ে আর বিধবারাই তাঁকে শাপান্ত করে, 'তোর বৌ বিধবা হোক।' জোরসে পাল্কী চালিয়ে না দিলে হয়তো সেইদিনই শাপ ফলে যেত। তাঁর স্থী বিধবা হতেন। ছিন্দুর নির্দয়তার কি তুলনা আছে! সতীদাহ তো ওরা হাজার হাজার বছর ধরে চালিয়ে গেছে। সিপাইবিজ্যোহের অক্যতম কারণ হলো ফিরিলীরা কেন সতীদাহ বন্ধ করে দিয়েছে।''

মীর সাহেব হিন্দুদেয় প্রক নিয়ে কিছুক্ষণ ওকালতী করেন ও স্বপনদা মূসলমানদের পক্ষ নিয়ে ব্যারিস্টারি। তার পরে ছ'জনে মানসের রায় মেনে নেন। সে বলে, "তৃ'পক্ষেরই ব্যাধি হলো পরাধীনতা ও তার আহ্যন্তিক অজ্ঞতা। ব্যাধির প্রতিকার স্বাধীনতা ও তার আহ্যন্তিক চিৎপ্রকর্ষ।"

ষ্বপনদা থেই হারিয়ে ফেলেছিলেন। থেই হাতে নিয়ে বলেন, ''আমার বক্তব্য এথনো শেষ হয়নি, মীর সাহেব ও কামাল সাহেব। ফরাদী বিপ্লবের যুগ থেকে বিশ্বমানৰ শুনে আসছে একটি নতুন মন্ত্ৰ। সাম্য, মৈত্ৰী. স্বাধীনতা। স্বাধীনতা বা লিবাটি ই সকলেব আগে। তার পরে ইকুয়ালিটি বা সাম্য। ভার পরে ফ্র্যাটারনিটি বা মৈত্রী। সেই আদিকাল থেকে মাত্রুষ মাত্রুষকে দাস করে রেখেছিল, ধর্মও ভার উচ্ছেদ ঘটাতে পারেনি। কিন্তু লিবাটি যেই মানবন্ধীবনের মূলমন্ত্রের অক্ততম হলো অমনি ক্রীতদাসপ্রথার মূলে আঘাতের পর আঘাত পছল। আমেরিকার গৃহযুদ্ধে তার পরিসমাপ্তি। এখানে ওথানে তার শিকড় এখনো থেকে গেছে। বিশেষত আফ্রিকার বুকে। স্লেভারি যদি ষায় তো ওয়েজ স্লেভারি কেন থাকবে? বণ্ডেড লেবার কেন থাকবে? শ্রমিকের গতিবিধির উপর অন্যায় বিধিনিষেধ কেন থাকবে 🕈 ক্রমে ক্রমে এসবও উঠে যাচ্ছে। একটি দেশের খারা আর একটি দেশের লিবাটি কেন রাছগ্রন্থ হয়ে থাকবে ৷ তাই একটির পর একটি দেশ স্বাধীনতার সংগ্রাম চালিয়ে গেছে ও সফল হয়েছে। বিবাহিত জীবনে নারী কেন পুরুষের সেবাদাসী হয়ে থাকবে ? এর বিরুদ্ধেও বিল্রোহের স্থচনা হয় লিবাটির দাবীতে। সে বিদ্রোহ এথন এদেশেরও ধরে ধরে। মুসলিম নারীসমাজও পেছিয়ে থাকবে না দেখবেন।"

"এ জলতরঙ্গ রোধিবে কে।" মীর সাহেব অট্রহাস্থ করেন।

"লিবাটি র জল অনেকদ্র গড়িয়েছে। তারপর ইকুয়ালিটির জোয়ার। কালো মাহার চায় সাদা মাহাযের সঙ্গে সাম্যা, ভারতীয় চায় ইউরোপীয়ের সঙ্গে সাম্যা, মুসলমান চায় হিন্দুর সঙ্গে সাম্যা, শ্রমিক চায় ধনিকের সঙ্গে সাম্যা, নারী চায় পুরুষের সঙ্গে সাম্যা। সাবালকমাত্রেরই ভোটদানের অধিকার এখন প্রায় সব দেশেই মেনে নেওয়া হছে। এদেশেও হবে। তার তাংপর্য সব নাগরিকই সমান। নাগরিকাও বাদ যায় না। এই যে সাম্যের জোয়ার একে বাধা দিতে গেলেই সমাজবিপ্লব। সময় থাকতে যতদ্র সম্ভব স্বীকার করাই স্থানি। সে স্বৃদ্ধি বিটেনের উচ্চতের শ্রেণীর আছে। সেইজন্তেই আমার বিশাস বিটিশ কর্তারা শেষপর্যন্ত ভারতীয় নেতাদের সঙ্গে মিটমাটে হবেন। তবে যুক্তের মাঝাথানে নয়। তা হলেও আমি পনেরো বছর

সময় হাতে রেখেছি। ইতিমধ্যে গৃহযুদ্ধের কারণগুলো দূর করতে হবে।
নইলে শরিকে শরিকে লড়াই।" স্বপনদা ভবিষ্যবাণী করেন। তাঁর মৃধ
অন্ধকার।

"তা হলে দেটা হবে গোরস্থানের ইকুয়ালিটি।" ্মীর সাহেব মস্তব্য করেন।

॥ नशु ॥

বিজন বর্ধন মানদের প্রথমে প্রতিযোগী, তার পরে সহযাত্রী ও সতীর্থ। বিলেত থেকে ফিরে ওরা একসঙ্গে একবছর একবাসায় কাটায়। বিজনের কনে দেখায় মানসেরও একটু ভূমিকা ছিল। আর মানসের বিয়েতে না হোক বিয়ের পরে বিজনের একটু ভূমিকা। মানস ও যুখিকার হানিম্নের সে নীরব দর্শক। কথা ছিল সে সেটলমেন্ট ট্রেনিং শেষ করে তার পরে বিয়ে করবে, কিন্তু নীরব দর্শকের ভূমিকায় ক্লান্ত হয়ে সে অকস্মাং মত পরিবর্তন করে। ক্যাম্পে যাবার আগেই তাব শুভকর্ম সারা হয়। ফলে বিজনের বধু উদিতা মানসের প্রতি কৃতজ্ঞ। যুথিকাব সঙ্গেও তার প্রীতির সম্পর্ক। কলকাতায় ওরা একসঙ্গে এলে বিজনদের অতিথি হয়।

স্থপনদার কাছ থেকে । টি নিয়ে মানস বিজনের ওথানে হাজিরা দেয়। উদিতা ওকে রিসিভ করে। অফিস কামরা থেকে বেরিরে আসে বিজন। ছুটির দিনেও ওর ছুটি নেই। সেক্রেটারিয়াটের সে একজন হোমরা চোমরা আমলা। পদভার তাকে ভারিক্তি কবেছে। অর্থনীতি বিশারদ বলে সরকার তাকে সমীহ করেন। কিন্তু উপরওয়ালারা তো ওর পরামর্শে চালিত হবার পাত্র নন। তাই বিরোধ বাধে।

"মানদ, আমি চোথে অাধার দেখছি।" বিজন কথাপ্রসঙ্গে বলে।

"কেন, ভাই বিজন ? ম্সলিম মন্ত্রীরা কি খুব বেশী কমিউনাল ?" গভন র কি ঠটো জগনাথ ?" মানস জেরা করে।

শনা, না, ওঁদের বিক্তমে আমার ব্যক্তিগত অভিযোগ নেই। সমস্যাটা সাম্প্রদায়িক নয়, অর্থনৈতিক। যুদ্ধকালে থাছ বস্ত্র ঔষধপত্র ত্মূল্য ও তৃম্প্রাপ্য হয়, এটাই তো মান্ব অভিক্রতা। ইংলণ্ডে ওরা সময় থাকতে র্যাশনিং প্রবর্তন করেছে। আর দেই র্যাশনিং দম্বরমতো কড়া। এক মন্ত্রীর চাকরি চলে গেল তিনি নিজের পরিবারের জন্তে গোটা দুই ধরগোদ শিকার করে এনেছিলেন বলে। যাকে যা র্যাশন দেওয়া হবে তাই খেয়েই তাকে বাঁচতে হবে। তার বাইরে এক আউন্সন্ত নয়। হোঁজিং একটা দণ্ডযোগ্য অপরাধ। যার। হোর্ড করে তারা মোটা মুনাফা করে। এটাও মানব অভিজ্ঞতা। নিজের ব্যবহারের জন্তেও হোর্ড করা বারণ। লগুন থেকে কাগজপত্র আনিয়ে আমি একটা নাট পেশ করে বলি অবিলম্বে কলকাতা শহরে পুরো র্যাশনিং প্রবর্তন করা হোক। আর মফংম্বলে আংশিক র্যাশনিং। বলো অন্তায় করেছি গুঁবিজন ভার মোটা চশমার কাঁচ দিয়ে মিট মিট করে তাকায়।

"না, অতায় নয়। ঠিকই তো করেছ।" মানদ দমর্থন জানায়।

"কে শোনে কার কথা! আমার বস্ মিন্টাব বেনেট আমার নোটের উপব লেখেন, ক্যালকাটা ইজ নট লগুন, বেঙ্গল ইজ নট ব্রিটেন। দেয়ার উইল বি নো ইনভেসন, নো শর্টেজ, নো হোডিং. নো ব্র্যাক মার্কেটিং। র্যাশনিং উইল বি ইমপ্রিবল টু এনফোর্স। তিনি আমাকে দয়া করে ডেকে পাঠান। বলেন. ইউ মে বি আ গ্রেট স্কলার। বাট আই অ্যাম আ প্র্যাকটিকাল ম্যান। কেমব্রিজের ছাত্ররা বিশ্বান হয়, অক্সফোর্ডের ছাত্ররা চৌক্ষ। তবে অক্স-ফোর্ডের পড়ান্তনা শেষ করার আগেই আমাকে যুদ্ধে যেতে হয়। যুদ্ধশেষে আমাকে নমিনেট করে বেঙ্গলে পাঠিয়ে দেয়। তথন থেকেই আমি হাতে কলমে শাসনকার্য শিথে চুল পাকিয়েছি। আর আপনি তো দেদিনকার ছেলে। আমরা যদি এথন র্যাশনিং প্রবর্তনি করি বাজারে প্যানিক স্পষ্ট হবে। স্টক মার্কেটে শেয়ার ফল করবে। ক্লাইভ স্ত্রীট আমাদের পেছনে লাগবে। আর মাড়োন্নারীরা একধার পেকে হোড় করবে। ডোন্ট টেক ইট টু হার্ট, ইয়াং বাড়ান। আমি মুখ বুল্লে শুনে যাই।" বিজন মাথায় হাড দিয়ে বদে।

মানস মিন্টার বেনেটের অধীনে মহকুমা হাকিম হিসাবে কাজ করেছে। তিনি একজন সং ও স্থদক শাসক! তিনি যদি র্যাশনিং প্রবর্ত নের প্রয়োজন না দেখেন তো সেটা বোধহয় সত্যিই নিষ্প্রয়োজন। কই, কেউ তো সে রকম প্রস্থাব কোথাও তুলছেন না। না খবরের কাগজে, না জনসভায়।

''কী এমন ক্ষতি হবে, যদি অবিলম্বে র্যাশনিং প্রবর্তন না করা হয় ?'' মানস বিজনকে সংশয়ের সঙ্গে জিজ্ঞাসা করে।

''আদ্ধ থেকে কাজ শুরু করলে একবছর লাগবে স্কীমটাকে ঠিকমতো চালু

করতে। তা যদি না করি তবে পরে যুদ্ধের মাঝখানে খুব বেশী দেরি হয়ে গিয়ে থাকবে। খেতে না পেয়ে হাজার হাজার মাফ্র মরবে, লাখে লাখেও মরতে পারে। আবার সেই ছিয়ান্তরে ময়ন্তর। সে সময়ও তো প্র্যাকটিকাল ম্যানের অভাব ছিল না। যেটার অভাব ছিল সেটা অর্থনীতির বৈজ্ঞানিক প্রয়োগ। আমাদের সামনে আছে এক ভয়য়্কর আকাল। একটা ডিজাস্টার।" বিজন মান মুখে বলে।

মানসের বিশ্বাস হয় না। সে বলে, "যুদ্ধ কোথায় যে লোকে যুদ্ধের ভয়ে র্যাশনিংএ রাজী হবে ? যুদ্ধক্ষেত্র বহুদূরে। জাপান যুদ্ধে নামবে বলে তৈরি হচ্ছে। কিন্তু সে তো আর আমাদের এদিকে আসছে না।"

বিজন উত্তর দেয় না। কী খেন চিস্তা পরে। তার বদলে উদিতা কথাবার্ত্র। চালায়। চা এসে পড়ে। চায়ের সঙ্গে কেক।

"আমার এক বোন সবিতা এখন ওয়াকি হয়েছে। তার চিঠি মাঝে মাঝে পাই। তার সাথীদের একজনের নাম বারনা ঘটক। তার বাবা আমাদের সিভিল সার্জন ছিলেন পাবনা শহরে। সেইস্ত্রে মেয়েটিকে আমরা চিনি। মাসক্ষেক আগে ডাক্টার ঘটক হঠাৎ আমার কাছে এসে জিজ্ঞাসাবাদ করেন, ঝরনা বাড়ী খেকে পালিয়ে এসেছে। সে এখন কোথায় । জানতুম না যে পালিয়ে এসেছে, ছৃঃখিত হই। কিছু কেমন কবে বলব সে এখন কোথায়। বলি, যেখানেই থাক সবিতার সঙ্গে আছি। সবিতার চিঠিতে শিবিরের ঠিকানা থাকে না। শুধু থাকে পোস্ট অফিস আমি বেস্। ওকে চিঠি লিখলে আমি বেস্ পোস্ট অফিসের ঠিকানায় লিখি। যতদূর বুঝতে পারি ওরা এখন আরাকানে। নাম করে না। বর্ণনা করে। বর্ণনাটা আরাকানের সঙ্গে মিলে যায়। আকিয়াবে আমার এক মামা গাকতেন। তাঁর মুখে বর্ণনা শুনেছি। ছবিও তাঁর আলবামে দেখেছি।" উদিতা বলে যায় আ্যাচিতভাবে।

মানস তো শুনেছিল যে ঝরনাকে তার মাসী না পিসী কলকাতায় নিজের কাছে রেখেছেন, তার বিশ্বের চেষ্টা চলছে। তার পিতামাতা তার সম্বন্ধে বিশ্বয়কররপে নীরব। সে তা হলে সত্যি সত্যি ওয়াকি হয়ে কোলায় যেন চলে গেছে। সম্ভবত আরকানে। ঘটকরা কি একথা জানেন ?

"না, আমরা তো জানাইনি। ঝরনা যদি জানিয়ে থাকে। জানালেও মিলিটারি সীক্রেট ফাঁস করবে না। অবস্থানটার নাম করবে না। ঘটকরা যদি আকিয়াব না ভেবে চট্টগ্রাম ভেবে থাকেন ডাঁ ইলেও আশ্রুষ্ঠ হবার কিছু নেই। আর আমিও যে স্থনিশ্চিত তাও তো নয়। রেকুনেও হতে পারে। ই উদিতা চাপা দেয়।

"আচ্ছা, ওদের আসল কাজটা কী ?" মানস বেফাঁস প্রশ্ন করে।

"ওয়াকিদের ?" উদিতা ফিক করে হেসে বলেন, "না, যা শুনেছেন তা নয়। বিলেতের মেয়েদের যুদ্ধের কাজে অংশগ্রহণের জন্তেই উইমেন্স অগ্ জিলিয়ারি কোর গঠন করা হয়। তার সঙ্গে ইণ্ডিয়া জুড়ে দিলে যা হয় তারই সংক্ষিপ্ত নাম ওয়াকি। বিলেতের ফ্রণ্ট অনেক ছোট। ভারতের ফ্রণ্ট অনেক বড়ো। ওয়াকিদের ভারতের বাইরেও কাছাকাছি কোথাও পাঠানো হয়। তবে প্রধান কান্ধ শত্রুপক্ষের বেতার বার্তা আড়ি পেতে শোনা ও শুনে নোট করা। তার জন্তে শত্রুপক্ষের ভাষাও শিখতে হয়়। সেটাকে ইংরেজীতে তর্জমা করার মতো বিশ্বেও চাই। সবিতাকেও তালিম দেওয়া হয়েছে। বারনাকেও। ওয়া অফিসার না হলেও যা পায় তা লোভনীয়। আমি হেডকোয়াটার্স পেকে প্রতি মাদে মোটা অক্ষের চেক আসে সবিতার তরফ থেকে। তার নির্দেশ অফ্সারে। সে টাকা জমা হচ্ছে আলাদা একটা আ্যাকাউণ্টে ওর বিয়ের থরচবাবদ। ঘটকরাও কি পাছেন না ও রক্ম একটা চেক ? মেয়ের জন্তে ছন্টিস্তা থাকবেই। থাকা স্বাভাবিক। বিশেষত সে যথন শত্রুর আক্রমণের সম্মুখীন। ধরা পড়লে কি আর রক্ষে আছে গ্রেটি উদিতা ছ'হাতে মুখ্ ঢাকেন।

মানদেরও কারা পায়। সে আর কথা বাড়ায় না। তথু বলে "মেয়েরাও যদি ইকুয়ালিটি চায় তবে ইকুয়াল রিশ্ব নিতে হবে।"

"না, না, ইকুয়াল রিশ্ব নয়। নারীর পক্ষে ওটা মৃত্যুর চেয়েও ভীষণ। অযোধ্যার লোক সীতার মতো মহীয়সীকেও বিশ্বাস করেনি। ওঁর মহান শ্বামীও না। সবিতার জন্যে আমি রোজ রাত্রে প্রার্থনা করি। ওকে তো আপনি দেখেছেন। কী ভানপিটে মেয়ে! ওর হাতে রিভলভার থাকলে ও আত্মরক্ষা করবে। আর নয়তো আত্মহত্যা। হঁয়া, ওদের রিভলভার রাখতে দেওয়া হয়।" উদিতা বলে।

কলকাতা থেকে ফিরে ঝরনা সম্বন্ধে এসব খবর মানস যুথিকাকে শোনায়। সে শুস্তিত হয়। তার চোখে জল এসে পড়ে।

"কিন্তু থবরদার !" মানস ওকে সাবধান করে দেয়। "ঘটকেরা খেন জানতে না পান যে আমরা এর বিন্দুবিসর্গ জানি। আর শহরের লোকের স্বভাব তো সেই অযোধ্যার লোকেরই মতো। ওরা যেন ঘুণাক্ষরেও টের না পায়।"

"ছাথ, ওরকম একটা কানাঘুষা নতুন নয়! ছ'মাস কেটে গেল। মেয়ে একবারও মা বাবাকে দেখতে আসে না। মা যদিও অহায়। এটা যত বড়ো সীক্রেট মনে করেছ তত বড়ো নয়। তা ছাড়া আমি বেদ্ পোস্ট অফিস থেকে ডাক্তার সাহেবের নামে চিঠি আসে এটাও কি কারো নজরে পড়েনি ? ছই আর তুই মিলে চার হয়। তবে আমি অভটা ভেবে দেখিনি।" যুথিকা হাসি চাপে।

ত্ব'জনেই স্থির করে যে ডাক্তার দম্পতীর দক্ষে দেখাদাক্ষাং হলে ঝরনার প্রদক্ষ ওরা এড়িয়ে যাবে। ওঁরা যদি আপনা থেকে কিছু বলেন দেকথা আলাদা।

মাসকয়েক বাদে একদিন ভাক্তার সাহেব হস্তদস্ত হয়ে ছুটে আসেন। বলেন, "শুনেছেন নিশ্চয়ই দ উল্লাসের এত কী আছে দ মনে হচ্ছে দারা শহর উনাল পাথাল। বেশীর ভাগ লোকই জাপানের বীরত্বের প্রশংসা করছে। আরে, এটা কি একটা বীরত্বের নম্না হলো দ যুদ্ধঘোষণা না করেই অত্কিতে পাল হারবারে হানা দিয়ে সব ক'টা জাহাজকে ভ্বিয়ে দেওয়া কি একটা বাহাত্রি না ট্রেডারি দ''

মানসের রেডিও ছিল না। চাকরি ছেড়ে দেবে বলে সে আর বিলাসিতা বাড়ায়নি। খবরের কাগজ কলকাতা থেকে দেরিতে আসে। পাল হারবারের খবরটাও তার দেরিতে পাবার কথা। সেচমকে উঠে বলে, "এ যে সাংঘা-তিক খবর! জাপান কি ব্যাতে পারছে না যে আমেরিকাও একদিন চ্ড়াম্ব প্রতিশোধ নেবে ? যুদ্ধ শুরু করে দিতে যে কোন দেশ পারে। কিন্তু যুদ্ধ শেষ করা তার হাতে নয়।"

ডাক্তায় সাহেব এর পরে আসল কথাটা পাড়েন। "আপনার কি মনে হয় শুরা অমনি অভ্যক্তিতে বার্মায় ইংরেজদের ঘাঁটিতে হানা দেবে ?"

"দিতে পারে। কিন্তু অমনি অত্তিতে নয়। সিঙ্গাপুর গেলে তো বার্মার পালা। সিঙ্গাপুর যাবে না। মালয় যাবে না। বার্মাও তুর্ভেড়।" মানদ অভয় দেয়। সে বুকতে পারে যে বারনা কোথায় আছে সেটা তার বাপের অজানা নয়।

সেদিন ডাক্তার ঘটক ভেঙে বলেন না যে তাঁর ক্যার জন্মেই তিনি চিস্কিড,

বার্মার জন্তে নয়। মানস তাঁকে আভাস দেয় না যে ব্যরনা সম্ভবত বার্মায়।
মাস ছই বাদে তিনি আবার ছুটে আসেন। রাগতভাবে বলেন "আপনি,
মশায়, একজন ফল্স প্রোফেট। সিঙ্গাপুরে জাদানীরা মালয়ের জঙ্গল ভেদ
করে চুকেছে। এটা কারো মাথায় আসেনি। মিলিটারি ইন্টেলিজেন্স হচ্ছে
নো ইন্টোলজেন্স। আগে থেকে জানলে থানকার্কের মতো অপসরণ করতে
পারা যেত। জাহাজের তো অভাব ছিল না। তনেছেন তো চৌষটি হাজার
দৈনিক আগ্রসমর্পন করেছে। তাদের মধ্যে সতেরো হাজার বিটিশ, পনেরো
হাজার অস্ট্রেলিয়ান, বিদ্রশ হাজার ভারতীয়। হলদে মাহুষের কাছে শাদা
মাহুষের মাথা হেঁট হয়েছে বলে শহরের অধিকাংশ লোক আনন্দে আগ্রহারা।
এদিকে যে কালো মাহুষেরও মাথা নতুন করে হেঁট হলো—এবার হলদে
মাহুষের কাছে—তার জন্তে বেদনাবোধ নেই। আমার অবস্থাটা এখন চোরের
মায়ের মতো। ডাক ছেড়ে কাঁদতেও পারিনে। আমি কি পাগল হয়ে
যাব গু"

''কেন? কেন?' মানস আতকে ওঠে।

"এতদিন কাউকেই জানতে দিইনি যে আমার মেয়ে ঝরনা আমার অমতে গুয়াকিতে যোগ দিয়েছে। সব চেয়ে থারাপটাই তো লোকে ভাবে। কী করে ওদের বোঝাব যে কলকাতার সম্রান্ত পরিবারের কন্যারাও দেশের বিপদে সাড়া দিয়েছে? দেশের বিপদ নয় তো কার বিপদ । ইংলণ্ডের বিপদ । এই যে দিঙ্গাপুর গেল এটা কি ভারতের পূব্দিকের গেটওয়ে নয় । কত বড়ো একটা মহৎ ব্রত উদ্যাপন করতে মা আমার বার্মায় উপস্থিত হয়। মালয় গেছে, এরপরে বার্মাও যাবে। আহাহা! মল্লিক সাহেব, আমি আর সইতে পারছিনে। নারীর প্রাণের বাড়া তার মান ইজ্জত।" ডাক্টার সাহেব চোপে ক্রমাল দেন।

''আপনি কেমন করে জানলেন যে বারনা এখন বার্যায়।'' মানস স্থায়।' ''এর শেষের দিকের চিঠিগুলোতে তার ইঙ্গিত ছিল।'' তিনি উত্তর · দেন।

জাহাজ ত্বছে দেখলে সকলের আগে মহিলাদের ও শিশুদের লাইফবোটে চাপিয়ে চালান দেওয়া হয়। এ নিয়ম যুদ্ধক্তেওে কি পালন করা হবে না ? মানস ধরে নেয় যে সময় থাকতে ওয়াকিদেরও জাহাজে করে জাপানীদের নাগালের বাইরে চালান করে দেওয়া হয়েছে। ডাক্তার সাহেবকে অভয় দিয়ে বাড়ী পৌছে দিতে যায়। গুনতে পায় ভিতর থেকে কান্নার আওয়াজ। ঝরনার মা কাঁদছেন।

কারার আওয়াঞ্চ থেকেই শহরময় রাষ্ট্র হয়ে যায় যে ইংরেজদের পরাজয়ের সঙ্গে ডাক্তার পরিবার জড়িত। তুই আর তুই মিলে চার হয়। বারনা ঘটক ওয়াকিদের একজন। ভদ্রলোক সঙ্গে সঙ্গে ছুটি নিয়ে কলকাতা রওনা হন। ফিরে আসেন না। শোনা যায় তাঁকে অন্তত্র বদলী করা হয়েছে। আরো বড়ো জেলায়।

যুথিকা বলে, "জানতে ইচ্ছে করে ঝরনার কী হলো।"

"জানতে পাবে যুদ্ধের পরে। মাঝখানে নয়। মিলিটারি সীক্রেট। বলাকে অবশ্য যতরকম উড়ে। গুজব রটাবে।" মানদ গুজবে কান দেয় না।

এর পরে শোনা গেল জাপানীরা মালয় থেকে বার্যায় চুকেছে। এক এক করে শহর দখল করছে। ইংরেজরা তৈরি ছিল না। হটে আসছে আর হটবার সময় ঘরবাড়া, জলের কল, পথঘাট, নদীর পূল, কলকারখানা, তেলের খনি, চালের গুদাম ধ্বংস করে দিয়ে আসছে। যাতে জাপানীদের ভোগে না লাগে। এর নাম ডিনায়াল পলিসি। গুজব শোনা যাচ্ছে খনি ধ্বংস করার সময় খনির ভিতরে যারা কাজ করছিল তাদেরও ধ্বংস করা হয়েছে। এর ফলে ইংরেজবিরোধী মনোভাব বৃদ্ধি পাচ্ছে। থার্মা থেকে শরণার্থীরা পালিয়ে আসছে, কেউ জলপথে, কেউ স্থলপথে। বার্মা সরকার নিজেই শরণার্থী।

বার্মা থেকে পলাতক এক ভদ্রলোকের ম্থে শোনা গেল জাপানীরা নাকি বার্মার লোকদের বলছে, "আমরা এদেশে সাম্রাজ্য স্থাপন করতে আসিনি, এসেছি তোমাদের খেতাকদের হাত থেকে মৃক্তি দিতে। তোমরা তোমাদের নিজস্ব সরকার গঠন করো। সে সরকার হবে আমাদের মিত্রপক্ষ।" সে রক্ম সরকার নাকি গঠন করা হয়ে গেছে। পাওয়ার ভ্যাকুয়াম ঘটেছিল মাত্র ছ'দিন কি তিনদিনের জল্পে। সেই ক'টা দিন এক বিভীষিকা। চোর ডাকাভদের অবাধ বাজত্ব। জেল থেকে বেরিয়ে এসে ওরা অবাধে খুন করেছে। জাপানী সৈনিকরাও বা করেনি। তেমনি এক বিভীষিকা আসামে ও বাংলাদেশে ঘটতে পারে। আর ষেটা ঘটবার কথা সেটা জাপানীদের নয়, ইংরেজদের পোড়ামাটি নীতির প্রয়োগ। জাপানীদের বঞ্চিত করতে গিয়ে ওরা ভারতীয়াদেরই বঞ্চিত করবে। জামশেদপুরকে ওরা জাপানীদের কাজে লাগাতে দেবে না। হাওড়া ব্রিজকেও না। বালী ব্রিজকেও না।

জাপানীয়া যে কোন্পথ দিয়ে চ্কবে, কোথায় হানা দেবে, কারো জানা নেই। ইংরেজদেরও না। কোথায় বার্মা আর কোথায় মাদ্রাজ। মাদ্রাজের রিটিশ গভনর সদলবলে শহর ছেড়ে মফঃম্বলে আশ্রয় নেন। কোথায় বার্মা আর কোথায় মেদিনীপুরের উপকৃল। মেদিনীপুর থেকে রেকর্ড সরানো হয় বাঁকুড়ায়। কোথায় বার্মা আর কোথায় কলকাতা! কলকাতা থেকে অফিস সরানো হয় রুফ্ষনগরে। ওদিকে নোয়াথালী চটুগ্রামের নৌকা আর শাম্পান আগে ভাগে ড্বিয়ে দেওয়া হয়। পাছে জাপানীয়া নদী পারাপার করে। চালের বস্তাও নাকি জলে ফেলে দেওয়া হয়, পাছে জাপানীয়া থেতে পায়। সকলেই ভাবতে শুক করে যে ইংরেজরা আসাম ও বাংলাদেশ ছেড়ে দিয়ে চলে যাবে। যেমন ছেড়ে দিয়ে চলে এসেছে সিঙ্গাপুর, মালয় ও বার্মা থেকে। সৈত্রেরা অভাবে নয়, বেকায়দায় পড়ে। লগুনে কেন্দ্রীভূত মিলিটারি হাই ক্যাণ্ড পৃথিবীয়য় ছড়ানো সাম্রাজ্য রক্ষা করতে অক্ষম। বিকেন্দ্রীকরণ চাই! কিন্তু সেটা কি তারা প্রাণ ধরে করবে প ভারতীয়দের উপর ভার দিলে ফল অন্তরপ হতে পারত।

"একেই বলে ডগ ইন ছ মেন্জার! তোমরাও লড়বে না, আমাদেরও লড়তে দেবে না।" আক্ষেপ করেন কলকাতা থেকে পলাতক এক জমিদার, হুরেশ রায় চোধুরী। এঁরা বাসা নিয়েছেন জঙ্গ কুঠির উন্টো দিকে। এঁদের ছেলেমেয়েরা মানসের ছেলেমেয়েদের সঙ্গে থেলা করতে আসে। কিন্তু এঁরাই বা কন্দিন এথানে ভিষ্ঠতে পারবেন, যদি জাপানীরা এ জেলায় এসে হাজির হয়?

মানদের দক্ষে ত্'জন মিলিটারি অফিসারের আলাপ হয়। ত্'জনেই ইংরেজ। মানদ জিজ্ঞাদা করে, "আপনারা হটতে হটতে আর কতদ্র পেছোবেন? কোথায় লাইন টানবেন?"

''আমরা একটার পর একটা লাইন টানছি, কিন্তু আসল লাইনটা হচ্ছে রাঁচীর আশে পাশে। ডিফেন্সের দিক থেকে ওটাই আমাদের পক্ষে অমূকুল।'' ভাঁরা উত্তর দেন।

মানদের রাগ হয়। কিন্তু ঝগড়া করতে পারে না। যার কর্ম তারে সাজে। ওঁরা মিলিটারি অফিসার। ওঁরা জানেন কোন্ লাইনটা ডিফেন্সের যোগ্য। কোন্টা নয়। জাপানীদের বিহার পর্যন্ত এগোতে গিয়ে যথেষ্ট বলক্ষয় হয়ে থাকবে। ওঁরা তার আগে কোথাও এক জারগায় দাঁড়ি টানবেন।

একদিন সরকারের কাছ থেকে এক গোপন সারকুলার আদে মানসের

নামে। তাতে একটা স্কীম দেওয়া হয়েছে আপংকালে ইভাকুয়েশনের। প্রধান অফিদারগণ যে যার কাজের ভার পরবর্তী উচ্চতর কর্ম চারীদের হাতে দ পে দিয়ে শৃষ্খলাবদ্ধভাবে ব্রিটিশ শাসিত এলাকায় প্রস্থান করবেন। সব শেষে যাবেন জেলা ম্যাজিস্টেট, জাপানী কমাণ্ডারের হাতে চার্জ দিয়ে। কমাণ্ডার অমুরোধ করলে তিনি থেকে যাবেন।

মানসের মনে খেদ ছিল যে তাকে জেলা ম্যাজিস্ট্রেটের পদ থেকে সরিয়ে জেলা জজ করা হয়েছে। ভোক দেওয়া হয়েছে, "দেশ শাসন করতে হলে তালো জজও তো চাই।" এখন ওই সারকুলারখানা পড়ে ওর বিশাস হয় যে ভগবান যা করেন তা মঙ্গলের জন্তে। ভাগ্যিস্ ওকে যুদ্ধকালে জেলা ম্যাজিস্ট্রেট করা হয়নি। জাপানীরা যদি আসে তাকে শেষ মূহুর্ত পর্যন্ত আটক থাকতে হবে না, কমাণ্ডারের হাতে চার্জ বুঝিয়ে দিতে হবে না, তিনি অম্বরোধ করলে তাঁর অধীনেকাজ করতে হবে না। অম্বরোধ তো নয়, আদেশ। একেই বলে চেঞ্চ অভ্ মান্টার্স । প্রভ্রবল । জাপানীরা একটা দেশী সরকার গড়তে বলবে। কিন্তু তা বলে তারা মৃক্তিদাতা নয়। মাঞ্রিয়া বা মাঞ্কুও তার নম্না। জাপানীরা এলে মানসকে বিহারে গিয়ে আশ্রয় নিতে হবে সপরিবারে।

ওর এক বন্ধু বিহার সরকারে কাজ করে। সেও একটি গোপন সারকুলার পায়। তাতে ছিল ইভাকুয়েশন স্কীমের বিপরীত অংশ। আপংকালে টেলিগ্রাম যাবে, "বেঙ্গল কামিং।" সঙ্গে সঙ্গে ব্যবস্থা করতে হবে শরণার্থী বাংলাদেশ সরকারের দফতর ও বাসস্থানের। শরণার্থী অফিসারদের উপযুক্ত পদের ও গৃহের। অবশ্য বাংলাদেশ থেকে বিহারে যাওয়া একটা সমস্থাই নয়। এককালে তো বাংলা, বিহার, ওড়িশা একটাই প্রদেশ ছিল। তথন বদলী না হতো কে? কিন্তু পরিবভিত অবস্থায় বাংলাদেশ থেকে যাঁরা শরণার্থী হয়ে যাবেন তাঁদের মানসন্মান থাকবে না। তাঁরা হবেন অতিথি অফিসার। কিছদিন পরে অবাঞ্জিত অতিথি।

ছুটিই নিতে ধবে, দেখছি। পুরো বেতনের ছুটি যথেষ্ট না হলে আধা বেতনের ছুটি। যদি দত্যিই জাপানীরা আদে।" মানদ বলে যুথিকাকে।

"ওদের আদতে দেওয়া হবে না। ইংরেজরা যদি আদতে দেয় তবে ইংরেজদেরই বিদায় করতে হবে। জাণানীরা ওদের বিদায় করার আগে দেশের লোকই ওদের বিদায় করবে। বার্মার পুনরাবৃত্তি বাংলাদেশে নয়।" মৃথিকার চোথে আগুনের আভা। ''তুমি কী বলতে চাও, ছুঁই ? বিপ্লব না বিদ্রোহ ?" মানস চমকে ওঠে।

"'কমিউনিন্টরা করলে বিপ্লব। আশনালিন্টরা করলে বিদ্রোহ। দেখা

যাক কে কার আগে করে। করবেই, কেউ না কেউ করবেই। এটা দিলাপুরও

নয়, মালয়ও নয়, বার্মাও নয়। এটা বাংলাদেশ। কী আম্পর্দ্ধা ইংরেজের !

বলে কিনা ওদের পিছু পিছু বিহারে গিয়ে আশ্রম নিতে ! ছুটি নিতে চাও,

নাও। কিন্তু বাংলার বাইরে যেয়ো না। তুমি বাঙালী সাহিত্যিক। হ্লথে

হংথে বাঙালীর সঙ্গেই থাকবে। ছুটির বেতন না পেলেও সংসার চলবে।

পলায়ন যদি করো তবে কিন্তু ইংরেজের সঙ্গে সঙ্গে তোমারও প্রেপ্তিজ যাবে।

ইংরেজদের উচিত ছিল পালিয়ে না এসে প্রাণপণে লড়া। জাপানীদের কাছে

আত্মসমর্পণের মানি কি কোনোদিন মৃছবে? মারখান থেকে বারনাটাকে

বিসর্জন দিয়ে থাকবে। বেচারি এখন কোন জাপানীর কবলে পড়েছে কে জানে।"

যুথিকার চোথ দিয়ে আগুন ছোটে, জলও বারে।

''না, না, ঝরনার কিছু হবে না।" মানস আশা করে।

"হবে গো হবে। এর নাম যুদ্ধ। এতে সব কিছু হয়। জাপানীদের আমি একরত্তি বিশাস করিনে। বাংলাদেশকে কিছুতেই ওদের কবলে পড়তে দেওয়া চলবে না। ইংরেজদেরই ভার আগে হটাভে হবে।" যুথিকার প্রভিজ্ঞা।

"জানিনে সৌম্যদা কী ভাবছে। ওর দঙ্গে অনেকদিন দেখা হয়নি। ও যদি একবার এদিকে আসত।" মানদ শ্বরণ করে।

"ওরই ডো বিপদ সকলের আগে। জাপানীরা আর এক পা এগোলেই ওর অঞ্চল।" যুথিকা মনে করিয়ে দেয়।

জাপান যেদিন পাল হারবারে হানা দেয় তার দিনকয়েক আগে চার্চিল সরকার হির করেন যে ভারতীয় সত্যাগ্রহীদের বিনা শর্ভে মৃক্তি দেবেন। বিশেষ করে নেহেরু ও আজাদকে। কারণ মিটমাটের কথাবার্ডা প্রধানত ওঁদের সঙ্গেট চলবে। ওঁরা যদি যুদ্ধে সহযোগিতায় রাজী হন কংগ্রেসও রাজী হবে। গান্ধীজী তো যুদ্ধমাত্রেরই বিরোধী। কেউ যদি তাঁকে রাজী করাতে পারেন তো নেহরু ও আজাদ।

তা ছাড়া গান্ধীজীর দক্ষে কথাবার্তার প্রচ্ছের শর্ড এই যে মিস্টার জিরাকেও তাঁর দক্ষে বন্ধনীভূক্ত করতে হবে। ভারতের প্রতিনিধিত্ব করার একচ্চুত্র অধিকার গান্ধীজীর নেই, কারণ কংগ্রেসই ভারতীয় প্রিক্তা তথা পীপলদের একমাত্র প্রতিনিধি প্রতিষ্ঠান নয়। হ্যা, "পীপলদের"। একবচন নয় বহুবচন।

মুসলমানদের প্রতিনিধিত্ব করবে মুসলিম লীগ। লীগের তরকে জিলা সাহেব। এটা অপ্রমাণ করবার জন্মে কংগ্রেস তার প্রেসিডেণ্ট পদে নির্বাচন করেছে মৌলানা আজাদকে। কথাবার্তা বলতে হলে কংগ্রেসের পক্ষে আজাদই बनद्यन, नीरगत भक्त किया। शाकीकी कः धारमत रुद्य कथा बनद्यन ना. कात्रण বতবারই কথা বলতে গেছেন ততবারই জিলার সঙ্গে বন্ধনীভুক্ত হয়েছেন। জিলা যদি মুসলিম সম্প্রদায়ের একমাত্র প্রতিনিধি হন তবে গান্ধীও হয়ে যান কেবলমাত্র হিন্দু সম্প্রদায়ের বা অমুসলমান সম্প্রদায়গুলির প্রতিনিধি। তাতে তাঁর বন্ধমূল আপত্তি। কারণ তিনি সমগ্র ভারতের সর্বসাধারণের স্বাধীনভার জন্মে সংগ্রামরত। বড়লাট যদি এটা স্বীকার না করেন তো বড়লাটের সঙ্গে তিনি कथावार्जाय त्यांग त्यांवन ना । कःश्विमत्क जांकत्न कःश्वित्मत्र इत्य जांकांग সাড়া দিতে পারেন। কিছু তাতে আবার উটো ফ্যাসাদ। আজাদ সাড়া **क्रिल क्रिजा नाफा (क्रिल ना।** क्रिजा नाफा ना क्रिल विक्रिन नतकात कैं। शर्त প্রভবেন। কেবলমাত্র কংগ্রেসের সঙ্গে মিটমাট তাঁদের যুলনীতি নয়। মিটমাট ছলে একই কালে লীগের দক্ষেও হবে। নয়তো কারো দক্ষে নয়। বডলাট ভাই হাল ছেড়ে দিয়েছেন। ইতিমধ্যে তিনি তাঁর শাসন পরিষদ সম্প্রসারিত করে কংগ্রেম্ম তথা লীগের জন্মে দরজা বন্ধ করে দিয়েছেন। দরজা খুলবেন युष्कत शदा। निर्मनीय ममज्जता । कांकिया वरमहान।

সত্যাগ্রহীদের মৃক্তি দিলেও মাসের পর মাস যায়, জাপান এক এক করে সিন্ধাপুর নেয়, মালয় নেয়, বার্মা নেয়। এর পরে আসাম নেবে, বাংলাদেশ নেবে। বড়লাটের টনক নড়লেও হাত পা বাঁধা। গান্ধীজীকে তিনি ডাকবেন না। এঁদের বাদ দিয়ে জিল্লাকেও না। তা ছাড়া তাঁর নিজের ক্ষমতা থর্ব হোক এটাও তিনি চান না। প্রদেশগুলিতে কংগ্রেসের মন্ত্রীরা গিয়ে গভর্ন রদের ক্ষমতা থর্ব করেছেন। কেন্দ্রেও কি তাই হবে না । লিনলিওগা নাকি চার্চিলকে জানিয়ে দেন যে তিনি এতে নারাজ। তিনি বরং পদত্যাগ করবেন।

গড়িমিসি করতে করতে রেন্থনের পতন হয়। তথন চার্চিল সরকার বড়লাটের মারফৎ কথাবার্ড 1 চালানো নিক্ষল ব্যুতে পেরে সার স্টাফোর্ড ক্রিপসকে পাঠান। সমাজতন্ত্রী বলে জ্বাহরলালের সঙ্গে তাঁর হছতা ছিল। উভয়েই ফাসিস্ট বিরোধী। বড়লাটের মতো তাঁর হাতপা বাঁধা নয়। তিনি নেছেককে তো আমন্ত্রণ করলেনই, আঞাদকেও করলেন। নইলে নেহক কংগ্রেসকে রাজী করাতে পারতেন না। ক্রিপস প্রস্তাবে তাঁরা হরতো রাজী হয়ে যেতেন, কিছু গান্ধীজী সরাসরি জানিয়ে দেন তিনি ওতে নারাজ।

ব্ৰুপস প্ৰান্তাৰকে তিনি বলেন, "A post-dated cheque on a crashing bank." ফেল করতে যাওয়া ব্যাঙ্কের উপরে আগাম তারিখ দেওয়া চেক।

প্রস্তাবের দারমর্ম মহাযুদ্ধের পর ভারতীয় ইউনিয়ন যদি ইচ্ছা করে ব্রিটিশ
দামাজ্য থেকে পৃথক হতে পারবে। কোনো একটি প্রদেশ বা দেশীয় রাজ্য
যদি ইচ্ছা করে সেও ভারতীয় ইউনিয়ন থেকে আলাদা হতে পারবে। যে যার
ইচ্ছামতো সংবিধান রচনা করতে পারবে। আপাতত যুদ্ধের মাঝখানে কংগ্রেস,
মুসলিম লীগ প্রভৃতির নেতাদের নিয়ে কেন্দ্রীয় সরকার পুনর্গঠন করা হবে,
সামরিক ব্যতীত যাবতীয় অসামরিক বিষয় তাঁদের হাতে অর্পণ করা হবে।
তাঁরাও জাপানকে প্রতিহত করার জন্যে সর্বপ্রকার উন্থোগ গ্রহণ করবেন।
সামরিক তথা নৈতিক তথা বৈষয়িক।

কংগ্রেস নেতারা বলেন, ''যুদ্ধের দায়দায়িত্ব যদি ভারতীয় সদস্তদের হয় তবে সামরিক দফতরটাও তাঁদের একজনকে দেওয়া উচিত। ইংরেজ সেনাপতি যথারীতি কাজ করবেন। কিছু শাসনপরিবদের সদস্য হতে পারবেন না।"

ক্রিপদ বলেন, "ইণ্ডিয়ান আমি আদলে ব্রিটিশ আমিরই একটা অক। ব্রিটিশ আমির কণ্ট্রোল ব্রিটিশ মিলিটারি হাই কমাণ্ডের হাতে। যুদ্ধের মাঝখানে হাত বদল করা বিপজ্জনক। ব্রিটিশ দরকার কিছুতেই দে কণ্ট্রোল হাতছাড়া করতে রাজী হবেন না।"

কংগ্রেস নেতাদের সঙ্গে কথাবার্তার স্থ্র ছিন্ন হয় এই ইস্থ্যতেই। কিছ
এহো বাহা। শুধু সামরিক নয়, অসামরিক ক্ষমতা হস্তান্তর করতেও ভারতে
অবহিত ব্রিটিশ এস্টারিশমেন্টের আন্তরিক আপত্তি ছিল। ব্রিটিশ সৈনিকরা
তো নয়ই, ব্রিটিশ-সৈভিলিয়ানরাও ভারতীয় কর্তাদের অধীনে চাকরি করতে
অনিচ্ছুক ছিলেন। জাপান আসছে তো কী হয়েছে । জাপানকে কয়েকটা
প্রদেশ ছেড়ে দিয়েও তো অবশিষ্ট ভারতের উপর প্রভুত্ব করা যায়। পরে
জাপানের কবল থেকে ফেরৎ পাওয়া যায়। জাপানীয়া তো দিল্লী সিমলা
পর্যন্ত পৌছছে না। কেন্দ্রীয় সরকারকে তো ছানচ্যুত করছে না। স্থানচ্যুত
ভলে হবে আসাম সরকার তথা বাংলা সরকার।

জিপদের প্রস্থানের পর রায় বাহাত্র বলেন, "প্রোতের মাঝখানে কেউ বোড়া বদল করে? ইংরেজরা যে করবে না এটা আমি জানত্ম। গান্ধীঞ্জীও জানতেন। বেনিয়াকে বেনিয়াই চেনে। ইংরেজও বেনিয়া। গান্ধীও বেনিয়া। আর তা যদি বলেন, জিয়াও বেনিয়া। শত্যিকার ক্ষমতা কংগ্রেসকে হন্ডান্তর করলে মুসলিম লীগ অসহযোগ করত। মুসলিম রেজিমেণ্টগুলো বিগড়ে যেত। তা ছাড়া জিপস প্রস্তাব মেনে নিলে এটাও তো মেনে নেওয়া হতো যে মহাযুদ্ধের পরে মুসলিমপ্রধান প্রদেশগুলিকেও ভারতীয় ইউনিয়ন থেকে বেরিয়ে যাবার স্বাধীনতা দেওয়া হবে। শিথেরা শাসিয়ে রেখেছে ওরা মারামারি করবে। আমাদের রক্ত অত গরম নয়, তা বলে আময়াও কি বাংলার মুসলমানদের গলে ভারতীয় ইউনিয়ন থেকে বেরিয়ে যেতে সহজে রাজী হব ? জিপস সাহেব প্রকারান্তরে মুসলমানদের উস্কে দিয়ে গেলেন, মিন্টার মল্লিক। বলে গেলেন, ওরা যদি বিটিশ সাম্রাজ্য থেকে বেরিয়ে যায় তোমরাও ভারতীয় ইউনিয়ন থেকে বেরিয়ে যায় তোমরাও ভারতীয়

মানস বড়ো আশা করেছিল যে কেন্দ্রে একটা বড়োরকম রদবদল হবে।
ইংরেজ ও ভারতীয়, হিন্দু ও মুসলমান একসঙ্গে মিলে মিশে জাপানীদের সঙ্গে
লড়বে। নেতৃত্ব নেবেন নেহরু। স্টালিন যদি মার্শল স্টালিন হতে পারেন নেহেরু কেন হবেন না মার্শল নেহেরু ? নেহরু যেমন করে দেশকে জাগাভে পারেন ভেমন আর কে ? যুদ্ধের জন্ম অবশ্য। শিয়রে সংক্রান্ধি। জাপান যে-কোনদিন আসাম নেবে, পূর্ববঙ্গ নেবে। হিন্দুও বিপন্ন, মুসলমানও বিপন্ন। এটা কি হিন্দু মুসলিম বিবাদের সময় ? ইংরেজ বিপন্ন, ভারতীয়ও বিপন্ন। এটা কি ইক্ ভারতীয় বিরোধের সময় ?

। सन्।

রক্ষকে হতে বাচ্ছে 'হামলেটে'র অভিনয়। থাকছেন না তাতে ডেনমার্কের যুবরাজ। হতে বাচ্ছে ভারতের বুকের উপর দিয়ে যুদ্ধ। থাকছেন না তাতে অবাহরলাল নেহর। ব্যাপারটা এমন অভুত বে আমেরিকার প্রেসিডেক্ট ক্ষণভেণ্ট তথা চীনদেশের সর্বাধিনায়ক চিয়াং কাইশেকপর্যস্ত বিচলিত। জাপানকে আরো বাড়তে দিলে তাঁদেরও তো বিপদ। ব্রিটেনের প্রধানমন্ত্রী চার্চিলকে ক্ষণ্ডভেণ্ট স্বয়ং চিঠি লেখেন। অন্থরোধ করেন ভারতকে স্বায়ত্তশাসন দিয়ে তার নেতাদের যুদ্ধের অংশীদার করতে। কিন্তু ভদ্রলোকের এক কথা। যুদ্ধের মাঝখানে ব্রিটিশ পলিসির হেরফের হবে না। যুদ্ধের দাযিত্ব সম্পূর্ণভাবে ব্রিটিশ সরকারের। স্বত্তরাং ক্ষমতাও সম্পূর্ণভাবে ব্রিটিশ কর্তৃপক্ষেরই।

ভারত যুদ্ধক্ষেত্রে পরিণত হতে চলেছে। হাজার হাজার ব্রিটিশ সৈশ্য
মার্কিন সৈশ্য প্রতিদিন আমদানী হচ্ছে। তাদের বাসস্থান জোগাবার জন্তে
কলকাতার নাগরিকদের বরবাড়ী দখল করা হচ্ছে। তাদের যাতায়াতের
স্থবিধার জন্যে গ্রামের চাষীদের জায়গাজমি কেড়ে নিয়ে বিমানবন্দর তৈরী করা
হচ্ছে। তাদের জন্যে বিকল্প ব্যবস্থার নামগন্ধ নেই। ক্ষতিপূরণ দেওয়া হবে
পরে একসময়। কাগজের টাকায়।

এই নাট্যাভিনয়ে গান্ধী, নেহরু, আজাদ প্রভৃতি নেতাদেব ভূমিকা কি নীরব দর্শকেব । গঠনকার্যে মন দিতে বললে কেউ মন দেন না। একদল প্রাদেশিক মন্ত্রীমগুলীতে ও আইনসভায় ফিরে যাবার জন্মে ব্যাকুল। আরেকদল জাপানী-দের সহযোগিতায় ইংরেজদের থেদিয়ে নিয়ে যেতে উদ্গ্রীব। এমন কথাও কেউ কেউ বলচেন যে ইংবেজরা যে অঞ্চল থেকে অপসরণ করবে সে অঞ্চল জাপানীদের সঙ্গে তাদের যোগস্ত্র ছিন্ন করে নো ম্যান্স ল্যাণ্ড বা ম্ক্রাঞ্চল ঘোষণা করতে হবে। সেথানে স্থাপিত হবে জাতীয় সরকার। সেথানে উডবে জাতীয় প্রাকা। জাপানকে সেথানে পাদপরিমাণ ভূমি দেওয়া হবে না। আর ব্রিটেনকে প্রভ্যাবর্তনের ছল।

যারা রাজনীতির ধার ধারে না, ছাঁ-পোষা লোক, তারা মনে মনে প্রস্থত হচ্ছে জাপান রাজকে স্বাগত জানাবার জন্তে। যুগে যুগে এই কাজটি তারা করেছে। যে রাজা হবে তাকে তারা থাজনা দেবে। রাজভক্তি নিবেদন করবে। তাদের মতে—

> "এক রাজা যাবে আর অন্ত রাজা হবে বালালার সিংহাসন শৃন্ত নাহি রবে।"

দেশের স্বাধীনতার মর্ম তারা বোঝে না। গণতরও তাদের কাছে অর্থ-হীন। তারা শাস্তিতে থাকতে চায়। যুদ্ধে যোগ দেওয়া না দেওয়া তাদের কাছে একটা প্রশ্নই নয়। পেশাদার সৈনিক যারা তারাই যুদ্ধ করবে। সে রক্ষ লোক আর ক'জন! রাজায় রাজায় যুদ্ধ হয়, উল্থড়ের প্রাণ যায়। তারা দেই উল্থড়। তবে প্রাণ যাবার আগে তারা একবার পালিয়ে বাঁচতে চেষ্টা করবে। ইডিমধ্যেই কলকাতা থেকে পালিয়ে এসেছে বিভার লোক। বোমার ভয়ে। তাঁলের মধ্যে জ্ঞানীগুণীও আছেন।

একদিন আগাম থবর না দিয়ে সৌম্য এসে হাজির। ত্'বছর বাদে ত্ই বন্ধুতে দেখা। মানস জিজাসা করে, "তুমিও কি পলাতক ।"

সৌম্য হেসে বলে, "কোথায় পালাব, বল তো ? যেথানেই পালাই জাপানীরা তো দেথানেও ধাওয়া করবে। ভোমার ইংরেজ দেনাই তো দৌড় দেবে। আপাতত যেখানেই ইংরেজ দেথানেই নিরাপত্তা। কিন্তু আথেরে ?"

"কিন্ত ওরা এক জারগায় না এক জারগায় দাঁড়াবেই, দৌম্যদা। আমি জানি ওরা রাঁচীতে লাইন টানবে স্থির করেছে।" মানস জানায়।

"হা হা! জাপানীরা রাঁচী বাইপাস করে সরাসরি দিল্লীর দিকে থাবে। সেখানে গিয়ে দিল্লীর শেষ মুঘল বাদশাহ বাহাত্বর শাহ জাফরের বংশধরদের একজনকে সিংহাসনে বসাবে। মাঞ্চ্রিয়ায় যা করেছে তারই অফুকরণে। বার্মান্তেও একটা তাঁবেদার সরকার তৈরি করেছে। সর্বঘটে বার্মার লোককে বসিয়েছে, কিছু প্রত্যেকের উপদেষ্টা হয়েছে একজন জাপানী।" সৌম্য সংবাদ দেয়।

তা হলে তোমাদের ভূমিকাটা কী ? তোমরা দাঁড়িয়ে দাঁড়িরে দেখবে ইংরেজদের অপসরণ, জাপানীদের অধিগ্রহণ, দিল্লীর সিংহাসনে বাদশাহের অভিবেক। তোমাদের ভূমিকা তা হলে নীরব দর্শকের। মানস কাতরস্বরে বলে।

"কী করি, বলো? আমাদের তো ঢাল নেই, তলোয়ার নেই। আশা
করেছিল্ম আপানীরা আসছে শুনে ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল আমাদের
নেতাদের হাতে ঢ়াল তলোয়ার দেবেন। কিছু তাঁর দৃত সার স্টাফোর্ড
ক্রিপস স্পষ্ট জানিরে দিলেন যে মিলিটারির উপর থবরদারি বাঁদের হাতে আছে
তাঁদের হাতেই থাকবে। তার মানে বড়লাটের সভাসদ হয়েও নেতারা হবেন
নীরব দর্শক বা সাক্ষীগোপাল। ইংরেজ যদি পূর্বক থেকে হটে আসে নেতারাও
হটে আসবেন, ঢাল তলোয়ার হাতে নিয়ে এগোতে পারবেন না। আমরাও
কি সম্বোশক হটে আসব ? তা হলে জনসাধারণের পাশে দাড়াবে কারা ?

আমরা হটে এলে জনগণও কি প্রাণের দারে হটে আসবে না ? কিংবা দরবাড়ীর মারায় জাপানীদের কাছে আঅসমর্পণ করবে না ? পরে হয়তো ইংরেজর। যুদ্ধজাহান্দ থেকে চটুগ্রামে ল্যাও করবে ও পান্টা আক্রমণ করবে। তথন দেশ হবে যুদ্ধক্ষেত্র। আর আমি যদি দেখানে থাকি আমি হব ছই আগুনের মাঝখানে কাসাবিয়াক্ষা।"

যুথিকা তা শুনে বলে, "ওমা! তুমি কেন কাদাবিয়াকার মতো ঠায় দাঁড়িয়ে থেকে পুড়ে মরবে ও তলিয়ে যাবে ?"

এই বলে দে আবৃত্তি করে ছেলেবেলায় পড়া ইংরেজী কবিতা—

"The boy stood on the burning deck,

Whence all but he had fled..."

মানস বলে, "ছেলেটির বাবা ওকে ওইখানে দাঁড়িয়ে থাকতে আদেশ করে-ছিলেন। বেঁচে থাকলে তাকে সরে যেতে বলতেন। কিছু তিনি শত্রুর গোলায় মারা যান। ছেলেটি তা জানে না। বার বার বাবাকে ডাকে। সাড়া পায় না। কী শোচনীয় পরিণতি! তা তুমি কেন কাসাবিয়াকা হতে যাবে? কার আদেশে?"

"আমারও তো একজন বাবা আছেন। বার নাম বাপু। বাপুর আদেশ ও ছাড়া আর কী হতে পারে! আমার আশ্রমই হচ্ছে সেই ডেক বেখানে আমাকে থাড়া থাকতে হবে। তাঁর হুকুম না পেলে আমি সেখান থেকে নড়তে পারব না। ইংরেজ বা জাপানী কেউ না কেউ পোড়ামাটি নীতি মেনে শহরটাকে পোড়াবে। আশ্রমও পুড়বে। আমিও পুড়ব। এর থেকে নিজ্বতিশ্ব একমাত্র উপায় দেশটাকে যুদ্ধক্ষেত্র হতে না দেওয়া। ভারতকে বার্মা হতে না দেওয়া। সেটা হয়তো সম্ভব হতো চার্চিল বদি আমাদের নেতাদের বিশাস করে মিলিটারি পাওয়ার দিতেন। কিন্তু তাঁর মনে একটা সন্দেহ কাজ করছে।' সৌমার অস্থমান।

"কী সন্দেহ ?" মানস কৌতুহলী হয়।

"অহিংসাবাদী গান্ধীর পরামর্শে যদি ওঁরা জাপানের সঙ্গে অভব্র সন্ধি করে যুদ্ধ থানিরে দেন সেটা হবে ব্রিটেনের দিক থেকে আরো বড়ো কতি। তার মনোবল ভেত্তে পড়বে। গান্ধী না থাকলে কংগ্রেসকে পোষ মানানো ভত কঠিন হতো না। ওই ক্রিপস প্রভাবেই সে রাজী হয়ে বেড। বড দোষ নন্দ গোষ ওই গান্ধী। কংগ্রেস নেতাদেরও কারো কারো ধারণা ভিনি থাকতে

কোনোদিন তাঁরা ক্ষমতার আসনে বসতে পারবেন না, বারা আসন ছেড়েছেন তাঁরা ফ্রিন্তে পারবেন না। গাছীজী সেটা জানেন। দেখে এলুম তিনি আরো বেশী নিঃসন্ধ।" সৌম্য ছঃখপ্রকাশ করে।

পূর্ববদের পরিছিতি সহকে ওয়াকিবহাল হবার জন্মে গান্ধীজী থাদের ডেকে পাঠিয়েছিলেন সৌম্যও তাদের অক্সতম। আপাতত তিনি নীরব শ্রোতা। তাঁর একমাত্র উপদেশ যে যেখানে আছে সে সেখানে থাকবে। স্বাইকে স্বন্থানে থাকতে বলবে। যুদ্ধবিরোধী প্রচার চালিয়ে কারাবরণ আর নয়। সে অধ্যায় সমাপ্ত হয়েছে। নতুন অধ্যায় কী হবে তা কেউ জানে না। তিনিও চিস্তাময়। সেগাঁও ইতিমধ্যে সেবাগ্রাম হয়েছে।

"অনেকদিন ডোমাদের দক্ষে দেখা হয়নি। আবার কবে হবে তা কে বলতে পারে? যদি কাদাবিয়াকা হতে হয় তো এই শেষ দেখা। তাই দেবাগ্রাম থেকে ফেরবার পথে টেন বদল করে দেখা করতে এলুম।" সৌমা যেন শেষ বিদায় নিতে চায়।

"শুনব না, শুনব না তোমার ওকথা।" যুথিকা রাগ করে। "ফের যদি অমন কথা মুখে আনো আমি অনশন করব, সৌম্যদা। এমন কিছু করতে হবে যাতে জাপানীরা আদৌ আমাদের দেশে না আসে। যদি আসে তবে এমন কিছু করতে হবে যাতে ইংরেজরা তার আগে আমাদের নেতাদের হাতে সামরিক ক্ষমতা ছেড়ে দেয়। দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখা একটা কাজের কথা নয়। জুলি এ বিষয়ে কী ভাবছে ।"

জ্লির নাম শুনে সৌম্য মিষ্টি হাসে। ''জুলি? ও কি কোনোদিন কিছু ভেবেছে যে আজ ভাববে? ওর যথন যেটা থেয়াল তথন সেই অহসারে কাজ। জেল থেকে ছাড়া পেয়ে গাজীজীর প্রাদ্ধ করে বেড়াচ্ছে। ও কী বলে শুনবে? ও বলে, জোয়ার যথন এসেছিল তথন তোমরা তরী ভাসাওনি। তীরে দাঁড়িয়ে লয় বইয়ে দিলে। পরে একটা লোক-দেখানো আন্দোলন করলে। ব্যক্তি সভ্যাগ্রহ। কেন, গণ সভ্যাগ্রহ নয় কেন? ভার বেলা ভয়ে পেছিয়ে গেলে। জনভাকে ভয়। পাছে ওয়া সেই ফ্রোগে বিপ্লব বাধিয়ে বসে। নেতৃত্ব কেড়ে নেয়। এখন হাজার মাখা শুড়লেও সেই জোয়ার আর ফিরবে না। নতৃন জোয়ারের জল্ঞে প্রভীকা করতে গেলে দল ভেঙে চৌচির হবে। রাজাজী ভো প্রকাশ্রে বলৈছেন। ভিতরে ভিতরে আরো অনেকে। তিন মাস পরে

দেখবে মন্ত্রীরা যে যার পদে ফিরে গেছেন। কেন্দ্রেও পণ্ডিভজী যোগ দিয়ে-ছেন জাপানের ভয়ে। তোমরা হেরে গেছ, সৌমাদা। আমি নিরুতর।''

যুথিকা বিশ্বিত হয়ে বলে, "পণ্ডিতজীর উপর জুলি এমন বিরূপ কেন ?"
সৌম্য হেসে বলে, "জুলির বিপ্লবী গোষ্ঠীর মতে পণ্ডিতজী হচ্ছেন এদেশের
কেরেনস্কি। তিনি সামাজ্যবাদীদের স্বার্থে যুদ্ধ চালিয়ে যাবেন।"

"তা হলে এদেশের লেনিন কে ?'' যৃথিকা স্থায়।

"লেনিন হচ্ছেন স্বভাষচক্র। তিনি বিপ্লবের স্বার্থে যুদ্ধ থামিয়ে দেবেন। এখন তিনি লেনিনেরই মতো কোথায় যেন আত্মগোপন করেছেন।" সৌম্য উত্তর দেয়।

"বা ! জুলির গোষ্ঠা যদি হয় এদেশের বোলশেভিক গোষ্ঠা তবে বাবলীর গোষ্ঠা কী ?'' যুথিকা প্রশ্ন করে।

"বোন, আমাকে জেরা করে কী হবে ? আমি কী করে বলব বিপ্লবীদের কে কোন্ধারা অফুসরণ করে ? সব ক'টাই তো বিদেশী ধারা। পুঁথি থেকে পাওয়া। পুঁথির সঙ্গে মিলিয়ে বিপ্লব কবে কোন্দেশে হয়েছে ? বাবলীর কথা যথন উঠল তথন বলি বাবলীর সঙ্গে জুলির এখন গলাগলি বন্ধুতা নয়। চুলোচুলি শক্রতা। এই মারে তো ওই মারে।" সৌমা তুঃখিত।

''বিবাদটা কি মতবাদ থেকে ? না আরো গভীর কারণ আছে ? ব্যক্তিগত ঈর্বাবেষ নয় তো !'' মানস উৰিগ্ন।

"না। ত্'জনেই তার উধেব'। জুলির মতে স্বাধীনতা পেতে হলে এই তার মণ্ডকা। স্থতরাং আগে ভারত, তার পরে রাশিয়া। বাবলীর মতে বিপ্লব যদি রাশিয়ায় ব্যর্থ হয় তবে ভারতেও ব্যর্থ হবে। স্থতরাং আগে রাশিয়া, তার পরে ভারত। ওটা মতবাদের দ্বন।" সৌম্য আশাস দেয়।

"অথচ মজা এই যে ত্'জনেই ওরা বিপ্লববাদী, ত্'জনেরই মহাগুরু লেনিন। আমি মনে করি ওটাও একপ্রকার ধর্মান্ধতা। ফ্যানাটিসিজম।" মানস আক্ষেপ করে।

''মজা! তোমার কেবল সবভাতেই মজা। ওই যে তুটো মেয়ে চুলো-চুলি করছে ওটা ভোমার কাছে মজার বিষয়!'' যৃথিকা বকুনি দেয়।

"না, না, ঠিক চুলোচুলি নয়।" সৌম্য ওধরে দিয়ে বলে, ''চিলাচিলি। অপনদা ওদের থামাতে পারেন না।"

"वर्णनमा ! वर्णनमात्र मान धत्र की मन्नक !" वृथिका व्यवाक हत्र ।

"বপনদা ওদের তু'লনকেই ডিনারে ডেকেছিলেন, যেমন আগেও ডাক-তেন। ঘটনাক্রমে আমি দেদিন জুলিদের বাড়ীতে অতিথি। জুলি আমাকেও ডিনারে নিয়ে যায়। টেবিলে আরো কয়েকজন ছিলেন। গুনলুম ওঁরা লিবারল হিউমানিষ্ট। আলাপ আলোচনা রাজনীতিবজিত। কিছ কখন একসমন্ন যুদ্ধের প্রসঙ্গ ওঠে। তার থেকে ইংরেজ বনাম জাপানী। অমনি वावनी वरम ७८५, जाभानरक ऋथरण हरत। जाहरकम हाहे। मरम मरम खूनि टिंक्टिय ७८८। तारेएक पिरत्र कांट्य मात्रि ? रेंद्रक्टक ना कांशानीत्क ? বাবলী বলে. ইংরেজকে নয়, সে এখন ব্লাশিয়ার জন্মে লড়ছে। আর যায় কোথা? বেধে যায় তর্কাতকি। গালাগালি। চিল্লাচিল্ল। স্থপনদা থামাতে পারেন না। আমার দিকে তাকান। আমি জ্বলিকে ঠাণ্ডা করি। তথন वावनोटक ठाउं। करतन मौशिका दोमि। এর পর अश्रममा वावनीटक ब्ला করেন। স্টালিনের মুখে হুভোরভের নাম কেন? হুভোরভ তো অষ্টাদশ পতাব্দীর ব্যার আমলের সেনাপতি। ফিউডাল সামস্ত। ভূমিদাসদের তুশমন। বাবলী নির্বাক। তথন অপনদা বলেন, ওটা হচ্ছে রুশজাতির অতীত গৌরবের প্রতি আবেদন। সেক্ষেত্রে শ্রেণীতে শ্রেণীতে ভেদবৃদ্ধি নেই। मजनीत्म मजनीत्म मः पर्व त्नरे। जात्म तम्म, जात्र भात्र जान कथा। जा जत क्लित की छेनाम ! अभारन वावनीत मुक्ताना एकिएत यात्र एएथ अभनमा रमहे नत्क कृत्फ तनन, नव तम्में योक्स्त्र तम्म । क्रांक यिन जायात जाननात रूत्य थारक जार्यानी कि जायात्र शत्र ? ना, जार्यानी अ शत्र नग्न। जार्यानी यिन शत्र না হয় তবে রাশিরা কি আমার পর? না, রাশিয়াও আমার পর নয়। রাশিয়ার জন্মেও আমার দরদ। তা তনে বাবলী গলে যায়। কিছু জুলির চোথে ভিরন্ধার।" সৌম্য বিবরণ শোনায়।

"খণনদার ভবিশ্বতে সতর্ক হওয়া উচিত। একজনকে ডাকলে আরেক-জনকে ডাকতে নেই। ওরা এখন আর মানিকজাড় নয়।" মানস মন্তব্য করে। যুথিকা হাফ ছেড়ে বলে, ''বাঁচা গেল। ওদের ঠাওা না করলে ওরা হয়তো। ছুরি কাঁটা নিয়ে খুনোখুনি করত।"

''না, না, অভদ্র বেত না।" সৌম্য ছেলে বলে, "ভিনারের পর দেখা গেল ওরা দিব্যি খোশগন্ধ অুড়ে দিয়েছে। অপনদাও ধরিয়ে দিয়েছেন একজনের হাতে চকোলেট। আরেকজনের হাতে ক্যান্নামেল। বলছেন, নারীর শক্ত আর কেউ নয়, টাইম। একদিন দেখৰে বৌবন চলে গেছে। রূপ বারে গেছে। কেউ তোমাদের ধারে কাছেও আসছে না। তোমরাও ঝগড়াঝাটি করে কাউকেই কাছে টানতে পারছ না। রাইফেল, রিভলভার, জেল, আতার-গ্রাউও তোমাদের জন্মে নয়। তোমাদের জন্মে পরিবার, সমাজ, সংস্কৃতি। যুদ্ধ বা বিপ্লবের পরেও এসব থেকে যায়। ধরে রাখে মেয়েরাই। যাও, বয়স থাকতে বিয়ে থা করো, মা হও। গান গাও, বাজনা বাজাও, নাচন নাচো, ছেলেছোকরাদের নাচাও। বাবলী আর জুলি খিলখিল করে হাসে। কে বিশ্বাস করবে যে একটু আগে এরাই তুই বিজীর মতো চিল্লাচিল্লি করছিল মু

"স্বপনদা হদ্যবান প্রুষ, তবু প্রুষ তো! নারীকে তিনি তার নিজের জায়গায় রাখতে চান। যেমন ইংরেজরা ভারতীয়দের। তিনি ভাবতেই পারেন না বিপ্লবেও নারীর স্থান আছে, যেমন রোজা লুকসেমবুর্গেব। যুদ্ধেও কি নারীর স্থান নেই, যেমন জোন অভ আর্কের? বিপ্লবকে, যুদ্ধকে এরা উচ্চতর মধাদা দিয়েছেন। তাই যদি হয় তবে বাবলীকে বা জুলিকে বয়স থাকতে বিয়ে থা করতে, মা হতে বলা কেন? বিয়ে করতে চাইলেই কি বর পাওয়া যায়? এই যেমন জুলির বর। বানপ্রস্থের বয়স না হলে কিছুতেই কি তিনি বিয়ে করতে রাজী হবেন? বাবলীর ইতিহাস আমার জানা নেই। কিছু এদেশে ক'জন যুবকের এমন বুকের পাটা যে বাপ মার অমতে ওর মতো একটি খুন করতে উন্থত মেয়েকে বিয়ে করবে! হাা, একজন জোয়ানের মতো জোয়ান বটে স্কুমার দত্তবিশাস। মিলির অমন অপরাধের রেকর্ড আর অস্থথের রেকর্ড ভানও পেছিয়ে গেল না। এক কথায় বিয়ে করে বিলেত নিয়ে গেল। ভালো কথা, দাদা, মৃস্তাফীদের থবর কী? জাপানীরা এলে তারা কী করবেন?'' যুথিকা চিন্তাকুল।

"তাঁরা সেবাপ্রতিষ্ঠান ফেলে কোথাও যাবেন না, যদিও কলকাতায় তাঁদের নিজস্ব বাড়ী রয়েছে। জিজ্ঞাসা করলে বলেন, কলকাতার বিপদ আরো বেশী। তার চেয়ে গ্রামে গিয়ে ল্কিয়ে থাকা নিরাপদ। জাপানীদেরও তো ডাজ্ঞারের দরকার হবে, ওমুধপত্রের দরকার হবে। ভালো কথা, তনেছ বোধহয় ওঁদের একটি নাতি হয়েছে। ই্যা, মিলিরই ছেলে।" সৌম্য সানন্দে শোনার।

"ওমা, কবে ?" উৎফুল হয় যুথিকা। ''চিঠিপত্তে আভাসটুকুও দেয়নি। কেমন আছে ওয়া ? স্বা আর ছেলে ?"

''ভালোই।'' সৌম্য যতদূর জানে।

"লগুনে বোমাবর্ষণ থেমেছে। না, মানস?ু আমি ভাবছি ওরা কি 'মেথানে নিরাপদ?'' যুথিকার কণ্ঠস্বরে উদ্বেগ।

যুথিকা ভোজের আয়োজন করতে যায়। মিলি ও তার বাচ্চার সম্মানে। নিজের বাচ্চাদের সন্ধানেও লোক পাঠায়। ওরা গেছে পাড়ায় থেলা করতে।

"আচ্ছা, সৌম্যদা, সেবাগ্রামে বাবার পথে তুমি তো কলকাতায় দিন-কয়েক কাটালে। কেমন দেখলে জুলির মনোভাব ? ও কি বাবলীর মতো জাপানকে রুখবে ? না জাপানীদের দঙ্গে হাত মিলিয়ে ইংরেজকে তাড়াবে ?" মানস স্থধায়।

"না, জুলি বাবলীর মতো জাপানকে রুখবে না। ও বলে, দুই শতাকীর বিটিশ রাজত্বের মূলোংপাটন করতে হলে জাপানের মতো বহিঃশক্তির কাঁধে ভর দিয়ে। ভর দিয়ে লড়তে হবে। আমেরিকানরাও লড়েছিল ফ্রান্সের কাঁধে ভর দিয়ে। ইতিহাসে আরো নজীর রয়েছে। জাপানীরা যদি জাঁকিয়ে বসতে চায় তাদের বিদায় করা তত কঠিন হবে না। জাপান যে এতদ্র এসেছে সেটা আকস্মিক ঘটনা নয়, দৈবপ্রেরিত স্থযোগ। আমরা যদি ওদের রুখতে যাই আমাদেরই ক্ষতি। বাবলীরা যদি রুখতে চায় ইংরেজদের কাঁধে ভর দিয়ে লড়বে। কিছ তাতে লাভ হবে সাম্রাজ্যবাদীদেরই। কমিউনিস্টদের কী! এসব যুক্তি অবশ্র জুলির নিজের নয়। ওর দাদাদের। তেমনি বাবলীর যুক্তি-শুলোও ওর নিজের নয়। ওর কমরেজদের। দেশের জনগণের সঙ্গে ওদের কোনো পক্ষেরই নাড়ীর যোগ নেই। জনগণ যদি জাগে তবে তাদের আত্ম-শক্তিই যথেষ্ট। জাপানীদের বা ইংরেজদের কাঁধে ভর দেওয়া নিপ্রয়োজন।" সোমার বিশ্বান।

মানস চিন্তান্বিত হয়। "তুমি কি সতি্য বিশাস কর. সৌম্যদা, যে ভারতের জনগণ ছই হাতে ছই ফ্রণ্টে লড়তে পারবে? এক হাতে জাপানীদের সঙ্গে, আরেক হাতে ইংরেজদের সঙ্গে এই ধরো, পূর্ববন্ধ যদি ইংরেজরা ছেড়ে দেয় আর জাপানীরা কেড়ে নেয় ভবে সেখানকার লোকজন জাপানীদের সঙ্গে

লডতে গেলে শুনবে তারা ইংরেজদের পঞ্চম বাহিনী। ধরা পডলে কোডল হবে। পশ্চিমবঙ্গের লোকজন লড়বে ইংরেজদের সঙ্গে। তথন খনবে এরা জাপানীদের পঞ্চম বাহিনী। এরা হয়তো কোতল হবে না, কিছ এদের পাঠিয়ে দেওয়া হবে বেলুচীম্বানে বা দিন্ধে বা আজমীরে। আজীয়স্বজনের কাছ থেকে বছদূরে ও ভাদের অজ্ঞাতসারে। সেটাও একপ্রকার জীবস্ত नभाधि। জूनिएत युक्ति तुवारा भाति, यिए नमर्थन कतित। वावनीएत যুক্তিও বোধগম্য। যদিও সমর্থন করা শক্ত। সমর্থন করলে পোড়ামাটিও সমর্থন করতে হয়। জাপানীদের বঞ্চিত করার নামে ওরা জামশেদপুরের ইম্পাতের কারধানাও ধ্বংদ করতে পারে। কমিউনিস্ট দোন্ডরা বারণ করলে কি মিলিটারি হাই কমাও গ্রাহ্ম করবে ? যাতে গ্রাহ্ম করতে বাধ্য হয় সেই-ছত্তেই তো কংগ্রেম নেতারা মিলিটারির উপর কণ্টোল দাবী করেছিলেন। ভারতের স্বার্থ ওই কারখানাটাকে অক্ষত রাখা। জাপানীদের বঞ্চিত করতে গিয়ে ভারতীয়দের বঞ্চিত করা কি উচিত ? এটা অসম্ভব নয় যে জাপাদীরা জামশেদপুর পর্যন্ত ধাওয়া করে আদবে ও টাটার কারথানাটা নিজেদের কাজে লাগাবে। কিছু তার খারা জয়পরাজয় নির্বারিত হবে না জয়পরাজয় নির্ভর করবে প্রশাস্ত মহাসাগরের জলযুদ্ধের উপর। ভারত ভূথণ্ডের স্থলযুদ্ধের উপর নয়। পার্ল হারবারের জাহাজগুলো জাপান ডুবিয়ে দিয়েছে বলে সব ক'টা জাহাজ ডুবিয়েছে তা নয়। জার্মানরা কাবু হলে আমেরিকার আটলাণ্টিক নৌবহর প্যাদিফিকে চলে আসবে। তার সঙ্গে যোগ দেবে ব্রিটেনের নৌবহর। হিটলারের বরাতে যেমন আরেকটা ওয়াটারলু তোজোর কপালে তেমনি আর একটা ট্রাফলগার। জাপানের সঙ্গে ভারতের ভাগ্য জড়িত করে আমরা कारशोतरात्र जांशी हव ना, स्रोमामा। कुलिएक वर्षा वृत्रिया मिया जुनि। পরাজ্যের মানির ভাগ নিয়ে আমাদের লাভ কী হবে? আর বাবলীকে বোঝানো কারো সাধ্য নয়। ওর কমরেডদের কাছে নির্দেশ আসছে মস্কো থেকে লণ্ডন হয়ে। প্রর আক্ষেল হবে যথন দেখবে ধনিকদের পৌষমাস শ্রমিক-ক্রযকদের সর্বনাশ। সেই সর্বনাশ থেকে বিপ্লব গন্ধালে বিপ্লবের ফলভাগী হবে কংগ্রেদের বামপন্থী দল। কমিউনিস্ট দল নয়। তথন বিভীয় বিপ্লবের জন্তে দিন গুনতে হবে। কে জানে কতকাল। গুরা যদি রাশিয়ার জয় নিয়েই সম্ভষ্ট হতে চায় তো ওদের সাধ মিটবে। কিন্তু ভারতের জনগণ স্বাধীনভার স্বাদ পাবে না। ভারতের স্বাধীনতা বাদের কাছে জীবনমরণ প্রশ্ন তাদের.

পৃষ্টি এখন গান্ধীজীর উপরে। দেখা যাক ভিনি কী সিদ্ধান্ত গ্রহণ করেন। বেটাই হোক সেটা অবিলম্বে গ্রহণ করা চাই। জাপানের পরবর্তী পদক্ষেপের পূর্বেই। নইজে ভোমাকে হতে হবে কাসাবিয়ারা। কী ভয়ানক কথা!"

সৌমা স্বভাবত শাস্ত ও স্থিতধী পুরুষ। কিন্তু কাসাবিয়াক্বা হ্বার স্থাবনা ভাকেও ভিতরে ভিতরে দোলা দিয়েছে। দে তার আধ্যাত্মিক সঞ্চয় থেকে শক্তি সংগ্রহ করছে। দে পালাবে না, মাথা ছেঁট করবে না, জাতীয় পতাকা নামাবে না, আত্মসমর্পণ করবে না। জাপানীরা যদি তাকে বন্দী করে তবে বন্দী হবে, যদি গুলী করে তবে প্রাণ দেবে। সহযোগিতা নৈব নৈব চ। তথাকথিত স্বাধীনতার বিনিবয়েও নয়। সে যুদ্ধবিরোধী। সর্বপ্রকার যুদ্ধবিরোধী। তার মধ্যে পড়ে সাম্রাজ্যবাদী যুদ্ধও। সাম্রাজ্যবাদী যুদ্ধ বলতে কেবল ব্রিটেনের নয়, জাপানেরটাও বোঝায়। তার স্থান তুই আগুনের মাঝখানেই।

''ভাখ, মানস, আমাদের যুদ্ধকালীন পলিসি আমরা পুরো একবছর ধরে ভেবে চিন্তে দেড়বছর আগে স্থির করেছি। সেই অমুসারে ব্যক্তিসভ্যাগ্রহ আরম্ভ করে দিয়েছি। দেটা কি আমরা প্রত্যাহার করেছি ? না, দেটা বহাল স্বয়েছে। যুদ্ধের বিরুদ্ধে একটি কথা মুখ ফুটে বললে আগে আমাদের গ্রেপ্তার করে জেলে পোরা হতো। এখন দশটি কথা বললেও কেউ আমাদের গায়ে হাত দেয় না। এটাও একপ্রকার স্বাধীনতা। এমন স্বাধীনতা কি আর কোনো দেশের নাগরিকদের আছে ? আমরা কি এ স্বাধীনতা স্বেচ্ছায় ত্যাগ করতে পারি? তার আগে ওজন করে দেখতে হবে কী আমরা পাচিছ। তুমিই বিচার করে বলো, ভারতের অপরিমেয় লোকবল থাকতে রোজ শত শত रेष-भाकिन रेमछ व्याममानी कन्ना रुष्क किरमन श्रास्ताकरन ? मुक्करमन्न, না বিলোহদমনের? তাদের থাকবার জায়গা জোগানোর জন্তে কলকাতা প্রভৃতি শহরের শত শত ঘরবাড়ী চব্বিশ ঘণ্টা নোটিলে দখল করা হচ্ছে কেন ? ভারা কি তাঁবুতে থাকতে পারত না? দেশে কি তাঁবুর আকাল? বাইরে থেকে আনিমে নেওয়া ষেড না ? তাদের ভোগের জন্মে একহাতে গোমাংস ও আরেক হাতে নারীমাংল থবিদ করা চলেছে। আমরা ভারতীয়রা টাকার लाए विकी कर्राह । तम होका बाबारमहर ब्रक्टनिः शाला होका । हिस्तिम घक्षांत्र त्नाणित्म वहलात्कत्र ठात्वत्र क्रियु पथन कत्रा श्टाकः। त्मथात्न नाकि वियान वस्पन्न इत्त । চাरেयन क्षत्रि श्राटन यनन कनत्त्र कार्यात्र ? जान्नरजन

অভাব হবে না ? লোকে খাবে কী ? চট্টগ্রাম নোয়াথালীর নৌকা আর শাম্পান জোর করে ভূবিয়ে দেওয়া হয়েছে। পাছে জাপানীরা ব্যবহার করে। अमिरक है: त्रास्त्र कालातां । य वावहात कत्रत् भाताह ना। जाएन मान চলাচল বন্ধ। নিত্য প্রয়োজনীয় তেল মুন লকভির অভাব হবে না ? প্রতিবাদ করতে গেলে কড়া সেনসরশিপ। সব ক'টা কাগন্ধই এখন কর্ডা-ভজা। এক গান্ধীজীর 'হরিজন' বাদে। সেটা তো এতদিন বন্ধই ছিল। কংগ্রেসের সঙ্গে কথাবার্তা চলছে বলে খুলেছে। কথাবার্তা বন্ধ হলেই আবার বন্ধ হবে। দেশের কোথায় কী ঘটছে তা জানবার কি জো আছে ? রাতের বেলা বেমন বোমার ভয়ে ব্ল্যাক আউট দৈনিক পত্রিকায় তেমনি দিনের বেলা ব্ল্যাক আউট। সভ্য হয়েছে প্রথম ক্যাস্থয়াটি। কংগ্রেস নেভারা যদি সরকারে যোগ দেন এ ক্যাস্থ্যালটি রোধ কর। তাঁদেরও সাধ্য নয়। এই ইস্থাতেই বাপুকে কারাবরণ করতে হবে। এর থেকে তাঁকে টলানো যাবে না। সত্য আগে। আর-সব পরে। এমন কী, অহিংসাও। বাপুকে দেখে এল্ম। তিনি ইম্পাতের মতো শব্দ। সত্য বলতে হবে, পূর্ণ সত্য বলতে হবে, কোনো কথা গোপন করা চলবে না। যেমন তোমার আদালতের শপথ। আমাদের হাতে আর কোনো অন্ত নেই। সত্যই আমাদের অন্ত। যুদ্ধকালে সত্যই ব্ৰহ্মান্ত। নেহৰু বা আজাদ কারো মুখ চেয়ে এ অল্ল আমরা ত্যাগ করব না। শর্তে যদি বনে জাতীয় সরকার হোক। আমরা বাদ সাধব না। কিছ আমাদের সভ্যের মুথে বলগা পরানো চলবে না। নেহাৎ যেগুলো মিলিটারি সীক্রেট দেগুলো আমরা ফাঁস করব না। কিন্তু এখন তো সব কিছুই যুদ্ধের নামে নিষিদ্ধ। সরকার পক্ষের প্রচারকার্য বাদে। সেটা তো মিথ্যার বেসাতি।" সৌম্য কিছুক্ষণ দম নেয়।

"কী করা যায়! বৃষ্ণের প্রয়োজনে মিথাা তো সেই যুখিছিরের আমল থেকেই ছনিয়ার নিয়ম। বোধহয় আরো আগে থেকে। গান্ধীজী যদি এ নিয়ম মেনে নিডে না চান তাঁকে কারাগারেই পাঠাতে হবে। কংগ্রেস নেতারা যদি এতে নারাজ হন তবে কমতার মায়া কাটাতে হবে। যুদ্ধ যতদিন স্বদ্র ছিল ততদিন আমি যুদ্ধবিরোধী সত্যাগ্রহের মহিমা উপলব্ধি করেছি। যুদ্ধ এখন দেশের দোরগোড়ায়। এটা কি সত্যাগ্রহের সময় ?" মানস মাথা নাড়ে।
"তা হলে সিভিল লিবাটির অর্থ কী ? কেন তবে ইংরেজ ফরাসী আমেরিকানরা সিভিল লিবাটির এত বড়াই করেন ? কোন মুখে তাঁরা জার্মান

ও রাশিয়ানদের নিন্দা করেন? এদেশে যারা শান্তিবাদী তারা শান্তির জন্মে কাজ করলে যদি তাদের কারাগারে পাঠাতে চাও তো পাঠাও। কিছ তথন হয়তো দেখবে জনগণ তাদের কারামুক্ত দেখতে চায়। গান্ধীজীকে কারাগারে রেথে কংগ্রেস এদেশ শাসন করতে পারবে না। তা ছাড়া আরো কথা আছে। যে-কোনো দেশের পক্ষে সব চেয়ে গুরুত্বপূর্ণ 'সিদ্ধান্ত হলো যুদ্ধ ও শান্তির সিদ্ধান্ত। যুদ্ধের সিদ্ধান্তটা ভারতের উপর ছেড়ে না দিয়ে ইংলণ্ড নিজেই নিয়ে বদে আছে। তার লীগাল রাইট থাকতে পারে, কিন্তু মরাল রাইট আছে কি ? গান্ধীজীর আপত্তি দেইখানে। এখন জাপানের বিরুদ্ধে যুদ্ধ করার সিদ্ধান্ধ যদি নিতে হয় নবগঠিত ভারত সরকারই নেবার মালিক। ভারতের জনমত এখনো জাপানের বিরুদ্ধে যুদ্ধঘোষণা করেনি। জাপান বলছে না যে সে ভারতের শক্ত। সরকারী মহল যা খুশি বলুক, ভারতের জনগদ জাপানের দলে লড়াইতে ভাষিমে পড়তে রাজী নয়। জাপান যদি গায়ে পড়ে আক্রমণ করে দেকথা আলাদা, কিছ তাকে খুঁ চিয়ে শক্র করে তোলাও উচিত নয়। প্রথম স্থযোগে যুদ্ধ থামিয়ে দেওয়াই বিজ্ঞতা। বাপু তো বলেছেন এই বুড়ো বয়সেও তিনি জাপানে যেতে রাজী। প্রাণপণে চেষ্টা করবেন যাতে যুদ্ধ থামানো যায়। এর মানে কি ইংরেজের বা মার্কিনের পরাজয় ? না, এতে কোন পক্ষেরই পরাজয় নয়, উভয় পক্ষেই সম্মানজনক সন্ধি। স্ব্যধীন ভারত যুদ্ধের মতো এক গুরুত্ব-পূর্ণ সিদ্ধান্ত ব্রিটেনের উপর ছেড়ে দিলেও দিতে পারে, কিন্তু শান্তির মতো আরেক গুরুত্বপূর্ণ দিদ্ধান্ত কিছুতেই হাতছাড়া করতে পারে না। যদি দেটা সম্মানজনক হয়। এই মহাযুদ্ধে শান্তিবাদীরা নিক্রিয় থাকতে পারে না। দেশ যদি স্বাধীন হয় তবে তাকে শান্তির অভিমুখে পরিচালনার দায় মহাত্মার মতো শান্তিবাদীর। তিনি বেঁচে থাকতে দেশকে তিনি যুদ্ধক্ষেত্রে পরিণত হতে দেবেন না। কারাগারেই অনশনে মৃত্যুবরণ করবেন। এবার তাঁর সংকল্প क्विन कार्तावद्रभ नम्न, अनिवार्य हत्न अन्मतन मुकुावद्रभेख।" स्मोमा आवाद एम (नम्र ।

"শোন, দৌম্যদা, বিশ্ব রাজনীতি সম্বন্ধে তোমার যথেই জ্ঞান আছে। তোমাকে জ্ঞান দেওয়া আমার উদ্দেশ্য নয়। কিন্ধ তোমাকে বলে রাখি বিশ্ব-যুদ্ধের দিন একতরফা সন্ধি ছাপনের অধিকার কোনো যুদ্ধরত দেশেরই নেই। না ইংলণ্ডের, না আমেরিকার, না রাশিয়ার, না ভারতের, ভারত যদি মার্রখানে শাধীন হয়। গত মহাযুদ্ধে লেনিনই সে অসাধ্য সাধন করেছিলেন, সেটা সম্ভব হয়েছিল বিতীয় বিপ্লবের ফলে। ততদিনে রুশ দৈশুরা রণক্লান্ত হয়েছিল। আর জনগণও শান্তির জন্যে অধীর। এবারকার মহাযুদ্ধের মাঝখানে যদি বিপ্লবের সন্তাবনা থাকে, তাও ভুধু প্রথম বিপ্লবের নয়, যিতীয় বিপ্লবেরও, তা হলে হয়তো একতরফা সন্ধি স্থাপন সন্তব হবে। নয়তো নয়। বিতীয় বিপ্লব দূরের কথা, প্রথম বিপ্লবও দূর অন্ত। এটা রাশিয়া নয় ভারত।" মানস মনে করিয়ে দেয়।

"তুমি যাই বলো, ভাই, সংগ্রাম যথন আরম্ভ করে দিয়েছি তার মোমেন্টাম আমরা হাতছাড়া করব না। চার্চিল তাঁর শেষকথা বলে দিয়েছেন। রুজ্জেন্টেও হাল ছেড়ে দিয়েছেন। সংগ্রাম এখন তার আপন মোমেন্টামে চলবে। জাপানের আসা না আসা অবান্তব। জাপান যদি আসে জাপান অধিকৃত অঞ্চলেও আমরা শান্তির জন্মে লড়ব। স্বাধীনতা ও শান্তি একসঙ্গেই অবতীর্ণ হবে। যদি বেঁচে থাকি বাঁচা সার্থক হবে। যদি মারা যাই মরা সার্থক হবে।" সৌম্যর শেষ কথা।

এমন সময় মণিক। এসে ওর কোলে ঝাঁপিয়ে পড়ে আর দীপক এসে ওর গলা জড়িয়ে ধরে। পেছনে ওদের মা।

॥ এগার॥

সৌম্য এবার দীপকের জন্মে এনেছে একথানা অটোগ্রাফের বই। তাতে মহাত্মা প্রমৃথ নেতাদের স্বাক্ষর। আর মণিকার জন্মে একথানা আলবাম। তাতে তাঁদের ফোটোগ্রাফ। বলে, "তোমরা এখন থেকে দেশের জন্মে একটু একটু ভাবতে শেখো। আমাদের তো যাবার সময় হলো।"

যুথিকা বিষম রাগ করে। "অমন অলক্ষুণে কথা মুখে আনতে নেই। তুমি আরো অনেকদিন বাঁচবে। দেশকে স্বাধীন করবে। তার পর জুলিকে বিয়ে করে গৃহস্থ হবে। জুলিরও একটি থোকা হবে। যেমন মিলির হয়েছে।"

লৌম্য ছেলে বলে, "তার পর একটি খুকি ছবে না ? যেমন ভোমার ?"
"হবে, হবে। তার জল্পেও বেঁচে থাকতে হবে।" যুথিকার আবদার।

"বেঁচে থাকা না থাকাটা আমার হাতে নয়, বোন। আমার সামনে এক অগ্নিপরীক্ষা। দীমান্তে বাদ করছি। যে-কোনোদিন কামানের মথে পড়তে পারি। আমাদের মানসমোহন যে ফ্রণ্টে যাবার স্বপ্ন দেখছিলেন দেই ফ্রন্ট এখন ছাতের নাগালে পে হৈছে। তবে জার্মান নয়, জাপানী, এই যা তফাং। তাঁর ভাগ্য ভালো, তিনি এখন নিরাপদ দরতে। কিন্তু কে জানে, সরকার যদি তাঁকে আবার ম্যাজিক্টেট করে দীমান্তে পাঠিয়ে দেয়। জজিয়তী ওঁর ভালো नारंग ना। এবার मामनार्यन ঠেলা জাপানী অভিযানের। রেঙ্গুনে কী হয়েছিল, শুনবে ? ম্যাজিফ্রেটকে চার্জে রেথে আর সকলে চম্পট। মার পুলিশ অফিসার, জেল অফিসার। কয়েদীরা ছাড়া পেয়ে বেরিয়ে আদে। বেপরোয়া ভাবে লুট করে, ধর্ষণ করে, খুন করে, ঘরে আগুন দেয়। সাক্ষীদের উপর প্রতিশোধ নেয়। ম্যাজিস্টেট কী করতে পারেন । সৈন্য নেই, সামস্ত নেই, ইংরেজরা আগেভাগে সরিয়েছে। পাছে ধরা পড়ে বন্দী হয়। শেবে জাপানী কামাণ্ডারের হাতে চার্জ সঁপে দিয়ে তাঁর অন্তমতি নিয়ে রৈঙ্গুন থেকে বিদায়। তিনি তাঁকে আটকে রাথতেও পারতেন। শাসন চালানোর জন্তে। তা হলে তে। আরো মুশকিলে পড়তে হতো। জাপানারা জারি করে মার্শাল ল। ম্যাজিন্টেট হন সাক্ষীগোপাল। মানস যাকে বলে নীরব সাক্ষী। সেরকম নীরব সাক্ষী হবার চেয়ে নিক্রমণই শ্রেয়। কিন্তু আমার কি সেই সৌভাগ্য হবে ? 'চাচা, আপনা বাঁচা' হাকিমদের নাতি হতে পারে, সেবকদের নীতি নয়। আমরা লোকসেবক, আমরা লোকের সংক্ষ বাঁচব, লোকের সংক্ষ মরব। ওদের পেছনে ফেলে পালাব না। সৌম্য মন খুলে বলে।

"তুমি যে আমাকে ভয় পাইয়ে দিলে, সৌম্যদা। সরকার যদি আমাকে আবার ওই জেলায় বদলী করে, এবার ম্যাজিফ্রেট পদে, তা হলেই গেছি। আমি যে আ্যান্টিফার্সিট। কেউ না কেউ সে কথাটা ওদের কানে তুলবে। আমি এ যুদ্ধে নিরপেক্ষ নই। সত্যের সঙ্গে আমি আপ্য করতে পারব না। যা থাকে কপানে। তবে আমাকে যদি বদলী করে জুইকে আর বাচ্চাদের সঙ্গে নেব না। বিহারে বন্ধুর বাড়ী পাঠিয়ে দেব। না, ছুটি চাইব না। সেটা কাপুক্ষতা। ফ্রন্টে বেতে চেয়েছিলুম, ফ্রন্টেই যাব, নীরব সাক্ষী হব না। তবে আপানীরা যদি সত্যি আসে, আমাকে আটকে রাথে, মার্শাল ল জারি করে, তা হলে কিন্তু আমি নাচার। মহাত্মা নই যে অনশনে প্রাণ দেব শমানসও বলে প্রাণ খুলে।

যুথিক। উত্তেজিত হয়ে বলে, "তুমি কি ভেবেছ তোমাকে আমি একলা বৈতে দেব? অত বড়ো বিপদের মুথে? বাচ্চাদের আমি সক্ষে নিয়ে যাব। ওদের ছেড়ে থাকতে পারব না। এ রকম হবে জানলে তোমাকে বলতুম, চাকরি ছেড়ে দাও। একবছর আগে চাকরি ছাড়লে কেউ বলত না যে বিপদ এড়ানোর জন্তে চাকরি ছেড়েছ। এথন ছাড়লে সকলেই ছি ছি করবে। কেউ বিখাস করবে না যে দেশের জন্তে ছেড়েছ। হঁটা, এটা একটা অগ্নিপরীক্ষাই বটে। যেমন সৌম্যদার তেমনি তোমার, তেমনি আমার। রাথে হরি মারে কে? মারে হরি রাথে কে;"

"আমার মনে একটুও থেদ থাকত না, সৌম্যদা, আমার বদলীটা যদি জাতীয় সরকারের নির্দেশে হতো। জানো তো ইংরেজীতে একটা কথা আছে, যুদ্ধ ব্যাপারটা এতই গুরুতর যে দেনাপতিদের উপর ছেড়ে দেওয়া যায় না। মন্ত্রীদেরই পাল বিমন্টের কাছে জবাবদিহির দায়। ভূলচুক হলে মন্ত্রীরাই লোকের আস্থা হারাবেন। সরকার পদত্যাগ করবে। একটা যদি ব্রিটেনের বেলা থাটে ভবে ভারতের বেলাও থাটবে না কেন ? যুদ্ধটা তো ব্রিটেনের দোরগোড়ায় নয়, ভারতেরই দোরগোড়ায়। দেনাপতিদের উপর চোথ বুজে ছেড়ে দিয়ে নিশ্চিস্ত হবে কে ? যাদের দেশ ভারা নয়, যারা সাত সমুদ্রপারের বিদেশী রাজমন্ত্রী। এই মুহুর্তেই ভারতীয় জনগণের আস্থাভাজন নেতাদের ডেকে নিয়ে সিভিল তথা মিলিটারি উভয়প্রকার ক্ষমতার ভার ছেড়ে দেওয়া উচিত। তারা যদি যুদ্ধের দায়িত্ব নেন তাঁদেরই উপর বর্তাবে জবাবদিহির দায়। অবশ্য সেনাপতিদেরও যথেষ্ট স্বাধীনতা দিতে হবে। কিন্ত সম্পূর্ণ স্বাধীনতা নয়। কংগ্রেদ যেটা দাবী করছে দেটা অষণা নয়। এমন কথা কি কংগ্রেদ বলছে যে যুদ্ধ দফতরের ভার কংগ্রেদের একজনকে দিতে হবে ? লীগের একজনকে দিলে তিনিও দেশের স্বার্থ দেখবেন। রেঙ্গুনের পুনরাবৃত্তি চট্টগ্রামে নাও হতে পারে। মণিপুরে নাও হতে পারে। আমি শান্তিবাদী नरे, कः त्यम ७ मास्त्रिवानी नय, नौग ७ नय मास्त्रिवानी। जाभानत्क कथर ७ रे হবে। রুথতে হবে সীমান্তেই। নইলে সে কলকাতা বাইপাস ধরে সটান দিল্লীতে গিয়ে হাজির হবে। তথন তো দরকার বদল হবেই। তার আগে নয় কেন ?" মানদ উত্তেজিত।

"আমারও সেই প্রশ্ন। তার আগে নয় কেন । কংগ্রেস, লীগ যেই যুদ্ধ দফভরের ভার নিক না কেন সেটা ভারতের স্বার্থ। সেক্ষেত্রে গান্ধীলী সরে দাঁড়াবেন। তবে তাঁর যুদ্ধবিরোধী মতবাদ শিকেয় তুলে রাথবেন না। সেটা তাঁর অন্তরাস্থার আদেশ। তাঁকে দে স্বাধীনতা দিতে হবে। নয়তো জেলে পুরতে হবে। তিনিও নেতাদের যুদ্ধে যোগ দেবার স্বাধীনতা দেবেন। সেটা ষদি হয় তাঁদের অন্তরাত্মার নির্দেশ। এই সন্ধিকণে আমরা কেউ কাউকে বাধা দেব না, বাধ্য করব না। তোমার পথ তোমার, আমার পথ আমার। তুমি অ্যাণ্টিফাসিস্ট। আমি অ্যাণ্টিওয়ার। অ্যাণ্টিওয়ার বললে অ্যাণ্টি-ফাসিস্টও বোঝায়। কিছ সামরিক অর্থে নয়। আমরা সভ্যাগ্রহ করব। যেমন ব্রিটিশ অকুপেশনের বিরুদ্ধে তেমনি জাপানী অকুপেশনের বিরুদ্ধে। কিন্তু অসময়ে নয়। যথাকালে। কেউ যেন না ভাবে আমরা ইংরেজদের শত্রু, আর জাপানীদের মিত্র। শাস্তিবাদীরা সকলেরই মিত্র। কারো শত্রু নয়। আরো একটা কথা, মানস। জাপানীরা যেদিন বার্মার মতো আসাম কিংবা বাংলা দখল করবে দেদিন সারা ভারত বিদ্রোহ করবে। সেটা হবে স্বতঃক্ষুর্ত গণ অভূথান। দিল্লীর সরকারের পড়ন অবধারিত। সে সরকার যদি কংগ্রেস-লীগ সরকার হয়ে থাকে তবে সে সরকারেরও পতন অবশ্রস্তাবী। অপসরণ ও পোড়ামাটি এই যদি হয় পলিসি তবে সরকার বদল বুখা।" সৌম্য ছ শিয়ারি CHT I

"সেইজ্জেই তো সেনাপতিদের হাতে সব কিছু ছেড়ে দিতে নেই।" মানস বলে।

"আমিও সেটা মানি। কিছু আমাদের যে আরো একজন সর্বাধিনায়ক।
তিনি গান্ধীজী। আমাদের যে আরো একপ্রকার যুদ্ধ। গণসত্যাগ্রহ।
যুদ্ধের সেটা নৈতিক বিকল্প। আমরা সেটা জোর করে কংগ্রেসের ঘাড়ে চাপাব
না। শুধু এইটুকু চাইব যে উপযুক্ত লগ্প উপস্থিত হলে আমরা যেন সেটা
প্রয়োগ করার স্বাধীনতা পাই। যুদ্ধ এ পৃথিবীতে অনেকবার হয়েছে,
অনেকবার হবে। যুদ্ধকালে গণসত্যাগ্রহ একবারও হয়নি। তার জল্পে
সর্বাধিনায়কও মেলেননি। ইতিহাস কি আমাদের একবারও স্থাগে দেবে না ?
এবার যদি স্থাগে না পাই কবে আবার পাব ? গান্ধীজী কি চিরজীবী ?
আমরাও কি চিরায়ু ?" সৌম্যর কণ্ঠস্বরে আকুলতা।

মানসের মনে পড়ে কোথায় যেন পড়েছিল ইংরেজদের অপসরণের আর আপানীদের অহসরণের মধ্যবর্তী ব্যবধানে মৃক্তাঞ্চল প্রতিষ্ঠার কল্পনা। জিজ্ঞাস। করে, তার কি কোনো সম্ভবনা আছে ? "আছে বইকি। সেটা কিন্তু স্বতঃক্ষুত হওয়া চাই। সোজিয়েটের মডো পঞ্চায়েও আপনা আপনি গজিয়ে উঠবে। বদি টেকে আপন প্রাণশক্তির জোরেই টিকবে। আমরা গিয়ে সাহায্য করতে পারি, কিন্তু উত্তোগটা ছানীয় লোকদের। মূশকিল হচ্ছে ছানীয় লোকেরা যেখানে প্রধানত মূদলমান সেখানে ইউনিয়ন জ্যাকের পরিবর্তে জাতীয় পতাকা ওড়াতে গেলে আপত্তি উঠবে। ওরা হয়তো লীগ নিশান ওড়াবে। এই নিয়ে মতান্তর থেকে মনান্তরও ঘটতে পারে। পাশাপাশি তুটি গ্রাম হয়তো হিন্দুছান ও পাকিন্ডান। সে কী রকম মুক্তাঞ্চল! আমার আশ্রমের শাখা প্রশাখা বিভিন্ন গ্রামে। আমি কি পাকিন্ডানী মুক্তাচলে বিদেশী বলে গণ্য হব ? কাজেই সাবধান হতে হবে।" সৌম্য মনে মনে বামপন্থীদের ছশিয়ারি দেয়।

নৈশভোজনের সময় যুথিকা স্থায়, ''দাদা, তুমি কি আজকেই ঞিরে যাবে ? রাভের টেনে কট্ট হবে না ?"

"কলকাতায় কাল সকালে আমার একটা কাজ আছে।" সৌম্য উত্তর দেয়।

"জুলির সঙ্গে দেখা হবে তো ?" যুথিকা জানতে চায়।

"হবে সন্ধ্যার দিকে, যদি ওদের ওথানে যাই।" সৌম্য জানায়।

"তা হলে ওকে বোলো, বাঘের পিঠে চড়লে নামবার জো নেই। পিঠ থেকে নামলে পেটে যাবে। জাপানীদের কাঁধে চড়ারও একই পরিণাম। ওদের দেওয়া স্বাধীনতা আরেকরকম পরাধীনতা।" যুথিকাও হ শিয়ারি দিতে ভাডে না।

"দেটা আমারও মত, বোন। কিন্তু ও কি শুনবে ?" সৌম্য হাসে।

"ইংরেজীতে একটা কথা আছে, আমার শত্রুর যে শত্রু দে আমার মিত্র। জুলির শত্রু কে ? না ইংরেজ। ইংরেজের শত্রু কে ? না জাপানী। তা হলে জুলির মিত্র কে ? না জাপানী।" মানসও হাসে।

"জুলি ভূল করছে। এটা কিছুতেই সত্য হতে পারে না যে জাপান ভারতের মিত্র। চীন ভার কী ক্ষতি করেছিল? চীনকে আক্রমণ করতে গেল কেন? কোরিয়ার কী অপরাধ? দস্তের সহিতে জিহবার পীরিতি স্থযোগ পাইলে কাটে। জাপান একদিন ভারতকেও তাঁবেদার বানাবে।" সৃথিকা ভয় দেখায়।

"তৃমি নিশ্চিত্ত থেকো, বোন, গাছীজী এ বিষয়ে সতর্ক রয়েছেন। মার্শন্ধ

চিয়াং কাইশেক এসে তাঁকে ব্ঝিয়ে দিয়ে গেছেন। চীনকে সাহায্য করাই স্বাধীন ভারতের নীতি হবে। কিন্তু আপনি নিরপেক্ষ থেকে। এইখানে ইংরেজদের নীতির সঙ্গে আমাদের নীতির প্রভেদ।" সৌম্য ব্যাধ্যা করে।

"কই, কংগ্রেস তো নিরপেক্ষতায় বিশ্বাস করে না !'' মানস খোঁচায়। "সেইখানেই তো কংগ্রেসের সঙ্গেআমাদের মতভেদ।" সৌম্য কাটান দেয়। মানস তা শুনে বলে, "একপক্ষ যদি হয় আক্রমণকারী ও অপর পক্ষ আক্রাস্ত তবে নিরপেক্ষ থাকার অর্থ কি অন্তায়কে প্রশ্রয় দেওয়া নয় ?''

''না, তা কেন হবে ? আমরা আক্রান্তকে আমাদের সহায়ভূতি জানাব, শে একবারে নির্দোষ জানলে তাকে আমাদের নৈতিক সমর্থন জোগাব। ্প্র<mark>য়োজন হলে ডাক্তার পাঠাব, নার্স</mark> পাঠাব, ওযুধপত্র পাঠাব। কিস্ত তার পক্ষে অস্ত্রধারণ করব না। করলে এর পরে মধ্যস্থতা করতে পারব না। শান্তিছাপন করতে পারব না। আমাদের মৃথে নিরস্ত্রীকরণের বুলি ফাঁকা শোনাবে। কেউ বিখাদ করবে না যে আমরা অহিংসাবাদী। তা হলে এতদিন ধরে যে অহিংসার সাধনা করলুম সেটা হবে তাসের ঘর রচনা। একটি ফুঁরে ধ্বদে পড়বে। না, মানস, অস্তত একজনকে এ সাধনা চালিয়ে যেতে হবে। তাঁর দিক থেকে বিবেচনা করলে নিরপেক্ষতাই শ্রেয়। তবে সমগ্র দেশকে তো তিনি এখনো তাঁর সঙ্গে পাননি। সমগ্র কংগ্রেসকেও না। তাই মতভেদের উল্লেখ করেছি। দেশ যদি ইচ্ছাকরে ইংরেজদের বা জাপানীদের পক্ষ নিয়ে যুদ্ধে জড়িয়ে পড়তে পারে। ভগু এইটুকু হ'শ রাখলেই হলো যে গান্ধী তার মধ্যে নেই। তাঁর যে সাধনা সেই সাধনায় তাঁকে অটল থাকতেই হবে। আমরা যারা তাঁর সচ্ছে আছি তারা তাঁকে ছাড়ব না। নিঃসঙ্গ হতে দেব না। একলা চলতে দেব না। আমরা আর ক'জন। আমাদের সামনে বিশ্বাসের অগ্নিপরীক্ষা। উত্তীর্ণ হব কি না কে জানে ! আমাদের দৃষ্টি সরকারের উপর নয়, সরকার বদলের উপর নয়! আমাদের দৃষ্টি জনগণের উপর। তাদের আত্ম-শক্তির উপর। ভড়িৎ জাগরণের উপর। ওরাযদি হিংসায় উন্মত্ত হয় তেবে আমরা জানব যে আমরা ব্যর্থ হয়েছি, কিন্তু এটা কি সত্য নয় যে ব্যর্থতাই সিদ্ধির সোপান? বলি হাল ছেড়ে না দিই, হার মেনে না নিই। আমরা বিশাস করি যে ইংরেজদেরও একদিন অন্তঃপরিবর্তন হবে। ওদের যদি হয় ভবে জাপানীদেরও হবে। জার্মানদেরও হবে। দর্ব মানবের হবে। হিংসার ষুগ শেষ হয়ে যাবে। নতুন যুগ আরম্ভ হবে।" সৌম্য ভবিয়াধাণী করে।

মানস ও যুথিকা শুদ্ধ হয়ে শোনে। তারা জানে যে এসব মুখের কথা নয়। প্রাণের কথা। অন্তরাত্মার কথা।

"তুমি তা হলে স্বস্থানে ফিরে যাচ্ছ? মানস স্থধায়।

"হঁ্যা, ভাই। কে জানত যে সেটাই হবে যুজের ফ্রন্ট? আমাকে তো পাঠানো হয়েছিল হিন্দু মুসলমানের সম্প্রীতির জন্তো। এখন দেখছি নতুন দায়িত্ব। এ দায়িত্ব আরো জটিল। এবার হিন্দু বনাম মুসলিম নয়। ইংরেজ বনাম জাপানী। ইংরেজ বনাম ভারতীয়। জাপানী বনাম ভারতীয়। ভার-তীয়দের একদল ইংরেজের পক্ষে। আরেক দল জাপানীর পক্ষে। কোথায় তলিয়ে গেছে হিন্দু মুসলিম সমস্থা! কিন্তু তলিয়ে গেলেও তলে তলে সক্রিয়। জনগণ বিভ্রান্ত। রাজায় রাজায় যুদ্ধ হবে, তারা কি উল্পড়ের মতো প্রাণে মরবে? সেও তবু ভালো, কিন্তু এক রাজা যদি আরেক রাজার হাতে তাদের নিগ্রো ক্রীতদাসের মতো বেচে দিয়ে যায় তা হলে তার চেয়ে খারাপ আর কী হতে পারে? যেমন বার্মায় ঘটেছে। আমার রক্ত গরম হয়ে। ওঠে। মাছের রক্ত তো নয়। মাহুষের রক্ত। অহিংসার বাঁধ ভেঙে যেতে! চায়। প্রাণপণে আত্মসংবরণ করি। বাপুকে একথা জানিয়েছি। তিনি জানেন।" সৌম্য তার বন্ধু ও বন্ধুপত্নীকেও জানায়।

"বিষম জট পাকাতে যাচ্ছে। এ জট খুলতে নাপারলে একে কাটতে হবে। তা বলে তোমাকে কেন কাসাবিয়াক্ষা হতে হবে?" মানদ পছন্দ করে না।

"সেটাই এই নাটকে আমার ভূমিকা। অন্ত ভূমিকা যদি থাকে বাপু আমাকে জানাবেন।" সৌম্য এইখানে দাঁড়ি টানে।

বন্ধুকে বিদায় দেবার সময় মানস কাঁপা গলায় বলে, "এ দেখা শেষ দেখা নয়। আবার দেখা হবে।"

যুথিক। তার দক্ষে যোগ করে, "জুলির ভবিষ্যৎ নির্ভর করছে ভোমার ই উপর। মনে রেখো সেটাও তোমার একটা দায়িত।"

সৌমা অভিভূত হয়। বলে, "সত্যাগ্রহীরা অকারণে বা তৃচ্ছ কারণে প্রাণ দেয় না। প্রাণের জন্মে কঠিন মূল্য নেয়। যদি কোনোদিন শোন যে আমি নেই তা হলে জেনো আমি স্বাধীনতাকে একচুল এগিয়ে দিয়ে গেছি। অহিংসাকেও।"

এর পরে মানস বলে তার জীবনসন্দিনীকে, ''ওর কী ভূমিকা তা ও জানে।

লৈ ভূমিকা যত কুল হোক না কেন। কিছ আমার ভূমিকা আমার অঞ্চানা।
আমি দিনের পর দিন, মাদের পর মান, বছরের পর বছর ড্রিফ্ট করে চলেছি।
কোথাও আমার ছিতি নেই। আজ এ জেলা, কাল ও জেলা, কোথাও শিকড়
গাড়তে পারছিনে। চাকরি ছেড়ে দিতে চাই, কিছ এখন যদি ছেড়ে দিই
পরে একদিন পশতাব। ছাড়ব সেইদিনই যেদিন মনে হবে এখন না ছাড়লে
পরে পশতাতে হবে।"

যুথিকা নায় দেয়। "যে কাজ করলে অহুশোচনা জন্মায় দে কাজ না করাই ভালো। আপাতত ছেলেমেয়েরা আর একটু বড়ো হোক। সৌম্যদার নঙ্গে তোমার তুলনা হয় না। ও তো বিয়ে করেনি, ছেলেমেয়ের বাপ হয়নি। আর ওর পেছনে আছেন স্বয়ং গান্ধীজী। তোমার পেছনে কে আছে ?"

''আমার পেছনে আছে গভন মেণ্ট।" মানসকে স্বীকার করতেই হয়।

"তা হলে দেই গভন মেন্টের চাকরিতেই তোমার স্থিতি। আজ এ জেলা, কাল ও জেলা তো তোমার সাভিসের সকলেরই বেলা। স্থিতিশীল তো একজনও নন। অস্তত তোমার বয়সে। গতিশীল না হলে দেশকে চিনতে কী করে? অপনদার মতো কলকাতায় বসে? শাস্তিনিকেতনে বাস করলেও ভূমি দেশকে চিনতে না। তবে একঠাই শিকড় গাড়তে পারতে, সেটা ঠিক। কিছ সেই শিকড়ের তলায় কতটুকু মাটি আছে?" যুথিকার মনে সংশয়।

"যাক, ছিতির সিদ্ধান্ত পরে নিলেও চলবে। ভূমিকার চিন্তাটাই আগে।
দেশ এখন যুদ্ধকেত্র হতে চলেছে। আর তু'দিন বাদে জাপানীরা এসে পড়বে।
তখন আমার ভূমিকা কী হবে প আদালতে বসে মামলার বিচার করতে
থাকব ? সেটাও একটা দরকারী কাজ। কত লোক মামলা করতে বা মামলা
দেশতে আসে। সেটাও ভো একপ্রকার নাটক। প্রভ্যেকের মনে একটা কী
হয়, কী হয় ভাব। আমি নিজেও জানিনে কোন্ মামলার পরিণাম কী হবে।
বিয়োগান্ত না মিলন:তঃ। দাজা পাবে না ছাড়া পাবে। হেরে যাবে না জিতে
যাবে। উকীলরা এক একজন ভীম স্রোণ কর্ণ অন্ত্রন। তেমনি তুর্বর্ণ যোদ্ধা।
আদালতও একটা যুদ্ধকেত্র। সেখানে আমি নীরব সাক্ষী নই। আমারও
একটা ভূমিকা আছে। আমার সিদ্ধান্তই তাগ্যনিয়ামক। হাতে কাজ না
থাকলে বিলিতী মামলার বিবরণ পঞ্জি। কোথায় লাগে ডিটেকটিভ নভেল।

কিছ এর নীট ফল হচ্ছে মাস্থ জাতটার উপরেই দেরা ধরে যাওরা। কী কুৎসিত সব কেস্! মাঝে মাঝে স্থপ্প দেখি যে আমিও খুন করে লাশ লুকিয়ে রেখেছি। আমিও একজন আসামী। আমার মনের স্বাস্থ্যের জন্তে আমি পরিবর্তান চাই। চাইলে গভনামেণ্ট বলে, পাবলিক ইণ্টারেন্ট আগে। পার্সানাল প্রেফারেন্স পরে।" মানস আক্ষেপ করে।

এর কিছুদিন পরে কমিশনার সাহেব আসেন জেলা পরিদর্শনে। বাঙালী সিভিলিয়ান। বয়োজ্যেষ্ঠ। সারকিট হাউদে মিস্টার কিরণময় ম**জু**মদারের সঙ্গে আলাপ করতে যায় মানস। কথাপ্রসঙ্গে বলে জজিয়তী ওর ধাতে সয় না।

মন্ত্রদার সাহেব একটু হেদে বলেন, "আমিও তো এককালে তাই ভাব-তুম। জজের জীবন নেহাৎ একঘেয়ে। কারই বা ভালো লাগে! কিন্ত একটা কথা মনে রাখবেন। আত্মসন্মানের দিক খেকে, স্বাধীনতার দিক থেকে জজের মতো পদ আর নেই। ম্যাজিস্টেটদের তো উপরওয়াদের মুথ চেয়ে কাজ করতে হয়। শেষপর্যস্ত কমিশনার পদের উপরে উঠতে দেয় না। দিলে ইংরেজদেরই দেয়। তাও আজকাল প্রোভিনসিয়াল অটোনমি হয়ে অবধি গভর্ন রের একজিকিউটিভ কাউনসিলার পদ উঠে গেছে। উঠে না গেলে আমাদের সাভিষের ইউরোপীয়ান মেম্বাররাই পেতেন। আমরা নয়। আমাকে কমিশনার পদেই পাকা করবে কি না সন্দেহ। আমার দৌড় ওই তিন হাজার টাকা অবধি। জজ হয়ে আপনি ভুল করেননি। আপনি যদি মন দিয়ে কাজ করেন শেষপর্যন্ত হবেন হাই কোট জ্জ। আপনার বেতন হবে চার হাজার টাকা। যাতে আখেরে লাভ দেইটেই তো ভালো। কেন তবে আপনি मन्त्रीत्नत थिनमन्गात हरक गारवन ? वना यारक भारत व्यागकात निरन गाँता কমিশনার হতেন তাঁরা ছিলেন তিনহাজারী মনসবদার। দে যুগ তো আর নেই। ইউরোপীয়ান অফিসারদেরও আর সে প্রেষ্টিজ নেই। ম্যাজিফ্রেট বলুন, কমিশনার বলুন, সেক্রেটারি বলুন সকলেরই ক্ষমতা ও সম্মান কমে গেছে। সেই সঙ্গে কমে গেছে টাকার দাম। এই তিন হাজার টাকা কি দেই তিন হাজার টাকা ? ইউরোপীয়ান অফিসাররাও হালে পানী পাচ্ছে**ন** না। সে জাকজমক আর নেই। এই যুদ্ধ আমাদের পথে বদাবে, বদি বেশী-দিন গডায়।"

"আপনি তবে জজের পদ ছেড়ে ম্যাজিস্টেট হতে গেলেন কেন? আথেরে যথন হাইকোর্ট জব্দ হতে পারতেন।" মানস কৌতুহলী হয়।

এর উত্তরে তিনি তাঁর জীবনের কথা বলেন। "জানেন তো, জজকে প্রয়োজন হলে প্রাণদণ্ড দিতে হয়। চরম দণ্ড দেবার আগে জজেরা যতই . সাবধান হোন না কেন, এক আধটা কেসে বিচারের ভুল হয়ে থাকেই। হাইকোর্টে দেটার সংশোধন হতে পারে, সাধারণত হয়ও। কিন্তু এমন একটি কেদের কথা জানি যেখানে তা হয়নি। ছেলেটা আপীলই করেনি। করতে দেয়নি। সে মরতেই চেয়েছিল, যদিও মারেনি। তার বাপকে খুন করেছে তার সংমায়ের প্রেমিক। তার সংমা তাকে জড়িয়েছে। তার বাপও অম্বকারে চিনতে না পেরে তার নাম করেছে। স মাসি পিটশন পেশ করলে প্রাণদণ্ডের জায়গায় দ্বীপান্তর হতো। সেটাও সে করেনি। আমার কোর্টের কেল নয়, নইলে লে আমাকে চিরদিনের জন্মে বিবেক দণ্ড দিয়ে যেত। ওটা আমার আগে যিনি ছিলেন তাঁর কেন। বিভিন্ন স্থতে যা ভনি তাতে আমি হুকচকিয়ে যাই। স্বভূ সাবালক ওই ছেলেটিকে আমি জেলথানায় দেখতে যাই। কিছতেই সে মার্সি পিটিশন পেশ করবে না। করলে অপরাধটা মেনে নেওয়া হবে। অমন কাজ তো দে করেনি। অপরাধ স্বীকার করে মাসি পিটিশন পেশ করলে ছোকরা বেঁচে যেত। আর আমিও জজের পদে থেকে যেতম। কে জানে কথন ভুল করে একজন নিরীহ মানুষকে ফাঁদির ছকুম দিই এই ভয় আমার মনে হানা দেয়। যতই জপ করি না কেন নিমিত্তমাতো ভব मदामाही, ज्यवात्मत त्मरे छेपरम्भ व्यामारक मास्ति रमग्र ना। जून करत विकक्षन নিরীহ মামুষকে ফাঁদীতে ঝুলিয়ে গীতার দোহাই দেওয়া আত্মপ্রতারণা। ছুটি নিয়ে গভন রের সঙ্গে সাক্ষাৎ করি ও সব কথা খুলে বলি। তিনি আমাকে ক্রডিসিয়াল থেকে একজিকিউটিভে বদলীর আদেশ দেন। বিবেকের দায় থেকে আমি বতে যাই। কিন্তু এখন মনে হচ্ছে অমন করে হাইকোট হারা-নোর সত্যি কোনো দরকার ছিল না। এ লাইনে এসে কি আমার বিবেককে নির্মল রাথতে পেরেছি ? কত ছেলেকে বিনা বিচারে ডিটেন করতে হয়েছে। পুলিশ যা বলবে ভাই চূড়ান্ত। পুলিসের উপর এতথানি নির্ভরতা আগেকার দিনে ছিল না! টেররিফদের প্রাত্মভাব ইউরোপীয় অফিসারদের আর কোনো আশ্রয় রাথেনি।"

মানস তাঁর পরামর্শ চায়। "তা হলে আপনি আমাকে কী করতে বলেন, মিস্টার মজুমদার। আমাকে তো ওঁরা সাফ জানিয়ে দিয়েছেন যে আমার বেলা পুনবিবেচনার আশা নেই। একজিকিউটিভও তো আর লোভনীয় নয়। টেররিজম গেছে, তার জায়গায় এসেছে কমিউনিজম। বিনা বিচারে ডিটেন করা বন্ধ হয়ন। যদিও এই মৃহুর্তে কম। ইংরেজরা রাশিয়াকে যুক্ষে মদত দিছে। অতএব কমিউনিন্টরাও গভর্ন মেন্টকে যুক্ষলালে শাস্তি দিছে। যুক্রের পর আবার ধরপাকড় শুরু হবে। তার চেয়েও অপ্রিয় কর্তব্য সাম্প্রান্তিক গোলমাল থামানো। থামালেও মৃশকিল, না থামালেও মৃশকিল। একপক্ষ বলবে, লোকটা হিন্দুর্রদী ও মৃসলিমবিদ্বেষী। অপরপক্ষ বলবে, মৃসলিমদরদী ও হিন্দুবিদ্বেষী। মৃসলমানদের দাবী, হয় মুসলিম অফিসার পাঠাও, নয় ইউরোপীয়ান অফিসার পাঠাও। বড়ো বড়ো জেলাগুলো তো প্রায়ই প্রবিদ্ধে। সেখানে মৃসলমানরাই সংখ্যাগুরু। সেসব জেলায় হিন্দু অফিসারদের স্থান নেই। আর আমাকে 'হিন্দু' বলে চিহ্নিত করা হবেই না কেন? আমি ইণ্ডিয়ান দিভিল সাভিষের লোক। আমি ইণ্ডিয়ান বলেই পরিচিত হতে চাই। যে-কোনে ইণ্ডিয়ানের যে-কোনো জেলায় কাজ করার অধিকার আছে। অকালে অবসর নিলে আমাকে পেনসন দেবে না। নয়তো অকালেই অবসর নিতে চাই, মিন্টার মজ্মদার।"

"না, না, ওটা হবে নেহাৎ ছেলেমান্থনী।" কমিশনার সাহেব বলেন। "ইংরেজরা একটা ব্যালান্স রাথার চেষ্টা করছে। একতরফা মনোভাব ওদের মধ্যে নেই। ওরা মুসলিমদরদী ও হিন্দ্বিশ্বেষী নয়। তবে এটাও তো মানতে হবে যে টেররিস্টরা ছিল সকলেই হিন্দু আর কমিউনিস্টরাও প্রায় সকলেই তাই। আর গান্ধী, নেহক্ষ, স্থভায প্রভৃতি ভাশনালিস্টরাও একধার থেকে হিন্দু। কাজেই হিন্দুদের উপর ব্রিটিশ মনোভাব একটু কঠোর। আর মুসলিমরা সাধারণত সহযোগিতা করছে বলে তাদের উপর একটু নরম। ব্যালান্দ সব সময় ঠিক সমান থাকছে না। যোগ্যের চেয়ে অযোগ্যের কদর বেশী। সব চেয়ে অবিচার দেখা যায় মহকুমাগুলোতে। মন্ত্রীদের ইচ্ছা তো লাটসাহেব প্রত্যেকটি ক্ষেত্রে অগ্রাহ্ম করতে পারেন না। তা হলে আর প্রাদেশিক স্বায়ন্ত্রশাসন কী করে বঙ্গা যাবে ? না, অকালে অবসর নেওয়া এর প্রতিকার নয়। সেটা একপ্রকার পলায়নী বৃত্তি। এস্কেপিজম। আপনি ক্ষেত্র হেয়ে ঠিকই করেছেন। কলেকটর হলেই ভূল করতেন। নিমিন্তমাত্রো ভব স্বাসাচী।"

কমিশনার সাত্বে পরিদর্শন করে স্বন্ধানে ফিরে যান। মাস্থানেক বাদে মানস তার কুঠিতে বসে কাজ করছে, চাপরাশি এসে খবর দেয় কমিশনার সাহেবের মেম সাহেব গাড়ী থেকে নামছেন। মানস তাঁকে অভিবাদন লানিয়ে বলে, "মিসেস মন্ত্রিক বাড়ী নেই। আপনি কি একট অপেকা করবেন?"

'না, আমি তাঁর সঙ্গে দেখা করতে আসিনি। আপনার সঙ্গেই আমার কাজ। সেটা গোপনীয়।" তিনি আসন নিয়ে বলেন।

मानम त्वार भारत ना की अमन कांक। तरल, "बाम्हा, खनव।"

দেখুন, আপনার কাছে কি ইণ্ডিয়ান ডাইভোস আাক্ট আছে? নেই। তা হোক, আইনটা নিশ্চয়ই আপনার জানা আছে?" তিনি জিজ্ঞাস্থ দৃষ্টিতে তাকান।

"আমার কোর্টে এখনপর্যস্ত তেমন কোনো কেদ আগেনি। তবে একটা আইডিয়া আছে।" মানদ বিশ্বিত হয়ে বলে।

শ্বাপনি আমার ছোট ভাইয়ের মতো। আমার ছোট ভাইয়ের কাছে আপনার কথা অনেক শুনেছি। দেও তো আপনার সাভিসের লোক। কাউকে বলবেন না, আমি আপনার পরামর্শ নিতে এসেছি। আমি আর সহ্য করতে পারছিনে। আমি আমার স্বামীর কাছ থেকে ডাইভোর্স চাই।" তিনি উত্তেজনার সঙ্গে বলেন।

"সে কী! আপনার স্বামী আমার শ্রন্ধাভাগ্তন সিনিয়র। তাঁর বিরুদ্ধে কথনো কোনো অভিযোগ শুনিনি। মদ কে না থায় । বাজী কে না রাখে ? তার জন্মে তো ডাইভোস করা চলে না ?" মানস অভিমত দেয়।

"না, না, তা নয়। উনি একজন প্রচ্ছন্ন ম্পলমান। ওঁর কাছে ম্পলমানদের পাত খুন মাফ। উনি যেসব রিপোর্ট দেন সেসব ম্পলমানদের পক্ষে। তা না হলে ওরা কমিশনার পদে পাকা করবে কেন? ম্পলমানদের তোয়াজ করতে গিয়ে যে সর্বনাশটি উনি করছেন আমি একদিন তা ফাস করে দেব। আপিস ঘরে গিয়ে ফাইলগুলো আমি স্বচক্ষে দেখেছি।" তিনি চুপি চুপি বলেন।

মানন আঁতকে ওঠে। "ভগানক অন্তায় করেছেন। সরকারী ফাইল পড়া একেবারে বারণ। সরকার জানতে পেলে আপনার স্বামীরই সাজা হবে। সেটা কি ভালে। কাঞ্চ?" মানস তাঁকে বোঝায়।

"কিন্তু এটাও কি ভালো কাজ হচ্ছে? এইভাবে মুসলমানদের আস্কারা দিয়ে মাথায় ভোলা? এর জল্ঞে কি ডাইভোস দাবী করতে পারিনে? আইন কী বলে? আমি আর সহু করতে পারছিনে।" ভদ্রমহিলার চোথে মুখে রোব। "না, এর জব্যে ডাইডোর্স দাবী করা যায় না। ইচ্ছা করলে আপনি জ্বডিসিয়াল সেপারেশন চাইতে পারেন। কিছু থবরদার, প্রমাণ হিসাবে ফাইল দাথিল করবেন না। কিংবা তার নকল।" মানস শাসিয়ে দেয়। তার পর বলে, "আমি যতদ্র জানি উনি হিন্দু মুসলমানের মধ্যে একটা ব্যালান্স চান। মুসলমানদেরকে তাদের বথরা দিতে হবে। নয়তো মুসলমানরাও তালাক দাবী করবে। তার জব্যে লড়বে। ফলে দেশ ভাগ হয়ে যেতে পারে।"

"কী জানি, ভাই! আমি অত শত ব্বিনে। না, দেপারেশন নিয়ে আমি কী করব? ওতে কী ওঁর শিক্ষা হবে? যাক, ও প্রসঙ্গ যাক। মিসেদ মল্লিক কথন ফিরবেন? আমার যে, অন্ত এনগেজমেণ্ট আছে। আজ তা হলে উঠি। কথাটা গোপন রাখবেন কিছু। ত্'জনকেই নমস্কার!'' ভদ্র-মহিলা বিদায় নেন।

মানস তাঁকে তাঁর গাড়ীতে তুলে দেবার সময় বলে, "দিদি, মনে রাথবেন, স্থামীটি আপনার, কিন্তু আপিসটি আপনার নয়। ফাইলগুলি পরকীয়।"

॥ बादब्रा ॥

ইতিমধ্যে গোস্বামীর জারগায় জেলা ম্যাজিস্টেট পদে বদলী হয়ে এসেছেন মানসের বন্ধু আলী হায়দার। তাঁর পরিবার কিন্তু তাঁর সঙ্গে আসেননি। কবে আসবেন তার কোনো স্থিরতা না থাকায় মহিলা সমিতির সদস্ভারা এক-বাক্যে জন্ধ গৃহিণী যুথিকাকেই তাঁদের সভানেত্রী পদে বরণ করেছেন। তার ফলে ওকে ছপুরবেলাটা মহিলা সমিতি আর নারীমন্দল সন্জ্যের কাজকর্ম নিয়ে ব্যাপৃত থাকতে হয়। মহিলারা যুদ্ধ্যাত্রী সৈনিকদের জন্তে পশমের পুলোভার, মাফলার, দন্তানা, মোজা ইত্যাদি বাড়ীতে বসে বোনেন ও সমিতির মারকং যথাছানে দান করেন। আর নারীমন্দল কর্মীরা ঘরে ঘরে চরকা বিভরণ করে আসেন, স্থতো কাটা হলে শাড়ী ধৃতি গামছা প্রভৃতি বুনিয়ে নিয়ে সজ্যের মারকং বিক্রী করেন ও লাভের টাকা ঘরে ঘরে পেণছে দেন। কর্মীরা অধিকাংল পুরুষ। সচিব একজন বদান্ত মাড়োয়ারী। সভানেত্রী যুথিকা।

শেও চরকা কাটে, পুলোভার বোনে। ছেলেমেয়ের উপর নজর রাথার জন্তে বাসভবনেই সমিতির ও সজ্বের আফিস বসায়।

"তু'বছর বাদে আবার আমাদের দেখা। এবার পশ্চিমবঙ্গে। কেমন আছেন আপনারা ?" একদিন কল করতে এসে আলী হায়দার স্থধান।

"শারীরিক অর্থে ভালোই, মানসিক অর্থে নয়। চোখের সামনে এ ছ্নিয়ায় কত কী ঘটে যাচেছ। আমি শুধু নীরব দর্শক !" মানস ছঃথ করে।

"নীরব দর্শক! আগনার ওই এক কথা। ফ্রণ্টে যাবার জন্মে ছটফট করছিলেন। ভাগ্যিস্ যাননি। গেলে ভো আপনারও পরিণাম হতো আমা-দের সেই ক্যাপটেন—না, না, মেজর—ল'র মতো।'' হায়দার বিযর স্বরে বলেন।

"আমাদের দেই সিভিল সার্জন ৷ কী হয়েছে তাঁর ?'' মানস উবিগ্ন হয়।

"বেঁচে আছেন। কিন্তু বন্দীশালায়। সিঙ্গাপুরে। জাপানীরা ওঁর সঙ্গে ভালো ব্যবহারই করছে। বাড়ীতে চিঠি লিখতেও দিয়েছে। বাড়ীর লোক কলকাতা থেকে সে চিঠির নকল আমাকে পাঠিয়েছেন। আমার কাছে তাঁর আসবাবপত্র গচ্ছিত ছিল। তাঁর কথামতো আমি সেসব বিক্রী করে তাঁর বাজার দেনা ও ক্লাবের বিল শোধ করেছি। উদ্বৃত্ত যা ছিল তা ক্যাপটেন মৃস্তাফীর সেবাপ্রতিষ্ঠানে খয়রাত করেছি। ল আপনাদের স্বাইকে শ্রদ্ধা জানাতে বলেছেন। মৃস্তাফীও।" হায়দার বলে যান।

'তার পর আর কী খবর ? জাপানীরা তো পূব বাংলার দোরগোড়ার। কবে ভিতরে পদার্পণ করবে ? তবু ভালো যে আপনাকে ওদের অভ্যর্থনা করতে হবে না। হয়তো আটকই করত।" মানস সহায়ভূতির স্বরে বলে।

"আমি অকুতোভয়। খোদা ভিন্ন কাউকে ভরাইনে। জাপানী তো জাপানী দাক্ষাং শয়তান এলেও আমি ভয় পেতৃম না।" হায়দার বৃক ফুলিয়ে বলেন। "অংমাকে চার্জ নিতে বললে আমি চার্জ নিতৃম। দেইভাবে মৃদল-মানদের মনের জোর জোগাতৃম। শহর ছেড়ে, গ্রাম ছেড়ে পালিয়ে আসত না ওরা কেউ। তবে হিন্দের কথা আলাদা। ওদের আতক্ক জাপানীদের নিয়ে ততটা নয়, যতটা সমাজবিরোধীদের নিয়ে। রেকুনের মতো লুটপাট, নারীধর্ষণ, খুনজধমের আতক্ক ওদেরি যেন বেশী। আমি থাকতে ওদের মধ্যেও প্যানিক ছিল না। দোকানবাজার স্বরক্ষিত। কিন্তু ধানচালের আড়ত আমরা দখল করে নিয়েছি। যাতে জাপানীদের হাতে না পড়ে। দেশের লোক বরং না খেয়ে মরবে, তবু জাপানীকে খেতে দেওয়া হবে না। এর নাম হলো ডিনায়াল পলিদি। কী করা যায়, বলুন ? আমরা নাচার।"

"এইথানেই তো গান্ধীজীর আপত্তি। ডিনায়াল প্রলিসির শিকার জাপানীরা নয়, বাঙালীরা। আপনারা কি নৌকোগুলোও আটক করেছেন ? শুনেছি কোথাও কোথাও নাকি ডুবিয়ে দিয়েছেন। নদনদীর দেশ। লোকে চলাফেরা করবে কী করে? কত লোকের ক্ষজি রোজগার যাবে!" মানস চিস্তিত।

"সেকথা ঠিক। পাবলিক থেকে প্রতিবাদ করা হয়েছে। আমরাও পাবলিকের পক্ষে। কিন্তু মিলিটারি অফিসাররা কোনোরকম ঝুঁকি নেবেন না। ডিনায়াল পলিসি তো ওঁদেরই পলিসি। সিভিলিয়ান সরকারের নয়। লোকে ভূল বোঝে। যুদ্ধকালে বড়লাটের সিদ্ধান্তের উপরে জঙ্গীলাটের সিদ্ধান্ত। কী করা যায়, বলুন। এর কি কোনো প্রতিকার আছে ?" হায়দার দিশাহারা।

দেই প্রশ্নেই তো ক্রিপদ প্রস্তাব ভেস্তে গেল। দেনানায়কদের দিদ্ধান্তের উপবে সিভিলিয়ান ক্যাবিনেটের সিদ্ধান্ত। এটাই তো থোদ ব্রিটেনের রীতি। এ রীতি ভারতে প্রয়োগ করা হবে না কেন ? নাংশীরা যথন ব্রিটেন আক্রমণ করতে উল্লভ হবে তথন পলিনিঘটিত গুক্তব সিদ্ধান্ত নেবাব দায়িত্ব কি সিভিলিয়ান ক্যাবিনেটের না মিলিটারি হাই ক্যাণ্ডের ? কংগ্রেস নিজের জন্মে এ দারিত্ব দাবী করছে না। করছে মুসলিম লীগেব জন্মেন্ড। জিলা সাহেব জন্মীনাটের উপরওয়ালা হয়ে এই ডিনায়াল পলিসি রদবদল করতে পারতেন। হিন্দু মুসলমান সকলেই ওর ভ্কতেগোগী।" মানস যুক্তি দেখায়।

"আপনার যুক্তিতে কোনো ভূল নেই, ভাই মল্লিক।" হায়দার দীর্ঘধাস ফেলেন। "কিন্তু কোথায় বাধছে, বলব? আট আটটি প্রদেশের মন্ত্রীমগুল দথল করার পর থেকে কংগ্রেস নেতাদের মাথা ঘুরে গেছে। তাঁরা মন্ত্রীমগুল গঠন করার আগে জিলা সাহেবের সঙ্গে পরামর্শ করেননি। মন্ত্রিত্ব ত্যাগ করার আগেও তাঁর সঙ্গে পরামর্শ করেননি। নিজেদের খুশিমতো জেলে গেছেন। উদ্দেশ্য কেন্দ্রীয় সরকার দথল। এখন দেখছেন সেটা তাঁদের একার সাধ্যে কুলোবে না। অথচ জিলাকেও তাঁর পাওনা দেবেন না। ওই আটটি প্রদেশে কি তাঁর কোনো পাওনা নেই? সেটা কি তিনি আগে বুঝে না নিয়ে কেন্দ্রীয় পদ্মকারে বোগ দিতে যাবেন ? কেন্দ্রে তাঁর দল অক্সতম শাসকদল হবে, অথচ বিহারে ও যুক্তপ্রদেশে হবে বিরোধী দল। তাঁর নিজের প্রদেশ বন্ধেতেই হবে বিরোধী দল। অক্স পাঁচটা প্রদেশের কথা নাই বা উল্লেখ করলুম। লীগ সদস্যদের কাউনসিলে তিনি মুখ দেখাবেন কী করে ? কংগ্রেসের সঙ্গে মিলে চাপ দিলে স্থকল কতটুকু হবে, জানিনে। জন্দীলাট রাগ করে ইস্তফা দিতে পারেন। জিল্লা তথন কার উপর হকুম জারি করবেন ? তা ছাড়া তাঁর আসল লক্ষ্যটা তো শাসনপরিষদের ভারতীয়করণ নয়।" হায়দার বাকীটা হাতে রাথেন।

"কী দেটা ∤" মানস কৌতৃহল হয়।

শেটা হচ্ছে বৈরাজ্য অথবা স্বতন্ত্র রাজ্য। কংগ্রেস ও লীগ যদি একই সসনদে বসে তবে বড়ভাই ছোটভাই হিসাবে নয়, সমান শরিক হিসাবে। প্রদেশগুলোতে তিনি প্যারিটি দাবী করবেন না, সেথানকার দাবী ওয়েটেজ। কিছে কেক্সে তাঁর পলিসি হচ্ছে ব্যালান্স অভ পাওয়ার।" হারদার বাকীটা দেখান।

"কিন্তু সেটা তো ইংরেজদেরই পলিসি।" মানস শকু পায়।

"সেটা নাচার হয়ে জিল্লা সাহেবেরও পলিসি। দেশীয় রাজন্তরা য়িদ ফেডারেশনে যোগ দিতেন, য়দি ফেডারল আইন সভায় তাঁদের মনোনীত প্রতিনিধিদের পাঠাতেন তা হলে কংগ্রেস কথনো একক মেজরিটি পেতো না। বাধ্য হয়ে লীগের ছারছ হতো। তথন লীগ দর হাঁকত। ফেডারেশন কেঁচে গেছে। কংগ্রেসের একক মেজরিটি জিল্লাসাহেব কিছুতেই মেনে নেবেন না। তার চেয়ে বয়ং দেশভাগ ভালো। আপনারা বলবেন লোকটার দেশপ্রেম নেই, লোকটা সাম্প্রদার্মিক বাতিকগ্রন্ত। কিছু চিয়কাল একটি সম্প্রদায় তার মেজরিটির জোরে শাসন করবে, আরেকটি সম্প্রদায় শাসিত হবে, এটাই বা কেমনতর নিয়তি! কংগ্রেসনেতারা মৃথে যাই বলুন না কেন তাঁদের জোর আসলে হিন্দু সম্প্রদায়ের ভোটের জোর। মুসলিম ভোটটা বাছল্য।" হায়দার অভিমানের হয়ের বলেন।

"কেন? ফ্রন্টিয়ারের পাঠানর। কি মুসলমান নয় ?" মানস তর্ক করে।
হায়দার এর জবাব না দিয়ে বলেন, "তারপর এটা কেমনতর ডেমোক্রাসী
বেখানে চেক নেই, ব্যালাব্য নেই, মেক্সব্লিটি একেবারে নিরক্ষণ । ইংরেজ
লোটসাহেবরা থাকতেই এই । ওঁরা চলে গেলে তো বল্গাহীন বৈরাচার।

জবাহরলাল তো শাসিয়ে রেথেছেন যে জমিদার ও তালুকদারদের উচ্ছেদ করবেন, ক্ষতিপূরণ দেবেন না। ধনিকদের ধনাগমের উপায় কেড়ে নেবেন। কারখানা রাষ্ট্রদাৎ করবেন। বিদেশী কোম্পানীদের তল্লিতল্পা গুটোতে হবে। রাজভাদের রাজ্য থেকে মহাপ্রস্থান। কংগ্রেস যে বামপন্থীদের কবলে পড়বে না তেমন নিশ্বয়তা কোথায় ? গান্ধীজী আর কদ্দিন ! তাঁর পরেই তো তাঁর উত্তরাধিকারী হবেন নেহরু। এক ঢিলে অনেকগুলি পাথী মরবে। তাদের মধ্যে আমরা যুক্তপ্রদেশেব সম্ভান্ত মুসলমানরাও। আমাদের মধ্যে বাঁরা দীর্ব-কাল কংগ্রেসে ছিলেন তাঁরা কংগ্রেস থেকে নাম কাটিয়ে মুসলিম লীগে ভিড়ে গেছেন। তার মানে কি তাঁরা কমিউনালিস্ট । না, জিল্লাও তেমনি কমিউ-নালিফ নন। তিনি চান চেক আর ব্যালান্দ। যাতে নিরকুশ বামপন্থীদেরও আইনের শিকল পরানো যায়। মুদলিম লীগের পার্টি ফাণ্ডে হিন্দু জমিদার তালুকদাররাও চাঁদা দিয়েছেন। লীগ যদি কোয়ালিশনে যোগ দেয় তাঁদের স্বার্থ রক্ষা করবে। যদি অপোজিশনে থাকে তা হলেও তাদের স্বার্থে লভবে। তবে পাকিন্তানের আওয়াজ তোলার পর থেকে হিন্দু সাহায্য কমে গেছে। তেমনি মুদলিম দাহাযা বেড়ে গেছে। পদ্মার ওপাবে দেখে এলুম গরিব মুসলমানরাও ক্লযকপ্রজা দল ছেডে মুসলিম লীগে জোট বাঁধছে। কংগ্রেস থেকে অবশ্য আরো আগে থেকে বিদায় নিয়েছিল। কায়দে আজমের এমনি ছুৰ্বার আকর্ষণ "

মানদ ক্ষ্ম হয়ে মন্তব্য কবে, ''জিল্লা দেখছি দব মানুষের কাছে দব জিনিদ। যুক্তপ্রদেশে জমিদারদের রক্ষক। বাংলাদেশে জমিদারদের ভক্ষক। কংগ্রেদী-দের ভূমিকাটা ঠিক বিপরীত। যুক্তপ্রদেশে ভক্ষক। বাংলাদেশে রক্ষক।"

''ত। হলে ব্যতে পারছেন তো কেন কংগ্রেদ লীগের কোয়ালিশন হবার
নয়। কোয়ালিশন না হলে পার্টিশন ছাড়া আর কী হতে পারে? তারই
অন্ত নাম পাকিস্তান। নামের মহিমায় অসংখ্য লোকের ভোট মেলে। তবে
ওটার একটা কমিউনাল গন্ধ আছে, তা মানতেই হবে, মল্লিক। আমি খ্ব
খ্শি নই। এতকাল একদকে থেকে আমরা ভাই ভাই ঠাই ঠাই হয়ে যাব!
আমি তো থোনকার জাফর হোসেন নই, আমার বাড়ী তো বেকলে নয়,
আমার কী লাভ! তা বলে কংগ্রেদকে কেন্দ্রে নিরক্তুশ হতে দেওয়া যায় না।
কংগ্রেদ মূলত হিন্দু। এমনি এক পরিস্থিতি হয়েছিল আয়ারল্যাতের।
স্বাধীনতার জন্তে একসকে সংগ্রাম চালাবার পর উত্তরের প্রটেন্টান্টর। স্বত্ত

রাজ্য চায়। তারা সমগ্র দেশের ক্যাথলিক মেজরিটির আধিপত্য মেনে নেবে না। বরং ব্রিটেনের সঙ্গে গাঁটছড়া বাঁধবে। আয়ারল্যাগু ত্'ভাগ হয়ে যায়। ওটা ঠিক ইংরেজদের কারসাজি নয়। মেজরিটির উপর মাইনরিটির অনায়। তার চেয়ে বরং তৃতীয় পক্ষের উপর আয়া। সেবার আয়ারল্যাগুরে পালা। এবার ইণ্ডিয়ার পালা। কংগ্রেস লীগ একমত হলে অথগুতা। না হলে বিশ্বগুতা।" হায়দার বলেন।

"কংগ্ৰেদ লীগ একমত হলে অথগুতা, একথা ঠিক। কিন্তু না হলে বিখণ্ডতা কেন ? ত্রিখণ্ডতা কেন নয় ? শিথেরা কি লাহোর অমৃতদর বিনা যুদ্ধে ছেডে দেবে ? আর এদিকেও তো বাঙালী হিনুরা আছে। তারা যে এতদিন ধরে हेश्दाक्षद्र मत्क मःश्राम करत थन मिं। कि वांश्नात ममनति मुमनिय नीगरक বসাতে ? ইংরেজরা থাকে কি না সন্দেহ। যাবার আগে তারা যদি দেশটাকে আন্ত রেথে যায় হিন্দু মুসলমান শিথ সবাই মিলে তাকে জাপানীদের হাত থেকে রক্ষা করতে পারে। নয়তো জাপানীরা সেকালের মগ ফিরিন্সীর মতো বাংলাদেশে হানা দেবে ও তার কতক অংশ দুখল করে নেবে। মুসলিম লীগ কি ওদের হটাতে পারবে? যদি পারে তো সেসব অংশ পাকিন্তানে যাক। কিছু কলকাতা আমরা যেমন করে পারি রক্ষা করবই। জাপানীদের হাত থেকেও, ইংরেজদের হাত থেকেও, পাকিন্তানের হাত থেকেও। লাহোরে বইবে রক্তসিন্ধু, কলকাতায় রক্তগঙ্গ। দিল্পীতে রক্তযমূনা বইতে পারে, যদি পাকিস্তানীরা দিল্লী দাবী করে। অথওতা থাকবে না এটা এখন কংগ্রেদ নেতারাও বুঝতে পারছেন। কয়েকটি প্রদেশ তাঁরা আলাদা হয়ে যেতে দেবেন, কিছ তার আগে দীমানা কাট্ছাট করতে হবে। পৃথক হয়ে যাবার পর ওরা একত হয়ে পাকিন্তান গঠন করতে পারবে। কেউ বাধা দেবে না। কিন্ত নেতারা চান আজ এখনি কেক্সে পুরোপুরি বদল। জাপানী আক্রমণকে প্রতি-হুত করতে হলে এটা অপরিহার্য। জিলা সাহেব যদি ব্যালান্স অভ পাওয়ার চান সেটাও আপদে পেতে পারেন। কিন্তু কেবল কেন্দ্রে। প্রদেশে নয়। আগে তো কেন্দ্রে সদভাব প্রতিষ্ঠিত হোক। পরে প্রদেশেও হবে। তথম কোয়ালিশন অবধারিত।" মানস আশাবাদী।

''হঁ্যা, কিন্তু একটা জারগায় গোল বাধতে পারে, মল্লিক।'' হায়দার ইতস্তত করে বলেন, ''গান্ধীন্দীর যেমন ধারণা কংগ্রেস ভারতীয়দের স্কলের একমাত্র প্রতিনিধি আর তিনি কংগ্রেদের, তেমনি জিলা সাহেবেরও ধারণা মৃদলিম লীগ ভারতের মৃদলমানদের একমাত্র প্রতিনিধি ও তিনি মৃদলিম লীগের। বড়লাটের শাদন পরিষদে মৃদলমানদের জল্যে যেদও আদন নিদিষ্ট হবে তার দব ক'টি লীগপন্থী মৃদলমানদের দিতে হবে। একটিও কংগ্রেদপন্থী মৃদলিমকে না। কংগ্রেদ কি এতে রাজী হবে? না হলে তো এই প্রশ্নেই কেন্দ্রীয় দরকার গঠন প্রস্তাব ভেস্তে যাবে।"

"যথার্থ। সেটা হাদয়ক্ষম করে গান্ধী জী বলতে শুরু করেছেন যে ইংরেজরা যদি অবিলয়ে ক্ষমভাত্যাগ না করে তবে তারা ভারত ত্যাগ করুক। দৈয়দল সরাতে হবে না, বেসরকারী ইংরেজদের সরাতে হবে না, কিছু সরকারী ইংরেজদের সরাতে হলে। ইচ্ছে করলে ওরা কংগ্রেসের হাতে ক্ষমভা দঁপে দিতে পারেন, ইচ্ছে করলে লীগের হাতে, ইচ্ছে করঙ্গে ভগবানের হাতে বা অরাজকতার হাতে। কিছু আগে তো একটা শ্র্যতা স্বাষ্টি হোক। তার পরে শ্র্যতাপূরণের পালা আসবে। যেভাবেই হোক শ্র্যতা পূরণ হবেই। মুসলিম লীগ ইচ্ছে করলে পাকিস্তান জবরদখল করতে পারে, কমিউনিন্টরা ইচ্ছে করলে চীনেব মতো মুক্তাঞ্চল কায়েম করতে পারে। কংগ্রেস হয়তো আটটা প্রদেশ জিতে নেবে। এসব কথা অবশ্য তাঁর একার। কংগ্রেসের নয়।" মানস ব্বিয়ে বলে।

"তা হলে তিনি আর প্রতিনিধি হলেন কী করে।" হায়দার হাল ছেড়ে দেন।

"তাঁকে এখন তিন তিনটি ফ্রন্টে লড়তে হবে। একটি তো আগেকার মতো ব্রিটিশ ফ্রন্ট, আরেকটি হবে জাপানী ফ্রন্ট। জিল্লাসাহেব যদি পাকিস্তানের জিগীর তুলে লড়াইতে নামেন তবে আরো একটি, মুদলিম ক্রন্ট। এমন সঙ্কট তাঁর জীবনে আর কখনো আসেনি। তাঁর প্রাণসংশয়। অনশনের কথাও তিনি ভাবছেন।" মানস তাঁর লেখা পড়েছে।

হায়দার হেদে বলেন, "জিল্লা কবে লড়াইতে নেমেছেন যে এখন নামবেন? যখন জাপান আদি আদি করছে ও ইংরেজ যাই যাই করছে। তবে, হঁটা, বেদিন দেখবেন যে ইংরেজরা যাবার সময় ভারতের ভার কংগ্রেসের হাতে দঁপে দিয়ে যাছে, মৃদলিম লীগকে বখরা দিছে না, আর কংগ্রেসও ইংরেজদের দক্ষে বন্দোবন্ধ করছে, লীগের সঙ্গে নয়, সেদিন তিনিও একটা জেহাদের ভাক দেবেন। ওন্থাদের মার শেষ রাতে। জিল্লা সবুর করবেন। ইতিষ্ধা

কংগ্রেস আরেক দফা জেলযাত্রা করতে চায়, করুক না ? :মুসলমানরা কংগ্রেসের পক্ষেও থাকবে না, বিপক্ষেও থাকবে না। ইন্স-কন্ধ সংঘর্ষে ওরা নিরপেক্ষ। কিন্তু ইন্ধ-কন্ধ সন্ধির দিন ওদের মার মূতি।"

মানস বেদনা বোধ করে। অত্য প্রসন্ধ পাড়ে। রায় বাহাত্র বাহ্নদেব হালদার কেমন আছেন ? মোহিনীমোহন ধর কেমন আছেন ?

"তৃ'জনেই বাড়ীর মেয়েছেলেদের কলকাতায় পাঠিয়ে দিয়েছেন। তাঁদের ধারণা ইংরেজরা কথনো কলকাতা ছেড়ে যাবে না। বোমা ছটো একটা পড়বে, কিন্তু আক্রমণ তত সহজ নয়। জাপানীদের সম্বন্ধে ছু'জনের ছু'রকম মত। রায় বাহাত্র মনে করেন ওরা বাঙালীর শক্রু নয়, ইংরেজর শক্রু। বাঙালীর সঙ্গে গায়ে পড়ে শক্রুতা করবে না। বরঞ্চ মিক্রতা করবে। আর মোহিনীবাবু মনে করেন ওরা ফিরে যাবার আগে সর্বস্থ লুট করে নিয়ে যাবে। ধনসম্পদ, শিল্পন্রব্যু, প্রাচীন নিদর্শন। জাের করে জাপানী মাল গছিয়ে দিয়ে যাবে। তা তৃমি কিনতে চাও আর নাই চাও। ওরাও সামাজ্যবাদী বলে ওদের লােভ আরো বেশী। ওদের চেয়ে ইংরেজ ছিল ভালাে। উনি এই সময় ইংরেজবিরাধী আন্দোলনের পক্ষপাতী নন। কংগ্রেস নেতাদের কাছে আবেদন নিবেদন করছেন ইংরেজদের সঙ্গে ঝগড়া না করতে। এ বিষয়ে রায় বাহাত্রও তাঁর সঙ্গে একমত।" হায়দার বলেন।

"কেউ কি বলছে না দেশকে স্বাধীন করার এই হচ্ছে স্থোগ ।" মানস স্থায়।

"বলছে বইকি। তেমনি আরেক দন বলছে পাকিন্তান হাদিল করার এই তো মওকা। এরা যদি বলে, ভারত ছাড়ো, ওরা বলে, ভাগ করো আর ছাড়ো। গান্ধী ও জিন্নার ধ্বনিও প্রতিধ্বনি।" হায়দার মূচকি হাদেন।

"যুদ্ধবিরোধী প্রচারকার্যের জত্তে কাউকে গ্রেপ্তার করতে হচ্ছে না?'' মানস সৌম্যদার মতো কর্মীদের সম্বন্ধে পরোক্ষে প্রশ্ন করে।

"নাং! যত সব ক্র্যাক্ষ ! সৌম্য চৌধুরী বলে একজন নামকর। গান্ধীবাদী আছেন। তাঁকে কিছুদিনের জত্যে আটক করা হয়েছিল। না করলেও চলত। কারণ তাঁর কথায় কেউ কান দেয় না। বছ লোক যুদ্ধের ঠিকাদারি নিয়ে রাতারাতি কে পে উঠেছে। বছ লোক হাতিয়ার নাড়াচাড়া করার জত্যে বেচ্ছায় রিক্রেট হয়েছে। মেয়েরাও চায় ওয়াকি হতে। কিছ আমরা ভাদের প্রশ্রেষ দিইনি। তুটি একটিকে কলকাতা পাঠিয়েছি। শুনছি ওয়াকি-

দের বার্মা থেকে মান্রাজে পাঠানো হয়েছে সমূত্রপথে, যাতে ধরা না পড়ে। যুদ্ধ ব্যাপারটা এমন ট্রেচারাস। যাদের জয় করার কথা তারাই কিনা পরাজিত। কেউ কথনো তাবতে পেরেছে যে ইংরেজ অফিসাররা সারেগুার করবেন জ্ঞাপানী অফিসারদের কাছে? হলদে চামড়ার কাছে শাদা চামড়ার ইজ্জং রইল কোথায়! সিপাহী বিদ্রোহের সময়কার সে অপমানের জ্ঞালা আমরা ভূলিন।" হায়দার তলে তলে ইংরেজবিশ্বেষী।

''মার্য শাদাই হোক আর কালোই হোক তার সে অপমান আমারও অপমান, আপনারও অপমান। মান্ত্যমাত্রেরই অপমান।" মানস তুঃথ প্রকাশ করে।

এমন সময় যুখিকার প্রবেশ। খাবার প্রে নিজের হাতে তৈরি করেছে। বলে, "সালাম আলায়কুম, হায়দার ভাই। আপনারাও এখানে বদলী হয়ে এসেছেন জেনে দারুণ খুশি হয়েছি। কই, আমার ছোট বোনটি কোথায় ?"

''আলায়কুম দালাম, ভাবীজী। আপনার ছোট বোনটি ছেলেমেয়েদের নিয়ে এখন জৌনপুরে আমাদের গরিবখানায়। জাপানীরা ফিরে না গেলে ওঁরা ফিরবেন না। তবে আমি পশ্চিমবঙ্গে বদলী হয়েছি শুনে ফিরে আসতে পারেন।" হায়দার কুন্তিত ভাবে বলেন।

"একটু আগে শুনছিল্ম আপনি নাকি অক্তোভয়।" মানদ চেপে ধরে।
"আমি অক্তোভয় বলে কি আমার বিবিও তাই? যেখানে ইংরেজ
ফৌজ পর্যন্ত দৌড় দেয় দেখানে নারী কী করে নিরাপদ বোধ করবে? আর
পূর্ববঙ্গে নদীনালার সংখ্যা এত বেশী যে যুক্ষকালে দেটা একটা মরণফাদ।
মাস্থ পালাতে চাইলে পালাবে কোন পথে? স্টীমার যদি না চলে, নৌকো
যদি সরকারের হুকুমে ডুবিয়ে দেওয়া হয়? সাঁতার আমরা কেউ শিখিনি।
শিখেছি ঘোড়ায় চড়তে। আমার বিবিও ঘোড়ায় চড়তে জানেন। যদিও
চড়েননি বড়ো হয়ে অবধি। কিছু সাঁতার? কথনো কি ভেবেছি যে
আমাকে বেঙ্গলে চাকরি করতে হবে? তাও পূর্ববঙ্গে? স্থথেই তো ছিল্ম।
খাওয়াদাওয়ার এত স্থে আর কোনখানে? স্বর্গ যদি থাকে তো দে এইথানে,
সে এইখানে, সে এইখানে। কিছু কথা নেই, বার্জা নেই, জাপানী এলে
দীমান্তের ওপারে চড়াও। কী করে জানব যে জাপানীদের দৌড় এতদ্র!
আগে থেকে বদলী না হয়ে থাকলে আপনাদেরও একই দশা হতো, মলিক।"

"আমার বিবি যে আমাকে একলা ছেড়ে আলতেন না, হায়দার! ওঁর

আদর্শ একসংক বাঁচা ও একসংক মরা। শুধু বাচচা ঘুটির জন্মেই যা ভাবনা। যাক, এখানে আপাতত তেমন কোনো ভয়ের কারণ নেই। আশা করি মিসেস চায়দারকে আমরা আবার দেখতে পাব।" মানস নিরাপত্তার ভরসা দেয়।

ষ্থিকা সকৌত্কে বলে, "আপনি তো একজন পাকিস্তানপ্রেমিক। কিন্ত জাপানীরা যদি পাকিস্তান আক্রমণ করে আপনার পরিবারের আশ্রয়ন্থল হবে হিন্দু খান।"

"ভাবীজী, আমর। স্থলতানী আমল থেকেই জৌনপুরের বাদিনা। আমা-পের প্রজার হিন্দু। বরুবাদ্ধবদের অর্ধেক হিন্দু। আমরা কি কখনো ভাবতে পেরেছি যে একদিন আমাদের হিন্দুখান ছাড়তে হবে। গান্ধী জিল্লা একমত হলে আমরা যেথানকার লোক দেখানেই হবে আমানের হোমল্যাগু। নয়তো আমরা কলকাতায় কি লাহোরে ভাগ্য অন্থেষণ করতে বাধ্য হব।" হায়দার খোলাখুলি বলেন।

"কলকাতায়!" চমকে ওঠে যুথিকা। 'কলকাতা কি পাকিন্তানের সামিল হবে ? ওমা, কোথায় যাব।"

'হবে না? বেঙ্গল কি মুসলিম মেজরিটি প্রদেশ নয় ? কলকাতা কি বেঙ্গলের রাজধানী নয় ?'' হায়দারও বিশ্বিত হন।

'না, না, হায়দার ভাই। তা কথনো হতে পারে না। আমরা মুসলমান-দের ভালোবাসি। তাদের জত্যে অনেক কিছু ছাড়তে রাজী আছি। কিন্তু কলকাতা কিছুতেই নয়। কলকাতা যে বাঙালী হিন্দুর মকা।'' যুথিকার কঠে দৃঢ়তা।

"বাঙালী মৃদলমানও তো কলকাতা বলতে পাগল। ওটা ওদের ছিতীয় মকা। আগে তো জাপানকে ঠেকানো যাক। নয়তো ওরাই কোট উইলিয়ামে জানিকরে বসবে। তাতে হিন্দুর কী আর মৃদলমানের কী?" হায়দার বিমর্ধ।

''ডাই যদি হয় তবে দেশভাগের দাবী তুলে ভারতের প্রতিরক্ষা ব্যবস্থাকে বানচাল করতে যাওয়া কেন ? বাংলাদেশ পাকিস্তান হবে জানলে কোন্ বাঙালী হিন্দু তার চল্ডে জাপানীদের সঙ্গে লড়তে রাজী হবে ? যেথানে থোদ ইংরেজ সেনা দৌড় দিচ্ছে সেথানে কি মুসলিম সেনা একা ওদের কথতে পারবে ? যুক্কালে যদি হিন্দু মুসসমানের এককাটা হ্বার প্রয়োজন থাকে

তবে শান্তিকালেই বা সে প্রয়োজন থাকবে না কেন? যুদ্ধ কি আর কথনো বাধতে পারে না? সারা দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে অক্ষুর্ন রেথে যদি দেশ ভাগ করতে হয় তো করা যাবে, কিন্তু এখন থেকে কেউ কথা দিতে রাজী নয়। না ইংরেজ, না কংগ্রেস। আমাদের মুসলিম বন্ধুরা আমাদের যেন ভূল না বোঝেন।" মানস ব্যথা বোধ করে।

''দেখুন, ভাই মল্লিক, আমরা এখন এমন এক যুগদন্ধিতে পেঁচছিছি যথন আমাদের ইংরেজবজিত ভারতবর্ধের কথা চিস্তা করতে হবে। জাপান এদেশে খুঁটি গাড়তে পারবে না, যদিও গ্রাদ করবে কতক অংশ। দেটা দাময়িক। কিন্ত ইংরেজ গেলে যে শূক্সভাটা হবে দেটা সাময়িক নয়, দেটা চিরন্থায়ী। সেইজন্মে চাই একটা চিরস্থায়ী বন্দোবন্ত। কংগ্রেস চিরস্থায়ী নয়, লীগ চিরস্থায়ী নয়, কিন্তু হিন্দু চিরস্থায়ী, মুসলমান চিরস্থায়ী। মেজরিটি চিরস্থায়ী, মাইনরিটি চিরস্থায়ী। চিরস্থায়ী মেজরিটির সঙ্গে চিরস্থায়ী মাইনরিটির এমন কী বন্দোবস্ত হতে পারে যা চিরস্থায়ী ৷ কেন্দ্র যদি একটাই হয় তবে আমাদের সিকিভাগ मिल त्नर ना, मिल्ड इटर व्यट्रिक छात्र। हिन्दू मूनलमान नमान । হিন্দী উদু সমান সমান। শাসনক্ষমতা সমান সমান। চাকরিবাকরি সমান সমান। পেটনেজ সমান সমান। কিন্তু আমরা জানি যে দাঁড়িপালা সমান রাখা সম্ভবপর হবে না। কার্যকালে উনিশ বিশ হবেই। তা নিয়ে ঝগড়াঝাটি ৰাধবেই। সেইজন্মে আমাদের মতে ইংরেজ থাকতেই দেশ ভাগাভাগি হয়ে -यां ७ यां ७ यां । हिन्दुत ভार्ग श्रेष्ट्र हिन्दु-रमक्ति हि दिन् थे श्रेष्ट्र । यूननमानस्त्र ভাগে মুসলিম-মেজরিটি প্রদেশগুচ্ছ। হিন্দুরাই পাবে সিংহের ভাগ। তা হলে ভাদের আপত্তির কী কারণ থাকতে পারে? শিখরা যদি আপত্তি করে ভাদের সঙ্গে বোঝাপড়া মুসলমানরাই করবে সেটা হবে পাকিস্তানের ঘরোয়া সমগা। ভাদের তো কোনোখানেই মেজরিটি নেই। নয়তো তাদের জত্তে আলাদা একটা শিথিস্থান তৈরী করে দেওয়া যেত।" হায়দার হুই কাঁধ তুলে অসহায়তা कानान।

"ইংরেজ থাকতেই ?' মানস পরিহাস করে। "কোথায় থাকতেই ? কে জানে এ যুদ্ধের পরিণতি কী হবে! ইংরেজ একটা কিছু করে দিলেই যে সেটা ধোপে টিকবে তা নয়। যাদের দেশ ভাগ হবে তাদের সম্মতি থাকা চাই। নেতারা বাঁদরকে দিয়ে পিঠে ভাগ করিয়ে নিতে পারেন, কিন্তু যার ভাগে কম পড়বে সে কি চুপ করে সহু করবে ? ততদিন বাঁদর হয়তো জাহাজে উঠে বসে আছে। তাকে দায়ী করতে পারা যবে না। গান্ধীজী আপে থেকেই বলে রেথছেন যে তিনি এর মধ্যে নেই। তিনি ক্ষমতা চান না। তিনি পিঠে থাবেন না। কংগ্রেস অবশ্র জার করে কোনো প্রদেশকে ভারতীয় যুক্তরাষ্ট্রে আটকে রাখবে না, কিন্তু উত্তরপশ্চিম সীমান্ত প্রদেশ যদি লীগের চেম্নে কংগ্রেসকেই পছন্দ করে তাকে জার করে লীগের কোলে তুলে দেবে না। রাজাজী কাটছাট করার কথাও বলেছেন। কগ্রেসনেতারা বেন্দল থেকে কতক অংশ কেটে রাখতেও পারেন যেমন কলকাতা। যেটা হিন্দুপ্রধান। তা ছাড়া এসব সিদ্ধান্ত তো কনন্তিটুয়েন্ট অ্যাসেম্বলিতে নেওয়া হবে, যেখানে বিটিশ প্রতিনিধিরা কেউ থাকবেন না। ভারতীয় প্রতিনিধিরাই নিজেদের মধ্যে দেওয়া নেওয়া করবেন। পাকিস্তান সম্ভব হতে পারে, কিন্তু ব্রিটিশ অ্যাওয়ার্ড হিসাবে সম্ভব নয়।

"আচ্ছা, ত্রাদার. ইংরেজ যদি না থাকে কন্তিটুয়েন্ট অ্যাসেবলি আহ্বান করবে কে । ইংরেজরা কারে। উপর শাসনভার দিয়ে না গেলে গান্ধাজীর বিশাস কিছুদিন অরাজকতার পর একটা প্রোভিজনাল গভর্ন মেন্ট গড়ে উঠবে। কিন্তু একটা কেন । তিনটে কেন নয় । দিল্লীতে যেটা গড়ে উঠবে দেটাকে বেলল মেনে নেবে কেন । তালক নাইটুয়েন্ট আ্যাসেবলিও একটা নয়, তিনটে। জবাহরলাল কি মনে করেন তাঁর পরিকল্পনা অহুসারেই একটিমাত্র কনাইটিউশন তৈরি হবে । জিল্লার পরিকল্পনা অহুসারে আরো একটি নয় । কংগ্রেদ কি লীগকে গায়ের জোরে হারিয়ে দিয়েছে । গান্ধাজীকি মুসলমানদের প্রেমের জোরে জয় করেছেন । বাকী থাকে ভাটের জোর। কেইটিউশন হলে স্বাই দেটাকে মান্তু করেবে কেন । একটার জায়গায় যদি তিনটে কনাইটিউশন হলে স্বাই দেটাকে মান্তু করেবে কেন । একটার জায়গায় যদি তিনটে কনাইটিশন হয় ভবে ছটো তো মুসলমানদের ভোটের জোরেই হবে। দে ছটো হবে প:। কন্তুটিউশন । ক্রেটা তা মুসলমানদের ভোটের জোরেই হবে।

"তা কেমন করে মানব ?" মানদ বলে, "বাঙালী হিন্দু মুসলমান ঘদি তৃতীয়পক্ষের প্রভাব থেকে যুক্ত হয় তবে নিজেদের ঝগড়া নিজেরাই মিটিয়ে নেবে। তথন যেটা গড়ে তুলবে দেটা পাকিস্তান নয়; বাংলাদেশ।"

"जाहे यिन दम जरद दूबाद खता माळा मूमनमान नम्न। একেই তো खता

উদ্বিলতে পারে না। মুসলমানদের পক্ষে কত বড়ো একটা গুনাহ।" হায়দার আফসোস করেন।

"আপনার জিল্লাও তো উদ্নিবীশ নন।' যুথিকা ফোড়ন কাটে। "হঁটা, ভাবাজী। কথাটা ঠিক। জিল্লা কিলের মুদলমান? কিন্তু আর কোনো নেতাও তো নেই আমাদের।'' হায়দার করুণ স্বরে বলেন।

তু চার কথার পর হায়দার তদ্গতভাবে শ্বতিচারণ করেন। তাঁর পিতামহ ছিলেন স্বধর্যনিষ্ঠ ম্সলমান, সর্বজনশ্রদ্ধেয়। হিন্দুরাও তাঁকে পীরের মতো মানতেন। একদিন তিনি বাড়ীর স্বাইকে ডেকে কিছুক্ষণ প্রার্থনা করেন। তারপর খাটের উপর শুয়ে পড়ে একটা চাদর টেনে নিয়ে বলেন, 'সারাজীবন যদি আমি পূণ্য কর্ম করে থাকি, যদি কথনো কারো অনিষ্ট না করে থাকি, যদি বান্দার মতো আল্লার আদেশ পালন করে থাকি তবে আজ এথনি তিনি এ প্রাণ গ্রহণ করুন।" এই বলে চাদর মুড়ি দেন। মুথ থেকে চাদর সরিয়ে নিতেই দেখা গেল তাঁর দেহ পড়ে আছে, তিনি নেই।

আবেগে হায়দারের কণ্ঠ রোধ হয়ে আদে। তিনি বলেন, "হিন্দু মৃদলমান দকলেই তাঁর জন্তে শোক করে। দত্যিকার ধার্মিক যে তার আত্মপর ভেদ নেই। ধার্মিক হিন্দুও তো আমি দেখেছি। তাঁদেরও আত্মপর ভেদ নেই। আমি কি ব্ঝিনে যে হিন্দুখান ছাড়লে আমার প্রপুরুষদের কবরকেও ছাড়তে হবে। কিলের গর্ব করবে আমার পুত্রকতা। প্রপর পক্ষে, পাকিন্তান না হলে তাদের কোনো ভবিথং থাকবে না। কিদের স্বপ্ন দেখবে আমার পুত্রকতা। হিন্দুদের দক্ষে প্রতিযোগিতায় হটে যাবে, তলিয়ে যাবে, মাথা তুলতে পারবে না! ইংরেজরা আমাদের রাজ্য কেড়ে নিলেও আমাদের কিছু হ্বযোগ হবিধাও দিয়েছিল। উদ্ এখনো আদালতের ভাষা। ওরা চলে গেলে তো উদ্ ও উঠে যাবে। পাঞ্জোন পেলে দেখানে আমরা উদ্ কেই রাজভাষা করব। নইলে উদ্রি কী ভবিশ্বং শ''

ধৃথিক। এর উত্তরে বলে, "তা হলের বাংলার কী ভবিশ্বং ? আমাদেরও পুত্রকন্তা আছে, তাদের কী ভবিশ্বং ?''

হায়দার উঠে দাঁড়ান। "বিবি এলে পরে আপনারা আদবেন একদিন।"

পার্ল হারবার যাদের উল্পদিত করেছিল, সিঙ্গাপুর যাদের উৎফুল করেছিল, রেঙ্কুন তাদের মৃথ হাদায়। তবে কি জাপানীদের লক্ষ্য বার্মার পর ভারত ? না, না, ওরা চীনকেই ঘেরাও করতে চায়, তাদের লক্ষ্য চীনের দিকে। ভারতের দিকে নয়। কিন্তু একথা যারা বলে তারাও চুপি চুপি বলে যে জাপানীরা আদছে ভারত থেকে ইংরেজদের খেদিয়ে নিয়ে গিয়ে ভারত মহাদাগরের জলে ভাসিয়ে দিতে। তার পর ভারতের সিংহাসনে ভারতীয়কে বসিয়ে পূর্ব মুথে প্রস্থান করতে।

জুলি তার মাকে বোঝায় জাপানীরা হচ্ছে বিজ্ঞানে যাকে বলে ক্যাটালিস্ট। সীমান্তের ওপারে ওদের উপস্থিতিটাই যথেষ্ট। ওদের সীমান্ত পার হতে হবে না। জুজুর ভয়ে এর মধ্যেই কলকাতায় ব্লাক আউট। সিভিল ডিফেন্সের ধুম পড়ে গেছে। রাস্তার ধারে শেলটার থোঁড়া হচ্ছে। এসব লক্ষণ যদি স্বাধীনতা সংগ্রামীদের কর্মতংপর করে তবে ইংরেজদের জাপানীরা থেদিয়ে निरम याद्य त्कन, जुनितारे अपिएम निरम याद्य। मिश्रामदा तक वमद्य ना বসবে সেসব পরে স্থির করলেও চলবে। এখন থেকে করতে গেলে অনাবশ্রক মতভেদ। জ্বাহরলালকে জুলি দেখতে পারে না। তিনি নাকি ভারতের কেরেনস্কি। কিন্তু ভারতের লেনিনটি যে কোনখানে আত্মগোপন করেছেন তা তিনিই জানেন। কবে আসছেন সেটাও অজানা। বাবলীরা অবশ্য তাঁকে স্বীকার করতে চায় না। কমিউনিস্টদের মতে তিনি ফাসিস্ট। এ নিয়ে ছুই কলাতে মুথ দেখাদেখি বন্ধ। বাবলীরা জাপানকে রুখবে। কারণ জাপানীরাও ফাসিন্ট। জুলিরা রুথবে না, তবে ওদের আসার আগেই কেল্লা দুখল করবে। ভাবনা কেবল এই যে ওরা বোকার মতো কলকাতায় বোমাবর্ষণ করে সাধারণ মাহ্ন্যকে উদান্ত করে তুলবে। উদান্ত হলে কি মাহ্ন্য জাপানকে ক্ষমা করবে, না জুলিদের স্বাগত জানাবে ?

"জাপানের পলিসি কি তোদের কটে ালে?' জ্বলির মা বিনীতা সিন্হা উপহাস করেন। "ওদের নক্শা কি ওরা তোদের দেখতে দিয়েছে? লড়াইটা তো হচ্ছে জ্বাপানী হাই কমাণ্ডের সঙ্গে ব্রিটিশ হাই কমাণ্ডের। দক্ষিণ এশিরা জুড়ে দাবাখেলার ছক। জ্বাপানীরা আপাতত এগোচ্ছে তা ঠিক, কিন্তু ইংরেজরাও যে ক্রমাগতই পেছোবে তা নয়। বোমাবর্ধনের পরে যারা ভয় পেয়ে কলকাতা ছেড়ে দিল্লী, সিমলা, কাশী পালিয়েছিল তারা একে একে ফিরছে। আরো খেতাক দৈয়া আদার পর থেকে হাওয়া একটু একটু করে বদলাচ্ছে। জাপানীর্য হয়তো উপকূল অঞ্চলে হানা দেবে বা হামলা করবে। কিন্তু উপকূল থেকে বেশীদ্র চুকতে ওদের সাহস হবে না। দেশটা তো মালয়ের মতো সংকীর্ণ নয়। বার্মার মতো বনজকলে ভরা নয়।"

"আমিও কি বলছি যে জাপানীরা বেশীদ্র এগোবে? আমরাই বা দেব কেন এগোতে? ওদের ভূমিকা হলো পরিস্থিতিটাকে পাকিয়ে তোলার। যেটা আমাদের একার সাধ্য নয়। পরিস্থিতিটা যেই পরিপক হবে অমনি স্থযোগ ব্যে আমরা পাকা আমটি পেড়ে থাব। ছেলেবেলায় পড়েছি না— অজগর আসছে তেড়ে। আমটি আমি থাব পেড়ে। অজগর হচ্ছে জাপানী। আমটি হচ্ছে বিপ্লব।"

মিনেদ্ দিন্হা মেয়ের বৃদ্ধির তারিফ করে বলেন, "ই ত্রছানা ভয়ে মরে। ঈগল পাথী পাছে ধরে। ই ত্রছানা হচ্ছে ভীতৃ বাঙালী। ঈগলপাথী হচ্ছে দক্ষিণ কলকাতাভতি ইংরেজ ও মার্কিন দৈন্য।"

জুলি জেল থেকে ফেরার পর আরো উদ্দাম হয়েছে। ইংরেজরা যে তাকে জেল থেকে বিনা শর্তে থালাস করে দিয়েছে এটা কংগ্রেসের সঙ্গে আলাপ আলোচনার আবহাওয়া তৈরি করার উদ্দেশ্যে নয়। দক্ষিণপন্থীরা তাই বলছে বটে, কিন্তু আসলে সেটা বন্দীদের অবাধ্যতার দক্ষন। সিঙ্গাপুরেব পত্তনের পর থেকেই তারা বেপরোয়া। সরকার তুর্বল না হলে তাদের উৎপাত সহ্য করবে কেন ?

मत्रकात किन्न मिराहेरक मृक्ति (मय्रिन) मानारमत रक्षे रक्षे वयरना वन्मी।
मय रहरत्र वारमत छेनत मर्न्मट छाँता मय रहरत्र प्र निर्मान निर्माण कर्मानी कि उन्हत्र साम्या कराइ निर्माण कराइ । सामानी कि उन्हत्र साम्या कराइ भारति । स्थारन हेरद्र प्र तार्माण हेरद्र प्र ता भारति । हेरद्र प्र ता भारति हेरद्र प्र ता भारति । हेरद्र प्र ता भारति हेरद्र प्र ता भारति । हेरद्र प्र ता हिन्द ने । हा भारती हिन्द ने । हिन्द ने । हेरद्र प्र ता प्र ता हिन्द ने । हिन्द ने । हेरद्र प्र ता । हिन्द ने । हेरद्र प्र ता वा स् वर्ष ता । हिन्द ने । हिन्द ने । हिन्द ने । हेरद्र प्र ता वा सा स् वर्ष ने । हिन्द ने । हेरद्र प्र ता सामानी हिन्द ने । हिन्द हिन्द हिन्द ने । हिन्द हिन्द ने । हिन्द हिन्द

দিল্লীর কাছাকাছি। যেখানে ভারতভাগ্য বার বার নির্বারিত হয়েছে। সেই কুরুক্তেজে গ্রাপানীদেরও তো লোকক্ষয় হবে। ক্ষতিপূরণ আদায় না করেই কি তারা ভারত ত্যাগ করবে ? না সেটা আদায় না হওয়া পর্যন্ত তাদের অকুপেশন বজায় রাথবে ? কারো কাছে জুলি যুক্তিপূর্ণ উত্তর পায় না।

গণ সত্যাগ্রহের উপর থেকে তার বিশ্বাস টলেছিল। কই, জনগণ তো সাড়া দিল না? আবার কি দেবে । জোয়ার কোথায় যে দেশ উথাল পাথাল হবে ? গান্ধীজীর দৌড় দেখা গেছে। হাজার পঁচিশ লোক কারাবরণ করেছে। চল্লিশ কোটির মধ্যে হাজার পঁচিশ তো নস্তি। সব ক'টা জেলও তো তিনি ভতি করতে পারলেন না। অবশ্য ইংরেজরা তাতেও দমত না। জেলের বাইরে বন্দীশিবির বানাত। গণ জাগরণে জুলির বিশ্বাস একদা ছিল। কিছ সে বিশ্বাস আর নেই। তার স্থান অধিকার করেছে সশস্থ বিলোহ। কিছ সেটা তো আর প্রকাশ্যে প্রচার করা যায় না। পুলিশ তো এখনো রাজভক্ত। সৈন্সদলও তাই। ওদের কথা হলে। ওরা যার নিমক থাচ্ছে তার সঙ্গে নিমক-হারামী করবে না। যত সব মান্ধাতার আমলের অন্ধ্যংস্থার! রাজভক্তির চেয়ে দেশভক্তি বড়ো কবে ওরা এটা ব্যবে । যুদ্ধকালে তো সাধারণ আদালতে নয়, সামরিক আদালতে নিয়ে গিয়ে গুলী করে মারবে।

পূর্ণযৌবনা দামাল মেয়েকে নিয়ে তার মা পড়েছেন ঘোর বিপাকে। তবে ছুলির একটা গুণ সে মার কাছে কিছু লুকোয় না। রাজে মার সঙ্গেই শোয়। ছেলেবেলার মতো মাকে জড়িয়ে ধরে। তার সেই 'বেবী' নামটা এখনো ঘোচেনি। সেই নামেই তিনি তাকে ডাকেন। গুকে আলাদা ঘরে শুভে দেবার পরিণাম হয়েছিল গুর বালিশের তলা থেকে রিভলভার উদ্ধার। উচ্চপর্যায়ে তিশ্বরের দৌলতে আদালতে দৌপর্দ করা হলো না। কিন্তু বিনা বিচারে থন্দী করে রাখা হলো যতদিন না লেডী হারিংটন হস্তক্ষেপ করেছেন। সেটা অবশ্য স্কুমার দত্তবিশ্বানের উল্ভোগে। তথন থেকে মেয়ে হয়েছে নজরবন্দী।

পাথী যেমন দিনভর আকাশে উড়ে বেড়ায়, সন্ধ্যায় নীড়ে ফিরে আদে, জুলিও তেমনি ব্রেকফাস্টের পর সারাদিন বাইরে দোরাফের। করে রাত ন'টা নাগাদ বাড়ী ফিরে আদে। মা ততক্ষণ ওর জত্যে থাবার নিয়ে বসে থাকেন। ষদি না বাইরে নিমন্ত্রণথাকে। ভার বা ওঁর বা তুঁজনের। ব্ল্যাকআউট হওয়ার পর

থেকে জুলি আরো সকাল সকাল বাড়ী ফেরে। একটু ভয়ডরও চুকেছে ওর মনে। ব্রাক আউট তো সরকার অকারণে করছে না। না করলেই বরং অন্তায় হতো। আর সিভিল ডিফেন্সও অহেতুক নয়। জুলিরও ইচ্ছে করে নিভিল ডিফেন্সও আহেতুক নয়। জুলিরও ইচ্ছে করে নিভিল ডিফেন্সর তালিমী নিছে। তাতে যোগ দিতে। কত মেয়ে তালিমী নিছে, যোগ দিছে। কিন্তু তা হলে তো প্রকারান্তরে যুদ্ধে যোগ দেওয়া হয়। যেটার বিরুদ্ধে আন্দোলনে নেমে ও জেল থেটে এসেছে। "না একো জওয়ান না একো রুপেয়া" এই যার স্নোগান সে হঠাং ভোল বদলায় কী করে? ইংরেজ কী স্বাধীনতা দিয়েছে বিকারে কি স্বাধীনতাবে যুদ্ধের সিদ্ধান্ত নিয়েছেন?

মা বলেন, "তুই যেমন বেবী ছিলি তেমনি বেবী রয়ে গেছিদ। তিরিশ বছর বয়সেও তোর ছেলেমামুষী গেল না। তুশো বছর ধরে আমরা পর্বতের আডালে আছি। নাদির শা'র পর আর কেউ এদেশ আক্রমণ করেনি। এই প্রথম আমরা আক্রমণের আশক্ষা করছি। এই যে পর্বত যার আডালে আমাদের সাত পুরুষ কেটেছে দে যদি সত্যি সত্যি অনুখ্য হয়ে যায় তা হলে কী ভয়ঙ্কর কাণ্ড হবে ভেবে দেখেছিদ ? হিমালয় যদি হঠাৎ মৈনাকের মতে। উড়ে যায় তা হলে উত্তর থেকে ঝড়ঝঞ্চা এসে দেশের আবহাওয়াটাকেই বদলে দেবে। দক্ষিণ থেকে মৌস্মী বাতাদ এদে উত্তরে চলে যাবে। বর্ধাকালে বর্ধণ হবে না। ধানগাছ শুকিয়ে মরবে। ছভিক্ষ দেখা দেবে। তেমনি ব্রিটিশ রাজ হচ্ছে আমাদের হিমালয় পর্বত। একটা পাকাপোক্ত বন্দোবন্ত না করে ইংরেজরা যদি উধাও হয় তো আমাদের কপালে আছে আবার দেই বর্গীর হালামা, পিণ্ডারী ও ঠগীর উপদ্রব। আবার দেই মোগল রাজপুত যুদ্ধ। মোগল শিথ যুদ্ধ। মোগল মারাঠা যুদ্ধ। হিন্দুতে হিন্দুতে যুদ্ধ। মুদলমানে মুদলমানে যুদ্ধ। সাধারণ মাত্র্য জেরবার হয়ে বলবে, ইংরেজ, তুমি ফিরে এস। ইংরেজ বোধহয় ফিরবে না। অতথানি প্রেষ্টিজহানির পর কেউ ফেরে ? ওই জাপানাই মোগল, শিখ, মারাঠা, রাজপুতকে একে একে হারিয়ে দিয়ে সসাগরা ভারতের অধীশ্বর হবে। জাের যার মূলুক তার। তােদের কােথায় জাের ? তােরা তো এখনো, এই বিপত্তির দিনেও, একজোট হতে পারলিনে। হিন্দু মুসলমান শিখ কেউ কাউকে দেখতে পারে না। হিন্দুসমাঞ্চও ছোট ছোট গণ্ডীতে বিভক্ত। কেউ কারো হাতে জল থাবে না। অদবর্ণ বিবাহ করবে না। মুখে वलदा आयता এक तमन, किन्छ कांक प्रथल मान हार अकामांना तमन कि

ভার চেয়েও বেশী। নেশনবাধ ভো জাগিয়েছে ওরাই। ওই ইংরেজরাই। ওরা চলে গেলে কি নেশনবাধ থাকবে ? মুসলিম লীগ ভো এর মধ্যেই ছই নেশনের ধুয়ো ধরেছে। খুব একটা মিথ্যে নয়। কংগ্রেসের এক নেশনটাও কি খুব একটা সভ্যি? আমি বলি, পর্বতকে এখন টলাতে যেয়ো না! ভোমরা যদি দহযোগিতা করতে না চাও, কোরো না। বিনা দহযোগিতায় ওরা কতদূর যেতে পারে দেখা যাক। যখন দেখবে দহযোগিতা না পেলে ওদেরই সর্বনাশ তখন ওরাই দহযোগিতার জল্যে সাধবে। তখন ভোমরা একমত হয়ে স্বাধীনতা চাইবে। যদি একমত না হতে পারো তা হলে সর্বনাশটা ওদের নয়, ভোমাদেরই। ওদের একটা নিজস্ব দেশ আছে, ওরা পালিয়ে বাঁচবে। তোমরা পালাবে কোথায়? হয় অরাজকতা, নয় দালাহালামা, নয় নতুন করে পরাধীনতা। এ ছাড়া আর কী আছে ভোমাদের কপালে ? ভধুমাত্র পরজাতিবিধেষ নিয়ে একটা স্বাধীন রাষ্ট্র গড়ে উঠতে পারে না। কোথায় সেই স্বজাতিবিধেষ

একেই বলে কার্টেন লেকচার। জুলির বাবা বেঁচে থাকতে জুলির মা তাঁকে এমনি কার্টেন লেকচার শোনাতেন। তিনি তো নেই, তাঁর ছোট মেয়ের কানে এই কথামৃতবর্থণ। জুলি শুনতে শুনতে ঘুমিয়ে পড়ে। অর্থেক কথা ওর কানে পশে না। কানের ভিতর দিয়ে মরমে পশা তো দূরের কথা।

''তোর বন্ধু বাবলী আজকাল আদে না কেন রে ?" মা একদিন জানতে চান।

"ওরা এখন ব্রিটিশ সামাজ্যবাদীদের ছোট তরফ। কোথায় গেল বিপ্লব-চিস্কা। মওকা তো ওদের হাতের মৃঠোর মধ্যে। তব্ ওদের ছঁশ নেই। দেশের শ্রমিক ক্লযক ওদের কাছে নেতৃত্ব আশা করে, সেটা ওরা ভূলে গেছে। ওদের কেবল একমাত্র ধ্যান রাশিয়া কেমন করে জার্মানদের ক্লথবে। বিদেশের ওই যুদ্ধটাই নাকি এদেশের জনযুদ্ধ। এটা কি ডাহা মিথ্যা নয়?" জুলি জিক্সানা করে।

"আমি ে তা ভনেছি ওরা এই স্থােগে জনগণের হাতে রাইফেল ধরিরে দিতে চায়। তাই যদি হয় তবে এটা জনযুদ্ধ নয় তো কী ? জনযুদ্ধটা কাদের বিক্লবে সেটা কিন্তু বাঝা যাচ্ছে মা। জাপানীরা তো এ তল্পাটে নেই। এলে কতক লোক তো রাইফেল নিয়ে জাপানীদের দলেও ভিড়ে ষেতে পারে। যাদের রাজভক্তির বালাই নেই, দেশভক্তির বালাই নেই, তাদের আছে যেকানো একটা যুদ্ধই জনযুদ্ধ। ধর্মের নামেও সেটা হতে পারে। অর্থের জন্তেও

হতে পারে। যে যুদ্ধ দেনাপতিদের বারা নিয়ন্ত্রিত নয়, যা অপর একটি সৈক্ত-দলের সঙ্গে নয়, তা তো নিরস্ত্র নাগরিকদের উপর সশস্ত্র ব্যাণ্ডিটদের হাঙ্গামাও হতে পারে। যেমন মগদের হাঙ্গামা।" মা উত্তর দেন।

"তা হলে বুরতে পারছ আমরা কেন এখন এক পথের পথিক নই। আমি তো মনে করি বাবলী ভূল পথে চলেছে। সেটাকেই বিপ্লববাদ বলে চালাচ্ছে। যেন রাইফেল হাতে পেলেই বিপ্লব হয়, রাইফেলের লক্ষ্য কে তার ঠিকানা না জানলেও চলে। আমাদের লক্ষ্য ব্রিটিশ রাজ। যার ঠিকান দিল্লী, কলকাতা. স্ব বড়ো বড়ো শহর। স্ব বড়ো বড়ো রেল জংশন। স্ব বড়ো বড়ো বন্দর। ওদের লক্ষ্য ধদি জাপানী আমি হয়ে থাকে তবে ওদের ফ্রণ্টে যেতে হবে। জাপানীদের দক্ষে লড়তে হবে। মরতে হবে। গোটাকতক জমিদার কি মহাজন মারার জন্মে অতগুলো রাইফেলের কী দরকার? আর জমিদার মহাজনরাও তো রাইফেল পেতে পারে। ওরা যুদ্ধে অর্থসাহায্য করছে না? অফিনার ক্লান তো ওদের পুত্ররাই। ওদের সম্পত্তিতে হাত পড়লে ওদের রাইফেলের লক্ষ্য কি জাপানীরা হবে ? না ওরা জাপানীদের সঙ্গে ভিড়ে গিয়ে ওদের শ্রেণীস্বার্থ রক্ষা করবে ? বাবলীর দক্ষে আমার মিল ছিল যথন আমাদের লক্ষ্য ছিল এক। এখন লক্ষ্য ভিন্ন। তাই পথও ভিন্ন। বাবলী আমাকে ভঞ্চাতে পারেনি, আমিও ওকে ভজাতে পারিনি। ও আমার প্রাণের বন্ধ. আমিও ওর। কিছু রুশপ্রেম আর দেশপ্রেম আজকের অবস্থায় মেলানো যায় না। বিচ্ছেদ অনিবাধ।" জুলি ছ:থের সঙ্গে বলে।

''দেখিস্ বিচ্ছেদ থেকে যেন বিরোধ না আনে ! মা সতর্ক করে দেন।

"আমরাও কি বিরোধ চাই ? ইংরেজের সঙ্গে বিরোধই আমাদের পক্ষে
যথেই বিরোধ। রাশিয়ার সঙ্গে বিরোধ আমাদের কাম্য নয়। স্বাধীন হলে
আমরাও রাশিয়াকে সাহায্য করব। কিন্তু তার আগে স্বাধীন হওয়া চাই।
যে নিজে পরাধীন সে পরকে সাহায্য করবে কোন্ মূথে ? ওরা যে রাইফেল
চাইছে সে রাইফেল নিয়ে কি ওরা সাগর পারে গিয়ে জার্মানদের সঙ্গে লড়তে
রাজী আছে ?" হেসে উড়িয়ে দেয় জ্বলি।

"ব্রিটিশ রাজের সঙ্গে সশস্ত্র লড়াই করতে হলে ব্রিটিশ রাজের কাছ থেকেই অস্ত্র সংগ্রহ করতে হবে। তা চুরি করেই হোক আর লুট করেই হোক আর জাপানের বিরুদ্ধে যুদ্ধের নাম করেই হোক। ওদের পথে ওরা ঠিকই আছে, বেবী। লেটা ব্রিটিশ রাজও জানেন। তাই কাঁকি দিয়ে রাইফেল পাওরা

ওদের বরাতে নেই। কিছ তোরাই বা কী করে আশা করছিদ যে জার্মানী থেকে বা জাপান থেকে শস্ত্র এসে তোদের হাতে পৌছবে ? এক যদি সিপাহীরা বিদ্রোহ করে তা হলে ইংরেজের দেওয়া শস্ত্র ইংরেজদের বিরুদ্ধে বাগিয়ে ধরতে পারে। কিন্তু এই ফেন গান, ত্রেন গানের যুগে রাইফেল ওদের কভটকু কাজে লগেবে ? কামানের গোলাকে কি ওরা ভয় করে না ? ট্যাক্ষ থেকে গোলা বর্ষণ হলে ওরা কতক্ষণ রুখতে পারবে ? আর প্লেন থেকে বোমাবর্ষণ হলে ওরা কি ছত্তভদ হবে না ? যেটা দিপাহী বিদ্রোহের প্রথম শর্ত দেটা হচ্ছে দিপা-হীতে দিপাহীতে একতা। হিন্দু মুদলমান শিখ দিপাহী যদি একজোট হতো তা হলে তাদের দমন করা ত্রংদাধ্য হতো। কিন্তু তার যেটুকু সম্ভাবনা একশো বছর আগে ছিল সেটুকুও এখন আর নেই। দিপাহীরাও এখন হিন্দুস্থান, পাকিন্তান, শিথিস্থানের স্বপ্ন দেখছে, যদি ইংরেজ সত্যি সত্যি ভারত ছেডে যায়। জোড়াতালি দিয়ে একটা ক্যাশনাল আমি থাড়া করা যায়। কিন্ত পরস্পরের বিরুদ্ধে ওদের উদকে দেওয়াও শক্ত নয়। তথন ওরাই পরস্পরকে মেরে সাবাড় করবে। বাবলীদের থীসিস যেমন অবান্তব তোদের থীসিসও তেমনি। তোরা হ'জনেই আলেয়ার পেছনে ছুটেছিদ্। হ'টো হুরকম আলেয়া।" মিদেস সিনহা আবার এক লেকচার শোনান।

'তা বলে তো চুপ করে বসে থাকা যায়.ন।। একটা কিছু করতে তো হবে। নয়তো তোমার ওই পর্বত আরো ছ'শো বছর আমাদের বৃকের উপর জগদ্দল পাথরের মতো চেপে বসে থাকবে। তৃমি মডারেট গরের মেয়ে। বিটিশ রাজের সঙ্গে তোমার লাভ্ রিলেশনশিপ। আর আমি এক্স্ট্রীমিস্ট বাপের মেয়ে। বিটিশ সাম্রাজ্যের সঙ্গে আমার হেট রিলেশনজিপ। তবে ইংরেজ জাতির সঙ্গে তা নয়। লেডী হারিংটন আমার জন্মে যা করেছেন তা কি আমি ভূলতে পারি ?" জুলি আবেগের সঙ্গে বলে।

''তা হলে তোর ওটা লাভ্-হেট রিলেশনশিপ।'' মা সম্নেহে বলেন।

''তোমার কাছে গোপন করব না, মা। ইংরেজকে মারতে আমার হাত উঠবে না। রাইফেল হাতে পেলেও না। রিভলভার হাতে পেলেও না। তবে আমি জোন্ অভ, আর্কের মতো সৈনিকদের উদ্দীপনা দেব। প্রেরণা জোগাব। যদি কোনোদিন ক্ষোগ মেলে। পর্বতের আড়ালে বাস করে আমি তোমার মতো শাস্তিতে ঘুমোতে পার্র্ব না। অমন শাস্তি যেন কবরের শাস্তি।'' জুলি বলতে বলতে ঘুমিয়ে পড়ে।

একদিন সৌম্য আদে দেখা করতে। এবার সে সোদপুরে উঠেছে। সেথানেই রাত কাটাবে। জুলির মা ওকে নৈশভোজনের আমন্ত্রণ জানান। তার জন্মে সে তৈরি হয়েই এদেছে। জুলিকে তো অন্য সময় পাওয়া যাবে না।

"বাবা সৌম্য, তৃমি তো আমাদের পর নও। তোমার যথন খুশি তৃমি এ বাজীতে আসবে। এখানেই উঠবে। আমরা থাকতে সোদপুর কেন? তোমাকে দেখে আমি মনে ভরদা পাই যে আমার অবত মানে তৃমিই জুলিকে স্পথে রাখবে। এতদিন আমি ওকে চোখে চোখে রেখেছি। আর ক'দিন পারব? এই যুদ্ধে আমার কপালে কী আছে কে আমাকে বলবে? বোমাবর্ষণ যে-কোনোদিন হতে পারে! দেই ভয়েই না ব্র্যাক আউট।" মিসেস সিন্হা অন্তরক্ষভাবে বলেন। "অথচ কলকাতা থেকে পালাবারও জো নেই। জুলি এখান থেকে নডবে না। অন্ধক।রেই ওর আনন্দ।"

"আপনারা থাকতে সোদপুরে কেন? মাফ করবেন, মাসিমা। আমরা আশ্রমিক মারুষ, একহিদাবে শ্রমিকও বলতে পারা যায়। আমাদের অরশ্রম বা ব্রেড লেবার হলো চরকা কাটা। একসঙ্গে বসে করি, তাতে একটা কমিউনিয়নের ভাব আসে। বিশঙ্ক পঁচিশঙ্ক মিলে একদঙ্গে স্থত্তযজ্ঞ অন্তর্গান এরও একটা আধ্যাত্মিক মূল্য আছে। যদিও আমরা সবাই ঈশ্বরবিশাসী নই, আমাদের মধ্যে অজ্ঞেয়বাদী ও নাস্তিকও আছেন। সত্যিকার আধ্যাত্মিকতা **ঈশ্ব**বিশ্বাসনির্ভর নয়। সত্যে মতি থাকলে একজন নান্তিকও আধ্যাত্মিকতা-সম্পন্ন হতে পারেন। গান্ধীজী দশবছর আগে নান্তিকদের অপাঙ্ক্তেয় করতেন। এখন তাঁদের স্থাগত করেন। আগেকার দিনে বলতেন, ঈশ্বরই সত্য। हेमानीः वनह्नन, मुख्य क्रेस्त । ऋखयरक्ष मकरानतरे अधिकात आह्न। स्मरे স্থতে আমাদের সকলের কমিউনিয়ন হয়। তবে উপাসনার সময় সকলের যোগদান আবশ্রিক নয়। বাদের বিশাদ নেই তাঁরা দরে থাকেন। কেউ কিছু মনে করেন না। সেটাও একপ্রকার কমিউনিয়ন। পাড়ার লোকরাও এসে যোগ দেয়। যারা গান্ধীপন্থী নয় তারাও। তাঁ হলে বুঝতে পারছেন, মাসিমা, কেন আমি সোদপুর আশ্রমে উঠি। গতবারে তো আপনাদের এখানেই উঠেছিলুম।" সৌম্য দবিস্তারে বোঝায়।

''দেখছি তোমরাও একজাতের কমিউনিস্ট।'' মাসিমা পরিহাস করেন। ''কমিউনিস্টও বলতে পারেন. সোশিয়ালিস্টও বলতে পারেন। তবে সেই সঙ্গে একটি বিশেষণ জুড়ে দেবেন। ননভায়োলেউ। ওঁদের মতো আমরাও চাই শোষণশৃত্য সমাজ, শ্রেণীশৃত্য সমাজ। কিন্তু রক্তশ্রোতের ভিতর দিয়ে নয়।
আমরা মাক্ষরের প্রাণকে সব চেয়ে যুল্যবান মনে করি। প্রাণ নিয়ে নয়, প্রেম
দিয়ে আমরা সামাজিক অন্তায় দ্র করতে চাই। পারব কি না জানিনে।
হয়তো পারব না। সেটা আমাদের দোষ। আমাদের নীতির দোষ নয়।
য়য়ং গান্ধীজীও নিখুঁত নন।" সৌম্য স্বীকার করে।

হড়মুড় করে জুলি এসে ঘরে ঢোকে। কথা কেড়ে নিয়ে বলে, "নিখুঁত নন তো নেতার আসন জুড়ে বসে আছেন কী করতে ? ওই জাঁকালো বৃদ্ধ মহয়টি আরব্য উপন্থাসের সেই বৃদ্ধটির মতো সিদ্ধবাদ নাবিকের পিঠে লেপটে আছেন কেন ? আমরা না পারি তাঁকে সরাতে, না পারি তাঁকে বইতে। বলেন বটে কংগ্রেস থেকে নাম কাটিয়ে নিয়েছেন, চার আনা চাঁদাও দেন না। কিছু লোকে তো জানে, যে গান্ধা সেই কংগ্রেস, যে কংগ্রেস সেই গান্ধী। কিছুতেই যদি সিদ্ধবাদকে বৃদ্ধের বাহুপাশ থেকে ছাড়াতে পারা যেত।"

ওর মারাগ করে বলেন, "এটা কিন্তু বাড়াবাড়ি। ভুলভ্রান্তির নিন্দা করতে চাস্ তো কর। দেখিয়ে দে কোন্থানটা ভুল। ব্বিয়ে দে কেন ভুল। তা নইলে লোকে শিথবে কী করে ? তা না করে এই পার্সনাল অ্যাটাক কেন ? পার্সনাল অ্যাটাকই যদি রাজনীতি হয় তবে কোন্ পার্সন তেমন অ্যাটাকের হাত থেকে নিরাপদ ? ইংরেজ হলে বলত, এটা ক্রিকেট নয়।"

জুলি বকুনি খেয়ে দৌম্যর দিকে তাকায়। "তুমি কী বল ?"

"তোমাদের মনের কথাটা তো এই যে কংগ্রেসের দক্ষে গান্ধীজীর ছাড়াছাড়ি হয়ে যাক। দেটা ব্রিটিশ শাসকদেরও মনের কথা। গান্ধী না থাকলে কংগ্রেসের দক্ষিণপদ্ধীদের তারা এতদিনে ভূলিয়ে নিয়ে গিয়ে থাকতেন। বামপদ্ধীরা তুর্বল হয়ে পড়তেন। ক্রিপদের দৌত্যের উদ্দেশ্যই ছিল নেহরুকে ও আজাদকে গান্ধীজীর হাত থেকে ছিনিয়ে নেওয়া। তাকে একঘরে করা।" সৌম্য উত্তর দেয়।

মিসেস সিন্থা ছেসে বলেন, "তার মানে কংগ্রেস নেতাদের নিয়ে ব্রিটিশ শাসকদের সঙ্গে গান্ধীজার একটা টাগ অভ ওয়ার চলেছে। একবার শাসকরা চেষ্টা করেন ওঁদের কাছে টেনে নিতে। একবার গান্ধীজী চেষ্টা করেন তাঁার কাছে টেনে রাখতে। তাঁদেরও দোনোমনো যায় না। একবার যুদ্ধে যোগ দিতে লাফান। একবার সত্যাগ্রহে ঝাঁপ দেন। কখনো হিংসাবাদী, কখনো অহিংদাবাদী। যখন যেমন তথন তেমন। গান্ধীজীকে দোষ দেওয়া বুগা।"

"গান্ধীজী কায়মনোবাক্যে যুদ্ধবিরোধী। কংগ্রেস তা নয়। কংগ্রেসকেও দোষ দেওয়া বুথা। সম্মানজনক শর্ত পেলে কংগ্রেস যুদ্ধে সহযোগিতা করবে। গান্ধীজীও নেতাদের সেইকথাই বলেছেন। এ জগতে কে কাকে টেনে রাথতে পারে? মাসিমা, আপনিও কি জুলিকে টেনে রাথতে পারলেন?" সৌমাও হাসে।

"যা বলেছ। আমার এখন একমাত্র আশা ওর বর ওকে টেনে রাখতে পারবে। ও যদি কাউকে বরণ করে।" মা আড়চোথে তাকান।

জুলি রাগের ভান করে বলে, "দিস্ ইজ নট ক্রিকেট।"

ওর মা শান্তিজল ছিটিয়ে দিয়ে বলেন, "সৌম্যকে মাত্র কয়েক ঘটার জন্তে পাওয়া গেছে। ঝগড়া করে যেন সময় বইয়ে না দেওয়া হয়।"

"কেন? কয়েক ঘণ্টা কেন? কয়েক দিন কেন নয়?" জুলি কৈফিয়ৎ চায়।

"ওই জাকালো বুদ্ধ মন্ত্রয়টি সিম্ধবাদ নাবিককে যথেষ্ট সময় দিয়েছেন। আর দেবেন না বলে বদ্ধপরিকর। এবার তিনি নিজেই জেলে যাবেন বলে নোটিদ দিয়েছেন। ওই বুদ্ধ যদি জেলৈ যান আমাকেও অবিলম্বে প্রস্তুত হতে হবে। ওই বৃদ্ধ পিঠ থেকে নেমে গেলে সিন্ধবাদ মুক্ত। সিন্ধবাদকে কেউ জেলে যেতে বলছে না। সে জেলে যাবে কেন. সে যাবে প্রাদেশিক মন্ত্রিসভায়. লাটসাহেবদের সঙ্গে দহরম মহরম করবে। বড়লাটও তাকে তাঁর পারিষদসভায় আসন দিতে উন্মধ। তবে তার ফচিমতো নয়। বড়লাটের তো আরো কয়েকজন পারিষদ আছেন। তাঁদের তো তিনি পথে বসাবেন না। তাঁরা আরো নির্ভরযোগ্য। তিনি হিন্দু মুসলমানে একটা ব্যালাম্বও রাথবেন। তাঁর হাতে দাঁড়িপালা। সিদ্ধবাদ নাবিক আর সমূদ্রে ফিরে যেতে চায় না, বুদ্ধের পাল্লায় পড়ে ঢের হয়েছে। ছেড়ে দে, বুড়ো, কেঁদে বাঁচি। কিন্তু বুড়োই যে নিজের থেকে ছেড়ে দিয়ে বরাবরের মতো চলে যাচ্ছেন অকুল সাগরে। ফিরবেন কি না সন্দেহ। থেতে না পেয়ে মরে যেতেও পারেন। ওঁর আবার এক বাতিক আছে। খেতে দিলেও যাবেন না। আর এই পোড়া দেশের यन পড़ে थाकरव कांत्रांशास्त्र स्थारन बुड़ा मिन मिन एकिस्त्र मतरहन। निक्रांम দেখবে তার পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে। জনগণ তার দিকে ফিরে**ও**

তাকাচ্ছে না। জনগণের নজরে পড়ার জন্মে তাকেও বৃদ্ধের অনুসরণে কারাবরণ করতে হবে। থালি পেটে তবৃ তৃ'চারদিন থাকতে পারা যায়, কিন্তু থালি পিঠে একদিনও নয়। সিন্ধবাদকে ঐ বৃদ্ধের বোঝা পিঠে তুলে নিতেই হবে। বৃদ্ধ তাকে মৃক্তি দিলেও সে বৃদ্ধকে মৃক্তি দেবে না। যদি না বড়লাট তাকে টেনে নিয়ে মাথায় করে রাখেন ও তারই কথায় রাজত্ব চালান। বৃদ্ধের হাত থেকে সিন্ধবাদ নয়, সিন্ধবাদের হাত থেকে বৃদ্ধই চান মৃক্তি। মৃক্ত হয়ে তিনি একাই চালিয়ে যাবেন যুদ্ধের বিক্রমে যুদ্ধ। স্থাধীনতা বলতে যুদ্ধ না করার স্বাধীনতাও বোঝায়। এইখানেই সিন্ধবাদের সঙ্গে বৃদ্ধের মতভেদ। সেটা পথভেদও বটে, কারণ একবার অহিংসা মেনে নিলে পরে আর আবালবৃদ্ধ বনিতার উপর নিবিশেষে বোমাবর্ষণ চলে না। যেটা সিন্ধবাদও যুদ্ধে গেলে করবে।" সৌম্য একনিঃশ্বাদে বলে যায়।

জুলির ভাবান্তর দেখা যায়। সে বলে, "তুমি কি আবার জেলে যাবার জন্মে তৈরি হচ্ছ '"

"না, আমার উপর অন্ত নির্দেশ। দেবারেও অন্ত নির্দেশ ছিল, কিন্তু আমার কেবলি মনে হতে লাগল জুলি জেলে গেছে, আমি বাইরে আছি, এতে আমাদের ছ'জনের সম্পর্কে চিড় ধরবে। এবার বাপু আমাকে বলেছেন জেলে যাওয়াটা খুব নরম কাজ। ওর চেয়ে কঠিন কিন্তু করতে হবে। ছই আগুনের মাঝখানে দাঁড়াতে হবে। একদিকে জাপানী, আরেক দিকে ইংরেজ, মাঝখানে আমি ও আমার সহকর্মীরা। আমরা পালাব না, বিপদের ম্থোম্থি হব। বাপুর পণ তিনি এদেশকে যুদ্ধক্ষেত্র হতে দেবেন না। কিন্তু ইংরেজ আর জাপানী মিলে যদি তা করে তবে ছই আগুনের মাঝখানে দাঁড়ানোই তৃতীয় পন্থা। আমরা দাঁড়িয়ে দাঁড়িয়েই গুলীগোলা খাব। দেই ত্যাগ ব্যর্থ যাবে না। তার থেকেই আসবে স্থাধীনতা।" সৌম্য ব্যাখ্যা করে।

জুলি একনার সৌম্যর দিকে তাকায়। একনার মায়ের দিকে। কাতর-কঠে বলে, "ও যদি আমার জন্মে জেলে গিয়ে থাকে তবে আমাকেও তো ওর জন্মে গুলীগোলার সামনে দাঁড়াতে হয়, মা।"

"তা কী করে হয় ?" মা তো হতভম।

"কেন হবে না, মা ? তুমি কি জানো না আমাদের ত্'জনের কী সম্পর্ক ? বিয়েটা অবশ্য হতে পারছে না, যতদিন না দেশ খাধীন হয়।" জুলি সৌম্যর দিকে করণ চক্ষে তাকায়। "তার তো এখনো ঢের দেরি। ইংরেজকে 'ভারত ছাড়ো' বললেই কি সে

অমনি ভারত ছাড়ছে ? এটা কি একটা কথা হলো যে ঈশরের হাতে বা

অরাজকতার হাতে সঁপে দিয়ে যাবে। ঈশর এ দায়িও নিতে রাজী হবেন
কেন ? আর অরাজকতা তো দায়িওজানবজিত। বাঁকা ভাষায়, সমাটকে
বলা হয়েছে আাবডিকেট করতে। সমাট আাবডিকেট করলে তাঁর পুত্র তাঁর

সিংহাসনে বসেন। এক্ষেত্রে কংগ্রেসই হবে সেই পুত্র। কিন্তু বেঞ্চল তা মানবে
কেন ? পাঞ্জাব তা মানবে কেন ? এরাও এক এক শরিককে মসনদে বসাবে।
গান্ধা মহারাজ এক একটা আগুবাক্য উচ্চারণ করেন আর আমরা সাধারণ
মায়্র্য হকচকিয়ে যাই। ওদিকে জিয়াসাহেবও প্রতিধ্বনি করেছেন, ভাগ করো
আর ভাগো।" মা কোনোটাতেই কান দেন না।

"মার ধারণা তিনি পর্বতের আড়ালে আছেন ও থাকবেন। ব্রালে, সৌম্যাদা, এই ধারণাও পর্বতের মতো অটল অনড়। এক জাপানীরা যদি না একে টলায় বা নড়ায়। কংগ্রেস কি পারবে ? বাংলাদেশে কোথায় কংগ্রেস গ তার পেছনে কি জনগণ রয়েছে ? কোথায় সেই জনগণ ? তুমি যদি মরতে যেতে চাও তো আমাকেও তোমার সঙ্গে সহমরণে যেতে হবে। বিয়ের জ্বেড অপেকা না করে।" জুলির কঠে বিযাদ।

"জাপানীদের আশা ছেড়ে দাও, জুলি। ওটা আশা নয়, আশকা। ওদের আদার আগেই পর্বতকে টলাতে হবে। যেটা হবে দেটা দারা দেশ জুড়েই হবে। যদি দেশের লোক দাড়া দেয়। কিন্তু আমাকে প্রস্তুত হতে হবে আচমকা আক্রমণের ধাকা দামলাতে। কারণ আমার বাদ দীমাস্তে। যুদ্ধ যদি বাধে আমি যেন কাদাবিয়াকা। তুমি আমার দঙ্গে থেকে কী করবে? যদি জোন অভ্ আর্ক হতে চাও তো তোমার কর্মক্ষেত্র ওথানে নয়, যেথানে তোমার অহুগত দৈল্লদামন্ত দেখানে। বেঁচে থাকলে বিয়ের লগ্ন আদবে। আগে তো মুক্তির লগ্ন আহ্বে।" সৌমা কথা দেয়।

এটাই ওদের বাগ দান। মায়ের মৌন আশীর্বাদ।

॥ कोम्ब ॥

ওদের ত্'জনকে কথাবার্তার নিরিবিলি দিতে জুলির মা অন্ত মরে যান। সেটা শোভনা দিদির মর।

তথন জুলি বলে, "এখানে থাকতে আমার একটুও ভালো লাগছে না, সৌমা। তুমি যদি আমাকে হরণ করে নিয়ে যেতে তা হলেই আমি স্থা হতুম। কিন্তু জানি ভোমার সে স্বাধীনতা নেই। দেশের স্বাধীনতা আগে, ভোমার স্বাধীনতা পরে। কী করি ? আমার কপাল।"

"কেন? তুমিও তো বিপ্লবী নায়িকা। ঘর গেরস্তালির জক্তে তোমার অবসর কোথায়? আশ্রমে থেকে কুদ্রুদাধন কারাজীবনের বিকল্প। ওথানেই বা তোমার ভালো লাগবে কেন ?" সৌম্য বিচলিত হয়।

"না, ঘর গেরন্তালির কথা ভাবছিনে। সঙ্গস্থের কথাই ভাবছি। কিন্তু আমি জানি দেশের এই পরিছিতিতে সেটা সঙ্গত নয়। আমি শুধু বলতে চেয়েছি যে মায়ের সঙ্গে একবাড়ীতে বাস করা আমার পক্ষে কটকর। তাঁর বন্ধমূল ধারণা তিনি পর্বতের আড়ালে আছেন। যার নাম ব্রিটশ রাজত্ব। ইংরেজবঞ্জিত ভারত যেন হিমালয়বজিত ভারত। অথচ আমার প্রতিদিনের ধ্যান হলো এই পর্বতকে ডাইনামাইট দিয়ে ওড়ানো। জানি তুমি এর মধ্যে ভায়োলেন্দের গন্ধ পাচছ। কিন্তু অসতোর গন্ধ নিশ্চয়ই নয়। গান্ধীজীর সঙ্গে আমার কলহ তো এই নিয়ে। তিনি সাধুসন্তদের একজন। যেমন নানক, কবির, চৈতক্ত। হয়তো বৃদ্ধ প্রান্টের সঙ্গে একসারিতে বসবেন। কিন্তু রাজনীতিতে নামলে অমন নীতিবাগীশ হওয়া চলে না। ফল কী হয়েছে? উনি নিজ্ঞিয়।" জুলি নালিশ করে।

"একবার খদি মেনে নাও যে নৈতিক শক্তি বলে আরো একটা শক্তি আছে
আর সে শক্তি দিয়েও পর্বতকে টলানো যায় তা হলে দেখবে ডাইনামাইট
ছাড়াও ডাইনামিক অ্যাকশন হয়। তার আগে তোমাকে একটা গল্প বলি।
সত্যবটনায়লক। একজন আই এম. এস. ডাক্তারের মুখে শোনা। বাঙালী।
তিনি তথন বিলেতে পড়াশুনা করছেন। লগুনের একটি ঘরোয়া বৈঠকে দক্ষিণ

আফ্রিকা থেকে আগত গান্ধীর সঙ্গে প্রবাদী বিপ্লবী সাভারকরের বিতর্ক হয়। সেথানে আর যারা উপস্থিত ছিলেন তাঁদের একজন পরবর্তীকালের কর্নে ল নাগ। সাভারকর বলেন, গান্ধী, মনে করো তোমার দিকে একটা বিষধর সাপ তেড়ে আসছে আর তোমার হাতে আছে একগাছা লাঠি। তুমি কি মারবে, না মারবে না ? গান্ধী উত্তর দেন, লাঠিখানা আমি হাত থেকে ছুঁড়ে ফেলে দেব, পাছে মারতে প্রলুব্ধ হই। তা শুনে সাভারকর বলেন, গান্ধী, ধর্মে তুমি আমার গুরু হতে পারো, কিন্তু রাজনীতিতে গুরু নও।" সৌম্য সেই এতিহাসিক কথোপকথনের মর্ম শোনায়।

"দাপকে মারব না, লাঠি হাতে থাকলে ছুঁড়ে ফেলে দেব, এতথানি ঝুঁকি নিতে আমিও তো পারব না। বিটিশ দামাজ্যবাদ একটা বিষধর দাপ ছাড়া কী ? ভারতবাদীর হাতে লাঠি নেই, এই যা আফদোদ। তা বলে কি দাপের কামড়েই মরব ? অহিংদা মন্ত্রে দাপকে বশ করার ক্ষমতা কার আছে ?" জ্লি বিশাদ করে না।

"উপমাটাই ভূল। মাহ্য সাপ নয়। শক্তিমদে মত্ত হতে পারে। অহিংসামন্ত্র দিয়ে নয়, অহিংস আচরণ দিয়ে তাকে সংযত করা যায়. প্রকৃতিত্ব করা যার
বইকি। আর সেই অহিংস আচরণ নির্বৈর হলেও নির্বীর্য নয়। অভূতপূর্ব
জনজাগরণ ঘটেছে। সহস্র সহস্র লোক কারাবরণ করেছে, শত শত লোক
লাঠির বাড়ির সামনে বৃক পেতে দিয়েছে। ফলে আটটি প্রদেশে আংশিক
খরাজ সম্ভব হয়েছে। একদিন পূর্ণ স্বরাজও সম্ভব হবে। ইতিমধ্যে আরো
বড়ো ত্যাগের আহ্বান আসবে।" সৌম্য স্থনিশ্চিত।

"আরো বড়ো ত্যাগের আহ্বান বলতে কী বোঝায়, দৌম্য ? গান্ধীজী কি তার কোনো আভাস দিয়েছেন ?" জুলি জিজ্ঞাসা করে।

"যুদ্ধের মাঝখানে গণসত্যাগ্রহ মানে রাজশক্তির বিরুদ্ধে প্রজাশক্তির বিরোহ। বিলোহীরা যেন বলতে চায় এটা রাজায় রাজায় যুদ্ধ। সেই যে একটা কথা আছে রাজায় রাজায় যুদ্ধ হয় উলুথড়ের প্রাণ যায়। এতকাল উলুথড়েরা কেউ প্রতিবাদ করেনি, অকারণে প্রাণ দিয়েছে, প্রাণদানের বিনিময়ে কিছু লাভ করেনি। এবার ওরা আর উলুখড় হতে রাজী নয়। ওরা হুই রাজার মাঝখানে দাঁড়িয়ে যুদ্ধে বাধা দেবে। যুদ্ধ থামিয়ে দেবে। রাজশক্তি যদি মিটমাট চায় তো ওরাও রাজী। যদি মিটমাটই শ্রেয় হয় তবে দে রাজা সব সময়ই থোলা থাকবে। আর যদি মিটমাটের বদলে মারধরই রাজকীয় নীতি

হয় তবে ওরা বন্দুকের সামনে বৃক পেতে দেবে, বৃকে গুলী খাবে, পিঠে গুলী খাবে না। কারাবরণ নয়, মৃত্যুবরণই এবারকার বৈশিষ্ট্য। এবারকার ধ্বনি 'করেকে ইয়া মরেকে'। করব, নয়তো মরব। ফলাফল বিধাতার হাতে। রাজ্ঞশক্তি মিটমাট করতেও পারে, না করতেও পারে, বিদ্যোহীরা যুদ্ধ থামিয়ে দিতেও পারে, না দিতেও পারে। কিন্তু স্বাধীনতার দিকে দেশকে এগিয়ে দিয়ে যাবে। তাদের ত্যাগ ব্যর্থ যাবে না। তাদের মৃত্যু তাদের অমর করবে।" সৌম্যু উচ্ছদিত হয়ে বলে।

জুলি ধৈর্য ধরতে নারাজ। "স্বাধীনতা আমরা অবিলম্বে চাই। তার জন্মে যদি গুলীর বদলে গুনী চালাতে হয় তাও সই। পড়ে পড়ে মার থাব কেন সু
আমরাও মারব।"

সৌম্য তাকে শাস্ত করার জন্মে বলে, "গান্ধীজীও অবিলম্বে স্বাধীনতা চান। তিনি তো নিজেকে দম্বরমতো ঘুণা করেন।"

কেন? ঘুণাকরেনকেন?" জুলি আশ্চর্য হয়।

"দেশকে স্বাধীন করতে বেরিয়েছেন বাইশ বছর আগে। এথনো সিদ্ধিলাভ করেননি। দোঘটা তিনি নিজের গায়েই টেনে নিচ্ছেন। তাঁর মতো অধীর আর কে । তাঁর মতো প্যাশন আর কার ।" সৌম্যও তাঁর মতো।

"বাববা! বাইশ বছর! বাইশ বছরে আমিও তো বৃড়ী হতে চললুম। গান্ধীজীর জানা উচিত যে এই তাঁর শেষ চান্ধ। হয় করতে হবে, নয় মরতে হবে। এবার ব্যর্থ হলে আর বেঁচে থাকা বৃথা। নেতৃত্ব হাত থেকে কেড়ে নেওয়া হবে। এক অকৃতকার্য, অথর্ব বৃদ্ধকে দেশ আর সহ্য করবে না।' জুলি চরমপত্র দেয়।

সৌম্য আহত হয়ে বলে, "নেতৃত্ব কি তিনি কারে। হাত থেকে কেড়ে নিয়েছেন যে আর কেউ তার হাত থেকে কেড়ে নেবে? তোমরা নেতৃত্বের উপর জার না দিয়ে নীতির উপর জার দাও। তা হলে দেখবে ভারতবর্ষের মতো বিশাল দেশে—যাকে মহাদেশ বললেও চলে—জনগণকে জাগানোই হলো খাধীনতা সংগ্রামের প্রথম পদক্ষেপ। জনগণ যদি উদাসীন থাকে তবে সিপাহী বিল্রোহও নিজ্ল। যেখানে সিপাহীরাও উদাসীন বা বিদেশীর অমুগত সেখানে করেকটি সশস্ত্র গোটার গেরিলা লড়াই বিভীষিকা উৎপাদন করতে পারে, কিছ দিল্লীর সিংহাসন দথল করতে পারে না। কলকাতার মসনদও না। আর এলোমেলো সম্বাসবাদ তো কেবল শহীদ স্থাষ্ট করতে পারে, ভাও সারা দেশে

সহস্রাধিক নয়। শেষ পর্যন্ত জনগণের স্থা শক্তির বারস্থ হতে হবেই। সেই শক্তি যথন সমগ্রভাবে জাগ্রত হবে তথন তার পরিচালনার ভার একমাত্র গান্ধীজীই নিতে পারেন, আর কেউ নয়। আর তাঁর সংগ্রামের ধারা অহিংসই হবে, আর কিছু নয়।"

ক্লি উত্তেজিত হয়ে বলে, "মোহ! মোহ! মোহনদাসের মোহ। কোটি কোটি লোক যদি কোনোদিন জাগে তবে অহিংসার বাণী শুনবে না, যার হাতে যা আছে তাই নিয়ে ছুটে আসবে। দা, কাটারি, কুছুল, কাতে, কোদাল, শাবল, গাঁইতি, তুরম্স, লাঠি, সডকি, বল্পম, তীর ধন্থক, ছুরি, ছোরা, খাঁড়া। মশাল হাতে যারা আসবে তারা আপিসে আদাসতে আগুন ধরাবে। গাঁইতি হাতে যারা আসবে তারা রেল লাইন ওপড়াবে। বাগানের কাঁচি হাতে যারা আসবে তারা রেল লাইন ওপড়াবে। বাগানের কাঁচি হাতে যারা আসবে তারা টেলিগ্রাফের তার কাটবে। কোথায় এত পুলিশ, কোথায় এত সিপাহী যে সব জারগায় হাজির হবে, সক্ষাইকে ঠেকাবে? ওদেরও ভোলেশপ্রেম আছে। সটুকুও কি এতদিনে জন্মাননি প্রনাগনকে যদি ডাক দাও অহিংসার মন্ত্র আওড়াতে যেয়ো না। অহিংসা পর্যো ধর্ম কে না জানে। তিন হাজার বছর ধরে শুনে এসেতে। মানেও খুব। গোমাতার বেলা। খনেকে আবার মাছমাংসের বেলাও। কিন্তু যুদ্ধবিগ্রহের বেলা নয়। বিজ্ঞাহের বেলা নয়।

"গান্ধাঞ্জা কি তাঁর দেশের লোককে চেনেন না?" সৌম্য নরম স্বরে বলে। "তাঁর চেয়ে বেশী চেনে কে? তিনি যে কেবল আদর্শবাদী তা নয়। তিনি বান্তববাদীও। অসামরিক হিংসা থড়ের আগুনের মতো দপ করে জলে উঠে দপ করে নিবে যায়। তার পেছনে না থাকে শৃঙ্খলা, না থাকে তালিম। একটা গ্রামে মেশিন গান চললে দশখানা গ্রামের লোক উথাও হয়। কেন সরকারকে মেশিন গান চালানোর প্ররোচনা দেওয়া । তোমাদের বড়ো জোর কয়েকটা হাত বোমা আছে, রিভলবার আছে, রাইফেল আছে। কিন্তু ওদের আছে আকাশ থেকে বর্ষণ করবার মতো বোমা। কামান থেকে নিক্ষেপ করবার মতো গোলা। বোড়ার উপর চড়ে চড়াও হওয়ার জন্তে বেয়োনেট। এদব কথা চিন্তা। করেই তিনি নিদেশি দিয়েছেন অহিংসার। যেটা তিনি প্রযোগও করেছেন হাতে কলমে। সাধারণ লোকদের নিয়ে। প্রথমে দক্ষিণ আফ্রিকায়, পরে ভারতের বিভিন্ন হানে। এটা দপ করে জলে উঠে দপ করে নিবে যায় না। তুষের আগুনের মতো দীর্ঘ কাল জলতে থাকে। একে কেউ

ছোর করে নিবিয়ে দিতে পারে না। অধিকাংশের বেলা একটু একটু করে নিবে যায়। কিছু সকলের বেলা নয়। সত্যিকারের গাছীশিগুরা তাঁদের অক্তরের আগুন আহিতাগ্নির মতো স্বত্নে রক্ষা করেন। তাঁদের কাছে দশ বিশ বছর কিছু নয়। তাঁরা যেন বীজধান। যা ভবিশ্বতের জত্তে তোলা পাকে। প্রয়োজনের সময় বোনা হয়। মার্কসবাদের মতো গান্ধীবাদও একটা তত্ত। তত্ত বিনা বিপ্লব হয় না, সেটা সহিংসই হোক আর অহিংসই হোক। তাত্তিক ভিত্তি পাকা না করে যারা বিপ্লবের আসরে নামে তারা নাটক করতে পারে, কিন্তু ইতিহাস্টা তো নাটক নয়। তারা আডিভেঞ্চার করতে পারে, কিন্তু রেভোলিউশন তো আাডভেঞ্চার নয়। তুমি তোমার জনতাকে নিয়ে যেটা করতে চাইছ দেটা একপ্রকার জাকেরি। সেটারও মূল্য আছে। কিন্দ ফরাদী বিপ্লবের পরিণাম দেখে মার্কদবাদীদের শিক্ষা হয়েছে যে জাকেরি দিয়ে বিপ্লবের ফল পাওয়া যায় না। তোমাদেরও সেই শিক্ষা হবে, জুলি, যদি তোমরা ফরাদী বিপ্লবের পথ ধরো। আমরা কিন্ধ আমাদের তাত্তিক ভিত্তি ত্যাগ করতে পারিনে। জনগণকেও জাগাতে হবে, অহিংদাকেও কাজে লাগাতে হবে। এটা একপ্রকার ক্ষুরধার পদ্ধা। এ পথে ফরাসীরা বা রাশিয়ানরা চলেনি। চলেননি আমাদের পূর্বপুরুষরাও। আমরাই হুর্ভেত অরণ্যে পথ কেটে চলেছি। তুমি কি সঙ্গী হবে আমাদের ?"

"তোমাদের নয়, তোমার। শুধু তোমারই। এর জন্মে আমি কতকাল থেকে অপেক্ষা করে আছি বলো তো । তুমি যদি আমাকে আজ এখনি তোমার দক্ষিনী হতে ডাকো আমি আজ এখনি সাড়া দিতে রাজী। তা কি তুমি করবে । তোমার সেই ব্রতে বাধবে।" জুলি সতৃষ্ণভাবে তাকায়।

"আমাদের আশ্রমে তোমাকে মানাবে না, জুলি। আর আমাদের জেলার উপর জাপানী আক্রমণের খাঁড়া ঝুলছে। তোমাকে আমি বাঁচাব কী করে ? তোমার প্রাণ আর মান ছই বাঁচাতে হবে। বিশিষ্ট নাগরিকরা তাঁদের স্ত্রীকস্তাদের পদার এপারে পাঠাচ্ছেন। তোমাকে আমি অযথা সে রক্ম বিপদের সন্থীন হতে দেব না। এটা সংসারধর্মের সময় নয়। ঘোরতর সংঘর্ষের সময়। যতদ্র দেখতে পাছি সংঘর্ষটা ত্রিকোণ। জাপানীদের সঙ্গে ইংরেজদের, ইংরেজদের সঙ্গে ভারতীয়দের, ভারতীয়দের সঙ্গে আক্রমণের প্রেই ইংরেজদের সঙ্গে ভারতীয়দের সংঘর্ষ শুরুষ ধ্রেষ যাবে। জাপানী-

দের শব্দে ভারতীয়দের সংঘর্ষ যাতে না বাধে তার জন্মে তিনি প্রাণপণ করবেন। যদি ইংরেজরা আগে থেকে বাধিয়ে না থাকে। বুঝতে পারছি তো, ভারতের ইতিহাদে এমন এক সন্ধিক্ষণ আর কথনো আদেনি। আমরা ইতিহাদ রচনা করতে চাই। জীবস্ত ইতিহাদ। হঁটা, তুমিও করবে আমার দক্ষে। কিন্তু আপাতত পৃথক থেকে। আগে তো এ পালা সাক্ষ হোক। পালাবদলের পর মালাবদল। কী বলো, লক্ষিটি? পারবে না সবুর করতে ?" সৌম্য জুলির হাতে হাত মেলায়।

"পারব, যদি ভোমরা এই পালা এই বছরেই সাক্ষ করে।। হঠাৎ একটা ঝড তুলতে হবে। তিন চার মাদ ধরে বাড় বয়ে যাবে। ফরাদী বিপ্লবের দিন বাকে জাকেরি (Jacquerie) বলা হতো তা ছাড়া আর কী হতে পারে এদেশে এখন ৷ হতে পারত রুশ বিপ্লবের দিন যা হয়েছিল, যদি বাবলীরা আমাদের সঙ্গে থাকত। কিন্তু ওরা তো জনযুদ্ধের নেশায় মেতেছে। যার মধ্যে না আছে জন, না আছে যুদ্ধ। আছে ভুধু প্রোপাগাণ্ডা। যে দায় আমাদের উপর বর্তেছে ওরা তার দায়িত নেবে না। ওদের মতে এটা নাকি বিপ্লবের উপযুক্ত পরিস্থিতি নয়। আমরা নাকি ভ্রাস্ত। ওরাই অভ্রান্ত।" জুলি উপহাস করে। "ওদের দিক থেকে ওরা অভান্ত বইকি। রাশিয়া যদি হেরে যায় ৰিপ্লবের উপর প্রতিবিপ্পব জয়ী হবে। বাবলীরা বাঁচবে কিসের আশায় ? ওরা যে ইংরেজের পেছনে দাঁড়িয়েছে এর কারণ ইংরেজরা রাশিয়ার পেছনে দাঁড়িয়েছে। ভোমার মনে লাগছে, কারণ বাবলীও একজন বিপ্লবী নায়িকা। আমি কিন্তু ওদের কাছে কুভজ্ঞ। ওরা যদি আমাদের সংগ্রামে যোগ দিত তবে এটাকে ওরা শ্রেণীসংগ্রামে রূপান্তরিত করত। আমরাই বোকা বনে যেতুম। আমরা তোমাদের জাকেরি সহ্য করতে পারি। নিন্দুকরা বলবে আমরা অহিংসক হয়ে হিংদার প্রশ্রম দিচ্ছি। দে নিন্দা আমরা বহন করতে পারব। ভাতে তো আমাদের সংগ্রাম লক্ষ্যভ্রষ্ট হবে না। তার জাতীয়তাবাদী চরিত্রও অকুষ থাকবে। তবে তোমরা যদি বোমা, রিভলভার নিয়ে সংগ্রামে নামো আমরা তৎক্ষণাৎ সংগ্রাম বন্ধ করে দেব। যে ভায়োলেন্স স্বতঃফূর্ত ও অসংগঠিত দে ভায়োলেন্স আমর। ক্ষমা করতে পারি। কিন্তু যে ভায়োলেন্স পূর্বকল্পিত, যেট। স্থাংগঠিত সে ভায়োলেন্দ আময়া সহু করব না। সেটাই যদি ভোমাদের পছन रम्न তবে ভোমাদের আলাদ। হয়ে যেতেই হবে, **ছ**লি।" সৌমা কঠোর স্থরে বলে।

"তা হলে তৃমি আমাকে জোন অভ্ আর্ক হতে দেবে না? আমার ছেলেবেলার নাধ কোনোকালেই মিটবে না?" জুলি অভিমানে ঠোঁট উলটিয়ে বলে, "এখন ব্বাতে পারছি কেন জোন বিয়ে করেননি। বিয়ে করলে তো ওর স্থামী ওকে সেনাবাহিনীর সঙ্গে মিশতে দিতেন না। কিন্তু তোমাকে আমি নোটস দিয়ে রাখছি, সৌম্য, বিয়ের আগে আমি দরকার দেখলে গেরিলা বাহিনী গঠন করব। ঢ়াল নেই, তরোয়াল নেই তো কী হয়েছে? ডেভিডের হাতে কী ছিল? গোলিয়াথকে সে মারল কী দিয়ে? গুলতি দিয়ে! তুমি ভাবছ গুলীর সঙ্গে অলতি পেরে উঠবে কেন? ওদের আমরা গুলী চালাতে বাধ্য করব। এইখানেই আমাদের জিং। কাগজে লিথবে, গুলতি বনাম গুলী। দাক্লণ লড়াই। তুমি হাসছ যে! আমার গেরিলা বাহিনী ছত্তজ্ব হবে? আমি ধরা পড়ব, ধবিতা হব গ তা শুনে তুমি আমাকে বিয়ে করবে না? হা অদ্ট!"

"যাক, ওসৰ বিশ্ৰী কথা মুধে আনতে নেই। মনে যদি সে রকম শক্ষা থাকে তবে ও পথে যেয়ো না। জোন অভ্ আর্ককে তো ডাইনী বলে পুডিয়ে মারা হয়েছিল। বীরাঙ্গনা বলে স্বীকার করতে কয়েক শতাব্দী লেগে াগল। সম্ভ বলে সম্মান করতে আরো কয়েক শতাদী। তোমার যদি সম্ভ জুলি হবার সাধ থাকে তবে তুমি ও পথে যেতে পারো, কিন্তু তোমার গেরিলা বাহিনীর জন্তমানদের তুমি কী দান্থনা দেবে ? তারাও কি বীরপুরুষ বলে স্বীকৃতি পাবে ? গেরিলা নামটার একটা মহিমা আছে। কিন্তু অবোধ দেশবাসী ওদের গরিলা ঠাওরাবে। ওরাও যে চাদা তুলতে গিয়ে জোর জবরদন্তি করবে না তা নয়। ডাকাতিও করতে পারে। রোজকার খোরাকটি না জুটলে কোনো বাহিনীই যুদ্ধে নামে না। খোরাক ফুরিয়ে গেলে স্বেচ্ছায় ধরা দেয়। তথন ওরা যুদ্ধ-বন্দী বলে খোরাক আশা করতে পারে। তোমার গেরিলা বাহিনীও পেটের জালায় আত্মসমর্পণ করতে পারে। তারপরে বন্দীশিবিরে গিয়ে থোরাক পাবে। কিন্ত খোরাকের বিনিময়ে খাটুনি জোগাতে হবে। খাটুনি থেকে তুমিও যে রেহাই পাবে তা নয়। অক্যান্তবার পেয়েছ। সেটা তোমার বাবা সিভিল সার্জন ছিলেন বলে। আর তার প্রথম মহাযুদ্ধের রেকর্ড প্রশংসনীয় ছিল বলে। কিন্তু রাজার বিফদ্ধে যুদ্ধ করতে গেলে দে স্থবিধাটুকু তুমি হারাবে। আরো ভয়ের কথা তোমার গেরিলা বাহিনীকে জাপানের পঞ্চম বাহিনা বলে চিহ্নিত করা হবে। মিলিটারি ট্রাইবিউনালে তোমাদের

বিচার হবে। সাজা কেমন হবে তা কি তুমি কল্পনা করতে পারো না । এক
যদি ইংরেজরা জাপানীদের কাছে হেরে যায় তবেই তোমাদের রক্ষে। কিন্তু
কয়েকটা প্রদেশ থেকে সরে যাওয়াটাই তো আথেরে হেরে যাওয়া নয়। ওরাও
তো পান্টা আক্রমণ করতে পারে। ওদের কাছে জাপানীরা হেরে যেতেও
তো পারে। তোমার পক্ষে সব চেয়ে যেটা খারাপ সেটাই ভেবে নিয়ে
তোমাকে সংগ্রামে ঝাঁপ দিতে হবে। ঝাঁপ যদি না দিলেই নয়। আমাকে
ঝাঁপ দিতে হবে। এটা আমার পক্ষে আডেভেঞ্চর নয়। আমার তত্ত্বর
প্রয়োগ। আমি অহিংসাবাদী। লোকে যাকে বলে গান্ধাবাদী। তোমার
বেলা সে যুক্তি থাটে না। তুমি গান্ধাবাদীও নও, মার্কসবাদীও নও। দেশকে
ভালোবাসো, সেই ভালোবাসাই তোমাকে জোনের মতো হতে প্রেরণা দিছে।
তোমার তাত্ত্বি ভিত্তি ত্র্বল। লোমান নাংগঠনিক শক্তিও অপরাক্ষিত।
অর্থবল না থাকলে তুমি দেবী সৌর্রানীর মতো দম্বারানীও হতে পারো।"
বলতে বলতে সৌম্বার কণ্ঠরোধ হয়।

"বিয়ে করে আমি চৌধুরানা হতে পারি, ভা বলে দেবী চৌধুরানী হতে যাব কোন হৃথে? নহি দেবী, নহি আমি সামান্তা মানবী। আমি মঞ্জুলিকা, আমি সাধীনা রমণা। খুনথারাপি করব না, চুরিডাকাতি করব না, কিন্তু যদি বিয়ে কবো তবে তোমাকে আমি সারাজাবন জ্ঞালাব। তুমি হবে শিবতুরা পুরুষ আর আমি হব শ্রামাতুল্য নারী। নৃত্যপরা রণরিদিণী। পতি যার চরণতলে। সীতা সাবিজ্ঞীর মতো ওটাও কি সনাহন ভারতীয় আদর্শন্য? উমানাথ শঙ্কর কেন, শ্রামানাথ শঙ্কর কেন নয়?" জুলি সকৌতুকে স্বধান।

জুলির জানা ছিল, কিন্তু থেয়াল ছিল না যে নটরাজও শিবের অন্য এক রূপ। তার তাণ্ডব নৃত্যের কাছে আর কার নৃত্য লাগে! কিন্তু সৌম্য হবে নটরাজ শিব! ভাবা যায়!

় "তোমার নটরাজ মুতি দেখলে তো আমি ধন্ত হই, দৌম্য। সামনে যা আসছে তা প্রলয়ের দিন। যুদ্ধ আর বিদ্রোহ আর বিপ্লব যেন তিন মহানদীর মতো ছুটে আসছে ত্রিবেণীতে একাকার হতে। এমন ত্র্গোগও আর আসবে না, এমন স্থযোগও আর মিলবে না। তোমরা যদি নটরাজ শিবের মতো আত্মহারা হয়ে তাণ্ডব নাচ নাচো তা হলে আমরাও তোমাদের সঙ্গে কাল-ভৈরবের মতো তাল রেথে নাচব।" জুলি অঙ্গীকার করে।

শনা. না, তোমাকে লক্ষ্মী মেয়ের মতো আত্মসংবরণ করতে হবে। আমাদের আদর সংগ্রামে মেয়েদেরও একটা ভূমিকা থাকবে কিন্ত আমরা চাইনে যে তোমরা নিহত বা ধধিত বা লাঞ্চিত হও। তেমন কিছু হলে আমা-দের মনের জোর কমে যাবে। শত্রুপক্ষ আমাদের মনের জোর ভাওবার হাতল পাবে। তবে ইংরেজরা সাধারণত মেয়েদের গায়ে হাত দিতে সঙ্কোচ বোধ করে। ওদের শিভালরিতে বাধে। তোমরা ওদের শিভালরির উপর নির্ভব করতে যাবে কেন। তা হলে তোওদের মহত্তই জয়ী হবে। ওদের মধ্যে তর্জনও তো আছে। ওর। যদি তাদের সংযত করতে না পারে তবে অযথা একটা জাতিবৈর স্বষ্ট হবে! ওদের প্রলোভনে ফেলা আমাদের সংগ্রামের অঙ্গ নয়। আর ওদের দৈত্যদলে যেগব ভারতীয় আছে তাদের কাছে যে তোমরা মা বোনের মর্যাদা পাবে দে বিষয়ে কি ভোমরা নিশ্চিত গ গণ সভ্যাগ্রহে নারীদেরও যোগদানের অধিকার আছে। না জাগিলে দব ভারত ললনা এ ভারত আর জাগে ন। জাগে না। তবু যেথানে নারীর মর্যাদার প্রশ্ন সেথানে সতর্কতারও প্রয়োজন। আমি তো কোনো মেয়েকে বলতে পারব না যে সঙ্গে পটাসিয়াম সায়ানাইড রাখবে। ছঃশাসনের কবলে পড়লে অমনি মুখে পুরবে। আমি বলব তেমন পরিস্থিতি এড়াতে।" সৌম্য গম্ভীরভাবে বলে।

জুলি ক্ষেপে যায়। "এই তোমাদের অহিংসা! তোমরা নরহত্যা করতে বারণ করবে, কিন্ধ নারীকে বলবে আত্মহত্যা করতে! দেটা কি নারীহত্যা নয়? জওহর ব্রত করে রাজপুত নারীরা আগুনে ঝাঁপ দিলে তোমরা তাদের বন্দনা গাইবে। আমাদের ভূলিয়ে দেবে যে সেটাও নারীহত্যা। সহমরণ যে নারীহত্যা দেটা বোধহয় রাজা রামমোহনের আগে কারো ঘটে উদয় হয়নি। পণযৌতুক জোগাতে না পেরে কত মেয়ে যে আত্মহত্যা করেছে সেও কি আরেক রকম নারীহত্যা নয় । নারীকে আত্মহত্যার পরামর্শ দেওয়াও আইনের চোখে অপরাধ। এই একটা ভালো আইন করেছে ওয়া, ওই ইংরেজরা। সত্যি, এদেশের নারীদের জন্মে ওয়া বা করেছে তা আর কে কবে করেছে ?

ওরা যদি সহায় না হতে। রাজা রামমোহন বা বিভাদাগর বা কেশবচন্দ্র একা কী করতে পারতেন । মা যথন আমাকে একথা বোঝান তথন আমি বিনা বাক্যে মেনে নিই। আমার কথা যদি বলো আমি বরং সঙ্গে ছুরি রাথব, তা দিয়ে ধর্ষকের চোথ বিধিব, তবু পটাদিয়াম সায়ানাইড থাব না। হবে তো কারাদণ্ড। প্রাণদণ্ড তো নয়। ইজ্জং বজায় রেথে জেল থাটতে আমি রাজী। নরহত্যায় আপত্তি আছে, বেশ! নরহত্যা নাই বা করলুম। কিন্তু নারী-হত্যাই বা নিজের হাতে নিজে করব কেন । অহিংসা বলতে কি আয়হিংসাও বোঝায়।"

এ এক দারুণ প্রশ্ন। সৌম্য জুলির চোথে চোথ রেখে বলে, "নহ তুমি সামাত্রা মানবা। একদিন মহাত্মার সামনে তোমাকে নিয়ে যাব, তুমি দেকালের গার্গী মৈত্রেয়ার মতে। ছরহ দব প্রশ্ন করে তাঁকে বিষম সঙ্কটে ফেলবে। তোমাকে আমি তোমার নিজের শুভবুদ্ধির উপর ছেড়ে দেব, জুলি। স্বামাণিরি ফলাব না। তুমিও আমাকে আমার ভভবুদ্ধির উপর ছেড়ে দিয়ো। না, আমি কোনো অবস্থাতেই নরহত্যা করব না। করলে আমার সমন্ত খীনিসটাই কেঁতে যাবে। **আমি কি কেবল ব্রিটিশ সাম্রাজ্যবাদের সঙ্গেই** লড়ছি ? আমার লডাই দব দেশের মিলিটারি ইগুাঞ্জিরাল কমপ্লেকদের দঙ্গে। স্বাধীন ভারতও যদি দেই ব্যাধিতে ভোগে তার সঙ্গেও আমি লডব। বেঁচে থাকলে এইসৰ লড়াইতেই আমার জীবন কেটে যাবে। আমার কি নিবিরোধে ধরসংসার করার জো আছে ? তুমি আমাকে ঘর দিতে পারো, সম্ভান দিতে পারো, আমার বংশে বাতি জালাতে পারো, কিন্তু আমার বিবেককে শান্তি দেবে কী করে, আমি যদি একটার পর একটা লড়াইতে জড়িয়ে না পড়ি? ্ আমার প্রাত্যহিক জপ হচ্ছে, শান দাও আপনার আত্মায়, শান দাও, শান দাও অবিরাম। দেশের স্বাধানতাই আমার জাবনের শেষ লক্ষ্য নয়, যদিও এই লক্ষ্য ভেদ করতে গিয়েই আমার জীবন শেষ হতে পারে। তুমি যার সঞ্চিনী হতে যাচ্ছ সে কি তোমাকে স্থী করতে পারবে ? তুমি তাকে সারাজীবন জালাবে, ।। त्म-हे राजातक मात्राकीयन कालात ? रक त्य कात्र हत्र नाजात नूष्टिय থাকবে তা এক হাত্তকর প্রহেলিকা। তবে আমি তোমাকে লক্ষ্মী দেখতেই ভালোবাদি, কালী দেখতে নয়। এটা বোধহয় পুরুষমাত্রেরই স্বভাব। কম্বরবা রণর দিণী হলে গান্ধীজী কি মহাসত্যাগ্রহী হতে পারতেন ? কিন্তু তোমাকে আমি কম্বরবা হতে বলব না। তুমি তুমি।"

জুলি অভিভূত হয়ে বলে, "তুমি তুমি। তুমি নরোত্র।" সহসা সৌমার ধরে থাকা হাতথানি তুলে নিয়ে মুথে ছেঁায়ায়।

তথন দৌম্যকেও জ্বলির ধরে থাকা হাতথানি তুলে নিয়ে একই মুদায় প্রতিদান দিতে হয়। দে স্থদ সমেত শোধ করে। আরেকথানি হাতে আরেকটি চুম্বন।

জুলি হেসে ওঠে। "তা হলে আমিও তোমার অমুসরণ করি।" তারপর চোথের জল মুছে বলে, "শুধু আজ নয় সারাজীবন।"

নেপথ্যে জুলির মা নঙর রেখেছিলেন। তার নীতি হলো, 'দাস্ ফার অ্যাণ্ড নো ফাবদার।' এইপর্যন্ত, এর পর আর নয়। থানাকামরায় একটা ঘণ্টা ছিল। সেটা বাজলে বুঝতে হয় যে থানা তৈরি। সেটা বেজে ওঠে।

খাবার টেৰিলে বসে মা বলেন মোলায়েমভাবে, "এখন তো আমি তোমা-দের চ'জনের মা। আমার কথা মন দিয়ে শোন।"

শোনবার জন্মে হু'জনেই উৎকর্ণ। আবার এক কার্টেন লেকচার।

"আমি রাজনীতি বৃঝিনে। তবে বয়দ তো হয়েছে। তোমাদের মতো ছেলেমাছ্য তো নই। ইংরেজকে তোমরা যত তুচ্ছ মনে করো দে তত তুচ্ছ নয়। আর জাপানীকে তোমরা যত উচ্চ মনে করো দেও তত উচ্চ নয়। জাপানকে তো আরো একটা ফ্রণ্টে লড়তে হচ্ছে। দেটা আমেরিকান ফ্রণ্ট বা প্যাদিফিক ফ্রণ্ট। তার এত বল কোগায় যে দে ইংরেজের হাত থেকে ভারতকে কেড়ে নেবে ? আর ওদের ত্'পক্ষের কাডাকাড়ির মাঝ্রথানে ঝাঁপে দিয়ে তোমরাই বা ঘোলা জলে মাছ ধরতে যাচ্ছ কোন্ হিসাবে ? ওদের যেটা ছর্যোগ তোমাদের সেটা হযোগ। এটা কি একটা হ্যুক্তি, না একটা হ্রুদ্ধি প্রেই যে বলে, চাষী, এইবেলা নে ঘর ছেয়ে!" মা সেটা মনে করিয়ে দেন।

সৌম্য নীররে শুনে যায়। জুলিই উত্তর দেয়। "চাষী, এইবেলা নে ঘর ছেয়ে, একথা হ'রা বলে, তারাই আবার একথাও বলে যে, রাজায় রাজায় যুদ্ধ ছয় উল্পড়ের প্রাণ যায়। লড়াই করবে ইংরেজ আর জাপানী, প্রাণ যাবে বাঙালীর ! কেউ মরবে বিমানের বোমায়, কেউ মরবে কামানের গোলায়, কেউ মরবে থোরাকের বিনাশে, কেউ মরবে ঘরবাড়ীর ধ্বংসে। এতে লাভটা ছবে কার ? যুদ্ধে জিতে ইংরেজ তো আরো হ'শো বছর খুঁটি গেড়ে বসবে। কী করে তুমি হটাবে ওদের ? না তুমি চাও ওরা হিমালয়ের মতো অটল হয়ে

বিরাজ করুক অনস্তকাল? আমার জন্মের আগে থেকেই আমাদের দেশের নেতারা দাবী করেছেন যে স্বরাজ আমাদের জন্মস্বত্ব। আমরা তোনতুন কোনো দাবী করছিনে। ইংরেজরা যদি এটা সময় থাকতে মেনে নিত তা হলে তোকেউ বলত না, চাষী, এইবেলা নে বর ছেয়ে। জাপানীরা যে বার্মা দথল করেছে এটা কি ইংরেজেব দোষে না আমাদের দোষে? ওরা যদি এর পর প্র বাংলা দথল করে নেয় সেটাও কি ইংরেজের দোষে না আমাদের দোষে? গুমারা যদি উল্পড়ের মতো মরতে না চাই, সময় থাকতে ঝাঁপ দিয়ে পড়ি, করি না হয় মরি, সেটা কি ইংরেজের ছর্যোগের অক্যায় স্থযোগ নেওয়া, না আমাদের ছর্যোগের ক্যায্য প্রতিবিধান করা? ওরা বলবে এটা পলিটিকাল অপরচ্নিজম। আমরা বলব তোমরা মালয়ীদের মতো, বর্মীদের মতো, আমাদেরকেও নেকড়ের মুথে ফেলে দৌড় দেবে, সেটাও কি মিলিটারি অপরচ্নিজম নয়? চাচা, আপনা বাঁচা এই যাদের যুদ্ধের নীতি তারা কোন্মুথে আমাদের দোষ ধরবে? না, মা, আমরা স্থবিধাবাদী নই। আমরা সংগ্রামে নামব না, যদি মিটমাট হয়ে যায়।"

॥ পলেরো ॥

একদিন 'স্টেটসম্যান' পত্রিকার জন্ম মৃত্যু বিবাহের কলমে এন্গেজমেন্টের নিচে চৌধুরী ও সিন্হা দেখে মানস কৌতুহলী হয়। তার পর চেয়ার থেকে লাফ দিয়ে উঠে সহর্ষে চিৎকার করে, "জুঁই ! জুঁই ! অসম্ভব ! অলৌকিক ! এ কখনো সত্য হতে পারে না। আমি বিশাস করিনে। তুমি করো? করে। তো এক্ষুনি মিষ্টির অর্ডার দাও।"

যৃথিক। কাগজখানা কেড়ে নিয়ে চোথ বুলিয়ে বলে, "ওমা, আমি কোথায় যাব! সৌম্য চোধুরী আর মঞ্জুলিকা দিন্হা। এ রকম মানিক-জোড় কি হুনিয়ার আর একটি আছে? ওরাই। ওরাই। আমার মন বলছে ওরাই। হি হি হি! কী আনন্দ! মিষ্টি পরে হবে 'থন। এই মুহুর্জেই একটা গ্রীটিংস টেলিগ্রাম পাঠিয়ে দাও।"

"একটা নয়, তুটো। তুই ঠিকানায়। সৌম্যদা কি এতদিন কলকাতায় বসে আছে ? নিজের আশ্রমে ফিরে গিয়ে সংগ্রামের জন্তে-তৈরি হচ্ছে। ওর সামনে আরো একটা এন্গেজমেণ্ট। সেটা মৃত্যুর সঙ্গে। করেকে ইয়া মরেকে।" মানস গন্তীরভাবে বলে।

তার মনে পড়ে যায় যে এই পদটি সে তার ছেলেবেলার এক পুরস্কার সভায় উচ্চারণ করেছিল। তার উপর বরাত দেওয়া হয়েছিল টেনিসনের 'চার্জ অভ্ ফ লাইট ব্রিগেড' আবৃত্তি করে শোনানোর।

"Theirs not to reason why,

Theirs but to do or die".

তা শুনে যুথিকা বলে, "গান্ধীজী দেখছি টেনিসনের কাছ থেকে ওটা পেয়েছেন। তা হলে ভারতের স্বাধীনতা সংগ্রামে টেনিসনের দান আছে। কিন্তু ভারতেই পারা যায় না যে লাইট ব্রিগেডের মতো সৌম্যদার দল যুদ্ধক্ষেত্র থেকে ফিরে আসবে না। বেচারি জুলি পথ চেয়ে বসে থাকবে।"

শ্বিলও তো একই পথের পথিক। যদিও অহিংসা মানে না। সেও করবে না হয় মরবে। বেঁচে থাকলে তো বিয়ে হবে! ভাবতে গেলে মনটা উদাস হয়ে যায়। আমাদের প্রত্যেকেরই কিছু না কিছু করা উচিত, কিন্তু না করলে মরা উচিত নয়। লাইট ব্রিগ্রেডের যা কর্তব্য আর-সব সৈনিকেরও কি তাই কর্তব্য ? লাইট ব্রিগেডে তো পাচশো না ছ'শো জন মাত্র সৈনিক ছিল। গান্ধীজী বলেছেন সরকারী কর্মচারীদের চাকরি ছাড়তে হবে না। স্বাধীনভাবে যে যার কর্তব্য সম্পাদন করবে, যেমন করতেন মহামতি রাণাডে। তিনিও বিচারপতি ছিলেন। নির্ভীক, স্বাধীনচেতা।" মানসেরও সেই আদর্শ।

"তোমার কাছে গান্ধী দ্বী সেইটেই প্রত্যাশা করেন। একা একা পদত্যাগ নয়। কিন্তু তোমার যা স্বভাব। তুমি যুদ্ধের ঘোড়া। যুদ্ধ হচ্ছে শুনলে স্থির থাকতে পারবে না। গণ সত্যাগ্রহও তো একপ্রকার যুদ্ধ। যুদ্ধের মাঝখানে যুদ্ধ। এবার শোলাণ্ডে নয়, ফ্রান্সেও নয়, ভারতের পূর্বপ্রাস্তে নয়, সব জায়গায়! কী করে, তুমি আপনাকে সামলাবে? আর আমিই বা তোমাকে সামলাতে পারব কী করে? সায়া রাভ জেগে বারালায় পায়চারি করবে। বাইরের লনেও। যুদ্ধের ঘোড়াকে আন্তাৰলে বেঁধে রাখলে যা হয়।" যুথিকাও মানসের দশা দেখে মনে কট পায়।

মানস আত্মই হয়ে বলে, "যুদ্ধের ঘোড়ার প্রাণের মায়া থাকে না। যার থাকে সে ঘোড়দৌড়ের ঘোড়া বা ঘোড়ার গাড়ীর ঘোড়া বা ঘোড়সওয়ারের ঘোরাফেরার ঘোড়া বা সওদাগরের মানবাহী ঘোড়া বা পশ্চিম দেশের চাষীর লাঙল টানা ঘোড়া। আমার প্রাণের ভর আছে। আমার মতোলাকের জন্তে টেনিসনের 'ডু অর ডাই' বা মহাত্মার 'করেকে ইয়া মরেকে' নয়। যাদের জন্তে তারা ওই সৌম্যদা আর জুলি। সৌম্যদা তো বিশ বছর ধরে তালিম নিয়েছে। মাঝে মাঝে জেলে গিয়ে তার পরের ধাপটার জন্তে মনটাকে তৈরি করেছে। ওকেই বরং বলকে পারো যুদ্ধের ঘোড়া।"

"আর **জু**লি ?" যুথিকার চোথে শঙ্কা।

"জুলির স্বামী বেঁচে থাকলে ও ভোমারই মতো ঘরদংদার করত। মরণের মৃথে পতক্ষের মতো ছুটে যেত না। কিন্তু এ দংদারে কে আছে ওর, যার জন্মে ও বাঁচতে চাইবে ? ওই সৌমাদাই ওর একমাত্র স্বজন। সৌমাদার যদি মরণ হয় জুলিরও সহমরণ হবে। ভগবান না কক্ষন।" মানদ তাড়াতাড়ি জুড়ে দেয়।

"ভগবান না কঞ্ন।" যুথিকার চোথ ছলছল করে।

"তবে ওদের এন্গেজমেণ্টটা আশাপ্রদ! মরেক্সের আগে ওরা ত্'বার ভাববে। করেক্সের বেলা ওরাও ভেবে চিন্তে করবে, যাতে মরেক্সে অনিবার্য না হয়। সৌম্যদা কথনও মাহ্য মারবে না, এটা আমি লিখে দিতে পারি। কিন্তু জুলি যদি গুলী চালায় আমি আশ্চর্য হব না। ওর দাদারা সশস্ত্র বিদ্রোহে বিশাদী। জওয়ানদের সঙ্গে ওদের যোগাযোগ আছে। সেইস্ত্রে অস্ত্র সংগ্রহ করা অসম্ভব নয়। জাপানীরাও অস্ত্র জোগাবে। এতদিনে কি আকিয়াব থেকে কক্স বাজারে হাতিয়ার এদে পৌছয়িন? অস্ত্রের জন্যে আজ আর জার্মানীতে বা জাপানে যেতে হয় না। অস্ত্রাগার লুঠনের প্রয়োজন হয় না। জাপানীরা যদি সত্যি সভ্যি চটুগ্রাম অধিকার করে তো গোটা অস্ত্রাগারটাই জুলির দাদাদের। যদি না জাপানীরা বিরূপ হয়।" মানস সংশয় প্রকাশ করে।

"কেন? বিরূপ হবে কেন?" যুথিকা বিশ্বিত হয়।

কারণ জাপানীরা তো ফিলানথা পিস্ট নয়। যে ভুলটা দাদারা করে-ছেন। যে হাতিয়ার একদিন ওদের বিশ্বদ্বে ব্যবহার করতে পারা যাবে সে হাতিয়ার ওরা কি সহজে হাতছাড়া করবে ? তার আগে ভালো করে বাজিয়ে নেবে কে আন্তরিকভাবে জাপানের শিবিরে, কে তা নয়। ওরাও হাড়ে হাড়ে সাম্রাজ্যবাদী। তাঁবেদার ছাড়া আর কাউকে ওরা অস্ত্র জোগাবে না। নিরঙ্গুশ স্বাধীনতা জাপানের সৌজতো হবার নয়।" মানস নিঃসংশয়।

ষ্থিকা আশ্চর্য হয়। ''জুলিরা কি সেটা বোঝে না ?"

"ওদের ধীসিদ হলো অস্ত্র বিনা স্বাধীনতা হয় না। আর অস্ত্রের জন্মে যদি শন্নতানের কাছে যেতে হয় তো তাও সই। শন্নতানের কাছ থেকে কিছু পেতে হলে তাকেও কিছু দিতে হবে। শয়তান একদিন চেয়ে বসবে আমদানা রফতানীর অবাধ অধিকার। যেটা ইস্ট ইণ্ডিয়া কোম্পানী চেয়েছিল মীর জাফরের কাছে। তেমনি জাপানও আসবে বণিকের মানদণ্ড হাতে। দাদারা কি এটা বোঝেন না? বোঝেন ঠিকই। কিন্ত কী করবেন? ওঁদের থীসিদ তো ওঁরা পান্টাবেন না। পান্টালে গান্ধীর নেতৃত্ব মেনে নিতে হয়।" মানস একটু থেমে বলে, "আমি যভদ্র বুঝি ওঁরা বনে আছেন জাপানীর। কবে আদবে তারই অপেক্ষায়। কিন্তু তিন মাদ কেটে গেল জাপানীদের সাড়া শব্দ নেই। জাপানীরা কবে আদবে, আদৌ আদবে কি না কেউ জানে না, কেউ বলতে পারে না। স্থতরাং দাদারা আপাতত নিষ্ক্মা। করিংক্মা তা হলে কে ? ওই অহিংদাবাদী গান্ধী বুড়োই। উত্যোগ যা নেবার উনিই নেবেন। ইনিশিয়েটিভ এখন ওঁরই হাতে। কংগ্রেদের জঞে সব্র না করে উনি একাই এগিয়ে যাবেন। ইতিমধ্যে নেহেরুকেও ডেকে নিয়ে ব্ঝিয়েছেন যে ক্লভেল্টের মুখের দিকে তাকিয়ে থেকে কোনো ফল নেই। চার্চিলের স্থমতি হবে না। নেহরুও এখন একমত। এর পরে কংগ্রেসের অক্তাক্ত নেতারাও একমত হবেন। পিছুটান বাঁদের আছে তাঁরা তো নেতৃত্ব দিতে পারবেন না। তারা পেছনে পড়ে থাকবেন। তুঃধ হয় রাজাজীর জন্তে। ভিনি যে জেলকে ভয় করেন তানয়। কিন্ত তার বিশাস ম্সলমানদের যদি পাকিস্তানের আশাদ দেওয়া হয় তবে তারা হিন্দুদের দকে মিলে ইংরেজদের উপর চাপ দেবে আর তাদের সেই মিলিড চাপের কাছে চাচিল মাথা ৰত করবেন। তার মানে একদল বেমন জাপানীদের অপেক্ষায় নিন্ধর্মা হয়ে থাকবেন আরেকদল তেমনি মুগলমানদের অপেক্ষায়। পাকিন্তানের আশাস পেলেই যে মুসলীম লীগ কংগ্রেদের সঙ্গে ছাত মিলিয়ে ইংরেজের উপর চাপ দেবে তেমন कारना পूर्वमक्रम (प्रथा यात्रिक ना। देशत्त्रकता व वाल त्त्राथरक त्य कशास्त्र नीम একসকে চাইলেও ভারা যুদ্ধকালে ক্ষতার হস্তাস্তর করবে না। যেথানে ক্ষমতঃ হতান্তরের বিন্দুমাত্র সম্ভাবনা নেই সেখানে পাকিন্তান মেনে নিয়ে লাভটা কী হবে ? লীগপদ্বীরা কি গণ সভ্যাগ্রহে যোগ দেবে ? চাপ আর কী ভাবে দিতে পারা যাবে ? মাঝখান থেকে লীগপদ্বী মুসলমানদেরকে কংগ্রেসপদ্বী মুসলমানদের উপর জিভিয়ে দেওয়া হবে। কংগ্রেস তার স্থপরীক্ষিত মিত্রদের হারাবে। গণ সভ্যাগ্রহে একটিও মুসলমান সহযোগী হবে না। গান্ধীজীর পক্ষে কভ বড়ো ব্যর্থতা! কংগ্রেসের পক্ষে কভ বড়ো হুর্বলতা!

যুথিক। সব শুনে বলে, "জুলি যদি সশস্ত্র বিদ্রোহের অপেক্ষায় বদে থাকে তবে তাকেও নিষ্কর্যা হয়ে বদে থাকতে হবে। বাবলীর দকে ওর কোনো তফাং থাকবে না। এখন দেখা যাক জাপানীরা কী করে। যদি গান্ধীজীর আন্দোলন শুরু হওয়ার আগে জাপানীদের আক্রমণ শুরু হয়ে যায় তবে কিন্ত জुलिই नकर्मक, यिष्ध अहि:नक नग्न । जाशानीए त नाजानम तन्हे वल कि নিবিকার থাকতে পারি ? কলকাতা থেকে পলাতকের যাত্রা এথনো থামেনি। লোকে পা দিয়ে সরকারের বিপক্ষে ভোট দিচ্ছে। স্বয়ং লাটদাহেব হস্তদন্ত হয়ে জেলায় জেলায় প্রচারকার্য চালিয়ে বেড়াচ্ছেন। এই তো সেদিন আমাদের এখানেও সভা করে স্বাইকে অভয় দিয়ে গেলেন। বলে গেলেন মিন্টার হিটলার উইল বি সাউগুলি ডিফিটেড। ওদিকে চার্চিলও বলছেন হিটলার ফার্ন্ট । তার মানে হিটলার হেরে গেলে জাপানও হেরে যেতে বাধ্য। তথন বার্মা, মালয় ইত্যাদি ফিরে পাওয়া যাবে। ইতিমধ্যে ভারতের একাংশ যদি বেদথল হয়ে থাকে তবে সে অংশও। কথা শুনে গা জলে যায়। ভারতের थकारम दामथन इतन टामता दा भानित्य वाहत, आमता वाहत की करत ? সৌম্যদা তো কাদাবিয়াস্কার মতো মৃত্যুবরণ করবেই। যদি না এক হাতে জাপানীদের ঠেকায়, আরেক হাতে ইংরেজদের। জুলি যদি কলকাতায় বদে না থেকে সৌম্যাদার সঙ্গে ওর কর্মস্থানে যেত তা হলেই জানতুম যে ও সত্যিকার সহধমিণী। কিন্তু তার জন্মে চাই শুধু এন্গেজমেণ্ট নয়, বিয়ে। সেটা তো रुष्टिना। এই या दृःथ।"

ইতিমধ্যে তিনজন মিলিটারি অফিসারও এথানে এসে সভা করে গেছেন। নেভীর প্রতিনিধিটি পশ্চিমা মুসলমান, আমিরটি শিখ, এয়ার ফোর্সেরটি পাঞ্জাবী ছিন্দু। তাঁর মা বাঙালী। ছেলেমাহ্ব। তাঁকে দেখে যুথিকা বলে ওঠে, "বাছা রে!" কিন্তু সঙ্গে সঙ্গে গর্বও বোধ করে। 'বাঙালী নছে ধর্ব।' তিন মুডিও অভয় দিয়ে গেলেন যে ভারত এখন লড়তে প্রস্তুত। বার্মার মতো

অপ্রস্তুত নয়। যুদ্ধক্ষেত্রে হিন্দু মুসলমান শিখ ভেদ নেই। অসামরিক জনগণ বেন পেচনে দাঁভান। হোম ফ্রণ্ট মজবৃত রাথেন।

ডিফেন্স বলতে এতকাল ব্ঝিয়েছে মিলিটারি ডিফেন্স। ইদানীং দিভিল ডিফেন্সেরও নাম শোনা যাছে। বিমান থেকে যথন বোমা পড়বে তথন সাধারণ পথচারীর জন্মে চাই নিরাপদ আশ্রয়। মাটি খুঁডে আশ্রয় বানাতে হবে। লওনের মতো শহরে আগ্রারগ্রাউণ্ড রেলও্যে আছে। বহু লোক তার প্রাটফর্মে গিয়ে আশ্রয় নিতে পারে। কলকাতায় তেমন কিছু নেই। দেখানে অন্য ব্যবস্থা। দাইরেন বাজলেই গর্তে চুকতে হবে। দাইরেন থামলে গর্ত থেকে বেরোনো চলবে। ইতিমধ্যেই কলকাতায় এয়ার রেডদ্ প্রিকশনদ বিভাগ সংগঠিত হয়েছে। দিভিল ডিফেন্স বলতে আরো কিছু বোঝা।। চোর ডাকাতের উৎপাত রড়ে যেতে পাবে। প্র ঘাট যথন অন্ধকার। ঘরে ঘরে নিপ্রদীপ। উৎপাত রোধ করাব জন্মে প্রশিষ্ট যথেষ্ট নয়। হোম গার্ডদ দরকার। কলকাতায় তার ব্যবস্থা হয়েছে। কলকাতার বাইরে বোমা বর্ষণের আশক্ষা ক্ষাণ। তবু বলা তো যায় না। যুদ্ধ বেধে গেলে আতক্ষ ছড়িয়ে পড়বে। প্যানিক থেকেপ্ত নাগরিকদের রক্ষা করা চাই। দিভিক গার্ডস দরকার।

পুলিশ থেকে জল্প সাহেবের কাছে সক্রবোধ আসে। তিনি যেন সিভিল ডিফেন্সের জল্পে সভার সভাপতিত্ব কবেন। মানস ভাবনায় পড়ে। নাগরিক হিসাবে এটা তারও কর্তব্য। সরাসরি 'না' বলতে পারে না। কিন্তু দেশের নেতারা যথন দেশের লোককে বলছেন সিভিল ডিস্ওবিয়েন্সের জল্পে তৈরি হতে তথন সরকার থেকে বলা হচ্ছে সিভিল ডিফেন্সের জল্পে তৎপর হতে। লোকে কার কথা ভনবে ?

"উল্থড়কে আত্মরকা করতে বলবে এক বরু। জাপানীদের হাত থেকে। আর উল্থড়কে আত্মদন্মান রকা করতে বলবে আরেক বরু। ইংরেজদের বিক্লকে মাথা তুলে। ছই বন্ধুর মধ্যে মনোমালিক দেখা দেবে না তো ।" মানসং হুধায় যুথিকাকে।

"আমি তো তার কোনো কারণ দেখছিনে। এটাও সিভিল ওটাও সিভিল। যারা আত্মরকা করতে শিখবে তারাও একহিসাবে সৈনিক হতে শিখবে। শহর ছেড়ে পালিয়ে যাবে না। গর্ভে ঢুকলেও কয়েক মিনিট পরে গর্ভ থেকে বেরিয়েও আসবে। আর যারা সত্যাগ্রহ করবে তারা তো অহিংসাবাদী সৈনিক ছাড়া আর কিছু নয়। তোমাদের তুই বন্ধুর কাজ পরস্পারবিরোধী হলে তো মনোমালিক্স দেখা দেবে। "যুথিকা আশাস দেয়।

সভায় বেশ লোকসমাগম হয়েছিল। শোনা গেল সিভিল ডিফেন্সের জন্তে সময় দিতে পারেন এমন একদল নিষ্ঠাবান কর্মীর প্রয়োজন। আগুন লাগলে তাঁরা আগুন নেবাবেন, মারুষ জধম হলে বা মারা গেলে তাঁরা স্টেচারে করে হাসপাতালে নিয়ে যাবেন, আগ্রীয় স্বজনদের থবর দেবেন, এমনি অনেক রক্ম কর্মের ভার তাঁদের উপর বতাবে। যারা কর্মী হতে পারবেন না তাঁরা সর্বভোভাবে সহযোগিতা করবেন। নিস্প্রদীপের সময় একটি ঘরেও যেন আলোনা জলে।

মানসও সভার উদ্যোক্তাদের সঙ্গে তার কণ্ঠম্বর মেলায়। পালিয়ে গিয়ে ক'জন এত বড়ো একটা শহরকে থালি করে দিতে পারবে ? বেশীর ভাগই তোনানা জীবিকায় নিযুক্ত। যারা পালিয়ে যাবে তাদের বাড়ীতেও কি আগুনলাগবে না ? কে সে আগুন নেবাবে ? তাদের সম্পত্তিও কি লুট হবে না ? কে তাদের সম্পত্তি আগলাবে ? এমনিতেই প্লিশের ঘথেষ্ট কাজকর্ম। পুলিশের উপর সিভিল ডিফেন্সের ভার চাপালে ওরা ওদের মাভাবিক কাজকর্ম করবে কথন ? পুলিশের থেকে আলাদা করে একটা সংগঠন থাকা উচিত। সেটা পাবলিকের আয়তাধীন হলেই ভালো হয়।

পুলিশ সাহেব তো এতক্ষণ আকারে ইঙ্গিতে তারিক থানিয়েই যাচ্ছিলেন।
কিন্তু শেষের উক্তিটির বেলা তাঁর মৃথভাবে আপত্তি ব্যঞ্জিত হয়। মানস তা
অসমান করে ভাষণ সংক্ষেপ করে। সভাভক্ষের পর পুলিশ সাহেব এসে ভার
ভাষণের ভারিফ করে বলেন, "পাবলিকের আয়ত্তাধীন মানে ভো পলিটিসিয়ান-দের আয়ত্তাধীন। আর পলিটিসিয়ান মানে ভো কংগ্রেসম্যান। ওদের যা
মেজাজ ওরা আমাদের ভারতছাড়া করবে। আমাদের জায়গায় যথন
জাপানীরা এসে বসবে তথন নিজেরা কুকুরতাড়া হবে। ওদের ধারণা ওরা
নাকি এক নেশন। হা হা হা হা। পেশাওয়ারের পাঠান আর তামিল ব্রাহ্মণ
এক আসনে বসে একই রক্ম খাদ্য খাবে। হো হো হো হো হো।"

প্লিশ সাহেব গান্ধীজীর মহত্ত মানেন। "তাঁর দব ক'টা আইডিয়াই সঠিক কিন্তু তিনি ত্'শো বছর আগে জন্মছেন। তাই শেষপর্যন্ত ব্যর্থ হবেন। এ দেশটা তাঁর দেশ হতে পারে, এ যুগটা তাঁর যুগ নয়। এমন মাছ্যকে নিয়ে কী করা যায়, বলুন তো? ওঁকে জেলে পুরলে উনি অনশনে প্রাণত্যাগ করবেন। ওঁকে বাইরে রাখনে উনি বিদ্রোহের ডাক দেবেন। আপসের চেষ্টা কি কম হয়েছে? কিন্তু উনি চান পূর্ণ স্বাধীনতা। তাও আজ এক্সনি। জাপান ওদিকে ছোঁ মেরে কেড়ে নেবার জন্মে ওৎ পেতে বসে আছে। তথন কোথায় ইণ্ডিয়ান নেশন, কোথায় তার প্রতিনিধিদের কংগ্রেস।"

মানস নীরবে শুনে যায়। বিদায়কালে জানায়, "আপসের চেষ্টা আরো একবার করতে হবে। আপনাদের আকরিক অর্থে ভারত ছাড়তে কেউ বলছেন না। শুধু ছাড়তে বলছেন রাজক্ষমতা। বড়লাট যেমন আছেন তেমনি থাকবেন, কিন্ধ ব্রিটেনের রাজার মতো তিনি হবেন কন্ষ্টিটিশটনাল হেড। যেমন কানাডায় বা অস্ট্রেলিয়ায়। এটা কি বেনজীর দাবী ? জঙ্গীলাটকেও কেউ সরে যেতে বলছেন না, কিন্ধ তাঁকে ব্রিটেনের মতো সিভিলিয়ান কণ্টে।ল মেনে নিতে হবে। কারণ জয়পরাজয়ের জন্মে জবাবদিহির দায় তো সিভিলিয়ান মন্ত্রীমগুলের। তিনি যদি তাঁর বৃদ্ধির ভূলে পরাজয় ডেকে আনেন সিভিলিয়ান মন্ত্রীদেরই তো দায়ী করা হবে। মনোনীত কাউনসিলারদের কোনো রাজনৈতিক দায়দায়িত্ব নেই। কিন্ধ নির্বাচিত মন্ত্রীদের তো আছে। মনোনীতদের বদলে নির্বাচিতদের নিয়ে সরকার চালাতে হবে। কংগ্রেসের দাবী বলতে এই। এর চেয়ে বেশী নয়, কমও নয়। ওঁরা যুদ্ধে সহযোগিতা করতে হাত বাড়িয়ে রয়েছেন। জাপানীদের মোকাবিলা করতে ওঁরা সম্পূর্ণ রাজী। আপস করতে হলে আর কালবিলম্ব করা সমীচীন নয়। বিলম্ব দেখলে গান্ধীজী তাঁর শেষ চালটি চালবেন।"

পুলিশ সাহেব বলেন, "যুদ্ধকালে ব্রিটেন ক্ষমতা হস্তাস্তর করবে না। করলে হেরে যেতে পারে। বুথা আশা। বুথা আন্দোলন! বুথা ত্যাগন্ধীকার! গান্ধী কি দেশটাকে জাপানের হাতে তুলে দেবেন বলে মনঃম্ব করেছেন? মিছিমিছি কতকগুলো মানুষকে জেলে পুরতে হবে। আমি তৃঃখিত।"

"যদি কিছু না মনে করেন, দেশটাকে জাপানের হাতে তুলে দিছে কে? গান্ধী না বিটিশ সরআর? বার্যায় কী দেখা গেল? জাপানীরা যদি আদে চট্টগ্রামে কী দেখা যাবে? মণিপুরে কী দেখা যাবে? আসামে কী দেখা যাবে? বার্যায় যেমন ক্ষমতার হস্তাম্বর হলো বিটিশেতে জাপানীতে, ভারতেও তেমনি ক্ষমতার হস্তাম্বর হবে বিটিশেতে জাপানীতে। ভারপরে হয়তো পানী আক্রমণ। হয়তো ক্ষমতার আবার হাতবদল, জাপানীতে বিটিশেতে। সমস্কটাই ভারতের লোকের মাথার উপর দিয়ে। সে যা তুংও ভার তুলনায় জেলথানার তৃ:থ তে। বিলাসিতা। দে যা ত্যাগস্বীকার তার তৃলনায় এ ত্যাগস্বীকার তো যৎসামাতা। গান্ধীজী যদি নিশ্চিতভাবে জানতেন যে আপনারা জাপানকে ভারতের এক ইকি জমিও ছেড়ে দেবেন না, ভারতীয়দের একজনকেও জাপানীদের হাতে সঁপে দেবেন না তা হলে তিনি কথনো আপনাদের যুক্কালে বিব্রত করতেন না। শুধু সহযোগিতায় বিব্রত থাকতেন। সেটা তাঁর যুক্কালীন নীতি। জাপানের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই। ভারতের প্রতিনিধিদের সঙ্গে পরামর্শ না করে ভারতকে বিশ্বযুদ্ধে জড়িত করার প্রতিক্রিয়া যুদ্ধে অসহযোগ। ওটুকু তাঁর বিবেকের অফুশাসন। সমানস ব্যাখ্যা করে।

পুলিশ সাহেব আমতা আমতা করে বলেন, "যুদ্ধে অমন কত হাতবদল ঘটে। কোথাও কেউ প্রত্যেকটি ইঞ্চি রক্ষা করতে পারে না। যুদ্ধ জিনিসটাই ওই রকম। এর জন্মে বিটিশকে দায়ী করছেন যারা তাঁরা নিজেরাও দায়ী হতেন, যদি ক্ষমতার আসনে থাকতেন। তাঁরা যে নেই তার জন্মে আমি ছংথিত। তবে আপনাকে আখাস দিতে পারি যে যুদ্ধের পর তাঁরা ক্ষমতার আসনে বসবেনই। আমেরা নিজেরাই অমুভ্ব করছি যে তাঁদের বাদ দিয়ে ভারত শাসন চলতে পারে না। প্রদেশে প্রদেশে স্বায়ত্তশাসন হয়েছে। কেন্দ্রেও হবে। সেটাই তো লজিকসন্মত পরিণতি। তার জন্মে আমরাও মনে মনে প্রস্তুত হচ্ছি।"

মানসও বলতে সাহস পায় না যে, যুদ্ধের ফলাফল অনিশ্চিত। কে জিতবে, কে হারবে তা নেতারাও জানেন না, মাস্থ্য জানবে কী করে। অনিশ্চিতের উপর ভরসা রেথে নিশ্রিয় থাকা যায় না। এটাই গান্ধীজীর আদল যুক্তি। কিন্তু এটা কি মুখ ফুটে বলতে আছে। ইংরেজমাত্রেরই দৃঢ় বিশ্বাস যে আথেরে তার দেশ জিতবেই। মিন্টার হিটলার উইল বি সাউগুলি ডিফিটেড। হিটলার ফার্স্টা তারপরে মুসোলিনি ও তোজো। ইভিহাসে বরাবর যা হয়েছে এবারেও তাই হবে। ইংরেজরা ভাগ্যলক্ষীর বরপুত্র। ঠাট্টা করে বলা হয় দদে উইল ফাইট টু ভ লান্ট ফ্রেঞ্ম্যান। টু ভ লান্ট ইণ্ডিয়ান। মানস মনে মনে জুড়ে দেয়।

পাবলিকের উপর আছা না থাকলে পাবলিকেরই বা আছা থাকবে কেন? সিভিল ডিফেন্স সাধারণের সহযোগিতা পায় না। উমাশক্ষর সামস্ত বলে এক সন্ত্রাস্ত নাগরিক বাস করেন। তিনি একাধারে রায় বাহাত্র তথা বিদ্যা- বিনোদ। "মহাভারতে দ্রৌপদীর ভূমিকা" বলে ভাঁর এক সন্দর্ভ তিনি

মানসকে উপহার দিয়ে গেছেন। তাঁকেই করা হয় সিভিল ভিফেন্সের কমাণ্ডান্ট। থাকি ইউনিফর্ম পরে তিনি প্যারেড গ্রাউণ্ডে গিয়ে কুচকাওয়াজ করেন। বয়স যদিও যাটের উপরে।

পুলিশ সাহেব তো হেসেই উড়িয়ে দিলেন যে ভারতীয়রা এক নেশন। অথচ ওদিকে গ্রাশনাল ওয়ার ফ্রন্ট গঠনের তোড়জোড় চলেছে। নেশন কি তবে ভারতীয় নেশন নয়? তা হলে ভারতব্যাপী তার প্রসার কেন? হিন্দু মুসলমান শিথ প্রভৃতি স্বাইকে তার আহ্বান কেন? পেশাওয়ারের পাঠান আর তামিল বাহ্মণ একই ফ্রন্টের সদস্য হয়ে জাপানীদের বিরুদ্ধে স্মবেত হয় কেন?

একদিন ক্যাশনাল ওয়ার ফ্রন্টের শাখা সংগঠন করতে কলকাতা থেকে সফরে আদেন মানদের সতীর্থ হিতেশচন্দ্র ভৌমিক। বৃদ্ধিজীবীদের সঙ্গে সাক্ষাৎ করে তিনি তাঁদের দেশরক্ষার ব্রতে ব্রতী করতে চান। যুদ্ধক্ষেত্রে যেতে হবে না। ইউনিফর্ম পরতে হবে না। মাঝে মাঝে প্রচার অভিযানে যোগ দিতে হবে। নৃত্যে গীতে চিত্রে নাট্যে ভাষণে নানা ভাবে দেশবাসীকে যুদ্ধোমুখ করতে হবে। দেশবাসীর মনের জার বজায় রাখতে হবে। যুদ্ধকালে সিভিলিয়ান মরাল মিলিটারি মরালের মতোই গুরুত্বপূর্ণ।

"ইম্পিরিয়ালিন্ট ওয়ার ফ্রন্ট নয়, স্থাশনাল ওয়ার ফ্রন্ট।" ভৌমিক লক্ষ্ করতে বলেন। "এটা ইংরেজদের ব্যাপার নয়, আমাদেরই ব্যাপার। আমি আমার নেশনের কাজই করছি। আমি জাতীয়তাবাদী। সরকার এটা জানেন। জানেন বলেই আমাকে এ দায়িত্ব দিয়েছেন। এটা জাতীয়তাবাদী-দেরই সংগঠন। কিন্তু সাবধানে কাজ করতে হয়। পাছে লীগপন্থী মুসলমানরা বয়কট করে।"

"দাবধানে কাজ করা বলতে কী বোঝায়, ভৌমিক ?" মানদ প্রশ্ন করে।
"বিজিমচন্দ্রের 'বলে মাত্রম্' নৈব নৈব চ। একটি পঙ্ জিও না। একটি
পদও না। তানমার্কের যুবরাজকে বাদ দিয়ে হ্যামলেট অভিনয়। জাতীয়তাবাদ
থেকে বিজিম বাদ। রবীন্দ্রনাথ নিয়েও যথেষ্ট দিখা। 'জনগণমন অধিনায়ক'
চলবে না। তাতে পাঞ্চাব সিন্ধু বন্ধ থাকলে কী হবে, পাকিন্তান তো নেই।
দিজেন্দ্রলালের 'ভারত আমার' একই কারণে অচল। ভারত শব্দটাই বেন
বাঁড়ের সামনে লাল ফ্রাক্ডা। অতুলপ্রসাদের সেই বিখ্যাত বাণী 'ভারত আবার
ক্রগংসভায় শ্রেষ্ঠ আসন লবে', ভাতেও আপত্তি। ভারতের স্বাধীনভাও ওদের

অষ্টি নয়। যদি না তার সঙ্গে থাকে পাকিন্তানের স্বীকৃতি। অগত্যা বিজেন্দ্র-লালের 'ধনধান্তে পুন্পে ভরা' আর কাজী নজকলের 'হুর্গম গিরি কান্তার মক' দিয়েই সভার কাজ চালাতে হয়। আমাদের নিজস্ব সঙ্গীতও কি ই আছে। নিজেদের কোকের রচনা। শুনলে রক্ত গরম হয়ে ওঠে নাংসী ও জাপানী ফাসিন্টদের বিক্লছে। তবে সেগুলো জাতীয়তাবাদী না আন্তর্জাতিকতাবাদী তা বলা শক্ত। ই্যা, অ্যাশনাল ওয়ার ফ্রন্টে কমিউনিন্টরাও ভিড়ে গেছেন। প্রাটকর্মটা তো যুদ্ধে সহযোগিতা। শয়তানও যদি সহযোগিতা করে তাকেও আমরা সঙ্গে নেব। যুদ্ধ সংযোগতা। শয়তানও যদি সহযোগিতা করে তাকেও

ছাত্রহিদাবে ভৌমিক একদা আদর্শবাদী ছিলেন। কিন্তু চাকুরে হিদাবে উন্নতি করতে হলে কতাদের মন ব্বোমত বদলাতে হয়। তাই তিনি বালেও আছেন, বোলেও আছেন, অম্বলেও আছেন। মৃদলিম মন্ত্রীরাও তাঁকে পছলদ করেন। হিন্দু মন্ত্রীরা তো তাঁর স্বপক্ষে। ইউরোপীয় উপরওয়ালারাও তাঁকে বিশ্বাস করেন। ঝাল ঝোল অম্বল বলতে এই তিনকেই বোঝায়। সব চেয়ে আশ্চর্যের কথা কমিউনিস্ট মহলেও তিনি অপ্রিয় নন। কথনো যদি বিপ্লব ঘটে তাঁর চাকরি যাবে না। চচ্চভিত্তেও থাকবেন।

ভৌমিক খুব সহজেই ভাব জমিয়ে নিতে পারেন। দীপক আর মণিক। ত্'জনেই ওঁর চিরকালের চেনা হয়ে যায়। 'কাকু' যেন সত্যিকারের কাকু। এতদিন যেন বিদেশে ছিলেন। দবে ফিরেছেন। স্থটকেস থেকে বার করেন আরবদেশের বীচিবিহীন থেজুর আর স্থইটজারল্যাণ্ডের চকোলেট। যা আজকের বাজারে অদৃশ্য।

সারাদিন সরকারী গাড়ী নিয়ে ঘরে ঘরে ঘরে তিনি সন্ধ্যাবেলা ক্লান্ত হক্ষে ফেরেন। বিশ্রামের পর যথন আহারে বসেন তথন তাঁর পরণে ধূতী পাঞ্জাৰী। বলেন, "আমি দেশী রাশ্লাই ভালোবাদি। কাঁচা লক্ষা যেন আমার পাতের এক কোণে থাকে। অবশ্র আপনাদের যদি অক্ষবিধে না হয়।"

মানস জানতে চায় আশনাল ওয়ার ফ্রণ্টের ডাকে সাড়া পাওয়া গেল ক্তথানি। এখানকার কর্মকর্ত্য কারা।

রায় উমাশঙ্কর সামস্ত বাহাত্র আর তার বন্ধুবান্ধব। থনির মালিক, কলওয়ালা, আড়তদার, ঠিকাদার। যুদ্ধের বাজারে ওঁদেরি তো পৌষমাস। মোটা চাদাও উঠেছে। এথানকার শাখা স্থনির্ভর। কলকাতা থেকে আমরা সিনেমা ফিল্ম পাঠাব। ওঁরা সিনেমা দেখাবেন। গানের দল পাঠাব। ওঁর জলসা করবেন। একজন দেশবরেণ্য পুরুষকে সম্বর্ধনা দেবার সংকল্পও আছে। তিনি রাজনীতির উধের্ব। তা দেখে রাজনীতিকদের সমালোচনা বন্ধ হবে। আমরা সংস্কৃতি অলম্বন করেই আমাদের কাজ করি। রাজনীতি অবলম্বন নয়। তা হলে অধ্যাপক শ্রেণীর ব্যক্তিরা ধরাছে ায়া দেন না কেন ?" ভৌমিক জিজ্ঞাসা করেন।

"কারণ যুদ্ধের বাজারে তাঁদের পৌষমাস নয়। তাঁদের সর্বনাশ না হোক সর্বনাশের ভয়। মুদ্রাফীতির জলতরঙ্গ রোধ করবে কে। সঞ্চয়ের মূল্য কী থাকবে। এখানে কমিউনিস্টদের তেমন প্রভাব নেই। বেশীর ভাগই কংগ্রেসের সমর্থক। তবে তাও প্রকাশ্যে নয়। পুলিশের ভয়ে নীরব।" মানস যত্ত্বর ভানে।

"মল্লিক," ভৌমিক স্থান, "বৃদ্ধিজীবীদের আকর্ষণ করার উপায় কী, বলতে পারেন ?"

"থাদ বিলেতেরই যুদ্ধকালীন মূলনীতি হচ্ছে ইকুয়াল স্যাক্রিফাইন। সমান ত্যাগস্বীকার। সেইভাবে একপ্রকার শ্রেণীদাম্য বিবৃতিত হচ্ছে। সকলেরই একই রকম পোশাক। অবশ্র ধনীরা ধনীই থেকে যাচ্ছেন, তরু তাদের মূনাফা বল্গাহীন নয়। আর দরিশ্ররা সকলেই কাজ পেয়ে যাচ্ছে, রোজগারও মন্দ নয়। সমাজতন্ত্রের অভিমূথে এটা একটা আবশ্রিক পদক্ষেপ। টোরিদের সরকার যুদ্ধকালে অচল। লেবার এসে টোরিদের সরকারকে কোয়ালিশন সরকার করেছে। তাই এই পরিবর্তন। এদেশেও কেন্দ্রীয় সরকারে গুণগত পরিবর্তন চাই। ইকুয়াল স্যাক্রিফাইস হবে ক্যাশনাল গভর মেন্টের যুদ্ধকালীন মূলনীতি। সমান ত্যাগস্বীকারের দৃষ্টাস্ত দেখলে বৃদ্ধিজীবীরাও এগিয়ে আসবেন।" মানস তার অভিমৃত জানায়।

ভৌমিক হাল ছেড়ে দিয়ে বলেন, "মোল্লার দৌড় মদজিদ অবধি। আমার দৌড় নাচ গান নাটক অবধি। মাঝে মাঝে গুণীজন সম্বর্ধনা। এখানে একজন জ্ঞানতপ্রী আছেন শুনেছি। তিনি রাজী হবেন তো ?"

"না। তিনি সভাসমিতিতে বা দরবারে যান না। তপস্থায় মগ্র।" মানস তাঁর সঙ্গে মাঝে মাঝে দেখা করে।

॥ **যোগ** ॥

গজদন্তের মিনার না হলেও কিছুত এক ইমারতে বাদ করেন আচার্য নরনারাণণ শিকদার। দেটাকে যন্তর মন্তর বলা চলে। তাঁর নিজস্ব ডিজাইন। ত্রিশ বছর পরকারী কলেঙ্গে অধ্যাপনার পর প্রায় ত্রিশ বছর ধরে অবদর ভোগী এই জ্ঞানতপস্বী রাত জেগে আকাশের গ্রহনক্ষত্র পর্যবেক্ষণ ও দিনতর নানা বিষয়ে গবেষণা করে আদছেন। কোথাও তিনি যান না। কেউ তাঁর কাছে আদে না। তবে যারা প্রদাবান জিজ্ঞান্থ তাঁদের তিনি মাঝে মাঝে দর্শন দেন। তার জন্মে আগে খেকে তাঁর অন্থমতি নিতে হয়। এই শহরে তাঁর মতো জন-অপ্রিয় ব্যক্তি বিতীয় নেই। সরকার তাঁকে রায় বাহাত্র খেতাব দিয়েছেন, কিন্তু সরকারী অন্থচানে তিনি অদৃশ্য। পণ্ডিতসমাজ তাঁকে দেশিকাচার্য উপাধি দিয়েছেন, কিন্তু তিনি পণ্ডিত সমাবেশেও অন্থপন্থিত। বৃদ্ধিজীবী মহলে তাঁর ত্রনাম তিনি গজদন্ত মিনার অধিবাদী।

মানস যেবার তাঁর সঙ্গে প্রথম আলাপ করতে যায় তিনি বলেন, "যুদ্ধ আবার বেধেছে শুনছি। বাধিয়েছে কে ? কায়জার ?"

মানস তো অবাক। বলে, "কাইজার নয়, হিটলার।"

"হিটলার ?" তিনিও অবাক। "কই, অমন কোনো শব্দ তো লাটিন ভাষায় নেই। দীজার, কায়জার, জার তিনটাই লাটিন নামের রকমফের। হিটলারও কি দীজারের প্রতিশব্দ ? ওর বৃংপত্তি কী ? ওটা কি হিটাইট ভাষার শব্দ ? অনেকের মতে হিটাইট ভাষাও আর্য ভাষা।"

মানস এসব ব্যাপারে পরম অজ্ঞ। বিছে জাহির না করে অজ্ঞতা কব্ল করে। "হিটলার যেমন আর্থামির জাঁক করছে তা শুনে মনে হতে পারে ওর পূর্বপুরুষ হিটাইট। তবে চার পাঁচ হাজার বছর পরে কেউ নিশ্চিত হতে পারে না। যেটা স্বাই জানে সেটা এই যে লোকটা রাজবংশীয় নয়, রাজমিস্থি, ঘরের দেয়াল জানালা রং করত। এখন সারা জার্মানীর মাথায় চড়ে বসেছে। কায়জার নয়, ফুয়েরার।"

"ফুয়েরার ?" আচার্য বার বার উচ্চারণ করেন। "গ্রীক নয়, লাটন নয়, টিউটনের মতো লাগছে। ব্যুৎপত্তি কী ওর ?" "বুৎপত্তি জানিনে। অর্থ, মহান নেতা।" মানস যতদ্র জানে।
এ হেন পণ্ডিতের সঙ্গে আলাপ করতে হলে কিঞ্চিৎ পাণ্ডিত্য থাকা চাই।
নইলে আলাপ জমবে কেন ? সে ভৌমিককে হঁ শিয়ার করে দেয়।

ভৌমিক ঘুরে এদে বলেন, "না, যতটা ভয়ক্কর ভেবেছিলুম ততটা নয়।
সাম্রাইদের সম্বন্ধে প্রশ্ন করেন, পরীক্ষায় পাশ করি। কিন্তু জেন বৌদ্ধর্ম
আর জৈনধর্মের পার্থক্য বলতে পারিনে। তিনিই আমাকে বোঝান।
অসাধারণ জ্ঞানী, কিন্তু রাজনীতির ধার ধারেন না। থবরের কাগজ পড়েন না।
জ্ঞাপান যে শিয়রে বসে আছে তা ভনে চমকে ওঠেন। সামলে নিয়ে বলেন,
ওরা তো আমাদের শক্রু নয়। আমাদের ধর্ম ভাতা। একই বৌদ্ধর্ম ওদের
আর আমাদের ধর্ম। ওরা এলে লুম্বিনী, কপিলবান্ত, সারনাথ, প্রাবন্তী,
বৈশালী, বৃদ্ধগন্মা, সাঁচী আবার জেগে উঠবে। হিন্দু রিভাইভাল তো তের
দেখলুম। এবার দেখতে পাব বৌদ্ধ রিভাইভাল। এসব কণা আমি রিপোর্ট
করব না, মল্লিক। করলে ভন্সলোকের রায় বাহাছ্রি কেড়ে নেওয়া হবে।
পেনসনও বন্ধ হতে পারে। তবে ইংরেজ রাজত্ব থাকলে তো তে

"তুমিও সন্দেহ করো, থাকবে কি থাকবে না ? তা হলে অত্যে পরে কা কথা!" মানস রঙ্গ করে।

ভৌমিক ফিদ ফিদ করে বলেন, ''পলাশীর পর অত বড়ো যুদ্ধ বাংলাদেশের মাটিতে ঘটেনি। ছ'শো বছর আমরা বাঙালীরা বর্গীর হাঙ্গামার চেয়ে ভাষণ কিছু দেখিনি। আর পলাশীর যুদ্ধও কি একটা যুদ্ধ নাকি ? এই প্রথমবার আমরা যুদ্ধের দঙ্গে মুখে মুখি হতে যাছি। দবাই তো নার্ভাদ হবেই। আমি কি বাঙালী নই, ইংরেজ ? আর ইংরেজও যে আদৌ নার্ভাদ নয় ভাই বা কেমন করে মানি ? ওরা বছ যুদ্ধ দেখেছে, ওরা ততটা নার্ভাদ নয়। তবে দ্বাপানীদের হাতে বন্দী হতে ও বন্দীশিবিরে বাদ করতে কি ওরা প্রস্তুত ? না বোধহয়। সিন্ধাপুরে যা হাল হয়েছে ওদের । অভাবনীয়।"

"দিক্ষাপুর থে'ক পালাবার পথ থাকলে কি ওরা জাপানীদের হাতে বন্দী হতো । এদেশে পালাবার অসংখ্য পথ। বন্দী হওয়ার ভর নেই। তবে আমরা যারা চাকুরে তাদের চাকরি হারানোর ভর আছে। জাপানের অধীনে কাজ করলে ইংরেজ তাড়াবে। ইংরেজের অধীনে কাজ করলে জাপান থেদাবে। উকীল ব্যারিস্টার ডাক্তার কবিরাজদের কিসের ভর ।" মানস একাজে বলে। "পরকারী চাকরির ওই তো বিপদ। ইংরেজরা যদি বার্মার মতো বাংলাদেশ থেকে পশ্চাদ্ অপসরণ করে আমাকেও তাদের অহুগমন করতে হবে, মিল্লক। এই অনিশ্চিত অবস্থায় ওরাও মন দিয়ে শাসন কর্ম চালাতে পারছে না। রেশন ব্যবস্থা এখনো শুরু হলো না। সময় থাকতে যদি না হয় অনটন দেখা দিতে পারে। থেতে না পেলে যেমন জ্বয়ানরা লড়তে জোর পায় না তেমনি সাধারণ নাগরিকদেরও মনের জোর চলে যায়। ন্যাশনাল ওয়ার ফ্রন্ট ওদের কী করে প্রেরণা জোগাবে প কিন্তু ওটা তো আমার এক্রারে নয়।" ভৌমিক অসহায়।

গণ সত্যাগ্রহের প্রদক্ষ ওঠে। জাপানারা এর স্থবিধে নেবে না তো ? ওদের যারা পক্ষপাতী তারতে কি স্থবিধে নেবে না ? মানস উদ্বিগ্ন।

"অসম্ভব নয়। জনমত এখন তুই ভাগ বিভক্ত। একভাগের ধারণা ইংরেজ তো যাচ্ছেই, ওদের থাকতে সাহায্য করে কী লাভ । তার চেয়ে নবাগতকে অভ্যর্থনা করাই বৃদ্ধিমানের কাজ। আরেকভাগের বিশাস জাপানীরা ইংরেজদের হারিয়ে দিলে কী হবে, মাকিনদের কাছে হেরে যাবেই। তা হলে জাপানীদের অভ্যর্থনা করে কেন ইংরেজদের বিষনজরে পড়া । বৃদ্ধিমানের কাজ যে আথেরে জিতবে তাকেই খুনি রাখা। বেশীর ভাগ লোকই বিষনজর এড়াতে চায়।" ভৌমিকের অহ্নমান।

''কিন্ত গণ সত্যাগ্রহের কী হবে? ওটা কি ব্যর্থ হবে?'' মানসের প্রশ্ন ।
''অন্যান্ত প্রদেশের কথা বলতে পারব না। বাংলাদেশের বিভিন্ন জেলায় ঘূরে
দেখছি তার জন্তে খুব কম লোকই প্রস্তত। ম্সলমানরা তো একেবারেই নয়।
ওরা জানতে চায় ব্রিটিশ রাজ চলে গেলে রাজা হবে কে? কংগ্রেস রাজ হিন্দু
রাজ ও তো আরো থারাপ। তার জন্তে ওরা লড়তে যাবে কেন? হিন্দুরাও সতর্ক।
কায়িক নিরাপত্তার কথাই তো মামুষের প্রধান ভাবনা। জাপান কি তেমন
কোনো অস্বীকার দিয়েছে? দিলে এত লোক পা দিয়ে ভোট দিত না। একদা
যারা কন্যাকুল্প থেকে এসেছিলেন তাঁদের সস্ততি এখন কন্তাকুল্লেই ফিরে চল-লেন। সিম্বলিকাল সত্যাগ্রহ সব সময়েই করা যায়। দশ বিশ হাজার সত্যাগ্রহী
পাওয়া শক্ত নয়। কিন্তু গান্ধীজীর এবারকার উদ্দেশ্ত সিম্বলিকাল সত্যাগ্রহ
নয়। করেকে ইয়া মরেকে বলতে জেলবাত্রা বোঝায় না। বোঝায় যুদ্ধাত্রা।
ভার জন্তে আরেক রকম ন্তাশনাল ওয়ার ফ্রন্ট চাই। কোথাও কি ভার অন্তিত্ব
আহে ? গড়ে ভোলার সময়ই বা কোথায় ?" ভৌমিক ঠাণ্ডা মাথায় উত্তর দেন।

এর পরে ওঠে সম্বর্ধনার প্রসঙ্গ। মানস জানতে চায় আচার্য রাজী কিনা।

"ক্ষেপেছেন ? উনি কী বলতে গিয়ে কী বলবেন, তার পর আমার মাথা কাটা যাবে। 'এন হে আর্থ, এন অনার্থ' দিয়ে আরম্ভ করবেন, বলতে বলতে वरन वमरवन, 'धम रह रवोन्न, धम निक्षन'। खंद कि कानकान चारह ? छेनि বাস করছেন ত্রিশ বছর আগেকার যুগে। জিজ্ঞেস করছিলেন উড্রো উইলসন কি মিকডেোর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন ? তা কী করে হবে ? ওঁরা যে পরস্পরের মিতা। না, ভাই, আমার সম্বর্ধনায় কাজ নেই। উনি রাজী হলেও আমি নারাজ। কথাটা আমি পাড়তে যাবার আগেই তাঁর মনোভাব লক্ষ করে মত পরিবর্তন করেছি। বলেন কিনা মুসলমানদের যেমন তুরস্ক পারক্ত হিন্দুদের তেমনি চীন জাপান। ওদের যোগস্থত যেমন ইসলাম আমাদের যোগস্ত তেমনি বৌদ্ধ ধর্ম। হিন্দু মুসলমানের যুদ্ধ তো একদিন হবে, না হবে না ? সেদিন মুসলমানের পক্ষে যদি তুরস্ক দাঁড়ায় তো হিন্দুর পক্ষে জাপান দাঁড়াবে। মুসলমানের থলিফা আছেন, হিন্দুর কে আছে ? হিন্দুকে হিন্দু না রাখিলে কে রাখিবে? ওই জাপান সমাট। উনিও বৃহত্তর অর্থে হিন্দু। সমাট অশোক যে অর্থে হিন্দু ছিলেন। খেলাফং আন্দোলনের মতো আমাদেরও একটা আন্দোলন চাই। মাঞ্ সামাজ্য ফিরিয়ে গানার জন্তে।'' ভৌমিক ভাজ্জব বনে গেছেন।

মানদ হো হো করে হেনে ওঠে। ওর হাদি আর থামতে চায় না। বলে, "জাপান তো দেই কর্মই করছে। মাঞ্চুকুও তার প্রথম ধাপ। শেষের ধাপটি বোধহয় পালম্গের গৌড়ভুমি। ধর্মপালের দিগ্রিজয়। সাত সম্দ্র তেরো নদীতে ময়ুরপঙ্খী নাও।"

"কী মধুর স্থা! এই স্থাবিলাসী জাতিটাকে রুঢ় বাস্তবের আঘাতে জাগতে হবে একদিন। জাপানীরা বৌদ্ধ নয়, জাপানী। চীনারা বৌদ্ধ নয়, চীনা। তুর্কর: মুসলমান নয়, তুর্ক। ইরানীরা মুসলমাদ নয়, ইরানী। আজকের জগতে ধর্মকে মুখ্য স্থান দেওয়া আর চোথে ঠুলি পরে রাভায় চলা একই জিনিস। হিন্দু মুসলমানকে কী করে এটা বোঝাই, বলুন তো! ভ্যাশনাল ওয়ার ফ্রন্ট কিছ এই প্রশ্নটাতে মুসলমানকে এড়িয়ে যাচেছ। আমরা জার গলায় ঘোষণা করতে পারছিনে যে আগে জাতীয়তা, পরে ধর্ম। ইংরেজরাও শ্রীন্টান, জার্মানরাও শ্রীন্টান, কিছ তার চেয়ে বড়ো কথা তারা

ইংরেজ, তারা জার্মান। তাই যদি হয়ে থাকে পশ্চিমের বেলা সভ্য তবে প্রাচ্যের বেলাও সত্য হবে না কেন ? প্রাচ্য মানেই কি প্রাচীন ? কিছ কী করব ? আমার হাড পা বাঁধা। আমাকে এমনভাবে কাজ করতে হয় যাতে হিন্দু মুসলমান ইউরোপীমান সবাই তুই হন। 'যে পথ নিয়া চলিয়া যাব সবারে যাব তুষি।' এই আমার জীবনদর্শন।" ভৌমিক অকপটে ব্যক্ত করেন।

"তা হলে তুমি হয়তো একদিন জাপানীদেরও তুট করবে। যদি তারা গৌড়ভূমিতে পাল যুগ ফিরিয়ে আনে। পাল রাজাদের বংশধর কি থোঁজ করলে মিলবেন না ? সাকসেসফুল সিভিল সার্ভ্যান্ট তাঁরাই থারা মেরীকেও মানেন, মনসাকেও মানেন, ওলাবিবিকেও মানেন। জাপানীদের কান্ননকে মানতেও সময় লাগবে না। আসলে তিনি অবলোকিতেখর বোধিসন্ত। বোধিসন্তরা না-স্ত্রী, না-পুরুষ। এঞ্জেলদের মতো। কিন্তু জাপানে গিয়ে অবলোকিতেখর স্ত্রী হয়ে গেন্থেন। আর মঞ্জু হয়েছেন পুরুষ। মহাত্মা গান্ধীও তো বোধিসন্ত বা এঞ্জেলদের মতো না-স্ত্রী না-পুরুষ হতে সাধনা করছেন। অতি কঠোর সাধনা।" মানস প্রসঙ্গান্ধরে চলে বায়।

শুনে ভৌমিক তো হতবাক। "ওটা শুধু কঠোর নয়, নিক্ষল সাধনা।
শুমন সাধনার পার্টনার হতে রাজী হবেন কোন্ নারী? রাজী হলে তিনিও
তো হবেন না-স্ত্রী, না-পুরুষ। তাঁকে মা বলে ডাকবার জল্যে কেউ জন্মাবে
না। কই, কোথাও তো পড়িনি এঞ্জেল বা বোধিসত্বদের কোনো পার্টনার
ছিলেন। তবে কি গান্ধাজী এমন এক স্বর্গের কল্পনা করছেন যেখানে সকলেই
নিঃসন্ধ, সকলেই নিঃসন্তান? ভারতকে সেই স্বর্গে করো উপনাত, এটাই কি
তাঁর প্রার্থনা।"

শ্বামার মনে হয় এর একটা স্থা কারণ আছে। এ যুগের সব চেয়ে গুরুত্বপূর্ণ তৃটি সমস্যা হচ্ছে শ্রের জাগরণ তথা নারীর জাগরণ। গান্ধীজা শ্রের সঙ্গে অর্থাৎ শোষিত শ্রমজীবী শ্রেণীর সঙ্গে একাত্ম হবার জন্মে স্বেছায় কায়িক শ্রম বরণ করে নিয়েছেন। আদালতে তাঁকে প্রশ্ন করা হয়, আপনার বৃত্তি কী ? তিনি উত্তর দেন, আমি একজন চাষী ও তাঁতী। উচ্চশ্রেণীর লোক যদি নিম্ন শ্রেণীর লোকের সঙ্গে অভিন্ন হয় তা হলে সমসমান্ত প্রতিষ্ঠিত হয়। শ্রেণীসংগ্রামের প্রয়োজন হয় না। গান্ধীই হন শ্রেজাগরণের হোতা। তাঁর গণজাগরণও মূলত শ্রু জাগরণ। অধিকাংশ সত্যাগ্রহীই তো শ্রু বর্ণ থেকে উদ্গত। স্ত্যাগ্রহ সফল হলে ওরা কি আর ব্রাহ্মণ প্রধান্ম, ক্ষরিয়

श्रीधान, रिच श्रीधान मक कत्रात ? वकी ममणात ममाधान रहा **एहे** ভাবেই হবে। বাকী থাকবে আর-একটা। নেতার পক্ষে শৃদ্র হওয়া যদি-বা সম্ভব হয় नाती हश्या एठा मखर नय। छा हत्न नातीत मत्न छिनि धकाय हत्तन की করে ? নবদীপের ললিতা দাসীর মতো নারীবেশ ধারণ করে ? অবিকল নারীর মতো সাজ। নাকে নথ। নারীর মতো হাবভাব। ছলাকলা। কিঙ মঠের কর্তাগিরির সময় তিনি প্রবলপ্রতাপ পুরুষ। গান্ধীজী চাষীর বেশ ধরেছেন, নারীর বেশ ধরেননি। কিন্তু নারীর দক্ষে একাত্ম হবার জ্বল্যে তাঁর আত্মা ব্যাকুল। নারী হওয়া যাবে না, কিন্তু নারীর সব চেয়ে কাছাকাছি আদা যাবে, যদি এঞ্জেল বা বোধিদত্তদের একজন হওয়া যায়। তাঁদেরি মতো সেকসলেস। আক্ষরিক বা কায়িক অর্থে নয়। ভাবার্থে। তাঁর আন্দোলনে যত নারী সাডা দিয়েছে তত আর কারো আন্দোলনে নয়। গণ স্ত্যাগ্রহে लक लक नाती औं प्र (एरव वर्ल जाना कता यात्र। अता यथन घरत फिरत यारव তথন আর বিনা বাক্যে সমাজশাসন মেনে নেবে না। সমাজশাসন মানে তো পুরুষশাসন। পুরুষশাসনেরও অন্ত হবে, যেমন ব্রিটিশ শাসনের। অমনি করে শার-একটা সমস্তারও সমাধান হবে। নেতৃত্ব করতে হবে তাঁকেই। তার জল্মে এই চল্চর সাধনা। স্বর্গলাভের জন্মে নয়। ইন্দ্রত্বের উপর তাঁর লোভ নেই। তিনি রাজনীতির জগতে এসেছেন স্থায়নীতির অহুসরণে। সত্যাগ্রহের জয় হলেই তিনি বিদায় নেবেন। যদি না সত্যাগ্রহকালেই তাঁর দেহান্ত হয়। সামনেই অগ্নিপরীক্ষা।" মানস উৎকণ্ঠার সঙ্গে বলে।

"কে না চায় তার স্থদেশের স্বাধীনতা ? লাটসাহেব পর্যস্ত স্বীকার করেন যে ভারতের স্বাধীনতা অবশুস্তাবী। কিন্ত জাপানকে হটিয়ে না দিলে নয়। আপাতত কংগ্রেসের উচিত বড়লাটের শর্তে রাজা হয়ে যাওয়া। বড়লাটকে সাক্ষীগোপালে পরিণত না করা। কংগ্রেস রাজী হলে মুসলিম লীগও রাজা হবে। না হলে নিজেই কোণঠাসা হবে। আমরাও ভিতর থেকে দেশের স্বাধীনতা অরাধিত করার জন্মে সচেষ্ট। ব্রিটিশ রাজ্য কায়েম করার জন্মে নয়।" ভৌমিক আন্তরিকভাবে বলেন।

"তা হলে আপনার। ভিতর থেকে চেষ্টা চালিয়ে যান, যেন গণ সত্যাগ্রহের আগেই মিটমাট হয়।" মানসের সনিবন্ধ অহুরোধ।

কলকাতা থেকে জাপানী বোমার ভয়ে বারা স্থানাস্থরিত হয়েছেন তাঁদের মধ্যে আছেন প্রথিত্যণা সম্পাদক ভবতোব স্থাচার্য। মানস এক্লা তার পত্রিকায় লিখত। তাঁরই পদান্ধ অন্থসরণ করে সম্পাদক হবার স্বপ্ন দেখত। পরে অক্য পথে যায়, অক্য পত্রিকায় লেখে। যোগাযোগ ছিল্ল হয়। সম্প্রতি আবার সেই সম্পর্ক জোড়া লেগেছে। তিনিও মানসের আবাসে এসে বইপত্র ধার করে নিয়ে যান ও দিয়ে যান, মানসও তাঁর নিবাসে গিয়ে তাঁর থবরাথবর নেয়। ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে। তিনি মফঃস্বলে এসেও তুনিয়ার হালচাল রাথেন। কলকাতা থেকে নিয়মিত দেশের বিভিন্ন এলাকার থবরের কাগজ পান, সম্পাদকীয় প্রবন্ধ শিথে সময়মতো কলকাতার আপিসে পাঠান, যাতে নির্দিষ্ট দিনে প্রকাশিত হয়। বিলম্ব তিনি একেবারেই সহ্থ করতে পারেন না। তাই শরীর হাজার অস্কৃত্ব থাকলেও তিনি তাঁর লেখার টেবিলে গিয়ে বসেন। দিনের বেলা কেউ তাঁকে বিরক্ত করে না। সন্ধ্যার দিকে তিনি সকলের সঙ্গে সাক্ষাৎ করেন। গল্প করেন। জমিয়ে রাথেন। একাধারে রাশভারী ও রসিক এই বর্ষীয়ান ঋষিকল্প ভন্তলোক এখানে অরণ্যবাস করচেন। পরিবারের আর সবাই কলকাতায়।

ভৌমিককে নিয়ে মানদ তাঁকে শ্রদ্ধা নিবেদন করতে যায়। বরুর পরিচয় দিয়ে বলে, "ইনি আশনাল ওয়ার ফ্রন্ট গঠন করে বেড়াচ্ছেন।"

তিনি রদিকতা করে বলেন, "ইংরেজরা দিঙ্গাপুরে, মালয়ে, বার্মায় ব্যাক দেখিয়ে এদেছে। ফ্রণ্ট দেখাবে কোথায়? না ওকাজটা আমাদের উপরেই ছেড়ে দিতে চায়? আমরাই লড়ে মরব?"

বৈঠকখানায় আরো কয়েকজন দশ নাথী ছিলেন। হাসাহাসি করেন। ভৌমিক বলেন, "ওরা পালিয়ে বাঁচতে পারে, আমরা তো পালিয়ে বাঁচতে পারব না। পালাব কত দূরে আর কোন্ বিদেশে । কাজেই আমরা জাপানী-দের কনফ্রণ্ট করব। করব এক নেশন হয়ে।"

তা হলে শুকুন একটা ছড়া বলি।" সম্পাদক মজা করে আওড়ান।
"শিব ঠাকুরের বিয়ে হলো তিন কন্তে দান
এক কন্তে রাঁধেন বাড়েন এক কন্তে খান।
এক কন্তে গোদা করে বাপের বাড়ী যান।"

তার পর টিপ্পনী কাটেন। "একালের শিব ঠাকুর হচ্ছেন ব্রিটিশ রাজ। আর তিন কল্যে হচ্ছেন কংগ্রেস, মৃসলিম লীগ আর রাজন্যমণ্ডলী। কংগ্রেস রাঁধ্বে বাড়বে, অর্থাৎ সর্বপ্রকার ত্যাগ স্বীকাব করবে। মৃসলিম লীগ থাবে, অর্থাৎ অল্যের অজিত ক্ষমতা ভোগ করবে। আর রাজন্যমণ্ডলী প্রস্তাবিত কেডারেশনের সামিল না হয়ে রাগ করে বাইরে থাকবেন। অর্থাং একরাশ বলকান রাষ্ট্র স্পষ্ট করবেন। এটাই হলো প্যাটার্ন। এর কম্মিন্ কালে রদবদল হবে না। জাপানকে রুখতে হলে গুই কংগ্রেসই রুখবে, কংগ্রেস না রুখলে আর কে রুখবে? ইংরেজ তো পিছু হটবে। মুসলিম লীগ তো তার পিছু নেবে। রাজন্তরা তো প্রথম স্থযোগেই বস্তুতা স্বীকার করবেন। কংগ্রেসের এখনো কিছু মোহ অবশিষ্ট আছে। কিন্তু গান্ধীজীর সম্পূর্ণ মোহভঙ্গ হয়েছে। তিনি শ্বির করেছেন শিব ঠাকুরের সঙ্গে সম্পর্কই রাথবেন না। শিব ঠাকুরকে বিদায় দেবেন। তার পরে তিন কন্তার মধ্যে একটা সমবোতা হলেও হতে পারে, কিন্তু শিব ঠাকুর থাকতে হবার নয়। তাই তিনি বলছেন, ভারত ছাড়ো। শুশুরবাড়ী ছাড়ো।"

ভৌমিক আর সকলের সঙ্গে হাসিতে যোগ দেন, কিন্তু সবিনয়ে অমুযোগ করেন, "স্থার, আপনি কি সভ্যি বিশাস করেন যে শিবঠাকুরেব সঙ্গে সম্পর্ক কেটে গেলেই তিন কন্থার মধ্যে সমবোতা সম্ভব হবে? এক কন্থা না হয় সম্পর্কচ্ছেদ করলেন, বাকী তুই কন্থা তো একভাবে না একভাবে সম্পর্ক রাখতে পারেন। তার বেলা কী উপায়? এ দেশ কি তা হলে অর্ধ-স্বাধীন ও অর্ধ-পরাধীন হবে?"

দাড়িতে হাত বুলোতে বুলোতে সম্পাদক বলেন, "সেই কথাই তো আজ আমি আমার সম্পাদকীয় প্রবন্ধে লিথে ডাকে দিয়েছি। কপি রাখিনি, তাই দেখাতে পারছিনে। কংগ্রেদ যদি স্বাধীনতা পায় তো আধখানা ভারতেই পাবে। বাকী আধখানার ভাগ্য নির্ধারিত হবে গৃহযুদ্ধে। সেটা তো আর অহিংসভাবে হবে না। স্বভরাং গান্ধীজীর ভূমিকা শেষ। দেশটা যদি হ'তিন ভাগে বিভক্ত হয়ে যায় তো ভারতীয় জাতীয়ভাবাদের মৃত্যু ঘটবে। তা যদি হয় কী নিয়ে আমি বঁচিব শু আমারও যে মরতে ইচ্ছে করবে। ট্যাজেডী ভাজিজী। ট্যাজেডী।

তাঁর মূথে হাসি নেই, কণ্ঠস্বরে কান্নার আমেজ। আর সকলেরও তাই। মানসের মনে পড়ে লিঙ্কনের প্রসিদ্ধ উক্তি ''দিস্ নেশন ক্যান নট লিভ হাফ স্নেভ অ্যাণ্ড হাফ জ্রী।'' সে সম্পাদক মহাশয়কে শ্বরণ করিয়ে দেয়।

"এ দেশটা আমেরিকা নয়, মানসমোহন। এথানকার শতকরা বাইশজন নাগরিক মুসলমান। আমিতে মুসলমানের অন্তপাত শতকরা চলিশ। বোধহয় এই যুদ্ধে পঞ্চাশ। এদের সহযোগিতা না পেলে, এদের বিরোধিতা পেলে লিক্ষনের ভূমিকায় অভিনয় করা অসম্ভব। আর তেমন ব্যক্তিছই বা কোথায়! তাঁর পেছনে রেপাবলিকান পার্টির মতো একটি রাজনৈতিক দলই বা কোথায়! তথুমাত্র সৈত্যবলে বলীয়ান হয়ে তিনি গৃহযুদ্ধে জ্বয়ী হতে পারতেন না। গান্ধীজী যে ব্রিটিশরাজের সঙ্গে লড়তে যাচ্ছেন সেটা কংগ্রেসের মতো এক বৃহৎ পার্টি তাঁর পেছনে আছে বলেই।" ভবতোধবাবু যুক্তি দেখান।

মানস শুক্ক হয়ে শোনে। ভার পর বলে, "তা হলে কি ইংরেজকে ভারত ছাডতে আলটিমেটাম দেওয়া ভূল ?'

"আলটিমেটাম না দিলে ওরা জাপানের সঙ্গে কোমর বেঁধে লড়বে না। আলটিমেটাম মানে আর কিছু নয়, য়য় তোমরা জাপানের সঙ্গে প্রাণপণে লড়ো, নয় আমরা তোমাদের সঙ্গে প্রাণপণে লড়ে। য়য় তোমরা জাপানের সামনাসামনি হয়ে বল, করেঙ্গে ইয়া মরেঙ্গে, নয় আমরা তোমাদের সামনাসামনি হয়ে বলি, করেঙ্গে ইয়া মরেঙ্গে। ভারতের ইতিহাসে এমন সঙ্কট আর কখনো দেখা দেয়নি। এই যে অভ্তপূর্ব সঙ্কট এ সঙ্কটে ইংরেজ, কংগ্রেম, মুসলিম লীগ, রাজভ্যমগুলী সকলেরই কর্তব্য একজোট হয়ে জাপানের সম্মুখীন হওয়া। তার জভ্যে চাই একটি ত্যাশনাল গভর্মমেণ্ট। ত্যাশনাল ওয়ার ফ্রণ্ট তার বিকল্প নয়। তার অত্যক্ষ। আপনি যে কাজ করছেন সে কাজও একটা করবার মতো কাজ, হিতেশচন্দ্র। কিন্তু ত্যাশনাল গভর্মমেণ্ট না হলে সেটা যেন শিবহীন যক্ত।" ভবতোষবার ভৌমিজের দিকে তাকান।

এবার দাহদে বুক ঠুকে দম্বর্ধ নার প্রস্তাব তোলেন ভৌমিক।

"বলেন কী! সম্বর্ধনা! কাকে। বোমার ভয়ে পলাতককে! আমি যে প্লানিতে মরে যাছি। স্ত্রী নেই, কিন্তু ছেলেমেয়ে নাতি নাতনি তো আছে। কলকা তায় তালের বোমার মূথে ফেলে রেখে আমি যে পালিয়ে এসেছি এটা কি সম্বর্ধনার যোগ্য কীতি? আমি আসতে চাইনি, কিন্তু ওরা আমাকে মোটরে চাপিয়ে জোর করে চালান করে দিয়েছে। বৃদ্ধবয়সে আমি অসহায়।" তিনি সহাত্যে বলেন।

এর পরে তিনি গম্ভীর হয়ে শ্বতিচারণ করেন। "তরুণ বয়সে আমি প্রতিজ্ঞা করেছিল্ম যে জীবনে কথনো সরকারী চাকরি করব না। তাই সরকারী চাকরির স্থোগ পেয়েও স্থোগ নিইনি। বেসরকারী চাকরিও চাকরি। তাই হাতের লক্ষ্ম পারে ঠেলেছি। স্বাধীনভাবে সম্পাদক্তা করেছি। আরু সম্ভর্জ থেকেছি। সরকারের কাছে কোনোদিন কিছু চাইনি বা পাইনি। আরু

শেষ वश्रम नम्पर्भना श्रद्धन कत्रि कान् स्वाद्य ? नत्रकारत्रत्रहे वा अहे स्मिष्ठि কেন ? এতে করে কি দেশবাসীর হৃদয় স্পর্শ করা যাবে ? আমি আজীবন স্বরাজের জন্মে একজন সম্পাদকের পক্ষে যা করবার তা করেছি। স্বরাজের কয়েকটা ধাপ পার হয়ে আসা গেছে। শেষেরটা বাকী আছে। ইংরেজদের কাছ থেকেই আমি দেটা চাই। জাপানীদের কাছ থেকে নয়। ইংরেজরা দক্ষিণ আফ্রিকাকে স্বরাজ দিয়েছে। আয়ারল্যাণ্ডকেও। জাপানীরা কবে কাকে স্বরান্ধ দিয়েছে ? তাদের কাছে স্বরান্ধ প্রত্যাশা করা মৃত্তা। স্বরান্ধ কথনো পূব দিক থেকে আদবে না। একদিন না একদিন পশ্চিম দিক থেকেই আসবে। তার জক্তে গান্ধীজী যা করেছেন তা আমি সব সময় সমর্থন না করলেও মোটের উপর অহুমোদন করেছি। এবারেও আমার মনে কিছু দিধা আছে। আমার বিশাদ বর্তমান পরিস্থিতিতে ভারতীয় দৈগুদের পক্ষে একাকী দেশরকা করা সম্ভব নয়। ব্রিটিশ সৈক্তদের উপস্থিতি অপরিহার্য। কে জানে জাপানীদের মনে কী আছে ? অকমাৎ একদিন একটা পার্ল হারবার ঘটিয়ে বসবে। ইংরেজদের আমি ষতটুকু বিশ্বাস করি জাপানীদের ততটুকুও করিনে। লক্ষ করেছেন কি না জানিনে, ইংরেজরা জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে, সেটাই আন্তর্জাতিক প্রথা। কিছু জাপানীরা চীনের বিরুদ্ধে তা করেনি। ব্রিটেনের বিরুদ্ধেও না। একটা আজব তত্ত্ব শুনছি। জাপানীদের উদ্দেশ্য নাকি ব্রিটশবিতাতন, ভারত অধিকার নয়। তাই ব্রিটশ বিতাতনের কাজটা ভারতীয় জনগণকেই আগে ভাগে করে রাখতে হবে। তা হলে আর জাণানীরা ভারত অধিকার করতে পা বাড়াবে না। এটা কি জাপানী মনন্তত্ত্বের উপর প্রতিষ্ঠিত ? না মহাত্মার মহত্মের উপর ? ভারতের ঘরে ক্ষমতার পুঞ্চা দেখলে বাইরে থেকে কেউ না কেউ ছুটে আসবেই। জাপানীরা সব চেয়ে নিকটে। স্থতরাং জাপানীদের বারাই ক্ষমতার শৃক্ততার পূরণ হবে। আমা-দের কর্তব্য আমি ঘতটুকু বুঝি পাওয়ার ভ্যাকুয়াম আদৌ ঘটতে না দেওয়া। পাওয়ার ভ্যাকুয়াস ঘটলে কংগ্রেস একাকী তা পুরণ করতে পারবে না। সঙ্গে নিতে হবে মুসলিম লীগ তথা অভাভ শরিকদের। কিন্তু তারা যদি দেশের উপরে সম্প্রদায়ের স্বার্থকেই উচ্চতর স্থান দেয় তবে তো মিলে মিশে শৃত্যতা পুরণ করা চলবে না। আমাকে বাখ্য হয়ে স্বীকার করতে হচ্ছে বে সীমান্তের ওপারে জাপান থাকতে এপারে পাওয়ার ভ্যাকুয়াম স্বষ্ট করা সমীচীন নয়। সরাজের আরো দেরি হয় হোক। 'কুইট ইণ্ডিয়া টু গড অর অ্যানাকি' ভকে

আমি চমকে উঠি। ওটা হলো বিশাসীর উক্তি, যুক্তিবাদীর নর। ইংরেজদের অভিত্বই জাপানীদের ডেকে এনেছে কি-না তর্কসাপেক্ষ। কিন্তু সীমান্তের ওপারে যতদিন জাপানীদের অভিত্ব ততদিন আমাদের আশক্ষার কারণ রয়েছে। ইংরেজরা ততদিন থাকলে আশক্ষাটা কমে। তবে তাদের নিরকুশ হতে দেওয়া নিরাপদ নয়। পোড়ামাটি নীতি অবসম্বন করে কে জানে কী ধ্বংস করবে! সেইজন্তেই তো গোটা ডিফেন্স পোর্টফোলিওটা একজন ভারতীয় পারিষদের হাতে দেওয়া চাই। কংগ্রেসের দাবী অষ্থা নয়।

মানস তাঁর সঙ্গে একমত হয়। তবে চার্চিলকে বোঝায় কার সাধ্য!

তা ভনে ভৌমিক বলেন, "লাটদাহেবের সঙ্গে এ নিয়ে কথা হয়েছিল। ভাঁর বক্তব্য, মিদ্টার চাচিল ইজ নট ইংল্যাণ্ড।"

"কিন্তু এবারকার মহাযুদ্ধে চার্চিন্সই তো ইংল্যাণ্ডের ভরদা। দেবার যেমন অ্যাসকুইথকে সরিয়ে দিয়ে লয়েড জর্জ প্রধানমন্ত্রী হন এবার তেমন কেউ নেই যে চার্চিলকে সরিয়ে দিয়ে প্রধানমন্ত্রী হবেন।" মানস্যতদ্র জানে।

"তবে চার্চিলও একেবারে কাস্ট আয়রন নন। দেখছেন না তাঁর পরম শক্ত স্টালিনের সঙ্গেও কোলাকুলি করছেন ?" ভৌমিক তর্ক করেন।

সম্পাদক মহাশয়ও তর্কে যোগ দেন। "ইংরেছদের মন্ত বড়ো গুণ ওরা সময় বুঝে ওদের পলিসি বদলায়। চার্চিলও একজন ইংরেছ। তিনি পরিষ্কার বুঝতে পারছেন যে হিটলারকে হারিয়ে দিতে হলে স্টালিনকে মদত দেওয়া চাই। যদি তা সত্তেও স্টালিন হেরে যান তবে কমিউনিজমও হেরে যাবে। রক্ষণশীলদের হাড় জুড়োবে। সে রকম একটা পরিস্থিতি ভারতেও দেখা দিতে পারে, যদি বামপন্থীরা ভারতীর জওয়ানদের ভাঙিয়ে নিয়ে বিপ্লব ঘটায়। তথন চার্চিল বাবাজীর টনক নড়বে। তিনি গান্ধীজীর সঙ্গে তাঁর চির বিরোধ ভুলে যাবেন। তবে মহাত্মা বোবহয় তাঁর সাহায্য নেবেন না। তিনি বরাবর আ্যানির্ভর।"

"কিন্তু বামপন্থীরা তো এখন পরস্পারবিরোধী।" মানস সবিনয়ে বলে। "একদল ঝুঁকেছে ইংরেজদের পক্ষে, যেহেতু ইংরেজ রাশিয়ার পক্ষে। আরেজ-দল ইংরেজের বিপক্ষে, যেহেতু ইংরেজ স্বাধীনতার বিপক্ষে। বিপ্লবটা মাঠে মারা যাবে, যদি বামপন্থীরা পরস্পরকে মেরে দাবাড় করে। জওয়ানরাও বে নিজেদের মধ্যে মারামারি বাধাবে না তা নয়। হিন্দুরা হাঁকবে 'তুর্গা মায়াকী জয়।' আর মুসলমানরা হাঁকবে 'আলা হো আকবর।' আর শিথেরা হাঁকবে 'সং শ্রী অকাল'! একজনও হাঁকবে না 'ভারতমাতাকী জয়' বা হিন্দুখান জিন্দাবাদ'। আর বিপ্লব ? যেথানে য চবার বিপ্লব ঘটেছে কেবল রাজশক্তির বিক্লমে নয় পুরোহিততপ্রের বিক্লমেও ঘটেছে। পুরোহিততপ্রের জোর যেথানে এত বেশী দেখানে রাজ্প্রোহ হতে পারে, বিপ্লব হতে পারে না। রাজ্প্রোহকেই আমাদের বামপদ্বীরা বিপ্লব বলে শ্রম করেন। পুরোহিতত্ব্রের সঙ্গে লড়বার মতো সাহস তাঁদের নেই। ঠাকুর দেখলেই গড় করেন। বিবাহের বা শ্রামের অমুষ্ঠানে বামুন ঠাকুরকেও তাঁদের চাই।"

সম্পাদক মহাশয় খুশি হয়ে বলেন, "তা হলে ভেবে দেখুন আমাদের যৌরনে পৌত্তলিকভা বর্জন ও উপবীত ত্যাগ কতথানি বৈপ্লবিক ছিল। আমাকে আমার পিতৃকুল, মাতৃকুল ও হতুরকুলের দক্ষে কী পরিমাণ সংগ্রাম করতে হয়েছিল। সংগ্রাম বলতে কি কেবল কারাবরণ বা সাহেব নিধন বোঝায়? বিপ্লব হচ্ছে আমূল পরিবর্তন। জীবনের সর্ব ক্ষেত্রে। আমরা সর্ব ক্ষেত্রে হাত দিতে পারিনি। জনবল আমাদের ছিল না। তা ছাড়া ইংরেজকে আমরা কেবল বিদেশী বা সাম্রাজ্যবাদী শক্র ভাবিনি। মিত্রও ভেবেছি তাদের আধুনিকতার জল্যে, প্রগতিশীলতার জল্যে। জৃডিসিয়াল সীদ্টেমের জল্যে, পাল মিন্টোরি সীদ্টেমের জল্যে। এত বেশী ব্যক্তিম্বাধীনতা আর কোন্ রাজত্বে ছিল ইণ্ডিয়ান বলুন, ত্যাশনাল বলুন, কংগ্রেস বলুন তিনটিই তো ওদেরই ক্মন্টি। সম্পর্কটা পরে তিতিয়ে যায়।"

॥ সভেরো ॥

ভবতোষবাবুর মফঃস্বলবাদ সীতার বনবাদ নয়। কলকাতা থেকে তাঁর পুত্তেরা মাঝে মাঝে এদে দেখা করে যান। দূর সম্পর্কের আত্মীয়রা এই শহরেই বাদ করেন। তত্ত্বাবধানের অভাব হয় না। তবু তাঁর মন উডু উডু। কবে ফিরে যাবেন এই তাঁর ধ্যান।

একদিন তাঁর বড়ো ছেলে পরিতোষ মানসের সঙ্গে আলাপ করতে আসেন।
"আপনারা এখানে না থাকলে বাবা এখানে থাকতে চাইতেন না। মিসেল
মল্লিকেরও উনি ভ্রদী প্রশংসা করেন। আমরা আপনাদের ছ'জনের কাছে
ক্তজ্ঞ।"

তথন যুথিকাকেও তাঁর সঙ্গে আলাপ করিয়ে দেওয়া হয়। সে চায়ের আয়োজন করে। বলে, "কলকাতার অবস্থা জানতে ইচ্ছে করে।"

পরিতোধবাব্ বলেন, "আন্তে আন্তে স্বাভাবিক হয়ে আনছে। মাস্ব এমন জীব যে সব রক্ষ অবস্থার সঙ্গে মানিয়ে নেয়। তা সে মৃদ্ধই হোক আর ছভিক্ষই হোক আর ভূমিক পাই হোক আর মহামারীই হোক। ব্লাক আউট, তব্ থিয়েটার সিনেমা একরাত্রিও বন্ধ নেই। ফটকা, জুলা, ঘোড়দৌড়, ভাগ্যগণনা সমানে চলেছে। মন্দির, মসজিদ, গির্জা তো জনশৃত্য হতে পারে না। পলাতকরা দলে দলে ফিরে আসছে। মাথার উপর বাজ পড়লেও তারা আর পালাবে না। এই নগরেই কর্ম আমার এই নগরেই মরি।"

তা হলে তো আপনার বাবাকেও ফিরিয়ে নিয়ে যেতে হয়। কেন তিনি
এমন পাগুবের মতো অজ্ঞাতবাদ করবেন? অত বড়ো প্রদিদ্ধ জ্ঞানীকে
এখানে চিনবে কে? তাঁর রেফারেন্সের বই দ্বোগাবে কে? আমাদের
সামান্ত সংগ্রহ থেকে বই ধার করতে আসেন। স্থামরা ধন্ত বোধ করি।
আপনি এদে ঠিক সময়ে ফিরিয়ে দিয়ে যান। আর কেউ তো ফেরং দেবার
কথা মনে রাথে না।" যুথিকা বলে।

"সত্যি, দরকারী রেফারেন্সের বই হাতের কাছে না পেলে বাবার মতো সবজান্তা সম্পাদকের চলে না। আমাকে লিখলে আমি নিয়ে আসতে পারত্ম, কিন্ধ সেটুকু দেরিও তাঁর সইত না। থাবারের মতো থবরও গরম গরম পরিবেশন করতে হন। তেমনি থবরের উপর মন্তব্যও। তাঁর সময়োচিত মন্তব্য পড়ে গভন মেন্টেরও পলিসি বদলে যেতে দেখেছি। আর গান্ধী প্রীও সম্প্রতি বলতে আরম্ভ করেছেন যে ব্রিটিশ সৈক্ত ভারতের মাটিতে মোতায়েন থাকতে পারে, যদিও ব্রিটিশ শাসনকে অপসরণ করতে হবে। অবিকল বাবার বক্তব্য।" পরিতোষবাবু দাবী করেন।

"আমিও একমত।" ম,নদ সমর্থন করে।

"আমি কিছ একমত নই।" পরিতোষবাব একটা চমক দেন।

"দে কী! আপনার বাবার সঙ্গে আপনার মতের মিল নেই। কী তা হলে আপনার মত ?'' মানস জানতে উংগ্রক।

"দেখুন, মিন্টার মন্ত্রিক, গান্ধীজী আর বাবা প্রায় একবয়সী। তাঁদের চিন্তাধারা মোটাষ্টি একই ধাতে বন্ধ। যদিও মততেদও মাঝে মাঝে ঘটে। আমি হচ্ছি কিনা জবাহর আর স্কাধের সমবয়সী। আমাদের চিন্তাধারা

चारता अटकरम । अब नाम टमनारतमन गाप । चारता रथामम करत वनि, ব্রিটিশ সৈত্ত এদেশের মাটি আঁকড়ে থাকতে এ মাটির সম্থানরা কথনো স্বাধীনতার স্বাদ পেতে পারে না। পূর্ণ ক্ষমতার স্বাদ পেয়ে নেতারা পুসকিত হতে পারেন, কিছু আমরা তো নেতা নই সাধারণ নাগরিক। আমরা তো ক্ষমতার স্বাদ পেতে পারিনে, স্বাধীনতার স্বাদই পেতে পারি। অরাজকতাকে আমরা ভয় করিনে। তাতেও মেলে স্বাধীনতার স্বাদ। গান্ধীজী গোড়ায় যা বলেছিলেন সেটাই ছিল আমাদের মনের কথা। পরে যেটা বলতে শুরু করে-ছেন সেটা বাবার মতো দ্রদী সমালোচকদের মুখ বন্ধ করার জন্মে গোঁজামিল। কেন, ব্রিটিশ দৈন্ত থাকবে কেন ? ভারতরক্ষার জন্তে ভারতীয় দৈন্তই কি যথেষ্ট নয় ? দরকার দেখলে আমরা আরো রিক্রেট করব। জাপানী দৈয়ার। এখন সমগ্র পূর্ব এশিয়া জুড়ে ছড়িয়ে পড়েছে। ভারত অভিযানের জন্মে ওরা বড়ো জোর হাজার ত্রিশেক দৈন্ত বরাদ্ধ করতে পারে। ত্রিশ হাজারকে রুথতে ভার ছ'গুণ দৈল্ল তৈরি। তফাৎটা শুধু এই যে জাপানীরা স্বাধীন দেশের দৈনিক, আর ভারতীয়রা পরাধীন দেশের। স্বাধীনের সঙ্গে পরাধীনের সংঘর্ষে পরাধীনের মনের জোর কম। গান্ধীজী বলেন এখন থেকে আমাদের স্বাধীন বলে ভাবতে হবে, পরাধীন বলে নয়। সৈনিকরা যেদিন অহভব করবে যে তারাও স্বাধীন দেদিন নতুন প্রেরণায় উদ্দীপ্ত হয়ে জাপানী দৈনিকদের मरक लफ़्रित। এইজ हो ना चामत्रा हाहे जिपिन रिमलात चमनत्र। हत्र हरत অরাজকতা। নিতে হবে তার ঝুঁকি। নোরিস্ক, নো গেন। বাবাকে এ তত্ত্ব বোঝানো শক্ত।" পরিতোষবাবু চায়ে চুমুক দেন।

''তা এই যদি হয় আপনার চিন্তাধার। তবে তা আপনাদের নিজেদের পত্তিকায় প্রকাশ করেন না কেন?'' মানস জিজ্ঞাসা করে।

"পর্বনাশ! যুদ্ধকালে কড়া সেনসরশিপ। সম্পাদককে পুলিশে ধরে নিয়ে। যাবে। কাগজ বন্ধ করে দেবে। আমরা তথন দাঁড়াব কোথায় ?" পরিতোষ-বাবু কাতর দৃষ্টিডে ভাকান।

"তা হলে লিখে কাজ নেই। কিন্তু আমার মনে হয় অরাজকতা সহক্ষে
আপনার চেয়ে আমার ধারণা আরো পরিজার। আইন অমুসারে ক্ষমতারঃ
হন্তান্তর না করে বিটিশ রাজ যদি হঠাৎ উধাও হয় তবে জজ হিসাবে আমার
বি>ারের অধিকার থাকবে না, জেলা ম্যাজিস্টেটের শাসনের অধিকার থাকবে
না, প্রিশ স্থারিন্টেন্ডেন্টের গ্রেপ্তারের অধিকার থাকবে না, জেলারের বন্দী

আটক করার অধিকার থাকবে না. টেন্সারি অফিসারের বেতন দেবার অধিকার থাকবে না। চোথের সামনে টেজারি লুট হয়ে বেতেও পারে। লুটেরাদের ধরবে ক ? বাঁধবে কে ? সাজা দেবে কে ? সাজা বলবৎ করবে কে ? বে যার খশিমতো একটা প্রোভিজনাল গভন মেণ্ট খাড়া করতে পারে, কিন্তু দে গভন মেণ্টের প্রতি আফুগত্য স্বতঃসিদ্ধ নয়। নিযুক্তিপত্র আসা চাই, সে নিযুক্তি পত্র সকলের বারা স্বীকৃত হওয়া চাই। নইলে আমরা হব গাঁয়ে মানে না আপনি মোড়ল। আছকের এই প্রেটিজ আর থাকবে না। গান্ধীজী বলেছেন অরাজকতা হয়তো দিন পনেরো স্থায়ী হবে। কিন্তু দিন পনেরোর ব্রেকও তো একটা ব্রেক। সেই পনেরো দিনের জন্মে আমাদের প্রত্যেকের চাকরিতে ত্রেক হবে। আমরা মাইনে পাব না। পরে হয়তো নতুন শর্তে চাকরি করতে হবে। মিলিটারিতে যারা কান্ধ করছে তাদের শেলাতেও একথা খাটে। পনেরো দিন যদি ভারা বেকার বসে থাকে ভো যুদ্ধ করবে কোন অধিকারে ? সেই যুদ্ধবিরতির ফাঁকে জাপানীরা এগিয়ে এসে জেলার পর জেলা দখল করতে পারে। সেসব জেলার লোক কি স্বাধীনতার স্বাদ পাবে, না বিতীয় পরাধী-নতার স্বাদ ? কেউ না কেউ গান্ধীজাকৈ এগৰ কথা ব্বিয়েছে। তাই তিনি 'কুইট ইণ্ডিয়া' বহাল রাখলেও 'টু গভ অর আানাকি' বাদ দিয়েছেন।" মানস অঙ্গুলিনির্দেশ করে।

পরিতোষবাব জানতেন না যে বিটিশ বিদায়ের সঙ্গে সঙ্গেই অফিসারমাত্রেরই চাকরি থতম হবে। তাঁর আপিস লুট হয়ে গেলেও থানার অফিসারইন-চার্জ তাঁর ডাকে সাড়া দেবেন না, কারণ তিনি আর অফিসার-ইন-চার্জ
নন। তিনি কেউ নন। পরিতোষবাবুদের বাড়ী পুড়ে গেলেও দমকল বাহিনী
তাঁর ডাকে সাড়া দেবে না। কারণ সে বাহিনীর কার্যকাল ফুরিয়েছে। তিনি
যে রেলন্টেশনে গিয়ে ট্রেনে উঠতে পারবেন সেটাই বা কেমন করে সম্ভব হবে
ফ্রিদি ডাইভার, গার্ড, লাইনসম্যান কেউ কাজে যোগ না দেয়। তা হলে তিনি
তাঁর বাবাকে দেখতে আসবেন কী করে? মোটরে করে
পথে ডাকাত
পড়ে ঘোটরটাই ছিনিয়ে নেবে।

"না, পনেরো দিনের অরাজকতার কথা আমি সমর্থন করিনে। অরাজকতা যদি হয় একদিন কি তু'দিনের জত্যে হবে।" পরিতোষবাবু নেমে আসেন।

"আহা, দেইটেই তো হয়েছিল রেকুনে। দিন তিনেকের জন্তো। দে ক'টা দিনের বিভীষিকার বৃত্তাস্ত কি আপনারা রেকেনুনফের্ডাদের মুখে শোনেননি ?

ক্লেকানা আর পাগলা গার্দ থালি পেয়ে যারা বেরিয়ে আ**নে** ভাদের আবার জেলথানায় আর পাগলা গারদে পোরার আগে বিষম কাণ্ড ঘটে যায়। বিপ্লবের দিনেও রাশিয়ায় অরাজকতা হয়নি। সঙ্গে দঙ্গে প্রোভিজনাল গভন মেণ্ট গঠিত হয়। পরিবর্তনটা অধিকাংশ অফিদার মেনে নেন। মানেন না যাঁরা তাঁদের শৃত্যস্থান সঙ্গে সংকে পূর্ণ হয়। আসলে অবাজকতার কথাটা গান্ধীজীর মাথায় আনে এইজন্মেই যে ব্রিটিশ রাজ কাউকেই তাঁদের ছলাভিষিক্ত করতে রাজী নন। কংগ্রেদকে তো নয়ই, মুদলিম লীগকেও তাঁর। ক্ষমতার আদনে বিশিয়ে বিদায় নেবেন না। তা হলে তাঁরা কাউকে আসন ছেড়ে না দিয়েই বিদায় হোন। ঘটুক একটা সাময়িক শৃক্ততা। পূরণ করবে হয় কংগ্রেস, নয় লীগ, নয় উভয়ে, নয় আর কেউ। কিন্তু তা যদি হয় তবে তো সেটা সেই রেন্থনের মতো পরিস্থিতি। অমন এক অনিশ্চয়তার মুখে স্বাইকে ফেলে দিয়ে ইংবেজরা চম্পট দিলে স্বাধীনতার স্বাদ বিস্বাদ লাগবে মিস্টার আচার্য। ওয়ার অভ সাক্ষেমন বেধে যেতে পারে। কংগ্রেদে ও লীগে। হিন্দুতে ও মুসলমানে। विस्मय करत भाक्षाय ७ वाः नारमरम। रम्म थ७ थ७ हरत स्वराज भारत। ভারতীয় জাতীয়তাবাদ নামক তত্ত্ব মুসলমানদের ক'জন মানে? জোর করে চাপাতে গেলে উন্টো বিপত্তি হবে। ওরা ইংরেজকেই আঁকড়ে ধরবে। ইংরেজও ওদের হাতে হাতিয়ার ধরিয়ে দেবে।" মানদ শিউরে ওঠে।

পরিতোষবাব্ অনেকটা শাস্ত হয়ে বলেন, "আমরা ইংরেজদের উপর এতদ্র ক্ষেপে রয়েছি যে মৃসলমানদের দিকে নজর দিতে হেলা করছি। ইংরেজদের সঙ্গে আমাদের একটা অলিথিত চুক্তি ছিল যে ওরা আমাদের বিহি:শক্রুর আক্রমণ থেকে রক্ষা করবে। সে কাজ ওরা ত্র'শো বছর ধরে কবেছেও। কিন্তু এখন আর পারছে না। সিঙ্গাপুর, মালয় আর বার্মা হলো ভারতের তিন তিনটি গেটওয়ে বা দেউড়ি। তিনটিই ওরা ছেড়ে দিয়ে পালিয়ে এসেছে। তার ফলে চুক্তির থেলাপ হয়েছে। তেমনি আরো একটা অলিথিত চুক্তি ছিল ওবা হিন্দুরও পক্ষ নেবে না, মৃসলমানেরও পক্ষ নেবে না, হবে নিরপেক্ষ। কিন্তু কার্জনী আমল থেকে আমরা দেখে আসছি ওরা নিরপেক্ষ নয়, ওদের পক্ষপাতটা হয়োরানীর উপরে। ব্যামফীল্ড ফুলার তো প্রকাজে বলেছিলেন মৃসলিম সম্প্রদায়ই ওর ফেডারিট ওয়াইফ। স্থেরারানীর দাবী সম্ভন্ন কিবাচকমণ্ডলী থেকে শুক্ষ করে কডন্তু বাসক্ত্রিম অবধি গড়িয়েছে। প্রথম স্বাবীয় রতো চরম দাবীও একদিন মেনে নেওয়া হবে। ভার সানে আরো এক

চুক্তিভঙ্গ। কেন তবে আমরা ঘটনার স্রোতকে ততদূর গড়াতে দিই । কেন তার আগে তৃতীয় পক্ষকে বিদায় না করি । তৃতীয় পক্ষ চলে গেলেই বরং তুই পক্ষে সমঝোতা হতে পারে। তৃতীয় পক্ষ ঘরে থাকতে নয়।"

"সমঝোতা হবে, না গৃহযুদ্ধ হবে, কেমন করে জানলেন? কাগজ খুললেই তে। দেখি গালিগালাজ। গালগালি খেকেই একদিন আদবে মারামারি। ক্রম ওয়ার্ডদ দে মে কাম টুব্লোজ।" মানদ আশঙ্কা করে।

"সেটাও তৃতীয় পক্ষ আছে বলেই। ওরাই তলে তলে উদ্কে দিছে। ওরা সরে গেলেই তুই পক্ষে মিটমাট হবে। ঝগড়া তো চিরকাল চলতে পারে না। কিন্তু ওরা যদি দেশটাকে তু'টুকরো করে দিয়ে যায় তবে তুই সমান্তরাল রেথা আর কোনোদিন জোড়া লাগবে না। যেমন লাগেনি আয়ারল্যাণ্ডে। আইরিশদের উচিত ছিল বিগত মহাযুদ্ধের মাঝখানেই ইংরেজদের আয়ারল্যাণ্ড ছাডতে বাধ্য করা। ডি ভালেরা সেই চেষ্টাই করেছিলেন, কিন্তু আইরিশদের অধিকাংশই ছিল জার্মানদের বিপক্ষে ও ইংরেজদের পক্ষে। যেমন ছিল ভারতীয়দেরও অধিকাংশ। সেই ভূলটা আমরা এদেশে করব না এই যুদ্ধে। নইলে যা হবে তা আয়ারল্যাণ্ডের পার্টিশিনের পুনরাবৃত্তি। আমরা আগে খেদাব ইংরেজকে, তার পরে জাপানীকে। এইথানেই আমাদের গুরুজনদের সঙ্গে আমাদের মতভেদ। তাঁরা চান আগে জাপানীদের থেদাতে, তারপরে ইংরেজদের।" পরিভোষবাবু থোলসা করেন।

তর্কটাকে থামিয়ে দেয় যুথিকা। "আমরা আপনার চেয়ে কমবয়সী। আমাদের কডটুকু অভিজ্ঞতা! কভটুকু জ্ঞান! কে যে কাকে থেদাবে, কাকে আগে আর কাকে পরে, এসব আমাদের জ্ঞানবৃদ্ধির বাইরে। আমরা শুধু এইটুকু চাই যে আমাদের যেন বিহারের দিকে থেদিয়ে নিয়ে যাওয়া না হয়।"

পরিতোষবাব প্রথমটা ঠাহর করতে পারেন না। মানদ তাকে বৃঝিয়ে দেয় যে জাপানীরা এতদ্র এলে তাকে বিহারে প্রব্রজ্যা করতে হবে, যদি না মে জাপানী দৈক্তদের তোয়াজ করতে রাজী হয়।

"আরে, না, না! আপনি কেন করবেন ভোয়াজ ? তবে তার আগেই বা ঘটবার ঘটবে, মিস্টার মল্লিক। একটি ছোট পাখী আমার কানে ফিসফিস করে বলেছে যে বিহারীরা এখন থেকেই তৈরি হচ্ছে আন্দোদনে ঝাঁপিয়ে পড়তে। ওধু গান্ধীজীর কাছ থেকে সিগনালের অপেক্ষা। ওরা টেন চলাচল বন্ধ করে দেবে। মোটর চলাচলও বাধা পাবে। তখন কোথায় থাকৰে

ইংরেজদের পালাবার পথ! তথন বাধ্য হয়ে কংগ্রেদের সঙ্গে মিটমাট করতে হবে। ওদের আমরা ভারত ছাড়াতে চাইনে, গদী ছাড়াতে চাই। হাতীর হাওদার গদীতে বদে আমরাই জাপানীদের তাড়াব! জাপানী এতদ্র আদবেনা, মিদেস মল্লিক।" অভয় দেন পরিতোষবাবু।

'ওমা, তাই নাকি।" চেঁচিয়ে ওঠে যৃথিকা।

"চুপ ! চুপ !" পরিভোষবাব্ ঠোটে আঙুল ঠেকান।

মানদ বলে, "কিন্তু ওটা তো গণ সত্যাগ্রহ নয়। যুদ্ধকালে ওর নাম সাবোটাশ।"

পরিতোষবাবু চটে যান। "আরে মশায়, রাধুন আপনার জজিয়তী! কেবল চুলচেরা বিচার। একটা নেশনের লাইফ অ্যাণ্ড ডেথ ফ্রাগল কতরকম রূপ নিজে পারে। ওটাও একটা রূপ! যারা পারবে তারা সত্যাগ্রহ করবে। যারা পারবে না তারা সাবোটাশ করবে। যদি নরহত্যা না করে তবে সেটাই হবে যথেষ্ট অহিংসা। দয়া করে বাবার কানে এসব তুলবেন না। তিনি আশা করছেন যে শেষ মুহুর্তে একটা আপস হবে। আরেকটা গান্ধী-বড়লাট চুক্তি।"

বিহারের মতো যুক্তপ্রদেশেও রেল লাইন বন্ধ করার তোড়জোড চলছে এ রকম একটা গুজবও শোনা গেল জেলা ম্যাজিস্ট্রেটের বাড়ীতে বেগম হায়দারের মুখে। তিনি আরো মাদ খানেক দেরি করতেন, কিন্তু টেন চলাচল অনিশ্চিত হতে পারে, এই গুরুব শুনে হুটে এসেছেন। যা রটে তা কিছু কিছু বটে।

আজী হায়দার মানসকে ও তাঁর বেগম যুথিকাকে নিয়ে আলাদা আলাদা খেরে গিয়ে বসেন। যাতে প্রাণ খুলে কথা বলা সহজ হয়।

"আপনাকে তো গ্রামে গঞ্জে টুরে যেতে হয় না। আমাকে যেতে হয়।
আগে তো সবাই জেলা ম্যাজিন্টেটকে যমের মতো ভরাত। কিন্তু ইদানীং কী
এক হাওয়া উঠেছে। যেথানেই যাই এগু বাচচা ছেলে ছোকরা এসে চিল্লায়,
'কুইট ইগুয়া। ইচ্ছে করলে ওদের আমি গ্রেগুার করতে পারত্ম, কিন্তু
করিনে। যুদ্ধে ওদের সহযোগিতা আমাদের দরকার। প্রচারকার্য করতে
বেরিয়ে গ্রেপ্তারকার্য করতে পারিনে। করলে প্রচারকার্য বুগা যাবে। সম্প্রকরতে হয়। হাসিম্থে বলতে হয়. আমি ভো ইংরেজ নই। আমি ভারত
ছেড়ে যাব কোন্ দেশে। পাকিস্তানে প্রথমনি ওদের মুখ চুপ। মলিক,
গানীজীর এই স্লোগান জিলা সাহেবকেই সাহায্য করছে। তিনিও বলছেন,
'ভিভাইড আ্যাপ্ত কুইট'। ইংরেজরা কুইট করলে শাসনম্বন্ধ ভেতে পড়বেই।

ইণ্ডিয়ান দিভিল দাভিদ, ইণ্ডিয়ান পুলিশ, ইণ্ডিয়ান আমি—কোনোটাই আন্ত থাকবে না। উচ্ছুখল জনভাকে কণ্ট্রোল করবে কারা? কেমন করে ধ্বংদ করতে হয় এ বিভা বারা ওদের শেখাচ্ছেন তাঁরা?" হায়দার হেদে উড়িয়ে দেন। রাজনীতিকদের উপর ওঁর বিশাদ নেই।

মানদ তৃঃথ প্রকাশ করে। "আপনি রাজপ্রতিনিধি বলেই আপনাকে ওরা 'কুইট ইগুয়া' বলছে। আপনি যদি পদত্যাগ করেন তা হলে আর অমন কথা বলবে না। তেমনি, বড়লাট যদি পদত্যাগ করেন তবে তাঁকেও না। আক্ষরিক বা কায়্নিক অর্থে একটি ব্যক্তিকেও ভারত ছাড়তে হবে না। ভারতত্যাগ মানে পদত্যাগ। 'ভাগ করে৷ আর ত্যাগ করে৷' বলতে যা বোঝায় তা কিন্তু শুধুনাত্র পদত্যাগ নয়। গান্ধীজীব দক্ষে জিয়া সাহেবের তফাং এইখানেই। জিয়া সাহেব ইংরেজকে দিয়ে কেন্দ্রীয় সরকার ভাগ করিয়ে নেবেন। যে ইংরেজ এমনিতেই রাজ্যরক্ষা করতে অসমর্থ। যার নাকের ডগায় যুক্ত প্রদেশের ও বিহারের জনতা রেল লাইন রোধ করার সাহস পাচ্ছে। যে জাপানীদের রুথতে পারছে না সে জনতাকে রুথবে কিসের জোরে? শেষপর্যস্ত দেখা যাবে জনতাই জাপানীদের রুথছে। একই উপায়ে।"

তার পর সেই উন্মন্ত জনতার উপর অঙ্কুণ প্রয়োগ করবে কে? না সে নিরস্কুণ হয়ে লুটপাট খুনখারাপি ঘর জালানো চালিয়ে যেতে থাকবে? অবশেষে বছভাগ হয়ে গিয়ে এক অপরের উপর ঝাঁপিয়ে পড়বে? ইংরেজদের কিদের দায়? ওরা তো পালিয়ে বাঁচবে। জাপানীদেরই বা দায় কিদের? ওরাও ফিরে যাবে। দায় তো আমাদেরই। আমরা যদি যে যার পদে থাকি। না আমরাও পদত্যায় করে প্রাণে বাঁচব? অরাজকতার দিনে আমাদের কর্তব্য কি 'চাচা, আপনা বাঁচা'? আমি তো মনে করি তার বিপরীত।" হায়দার শক্ত হয়ে বলেন।

"গান্ধীজীও আমাদের পদত্যাগ করতে বলছেন না। যে যার পদে অধিষ্ঠিত থেকে যে যার কর্তব্য সম্পাদন করে যেতেই বলছেন।" মানস জানায়।

"গান্ধীজী তো সেইসঙ্গে ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথাও বলছেন। গ্রামে গ্রামে ক্যাশনাল গভন মেন্ট বা রেপাবলিক গঠনের নির্দেশও দিয়েছেন। এর মানে কী, মল্লিক ? জেলা ম্যাজিস্টেটের ক্ষমতা কি গ্রামে গ্রামে পঞ্চায়েতের মধ্যে বিলিয়ে দেওরা যায়? জেলা ভজের ক্ষমতা কি গ্রাম্য মোড়লের হাতে তুলে দেওরা বায় ? প্রিশ স্থপারিন্টেন্ডেন্টের ক্ষমতা কি মহলার সর্পারের উপর স্থান্ত করা যায়? ক্ষমতা আর দায়িত্ব একই মুদ্রার এপিঠ ওপিঠ। দায়িত্ব পালন করতে কি এরা সক্ষম? কোনোদিন কি হবে? ভোটের অধিকার স্বাইকে দেওয়া যেতে পারে, কিন্তু শাসনের অধিকার, তায়বিচারের অধিকার, গ্রেপ্তারের অধিকারও কি স্বাইকে দেওয়া যায়? ইংরেজদের জায়গায় ভারতীয়দের বসানো যায়, কিন্তু জজ, ম্যাজিস্ট্রেট ও পুলিশ সাহেবের জায়গায় যাকে তাকে বসানো স্বরাজও নয়, স্বরাজও নয়, চরম অব্যবস্থা। ভারতীয়করণ ভালো। কিন্তু বিকেন্দ্রীকরণ বলতে যদি এই বোঝায় তবে এটা ভালো নয়। আংশিক ক্ষমতা তো ইতিমধ্যেই ছেড়ে দেওয়া হয়েছে ইউনিয়ন বাডের মেয়ারদের উপরে। আরো কিছুর কথা ভাবা যাবে, কিন্তু আপাতত নয়।" হায়দার অভিমত দেন।

মানদ চিন্তা করে বলে, "কয়েকটি অফিলারের সর্বময় কর্তৃত্ব স্থশাদন হতে পারে, স্থশাদন নয়। স্থশাদনের নিয়তম শুর থেকে উচ্চতম শুর পর্যন্ত ক্ষমতার তথা দায়িত্বের প্নবিভাগ করতে হবে। এইপর্যন্ত আমি ব্ঝি। কিন্ত । প্টিনাটি ব্ঝিনে। ব্রিটশ আমলে ক্ষমতা নেমেছে উপরের দিক থেকে নিচের দিকে। স্বাধীন আমলে ক্ষমতা উঠবে নিচের থেকে উপরে। নিচের শুরের নাগরিকরা যদি হদয়ক্ষম করে যে জজ, ম্যাজিস্ট্রেট বা প্রলিশ সাহেবের দায়িত্ব তার। পালন করতে অক্ষম তা হলে সেসব ক্ষমতা তারা জেলা শুরে অর্পণ করবে। গাদ্ধীজীর স্বপ্ন এমন এক রাষ্ট্র যার চত্রক্ষ নয় আমি, প্রলিশ, কোট ও জেল। এ স্বপ্র স্বরাজের পরেও স্বপ্রই থেকে যাবে। তিনিও আপাতত ততদ্র যেতে বলছেন না। দেশ তার জল্যে প্রস্থত নয়।"

ওদিকে বেগম হায়দার বলছিলেন যুথিকাকে, "বর্তানিয়ার সঙ্গে জাপানের লড়াই তো থমকে রয়েছে। ওরাও আসছে না, এরাও যাচছে না। ভাবছিল্ম আরো কিছুদিন দেখি না কী হয়। বেলল যথন নিরাপদ হবে তথন ওঁর সঙ্গে মিলিত হব। কিন্তু শুনল্ম সরকারের সঙ্গে কংগ্রেসের লড়াই শুরু হয়ে গেলে ট্রেন চলাচল বন্ধ হয়ে যাবে। কে জানে কতকাল আটকা পড়তে হবে। কংগ্রেসীরা নাকি বলছে এবার ওরা জেলে যাবে না। উন্টে ওরাই জেলে পাঠাবে। কী ভয়কর কথা! তা হলে তো মিন্টার মন্ধিকও নিরাপদ নন, মিন্টার হায়দারও না। জানিনে এখানে কংগ্রেসের জাের কত। ওখানে বড়ো কম নয়। সামনে একটা এস্পার কি ওস্পার। ওখানেও ভয় এখানেও ভয়। ভেবে দেখল্ম আমার ছাম আমার সাহেবের পাশেই। ভাই আর দেরি না করে চলেই এলুম।"

"ভালোই করেছেন। তবে আমি তো ভয়ের তেমন কোনো আভাদ পাচ্ছিনে। না জাপানের দিক থেকে, না কংগ্রেদের দিক থেকে। যাই ঘটুক না কেন আমি আমার কর্তাকে ফেলে আর কোথাও যাব না। তবে বলতে পারছিনে সরকার তাঁকে আর কোথাও বদলী করবে কি না, আর কোনো পদে নিযুক্ত করবে কি না। ফ্রন্টে পাঠাতেও পারে। পাঠালে উনি যাবার জন্মে লাফাবেন। আজকের জগতে উনি নীরব দর্শক থাকতে চান না। ভয়ের কারণ আছে বইকি। ভয়বেক জয় করতে হবে।" যুথিকা সাহস দেয়।

অমিও কি আমার সাহেবকে বেশীদিন ছেড়ে থাকতে চাই ? ওঁকে একলা ছেডে দিতে চাই ? কিন্তু ওঁর স্বপ্ন যদি কখনো সফল হয়, পাকিন্তান मञ्चव रुप्त, তবে আমাদের মধ্যে ছাড়াছাড়ি হয়ে যাবে। পাঞ্জাৰীদের শিক্ড পাকিন্তানেই, তাদের তো শিকভৃত্বদ্ধ উপভে নিয়ে নতুন করে মাটিতে পুঁততে হবে না। তাদের অতীতের সঙ্গে ভবিশ্বতের বিচ্ছেদ ঘটবে। তারা পাকিস্তান চাইতেও পারে, পেতেও পারে। কিন্তু ওদের বেলা যেটা হুখের আমাদের বেলা সেটা হৃংথের। পরম হৃংথের। সাতশো বছরের একটা বটগাছকে তার ঝুরিসমেত শিকড়স্থদ্ধ উপড়ে নিয়ে গিয়ে আরেক জায়গায় পুঁততে পারো, কিন্তু তাঁকে বাঁচাতে পারবে না। আমাদের বংশ যুক্তপ্রদেশের দক্ষে ওতপ্রোত-ভাবে জড়িত। ঘরবাড়ী জমিজমা মসজিদ গোরস্থান মক্তব মান্রাদা স্কুল কলেজ ইউনিভার্সিটি সব কিছু ফেলে চলে যাব ? শহরে গ্রামে আমাদের নাম গাঁথা। রাতায় ঘাটে আমাদের পরিচয় আঁকা। ভাষায় সাহিত্যে সঙ্গাতে নুড্যে আমাদের ছাপ, আমাদের প্রভাব। সব মুছে যাবে? সাতশো বছরের কাল-চার বিলকুল সাফ? আর পাঞ্জাবীদের কি কালচার বলে কোনো পদার্থ আছে ? কালচার বলতে ওরা বোঝে এগ্রিকালচার। আর মিলিটারি সাভিস। মনের দিক থেকে আমরা নিঃম্ব হয়ে যাব, যদি পাকিভানে গিয়ে ৰস্বাস করি। ওঁর কাছে যেটা হোমল্যাও আমার কাছে সেটা ওয়েস্টল্যাও।" দীর্ঘাস ফেলেন বেগম হায়দার। তাঁর গলা ভারী হয়ে আসে।

"ওঁরা তো বাংলাদেশকেও পাকিন্তানের সামিল করতে চান। সেটা সম্ভব হলে কলকাতায় এলে নতুন করে শিক্ত গাড়বেন। তা যদি হয় তবে কালচারের অভাব হবে না। আপনি নিশ্চয় মানবেন যে বাঙালীদের কালচার আছে। বাংলার কবি এখন বিশ্বকবি।" যুথিকা সগর্বে বলে।

"হঁ্যা, বাঙালীদের কালচার আছে তা ঠিক। কিন্তু সেটাতে মুসলমানের

দান কডটুকু ? আমরা বদি আদি আমরা কি ওতে আমাদের দান মিলিরে দিতে পারব ? বেমন গলার সলে যম্নার লোভ ? বাংলার ম্সলমান ভো আমাদের বাঙালী না বানিয়ে ছাড়বে না। আর আমরা যদি ওদের হিন্দুখানী—না, না, পাকিন্তানী—বানাতে যাই তবে আমাদের মেরে ভাড়াবে। বাংলাদেশ সম্ভে আলমগীর বাদশা কী বলে গেছেন, জানেন ? ওটা একটা নরক, যেখানে সবরকম স্থাত পাওয়া যায়।" বেগম সহাস্তে,বলেন।

"তা হলে এই নরকটাকে পাকিন্তানের দামিল করে মর্গে পরিণত করা
যাবে না। অমন একটা বিদ্ঘুটে প্রস্তাব প্রত্যাহার করাই ভালো। আপনারা
আহ্বন, থাকুন, দান করতে চান করুন। আমরা স্বাগত জানাব। কিন্তু এটা
যদি আপনাদের হোমল্যাও হয় তো আমাদের কী হবে ? ফরেন ল্যাও ? না
আমাদের শিক্তস্ক্র তুলে নিয়ে গিয়ে যুক্তপ্রদেশের মাটিতে নতুন করে পোতা
হবে ? বাঙালীকে বানাতে হবে হিন্দু ছানী ? হিন্দু মানী আমরা উত্তরাধিকারস্ব্রের পেয়েছি। হিন্দীভাষা তো পাইনি। আমরাই বা হিন্দীতে কী দান
করতে পারি ? হিন্দীতে লিখে কি আমাদের একজন নোবেল প্রাইজ পেতে
পারবেন ? বাংলাদেশ আমরা ছাড়ব না, কলকাতা তো নয়ই, তার আগে
মারব ও মরব।" যুথিকা গভীরভাবে শুনিয়ে দেয়।

"আপনার সেণ্টিমেণ্ট আমারও সেণ্টিমেণ্ট। শিক্ড তুলে নিতেও কট্ট, শিক্ড নতুন করে পুঁততেও কট্ট। অকারণ এই কট্ট!" বেগম হাতে হাত মেলান।

ওদিকে আলী হায়দার বলছিলেন মানসকে, "ইয়ে ক্রান্তিকারী জমানা হায়।" জবাহরলালের হিন্দী উদ্ মেশানো ভাষায়। "এ জমানায় সব কিংই সম্ভব। ইংরেজদের হাত থেকে খাধীনতা, হিন্দুদের হাত থেকে পাকিন্তান, বুর্জোয়াদের হাত থেকে বিপ্রবী রাষ্ট্র। কিন্তু তার আগে জাপানকে কথতে হবে, হটাতে হবে, হারিয়ে দিতে হবে। তাকে কোনোরকম প্রশ্রম দেওয়া উচিত নয়। অথচ সেই জিনিপটিই প্রকারান্তরে হতে যাছে। গণ সভ্যাগ্রহ যদি যুদ্ধকালে না হয়ে শান্তিকালে হতে। আমার ভাতে আপত্তি থাকত না। কিন্তু যুদ্ধকালে গণ সভ্যাগ্রহ মানে জাপানকে প্রশ্রম্ভান। জাপান এই ক্রান্তিকারী জার্মনার হ্যোগ বিশ্বে আরো এক ক্ষম এগিছে আসবে। গানীজী অবশ্র বলে রেথেছেন যে তিনি ভেমন কিছু ঘটতে ক্ষেত্রে গণ সভ্যাগ্রহ বন্ধ করে দেবেন। কিছু বিভাবে একবার বোভন থেকে মৃতি ক্রেন্তা যত সহক আবার

বোডলে বন্দী করা ওত সহজ নয়। গাছীজী ডাক দিলে বত লোক সংগ্রামে ঝাঁপ দেবে পরে তিনি তত লোককে নির্ভ করতে পারবেন না। তারা তথন উন্মাদ। তথন তাদের উপর গুলী চালাতে হবে। সেই অপ্রিয় কর্তব্যটা আমার। কিংবা তাদের ফাঁদী দিতে হবে। সেই অপ্রিয় কর্তব্যটা আপনার। গান্ধীজী তো নিজেই স্বীকার করছেন যে জনগণ এখন অহিংলার জল্পে প্রস্তুত্ত নয়। তাই যদি হয়ে থাকে তবে কংগ্রেসের আন্দোলন অহিংল থাকতে পারে না। দিকে দিকে চৌরী চৌরার পুনরার্ত্তি হবে। তিনি থামতে বললে কেউ থামবে না। সংগ্রামমাত্রেরই একটা মোমেন্টাম আছে। সেই মোমেন্টাম কারো হকুমে থামবে না। রাজা ক্যানিউটের মতো অবস্থা হবে গান্ধীজীর। লম্মুক্তে-তিনি হকুম দিয়েছিলেন, এইপর্যস্তুত্ত। এর বেশী নয়। সমুল্র তাঁর সেহকুম মানেনি। তাঁকে তাঁর চেয়ারস্কু ভাসিয়ে নিয়ে গেছে। এযাত্রা গান্ধীজীর প্রাণসংশয়।" হায়দার কর্ষণম্বরে বলেন।

মানদ অনেকক্ষণ চূপ করে থাকে। সে ভালো করেই জানে যে বামপদ্বীরা ওং পেতে বদে আছে। গান্ধীলী যেই সংগ্রামের সঙ্কেত দেবেন অমনি ওরাও দেই সংগ্রামের আড়ালে গা ঢাকা দিয়ে তাদের সহিংস কার্যকলাপ শুরু করে দেবে। জেলে যাওয়া ওদের মতলব নয়। জেলে গেলে ওরা জেলকেই ভাঙবে। জেল কর্মচারীদের ভাঙিয়ে নেবে। পুলিশ কর্মচারীদেরও। অও-য়ানদেরও। দক্ষিণপদ্বীরা ভালোমাম্বরের মতো জেলে গিয়ে দায়িও এড়াবেন। গান্ধীজীকে অনশন করতে হবেই। তার আভাসও তিনি দিয়ে রেথেছেন। তার পক্ষে জীবন মরণ সমস্তা। তাঁকে বারণ করতে পারেন একমাত্র বড়লাট লিনলিথগো। তাঁর বন্ধুপ্রতিম। কিছু বারণ করার সঙ্গে আরো কিছু করাও দরকার। সেটা তাঁর সঙ্গে সমবোতা। সমবোতা যদি না হয় তো সংগ্রাম অনিবার্য। জাপান তার স্বযোগ নিতেও পারে, না নিতেও পারে। ইংরেজকে বিতাভ্ন করা যদি তাদের উদ্দেশ্ত হয়ে থাকে তবে তো কংগ্রেসই সেকাজ করে তাদের উদ্দেশ্ত সিদ্ধ করতে পারে। জাপানী সৈক্তকে মন্ধতে পারির কেন তারা অনর্থক বলক্ষয় করবে?

"আমি গভীরভাবে চিস্কিত।" মানস মৌনভদ করে। "হ্লামলেটের মতো আমার জিজ্ঞাসা, টু বি অর নট টু বি। ছুই 'দিকেই বংগ্ট বৃক্তি আছে। জোরালো যুক্তি। ছুই দিকের পালা যেখানে সমান সেখানে যুক্তির চেরে বলবাদ হয় বিশ্বাস। অন্ধবিশ্বাস্থ বলতে পারেন। গান্ধীজী একজন মান অভ কেশ।" "আমিও গভীরভাবে উবিগ্ন। যুক্তপ্রদেশে আমার আত্মীয়স্বজনের দশা ভেবে। আমার দশা ভো দেখছেনই।" হায়দার বিলাপ করেন।

॥ काठीदता ॥

রায় বাহাত্র মাঝে মাঝে সন্ধ্যাবেলা আসেন, সকালবেলা কথনো নয়। জানেন যে তথন মানস ব্যস্ত থাকে। সেদিন সকাল সাড়ে আটটায় তাঁকে আসতে দেখে মানস সমন্ত্রমে আসন ছেড়ে ওঠে।

"শুনেছেন ? খবরটা শুনেছেন ?" রায় বাহাত্র ফ্যাকাংশ মুখে বলেন। "খবর। কী খবর!" মানস চমকে শুঠে।

"বোষাইয়ের থবর। মহাত্মা গান্ধী গ্রেপ্তার। কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্থরা গ্রেপ্তার। অল ইণ্ডিয়া কংগ্রেস কমিটির বেশীর ভাগ সদস্থ গ্রেপ্তার, অন্তেরা ফেরার। সারা ভারত ব্রুড়ে ধরপাকড়। কংগ্রেস বেআইনী প্রতিষ্ঠান। গান্ধীজীকে আরম্ভই করতে দেওয়া হলো না। আরম্ভের পূর্বেই ইভি। উদয়ের পূর্বেই অন্তঃ। বড়লাট গান্ধীজীর অন্ত কেড়ে নিয়েছেন।" রায় বাহাত্র বিচলিত।

মানস তো ভনে থ। তার বাকৃস্থি হয় না। আবেগে তার কঠরোধ হয়।

রায় বাহাত্র বলে যান, "গণ সত্যাগ্রহও তো একপ্রকার যুদ্ধ। একটা যুদ্ধের মাঝথানে তো আরেকটা যুদ্ধ বাধাতে দেওয়া যায় না। গণ সত্যাগ্রহ চলতে থাকলে যুদ্ধের কী হাল হতো? জওয়ানরা একাগ্র হয়ে লড়ত কী করে? যুদ্ধে হার হোক কোন্ ইংরেজ এটা চায়? ক'জন ভারতীয় একটা চায়? কাজেই বড়লাটকে আমি দোষ দিতে পারছিনে।"

মানস ততক্ষণে সামলে নিয়েছে। ''আপনি কি ব্ঝতে পারছেন না যিনি স্বেচ্ছায় সাক্ষাৎপ্রার্থী হতে বাচ্ছিলেন তাঁকে তাঁর বক্তব্য বলতে না দিয়ে তাঁর স্বাধীনতা হরণ করা কত বড়ো স্বেচ্ছাচারিতা । কে জানে শেষমূহুতে একটা সমঝোতাও হয়ে যেতে পারত। তা হলে আর গণ সত্যাগ্রহের প্রয়োজন ছতো না।" "আপনি, মশায়, ভিতরের লোক হয়েও ভিতরের খবর রাখেন না। পুলিশ সাহেবের মুখে শুনেছি গান্ধীক্রীকে মিন্টার চার্চিল উগাগুার চালান করতে চেয়েছিলেন। সেখানে না হলে এডেনে। বড়লাটই তাঁকে নির্বৃত্ত করেন। জল ইভিমধ্যে অনেকদ্র গড়িয়েছে, মিন্টার মল্লিক। বোদাই থেকে কোন্-খানে নিয়ে যাওয়া হয়েছে জানিনে, কিন্তু যেথানেই হোক এদেশেই ভিনি থাকছেন। তাঁকে সমুদ্রযাত্রা করতে হবে না। বড়লাট তাঁর বন্ধু। বন্ধুকে বন্ধু ভারত ছাড়তে দিলেন না। যদিও নিজে ভারত ছাড়ার নোটিশ পেয়েছিলেন।" রায় বাহাত্রর কটাক্ষ করেন।

"আহা, সেটা তো আক্ষরিক অর্থে নয়।" মানস ব্ঝাতে চেষ্টা করে। তার প্রাণে অসহ্য বেদনা। বুকে শেল বিংধছে।

"দেখুন মন্ত্রিক সাহেব, যারা বার্মা ছাড়তে বাধ্য হয়েছে তারা বাধ্য হলে ভারতও ছাড়তে পারে। বাধ্য করলে জাপান করবে, গান্ধীজী নয়। তার আগে ওরা গান্ধীকেই ভারতছাড়া করবে। খাঁচাছাড়াও করতে পারে, যদি গণ সত্যাগ্রহ হয় গণ হত্যাগ্রহ।" রায় বাহাত্র হুঁ শিয়ারি দেন।

"সেটা কার দোষে। ওঁরা যদি অহিংসাবাদীর অহিংস অস্ত্র কেড়ে নেন তবে হিংসাবাদীর সহিংস অস্ত্রই তার একমাত্র বিকল্প। অহিংসাকে তুর্বস হতে দিলে হিংসাই প্রবল হয়।" মানস যুক্তি দেখার।

''মল্লিক সাহেব, আপনিও বোঝেন, আমিও ব্ঝি, এটা হচ্ছে ইচ্ছাশক্তির সঙ্গে ইচ্ছাশক্তির বন্ধ। গান্ধীজীর ইচ্ছা বনাম বড়লাটের ইচ্ছা। সংঘাত অবশুভাবী। সমঝোতা অসম্ভব।'' রায় বাহাত্র উড়িয়ে দেন।

তিনি বসতে আসেননি। দাঁড়িয়ে দাঁড়িয়েই কথা বলেন ও বিদায়ের জক্তে পা বাড়ান। মানস তাঁকে এগিয়ে দেয়।

"আপনি আমাকে আলটিমেটাম দেবেন আর আমি আপনাকে বন্ধুভাবে রিসিভ করব! তা হয় না, মিস্টার মিলক। আমি রাজপ্রতিনিধি। রাজায়ানীয়। আমারও তো প্রেপ্টিজের প্রশ্ন আছে। আলটিমেটামটা অহিংসার মোড়কে মোড়া হলেও ওটা রাজশক্তিকে কুইট নোটিস। আপনি আমাকে
কুইট নোটিস দিলে আমি কি আমার দরজা বন্ধ করতে পারিনে ? গান্ধাজীকে
সদলবলে প্রেপ্তার করে বড়লাট যা করেছেন তাকে ইংরেজীতে বলে টেবিল
ওলটানো। বড়লাট গান্ধীজীর উপয় টেবিল উলটিয়েছেন। শ্ব ধারাপ
লাগছে ভাবতে। মনে করবেন নাবে আমি একট্ও খুলি। গান্ধাজীর একটা

কেল আছে। গত মহাবৃদ্ধে ইংরেজকে তিনি জয়ী হতে লাহায্য করেছিলেন। ছয়ং বডরাট চেমসফোর্ড সভাত্তলে নিজের প্রস্তাব সমর্থনের জন্মে আরু কাউকে না ডেকে গাছীজীকেই ডেকেচিলেন। সেটা সমর্থন করার মডো শিভালরি গান্ধীজীর ছিল। তিনি স্বরাজের শর্তে নয়, বিনা শর্তে যুদ্ধকালে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিলেন। দৈল সংগ্রহ করতে গ্রামে গ্রামে ঘুরেছিলেন। কাজের বেলা কান্ধী, কান্ধ ফুরোলেই পান্ধী। কোথায় শ্বরান্ধ। তার বদলে রাউলাট আকট। সেই যে বেইমানী গান্ধীজী দেটা ভোলেননি। তাই এবারকার যুদ্ধে সহযোগিতা করছেন না। জানেন যে ইংরেজ এর পরিবর্তে স্বরাজ দেবে না। কাজ ফুরোলে পাজী বলবে। এবারকার ফরমূলা 'আগে তো তুমি স্বরাজ দাও, তার পর আমি তোমাকে আমার দেশের মাটিতে দাঁড়িয়ে তোমার रेमक्रमम निरम्न नपार कराज (पर । किन्न आमात रेमक्रापत नपाउ (एर ना।' আমার মতে গান্ধীজীর এটা বাড়াবাড়ি। আমাদের জওয়ানরা অহিংস নয়। ভারা বলে, মারেদে অওর মরেদে। তাদেরকে লড়তে না দিলেই বরং ভারা অহথী হবে। লড়তে দিলে ওদের কেউ কেউ ভিকুটোরিয়া ক্রসপর্যস্ত অর্জন করবে। কডরকম মেডেল ভো পাবেই। র্যাক্ষও উচ্চতর হবে। এবার বহু ভারতীয়কে কমিশন দেওয়া হয়েছে। কিংল কমিশন। ভাইলরল কমিশন। মিলিটারি অফিনাররাও আমার সঙ্গে দেখা করতে আদেন। পুলিশ সাহেব পাঠিয়ে দেন। বৃদ্ধটা একটা গোয়িং কনসার্ন। তুমি যদি ক্ষ্যতাসীন হও ভোমাকেও এই গোয়িং কনসান কৈ গোয়িং রাখতে হবে। যতদিন না একপক জেতে, অপরপক্ষ হারে বা ধেলায় তুই পক্ষের ড় হয়। আমার মনে হয় গান্ধীজীর ইচ্ছা নর বে ভারতীয় **দৈলুর।** জাপানী দৈলুদের স**লে** মারামারি করে।" রায় বাহাত্বর ছই পক্ষের কেস বিশ্লেষণ করে রায় দেন। যেন তিনিই এ মামলার বিচারক :

মানস তাঁকে বিদায় দেয়। বলে, "আমার তো রেডিও নেই। আপনার কাছেই তরভানা ধবর জানতে চাইব। আমিই আসব।"

কিছ খবর কোথার বে কেউ জানবে বা জানাবে ? 'স্টেটসম্যান' ভিন্ন জার সব কাগজ বন্ধ। রেডিওতে সামাল্লই বলে। মোটের উপর নিউজ ব্যাক আউট। কংগ্রেস কী করছে, জাপান কী করছে কেউ জানতে চাইলে দেখে চারদিক অন্ধকার। মানসের মনে দারুণ উবেগ। গান্ধীজী বেঁচে আছেন কি না কে জানে! তাঁকে ও তাঁর সহকর্মীদের কোট মার্শাল করা হচ্ছে, না নাধারণ আদালতে হাজির করা হচ্ছে? না আদৌ বিচারের স্থোগ দেওরা হচ্ছে না? তাঁরা বিনা বিচারে বন্দী? বিদেশের কাগজে ও রেডিওতে তাঁদের বিরুদ্ধে জাের অপপ্রচার চলেছে। যেন তাঁরা জাপানের পঞ্চম বাহিনী। অপ-বাদের বিরুদ্ধে তিনি অনশন করছেন না তাে?

সংবাদের সন্ধানে মানস ও যুথিকা যায় সাংবাদিক শিরোমণি ভবতোষ বাবুর সকাশে। তিনি বিমর্বভাবে বলেন, "আমিও অন্ধকারে। এমনতর নিউজ ব্যাক-আউট আমি জীবনে দেখিনি। লিথব কী, যদি লেখার মালমশলা না থাকে? ভাবনায় পড়েছি। পুরোনো কথা মনে পড়ছে। ভাবছি তারই উল্লেখ করব। আপনি ইণ্ডিয়ান সিভিল সার্ভিদ থেকে অকালে বিদায় নেবার চিস্তা করছেন, আপনার পূর্বস্থরী অ্যালান অক্টেভিয়ান হিউম ইণ্ডিয়ান সিভিল সার্ভিদ থেকে অকালে অবসর নিয়ে ইণ্ডিয়ান ক্যাশনাল কংগ্রেস পত্তন করেছিলেন। প্রেসিডেণ্ট হন সেকালের যত নামকরা ব্যারিস্টার বা অধ্যাপক বা অবসরপ্রাপ্ত সিভিলিয়ান বা জজ, ভারতভক্ত ইউরোপীয়, দেশভক্ত মুসলমান বা পার্শী। হিউম স্বয়ং ছিলেন স্থদীর্ঘ কাল কংগ্রেসের জেনারল সেক্টোরি। তথনকার দিনে কংগ্রেসের সদক্ষসংখ্যা ছিল কম। তাঁদের স্বাইকে তিনি ১৮৯২ সালে একথানি চিঠি লেখেন। সে চিঠির বয়ান এখনো আমার স্বরণ আছে। কারণ তার বিষয়বন্ধ অবিশ্বরণীয়। এখন দেখছি হিউম সাহেবের ভবিশ্বদাণী অক্সরে অক্রের ফলে যাছে। "

মানদ কৌতুহল প্রকাশ করে। যুথিকাও। ত্ব'জনেই উৎকর্ণ।

"তারই ভাষার ভর্জমা করে যভটা মনে আছে বলছি। সদক্ষদের সম্বোধন করে তিনি লেখেন, আপনার। বিশেষত বারা ধনী ও অবস্থাপর, তাঁরা ব্রতে পারছেন যে বর্ত মান শাসনব্যবস্থা কেবল যে দেশের চাহিদা প্রণের অম্পরোগী ভাই নয়, এ ব্যবস্থা অনিবার্যভাবে তৈরি করেছে পৃথিবীর ইতিহাসে এক ভয়াবছ বিপর্বয়। এদেশের মাহ্র্য খ্বই ধৈর্যশীল, খ্বই শান্তশিষ্ট। কিন্ত ফ্রান্সের মাহ্র্যস্থ তো ভাই ছিল ফ্রান্সের রাজা ও অভিজাতদের নিপাত করার মাত্র বিশ বছর—না, মাত্র দশ বছর—পূর্বেও। বৃভূক্ষা ও দারিত্র্য শেষপর্যন্ত সেই ভেড়ার শাসকে প্রায় রাভারাতি পরিণত করে একস্থল নেকড়েবাদে। মনে করবেন না সরকার সেদিন আপনাদের অথবা নিজেকে বাঁচাতে পারবে। খ্রুক্ষেত্রে নম্মুখীন হবার মতো ছয়তো কোনো শত্রু পাওরা যাবে না। কিন্ত স্কেলগথে বা সভৃকে যাতায়াত অসম্ভব হবে, টেলিগ্রাফ থাকবে না, গাঁকো চুরমার হবে,

সরবরাহ বন্ধ হবে। হাজার হাজার হৃষ্কুতকারী হয়তো মারা যাবে, কিন্তু তাতে কী লাভ হবে ? আর নেতা ? সময় হলে কি নেতার অভাব হবে ?' এসব কথা আমার নয়, তাঁর।" সম্পাদকপ্রবর শ্বরণ করেন।

মানদ যৃথিকার দিকে চেয়ে বলে, "পঞ্চাশ বছর পরে প্রায় স্বটাই মিলে যাছে। কী অসাধারণ দূরদৃষ্টি!"

ভবতোষবাবু বিষন্ন মূথে বলেন, "দেইসক্তে মনে পড়ছে মহামতি রাণাডের একটি উক্তি। এদেশে আমরা কোনো কাজই করতে পারব না, আমাদের কোনো প্রচেষ্টাই দক্তল হবে না, যদি না হিন্দু মুদলমান পরস্পারের দক্তে হাজ মেলায়। আজকের পরিছিতিতে হিন্দুর পাশে মুদলমান কোখায়? হয়তো হ'চার জায়গায় আছে। দেটা ব্যত্তিক্রম। কাজেই ফরাসী বিপ্লবের দক্তে এই বিপ্রয়ের বিদমিলায় গরমিল। এ যেন চোথে আঙল দিয়ে দেখিয়ে দিছে যে কংগ্রেদ সেইসব অংশই পাবে, যেদব অংশে দে প্রবল। বাকীটা যাবে পাকিন্তানে। ইংরেজরা যদি যায়। দব চেয়ে তুঃথের বিষয় কংগ্রেদ তার নেতাকে মানেনি, অহিংদ থাকেনি। তার আন্দোলন হিংদার দিকে বাক নিয়েছে। ইংরেজরা জানে কেমন করে হিংদার দক্তে মোকাবিলা করতে হয়। জানে না তথু অহিংদার দক্তে মোকাবলার উপায়।"

এর পরে যুদ্ধের কথা। চাচিলের মতিগতি থেকে মালুম হয় তিনি বরং জাপানীকে ভারতে চুকতে দেবেন, তবু ভারতীয়দের হাতে ভারতকৈ ছেড়ে দেবেন না। জাপানীরা নিলে তাদের হাত থেকে পরে ফেরং পাওয়া যাবে। কিন্তু ভারতীয়দের হাতে সম্প্রদান করলে আর ফিরে পাওয়া যাবে না।

"কথাটা মিথা নয়। কিন্তু আরো একটা কথা আছে, সেটা না ইংরেজ না কংগ্রেদ কেউ গণনার মধ্যে আনছেন না।" ভবতোষবাবৃ তাঁর দাড়িতে হাত বুলোতে বুলোতে বলেন, "চট্টগ্রামে বা মণিপুরে জাপানী ফৌজের দামনে দাড়াতে না পারতে ইংরেজ দৈক্ত আরেকটা ডানকার্ক করতে পারে, কিন্তু ভারতীয় কওয়ানদের আরো একটা অপশন আছে। ডারা তাদের মাতৃত্বমির রক্ষক। অন্তত তাদের অফিদারদের মধ্যে এ চেতনা জেগেছে। ভারতীয় ফৌজ জাপানীদের সঙ্গে সমানে লড়ে যাবে ও সফল হলে ইংরেজদের সঙ্গেও। মিউটিনির জক্তে আরো পনেরো বছর অপেকা করতে হবে না। তথন কোথায় ডোমার ইংরেজ আর কোথায় ডোমার কংগ্রেদ। ভারতীয় কৌজের যিনি অধিনায়ক তিনিই হবেন দেশের সর্বময় কন্ত্রি।"

মানস কথনো এ সাইনে চিন্তা করেনি। এ তো সাংঘাতিক কথা। ইংরেজও থাকবে না, কংগ্রেসও থাকবে না, গাছীজীও থাকবেন না, কর্তা হয়ে বসবেন অচেনা অজানা এক সামরিক নেতা। দেশ শাসন করবে তাঁর মিলিটারি জান্টা। অবশ্য ইংরেজ যদি আরেকটা ডানকার্ক করেও যেথানে শুশি পোড়ামাটি করে দেশের লোকের হাড় জালায়।

"ভ ব্যাটল অভ্ ইণ্ডিয়া উইল বি ফট অ্যাট চিটাগং অর মণিপুর।" সেইংরেজীতে বলে। "কিন্তু ভারতীয়রা যদি বীরত্ব না দেখায় তবে ভারতরক্ষা তাদের কর্ম নয়। দেশ শাসনও তাদের অধিনায়কের সাধ্য নয়। স্বতরাং আমাদের সেকেণ্ড লাইন অভ ডিফেন্স হবে গ্রামে গ্রামে গ্রাম্য প্রজাতম্ব বা ভিলেজ রেপাবলিক। অঞ্চলে অঞ্চলে জাতীয় সরকার। যার নির্দেশ গান্ধী জী দিয়ে গেছেন। প্রত্যেক নাগরিককেই ভাবতে হবেঁ যে সে স্বাধীন। সে পরাধীনভামুক্ত। কোথায় ক'টা ট্রেন অচল করে দেওয়া গেল সেটা তার স্বাধীনভার পরিমাপক নয়। কোথায় ক'টা পঞ্চায়েৎ গড়ে উঠল আর সচল হলো সেটাই পরিমাপক। স্বায়ত্তশাসনের যোগ্যতা খুন জ্বম দিয়ে প্রমাণ করা যায় না। করতে হয় গড়ার কাজ দিয়ে।"

"শুনছি তমল্কে না কোথায় যেন জাতীয় সরকার গঠিত হয়েছে। কিছ কাজ কেমন করছে জানিনে।" ভবতোষবাবু বলেন, "বাঙালীর যা স্বভাব। ছ'দিন পরেই শুরু হবে দলাদলি। ক্ষমতার লড়াই। নিয়তম থেকে উচ্চতম পর্যায় পর্যন্ত এই আমাদের জাতীয় প্রকৃতি। ইংরেজ গেলেই বা জাপানী না এলেই যে আমরা দলাদলি বা ক্ষমতার লড়াই ছেড়ে মিলে মিশে কাজ করব আমি তো মনে করি এটা একটা স্থ্যস্থা। তবে একজন ডিকটেটর যদি মাথায় চড়ে বদেন দেকথা আলাদা। সেটা জাতীয় স্বাধীনতা হতে পারে, ব্যক্তিশ্বাধীনতা নয়। তেমন রাজত্বে বাস করতে আমার ক্ষচি হবে না। যে পরিমাণ ব্যক্তিশ্বাধীনতা আমরা ইংরেজ আমলে পেয়েছি তার নজীর ভারতের ইতিহাসে নেই, বাংলার ইতিহাসেও না। সেটা যদি হারিয়ে যায় তো জাতীয় শ্বাধীনতাও সে ক্ষতি পূরণ করতে পারবে না। চেয়ে দেখুন ইটালীর দিকে। ইটালীও পরাধীন দেশ ছিল। আমাদের যৌবনে আমরা মাৎসিনি, গারিবাশ্বির ভক্ত ছিল্ম। ইটালী তথন সন্থ শ্বাধীন। কত আশা ছিল তার উপরে! সেই দেশ কিনা দেখতে দেখতে উপনিবেশের জল্ফে পরের দেশ আক্রমণ করে। শেষে ফাসিস্ট বনে যায়। কে জানে কী আছে ভারতের কপালে!"

কলকাতা থেকে আদেন ভবতোষবাবুর সঙ্গে সাঝে মাঝে দেখা করতে তাঁর পুত্র পরিতোষবাব্। সঙ্গে একরাশ পত্র পত্রিকা। ভারতের বিভিন্ন প্রদেশের ভথা বিদেশের। কিরে যাবার সমর নিয়ে যান পিতার সম্পাদকীয় রচনা। পরিতোষ যেবার স্বয়ং আসতে পারেন না সেবার তাঁর স্ত্রীকে পাঠান। আরতি দেবীকে।

একদিন পরিতোধবাব ও আরতি দেবী ত্'জনেই এনে হাজির হন মানসের সূঠিতে। মানস একটু আশ্চর্য হয়ে বলে, "এবার দেখছি আপনারা জোড়ে এসেছেন। ব্যাপার কী?"

"আমরা ওঁকে ব্ঝিয়ে স্থিয়ে কলকাতা নিয়ে য়েতে চাই। জাপানী বোমার ভয় কেটে গেছে। জাপানীরা এখন ভারতীয়দের মিত্ররূপে পেতে চায়। মিত্র কে? যে আমার শক্রুর শক্র। শক্রু কে । ইংরেজ। শক্রুর শক্রু কারা, যারা রেল লাইন উড়িয়ে দিয়েছে। প্রিল স্টেশন দখল করেছে বা করতে গিয়ে গুলী খেয়েছে। যেখানে পেরেছে সেখানে প্যারারেল গভর্ন মেণ্ট ছাপন করেছে। না, মিস্টার মিল্লক, কলকাতার উপর জাপানী বোমা আর পড়বে না। তা হলে বাবার এখানে পড়ে থাকার কী দরকার । আমরাই বা কতবার তাঁকে দেখতে আসব ।" পরিতোষবাবু উত্তর দেন।

মানস শুনে হু:খিত হয় যে ভাবতোষবাবুর সঙ্গ থেকে সে অচিরে বঞ্চিত হবে। "আপনার বাবা কি যেতে রাজী হয়েছেন ?"

"না, মিন্টার মল্লিক। তাঁর একটা চেঞ্জের দরকার ছিল। এই শহরে আগেকার দিনে কলকাভার লোক চেঞ্জে আসত। আজকাল আর আসে না। তিনি স্বজ্ঞনবংসল ও স্বজ্ঞেলাভক্ত। বাড়ীটাও পৈত্রিক সম্পত্তি। এখানে এসে তিনি তাঁর বাল্যকালে ফিরে গেছেন। খোলামেলায় চেঞ্জও হচ্ছে। তা ছাড়া তিনি বিশ্বাস করেন না যে এই আন্দোলন বেশীদিন চলবে। এটা থেমে গেলে জাপান আবার বোনা ফেলবে। অভএব সাবধানের মার নেই।" পরিতোষ-বাবু হাসেন।

"আমরা তো এখনো অন্ধকারে রয়েছি। দেশের কোথায় কী হচ্ছে তা আনবার একমাত্র মাধ্যম সরকারী স্নেভিও। কিংবা ইংরেজদের 'স্টেটসম্যান'। আপনারা কী করে অতটা নির্ভয় হলেন বে আপানী বোমা আর কখনো পড়বে না ? কলকাতা যথন গোরা সৈনিকে ভরে গেছে।" মানস প্রশ্ন করে।

পরিতোববাৰু একটু থাটো পদায় কবাৰ দেন, "অক্কারের ভিতর দিরেও

আমরা অনেকদূর দেখতে পাচ্ছি। বিহারে এখন গর্ডনর বলতে কেউ নেই । বিনি আছেন তাঁর রাজত্ব পাটনা দানাপুরের বাইরে নন্ধ। মেদিনীপুরের অভ্যন্তরেও ব্রিটিশ রাজত্ব বলে কিছু আছে নাকি ? রামনগর থানায় এখন কংগ্রেস রাজত্ব। জাপানীয়া কি এসব খবর রাখে না ? ওদের সঙ্গে বোগাযোগ রক্ষা করার জন্মে যথেষ্ট ভারতীয় আছে। ওদের বিশাস দেশকে স্বাধীন করতে হলে বিদেশীদের সাহায্য চাই! কংগ্রেসের একার সাধ্য নয়। কিন্তু কংগ্রেস আর কারো সাহায্য না নিয়ে একাকী যা করেছে তা সারা ত্রিয়াকে নাড়া দিয়েছে। গত মহাযুদ্ধের মাঝখানে বোলশেভিকরা যা করেছিল তা নিয়ে বই লেখা হয়েছে 'টেন ডেইজ ছাট শুক ছা ওয়ার্লড'। এই মহাযুদ্ধের মাঝখানে কংগ্রেস যা করেছে তা নিয়েও পরে হয়তো বই লেখা হবে, 'টোয়েটি ডেইজ ছাট শুক ছা ওয়ার্লড'। এই মহাযুদ্ধের মাঝখানে কংগ্রেস যা করেছে তা নিয়েও পরে হয়তো বই লেখা হবে, 'টোয়েটি ডেইজ ছাট শুক ছা ওয়ার্লড'। আমাদের আক্ষেপ কেবল এই যে বড়লাট গান্ধীজীকে আরো তিন সপ্তাহ সময় দিলেন না। সেই তিন সপ্তাহে কংগ্রেসের প্রস্তুতি তিনগুণ ব্যাপক হতো। মহকুমাকে মহকুমা, জেলাকে জেলা জনতার দখলে আসত। বড়লাট সেটা আঁচ করতে পেরেছিলেন। তাই আর একটা দিনও সময় দিলেন না। বিটিশ সাম্রাজ্য এযাতো বর্তে গেল।"

"তা এখনো তো আন্দোলন থানেনি।" মানস যতদূর জানে।

"থামবেও না। যতদিন না লোকে দেখতে পায় যে রাশিয়া থেকে আর্মানরা হটছে, বার্মা থেকে আর্মানরা হটছে, বার্মা থেকে আর্মানরা হটছে, রাশিয়ানরা এগোছে, ইংরেজরা এগোছে। তবে এই আন্দোলনের গতিবেগ কমে আসছে। যেমন ঝড়ের গতিবেগ। সেটা তো মাহ্বযের হাতে নয়। তেমনি এটাও। গান্ধীজী নিমিন্তমাত্র। ইতিহাসের ইন্সিতে তিনি একটা স্টার্ট দিলেন। মহাদেব দেশাই হঠাৎ বন্দিশালায় মারা না গেলে গান্ধীজী বোধ হয় অনশন করতেন। ভাতে আন্দোলনটা হয়তো তাঁর শাসন মানত। কিন্ত তাঁকে অহমতি না দিলে তিনি সার্মির মতো চালিয়ে যেতেন কী করে ?" পরিভোষবার হথান।

"অনশনের আমি পক্ষপাতী নই। কিছ তিনি যেমন মাস্থ বিবেকের ডাড়নার তাঁকে অনশন করতেই হতো। যাতে কেউ না বলে যে তিনি ছিংলার সমর্থন করেন। এই আন্দোলনকে অহিংস বলা শক্ত।" মানস কৃষ্টিত।

"बाद्रि. द्वर्थ हिन बानमात्र बहिश्ना! वाशीनछा बाद्य ना बहिश्ना

শাগে ? এতকাল পরে অহিংসার মোহ ভেডেছে। আমার আফসোদ কেবল এই বে আরো তিন দপ্তাহ সময় পাওয়া যায়নি। নইলে দেখিয়ে দেওয়া বেড বিদেশী সরকার তার দৈশুসামস্ত নিয়ে জনশক্তিকে কেমন করে দাবিয়ে রাখে। শেকসপীয়ারের নাটকের রাজা হেনরির মতো আমারও ডাক ছেড়ে বলডে ইচ্ছে করছে, 'আ হর্স'! আ হর্স'! মাই কিংডম ফর আ হর্স'!' একটি অখ! একটি অখ! আমার রাজ্যের পরিবতে একটি অখ। যুদ্ধক্ষেত্রে অখ মারা না গেলেই তিনি যুদ্ধ জয় করতেন। তেমনি, তিনটি হপ্তা। তিনটি হপ্তা। আগস্ট মাসে আরো তিনটি হপ্তা সময় পেলেই আমরা সংগ্রামে জয়ী হতে পারত্ম। সংগ্রাম অবশ্র বন্ধ হবে না। এতে জয় না হোক পরাজয়ও হবে না। যেটা হবে সেটা যেন ফুটবল খেলার ডু।" পরিতোষবাবু মনে করেন।

"তাই মদি হয় তবে স্বাধীনতার জন্মে অহিংসা গেল, অথচ স্বাধীনতাও এল না। জগংকে ভারত নতুন পথ দেখাতে পারল না। শাস্তিপূর্ণ সংগ্রামের পথ। তবে এটা গণ সত্যাগ্রহ নয়। মহাত্মীজী এটার সিগনাল দেননি। এটা জনতার রোধের অভিব্যক্তি। নেতাদের ধরপাকড়ে রোষ।" মানস বিশ্বাস করে।

"কিন্তু এটাও তো মিথ্যা নয় যে আগে থেকে প্রস্তুতি চলছিল। সেটা গণ সত্যাগ্রহের না হোক, গণ সংগ্রামের।" পরিতোষবাবু তর্ক করেন।

আরতি দেবী এইবার মৃথ থোলেন। "গণ সত্যাগ্রহের উপযুক্ত মানসিকতা ছিল না। গণ সংগ্রামের ছিল। সেটা যে সহিংস হবে কে না জানত ? গান্ধীজী অবশ্য চিরকালই বলে এসেছেন যে একজন সত্যাগ্রহীই যথেষ্ট। তিনি স্বয়ং অহিংস। এটা সহিংস ও অহিংস মিশ্র সংগ্রাম। প্রকাশ্য বিজ্ঞোহ।"

মানস তাঁর সক্ষে একমত হয়। বলে, ''এটা তাঁর ত্'বছর আগেকার ব্যক্তি-সভ্যাগ্রহ আন্দোলনের স্বল্পকালীন বিরভির পর সমষ্টিগত আকারে পূর্বাস্থরতি। একই মোমেন্টামের ক্রমান্বয়। শুধু এর অহিংস অংশটার জ্লেই তাঁকে দায়ী করা যায়, সহিংস অংশটার জ্লে নয়। সেটা যে কোনো গণ অভ্যুত্থানের অপরিহার্য পরিণতি "

যুথিকা এডক্ষণ চূপ করে শুনছিল। আরতি দেবীকে মুখ খুলতে দেখে সেও মুখ খোলে। ''আচ্ছা, দিদি, আপনি কি বিনীতা সিন্হার নাম শুনেছেন? বার স্বামী ছিলেন দিভিল দার্জন। স্কুফেরং।"

আর্ডি দেবী টিপে টিপে হাসেন। "তার চেয়ে বলো না কেন, আপনি কি আপনার মামাতো ভাইয়ের খুড়খভরের মেয়ের নাম ভনেছেন ? বিনীতা मिनश हवात जारंग व्यक्ति जिन जामात विक मामी। जाहा, विहासित की ছঃখ! জামাইটি মারা গেল বিলেতে পড়তে গিয়ে। মেয়েটা তথন থেকেই দিশেহার। অমন অম্বরপ্রকৃতির মেয়েকে নিয়ে বিহু মাসী নাজেহাল। সেদিন আমাদের বাড়ী এসে জিজ্ঞাসা করেন, জুলি এখানে আছে ? আমি তো আকাশ থেকে পড়ি। জুলি তো বছরে একবারও আমার খোঁজ নেয় না। হঠাৎ জুলি কেন আদবে ও থাকবে ৷ তারপর থেকে যা ভনছি তা ভয়াবহ ব্যাপার। ওদের নাকি একটা গুপ্ত প্রেস আছে। যারা পাঁজি ছাপে তাদের প্রেস নয়। সেই চোরা প্রেস থেকে চোরা বুলেটিন ছেপে বা সাইক্লোস্টাইল করে ওরা সাহেবপাডার জমাদারদের দিয়ে ঘরে ঘরে বিলি করায়। তাতে ্গারা দৈত্যদের উদ্দেশ করে লেখা: কুইট ইণ্ডিয়া। গো হোম আছে ডিফেণ্ড ইয়োর ওন পীপল। তোমাদের লজ্জা করে না ? পারলে তোমরা বেলজিয়ামকে রক্ষা করতে ? ফ্রান্সকে বাঁচাতে ? সিন্ধাপুরে, মালয়ে, বার্মায় ভোমাদের ভূমিকাটা কী ? কেন ভোমরা আমাদের অন্নে ভাগ বসাতে এসেছ ? আমরা কি না থেয়ে মরব? তোমরাই এর জন্তে দায়ী হবে।—এমনি কত কথা।"

যুথিকা ভয় পেয়ে বলে, 'ধরা পড়লে আর রক্ষে আছে! সরাসরি কোট মার্শাল। যুদ্ধকালে আইন আদালত ঠুঁটো জগন্নাথ।"

মানসের মনে লাগে। সে বলে, "হেবীয়াস কর্পাস এখনো উঠে যায়নি। তবে যুদ্ধকালে মিলিটারির গায়ে হাত দেওয়া অসম্ভব।"

আরতিদি যুথিকাকে বলেন, "বেচারি বিহু মাসী! মেয়ে তাঁকে ধরাছে যা দেয় না। রোজ ঠিকানা বদল করে। পুলিশের চোথে ধূলো দেবার জন্যে দিনের বেলা বোরকা পরে বেরোয়। উদ্তি বাতচিৎ করে। যত সব এ দো গলিতে বা বড়লোকের অন্দরমহলে ওদের আন্তানা। রাতের বেলা তো ব্ল্যাক আউট। তথন ওরা নির্ভয়ে ফর ফর করে ঘূরে বেড়ায়। অলে বিভিন্ন সাজ। মুখে বিভিন্ন বুলি। বছরপী আর হরবোলা। সিনেমায় চুকে প্রচারপত্র ফেলে আনে। জওয়ানদের উদ্দেশ করে লেখা, হিন্দীতে বা উদ্তে : ডোমাদের দেশ এখন একটা আগ্রেছগিরি। লাভাবর্ষণ আসন্ন। জাপানীদের বোমাবর্ষণও এর কাছে তুক্ত। ডোমাদের লয়ালটি

রাজার প্রতি নয়, জন্মভূমির প্রতি। জননী আর জন্মভূমি বর্গের চেরেও গরীয়সী।—এসব প্রচারণত্ত যদিও বেনামী তবু পুলিশ জানে কারা এগৰ ইস্থা করেছে। জুলির সন্ধানে ঘ্রছে। যে-কোনো দিন গ্রেপ্তার করে কোথার চালান দেবে কে জানে!"

হৃথিকা শিউরে ওঠে। "কী দর্বনাশ।"

গান্ধীজীর 'প্রকাশ্র বিস্রোহ' এখন কোন্ মাটির ডলায় চুকেছে জানলে ডিনি
নির্ঘাত অনশন করতেন। কিন্ত তাঁকে তো কোনো কিছুই পড়তে দেওয়া
হচ্ছে না। শুনতে দেওয়া হচ্ছে না। স্বদেশবাসীর থেকে তিনি সম্পূর্ণ
বিচ্ছির। উপাণ্ডার বা এডেনে থাকলে আরো বেশী খবর পেতেন। আপা ধান্
প্রাসাদ এক অন্তর্কুপ।

খবরের কাগজ পনেরে। যোল দিন বন্ধ থাকার পর আবার খুলেছে। কিন্ধ কড়া সেনসরশিপ। অধিকাংশ খবরই ধামা চাপা। সেইজন্তে কারা সব একটা গুপ্ত নিউজ সাভিস স্পষ্ট করেছে। ফ্রী ইপ্তিয়া নিউজ সাভিস। গুপ্ত সংবাদপত্ত প্রতি সপ্তাহেই বোরায়। সাইক্রোফাইল করা। ভাতে অনেক গোপনীয় সংবাদ থাকে। সভ্য মিথ্যা যাচাই করার উপায় নেই। কয়েক সংখ্যা মানসের নামেও পার্টিয়েছে। চিঠির খামের ভিতরে। বাংলা ভাষায় লেখা।

মেদিনীপুরের এক থানাম জাতীয় পতাকা ওড়াতে গিয়ে মাতদিনী হাজরা বলে এক মহিলা পুলিশের গুলীতে নিহত হয়েছেন। মরেছেন, তবু পতাকা ছাড়েননি। গ্রেপ্তার করকেই চলত। গুলী করার কী দরকার ছিল। মানস মনে মনে প্রশ্ন করে। তার নিজের জেলায় তেমন কোনো ঘটনা ঘটেনি। এই যা সান্ধনা।

"আমরা বথেট প্রিকশনস্ নিয়েছি, মজিক।" আলী হায়দার বলেন।
"বেরেদের উপর বংক্তে কিছুতেই কোনো অত্যাচার না হয়। পতাকা ওড়াতে
চার ওড়াক। আমরাই পরে নামিরে দেব। থানা দুখল করে থানার কাল
চালানো কি মুখের কথা ? পারবে ওরা দাগী অপরাধীদের চুরি ডাকাতী বদ্ধ করতে ? খুনের এলাহার লিখে নিতে। অকুছলে ক্রতহাল করতে, লাশ মর্গে পাঠাতে ? পুলিশ বদি সাতদিন অসহযোগ করে ভো বাবুরা নিজেয়াই আমার কাছে এলে নালিশ করবেন যে তাঁলের বথাসর্বস্থ সূত হরে গেছে। মার বরের বৌৰা!" "রেজুনে যেমন হয়েছিল।" মানস মস্তব্য করে।

"কাগজগুরালারা লে খবরটা চেপে যায়। লোকে ভাবে লড়াই একটা তামালা। তার সকে লটপাট নারীধর্বণ ইত্যাদির কোনো সম্পর্ক নেই। তেমনি গণসংগ্রাম একটা তামালা। তার সকে সমাজবিরোধী ক্রিমিনালদের কোনো সম্পর্ক নেই। জেল ভাঙার খবর জনেছেন ? আমাদের জেলায় নয়, যুক্ত প্রদেশের বলীয়া জেলায়। ট্রেজারি ল্টের খবর জনেছেন ? দেটাও বলীয়া জেলায়। আমরা যদি প্রিকশনস্ না নিই সরকারী ট্রেজারি থালি হয়ে যাবে, মাসের শেষে আমরা কেউ মাইনে পাব না। জেল থালি হয়ে যাবে। কেরারী কয়েদিরা ঘরে ঘরে হানা দেবে। পুলিশ যদি গুলী না চালায় তো নিরীহ নাগরিকের সর্বস্থ যাবে। যদি চালায় তো কেউ না কেউ মরবে। তথন যত দোষ আমার।" আলী হায়দার তুই কাঁধ তুলে বিমৃচভাব প্রকাশ করেন।

মানদের জেলায় হিংসাত্মক ঘটনা বড়ো একটা ঘটে না। আইন অমান্ত করে মিছিল বেরোয়। তাতে মেয়েদেরই প্রাধান্ত। "ভারত ছাড়ো" ইত্যাদি স্নোগানও দেওয়া হয়। পুলিশ তফাতে থাকে। ইংরেজ পুলিশ সাহেব ইচ্ছে করেই অদৃশ্র হন। নইলে জনতা হয়তো মারম্থো হবে। ফলে পুলিশও মারম্থো।

রায় উমাশক্ষর সামস্ত ৰাহাত্র কিছুদিনের জন্তে পর্দার আড়ালে যান।
শহরের ছেলেরা রাজভক্তদের বাড়ী বাড়ী গিয়ে তাঁদের গতিবিধি লক্ষ করে।
তিনিই পরে পুলিশ সাহেবের সঙ্গে দেখা করে বলেন, "ভয় নেই, আমরাই
আপনাকে প্রোটেকশন দেব।"

সাহেব অট্টহান্স করেন। বলেন, ''আমরা যদি তারত ছাড়ি তো আপনাদের প্রোটেকশন দেবে কে ? উত্তরাধিকারী রেখে না গেলে সারা দেশ কুড়ে ওয়ার অভ্ সাকসেনন। দিলীর মসনদ নিয়ে আবার এক পানিপথের যুদ্ধ।'

॥ উनिम ॥

জার্মান সেনা অভকিতে তিনদিক থেকে আক্রমণ করে কশদেশের বহু অঞ্জ অধিকার করলেও মস্কো এখনো দূর অন্ত। লেনিনগ্রাভ হাতের নাগালে এসেও নাগালের বাইরে। আর ফালিনগ্রাভের লড়াই এই বাধে কি এই. বাধে। ভল্গা নদীর তীরেই ত্'পক্ষের ভাগ্য নির্ধারণ হতে যাছে। স্টালিন-থাভের পতন প্রকারাস্তরে স্টালিনেরই পতন। স্টালিনগ্রাভের হার প্রকা-রাস্তরে হিটলারেরই হার। এ খেলা চড়া স্টেক রেখে খেলা। সারা ত্নিয়া উৎস্ক বা উদ্বিগ্ন হয়ে চেয়ে আছে ভল্গাতটের বলপরীক্ষার দিকে।

বাবলীর তো রাত্রে ঘুম নেই। সে স্বপনদার কাছে গিয়ে একটুথানি আশাস আশা করে। "কী হবে, দাদা? আমরা কি হেরে যাব?"

স্থানদা তাঁর হাতের কাজ তুলে রেখে বলেন, "আমরা হেরে যাব মানে? ও ব্বেছি। 'আমরা কমিউনিস্টরা'। কিছু খোদ স্টালিনই তো তাঁর দেশের সর্বজনের কাছে আবেদন করে জানিয়েছেন যে এটা পেট্রিয়টিক ওয়ার। জার আমলের মহাবীর স্থভোরোভকে মার্কদের উপরে বসিয়েছেন। তবে এটাও ঠিক যে রাশিয়া হেরে গেলে তোমবাও হেরে যাবে।"

"দেইজন্মেই তো ভেবে আকুল হচ্ছি। তোমার কী মনে হয় ? তুমি তো অনেক পড়াশুনা করেছ। টুর্গেনিভের মতো দরদী।" বাবলী শুনতে উন্মুথ।

"রাশিয়া হারবে না। রাশিয়া হারতে পারে না। যুদ্ধ তো কেবল বাছবলের পরীক্ষা নয়। সেইসঙ্গে আত্মিক শক্তিরও। রাশিয়াকে শক্তি জোগাচ্ছেন পুশকিন, লারমণ্টোড, টুর্গেনিড, ডস্টয়েডস্কি, চেকড, গোকি। নাহিত্যের মতো সঙ্গীতও অস্তরকে অন্তপ্রাণিত করে। রাশিয়াকে প্রাণ জোগাচ্ছেন চাইকোডস্কি, রিমন্ধি-কোরসাকোড, মুসোর্গন্ধি, বোরোডিন, গ্লিঙ্কা। এরা সবাই ছিলেন পেট্রিয়ট। পেট্রিয়টিক ওয়ার যদি লড়তে হয় তো এরাই লড়তে লাহায্য করবেন। এরা অমর। তোমাকে আজ আমি 'ভল্গা বোটম্যান' বাজিয়ে শোনাব। লোকসঙ্গীত। গেয়েছেন কে, জানো? শালিয়াপিন। আমি স্বকর্ণে শুনেছি।" স্বপনদা উদ্দীপনা বোধ করেন। যেন কানে লেগে আছে তার রেশ।

"ভল্গা বোটন্যান ? সভ্যি ?" বাবলীও উদ্দীক্ত হয়। "ভানব। নিশ্চয় ভানব। ভল্গার তীরে স্টালিনগ্রাভ। কী বিচিত্র যোগাযোগ। কিছু একটা কথা আমাকে ব্বিয়ে দাও, দাদা। জার্মানীতেও তো কত মহান সাহিত্যিক, মহান সঙ্গীতকার জন্মছেন। তাঁদের প্রেরণা কি জার্মানদের জিভিয়ে দিতে পারবে না ? গ্যেটে, শিলার, বাধ, বেঠোভেন ?"

"আরো দশব্দনের নাম করতে পারতে। কিন্তু নাৎসীরা কি তাঁদের কারো ষহিমা বোঝে? হাইনের মতো প্রেসের কবি বিশ্বসাহিত্যে ক'জন আছেন? ভিনি জাতে ইছ্দী। তাই নাৎসীদের কাছে অপাঙ্কের। যীশুঞ্জীন্ট আর তাঁর বাদশ শিক্ষও তো ফাতে ইছ্দী ছিলেন। তাঁরাও বাজিল। গোটা ইছ্দী ঞ্জীন্টান ধারাটাই বাদ। তা হলে কি গ্রীক রোমান ধারা ওদের গ্রহণীয় ? না, আর্য হলেও গ্রীক রোমানরাও বিজ্ঞাতীয়। বাকী থাকে টিউটন ঐতিহ্য। সে ধারা কবে থেকে লুপ্ত। ভাগনার তাকে উদ্ধার করেছেন। সেটাই ওদের সর্বস্ব। সেইটুকু প্রেরণা পেয়ে রাশিয়ানদের বা ইংরেজদের হারিয়ে দেওয়া যায় না। নাৎসীরা ওদের আদিম ধারাকেই সার করেছে। কিছু ইতিহাসের প্রবাহ তো সেইথানেই থেমে থাকেনি। রাইন নদ দিয়ে অনেক জল গড়িয়ে গেছে। ভানিউব নদ দিয়েও। 'রু ভানিউব ওয়ালটজ' কি ওই বেরসিকরা শুনবে ? ফুটাউস যে ইছ্দী। শুনলে ভোমার রক্ত চঞ্চর হয়ে উঠবে। তুমি নাচতে চাইবে। আমি যে ভোমার সঙ্গে নাচতে পারব না, বোন চকোলেট।'' স্বেণনা আফ্সোস করেন।

বাবলীর মুথ রাঙা হয়ে ওঠে। সে বলে, "ওটা বৌদির জন্তে তুলে রেখো। স্মামার জন্তে 'ভলগা বোটম্যান'।''

বৌদির নাম করতে না করতেই বৌদি এদে হাজির। তাঁর আগে আগে তাঁর আদরের এল্ফ। দে ল্যাজ নাড়তে নাড়তে বাবলীর দিকে এগােয়। তার কোলে হঠাং লাফ দিয়ে ওঠে।

"এই যে, বাবলী। কখন এলে? তোমাদের কমিউনের কীখবর ?' দীপিকা বৌদি খোঁজ নেন।

"থবর খ্ব ম্থরোচক নয়। কমিউনে ভাওন ধরেছে। একটি কমরেডের বিয়ে হয়ে গেছে। সে আমাদের ছেড়ে তার বরের সঙ্গে ঘর করছে। এমনি করে যদি কমিউন থালি হয়ে যায় তো কমিউনিজ্ঞমের ভবিশ্রুৎ কী ?" বাবলী হাসে।

''তোমরা কি মনে করেছ তোমরাই কমিউনগঠনের পথিকুং ? সেই বৌদ্ধয়ণ থেকেই ভারতে তার পরীক্ষা নিরীক্ষা চলে এসেছে। ইছদীদের দেশে যীশুগ্রীস্টেরও আগে এসেনীদের কমিউন ছিল। গ্রীস্টানরা তাদের কাছ থেকে শেখে। দেখা গেল সারাজীবনের মতো সন্ন্যাসত্রত না নিলে কমিউন গঠন করা বুথা। মার্ক্, স্ন্রির শিশুরা তো সন্ন্যাসে বিশ্বাস করেন না। তা হলে তাঁদের কমিউন টিকবে কী করে? শ্রী অরবিন্দ এর একটা সমাধান বার করেছন। ওর আশুমে বিবাহিত দম্পতীরাও বাস করছেন। কিন্তু কারো

কোনো সম্পত্তি নেই। সব সম্পত্তি আশ্রমের। দেখা যাক কত দিন টেকে।
কেউ কেউ এর মধ্যেই পালিয়ে এসেছেন। পালিয়ে এসে বিষয় সম্পত্তি অর্জন
করছেন। মেয়ের বিয়ের যাতে একটা কিনারা হয়। ছেলের পেশার ভাবনাও
ভাবতে হবে। আশ্রমের অধিষ্ঠাত্রী মাদার কি এসব জানেন না ? তাঁকেই
বার করতে হবে এর সমাধান। শ্রী অরবিন্দ এখন বহু উধ্বের্থ।" দীপিকা
বৌদি মনে করেন।

"শ্রী অরবিন্দের কথা যখন উঠল তখন শোন," স্বপনদা বলেন, "পণ্ডিচেরী থেকে আমার বন্ধু মৃকুল লিখেছে শ্রী অরবিন্দ প্রতিদিন রেডিও থেকে যুদ্ধের খবর শোনেন। বাহুবল ও মনোবলের মতো আরো একটা বল আছে, সেটা যোগবল। শ্রী অরবিন্দ তার যোগবল প্রয়োগ করছেন রাশিয়া যাতে জয়ী হয়। এ যুদ্ধ অশুভ শক্তির সঙ্গে শুভশক্তির যুদ্ধ। রাশিয়া যদিও কমিউনিস্ট তব্ সেও ইংরেজ ফরাসীর মতো শুভশক্তির মিত্র। স্কুতরাং শুভশক্তির শরিক।"

''দাদা, তুমিও কি যোগবলে বিশাস কর ?'' বাবলী বিশ্বিত হয়ে স্থধায়।

"না, বোন। মুকুলকে আমি লিখি, চ্যারিটি বিগিনস অ্যাট হোম। তুমি পণ্ডিচেরীতে বাস কর। পণ্ডিচেরী ফ্রান্সের অধীন। বোগবল প্রয়োগ করে শ্রী অরবিন্দ কেন ফ্রান্সকে ত্রাণ করলেন না ? সে কেন নাংসীদের অধীন হলো? ফলে পণ্ডিচেরী এখন অধীনের অধীন।" স্থপনদা সংশয় প্রকাশ করেন।

"সভ্যিই তো!" দীপিকা বৌদি সায় দেন।

'ভল্গা বোটম্যান' বাজিয়ে শোনাবার পর স্বপনদা লক্ষ করেন চকোলেটের চোখে জল। সে বার বার চোথের জল মোছে আর হাসির ভান করে। বলে, ''আরেকবার বাজাও।

তিনবার বাজানোর পর স্থপনদা জিজ্ঞাদা করেন, ''বল, তোমার চোথে জল কেন? কী তোমার ত্রুখ ''

"আমার হাদ্য এখন ভল্গা নদীর তীরে স্টালিনগ্রাডে। নেকড়েবাদের দলকে আমরা 'ক কথতে পারব? আমিও আমার সোল ফোর্স খাটাচ্ছি। যদিও ওটা গান্ধীবাদীর মতো কাজ। ওতে কোনো ফল হয় কি না সন্দেহ। কিন্তু ও ছাড়া আরু কী আছে আমার? এত দ্বে রবেছি যে বোমা রিভলভার কোনো কাজে লাগবে না। তবে কি কেবল মাঠে মাঠে স্লোগান দিয়ে বেড়াব? আমরাও একহিসাবে নিচ্ছিয় দর্শক। যা হবার তা যুদ্ধক্তেইে হবে। জয় কিবো পরাক্ষয়। পরাক্ষয় অভাবনীয়। রাশিয়ার আত্মা অপরাক্ষয়। চাই

শুধু আত্মার বিশ্বাদ। দেটা কি জামাদের আছে ?" বাবলী আত্মগত হয়ে বলে।

"তত্তে নেই, কিন্তু সত্যে আছে।" স্থপনদা রহস্ত করেন। "বাড়ীতে কেউ মরণাপন্ন হলে ডাক্তারকে ডাকা হয়, মা কালীকেও। রাশিয়ানরাও নিশ্চয়ই মা মেরাকেও ডাকছে। এটা তো রেভোলিউশনারি ওয়ার নয়, এটা পেট্রয়টিক ওয়ার। এতে নন্কমিউনিস্টরাও আছে। ওরা গির্জায় গির্জায় প্রার্থনা করছে নিশ্চয়।"

"কী জানি, দাদা!" বাবলী শোকোলায় চুমুক দিয়ে বলে, ''আমার হৃদয় এথন পড়ে আছে ভল্গা নদীর তীরে। পাধী হয়ে থাকলে উড়ে যেতে পারতুম। মাহ্য হয়ে শুধু রেডিওর থবর শুনছি।" শোকোলা হচ্ছে ফরাদীদের তরল চকোলেট।

দীপিকা এতক্ষণ চুপ করে বদেছিলেন। এবার ম্থ থোলেন, "ওটা তে। দ্রের থবর। কাছের থবর কিছু শুনেছ ?"

''কোন্ খবর, বৌদি ?'' বাবলী শশব্যস্ত হয়ে হংধায়।

"তোমার বান্ধবী জুলির থবর কী ?" বৌদি জানতে চান।

"শুনেছি স্টেটসম্যান পত্রিকায় নাকি ছাপা হয়েছে সৌম্য চৌধুরীর দক্ষে প্রর বিয়ের এন্গেজনেন্ট। সে তো অতি আনন্দের কথা। কিন্তু মেয়ে নাকি মায়ের উপর গোসা করে বাড়ী ছেড়ে হাওয়া হয়ে গেছে। কে ওঁকে ফাঁসে করতে বলেছিল প ছাপতে দিলেন যদি তো সাহেবদের কাগজে কেন প জানেন না ওরা এ দেশের শক্রপ বামপন্থীদের কাছে ও মৃথ দেখাবে কী করে? তাই কোথায় উধাও হয়ে গেছে। ওর মা একদিন আমাদের কমিউনে এসে খানাতল্লাসী করেন। ওঁর ধারণা আমিই আমার স্থাকে লুকিয়ে রেখেছি। আমি ওঁর পায়ে পড়ে বলি, মাসিমা, আপনি কি জানেন না ওর সঙ্গে আমার ছাড়াছাড়ি হয়ে গেছে প আমি এখন ওর চোখে তৃশমন। আমি নাকি ইংরেজের গুপ্তচর। আমার অপরাধ আমি বলেছি, আগে তো জাপানীদের তাড়াও, তার পরে ইংরেজদের তাড়াবে। তোজো ফার্স্ট। ও বলেছে, না, আগে ইংরেজদের তাড়াতে হবে, তার পরে জাপানীদের। চার্চিল ফার্স্ট। তোজো ফার্স্ট, চার্চিল ফার্স্ট, তোজো ফার্স্ট, চার্চিল ফার্স্ট, তোজো ফার্স্ট, চার্চিল ফার্স্ট, তোজো ফার্স্ট, বিশ একুশবার এইরকম কথাকাটাকাটির পর ও আমার চুলের মৃঠি ধরে, আমিও ওর চুলের মৃঠি ধরে। এরপরে কি আমাদের মুথ দেখাদেধি হতে পারে? ও কেন আমাদের

কমিউনে আসবে ? অন্ত কোথাও গেছে। হয়তো ওর ভাবী বরের কাছে। উনি বলেন, সৌম্যকে উনি টেলিগ্রাম করে জবাব পেয়েছেন সৌম্যও নিথোঁজ। তা হলে গেল কোথায়? একে একে প্রত্যেকটি বন্ধুর বাড়ী গিয়ে থোঁজ করেছেন। আমি ভোমাদের এথানেও খোঁজ নিতে বলেছি। উনি কি এসেছিলেন ?"

"এসেছিলেন বইকি। কিন্তু আমরাও তো অন্ধকারে। তা না হলে তোমাকে জিজ্ঞাসা করতুম কেন? মিসেস সিন্হা ব্বাতে পারছেন না স্টেটসম্যানে নোটিশ ছাপিয়ে তিনি এমন কী অপকর্ম করেছেন যার নজীর নেই? ওঁদের বাড়ীর যাবতীয় ক্রিয়াকর্মের নোটিস তো ওই কাগজেই ছাপা হয়ে থাকে। জুলির আগের বারের বিয়ের নোটিসও তো ছাপা হয়েছিল ওই কাগজেই। ওর বাবার মৃত্যুর নোটিসও। তাঁর জামাই তাঁকে পরামর্শ দিয়েছেন পুলিশে একটা ডায়েরি করিয়ে রাথতে। যদি কোনো অঘটন ঘটে থাকে। পুলিশ অফিসার নাকি মৃচকি হেসে বলেছেন, অঘটনটা আর কিছু নয়। সামনে আসছে গান্ধীজীর গণ সভ্যাগ্রহ। কংগ্রেস ওয়াকিং কমিটি তাঁকে গ্রীন সিগনাল দিয়েছে। এবার দেবে অল ইণ্ডিয়া কংগ্রেস কমিটি। ওঁরা বয়েছে মীটিং ডেকেছেন। কে জানে জুলি হয়তো বয়েতে গিয়ে ওর বামপন্থী গোষ্ঠীর সঙ্গে মিলে প্রোগ্রাম ছকছে। নোটিসের জন্তে গোসা করে মাকে ধোঁকা দিয়েছে। উনি বয়েতেও ওঁর চেনাজানা স্বাইকে চিঠি লিথেছেন। উত্তর আসার সময় হয়নি। আমরাও দারণ চিস্কিত।" বৌদির মূথে উষ্ণে।

শ্বপনদা হেদে উড়িয়ে দেন। বলেন, "ক্যারামেল ওর মাকে ধোঁকা দিতে পারে কথনো? ও কি তেমনি মেয়ে? ও এই কলকাতা শহরেই আছে। পুলিশও ষে না জানে তা নয়। অস্তত পুলিশের একটা সেকশন। ওদের এখন হামলেটের মতো দোটানা। ধরবে কি ধরবে না? বাঁধবে কি বাঁধবে না? কে জানে যদি গণেশ ওলটায়। তথন ওই জুলিরাই তো মালিক হবে? চাকরি রাখতে হলে জুলিদেরই ভোয়াজ করতে হবে। পুলিশের লোক ধরতে এলে পুলিশের লোকই আগে ভাগে ছঁশিয়ার করে দেবে। পাখী উড়ে যাবে। না, ভল্গা নদীর তীরে নয়। ভারতের ভাগ্য সেখানে নির্ধারিত হচ্ছে না। হচ্ছে গলানদীর তীরে, পঞ্চনদের তীরে, কাবেরী নদীর তীরে। আমি হই নাটকেরই নীরব দর্শক। আমার সহাহত্তি আমার হই বোনেরই দিকে। চকোলেটেরও দিকে, ক্যারামেলেরও দিকে। ওরা প্রস্পরের প্রতিপক্ষ নয়।

ওটা ওদের ভূল বোঝাব্ঝির ফল। আমি তো ওদের মেলাবার চেষ্টাই করেছি। স্থযোগ পেলে আবার করব।"

বাবলী সভয়ে বলে, "দাদা, এটা কি কথনো সম্ভব যে ক্ষমতা কিছুদিন বাদে জুলিদের হাতে পড়বে ?"

"আছকের এই অনিশ্চিত পরিস্থিতিতে এটাও সম্ভব, সেটাও সম্ভব, ওটাও সম্ভব। কোনোটাই অসম্ভব নয়। এই কথাই গান্ধীজী তাঁর প্রবন্ধে লিখেছেন। তবে যেটা সম্ভবপর সেটা হচ্ছে তৃতীয়পক্ষ বিদায় হলে হিন্দু মুসলমানের মিতালি, কংগ্রেস লীগ কোয়ালিশন। আমার মতে এ রকম একটা সম্ভাবনা আছে, কিন্তু সম্ভাবনার উপর নির্ভর করে হাত গুটিয়ে বসে থাকা উচিত নয়। সমন্তক্ষণ মিতালির প্রয়াস চালিয়ে যেতে হবে। সেই বৃনিয়াদের উপরেই গড়ে উঠতে পারে কংগ্রেস লীগ কোয়ালিশন। নইলে সেটাও হবে একটা তাদের কেলা। ব্রিটিশরাজের পতনের পর হিন্দু মুসলিম রাজেরও পতন হবে। ভারতবর্ষ ইউরোপের মতো থও থও হয়ে যাবে। এটাও তো একটা মহাদেশ। প্রাদেশিকতাই আমাদের পক্ষে স্থাদেশিকতা।" স্বপনদা রায় দেন।

বৌদি এবার দাদার দিকে ফিরে বলেন, "তোমার সোনার বাংলা তো এখন একটা হার্টপ্রেক হাউদ। এটা কি একটা স্থখী পরিবার। ইংরেজ আছে বলেই ঠাট বজায় আছে। সে যেদিন যাবে দেদিন হিন্দু ম্দলমানে কোলাকুলি নয়, ওই বাবলী জুলির মতো চুলোচুলি। পারবে কি তুমি ওদের চকোলেট আর ক্যারামেল দিয়ে ভাব করাতে? আমার হৃদয় ভেঙে গেছে। তা বলে আমি বলব না যে ইংরেজ আরো পমেরো বছর রাজত কক্ষক। বা জাপানীরা এদে চামর ধক্ষক। যা আজও হলো না তা পনেরো বছর বাদেও হবে না। কারণ বাঙালী হিন্দু ম্দলমানের হৃদয় এক নয়। ওদের দম্পর্কটা হচ্ছে একই কালে প্রেমের আর ঘুণার। ইংরেজীতে যাকে বলে লাভ-হেট রিলেশনিপি। তৃমি আমি হাজার চেটা করেও এটাকে বিশুদ্ধ প্রেমের দম্পর্কে পরিণত করতে পারব না। আমাদের প্রিয় বন্ধু মীর সাহেবও না। পনেরো বছরের চেটাও যথেই নয়। আমাদের জীবন যত দীর্ঘ হোক না কেন আমাদের জীবনেও নয়। ইংরেজরা ভেদবৃদ্ধির বীজ বুনেছে বলে তাদের ঘাড়ে দোষ চাপানো র্থা। বিষর্ক্ষ ছেদ করার দাধ্য আমাদেরও নেই। গোড়ায় আমাদেরও হাত ছিল। হিন্দু কলেজ প্রতিষ্ঠার সময় রামমোহনকে কেউ আমল দেন নি। তিনি নাকি

যবন পরিবৃত হয়ে,থাকতেন। হিন্দু কলেজে কোনো মৃগলমান ছাত্রকে ঢুকতে দেওয়া হয়নি। হিন্দুকলেজ যথন প্রেসিডেন্সী কলেজে রুপান্তরিত হয় তথন ইংরেজদের সে প্রস্তাবে হিন্দু প্রতিষ্ঠাতাদের কয়েকজন প্রতিনিধি বাধা দেন। তবে সকলে নয়। তার থেকে প্রমাণ হয় প্রেমণ্ড সক্রিয় ছিল। গোটা উনবিংশ শতাবলী ধরে হিন্দু আশনালিজম মুসলমানদের দূরে ঠেলেছে আর ইণ্ডিয়ান ন্তাশনালিজম তাদের কাছে টেনেছে। তার জের এখনো চলেছে। মাঝখানে উদ্ভব হয়েছে যার, তার নাম বেল্লী নাশনালিজম। ইংরেজ এতে বাদ সেধেছে। ইংরেজকে এরা হাতে মেরেছে, ভাতে মেরেছে। কিন্তু ইংরেজও এর মাজা ভেঙে দিয়েছে কলকাতা থেকে দিল্লীতে রাজধানী সরিয়ে নিয়ে। সেদিন যে সর্বনাশটা হলো সেটা বাঙালীমাত্রেরই। ৩ধু হিন্দুর বা ৩ধু মুসলমানের নয়। তথনি বোঝা গেল বাঙালীর যে বাড়বাড়স্ত হয়েছিল তার কারণ সারা ভারতের রাজ্য এদে কলকাতায় কেন্দ্রীভূত হয়েছিল। ভারতের ইতিহাদে ভারতের রাজধানী আর কখনো পূর্ব প্রান্তে অবস্থিত হয়নি। হবেও না। ইতিহাসে ওটি একটি অবিতীয় অধ্যায়। বাঙালীর যদি দূরদৃষ্টি থাকত ভা হলে বঙ্গভাগ রদ করার জালে সে আন্দোলনে নামত না। বেঙ্গলী আশনালিজমই বিধাবিভক্ত প্রদেশের মেলবন্ধন করত। কিন্তু যা হবার তা হয়ে গেছে। আমরা ভারতের রাজধানী হারিয়েছি। তা বলে আমরা প্রাদেশিকতাকেই স্বাদেশিকতা ভাবৰ কোন বুদ্ধিতে ৷ এটা সেদিনের সেই স্বদেশী আমলের রোমন্ত্রন। সে আমল আর কখনো ফিরবে না। ইংরেজ বিদায় হলেও না। এখনকার ভাবনা হলো ভারতীয় স্বাদেশিকতাকে ভারতীয় মুসলমানের গ্রহণ-যোগ্য করা ! বাঙালী মুসলমানকে ভারতীয় মুসলমানের আওভার মধ্যে রাখা। পাকিস্তানের বীজ বুনে মুসলিম লীগ যা করেছে তা ব্রিটিশ সাম্রাজ্যবাদ যা করেছিল তার চেয়ে কম ক্ষতিকর নয়। এর থেকে যে বিষরুক্ষ গজাবে তা মুসলমানদেরও কম ক্ষতি করবে না। ওরা এখন মপ্র দেখছে কলকাতা হবে পাকিন্তানের সামিল। এই নিয়ে একটা গৃহযুদ্ধ না বাধে।"

স্থপনদা অভয় দিয়ে বলেন, "গৃহযুদ্ধ পাঞ্চাবে বাধতে পারে। কিন্তু বাংলা-দেশে কথনো নয়। এথানে ঘুণার চেয়ে প্রেমই প্রবল।"

বৌদি কী বলতে বাচ্ছিলেন এমন সময় বেল বেজে ওঠে। বাবলীর কোল থেকে ভড়াক করে লাফ দিয়ে তর তর করে সিঁড়ি বেয়ে নিচে নেমে যায় এল্ফ। বেউ বেউ বেউ। যত বড়ো কুকুর নয় তত বড়ো গলা। "আমি চাত্ম লাহিড়ী। বাবলী দেন কি এ বাড়ীতে এনেছে? ওকে একটা জৰুৱি খবর দিতে চাই।" আগদ্ধক দীপিকা বৌদিকে জানায়।

"চলুন, ভিতরে চলুন। বাবলী এই বাড়ীতেই আছে।" বৌদি ওকে দোভালায় নিয়ে যান।

"ও কে, চামু? কী ব্যাপার ? 'ভল্গা বোটম্যান' শুনতে শুনতে আমার একট্ দেরি হয়ে গেছে।" বাবলী ওর বন্ধুর পরিচয় দেয়।

"তোমাকে আমি কোথায় না খুঁজেছি? শোন, লণ্ডন থেকে ট্রাককল এসেছে, স্টালিনগ্রাড—"বলতে বলতে চান্থ ভেঙে পড়ে।

"ৰল, বল, বাকীটুকু বল। ঝুলিয়ে রেখো না।" বাবলী উৎকণ্ঠিত।

"ইনভেডেড।" চাহু ত্বই হাতে মুখ ঢাকে।

স্বন্ধির নিঃশাস ফেলে বাবলী। "তাই বল। তার চেয়ে বেশী কিছু নয়। নাৎসীদের আমরা ফিরে যেতে দেব না। ওথানেই কবর দেব। যে পথ দিয়ে মোগল এসেছিল সে পথ দিয়ে ফিরল নাকো আর।"

"মোগল তো নয়, হায়েনা। যাক, আজ আমাদের জরুরি বৈঠক বসছে। তোমার থাকা দরকার। গান শোনবার সময় এটা নয়। কর্তব্য স্থির করার সময়। ওরা ওদিকে প্রাণ দিচ্ছে, আর আমরা এদিকে গান শুনছি!" চাহ টিটকারী দেয়।

স্বপনদা যা খেতে ও খাওয়াতে ভালোবাদেন তা তৈরি হয়ে আদে। গরম গরম বেগুনী, ফুলুরী, পেঁয়াজী। তার সঙ্গে জিলিপী। বাবলীর ক্ষিদে পেয়ে-ছিল। সে বিনা বাক্যে খায়। চাহুকে অহুরোধ উপরোধ করতে হয়।

"তা একটু দেরি হয়ে গেলে 'ডাস কাপিটাল' অশুদ্ধ হবে না, কমরেড ? লাহিড়ী। থান আর থেতে দিন। লিভ অ্যাণ্ড লেট লিভ।" স্বপ্নদা বলেন।

"ওদিকে ওরা লড়ে মরছে আর এদিকে আমরা থেয়ে বাঁচছি। এর পরে কে আমাদের আন্তরিকতায় বিশাস করবে ?" চাস্থ থেতে থেতে বলে। আর বসতে বলতে থায়।

"ওরা বলছ কেন? বল আমরা।" বাবলী শুধরে দেয়। "আমরাই লড্ছি স্টালিনগ্রাডে হায়েনাদের সঙ্গে। ওরা বলতে বোঝায় নাৎদীরা।"

থিয়োরেটিসিয়ান চারু অপ্রতিভ হয়। কিন্তু ও বেচারা সত্যি ঘাবড়ে গেছে। ওর ধারণা ছিল নাৎসীরা অভদূর এগোতে পারবে না, মাঝপথে আটকা পড়বে। স্টালিনগ্রাড! এ যে প্রেষ্টিজের ইস্থা। এখানে হার হলে স্টালিনের প্রেষ্টিজ:

কোথায় থাকবে ? কিন্তু তার বদলে জয়ের জন্তে প্রান্ত কোথায় ? যুদ্ধবিগ্রাহ তো থিয়ারি অন্থলারে চলে না। ইতিমধ্যেই ক্লাস ওয়ারকে পীপালস ওয়ার করতে হয়েছে। বুর্জোয়ারাও এখন পীপালের সামিল। তার উপর এটা পেট্রিয়টিক ওয়ার। রাশিয়ানদের পক্ষে। কিন্তু ভারতীয়দের পক্ষে এটাকে পেট্রিয়টিক ওয়ার বলে চালানো যায় কী করে ?" এ নিয়ে চাহু চিন্তায়িত।

স্থানদা গন্তীরভাবে বলেন, "চকোলেট আর চাহু, তোমাদের বেদনা আমারও বেদনা। হাজার হাজার যুবা বরবাড়ী ছেড়ে, বাপ মা ভাই বোন বৌ বা বান্ধবী ছেড়ে যুদ্ধক্ষেত্রে সমবেত হয়ে মর্তভূমি ছেড়ে কোন্ মহাশ্রে বিলীন হতে বাচ্ছে ভাবতে গেলে নিজেকে ধিকৃকার দিতে ইচ্ছে হয়। মুখে খাবার রোচে না। আবার এমনি স্থবিরোধ যে ওরা যদি জান বাঁচানোর বা শহর বাঁচানোর জন্মে রণছোড় হয় তা হলেও খাবার বিস্থাদ লাগে। ওদের ধিকৃকার দিতে ইচ্ছে হয়। যুদ্ধবিগ্রহ ভালো জিনিস নয়, আবার 'চাচা, আপনা বাঁচা'ও ভালো জিনিস নয়। তবে আমার নীতি হচ্ছে স্পষ্টির জন্মে আপনাকে বাঁচিয়ে রাখা। যেমন চাষী আপনাকে বাঁচিয়ে রাখে স্বাইকে খাত জোগানোর জন্মে। শে যেমন কাপুরুষ নয় আমিও তেমনি কাপুরুষ নই।"

' আমরা কি বলেছি আপনি কাপুরুষ ?'' চাহ প্রতিবাদ করে।

"না, না, তোমরা বলনি। কিন্তু কথাটা উঠেছে। তাই আমি সাফাই দিয়ে রাথছি। তারপর শোন। তোমরা যাদের নেকড়ে বা হায়েনা বলছ তারাও তোমাদেরি মতো মায়্রয়। তাদেরও মা আছে বোন আছে বান্ধবী আছে। তাদের দিকটাও আমাকে দেখতে হয়। আমি একদেশদর্শী নই। বহুদেশদর্শী। জার্মানীতে আমি আমার যৌবনের হুটি বছর কাটিয়েছি। জার্মানদের সঙ্গে ঘনিষ্ঠভাবে মিশেছি। ওদের স্বাই কিছু নাংসী নয়। অনেকেই কমিউনিফ। আরো অনেকে সোশিয়াল ডেমোক্রাট। হিটলারের দাপটে ওদেশের চায় আর বাবলীরাও আত্মরক্ষার জল্মে হয় পালিয়েছে, নয় ভোল বদল করেছে। এথানেও তাই হবে, বদি জাপানীরা কর্তা হয়ে বদে। তোমরা হয়তো পালাবে, কিন্তু থেকেও যাবে তোমাদের বিত্তর সাথী, তারা কোর্তা বদলাবে। নয়তো ময়বে। সেটা ক'জন পছন্দ করবে, বল গু তা বলে কি তারা কাপুক্ষ গুনা. কাপুক্ষ নয়। সাহ্দ ফিরে পেলে তারাও প্রতিরোধের পশ্বা খুঁজবে। যেমন ফ্রান্সে এখন কতক লোক রেজিফ্রান্স গড়ে ভুলছে।" স্বপনদা তল্ময় হয়ে বলে যান।

''শুনেছি, দাদা।'' বাবলী সমর্থন করে।

''চিনি আমি ওদের তু'চারজনকে। কেউ কমিউনিন্ট, কেউ-বা তা নয়। দেশ যেখানে পরাধীন দেখানে দেশপ্রেমও মাতুষকে প্রতিরোধে উব্তুদ্ধ করে। हाक ना रम উচ্চ মধাবিত । **এই যেমন আমাদের গান্ধী, জবাহরলাল**। এ রাও প্রতিরোধ করতে যাচ্ছেন। আপাতত ব্রিটিশ অকুপেশন গভর্ন মেণ্টের বিরুদ্ধে। অতঃপর প্রয়োজন হলে জাপানীজ কুইজলিং গভন মেণ্টের বিরুদ্ধে। এ দের দিক্টাও আমি দেখি। তবে আপনাকে সরিয়ে রাখি, যাতে বাইরে থেকে ভালো দেখতে পাই। জড়িয়ে পড়লে তো সেটা সম্ভব হবে না। তোমরা এখন রুশ জার্মান যুদ্ধে জড়িয়ে পড়েছ, নইলে দেখতে জার্মান পক্ষেও কমিউনিস্ট ও দোশিয়াল ডেমোক্রাটরাও লডছে, লডতে বাধ্য হচ্ছে। হিটলার স্বাইকে কন্সক্রিপ্ট করেছে। যারা নারাজ তাদের গুলী করে মেরেছে। আইন আদালতের তোয়াকা রাখেনি। জার্মান শিবিরেও তোমরা আছো। তোমাদের কমরেডরা আছে। তাদের জন্মেও চোথের জল ফেলতে ভূলো না। তারা নেকড়েও নয়, হায়েনাও নয়, তারা অবস্থাচক্রে বিপরীত শিবিরে অবস্থিত। তাদের জন্তে আমিও সমবেদনা অমুভব করি। তবে এটাও জানি যে তারা জিতবে না। এ যুদ্ধে হিটলারের হার হবে। রুশদেশ আক্রমণ করে নেপোলি-য়নও পার পাননি। হিটলার তো কোন্ছার! রাশিয়া এমন এক দেশ যা মহাদেশতুলা। পিছু হটে যাওয়াটা হেরে যাওয়া নয়। রুশ ফৌজ বার বার পিছু হটবে, কিন্তু কথনো কোণঠাদা হবে না। পাণ্টা আক্রমণ করবে ও জয়ী হবে।' স্থপনদা ভবিষাধাণী করেন।

বাবলী তা শুনে বেজার খুশি। "এক কথার স্পেদ আমাদের পক্ষে, টাইম আমাদের পক্ষে। ওদের বিপক্ষে।"

"তার উপর বিটেন তোমাদের পক্ষে, আমেরিকা তোমাদের পক্ষে। কিছ একটা ফাঁাকড়া আছে। তোমরা কারা? তোমরা কি রাশিয়ান না ইণ্ডিয়ান? কাল যদি ট্রাক্তল আদে 'চিটাগং ইনভেডেড' তোমরা কোন্ পক্ষে ঝাঁপ দেবে? ব্রিটিশ পক্ষে, তার মানে ইণ্ডিয়ান পক্ষে, না জাপানী পক্ষে?" স্থানদা স্থান।

বাবলী ধাঁ। করে জবাব দেয়, ''অবশ্রই ইণ্ডিয়ান পক্ষে।''

"এইবার পথে এস।" স্বপনদা হেদে বলেন. "জাপান তো রাশিয়ার বিপক্ষে লড়ছে না, রাশিয়াও লড়ছে না জাপানের বিপক্ষে। কিন্তু তোমরা কমিউনিস্টার যদি জাপানের বিপক্ষে রাইফেল হাতে নিয়ে চাটগাঁ যাও আর জাপানী বধ কর তা হলে জাপান কি তোমাদের কমিউনিস্ট বলে চিনতে পারবে না? তোমাদের বিরুদ্ধে রাশিয়ার কাছে নালিশ করবে না,? তার ফলে ভোমরা কি মস্কো থেকে লগুন হয়ে নিদেশি পাবে না, রাইফেল নামাও, কোলাহুলি করো? নয়তো জাপান প্রতিশোধ নেবে ভ্লাডিভস্টক আক্রমণ করে। ট্রাক্ষকল আসবে, ভ্লাডিভস্টক ইনভেডেড। তথন তোমাদের ইণ্ডিয়ান ম্থোশটি থসে পড়বে, রাশিয়ান স্বর্ঞপটি বেরিয়ে পড়বে। ব্রুলে, চকোলেট, ব্যাপারটা অভ সরল নয়। তোমার মতো সরলা অবলার রাইফেল না ধরাই ভালো। কমিউন ছাড়ো, বিয়ে করো।"

বাবলী চাহ্মর দিকে কাতর দৃষ্টিতে তাকায়। তথন চাহ্ম তাকে একটা দাবড়ি দিয়ে বলে, ''তুমি তো থিয়ারেটিয়ান নও, তুমি এসব কুটল প্রশ্নের জবাব দিতে বাও কেন? তোমার বলা উচিত ছিল, পাটির সঙ্গে পথামর্শ করে জবাব দেব। আর পাটি পরামর্শ করত লগুনের পাটির সঙ্গে, লগুনের পাটি মস্কোর পাটির সঙ্গে। শেষপর্যস্থ কী নিদেশ আসত জানিনে। তবে আমার ব্যক্তিগত অভিমত সোভিয়েট ইউনিয়নকে একই কালে স্টালিনগ্রাড আর ভ্লাডিভস্টক তৃই জায়গায় লড়তে বাধ্য না করা। জাপানকে ভ্লাডিভস্টকে প্রটিতশোধ নিতে প্ররোচনা না দেওয়া। অতএব চটুগ্রাম থেকে শতকোশ দূরে থাকা।''

" চমৎকার !' বৌদি বলে ওঠেন, ''এ ছেলে অনেকদ্র যাবে, অনেক উচেচ উঠবে। এর হাতে গভন মেণ্ট পড়লে আর একটা ব্রেন্ট্-লিটোভ্স্ক। এবার আধ্থানা বাংলাদেশ ছেড়ে দিয়ে।''

'কেন, আপনাদের শাস্ত্রেই তো লিখেছে অর্ধং ত্যন্ধতি পণ্ডিতঃ। লেনিনের অপরাধ কী ? পরে তো তিনি ছেড়ে দেওয়া জায়গা ফেরৎ পেয়েছিলেন। জার্মানীর পরাশ্বের পরে। জাপান কি আথেরে হারবে না, বৌদি? অপনদা কী বলেন ?'' চ'হু বাবলীর মতো 'দাদা' ও 'বৌদি' পাতায়।

বৌদি গলে গিয়ে ওদের ডিনারের নিমন্ত্রণ জানান। সেইদিনই। কিন্তু ওদের তাড়া ছিল। পাটি অফিসে জরুরি বৈঠক। ডিনার আরেকদিন হবে। আগে তো ভালো থবর আহক। ভারপরে ভালো থাবার।

"জুলির জন্তে মনটা কেমন করছে, বৌদি।" বাবলী বলে তাঁর হাতে হাত রেখে। "যেখানেই থাকুক লে বেঁচে থাকলেই আমি নিশ্চিস্ত হব। করেকে ইয়া মরেকে শুনে বৃকটা ছাঁাং করে ওঠে। মরেকে ভো বিয়ের এনগেজমেণ্ট করে লাভ কী কলো? গান্ধীজী যে আগুন জালাতে যাচ্ছেন ভাতে ঝাঁপ দিলে করেকের চেয়ে মরেকের সম্ভাবনাই বেশী।"

স্থানদা ফোড়ন কাটেন, "শাদী করেকের সম্ভাবনাও কম নয়।"

॥ विम ॥

ফালিনগ্রাডে তথন ঘোরতর সংগ্রাম চলেছে। হ্যাণ্ড টু হ্যাণ্ড ফাইট। রাস্তায় রাস্তায়। কে জিতবে, কে হারবে তা কেউ জোর করে বলতে পারে না। মৃকুলদা পণ্ডিচেরী থেকে স্বপনদাকে জানিয়েছেন যে শ্রী অরবিন্দ হু'বেলা রেডিও পুলে থবর শুনছেন। মুদ্ধের ধারাবিবরণী।

স্থপনদার মনে পড়ে যায় একটা ইংরেজী ছড়া। দীপিকাদিকে শোনান। "See-saw,

Margery Daw !"

দীপিকাদি স্থান, ''হঠাৎ তোমার তক্তা থেলার শথা হলো কেন? স্থামি কি মার্জরি ড? আমি একবার উঠব, একবার নামব। তুমি একবার নামবে, একবার উঠবে? তেমন খেলার কি শেষ আছে ?''

"আরে, সেই কথাই তো আমি বোঝাতে চাইছি। একবার জার্মানর। ঠেলে নিয়ে যাচ্ছে রাশিয়ানদের, একবার রাশিয়ানর। ঠেলে নিয়ে যাচ্ছে জার্মানদের। এ খেলার শেষ কোথায়? আমার চিত্তও তেমনি দোলনায় চেপে তুলছে। রাশিয়ানরা সমাজে একটা অভ্তপূর্ব পরিবর্তন এনেছে, তারা হেরে যাক এটা আমার কাম্য নয়। আবার জার্মানরা কত দিক দিয়ে অসামান্য। ওরা হেরে গেলেও আমি হঃধ পাব। তা হলে কি ওরা হুই পক্ষই জিতবে? তা কী করে সম্ভব? এমন কোনো সমাধান কি হয় না যাতে হু'পক্ষেরই মান রক্ষা হয়, প্রাণ রক্ষা হয়, স্বার্থ রক্ষা হয়? মাঝখানে দাঁড়িয়ে মিটমাট করতে পারে এমন কি কেউ নেই? ভারত যদি স্বাধীন হয়ে থাকত গাজীজীই হয়তো দেটা পারতেন।" স্বপনদা মনে করেন।

''আগে তো ভারতের স্বাধীনতার সংগ্রামে জয় হোক। আপনি খেতে

পায় না শক্করাকে ডাকে। বাইরের জগতে কে মানে গান্ধীজাকে? নিজের দেশেই তাঁর ডাক শুনে সাড়া দিচ্ছে ক'জন? আর-সব প্রদেশের থবর রাখিনে, এই বাংলাদেশে মেদিনীপুর ছাড়া আর কোন্জেলা সাড়া দিয়েছে? সাড়া বলতে আমি বুঝি জনগণের সাড়া।" দীপিকাদি কেমন যেন নিরাশ।

এমন সময় এল্ফ লাফ দিয়ে ছুটে গিয়ে ঘেউ ঘেউ করে। তারপর চুপ করে ফিরে আসে। পেছনে বাবলী।

''এই যে, চকোলেট।'' স্বপনদা আদর করে পাশে বসান। ''তারপর কী থবর ? কাগজে আর কডটুকু লেখে, রেডিওতে কডটুকু শোনায় ?''

বাবলী কাতর কণ্ঠে বলে, ''জুলিরা আমার পিঠে ছোরা মেরেছে, দাদা, বৌদি। স্টালিনগ্রাডে আমরা জিতব কী করে?''

"ও: সেইজন্মে তৃমি এতদিন দর্শন দাওনি। হাসপাতালে ছিলে। তা একটা থবর দিতে হয়। গিয়ে দেখে আসতুম।" স্থপনদা রক্ক করেন।

''না, না, তামাশা নম্ম, দাদা। বিষম শীরিষাস ব্যাপার। কংগ্রেস যদি সিত্যি সভিয় ইংরেজকে ভারতছাড়া করে তবে সে কি রাশিয়ার এই দারুণ ছিদিনে মদত দিতে পারবে ? মদত না পেলে রাশিয়া কি একহাতে লড়ে হারানে। এলাকা উদ্ধার করতে পারবে ? আবার সেই ত্রেস্ট্-লিট্ভস্ক! না, না, আমাদের জায়গা আমরা হাতছাড়া করব না। করলে আমাদের বিপ্লব ব্যর্থ হবে। ওথানে ব্যর্থ হব্যা মানে এখানেও ব্যর্থ হব্যা। কংগ্রেসই এর জন্তে দায়ী হবে, যদি এই আন্দোলন সফল হয়।'' বাবলী নালিশ করে।

"কী আশ্চর্য সাদৃশ্য। ইংরেজরা বলছে কংগ্রেসওয়ালারা ওদের পিঠে ছোরা মেরেছে। তোমরাও বলছ ওরা তোমাদের পিঠে ছোরা মেরেছে। ওরা যদি সফল হয় তা হলে ভর্ধ যে ইংরেজরা ভারতছাড়া হবে তা নয়, তোমরাও দেশছাড়া হবে। যদি দেশটা তোমাদের হয়ে থাকে। তোমাদের কথাবার্তা থেকে মনে হতে পারে ভোমরা মস্কো থেকে এসেছ, যেমন ম্সলিম লীগপন্থীরা মক্কা থেকে এসেছেন। এ দেশের মৃক্তি কি ভোমাদের কাম্য নয় ? এই পরিশ্বিভিতে অন্থুচিত হতে পারে, কিন্তু মৃক্তির জন্মে সংগ্রাম কি তাই বলে একটা অপরাধ।" স্বপন্দা জিঞ্জাদা করেন।

''কাকে তুমি শোনাচ্ছ একথা ?'' বাবলী জ্বলে ওঠে। ''বে দেশের জ্বেন্ত জীবনপণ করেছিল। আর একটু হলে ফাঁসীকাঠে ঝুলত। সাহেবটা বেঁচে যায়, সেও বেঁচে যায়। দীর্ঘকাল জেলখানায় বদে সে আরো পড়াশুনা করেছে। তাই ব্ঝতে পেরেছে যে ভারতের স্বাধীনতা হচ্ছে উপরতলার দশভাগের নয়, নিচের তলার নক্ষইভাগের স্বাধীনতা। সেটা কংগ্রেসের লক্ষ্য নয়। কংগ্রেসনেতারা চান নিজেদের শ্রেণীর আধিপত্য। একদল গোরা ইংরেজকে তাড়িয়ে একদল কালা ইংরেজ সব ক্ষমতা ও সব ধন আত্মসাং করবে। যাদের মাথায় কাঁঠাল ভেঙে খাবে তারা যেমন শোষিত ছিল তেমনি শোষিত থাকবে। গান্ধীজীর মূল স্বরাজ কল্পনা তো ভালোই ছিল। কিন্তু জমিদার, মহাজন ও পুঁজিপতিদের টাকায় কংগ্রেস চালাতে গিয়ে তিনি পড়ে গেছেন তাদেরই শ্রেণীসার্থের ফাঁদে। সফল যদি হন তবে সে সাফল্য উপরতলার দশভাগের লভ্য ডিভিডেও। নিচের তলার নক্ষইভাগের প্রাপ্য মজুরি নয়। এর জন্মে কেন আমি জীবনপণ করব পেনই বা করেকে, মরেকেই বা কেন প আমার রেকর্ড কি তোমার অজানা প তুমি হাইকোটের পেপারব্ক যদি পড়ে না থাকো তবে ল রিপোট নিশ্চয়ই পড়েছ। আমাকে দেশছাড়া করবে এত বড়ো স্পর্ধা কার। সময় যথন আসবে তথন আমিই তাদের লিকুইডেট করব। তোমার এই ব্রিটিশ আইন তাদের বাঁচাতে পারবে না।"

''যদিও এই ব্রিটিশ আইনই তোমাকে বাঁচিয়েছে।'' স্বপন্দা হাদেন। ''ছাথ, চকোলেট, ইংরেজরা চিরকাল সাম্রাজ্যবাদী ছিল না। ধনতম্বাদীও ছিল না। এমন কি বুর্জোয়াও ছিল না। তাদের আইনের স্ত্রপাত অভি মহৎ উদ্দেশ্য নিয়েই হয়েছিল। প্রচণ্ড সংগ্রামের ভিতর দিয়ে দে আইন প্রজা-শক্তিকে রাজশক্তির চেয়ে শ্রেষ্ঠতর করেছে, সিভিল পাওয়ারকে মিলিটারি পাওয়ারের থেকে উচ্চতর করেছে, আইনের শাসনকে মাংস্ত্রায়ের উর্ধ্বতর করেছে। ওদের দেশের অভিজাতরা বা ধনপতিরাও আইনের উপের্বনন। বিপ্লব যদি হয় লেনিন স্টালিনকেও বিচারপতিদের রায় মানতে হবে। লিকুই-ডেট করতে হলে তার আগে আইন পাশ করিয়ে নিতে হবে। দীনতম ও হীনতম ইংরেজও এর মূল্য বোঝে। কোর্টের উপর তাদের অগাধ শ্রদ্ধা, কোর্টও তাদের রক্ষক। সরকারটাতে যে উপরতলার লোকের মৌরদী পাটা তা নয়। লেবার পার্টিও গদীতে বসতে পারে, বার হয়েক বসেওছে। সেই-জন্মেই তো ওরা ফাসিস্টদের বি**রুদ্ধে অস্ত্র ধরেছে।** ফাসিস্টরা যাতে জিতে না ষায়, জিতে গিয়ে তাদের অধিকার কেড়ে না নের, সেইভরে সোভিয়েট ইউনিয়নের কমিউনিণ্ট বিপ্লবীদের অস্ত্র জোগাচ্ছে। ইংরেজ যাক, কিন্তু ভার দেওয়া আইন আদালত, আইনসভা, গণতান্ত্ৰিক নিৰ্বাচন, গণতান্ত্ৰিক মন্ত্ৰিত

থাকুক। কংগ্রেস যা চায় তা কেন্দ্রীয় শুরে তার সম্প্রদারণ। ওই কাঠামোটা পরে ডোমাদেরও কাজে লাগবে, যদি জনগণের ভোট পাও।"

দীপিকাদি এবার কণ্ঠক্ষেপ করেন। "তোমার ওসব কথা কংগ্রেসের বামপদ্বীরা স্বীকার করবেন না। ওঁরা চান ইংরেজকে ঝাড়েম্লে উচ্ছেদ করতে।
ইংরেজশাসনের ভালোমন্দ সব একসঙ্গে মুছে ফেলবেন। বাথ টাবের ময়লা
জলের সঙ্গে শঙ্কে বাচ্চাটিকেও নর্দমায় ফেলে দেওয়া হবে। বাবলীদের সঙ্গে
জ্বলিদের ফারাক খ্ব বেশী নয়। ওরা এক পালকের পাথা। তবে প্রোলিটারিয়ান একাধিপত্য জ্বলিরা কিছুতেই বরদাও করবে না। প্রাইভেট প্রপাটি
ওদের কাছে বিশেষ মূল্যবান। ওরা বামপদ্বী হলেও মার্কস্বাদী নয়। স্বতরাং
বাবলীদের সঙ্গে গোডার অমিল। সামাজ্যবাদের বিরুদ্ধে জোট বাধা এক
জিনিস। তার অস্তর্ধানের পরে তার পরবর্তী মতবাদ নিয়ে একমত হওয়া অল্য
জিনিস। বিপ্লবেরও তুই দলের কাছে তুই অর্থ ও তুই রূপ। একদল হয়তো
আরেক দলকে উৎখাত করবে।"

বাবলী একটু ইতন্তত করে বলে, "কিন্তু ওরা যে আমাদের ম্থের গ্রাস কেছে নিচ্ছে, বৌদি। ওরাই যদি আমাদের আগে বিপ্লব ঘটায় তো আমরা ঘটাব কী ? প্রতিবিপ্লব না অতিবিপ্লব ? ওরা যদি সফল হয় তবে আমাদের আর মাথা তুলতে দেবে না। ব্রিটিশ আইন তো তথন থাকবে না। আমাদের ধরে ধরে ঝুলিয়ে দিলে আমরা কোন্ আদালতের ঘারত্ব হব ? আমাদের একমাত্র ভরসা স্টালিনের হন্তক্ষেপ, যদি তাঁর জয় হয়। জয় পরাজয় নির্বারিত হবে স্টালিনগ্রাছের যুদ্ধে। আমরা এখন মহা উদ্বিগ্ন অবস্থায় দিন গুনছি, প্রহর গুনছি, ঘণ্টা গুনছি। তার জল্মে যদি শয়তানের সাহায্য নিতে হয়।তো তাও নেব। সাম্রাজ্যবাদী ও ধনতন্ত্রবাদীরা সাক্ষাৎ শয়তান। তবু তাদের সাহায্য আমাদের নিতেই হবে। সেইজল্মেই তো কংগ্রেসের এই আন্দোলন আমাদের পিঠে ছুরি। নইলে জুলির সঙ্গে তো আমার ভালোবাসার সম্পর্ক। তার অমঞ্চল কে চার! মেয়েটা কোথায় যে অদৃশ্য হয়ে গেল কেউ জানে না। তার মা পর্যন্ত না। ও যে কী করে বেড়াচ্ছে, তাই বা কে জানে ? যদি মারাত্মক কিছু করে থাকে ভবে মিলিটারি ট্রাইবিউনালে নির্ঘাত প্রাণদণ্ড। তার চেয়েও ভয়ানক কথা—"

"থাক, মূথে আনতে হবে না।" বৌদি ধমক দেন। অপনদা অহমান করেন। "না, না, ইংরেজরা তত ধারাপ নয়।" বৌদি আবার ধমক দেন! "তুমি তো সব জানো। ওরা এককালে কীই বা না করেছে! আজকাল সহজেই ঢি ঢি পড়ে যায় বলে সাবধান হয়েছে। তুমি কি জালিয়ানওয়ালাবাগের ভিতরের কারণ জানো।"

"তুমি জানো?" স্বপনদা কৌতহলী হন।

'মিউটিনির পর থেকে ইংরেজদের সর্বক্ষণ আতক্ষ কথন না জানি ওদের মেমসাহেবরা ধর্ষিতা হন। অস্বভসরে একজন মেমসাহেবের উপর উপদ্রেব হয়, সেটা ধর্ষণ না হলেও সব চেয়ে থারাপটাই ওদের মাথায় আসে। নেটভদের নিবৃত্ত করার অভিপ্রায়ে জেনারল ডায়ারের অতর্কিত গুলীবর্ষণ। যারা নিরপরাধ তাদেরই প্রাণদণ্ড হলো। ওটার জন্মে ভালো ইংরাজরা সকলেই লচ্জিত। অথচ প্রাণ খুলে ডায়ারকে এভিশাপ দিতেও পরাঙ্ম্থ। তিনি নাকি ইংরেজ মহিলামাত্রেরই মানরক্ষা করার মহৎ উদ্দেশ্য নিয়েই জালিয়ানওয়ালাবাগ মাাসাকার করেছিলেন। এদব কথা তুমি ইতিহাসে পাবে না। এটা অলিধিত এক অধ্যায়। আমিও লিথব না। ইংরেজরা ভয় পেরেছিল ও তার সক্ষত কারণ ছিল এটা সত্য।" বৌদি একথা মানেন।

"ওরা সাক্ষাৎ শয়তান। তবু আমাদের ছ্দিনের মিতা।" বাবলী বলে।
"নারী! নারী।" স্থানদা গন্তীরভাবে মাথা নাড়েন। ''নারীর জন্তেই
লক্ষাকাণ্ড। নারীর জন্তেই কুরুক্ষেত্র। নারীর জন্তেই ট্রের যুদ্ধ। নারীর
জন্তেই জালিয়ান ওয়ালা বাগ ম্যাসাকার। তার থেকে অসহযোগ আন্দোলন।
যার চরম পরিণতি এই 'ভারত ছাড়ো' অভ্যুখান। এখন ক্যারামেলের গায়ে
যেন কেউ হাত না দেয়। দিলে এ রাজস্ব ধ্বংস হয়ে যাবে। তাই নিয়ে
পরে এক মহাকাব্য বা মহা উপত্যাস লেখা হবে। ক্যারামেল হবে তার
নায়িকা।"

"তৃমিও যেমন!" বৌদি পরিহাস করেন। "কেউ জানতে পেলে তোধবংসলীলা শুক্ত করবে? যা কড়া সেনসরশিপ! কাগজে কতটুকু বেরোয়! তুমি কি জানো যে জুলির সঙ্গে যার বিয়ে হবে সেই সৌম্য চৌধুরীর মাথার দাম পাঁচ হাজার টাকা? যে ধরিয়ে দেবে সে পাবে।"

"ও কী! সৌম্য তো কট্টর অহিংদাবাদী। ও কোথায় কবে কী করেছে যে ওর মাথার দাম হবে পাঁচ হাজার টাকা ?" স্বপনদা হকচকিরে যান।

''তা তো জানিনে। থবরটা আমার কানে এসেছে চুম্বক আকারে। বোধ হয় পুলিশ গেজেটে বেরিয়েছে।" বৌদি বতদ্র জানেন। ''তা হলে জুলির বরও নিথেঁ।জ।'' বাবলী ছৃ:খিত হয়ে বলে। অপনদা সংশোধন করেন, ''ভাবী বর।''

"বেচারি জুলি! কবে যে ওর বিয়ের ফুল ফুটবে তা কে বলতে পারে? করেকে ইয়া মরেকে ব্রত নিয়ে বেঁচে থাকাই দায়। আমার ভয়ানক মন কেমন করছে ওর জভো। ঝগড়া করেছি বলে কি আমি ওকে কম ভালোবাসি? মেয়েটা গেল কোথায়? ও তো স্থভাষ বোসের ভক্ত। স্থভাষ বোসে বেমন নিককেশ জুলিও তেমনি নিককেশ। দেশের বাইরে চলে গেছে কি না কে জানে! না যাওয়াই সম্ভব। বরের টানে দেশে থেকে যেতেও পারে।" বাবলী গবেষণা করে।

''বরটাও যদি দেশাস্তরী হয়ে থাকে ? পাঁচ হাজার টাকা যার মাথার দাম সে নিশ্চয়ই সাংঘাতিক কিছু করেছে। নইলে ফেরার হবে কেন! নেপাল। নেপাল! আমার মনে হয় নেপালে গিয়ে ওথান থেকে বিহারে বিদ্রোহ পরিচালনা করছে। শুনেছি বিহারেই ওর আদল বাড়ী।'' স্বপনদার ভাষা।

"যত সব বাজে ভাবনা।" বৌদি এককথায় থারিছ করেন। আত্মগোপন করার পক্ষে কলকাতার মতো জায়গা আর নেই। এমন সব গলি খুঁজি আছে যেথানে সুর্যের আলো পৌছয় না। দিনের বেলাও ব্ল্যাক আউট। এক বাড়ীর ছাদ থেকে আরেক বাড়ীর ছাদে লাফ দেওয়া যায়। পাঁচ হাজার টাকার লোভে পুলিশ কি নিজের প্রাণ বিপন্ন করবে? যদি ওদের হাতে রিভলভার থাকে! এই যুদ্ধের মরস্থমে বিস্তর রিভলভার আমদানী হয়েছে, কালো বাজারে কেনা যায়। জুলির তাতে কোনো অনীহা নেই। ওর ভাবী বরের কথা আলাদা। গান্ধীবাদী বলে শুনেছি। গান্ধীবাদীরা তো আত্মগোপন করে না। এ রহস্ত ভেদ করা কঠিন।" বৌদি নিশ্চিত নন।

''পুলিশও 'মাঞ্চকাল তেমন তৎপর নয়। ওরাও বোঝে ক্ষমতা একদিন কংগ্রেদের হাতেই পড়বে। আর নয়তো বার্মার মতো জাপান পসন্দ দলের হাতে। যুদ্ধের যতদিন না একটা এদ্পার কি ওদ্পার হচ্ছে ওদের ধরা পড়ার সম্ভাবনা খ্বই কম। যদি না দলের লোকেরা কেউ ধরিয়ে দেয়। এই পোড়া দেশে সেটার সম্ভাবনাই বেশী। বক্ধার্মিকের মতো বক্সদেশীতে দেশ ভরে গেছে। থদ্ধের ভেক পরে ঘুরে বেড়ায়।'' স্বপনদা সীনিকের মতো বলেন।

বৌদি প্রতিবাদ করেন। "বকখদেশী তুমি কাদের বলছ? ওরা বে

ৰহাত্মা গান্ধীর পদাতিক সেনা। থাদি ওদের ইউনিফর্ম। লক্ষ্ণ লক্ষ্ণ বিধবা চরকায় স্থতো কেটে তুটো পয়সা পাচ্ছে, হাজার হাজার তাঁতী কাপড় বুনে হু মুঠো ভাত পাচ্ছে। লোকে কম টাকায় মিলের ধূতী শাড়া না কিনে থাদির ধূতী শাড়ী কিনছে। সেইভাবে দেশের জন্মে যে যেটুকু পারে ত্যাগস্বীকার করছে। বিনা প্রেমসে না মিলে নন্দলালা। বিনা ত্যাগদে না মিলে স্বরাজ। এত অধিকসংখ্যক ভারতবাদী এত বেশী ত্যাগস্বীকার কি এর আগে কখনো করেছে? স্থবিধাবাদী আর বিশ্বাসঘাতক কোন্ সৈত্যদলে নেই ? তা বলে ওদের দিয়ে দেশ ভরে গেছে এটা তোমার অত্যুক্তি।"

স্থপনদা বলেন, "সোভিয়েট ইউনিয়নের কমিউনিস্ট পার্টি একটা মন্ত বড়ো গুণ হচ্ছে ওরা নির্মনভাবে পার্জ করে। পার্জ করতে গিয়ে এমন কড়া পার্গেটিভ দেয় যে ময়লার সঙ্গে প্রাণও বেরিয়ে যাঁয়। সেটা অবশ্য মন্ত বড়ো একটা দোষ। আর আমাদের এথানে কংগ্রেসের রীতি হচ্ছে আদৌ পার্জ না করা। পাছে ঠগ বাছতে গাঁ উজাড় হয়।"

বৌদি মেনে নিতে পারেন না। "তুমি যাকে পার্জ বলছ তার নামে মধ্যযুগে ছিল ইনকুইজিশন আর উইচ হাউ। সেইসব জিনিস অহা নামে ফিরে এসেছে। কমিউনিস্ট পার্টি রোমান ক্যাথলিক চার্চের মতোই অসহিষ্ণু। কংগ্রেসও যদি তাই হয় তবে এদেশেও ইনকুইজিশন ও উইচ হাউ শুরু হবে। এরা অবশ্য মান্ত্বকে পৃড়িয়ে মারবে না বা ফায়ারিং স্কোয়াডের সাহায্যে হত্যা করবে না। কিন্তু তার ধোপানাপিত বন্ধ করবে, দানাপানি রোধ করবে। সে গ্রামে টিকতে পারবে না। শহরে পালিয়ে আসবে। সেথানেও আশ্রয় পাবে না। দেশান্তরী হবে। কংগ্রেসকে টোটালিটারিয়ান পার্টি না করে ডেমোক্রাটিক পার্টি হিসাবে বাঁচিয়ে রাখতে হবে। থাক না কিছু দলাদলি। ক্ষমতা নিয়ে কাড়াকাড়ি। সিদ্ধান্ত যেটা হবে সেটা মেজরিটি ভোটেই হবে। কিন্তু মাইনরিটিও থাকবে। তাকেও স্থযোগ দিতে হবে মেজরিটি হয়ে প্র্যার। পার্জ করবে কে কাকে ? কার সে অধিকার আছে ? গায়ের জোরে পার্জ করলে সেটা হবে ভায় নয়, অন্তায়। যারা সামাজিক ভায়ের জন্তে বিপ্লব ঘটিয়েছে ভায়া কী করে বলবে যে এটা অন্তায় নয়, ভায়ে ?"

"শোন, বৌদি," বাবলী এর উত্তর দেয়, "তোমার যুক্তি নির্ভূত। কিছ যাদের ঘরে শত্রু, বাইরে শত্রু, যাদের রাষ্ট্র এখনো মন্তবৃত হয়নি, তারা যদি টের পায় যে তাদের পাটি র ভিতরেই শত্রু, তা হলে তারা প্রতিবিপ্লবের বা অতি- বিপ্লবের ভয়ে কাঁটা বেছে ফেলবেই। যাতে নিক্টক হতে পারে। সোভিরেট কমিউনিন্ট পার্টির পক্ষে যথেষ্ট যুক্তি আছে। মহান ন্টালিন একান্ত সহনশীল। কিছু তাঁর সহনশীলতারও সামা আছে। হত্যার আদেশ যথন তিনি অন্থমোদন করেন তথনকার ফোটো দেখেছ? কী করুণাঘন মুখ! ওটা আপনাকে নিক্টক করার জন্যে নয়, পার্টিকে নিক্টক করার জন্যে, সেইস্ত্রে বিপ্লবক্ষ নিক্টক করার জন্যে, প্রমিকশ্রেণীর একমাত্র রাষ্ট্রকে নিক্টক করার জন্যে, আমাদের পিতৃভূমিকে নিক্টক করার জন্যে। হাসছ যে!

"ভোমাদের পিতৃভূমি শুনে।" বৌদি উপহাস করেন।
"আক্ষরিক অর্থে নয়। প্রতীকী অর্থে।" বাবলী ব্যাখ্যা করে।
"তারপর তোমাদের জনযুদ্ধ কতদুর ?" স্থপনদা প্রশ্ন করেন।

রাইফেল হাতে না পেলে জনযুদ্ধ চলবে কী করে। যোদ্ধারা প্রস্তুত, কিন্তু অস্ত্র কোথায়। ইংরেজদের ধারণা হাতিয়ার হাতে পেলে আমরা জাপানের সঙ্গে না লড়ে ওদের সঙ্গেই লড়ব। বাবলী আক্ষেপ করে।

"সে ধারণা নেহাৎ ভুল নয়, চকোলেট। তোমরা প্রায় সবাই পুরাতন সন্ধাসবাদী। ইংরেজরা তোমাদের বিশাস করবে কেন । আর জাপান তো রাশিরার শক্র নয়। তার বিকন্ধে তো লড়ছে না। তোমরাই বা জাপানের সঙ্গে লড়বে কার স্বার্থে। তোমাদের পিতৃভূমির স্বার্থে নিশ্চয়ই নয়। তা হলে কি রাশিয়ার মিতা ইংলণ্ডের স্বার্থে। না, তাও তো নয়। যদি বলো মাতৃভূমির স্বার্থে তবে কেউ বিশ্বাস করবে না। গোড়া হাসবে।" স্বপনদা কৌতৃক করেন।

"কিন্তু জাপানীরা যে ফাদিট এটা তো সত্য। হিটলার, মুদোলিনী, তোজো এই তিন ফাদিট ডিকটেটরই আমাদের তুশমন। হিটলার ফাটি। হিটলারকে ঢিট করার পর ভোজোর পালা আদবে। ইতিমধ্যে আমাদেরও দক্রির হতে হবে। আমরা প্রোপাগাণ্ডা যুদ্ধ চালিয়ে যাচ্ছি। আ্যান্টিফাদিট প্ল্যাটফর্ম থেকে। প্রত্যেকটি শহরে, প্রত্যেকটি গ্রামে আমরা ছড়িয়ে পড়েছি। দাম্যবাদী হুদমাচার প্রচার করছি। পুঁথিপত্র বিতরণ করছি। মিশনারিদের মতো নামমাত্র দাম নিই। শাস্তির সমন্ত্র হলে ইংরেজ সরকার আমাদের কর্মীদের জেলে পুরত, পুঁথিপত্র বাজেয়াপ্ত করত। যুদ্ধকালে আমরা নিরঙ্কুশ। তুমি যদি চাপ্ত তো বলো, তোমাকে একদেট মার্কদীয় সাহিত্য এনে দেব। মার্কদ, এক্লেল, প্রথানত, লেনিন, গ্রালিন সকলের বই পাবে। কিন্তু উটস্কির নয়, ব্থারিনের নয়।" বাবলী মাথা নাড়ে।

"त्कन, खंदा कि मार्कनवाही ছिल्लन ना " खननहा दखना करतन।

"ছিলেন, কিন্তু পার্টি লাইন মেনে চলেননি। লাইনচ্যুত হয়েছেন।
মার্কসবাদ ইন্টারপ্রেট করবার একমাত্র অধিকারী হচ্ছে সোভিয়েট কমিউনিস্ট পার্টি। যার ফার্স্ট সেক্রেটারি কমরেড স্টালিন।" বাবলী জবাব দেয়।

বৌদি টিপ্পনী কার্টেন, "যেমন গ্রীক অর্থোডকৃস চার্চ', যার প্যাট্টিয়ার্ক বাস করতেন মস্কোতে। অভ্রাস্ত শাস্ত্র, অভ্রাস্ত চার্চ', অভ্রাস্ত প্যাট্টিয়ার্ক। সব ঘূরে ফিরে এসেছে। মানতেই হবে। না মানলে কোতল।"

"আমি হিউমানিট। সব রক্ষ মানবিক ব্যাপারে আমার আগ্রহ। মার্কসবাদী চিন্তাধারাও মানবিক। রোজা লুকসেমবুর্গের বই তোমার কাছে থাকলে দিয়ো। জার্মানীতে তার সেই বিপ্লব সফর হলে সেথানকার পার্টি লাইন অ্যুরক্ম হতো।" স্বপ্নদা মনে করেন।

''যেমন মাটি'ন লুথারের প্রটেস্টাণ্ট চার্চের সাম্প্রণায়িক বিধান।'' বৌদি তুলনা দেন। তাঁর মুখে বাঁকা হাসি।

''রোজা লুকসেমবুর্গকে আমি অশেষ শ্রন্ধা করি। ওঁর বই তো এদেশে নিষিদ্ধ। আমরা যেদব বই আনাই দেদব তো রাশিয়া থেকে। রোজার বই রাশিয়া পাঠাবে না।'' বাবলী অক্ষমতা জানায়।

"তার মানে মার্কস্বাদীরাও বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত। খ্রীস্টান ও ম্সল-মানদের মতো। বৌদ্ধ ও জৈনদের মতো। আমরা লিবারল হিউমানিট্রা গোড়া নই। সব সম্প্রদায়েররই বক্তব্য প্রণিধান করি।" অপনদা বলেন।

''ভালো কথা, তোমাদের লিবারল হিউমানিট ম্যানিফেটোর কী হলো ? মিটিং ভো বদল কয়েকবার।'' বৌদি জানতে চান।

''মিটিং মানে তো ইটিং। নানা মুনির নানা মত। লিবারলদের যত মত তত পথ। প্রত্যেকেই ব্যক্তিস্বাতস্ত্র্যবাদী। যেখানে এত বেশী ব্যক্তিস্বাতস্ত্র্য সেথানে একমৃত হওয়া অসম্ভব। কমিউনিস্টরা গুরুবাদী। মার্কস তাঁদের গুরু। র্যাভিকাল হিউমানিস্ট্রাও গুরুবাদী। মানবেজ্রনাথ রায় তাঁদের গুরু। আমাদের তেমন কোনো গুরু নেই। আমরা গুরুবাদী নই। তর্কাতকি করেই আমরা একমৃত হতে চেষ্টা করি। কোনো কোনো প্রেণ্টে একমৃত হইও। কিছু মোটের উপর নয়।'' স্থপনদা জানান।

এবার বাবলী প্রতিবাদ করে। "ওই যে বললে কমিউনিস্টরা গুরুবাদী গুটা ভোমার ভুল ধারণা, দাদা। ফরাদী বিপ্লবের ব্যর্থতার কারণ অসুধাবন করে মার্কস এমন একটি পদ্ধার নিশানা দিয়ে গেলেন যা অন্থসরণ করে ক্লশ-দেশের কমিউনিন্টরা প্রমাণ করলেন যে মার্কসবাদী বিপ্লব অব্যর্থ। এর মধ্যে শুরুবাদ কোথার? এ তো কলম্বসের আমেরিকা আবিদ্ধারের মতো যুগান্ত-কারী পর্বায়। আমেরিকা পাঁচশো বছর পরে যে শুরে উপনীত হয়েছে রাশিয়া পাঁচশ বছরের মধ্যেই সেই শুরের কাছাকাছি পৌছেছে। মার্কস স্থয় এতটা প্রজ্যাশা করেননি। মার্কসকে যদি শুরু বলতে চাও তো লেনিন হচ্ছেন তাঁর শুরুমারা চেলা। আর স্টালিন লেনিনের চেয়েও এক কাটি সরেশ।''

বৌদি হেদে ফেলেন। ''তা তো হবেনই। শতমারী ভবেৎ বৈছা। স্টালিন তো শত সহজ্ঞমারী। তিনি ধম্বস্তরি।"

"ফরাসী বিপ্লবের ও তার পরবর্তী নেপোলিয়নী আমলের হিসাব নিকাশ করলে দেখবে যে শত সহস্রকেও ছাড়িয়ে যায়। নীট ফল বার্থতা। অপর পক্ষেনীট ফল সার্থকতা। অস্তত এখনপর্যস্ত তাই। রোমানভরা আর কখনো ফিরে আসবেন না, অভিজাতরাও না। বৃর্জোয়ারা ফিরে এলে রুষক শ্রমিকদের দাবিয়ে রাখতে পারবেন না। গণতত্ব প্রবর্তন করলে দেখবেন ওদেরই ভোটের জোর বেশী। ফাসিজম প্রবর্তন করলে গৃহযুদ্ধে বিনষ্ট হবেন। পৃথিবীর অস্তত একটা অংশে চিরকালের মতো বৃর্জোয়াদের যুগ অন্ত গেল। সেখানে এখন নবযুগের স্বর্যোদয়। এক এক করে অক্যান্ত অংশেও স্বর্যোদয় হবে। চীনদেশে তার প্রাভাষ দেখতে পাওয়া যাচ্ছে। মহান লেনিন ভবিয়্রবাণী করে গেছেন বিপ্লব যাবে পিকিং আর কলকাতার পথ দিয়ে প্যারিসে। পিকিং পর্ব সারা হলেই কলকাতা পর্ব। আময়া তার জন্তে কোদাল দিয়ে মাটি কাটছি।" স্বিনয়ের নিবেদন করে বাবলী।

বপনদা ব্যথিত হয়ে বলেন, "ঈশর ওদের ক্ষমা করুন। ওরা জানে না ওরা কী করছে। যে যুগটাকে ওরা শেষ করে দিছে দেটা লিবারল হিউমানিজমের যুগ। এখনো দে যুগের করেকজন শিল্পী ও সাহিত্যিক দেশাস্তরে গিয়ে বেঁচে আছেন ও তাই করে চলেছেন। রাশিয়াতে বনস্পতি বলতে কেউ নেই, থাকলেও নীরব। সেধানে এরও হয়েছেন ক্রম। লেনিনের তবু শিল্পবোধ সাহিত্যবোধ ছিল। স্টালিন তো সে রসে বঞ্চিত। বিশ্ব সাহিত্য ও বিশ্ব শিল্প থেকে রাশিয়ার নাম মুছে গেল। টলস্টার ডাটারেডক্ষি টুর্গেনিড চেকডের উত্তরক্ষী রইল না। তোমরা যদি এদেশে সফল হও তবে আমরাই হব লাস্ট জেনারেশন। তা হলে এখন থেকেই সোয়ান সং লিখতে হয়।"

"मात्रान मः भारत की. तोति ?" वावनी विकामा करत :

"ওদেশে একটা প্রবাদ আছে, রাজহংদের মরণ স্থাসন্ন হলে সে তার স্বস্তিম গীতি শুনিরে দিয়ে মরে। সোহান সং মানে বিদার সন্ধীত। বড়োই করুণ!" বৌদি বুঝিয়ে দেন।

"না, দাদা, তোমাকে আমরা মরতে দেব না, বাঁচিয়ে রাখব। তবে ওই বৃর্জোয়াপসন্দ উপন্থাস লেখা আর চলবে না। শ্রমিকপসন্দ ক্লযকপসন্দ লিখতে হবে। তাতে তোমার লাভও হবে বিশ্বর।" বাবলী অভয় দেয়।

"যাদের জীবনের দক্ষে আমার নিবিড় পরিচয় নেই, যাদের ভাষাও আমি
শিখিনি তাদের মনের মতো উপত্যাদ লেখা কি আমার কর্ম? যার কর্ম তারে
দাজে, অক্য লোকে লাঠি বাজে। পাঠকরা আমাকে লাঠিপেটা করবে।
ময়তে আমাকে হবেই, আক্ষরিক অর্থে না হোক সাহিত্যিক অর্থে। স্ত্রীপাঠ্য
বা শিশুপাঠ্য কাহিনীর মতো শ্রমিকপাঠ্য বা রুষকপাঠ্য কাহিনী লিখে আমি
হয়তো জনপ্রিয় হব. পুরস্কৃতও হতে পারি, কিছু দেটা ছ'দিনেই বাদি হরে
যাবে। তোমরাই মুখ ফিরিয়ে নেবে। তার চেয়ে মানে মানে অপসরণই
ভালো। তুমি আমাকে ভাবিয়ে দিলে, বোন! মস্কোর পরে পিকিং তার
পরে কলকাতা, তার পরে প্যারিদ। তা হলে এখন থেকেই লগুন যাত্রা নয়
কেন ? আরো কিছু দিন সময় পাওয়া যাবে।" স্বপনদা দীপিকাদির দিকে
তাকান।

"ত্মি তো ওদেশে যাবার জন্মে পা বাড়িয়েই রয়েছ। ইংরেজদের সঙ্গে সঙ্গে তুমিও প্রস্থান করবে, দে আমি জানি। কিন্তু আমি আমার এল্ফকে নিয়ে এই দেশেই থেকে যাব।" বৌদি এলফকে কাছে টেনে নেন।

সেও ল্যাজ নেড়ে সম্মতি জানায়। বাবলীর কোল ছাড়ে।

বাবলী অপ্রতিভ হয়ে বলে, "তোমাদের স্থাধর সংসার ভেঙে দিতে আমি আসিনি, বৌদি। এদেশে বিপ্লব কি এখনি হচ্ছে? আগে তো চীনদেশে হোক। তার পূর্ব লক্ষণ দেখা বাচ্ছে মাওংসে-তৃংয়ের নেতৃত্ব। পিকিং এখনো দূর অন্ত। দাদা, তুমি যা লিখতে চাও লিখে যাও। আমরা বাধাও দেব না, ফরমায়েসও করব না। তবে আশা করব যে তোমার মতো শক্তিশালী লেখক বৃর্জোয়াদের অবক্ষয়ী সমাজের বর্ণনার বদলে মহং কিছু লিখবেন, যেটা সমাজের প্রগতিশীল শ্রেণী সানন্দে গ্রহণ করবে। টুর্গেনিভকে তো আমরা খারিজ করিনি। টলস্টরকে তো নয়ই। বাভিল করেছি ভন্টয়েড বিকে।

পাকা প্রতিক্রিয়াশীল। আর চেকভকে। তাঁর হৃদয় ছিল, সেটার অপাত্তে অপচয় করেছেন।"

"শুনছি চেকভের বই আজকাল আবার ছাপা হচ্ছে। সকলের জন্মেই ছিল তাঁর দরদ। মাহুষমাত্রেরই জন্মে।" স্বপনদা আবেগের সঙ্গে বলেন।

হাা, চেকভের নতুন করে ম্ল্যায়ন হচ্ছে। তিনি তো জাত বুর্জোয়া ছিলেন না। তবে ডস্টয়েভ্স্কিবরাবরের মতো বাতিল।" বাবলী যতদূর জানে।

"তা যদি হয় তবে বিখের শ্রেষ্ঠ উপন্থাস পাঠ থেকে তাঁর স্বদেশবাসী বঞ্চিত হবে। আমি 'ব্রাদারস কারামাজভে'র কথা ভেবে বলছি। তুমি যদি না পড়ে থাক তোমার শিক্ষা অসমাপ্ত রয়ে গেছে। কোনো সাহিত্যিককে লেবেল দিয়ে চিহ্নিত করা যায় না। এর পরে ডস্টয়েভ্স্কির দিনও আসবে।" স্বপনদা ভবিশ্ববাণী করেন।

বাবলী এলফকে একটু আদর করে বলে, "যুদ্ধে যদি জিতি প্রেরানিয়া আমরাই দ্বল করব।"

॥ এकूम ॥

পূজার বন্ধে কলকাতা গিয়ে মানদ বিজন বর্ধনের অতিথি হয়। বিজনের গৃহিণী উদিতা জানতে চায় যুখিকা কোথায়। দে আদেনি কেন।

"যুথিকা এখন মহিলা সমিতির ভার নিয়ে হরেক রকম ধান্দায় জড়িয়ে পড়েছে। স্থতো কাটা, তাঁত বোনা থেকে শুক্ত করে হাসপাতালে গিয়ে রোগিণীদের সেবাশুশ্রমার স্বাবস্থা করা। বাচ্চাদের জত্যে ত্থও নিয়ে যায়। তার উপর আছে নিজের বাচ্চাদের শিক্ষাদীক্ষার ভার। আমরা ওদের ইস্ক্লে দিইনি। গভর্নেস রাথারও ক্ষমতা নেই। তা ছাড়া শিক্ষা সংক্ষেও যুথিকার নিক্ষম ধারণা আছে। আধুনিক্তম পদ্ধতিতে শেখায়।"

উদিতা তা শুনে খুব খুশি হয়। সে নিজে এখন মহিলাদের নিয়ে যুদ্ধের কাজে সহায়তা করছে। শীতকালের জত্তে পশমের মোজা গেঞ্জি পুলোভার ও কম্বল বানিয়ে নিয়ে সীমাস্তে পাঠাছে। ছেলেকে দিয়েছে পাহাড়ের মিশনারী ইস্কলে। সংসারের ভার হালকা। বিজন আরো ভারিক্তি হয়েছে। আফিসের কান্দের মধ্যে দিনরাত ভূবে থাকে। বাজে বই পঁড়ে না। বাজে কথা বলে না। পোশাক আসাকের শখ নেই। বাড়ীতে সেই বিলেতের ছাত্রজীবনের মতো গ্রে ফ্র্যানেল টাউজার্স আর ব্লু ব্লেজার কোট পরে থাকে। কী শীত, কী গ্রীম। বন্ধুরা হাসলে বলে, "আমি এখনো ছাত্র।"

কথায় কথায় দট্যাটিষ্টিকদ উদ্ধৃত করে। মজুত থাতের হিদাব দিয়ে বলে, "ফদল ভালো হলেও লোকের থোরাকে টান পড়বে। বিদেশী দৈয়া আমদানী চলেছে, অথচ বার্মা থেকে চাল আমদানী বন্ধ। ঘাটিতি পূরণ হবে কী করে? র্যাশনিং ছাড়া আর কোন উপায় আছে ।"

মানদকে মানতে হয় যে দেটাই একমাত্র উপায়।

আরো একটা ফ্যাক্টর কাজ করছে। সেটা আরো বেশী ভাবনার বিষয়।
দেশে ইণ্ডান্ত্রিয়াল রেভোলিউশন শুরু হয়ে গেছে। জাহাজের অভাবে বিলেড
থেকে যা আমদানী হচ্ছে না তা এদেশেই তৈরি করে নিতে হচ্ছে। কতক
মাল জাহাজ থাকলেও বিলেত থেকে সরবরাহ করতে পারা যেত না। ওদেশের
কলকারথানাগুলো এখন যুদ্ধের উপকরণ নির্মাণে ব্যন্ত। এদেশের পকে এটা
একটা মণ্ডকা। মাড়োয়ারীরা এতকাল কেনাবেচা করেই ক্ষান্ত ছিল। মণ্ডকা
পেয়ে এখন ইণ্ডান্ত্রিয়ালিস্ট হয়ে উঠছে। ইউরোপীয়দের পার্টনার হচ্ছে।
শ্রমিকরাও যে এর হ্রেণা নিচ্ছে না তা নয়। ওদেরও মজুরি বেড়ে যাছে।
ধর্মঘট করবে কোন্ তৃঃথে? তবে, ই্যা, টাকা দিয়ে যদি থাত কিনতে না পায়
তবে পেটের দায়ে ধর্মঘট করবেই। তখন চড়া দামে চাল কিনে মালিকরা
ওদের থাওয়াবেন। গরিবরা না থেয়ে মরবে। ইণ্ডান্ত্রিয়াল রেভোলিউশন
যেদেশেই হয়েছে সেদেশেই থাতে টান পড়েছে। যদি না কৃষির জন্তে যথেষ্ট জমি
থাকে, সার থাকে, পশু থাকে, পশুখাত্য থাকে, মূনিষ থাকে, মূনিষথাত থাকে।
ল্যাণ্ড রিক্র্যাপও চাই। আর নয়তো উপনিবেশ থেকে সন্থায় খাদ্য আমদানি,
উপনিবেশে মাহ্মষ রফতানী।"

মানস এতটা চিস্তা করেনি। "তা হলে তুমি কী করতে বলো? যুদ্ধের আমুষদ্বিক যে সম্ভবত সোশিয়াল রেভোলিউশন এইপর্যন্ত আমি জানতুম। ইণ্ডাপ্রিয়াল রেভোলিউশনও কি আমুষ্টিক ?"

''গত মহাযুদ্ধেও এর লক্ষণ দেখা দিয়েছিল। নইলে টাটা উৎসাহ পেতেন কী করে ? এবার বিড়লাও পাচ্ছেন। আরো অনেকে পাচ্ছেন। এইপুত্তে বে ধনিককুল মাথা তুলছে এরাই ভাবী শাসককুলের পলিসি নির্দেশ করবে।" বিজন মৃত্ হাসে।

''ভাবী শাসককুল মানে কি কংগ্রেস ?" মানস প্রশ্ন করে।

"ৰাংলাদেশে তো নয়। এথানে মুসলিম লীগ ঘাঁটি গেড়ে বসছে। তাকে विना युद्ध हताता यात्व ना। नात नाकिमछेकीतनत चत्त त्रात त्रथत, শমুখেতে প্রসারিত তব বাকালার মানচিত্র। একটার পর একটা মহকুমার মুসলিম মহকুমা অফিদার পাঠানো হচ্ছে আর মানচিত্রে সেই মহকুমার উপর সবুজ নিশান পিন দিয়ে খাঁটা হচ্ছে। এমনি করে মুসলিমপ্রধান মহকুমা-গুলোর বেশীর ভাগই সবুদ্ধ হয়ে গেছে। এর পরে আসছে দ্বেলার পালা। সেটা অত সহজ হবে না। ডিঞ্জিক্ট আসলে রেভিনিউ ডিঞ্জিক্ট। রেভিনিউ না হলে রাঞ্জ চলে না। এটা আকবর বাদশাও ব্রতেন। ইংরেজ লাট-সাহেবরাও বোঝেন। রাজ্যের ব্যাপারে হিন্দুরই যোগ্যতা বেশী। সার মাজিমের ইচ্ছার চেয়ে লাটদাহেবের ইচ্ছাই প্রবল। তা ছাড়া জেলার দায়িত্ব নেবার মতো মুসলিম সিভিলিয়ানই বা ক'জন ? প্রোভিষ্মিয়াল সাভিস থেকে প্রমোশন দেবার সময় জাতধর্মের সঙ্গে সঙ্গে যোগ্যভারও বিচার করতে হয়। প্রমোশনের বেলা সাম্প্রদায়িক অহপাত খাটে না। ব্রিটিশ রাজ তেমন কোনো প্রতিশ্রুতি দেননি। দিলে হিন্দু কর্মচারীদের আহুগত্য হারাবেন। কেন আমি ভূতের মতো খেটে মরব বা মরে ভূত হয়ে যাব, যদি জানি যে আমার উপরওয়ালা হবে আমারই এক অধন্তন অফিনার ্ এরই নাম ব্রিটিশ জাষ্টিন, यांत्र जाता है: (तंजता गरिंज । जात जामता कृष्डक । या वनहिन्म, वाःनारमरन মুসলিম লীগ ঘাঁটি গাড়ছে। ইংরেজরা একটা ভর পর্যন্ত গাড়তে দিচ্ছে। সেটা মহকুমা শুর। সাধারণ নির্বাচনের ফলাফল তো সেই শুরেই নির্বারিত হবে। সাধারণ মান্থবের সঙ্গে মহকুমা হাকিমের নিত্য যোগাযোগ। থানা আর ইউনিয়নগুলো তাঁরেই তদারখে। সার নাজিমের দলটাই জিতবে। জিতে মন্ত্রীমণ্ডল গঠন করবে . কংগ্রেসওয়ালাদের মন্ত্রী হতে কেনই বা ডাকবে, যদি একক সংখ্যাগরিষ্ঠতা থাকে? তবে বাংলাদেশের আইনসভায় ইউরোপীয় ব্লকের ভোট না পেলে একক সংখ্যাগরিষ্ঠতা কোনো পক্ষেরই নয়। অথচ ওরা বদি নিরণেক থাকে মুসলিম মন্ত্রীদের উপরেই বারবার শাসমভার বর্তাবে। মুদলিম লীগ চেষ্টা করবে দব ক'ঞ্চনকে দলে টানতে। कः त्थान मूननिय यनत्छ धक्रमा । तहे। थाकरनहे वा की । कः त्थानन

এখানে কভটুকু চাব্দ । খালি গোলমাল বাধালেই হলো?'' বিজন আশাবাদী নয়।

এরপর গোলমালের প্রসন্ধ ওঠে। মানস চায় তথ্য জানতে।

"মেদিনীপুর জেলায় কংগ্রেস ও ইংরেজ তুই পক্ষই গাছের ডালে ঝুলিছে কাঁদী দিয়েছে। আইনের ধার ধারেনি। একপক্ষ আইন অমাত্ত করলে অপর পক্ষও আইন অমান্য করে। এটা বোধহয় গান্ধীজী জানতেন না।"

মানস তো অবাক। "তৃই পক্ষ বলছ কেন ? কংগ্রেস তো জেলে। আর ইংরেজ নিশ্চয়ই ইংরেজ সিভিলিয়ান নয়।"

"না। এ পক্ষের 'জাতীয় সরকার' আর ও পক্ষের মিলিটারি অফিসার।'
মানছি এর জন্তে কংগ্রেস দায়ী নয়। গভন মেন্টকেও দায়ী করা যায় না।

যুদ্ধকালে মিলিটারি নিরস্কুশ। ওরা সর্বত্র জাপানের পঞ্চম বাহিনী দেখছে।

এই বা কী! বিহারে, যুক্তপ্রদেশে ও অন্ত কোনো কোনো প্রদেশে বা ঘটেছে তা
আরো ভয়কর। দেড়শোটার বেশী পুলিশ স্টেশন ও অন্তান্ত সরকারী ইমারত
আক্রমণ করা হয়েছে। ত্রিশজনের উপর পুলিশ কর্মচারীকে হত্যা করা

হয়েছে। তা ছাড়া আরো কয়েকজন সরকারী কর্মচারী ও সৈনিককেও।

অপর পক্ষও চূড়ান্ত প্রতিশোধ নিয়েছে। গ্রামকে গ্রাম জালিয়ে দিয়েছে।
গ্রামের লোকদের বন্ত পশুর মতো মুগয়া করেছে। আকাশ থেকে প্লেন নেমে
এসে উপর থেকে মেশিন গান চালিয়ে জনতাকে ছত্রভক্ষ করেছে। চাবুক মারা
তো শত শত ক্ষেত্রে হয়েছেই, পাইকারী জরিমানাও আদায় করা হয়েছে কোটি
খানেক টাকার। আন্দোলন এখনো থামেনি। রেল লাইন এখনো তুলে ফেলা
চলেছে, টেলিগ্রাফের তার কাটাও। রান্তা অবরোধ, কালভার্ট ধ্বংস এসব
কর্মও। এটা হলো ইজ্জতের লড়াই। ভারত ব্রিটেনের চেয়ে খাটো নয়।
ব্রিটেনও খাটো হবে না।" বিজন খুলে বলে না সে কোন্ দিকে।

"কী দরকার ছিল এই লড়াইয়ের? যথন জাপান এসে দোরগোড়ায় দাঁড়িয়ে। গান্ধীজীকে আচমকা না গ্রেপ্তার করলে কি এত কাণ্ড হতো? তোমার সহাহত্তি কার প্রতি জানিনে। আমার সহাহত্তি গান্ধানীর প্রতি।" মানস ব্যক্ত করে।

"গান্ধীজীকে গ্রেপ্তার না করে তাঁর দক্ষে কথাবার্তা চালানো উচিত ছিল, একথা অনেকেই বলছেন। রামস্বামী আয়ার তো বড়লাটের শাসনপরিষদ থেকে পদত্যাগই করলেন। কিন্তু আসল ব্যাপারটা হলো এই যে গান্ধীজী গণসভ্যাগ্রহ করবেন বলে মন: বির করেই বড়লাটের সঙ্গে দেখা করতে যেতেন। তিনি ভালো করেই জানতেন যে বড়লাট তাঁকে গণসভ্যাগ্রহ পরিচালনার অন্থমতি দিতেন না। কিংবা তাঁকে খুশি করার জন্মে ক্ষমতা হন্তান্তর করতেন না। প্রোভের মাঝখানে কেউ ঘোড়া বদল করে । যুদ্ধকালে ক্ষমতার হন্তান্তর করে । গান্ধীজীও কি তাঁর যুদ্ধবিরোধী নীতি পরিভ্যাগ করতেন । কংগ্রেস ক্ষমতার আসনে বসলেও তিনি তাঁর যুদ্ধবিরোধী নীতি অন্থসরণ করে যেতেন। ফলে কংগ্রেসও তাই করত। যতদিন না কংগ্রেসের সঙ্গে তাঁর বিচ্ছেদ্দ ঘটছে ততদিন গান্ধীই কংগ্রেস আর কংগ্রেসই গান্ধী। বড়লাট এটা মর্মে মর্মে বোঝেন। বুথা সময় বাইরে দিয়ে বামপন্থীদের আন্ধারা দিলে পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যেত, বড়লাটের যেমন গান্ধীজীরও তেমনি। বামপন্থীদের একভাগ আবার জাপানভক্ত। যেন জাপানীরা ভারতমিত্র। আর ইংরেজরা ভারতবৈরী। এ ধারণা সম্পূর্ণ একপেশে। নিজেদের এই তুদিনে ইংরেজরা কেউ ভারতীয়দের শক্রু করতে চায় না। ভারতীয়রাও কেউ বিশ্বাস করে না যে জাপানী আক্রমণ ভারতের জওয়ানরা ব্রিটিশ অফিসারদের সহায়তা বিনা কথতে পারবে।" বিজন যতদূর বোঝে।

"এই ট্রাজেডীর একটা অক এখনো বাকী। গান্ধীজীর অনশনে দেহত্যাগ। ফলে ব্রিটেনের সঙ্গে ভারতের চিরবিচ্ছেদ। চিরশক্রতা।" মানস কাতরস্বরে বলে।

"জোন অভ্ আর্ককে পুড়িয়ে মারার দক্ষন ফরাসীরা ইংরেজদের কোনো দিন ক্ষমা করেনি। করবেও না। অথচ জার্মানদের সঙ্গে যুদ্ধের বেলা ওরা পরস্পারের মিত্র। গরজ বড়ো বালাই। তেমন গরজ আজকের দিনে যেমন ইংরেজদের তেমনি ভারতীয়দেরও। কে জানে আবার এ রক্ম হতে পারে।" বিজন বান্তব্যাদী।

ভাবীকালেব মুখ চেয়ে হুই পক্ষেরই কর্তব্য এ ট্যাজেডী নিবারণ করা। এখনো সময় জঃছে। কিছু বেশীদিন নয়।" মানস আশক্ষা করে।

"সেটা তোমার আমার সাধ্য নয়। আমি অর্থনীতি বৃঝি, রাজনীতি বৃঝিনে। আর তুমি তো সাহিত্যিক, রাজনীতির কী বোঝা চড়া স্টেক রেখে ব্রিহ্ম খেলা চলেছে। ইংরেজে কংগ্রেসে।" বিজন শেষ কথা ভানিয়ে দেয়।

যুথিকা মানসকে বলে দিয়েছিল উদিতাকে জিল্পাসা করতে ঝরনার খবর

কী। যদি তার জানা থাকে। তা তনে উদিতা বলে, ''আমার বোন দবিতার থবর জানিনে। ঝারনার থবর জানব কী করে? তবে থারাপ থবর হলে দরকার থেকেই জানিয়ে দিত। ৰাড়ীতে টাকা আদা বদ্ধ হয়ে যেত।"

কথায় বলে, নো নিউজ ইজ গুড নিউজ। তা হলেও আত্মীয় স্বজনের বন্ধুবান্ধবের মন মানে না। কতরকম বিপত্তি আছে মাহুষের জীবনে। বিশেষ করে মেয়েমাহুষের জীবনে। কেন যে ওরা ওয়াকি হতে গেল! তখন কি জানত যে জাপানীদের কবলে পড়বে ?" মানস উদ্বেগ প্রকাশ করে।

"আমাদের সবিতার জন্তে আমরাও কি কম ভাবছি? কিন্তু ভেবে এর কোনো কুলকিনারা নেই। যুদ্ধ যতদিন না শেষ হচ্ছে ততদিন প্রকৃত সত্য কেউ জানতেও পাবে না, জানাতেও পারবে না। রেড ক্রসও নাচার। সেই যে একটা কথা আছে, টু,থ ইজ অ ফার্স্ট ক্যাজ্যালটি ইন ওয়ার। সবিতাকে আমরা ভগবানের হাতে সঁপে দিয়েছি। স্বাই ওকে ওয়ানিং দিয়েছিল। ও নাছোড্বালা। আমার অমুমান বারনারও তেমনি জেদ।" উদিতা চোথ ফিরিয়ে নিয়ে চোথের জল মোডে।

পরের দিন মানস স্থপনদার ওথানে হাজিরা দেয়। উনি মহাবিরক্ত হন দে ওঁর ওথানে ওঠেনি বলে।

"ভ্যাকেশন জজ হয়ে এদেছি। বিজনের ওথানে টেনিসকোর্ট আছে, র্যাকেট আছে। কাজে লাগবে। তা ছাড়া ওর সঙ্গে আমার আগে থেকে এনগেজমেণ্ট ছিল। আমাদের সতীর্থদের সঙ্গে আমরা একসঙ্গে বধব ও কর্তব্য স্থির করব। ইংরেজরা যদি সভ্যি সভ্যি ভারত ছাড়ে আমাদের কর্তব্য কী হবে।" মানস কৈফিয়ৎ দেয়।

"সেটা ভাববার সময় এসেছে। কংগ্রেসের চোথে ভোমরাও ত্শমন। কত লোককে জেলে দিয়েছ। শুনতে পাই মারধোরও করেছ। আর মুসলিম লীগ তো মুসলিম না হলে চাকরিতে রাখবে না। তবে ইংরেজ তোমাদের বিদর্জন দিয়ে যাবে না। সঙ্গে নিয়ে যাবে। যেমন বার্মা থেকে তোমাদের বেরাদরদের সঙ্গে নিয়ে এসেছে।" স্থপনদা আশাদ দেন।

"সেটা কিন্তু আমার পছন্দ নয়। আমার সাহিত্যের কাজের ক্ষতি হবে। যাকে রাথো সেই রাথে। সাহিত্যকে যদি রাখি সাহিত্যই আমাকে রাথবে। তবু জানতে চাই অন্তেরা কী ভাবছে।" মানস উৎস্ক। বৌদি এসে যুথিকার কথা জিজ্ঞাসা করেন। ওর সঙ্গে তো তাঁর দেখাই হলোনা। কবে হবে ?

"সবই অনিশ্চিত। ইংরেজরা যদি বাংলাদেশ থেকে আরো পশ্চিমে যায় আমাদেরও পশ্চিমম্থো হডে হবে। পূবম্থো হবার সম্ভাবনা কম। নইবে বলতুম বদলীর সময় দেখা হবে।" মানস উত্তর দেয়।

"আমার মনে হয় জাপানীরা ভারতে আসবে না। ওরা বার্মা দখল করেই দাঁড়ি টানবে। লাইন অভ্ কমিউনিকেশনস বাড়িয়ে ওরা মৃশকিলে পড়বে। না পারবে বজার রাখতে, না পিছু হটতে। ওই বার্মা পর্যন্তই ওদের দৌড়। তবে বোমাবর্ষণের আশকা রয়েছে।" স্বপনদা দরজা জানালার কাঁচ কালো করে দিয়েছেন। পেছনের বাগানে গর্ডও খুঁড়েছেন। ওটা হবে তার শেলটার।

"তুমি যা বলছ সেটাই যুক্তিসক্ষত। দীমাস্ত থেকে কেউ যদি আসত তার স্কে কথা বলে নিশ্চিম্ভ হতুম।" মানসের কলকাতা আসার সেটাও একটা উদ্দেশ্য।

স্থপনদা হঠাৎ প্রশ্ন করেন, "আচ্ছা, ভোমার বন্ধু দৌম্য চৌধুরী এমন কী করেছে যে ওর মাথার দাম নাকি পাঁচ হাজার টাকা ?"

় মানস তা ওনে হতবাক। সে বৌদির দিকে ডাকায়। তিনি বলেন, "কে জানে কতদুর সত্য ? বাবলীও তো শোনা কথা ওনিয়েছে।"

"কী ভয়ক্কর কণা। সৌম্যদার মতো অহিংসাবাদীর মাথার দাম এত! আমার তো বিশ্বাস হয় না। আর কোনো সৌম্য চৌধুরী হবে। বাবলী কি ঠিক জানে কোন সৌম্য চৌধুরী ?" মানস জেরা করে।

"নোটিফিকেশনে ওর আশ্রমের নামও ছিল। শহরের নামও ছিল। অমন একজন মার্কামারা ফুদ্বিরোধীকে ওরা সহজে রেহাই দেবে না। গান্ধীকে যদি বন্দী করতে শারে তো ওকেই বা করতে চাইবে না কেন। ধরা না দিলে ধরতে না চাইবেই বা কেন। তা বলে পাঁচ হাজার টাকা। টাকাটা খ্ব বেশী দেখেই সন্দেহ হচ্ছে।" স্থানদা মুখ ফুটে বলেন না কিসের জল্যে সন্দেহ।

"বিজনের ওথানে ফিরে বাবার পর মানস সোদপুরে টেলিফোন করে জানতে চায় সৌম্য চৌধুরী এখন কোথায়।

"জানি, কিছ বলব না।" বিনি বলেন তিনি ছেরছ নৈত্রের মডো গডাডাবী। 'প্রিয়তম জনকেও বলা বারণ। দরা করে কমা করবেন।" মানস ব্ঝতে পারে এই সৌম্য চৌধুরী সেই সৌম্য চৌধুরী। কিন্তু কেন ভার মাথার দাম পাঁচ হাজার টাকা। এ প্রশ্ন কাকেই বা করবে ? কেই বা উত্তর দেবে ? সোদপুরের বিভীয় হেরম্বচন্দ্র কথনো নয়।

শেই ভদ্রলোকই বোধহয় মানদের কলকাতায় অবস্থানের থবরটা যথাখানে পৌছে দেন। মানদের নামে একটা চিরকুট আসে। "সন্ধ্যার পর বাড়ীর বাইরে রান্তার অন্ধকারে দেখা হবে।" স্বাক্ষর নেই। কিন্তু হাতের লেখা থেকে মালুম হয় কে লিখেছে।

র্যাক আউট। রান্তায় আলো নেই। মাথার উপরে চাঁদের আলোও
না। কৃষ্ণ পক্ষ। লোক চলাচল খুবই কম। মুথ দেখে চেনা যায় না মান্ত্রটা
কে। টর্চ জ্ঞালাবার স্বাধীনতা নেই। রাম বলে যাকে আন্দাজ করলে সে
হয়তো যত্ব। মোটর ত্টো একটা আদাযাওয়া করছে, তাদের হেড লাইট
কালিমাখা। গতি মন্তর।

বাড়ীর বাইরে ফুটপাথের উপর পায়চারি করছিল মানস। অন্ধকারে পিঠের উপর কে হাত রাখে। পেছন ফিরে মানস দেখে আলখাল্লা পরা এক বাউল কি ফকির। ''কে আপনি? কী চান?'' এই বলে পকেট থেকে টাকা বার করে। তার মাথায় আদে না যে 'ওটা ছন্মবেশ।

''বাব্যশায়, আমরা ভিক্ষা নিইনে। গান শুনিয়ে পুরস্কার নিই। অধমের নাম ভজহরি দাস।'' বলে বাউল তার একতারায় টং টাং করে।

কণ্ঠস্বর থেকে মানস চিনতে পারে। হুধায়, "সৌম্যদা ?"

"চুপ! চুপ! কেউ শুনতে পেলে ধরিয়ে দিয়ে পাঁচ হাজার টাকা ইনাম পাবে। তাতে আমার কাজের ক্ষতি হবে।" সৌম্য বলে।

''কিন্তু তুমি এমন কী করেছ যে তোমার মাথার দাম পাঁচ হাজার টাকা? তুমি তো সন্ত্রাসবাদী নও।'' মানস আশ্চর্য হয়।

"অত জোরে নয়। চুপি চুপি কথা বলো। আমি সন্ত্রাসবাদী নই বলে কি একেবারে ক্লীব ? ইংরেজরা বলে, ইভ্ন আ ওয়ার্ম টান স। এমন কি একটা পোকাও ঘুরে দাঁড়ায়। আমরা কি পোকারও অধম ? বাঙালীরা বলে, রাজায় রাজায় যুদ্ধ হয়, উল্থড়ের প্রাণ যায়। আমরা অহিংসাবাদী বলে উল্থড়ের মতো প্রাণে মরতে চাইনে। কিংবা প্রাণ নিয়ে পালাতেও চাইনে। ছুটোই ধারাপ। আমরা বান্ধিক অহিংসাবাদী। ইভিলের সঙ্গে আমাদের বন্ধ।"

''কিন্তু এই তো তুমি নিজেই পালিয়ে বেড়াচ্ছ।'' মানদ মন্তব্য করে।

"আগে তো সবটা শোন। আমরা উল্থড় হব না বলে দ্বির করেছি যে রাজায় রাজায় যুদ্ধ বাধতেই দেব না। ইংরেজরা যদি জাপানীদের দিকে এগিয়ে আসে তা হলেই তো সংঘর্ষ বাধবে। আমরা ওদের মাঝধানকার পথঘাট ধ্বংস করব। রেল লাইন উপড়ে দেলব, সড়কের পুল উড়িয়ে দেব, গাছের ওঁড়িকেটে রাস্তার উপর পাতব। যোগাযোগের উপায় রাথব না। টেলিগ্রাফের তার কাটব। মাঝখানকার অঞ্চলটা হবে নিরপেক অঞ্চল। কেউ বলতে পারবে না যে আমরা জাপানের পক্ষে বা ইংরেজের বিপক্ষে। দেশটা আমাদের, ওদের কারো নয়। ইংরেজদের কে ডাকছে দেশরক্ষা করতে? জাপানীদের কে ডাকছে দেশকে মৃক্ত করতে? উলুখড়ই আপনি আপনাকে রক্ষা করবে, মৃক্ত করবে। ভারত থেকে হাত সরাও। হ্যাওস অফ ইণ্ডিয়া।" বাউলের মুখে ইংরেজী।

মানস হতচকিত হয়। ''এই কি তোমার অহিংসা ?''

"কেন্য আমি কি একটিও প্রাণীর গায়ে হাত দিচ্ছি থ রেল লাইন নিজীব। নদীর পুলও নিজীব। পরে আমরা ওসব যেমনকে তেমন করে দেব। লোকদান যা হবে তা ভারতের। ব্রিটেনের বা জাপানের নয়। নেপোলিয়নের আক্রমণের সময় মস্কোর লোক শহর পুড়িয়ে দিয়েছিল। ক্ষতি ষা হলো তা রাশিয়ার। ফ্রান্সের নয়। আমরাও বাধ্য হলে স্কর্চড আর্থ পলিসি অনুসরণ করব। সেটাও হিংসাত্মক নয়। কোনোরকম প্রতিরোধ না করে পলায়ন করা অহিংসা নয়। কাপুরুষতার চেয়ে হিংসাও শ্রেয়। ভারতের ইতিহাসে এই প্রথমবার দেখা যাবে যে ভারতের জনগণ উলুখড় নয়। তাদেরও পৌরুষ আছে। আমার কাজ হচ্ছে তাদের স্থপথে চালিত করা। সেটা করতে গিয়ে আমি কতাাদের বিষ নজরে পড়ি। আমায় নামে পরোয়ানা ও ন্থলিয়া বেরোয়। এবার আমাদের পলিসি নয় কারাবরণ। তাই আমাকে কলকাতায় চনে আদতে হয়। এইখান থেকেই আমি আমার সহক্ষী দের নির্দেশ দিই। তারাও আনে নির্দেশ নিতে। আপাতত আমি আসাম প্রান্তের ভার পেয়েছি। আসামে আমাদের কার্ষকলাপ চলেছে। কলকাতা থেকেই স্থবিধের। কলকাতাই পূর্ব ভারতের প্রাণকেক্স। ভবে মাঝে মাঝে সশরীরে আসামেও যেতে হবে। ছল্পবেশে ও ছল্পনামে। অসমীয়া ভাষা শিখছি। অ'মোর আপোনার দেশ! অ'মোর চিকুণি দেশ!" এই বলে বাউল গান ধরে।

"জুলিও কি এইদৰ করছে ? দে এখন কোথায় ?" মানদ স্থায়।

"কলকাতাতেই। কিন্তু তার ঠিকানা প্রতি দিন বদলায়। কোথাও বিরাত্তিবাদ করে না। ওর সঙ্গে আমার যোগাযোগ নেই। এদের প্রোগাম আলাদা। কালেভদ্রে দেখা হয়। ওর সঙ্গিনীদের নিয়েও আজকাল বোরখা পরে বেড়ায়। ওরও ছন্মবেশ ও ছন্মনাম। ওর কার্যকলাপ সম্বন্ধে তোমাকে কিছু বলতে পারব না। আমি নিজেও জানিনে।" সৌম্য এইবার অদৃশ্র হয়ে যায়।

যুথিকা পই পই করে বলে দিয়েছিল যেমন করে হোক জুলির নিরাপত্তার খবর আনতে। সৌম্যদার উত্তরে সন্তুষ্ট না হয়ে সে যায় জুলির মায়ের সঙ্গে দেখা করতে। বলে, "জুলির জত্তো যুখী উদ্বিগ্ন। আপনার মেয়ে ভালো আছে তো?"

''আমার মেয়ে? আমার মেয়ে কাকে বলছ, মানস?'' তিনি অভিমানে ফেটে পড়েন। ''আমার দক্ষে ওর কতটুকু সম্পর্ক ? বাড়ী আদে না, চিঠি লেথে বা, টেলিফোন করে না, কারো হাতে থবর পাঠায় না। টোটাল ব্ল্যাক আউট। ও যে কাদের দঙ্গে মেশে, কোথায় থাকে, কী দব কাও করে এদব প্রশ্লের উত্তর জানতে হলে ইলিসিয়াম রো'তে গিয়ে গোয়েন্দা অফিসারের সঙ্গে গোপনে দাক্ষাৎ করতে হয়। জুলি ভাবছে ডুবে ডুবে জল থেলে শিবের বাবাও টের পাবে না। কিন্তু বাবারও বাবা আছে। গোয়েন্দা দফতর সব থবর রাথে। ওদেরও মহিলা গুপ্তচর আছে। তারাও বোরখা পরে ঘুরে বেড়ায়। কিন্ত জুলিকে গ্রেপ্তার করা ওদের পলিসি নয়। ওর ভগ্নীপতি স্ট্যাপ্তিং কাউন্সেল, জানো নিত্য। পুলিশ কতাদের দক্ষে তাঁর দহরম মহরম। ওদের কৌশল एटक क्लिक ना धरत अत मरलत नवारेक धरत चारेक कता। जा राल क्लि একেবারে একলা হয়ে পড়বে। এ বাবা ব্রিটিশ সরকার। ছল, বল, কৌশল তিনটে পদ্ধতিতে হুরস্ত। তার উপর আরো এক পদ্ধতিতে ওস্তাদ। ভোজের বা नाट्य निमञ्जन। नार्टेंड्यन त्थरक जामात नात्म विक्रि जामत्व, गांड़ी जामत्व, পদস্থ কর্মচারী আসবেন। স্বয়ং লাটগৃহিণী আমাকে অমুরোধ করবেন আমার অবুঝ মেয়েকে বোঝাতে যে ইংরেজ ও মার্কিন দৈল যারা এদেছে তারা বিভিন্ন পেশায় নিযুক্ত ছিল, যে যার নিজের পেশায় ফিরে যাবে। কেউ এদেশে शांकरव ना। आत्र रमभीत्र रिमनिकरमृत श्रामाणित गांना वार्षा हरात्रहा, বর্ণবৈষম্য দূর হয়েছে, স্থযোগ স্থবিধে দকলের সমান। কেনই বা ভারা

"কিন্তু ওর সঙ্গে আপনার যোগাযোগ হচ্ছে কোথায় যে আপনি ওকে বোঝাবেন ? আপনি কি ওর ঠিকানা জানেন, মাসিমা ?" মানস স্থায়।

"সীকেট এজেটর। জানে। ম্সলমানী সেজে কলকাতা শহরের সর্বত্ত্র
আত্মগোপন করা যায় না। এটা হিন্দুপ্রধান শহর। ম্সলিম মহলাগুলো
চিক্ষনি দিয়ে আঁচড়িয়ে ওকে আবিকার করা শক্ত নয়। ও পড়বেই ধরা
একদিন। কিছ ওর দলের আর সকলের আগে নয়। ওটাই সরকারী
পলিদি। হয়তো তার দরকারই হবে না। ও নিজেই হৃদয়ক্ষম করবে যে
ইংরেজকে যুদ্ধকালে নড়ানো যাবে না। বাবলী বলে ওর এক বাছবী আছে,
সে কমিউনিস্ট। এই নিয়ে বাবলীর সঙ্গে জুলির আড়ি হয়ে গেছে। আমি
তো মনে করি বাবলীর থীসিসটাই ঠিক, জুলিরটা ভূল। জুলি যেদিন নিজের
ভূল ব্বাতে পারবে সেদিন ওর এই অক্সাতবাস সমাপ্ত হবে।" ওর মা ততদিন
ধৈর্য ধরবেন।

"আপনি আর উবিগ্ন নন তো ।" মানস বাজিয়ে দেখে।

"হব না? কোথায় রাভ কাটাচ্ছে, কাদের সঙ্গে মিশছে, স্থস্থ আছে না অস্থ্য হয়েছে এসৰ ভাবনা কি আমাকে একটি মৃহত ও ছেড়েছে ? ও মেয়েটা হয়েছে আমার গেঁটে বাত। গেঁটে বাত কেমন কট দেয়, জানো তো? তবে

আমি একটা বিষয়ে নিশ্চিম্ব। পুলিশ ওকে ঘাঁটাবে না। পুলিশেরও ভো ভয়ভর আছে। গুপ্তচরের কথায় বিশাস করে যদি জুলি বলে অন্ত কোনো মুসলিম মহিলাকে গ্রেপ্তার করে তা হলে সার নাজিমউদ্দীন ওদের চাকরি খাবেন। আব সার নাজিম যদি ওদেব চাকরি নাখান তো তাঁর নিজের দলের লোক তাঁর উজিরী খাবে। বোরথার একটা মন্ত বড়ো স্থবিধে কেউ গায়ে হাত দিতে সাহস পাবে না। বোরখাব আড়ালে ছুরি ছোরাও থাকতে পারে। জুলির হাতে রিভলভার থাকে। দে যদি গুলী করে মারে তার শাফাই হবে তাকে ধর্ষণ করতে উত্তত হয়েছিল সেই পুরুষ, যাকে সে গুলী করেছে। জুলির ভয়ডর নেই, কোনোদিনই ছিল না। ও যে রিভলভার গায়েব করে ডিটেন হযেছিল দে ইতিহাস নিশ্চয়ই শুনেছ। সাফাই দিয়েছিল যে রিভলভারটা আর কেউ ওর ঘরে ঢুকে লুকিয়ে রেখেছিল। ওর দলের চেলেরা ওর হাতে রিভলভাব দিয়ে বলেছে আত্মরক্ষার জন্মে দরকার হলে পুলিশকে গুলী করতে, আর নয়তো নিজেকে গুলী করতে। ওই জিনিসটাকে আমি ভয় করি। হাজার হোক, বেবী তো। ওর কি পরিণামচিন্তা আচে ? যা বলছিলুম, পুরুষ পুলিশ ওর কাছে ঘেঁষতে দাহদ পাবে না। মহিলা পুলেশ কোথায় যে ওকে পাকড়াবে ? বাইরে থেকে আনাতে হবে। যদি সে গুনী থেতে সাহস পায়। কিন্তু জুলিকে পাকডাতে গিয়ে আয়েষাকে বা ফতেমাকে পাকভালে মুদলিম জনতার হাতে নিজেই পিটুনি থেয়ে মরবে।" মিদেদ দিন্হা খুব একচোট হাদেন।

মানস অতটা আশাবাদী নয়। ফাঁদ পেতে গ্রেন্থার করার ঘটনা সে তার কর্মজীবনে দের শুনেছে। পুলিশ তাতে সিদ্ধহন্ত। জুলি একদিন ফাঁদে পড়বেই। আর ওর মায়ের ওটা একটা দিবাশ্বপ্র যে লাটভবন থেকে তাঁকে নিমন্ত্রণ জানাতে চিঠি আসবে, নিয়ে যেতে গাড়ী আসবে, পদশ্ব অফিসার আসবেন। দিবাশ্বপ্র যদি তাঁকে শান্তি দেয় তো স্বপ্রভন্ন করতে যাওয়া কেন? সে আশাসদিয়ে বলে, "এই আন্দোলনটা জাের কদমে বেশীদিন চলবে না. চলতে পারে না। জাপানীরা না এলে তাে জুলির উৎসাহ জল হয়ে যাবে। বামপন্থীরা স্বতন্ত্রভাবে লডবার মতে। শক্তিমান নয়। ওরা লড়ে যথন কংগ্রেস লড়ে। কংগ্রেস ইতিমধ্যে চূড়ান্ত করেছে, তা সত্ত্বেও সরকারকে হটাতে পারেনি। আন্দোলনটা আবার জমতে পারে যদি জাপান সতিয় সতিয় আক্রমণ করে। কিন্তু আর কবে করবে। এর মধ্যে ইংরেজরাও তৈরি হয়েছে। ওই

বার্মাবিজয়ই জাপানের দিক থেকে চ্ড়াস্ত। ক্সুলি একদিন বাড়ী ফিরে আসবে, মাসিমা। সেটার খুব বেশী দেল্লি নেই। তবে এখানের তার ধরা পড়ার সম্ভাবনা রয়েছে। চেটা করবেন যাতে ওর বিচার মিলিটারি ট্রাইবিউনালে না হয়ে আমাদের কারো কোটে হয়।

॥ वाहेश ॥

স্থানদা চায়ের নিমন্ত্রণ করেছিলেন। মানস গিয়ে দেখে সেটি রীতিমতো একটি চা চক্র। মীর সাহেব ছিলেন আর ছিলেন স্থবিনয় তালুকদার, ইক্তজিৎ রাহা, আদিত্য বর্মণ। মহিলারা অন্ত ঘরে। এল্ফ এ ঘর ও ঘর করছিল। যেখানে যা পাবে সেখানে তা খাবে।

"আপনারা পাঁচজনে মিলে কিসের চক্রাস্ত করছেন ?" মানস মীর সাহেবের দিকে তাকিয়ে জিজ্ঞাসা করে।

"চক্রান্ত কি কেউ জজ ম্যাজিস্টেটের কাছে ফাঁস করে দেয়? ফাঁসী হয়ে যাবে না?'' মীর সাহেবও রঙ্গ করেন।

"উকীল ব্যারিস্টাররা আছেন কী করতে? তাঁরা বাঁচিয়ে দেবেন না? নির্ভয়ে বলুন।" মানস অভয় দেয়।

স্থানদা থেই ধরেন, আমিই বলছিলুম, "এঁরা শুনছিলেন। বিশ্বের মানচিত্রথানা তোমার দামনেই রয়েছে। একবার চোথ বুলিয়ে নাও। লিবারল বলে
গৌরব করতে পারে এমন একটিও দেশ কি আছে। হয়তো স্থইডেন কি
স্থইউজারল্যাগু। এই যুদ্ধ কাউকে লিবারল হতে দিছে না। মুথে লিবারল
হলে কী হবে, কাজে স্বৈরাচারী। যুদ্ধ জিততে হবে, তাই যুদ্ধের প্রয়োজনে
কর্তার ইচ্ছায় কর্ম করতে হবে। তফাংটা এই যে কর্তা অর্থেকটা সত্য
হাতে রেথে বাকী অর্থেক প্রকাশ করেন ঠার দেশের পালামেনেটর বা কংগ্রেদের
কাছে। নিজের মন্ত্রীদের কাছেও যে ভেঙে বলেন তাও নয়। এদেশের
ব্যাপারও তেমনি। বড়লাট যা জানেন জঙ্গীলাট ভিন্ন আর কেউ তা জানেন
না। এমনও হতে পারে যে জঙ্গীলাটই জানেন, বড়লাট জানেন না। ত্রুনেই
ছিল্ল এক্সেলেন্সী। একজনের হাতে সিভিল পাওয়ার, অপ্রজনের হাতে

মিলিটারি পাওয়ার। সরাসরি লণ্ডনের সঙ্গে কারবার। এই ব্যবস্থা দীর্ঘ কাল ধরে কাজ দিয়েছে। তবে মাঝে মাঝে থিটিমিটি বেধেছে। কিচেনার কার্জনকে মানবেন না। উপরওয়ালারা কিচেনারের পক্ষে। কার্জন পদত্যাগ করে দেশে ফিরে যান। তবু তো সে যুগটা লিবারল ছিল। যুগের প্রভাব বৈরজন্ত্রী জার্মানীর উপরে, রাশিয়ার উপরেও পড়েছিল। কাইজারের পতনের পরে জার্মানী গণতন্ত্রী হলো বটে, কিন্তু রাশিয়া তা হলো না। আর জার্মানীও নাৎসীদের পালায় পড়ে বিগুণ বৈরজন্ত্রী বনে গেল। ত্থথের সঙ্গে লক্ষ করছি এবারকার মহাযুদ্দে গুরুতর সিদ্ধান্তগুলো একা একা নিচ্ছেন চার্চিল আর ফজভেন্ট। আর সকলে একের পিঠে শৃত্য। অপোজিশন বলতে বিশেষ কিছু নেই। ব্যক্তিগতভাবে লিবারল অবশ্যই কতক লোক আছেন, কিন্তু সমষ্টিগতভাবে দেশকে দেশ নির্বিসরে ও নির্বিবেকে একছেত্রাধীন। আমার তো মনে হয় লিবারল যুগটাই অন্তাচলে গেছে। 'ফিরিবে না, ফিরিবে না দে গৌরবশনী। অন্তাচলবাদিনী উর্বশী।" স্বপনদার কণ্ঠন্বর ক্ষীণ হয়ে আসে। তিনি দীর্ঘ শাস ফেলেন।

ত। হলে আমদের লিবারল হিউমানিজমের সার্থকতা কী ? ভবিয়ৎ কী ? কাদের জন্মে আমরা ম্যানিফেন্টো রচনা করব ?" মীর দাহেব প্রধান।

"নাংসীরা যদি হারে তা হলে আশা আছে বইকি। কিন্তু নাংসীরা যদি হারে কমিউনিস্টরাও তো জিতবে। গোটা জার্মানী লাল হয়ে যাবে। তারপর গোটা ইউরোপ। সব লাল হো জায়েগা।" তালুকদার বলেন।

"পেইজন্মেই তে। আমি কোনো পক্ষের হার চাইনে। নাৎদীরা ফিরে যাক জার্মানীতে। কমিউনিন্টরা তাদের নিজেদের এলাকার বাইরে গিয়ে বিপ্লব না ঘটাক।" অপনদা ফতোয়া দেন।

"সেটা যদি সম্ভব হতো এ যুদ্ধ আদৌ বাধত না। যুল কারণটা এই যে উভয় পক্ষই সম্প্রদারণ চায়। তার জন্তে একপক্ষ যাবে পূব মুখে, অপরপক্ষ পশ্চিম মুখে। সংঘ্য অনিবার্য। নাংসীরা যদি পূব থেকে হটে গিয়ে পশ্চিমে চড়াও হয় আর ফ্রান্সের কাছ থেকে আলসাস লোরেন কেড়ে নেয় তা হলেও সংঘাত অনিবার্য। সম্প্রদারণই ওদের ধর্ম। বৃহত্তর জার্মানীই ওদের স্বপ্ন। ওদের হারিয়ে না দিলে ওদের প্রতিবেশীরা স্বাই একে একে হারবে। সেইজন্তে চাচিলে ন্টালিনে কোলাকুলি হচ্ছে। ষেটা ছিল কল্পনার অতীত। এটা কিন্তু ক্যাণিটালিন্টের সঙ্গে ক্যিউনিন্টের কোলাকুলি নয়। থীসিস আর

জ্যাণ্টিথীসিস মিলে সীম্থেসিস নয়। তার অনেক দেরি।'' রাহা শ্বরণ করিয়ে দেন।

স্বপনদা স্বীকার করেন যে এটা প্রেমের আলিঙ্গন নয়। তা বলে এ কী প্রান্থ কাণ্ড চলেছে স্টালিনগ্রাডে! মান্ত্য মরছে লাখে লাখে। মত বড়ে। যুদ্ধ কী আর কোথাও কখনো হয়েছে ? কুরুক্ষেত্র তো ঐতিহাদিক নয়।

"আমি কিন্তু মনে করি কুরুক্ষেত্র নিছক পৌরাণিক নয়। কুরু পাঞ্চালের যুক্তই কুরু পাগুবের বলে বণিত হয়েছে। বর্ণনাটা অক্ষরে অক্ষরে সভ্য নাইলেও পুরোপুরি কবিকল্পনা নয়। মহাভারতের চরিত্রগুলি আশ্চর্য রক্ষর বাস্তবাহৃগ। কেউ আদর্শ পুরুষ বা আদর্শ রমণী নয়। স্বয়ং শ্রীকুষ্ণও নন। শরবর্তীকালের ভক্তিবাদীরা তাঁকে অবতারে পরিণত করেছেন। শুধু অবতার নন, তিনিই ভগবান। আমাদের কাজ হবে মহাভারতের একটা যুক্তিবাদী সংস্করণ বার করা। রামায়ণেরও। রামায়ণের যুদ্ধ আর্য সম্প্রসারণবাদীদের সঙ্গে প্রবিড় প্রতিপক্ষের আত্মরক্ষার যুদ্ধ। বাকীটা কবিকল্পনা। কবিরাও চারণকবি। চারণদের মুথে মুথে পল্লবিত হতে হতে যে আকার ধারণ করে সেটাকেই মহাকাব্যেব রূপ দেন বাল্মীকি ও তার যারা উত্তরস্করী। ততদিনে মূল ঘটনাটার পর হাজার বছর কেটে গেছে। রামও একজন অবতার হয়ে গেছেন। তার থেকে স্বয়ং ভগবান। ভক্তিবাদ মহাকাব্যকে পরিণত করেছে ধর্মগ্রেছে। একমাত্র ভারতবর্ষেই এটা সম্ভব।' আদিত্য বর্মণের মতে।

বর্মণের এই ব্যখ্যা মেনে নিলে বলতে হয় রামচন্দ্রও ছিলেন আর্ঘ সম্প্রদারণ-বাদের অধিনায়ক। সেকালের নাৎসীদের হিটলার। বিভীষণ ছিলেন সেকালের কুইসলিং। মুসেলিনিকে সেকালের স্থগ্রীব বললে কি ভুল হবে গ্ এখন প্রশ্ন হচ্ছে হয়্মানটি কে !" রঙ্গ করেন স্বপন্দা।

'বারা প্যারিস ছেড়ে দিয়ে নাৎসীদের অভ্যর্থনা করলেন তাঁদেরই একজন।
আমার মতে মার্শক পেত্যা। প্রধান মন্ত্রী হয়ে তিনিই যুদ্ধবিরতির অগ্রণী
হন। তার পর দক্ষিণে চলে যান। তাঁর বিশ্বাসঘাতকতা ফ্রান্সের ইনটেলেকচুয়ালরা ক্ষমা করেননি। ওদেশের রেজিস্টান্সের থবর নানা দেশ ঘূরে কানে
আসছে।" রাহা প্রবেশ করেন।

স্থানদা আহত হয়ে বলেন, "তথাকথিত বিশাস্থাতকতা এক্ষেত্রে ব্যক্তির স্থার্থে নয়। জাতির স্থার্থে, দেশের স্থার্থে। মাজিনো লাইনের উপরে অন্ধ নির্ভর-তার দক্ষন দেশরক্ষার জ্বয়ে ফরাসীরা বিকল্প ব্যবস্থা করেনি। প্রাজয় আসর। বাধা দিলে প্যারিদ ধ্বংস হতো। একটা অপ্রিয় দিছাস্তের আবশ্রুক্তা ছিল। ভার্নর ত্রাণকর্তা ভিন্ন আর কে পারতেন দে দিছাস্ত নিতে? তাই দিছাস্তটা মার্শন পেত্যার উপর ছেড়ে দেওয়া হয়। তিনি কলক মাথায় নিয়ে জার্মান কর্তৃপক্ষের সঙ্গে যুদ্ধবিরতির চুক্তি করেন। সর্বনাশে সমুৎপনে অর্বং ত্যাজতি পণ্ডিতঃ। আধখানা ফ্রান্স জার্মানদের দখলে আদে। প্যারিদের কাছে ঠিক সেই জায়গাটিতেই সেই রেলগাড়ীর কামরায় আবার চুক্তিপত্র স্বাক্ষরিত হয় যেখানে হয়েছিল গত মহাযুদ্ধের শেষে। সেবার নতিস্বীকার করেছিল জার্মানী। এবার সেটা করল ফ্রান্স। স্বয়ং হিটলার উপস্থিত থেকে মনের জালা মেটালেন। নিয়তি! নিয়তি ছাড়া আর কী বলব একে? অকারণ রক্তক্ষয়ে কী লাভ হতো ফ্রান্সের গ্র

"কিন্তু ব্যাপারটা দেবারকার মতো শেষ হয়ে গেল না, স্থপনদা।" মানস কণ্ঠকেপ করে। ''নাৎসীরা দহযোগিতা দাবী করবে, পাবেও। ফ্রান্সের একাংশ এখন শিবির বদল র্করেছে। দেটা তার মিত্রদের প্রতি বিশাসঘাতকতা। দ্য গল ব্রিটেনে গিয়ে নতুন এক দৈন্যদল গঠন করে মিত্রপক্ষের পাশে দাঁড়িয়েছেন। প্রমাণ করেছেন যে ফরাসীদের প্রতিরোধের আগুন অনির্বাণ। তা ছাড়া ইনটেলেকচুয়ালরাও তো অসি ধরেছেন। সেইভাবে দেশের মান রক্ষা করেছেন। কিন্তু ইতিহাস জানতে চাইবে নেপোলিয়নের আক্রমণের মুখে মস্কোর জনগণ থেমন নগরে আগুন ধরিয়ে দিয়ে ফরাসী আক্রমণকারীদের জয়ের পুরস্কার থেকে বঞ্চিত করেছিল হিটলারের আক্রমণের মুথে প্যারিসের জনগণও সেই দৃষ্টান্ত অনুসরণ করল না কেন। তা না করে তারা শক্রুর দঙ্গে সহযোগিতা করছে কেন। পঞ্চাশ বছর বাদে কেউ কি করাদী ভাষায় এই মহাযুদ্ধ নিয়ে আরেকখানা 'ওয়ার অ্যাণ্ড পীস' লিথবেন ? গর্ব করার মতো কী আছে একালের ফরাদীদের? ফরাদী বিপ্লব আর নেপোলিয়ন নিয়ে আর কডকাল গৌরব বোধ করা চলবে । এপিক উপন্যাদের উপাদানটা কোথায় ? জনগণ र्यांग ना पिल अभिक छेभनाम द्य ना। हेन्छिलक ह्यांनदा एका क्नण नन। স্বটা দোষ পেঁত্যার ঘাড়ে চাপানো যায় না। যথা প্রজা তথা রাজা। একথা कार्यानम्बद्ध रवनाख थारहे । कार्यानीत कनगन्छ हिहेनारतत व्यक्तर्यत करन मात्री । জার্মান সাহিত্যের এটা একটা কুৎসিত অধ্যায়।"

স্বপনদার মুখখানা দেখে মীর সাহেবের মায়া হয়। ''ও প্রসঙ্গ থাক। আমরা আজ মিলিত হয়েছি লিবারল হিউমানিজমের ভবিষ্যৎ ভাবতে। লিবারল

খাবারের প্লেট মীর সাহেবের হাতে ধরিয়ে দিয়ে অপনদা বলেন, "হিউমানিজম মায়্যবকে সর্বশক্তিমান ও সর্বজ্ঞ হ্বার প্রেরণা দিতে পারে, কিন্তু মায়্য যদি সেই শক্তি ও সেই জ্ঞান সর্বনাশের কাজে লাগায় তা হলে তার প্রতিরোধ বা প্রতিকার হিউমানিস্টরা জানেন না। শুনছি আইনস্টাইন নাকি রুজভেন্টকে চিঠি লিখে জানিয়েছেন যে পরমাণুর বিভাজন এখন সম্ভব। ফলে পরমাণবিক বোমা নির্মাণ করা যায়। তার মানে কী দাঁড়ায়? নাৎসীদের বিনাশ করতে গিয়ে জার্মান জাতিকেও সাবাড় করা হবে। নাৎসীরা যদি মরণ কামড় দিয়ে ইছদী জাতিকেও উজ্ঞাড় করে এর শোধ নেয় তবে ওদের রক্ষা করার কী উপার !"

মীর সাহেব চার দিকে চেয়ে দেখেন থাবাবের প্লেট সকলের হাতে দেওয়া হয়েছে কি না। হয়েছে দেখে আইও হন। বলেন, 'মামুযের যদি ধর্মুদ্ধি না থাকে, সে যদি প্রীন্টের প্রেমের দৃষ্টান্ত ভূলে যায় তবে সর্বশক্তিমান হয়ে সে শক্তির অপবাবহার করবে। সর্বজ্ঞ হয়ে করবে জ্ঞানের অপবাবহার। অপবাবহার খে করে সে তার নিজেরই অহিত করে। জগতের অন্তানিহিত নৈতিক বিধান তার শক্তি থব করে, তার জ্ঞান তাকে বাঁচাতে পারে না। হিউমানিজম মামুষের হাদয়কে প্রেমে জয়ে দেরনি। করুণার বিগলিত করেনি। তবে চার্চের নিগড় থেকে মৃক্তি দিয়েছে। সাহিত্যে ও শিল্পে নব জাগরণ এনেছে। মামুষকে নতুন করে অন্সন্ধান করতে, চিন্তা করতে শিবিয়েছে। কিন্তু মন্ত্রশক্তির বদলে যন্ত্রশক্তিকে মহামূল্য ভাবতে প্রবৃত্ত হেয়েছে। সেই সক্তে এসেছে তম্বশক্তি। সগভজ্ঞ, ধনতক্ত্র, সমাজভন্ত ইত্যাদি হয়েক রকম ভন্তা। মামুষ তাঞ্জিক বনে গেছে।

ভাষ্ক্রিকরা কোনো কালেই নিংস্বার্থ ছিল না। ব্যক্তির পক্ষে স্বার্থপরতা যেমন ভাত্তির পক্ষে স্বার্থ পরতাপ্ত ভেমনি।"

মানস জিজ্ঞাসা করে, ''আপনার কথাবার্তা শুনে মনে হয় যে আপনি লিবারলও নন, হিউমানিস্টও নন, আপনি আর কিছু। সেই আর কিছুটা কী, মীর সাহেব? মানবোত্তর শুরে উপনীত হতে চান? একা নয়, স্বাইকে নিয়ে? আমরাও আপনার মতো এক একজন অতিমানব হব।''

"আরে না, না।" মীর সাহেব হেদে বলেন, ''আমার বক্তব্য শুধু এই যে আধুনিক যুগের হিউমানিজম মধ্যযুগের প্রীফিধর্ম বা ইদলামের চেয়ে কম রণোন্নাদ বা কম মানববিদ্বেয়া নয়। এই তুই মহাযুদ্ধকে যদি একই মহাযুদ্ধের ছই অঙ্ক বলে ধরে নেওয়া যায় তবে এটাও একটা ক্রুসেড। এবার প্রীফান বনাম মুদলমান নয়, জার্মান বনাম ইংরেজ, ফরাদী, রাশিয়ান, আমেরিকান। এটাও একটা থাটি ইয়ার্স ওয়ার। এবার ক্যাথলিক বনাম প্রটেফাণ্ট নয়, ফার্সিফ বনাম অ্যাণ্টিফার্সিফ। হিউমানিফ তো এয়া সবাই। প্রীফান কি কেউ আছে? ইউরোপে ধর্মের যুগ কবে শেষ হয়ে গেছে। গির্জাগুলো খালি। কিন্তু হিউমানিজমের যুগও তো সারা হয়ে আসছে। মহাযুদ্ধের তৃতীয় অঙ্কে হিউমানিজমেরও যবনিকা পতন। অতিমানব। আমার সে যোগ্যতা নেই। এ জীবনে হবেও না। সত্যিকার মানব হতে চাই। মানবর্মণী দানব নয়। মনে হচ্ছে মানব হবে মানবাস্থর। আরেক জাতের ডাইনোসর। তারই মতো নির্বংশ হবে। পরম্পারের সঙ্গে লড়তে লড়তে।"

"নাৎসীদেরও কি আপনি হিউমানিস্ট বলবেন ?" মানস বিশ্বিত হয়। "দর্শনে বিজ্ঞানে জার্মানদের স্থান সকলের উপরে। সঙ্গীতে ওরা অবিতীয়। তা হলে ওরা হিউমানিস্ট নয় কেন ?" মীর সাহেব স্থধান।

"দেকথা আমিও স্বীকার করি। কিন্তু জার্মান হলেই কি ফাসিফ হয় ?
নাৎসীরা ক্ষমতা দখল না করলে যারা হিউমানিফ বলে গণ্য হতেন তাঁরা যদি
পালাবার পথ না পেয়ে আপস করে থাকেন তবে কি বলতে হবে যে তাঁরাও
ফাসিফ ! ফাসিফ বলে পরিচয় দিলেও তলে তলে তাঁরা হিউমানিফ।
রোমান ক্যাথলিক চার্চের কাছে নতি স্বীকার করেও যেমন ছিলেন গালিলেও।
সবাই কি ক্রনো হ্বার সাহস রাখেন ? আগুনে পুড়ে মরার সাহস। ইনকুইজিশনের মুগ আবার ফিরে এসেছে।" মানস বিষয় করেও বলে।

"নাৎসীদের ছকুমে বারা নাৎসীদের মতো আচরণ করছেন তারা একদা

হিউমানিস্ট বলে গণ্য হলেও এখন স্বধৰ্মজন্ত মানবাস্থা। আফুরিক উপাধে শব্দ ধ্বংস করার নিত্য নতুন বলকৌশল বার করে হিটলারকে উপাহার দিচ্ছেন। ওদিকে রুশ হিউমানিস্টরও স্বধর্ম স্ক্রিই হয়ে তাই করছেন। অন্যত্তও তাই দেখা যাছেছে। রাষ্ট্র হয়তো প্রাণে মারবে না, ভাতে মারবে। মল্লিক সাহেব, এটাও এক প্রকার ইনকুইজিশন। ক্রনো হবার সাহস ক'জনের আছে গ গালিলেও হবেন প্রায় সকলেই। এবার চার্চের ছকুমে নয়, স্টেটের ছকুমে। কে ভেবেছিল যে স্টেটও সমান নিম্ম হবে গুল্প মীর সাহেব থেদোক্তি করেন।

"ওটা অধু যুদ্ধকালে।" তালুকদার বলেন।

''যুদ্ধ পাঁচবছর চলবে বলে কি মাত্র্য খাওয়া দাওয়া বন্ধ করতে রাজী ছবে ? মরে যাবে না ?" মীর সাহেব পান্টা প্রশ্ন করে নিজেই তার উত্তর দেন। "মুসলমান ভার নামাঞ্চ বন্ধ রাথবে ? হিন্দু ভার দোল হুর্গোংসব বন্ধ রাথবে ? হিউমানিজম যাদের কাছে ধর্মের মতো ক্ষধার অন্ন, তৃষ্ণার জল তাঁরাও তেমনি তাঁদের স্প্টেকর্ম, গবেষণাকর্ম, দার্শনিক চিন্তা. বৈজ্ঞানিক চিন্তা বন্ধ রাথতে পারেন না। সেসব লিপিবদ্ধ করতে হবে, প্রকাশ করতে হবে। যাতে আর সকলে আলোচনা করতে পারে, সমালোচনা করতে পারে। মানবদেহের রক্ত চলাচলের মতো মানবমনেরও ভাব বিনিময় চাই। নইলে মন কথনো স্বস্থ থাকতে পারে না। মাহুষ মানসিক অস্থথে ভোগে। এই যে আমরা অবাধে আলাপ আলোচনা করতে পারছি এটা সোভিয়েট রাশিয়া হলে অসম্ভব হতো। নাংসী জাম নি হলেও অসম্ভব হতো। অন্তান্ত দেশেও ক্রমে অসম্ভব হবে, যদি যুদ্ধের ফলাফল দেশের বিপক্ষে যায়। লেখনীর মুখ তো আমাদের দেশেও বন্ধ হয়ে গেছেই। কথা বলার মুখও বন্ধ হবে, যদি না সভ্য গোপন করি বা অসত্য প্রচার করি। মানবিকবাদ বাঁদের কাছে ধর্মের মতো জীবস্ত তাঁরা যুদ্ধকালেও জীবস্ত হতে সাহস পাবেন না। তার চেয়ে বলা ভালো আমি ধর্মে র খনো প্রাণ দিতে পারি, কিছু মানবিকবাদের জল্মে প্রাণ দিতে ডরাই। আপনারাও ভেবে দেখবেন, হিউমানিজম কি আপনাদের কাছে ভাইটাল ? ধামি ক যিনি তিনি বলেন, আমি সারা ত্নিয়া পেলেও কী করব, যদি নিজের আত্মাকেই হারিয়ে ফেলি ? মানবিকবাদী যিনি ডিনিও কি তাই বলতে পারেন ? যদি না পারেন তো অমন কোন মতবাদের দায় মাথায় না নিয়ে যেটুকু স্বাধীনতা পাচ্ছি তার দদ্বাবহার করাই শ্রেয়।"

''অর্থাৎ চাচা, আপনা বাঁচা।'' আদিতা বম্প বিদ্রূপ করেন।

সবাই হেসে ওঠেন। কিছু কেউ প্রতিবাদ করেন না।

মীর সাহেব হাসতে হাসতে বলেন, "আমরা প্রত্যেকেই মনে প্রাণে যা বিশাস করি সেটাকে যত হাস্যকর ভাবছেন তত হাস্যকর নয়। আপনাদের বরাত ভালো যে এই গভর্মেণ্ট এদেশের কন্স্ক্রিপশন জারি করছে না। সভ্যাগ্রহের ভয়ে করবেও না। নইলে আপনাদের স্বাইকে ধরে নিয়ে যেত ও ফুদ্দক্ষেত্রে পাঠিয়ে দিত। তথন আপনারা কোন্ইট্রমন্ত্র জ্প করতেন । চাচা, আপনা বাঁচা ?"

এবার কারো মৃথে হাসি ফোটে না। রাহা আমতা আমতা করে বলেন, "মীর সাহেব, আমরা কি তবে কন্স্ক্রিপশনের জন্মে প্রস্তুত থাকব, যদি পরিস্থিতি আরো থারাপ হয় ।"

"আমি তো প্রথম বোমাবর্ধণের দিন মোটা অঙ্কের লাইফ ইনশিওরান্স করে রেখেছি। লাইফ ইনশিওরান্স বলে বটে, আসলে কিন্তু ওয়াইফ ইনশিওরান্স। তাঁকে তো সান্ধনা দেবার কিছু থাকবে না, যদি পটল তুলি। ওই মোটা অক্ষটাই সান্ধনা। যুদ্ধে যদি মরতেই হয় তবে ঘরে বসে বোমা খেয়ে মরা যা যুদ্ধক্ষেত্রে গিয়ে গোলা খেয়ে মরা ও তাই। তবে আমাকে ধরে নিয়ে না গেলে আমি য'চ্ছিনে। যেতুম, যদি স্বাধীনতা স্থনিশ্চিত হতো। বলা যায় না তৃ'মাস পরে কী ঘটবে। জাপানীরা যদি গোটা তুই প্রদেশ কেন্ডে নেয় ইংরেজকে বাধ্য হয়ে কন্স্ত্রিপশন জারি করতে হবে। সেটা তারা করিয়ে নেবে কংগ্রেসকে দিয়ে। মৌলানা আজাদ তো প্রতিজ্ঞা করে বসে আছেন যে ন্যাশনাল গভন মেন্ট হলে ও সামরিক ক্ষমতা হাতে পেলে তিনি কন্স্ত্রিপশন করবেন। তা যদি হয় তবে আগে থেকে প্রস্তুত হয়ে থাকাই স্বৃদ্ধি। কংগ্রেস যদি গদীতে বসে গান্ধীজীর সত্যাগ্রহ আপনি থেমে যাবে। আর চ্ছিন্না সাহেবের পাকিন্তানও জাপান অধিকৃত বাংলার মাঠে মারা যাবে।" মীর সাহেব জবাব দেন।

''জাপানীরা বাংলা কেড়ে নেবে এটা যে আমি ভাবতেই পারিনে, মীর সাহেব। এটা কি সম্ভবপর ?'' বর্ষণ প্রশ্ন করেন।

"পলাশীর যুদ্ধের পূর্বে আমাদের পূর্বপুরুষরাও ভাবতে পারতেন না যে ইংরেজ বাংলা, বিহার, ওড়িশা কেড়ে নেবে। যারা অপ্রস্তুত তাঁরা ইতিহাসের কাছেও অপ্রস্তুত হন। ওঁরা বাদ করতেন মুখের স্বর্গে। ওদের ধারণা ছিল দিল্লীর বাদশা থাকতে ভাবনা কিসের ? তিনিই রক্ষা করবেন। মালুম ছিল না যে বাদশাহী ফৌজও দূর্বল হয়ে পড়েছিল। সেকালের মতো একালের বাদশাহী

ফৌজও দ্বল হয়ে পড়ে। নইলে সিক্বাপুর, মালয়, বার্মণ রাথতে পারে নাকেন? জাপানীরা একটু জিরিয়ে নিচ্ছে। পরে একদিন বিপুল বেগে আক্রমণ করবে। ও ভোমার পাঞ্জাবী দেনার কর্ম নয়। ওদের জারিজুরি ধরা পড়ে গেছে। আর ইংরেজ ভো এখন ঘরম্থো। তার মন পড়ে আছে নিজের দেশে। যে দেশ এখনো বিপদ্মুক্ত হয়নি। যে কোনো দিন আক্রান্ত হতে পারে। বাঙালীকে বাঙালী না বাঁচালে কে বাঁচাবে?' মীর সাহেব পাণ্টা প্রশ্ন করেন। "ওটা লাথ কথার এক কথা।" স্বপনদা উত্তর দেন। "কিন্তু বাঙালী যে পরিমাণে ধর্মসচেতন সে পরিমাণে জাতিসচেতন নয়। জাতি বলতে সে বোঝে ধর্মভিত্তিক জাতি। হিন্দু বা মুসলিম। বিজাতিতত্ব তার মজ্জাগত। তারা যে পরস্পরের শ্রেষ্ঠ বন্ধু এটা কোনো পক্ষই অন্তর থেকে মানে না। স্থতরাং আমাদের প্রথম কাজ হবে হ'পক্ষকেই হিউমানিস্ট করা আর ধর্মেব মোহ থেকে মক্ত করা।"

"গুপ্ত সাহেব, আপনি চান প্রাচ্য পাশ্চাত্যের সীদ্বেসিদ। সে সাধনায় আপনি নিষ্ঠার সঙ্গে নিযুক্ত রয়েছেন। হিউমানিজমকে আপনি অত্যাবশুক মনে করেন। কিন্তু একালের হিউমানিফদের একভাগ ডিভাইনকে অগ্রাহ্য করেছেন। যেন হিউমান আর ডিভাইন পরস্পারবিরোধী। হিউমানকে তাঁরা জনামৃত্যুর গণ্ডীর ভিতর পুরে ভার অমরত্ব অস্বীকার করেছেন। এতটুকু সময়ের মধ্যে একজন মাহ্য কীই বা জানতে পারে, ব্যতে পারে, উপলব্ধি করতে পারে, স্বষ্টি করতে পারে, দিয়ে যেতে পারে, রেখে যেতে পারে। তা চলে ব্যক্তিকে ছেড়ে বংশপরম্পরার কথা ভাবতে হয়। আমরা যা পারলুম না चार्यारम्त्र वः भवता जा शांत्रव। धकाल या मख्य रुला ना डावीकाल छा সম্ভব হবে। এযুগে যার উপর অবিচার হলো আগামী যুগে তার উপর স্থবিচার হবে। কিন্তু ভাবীকাল বা ভাবী যুগের অপ্ল হুংম্বপ্লেও পরিণত হতে পারে। ষেমন হয়েছে জার্মানীতে ও ইটালীতে। হিউমানিস্টদের আরেকদল ডিভাইনকে বাদ দেননি। অপ্রতে বিশাস হারাননি। তুই ভাগের মধ্যে মতভেদ তীত্র ও গভীর। এই বন্দ্র ভারতেও এসে উপস্থিত হয়েছে বা হবে। আমি এর মধ্যে জড়িয়ে পড়ি কেন? আমিও একটা দাধনায় নিৰ্ফ রয়েছি। দেটা হিন্দু ম্বলমানের সীম্বেদিদ। ভারতবর্ধকে এর জন্তে বেছে নেওয়া হয়েছে। বেছে নিয়েছে বিশের ইভিহাস। মুসলিম বিজেভারা এককালে ভেবেছিলেন ভারা ইরানের মভো ভারতবর্ষকেও পুরোপুরি ইসলামের দেশ বানাবেন।

काँता वार्थ इत्युक्ति। काँतित अकलांग हिन्तुत्वत मत्त्र लाव विनिमय कत्त्रन, তাদের আদর অভার্থনা করেন। রামায়ণ মহাভারতের অহুবাদ করিয়ে নেন। দারা শিকোহ, করেন উপনিষদের অমুবাদ। আকবর তার রাজপুত পত্নীর মহালে হিন্দু দেবদেবীর পূজা আর্চার আয়োজন করেন। হিন্দু রাজক্যদের অন্ত:পুরে মুস্লিম থোজারাই হন রানীদের রক্ষক। হিন্দু আচার ব্যবহার মুসলিম পরিবারে ঢোকে। মুসলিম পোশাক আসাক হিন্দুদের গায়ে ওঠে। নানক কবীর আরো গভীরে গিয়ে সীম্বেদিসের স্থ্রপাত করেন। নানক তো মকায় গেছলেন বলে শোনা যায়। গ্রন্থদাহেবের কতক অংশ ইদলাম থেকে নেওয়া হয়েছে। আওরংজেবের রাজত্বে একটা সেট-ব্যাক হয়। ফলে সীম্বেসিস ব্যাহত হয়। সীম্বেদিস কার দকে কার হয় ? থীসিদের সঙ্গে অ্যাণ্টিথীসিদের। দেখা গেল শিবাজী হয়েছেন থীসিদ, আওরংজেব তাঁর আণ্টিথীসিদ। মরাঠা মোগলের প্রস্থে ভারতের স্বাধীনতা নিহত হয়। উড়ে এসে জুড়ে বসে ইংরেজ। সিপাহী বিদ্রোহের সময় হিন্দু মুসলমানে একটা আঁতাত হয়। সেটা গভীরতর ন্তরে নয়। শিবাজী-আওরংজেবের স্পিরিট এথনো প্রবল। গান্ধীজী তাঁর মুসলিম সহকর্মীদের নিয়ে দেশকে আবার স্বাধীন করতে বন্ধপরিকর। কিছ তাঁর একদিকে শিবাজী, আরেকদিকে আওরংজেব। ইংরেজ ভারত ছাডলে সিভিল ওয়ার। কেউ কাউকে হারাতে সেকালেও পারেননি, একালেও পারবেন না। নীট ফল দেশভাগ। আমি কিন্তু যতদিন বাঁচি সীদ্বেসিসের সাধনা করে যাব। আমি দারা শিকোহর অসমাপ্ত ত্রত উদ্যাপন করছি। সমাপ্ত করে যেতে পারব না, জানি। তবে লোকে একদিন এর প্রয়োজন হৃদয়ক্ষম করবে।" মীর সাহেব আশাবাদী।

মানদ বলে, 'আমিও আমার দাধ্যমতো আপনার দহায়ত। করব। তবে আমার প্রবণতাটা প্রাচ্য পাশ্চাত্য দীম্বেদিদের দিকে। এটা রাজনীতির চেয়ে গভীরতর স্তরের ব্যাপার। স্বপনদার দক্ষে আমিও আছি। এটাও ভারতবর্ষের ইতিহাদবিধাতার নির্বন্ধ। ইংরেজ চলে গেলেও এর প্রয়োজন থাকবে।"

"প্রাচ্য পাশ্চাত্য দীম্বেদিস এখন অথই জলে।" তালুকদার মস্তব্য করেন। "দেশের অধিকাংশ লোক এখন ইংরেজবিরোধী, সেইজন্মে আমেরিকা-বিরোধী তথা পাশ্চান্ডাবিরোধী। ইংরেজ যদি সন্তিয় সন্তিয় চলে যায় আবারু সতীদাহ ফিরে আসবে। হিন্দুরা ফিরে যাবে গুপ্ত সম্রাটদের যুগে আর মুসলমানর। থলিফাদের যুগে। রেনেসাঁস মিলিয়ে যাবে হাওয়ার সঙ্কে। রিভাইভালিজম হবে হিউমানিজমের যম। বেঁচে 'থাকলে হডাশ হব আমরা। মীর সাহেব একটা লঠ কাজ নিয়ে লডছেন। হিন্দু মুসলমানের সম্পর্ক দিন দিন তিক্তওর হচ্ছে। সীস্থেসিসের সম্ভাবনা স্থদ্রপরাহত। ভারতবর্ষ গ্রীকদের হজম করেছে, শক হুন কুশানদের হজম করেছে, কিন্তু মোগল পাঠানদের হজম করেনি। উন্টে ওরাই হিন্দু সমাজের একাংশকে হজম করেছে। পারলে পূর্ণ গ্রাস করত। হিন্দুরা এতকাল ডিফেন্সিডে ছিল। এথন অফেন্সিভ নিছে। ওদের নিবৃত্ত করতে গেলে মার থেতে হবে। আমরা কেউ সে ঝুঁকি নিতে রাজী হবুনা। অন্তত আমি তো নয়ই।"

এই অপ্রিয় প্রসক্ষের উপর যবনিকা পড়ে যথন মহিলারা প্রবেশ করেন। তথন মীর সাহের বিদায় নেন। তাঁর কাজ আছে। মানসও কিছুক্ষণ পরে বর্ধনের ওথানে ডিনার বলে মাফ চায়।

মানস ডুয়িং ক্লমে চুকতেই পাকড়াশি ওকে পাকড়ায়। "এই যে, স্বামী মানসানন। তোমার কেন অমন হুর্ম তি হলো ? কেউটে দাপের গর্তে হাত দিতে গেলে ? জানতে না স্থলতান থান কেমন লোক ? মেদিনীপুরের রাজদ্রোহীদের জব্দ করার জল্মে দাইক্লোন রিলিফ বন্ধ রেখেছেন। যাক না গুরা ওদের জাতীয় সরকারের দরবারে। দেখা যাবে কার দাধ্য দেয়।"

বর্ধন জানতে চান কী ব্যাপার। মানস বলে, "সমুদ্রের জল এসে দশ মাইল কি বিশ মাইল দ্রের গ্রাম ভাসিয়ে নিয়ে গেছে। গ্রামের লোক নিরাশ্রয়। একজন ডাক্তারি ছাত্রের অনুরোধে যুথিক। একটি মেডিকাল রিলিফ টীম পাঠিয়েছে। আমি স্থলতানকে একখানা চিঠি লিথে অনুমতি দিতে বলেছি। পর পর আরো কয়েকটি টীম যাবে। ওয়ধ পথ্য নিয়ে।"

"তুমি নও, তোমার মাতাজী?" পাকড়াশী হাদে। "তিনি কি জানতেন না যে ওদের কর্তব্য রিলিফের জন্মে ব্রিটিশ সরকারের পায়ে ধরে সাধা? দেখছেন না কি বে অভ্বেদ্ধল পর্যন্ত ব্রিটিশ সরকারের মিত্রপক্ষে! নইলে এমন সময় সাইক্লোন হবে কেন? সম্জের জল এসে রাজ্জোহীদের ঘরবাড়ী গোরুবাছুর ভাসিয়ে নিয়ে যাবে কেন? ক্ষেত্রখামার ভ্বিয়ে দিয়ে যাবে কেন? বেমন কর্ম তেমন ফল। মাতাজীকে সতর্ক করে দিয়ো। নইলে নোয়াখালী।"

নোরাথালী বদলীকে সবাই ভরার। ইংরেজরাও। গত শতাব্দীতে ইংরেজ সিভিলিয়ান পেনেলকে মজঃফরপুরের জেলা ম্যাজিস্টেট পদ থেকে নোয়াথালীর জেলা জ্জ করে পাঠানো হ্য়েছিল। 'পেনেল তার প্রতিশোধ নেন ইংরেজ পুলিশ সাহেবকে পরোয়ানা দিয়ে কাঠগড়ায় দাঁড় করিয়ে, তার রায়ে মৃসলিম জেলা ম্যাজিন্টেটের কড়া সমালোচনা করে আর বেঙ্গল গভর্ন-মেন্টকে এক হাত নিয়ে। জ্জ তাঁর রায়ে কী লিখবেন তা নিয়ে শান্তিবিধানের কোনো রান্তা নেই। বরখান্ত করা যায় না। বদলী করলে কোথায়ই বা করা হবে ? রায়টা কাগজে কাগজে ছাপা হয়ে যায়। সরকার ফাঁপরে পড়েন। ছুটি না চাইলে ছুটি নিতে বাধ্য করাও যায় না। শেষে গেলেন তিনি বিলেত। নির্বাচন জিতে হলেন পালামেণ্টের মেন্বর। সরকারে শ্রাদ্ধ করলেন।''

॥ তেইশ ॥

মানসের টেনিস খেলার সাথী এক প্রতিবেশী কিছুদিনের জল্মে বাইরে যাবার সময় তাঁর রেডিওটা মানসের কাছে রেখে যান। ওটা নাড়াচাড়া করতে করতে সে একদিন হঠাৎ শুনতে পায়, "আমি স্থভাষ, বালিন থেকে বলছি।"

শুনে চমকে ওঠে। বিশ্বাস হয় না। কিন্তু আরেকটু শোনার পর বিশ্বাস না করে উপায় থাকে না। "আমি ইংরেজের চোথে ধুলো দিয়ে যেমন করে চলে এসেছি তেমনি করেই একদিন ফিরে যাব।"

ভূঁই! জুঁই! শীগগির! শীগগির!" কিন্তু মানদের ভাক শুনে জুঁই ছুটে আসার আগেই কণ্ঠস্বর নীরব হয়ে যায়।

"স্থভাষচন্দ্র ছাড়া আর কেউ নয়। তেজোদ্দীপ্ত ভাষণ। কৌতৃকমিশ্রিত। একটা বেপরোয়া ফৃতির ভাব। যেন জীবনমরণ পায়ের ভৃত্য চিত্ত ভাবনাহীন।" মানস আবেগের সঙ্গে বলে।

"তাঙ্গণ্যের প্রতিমৃতি !" হতচকিত ভাবটা কেটে গেলে যুথিকা বলে।

''মৃতিমান বিজ্ঞাহ ! কিন্তু কথা হচ্ছে উনি এ দেশ থেকে পালাবার পথ পোলেন কী করে ? আমি তো ভেবে পাইনে কোন্ পথে আর কোন্ যানে । পালিয়ে যদি বা গেলেন ফিরে আসবেন কোন্ পথে আর কোন্ যানে ? কোনো গতিকে বার্মায় যদি পৌছতে পারেন তা হলে অবশ্য সাম্পানে করে আকিয়াব থেকে চট্টগ্রামে আসা যায়।'' মানস স্বীকার করে । "আলনস্করের স্থপ্ন!" যুথিকা হেসে উড়িয়ে দেয়। "ওঁকে না চেনে থামন লোক ভারতে নেই। কেউ না কেউ চিনতে পেরে ধরিয়ে দেবে। তথন সর্বনাশ! মিলিটারি ট্রাইবিউনাল। বিচারের প্রহসন। ফায়ারিং স্কোয়াড। চিতাভন্ম ওঁর আত্মীয়দের হাতে সমর্পণ। থবরের কাগজে ঘুণাক্ষরেও বেরোবে না। তা সত্তেও যদি জানাজানি হয়ে যায় নিক্ষল আন্দোলন। বড়ো জোর আর কিছু ভাঙচুর হবে। আরো কিছু আগুন লাগানো। তাতে কি মায়্র্রটাকে ফিরে পাওয়া যাবে ? স্থভাষচন্দ্র যেথানে আছেন সেইথানেই থাকুন। এখন আমার এই বার্তা আমি তাঁর কাছে পাঠাই কেমন করে ?" যুগিকা প্রশ্ন করে।

''কোনো উপায় নেই। কেউ তাঁর ঠিকানা জানে না। সে ঝুঁকি তিনি নেবেন কেন ? তা নয়। তিনি বোধহয় অন্ত্রশন্ত্র নিয়ে সদলবলে আসবেন। তৃ'পক্ষেই গুলী চলবে। আর একটা পলাশীর যুদ্ধ। এবার ক্লাইভের হার। দিরাজের জিং। দিরাজের পদেই স্থভাষ। দেশশুদ্ধ ভেঙে পড়বে তাঁকে অভ্যর্থনা করতে। ইংরেজই পালাবার পথ পাবে না। কেন, তোমার বিশাস হচ্ছে না? তুমি ভাবছ এটা আমার কবিকল্পনা! আমি তো মনে করি স্থভাষচন্দ্রের জন্ম পলাশীর কলঙ্ক মোচন করতে। গুই যে হলওয়েল মহুমেণ্ট অপসারণ ওটা সেইদিকেই প্রথম পদক্ষেপ। দেখবে মুসলমানরা তাঁর পেছনে দাঁড়িয়ে যাবে কাতারে কাতারে। পাকিন্ধানের আকাশকুন্থম আকাশে মিলিয়ে যাবে।'' মানস স্বপ্ন দেখে।

''তুমিই একালের আলনস্কর !'' যুথিকা হেসে কুটি কুটি হয়। রেডিওটা যথাকালে যথাস্থানে ফেরৎ যায়। কথাটা চাপা থাকে।

এর পরে একদিন লগুন থেকে দত্তবিখার্সের চিঠি আসে। মানসের নামে। তার থামের ভিতর এক টুকরো চিরক্ট। সেটা মিলির লেখা। যথিকার নামে। স্থক্মার লিখেছে, ''এখানে গান্ধীঞ্জীর নাম এখন কাদা। জনমত তাঁর উপর বিষম কৈপ্ত। অমন বিখাসঘাতকের প্রাণদণ্ড হওয়া উচিত। কেউ বা বলে, 'পরম ভতু মহা যতু জপে হরির মালা।' কেউ বা বলে, 'ব্যাটা সাধুবেশে পাকা চোর অভিশয়।' হারা অভটা উগ্র নন তাঁদের মতে গান্ধী লোকটা শতকরা পনেরো ভাগ সন্ত, পনেরো ভাগ ব্ ক্রক্ক, সত্তর ভাগ তুখোড় রাজনীতিক। কংগ্রেস নেভারা তো পথে আসহিলেনই, ওঁদের বিপ্থগামী করেছে কে? ওই তথাকথিত মহাত্মা। বাঁরা আদৌ উগ্র নন তাঁরা মনে১

করেন গত মহাযুদ্ধে লেনিনের যে ভূমিকা ছিল এই মহাযুদ্ধে গান্ধীরও দেই ভূমিকা। তিনি ক্ষমতা হাতে পেলে জাপানের সঙ্গে স্বতন্ত্র সন্ধি করবেন। তিনি ভারতের জন্যে চান শাস্তি। এদেশে একদল প্যাদিফিন্টও আছেন। তাঁরা বলেন, শুধু ভারতের জত্তে শান্তি কেন? বিশের জত্তে শান্তি। যুদ্ধের মতো শান্তিও অবিভাজা। ভারতে শান্তি প্রতিষ্টিত হলে বাকী পৃথিবীতেও শান্তি প্রসারিত হবে: তবে এঁরা মুষ্টিমেয়। কেই বা শোনে এ দের কথা। খবরের কাগজগুলো একধার থেকে মুদ্ধবাদী। ব্যতিক্রম যে তুটি একটি ভারা এই যুদ্ধের গর্ভ থেকে সমাজবিপ্পব ভূমিষ্ঠ হবে বলে এর সমর্থক। ইউরোপের অক্যান্ত দেশে তে। বটেই। এমন কী, শিব ঠাকুরের আপন দেশেও বিপ্লব না হোক বৈপ্লবিক পরিবর্তন হবে। রক্ষণশীলরা ভোটে হারবে। শ্রমিকরা জিতবে। আমার কিন্তু বিশ্বাদ হয় না, মল্লিক। চাচিলের প্রেষ্টিজ ডিউক অভ মালবিরার চেয়ে কম কিলে। একই বংশ, একই রক্ত। চার্চিল অবশ্য কমন্স দভার দদশুপদ ছাড়বেন না। নইলে তাঁকে ডিউক করতে রাজা শহজেই রাজী হতেন। আজকাল লর্ডদ সভার সদস্তকে প্রধানমন্ত্রী হতে দেওয়া হয় না। নইলে তিনি ডিউক অভ ওয়েলিংটনের মতো ডিউকও হতেন, প্রধানমন্ত্রীও হতেন। এক শতাব্দীর মধ্যে চার্চিলের মতো প্রতাপশালী তথা জনপ্রিয় প্রধানমন্ত্রী আর হননি। যুদ্ধোত্তর সাধারণ নির্বাচনে তিনিই তাঁর দলটিকে জিতিয়ে দেবেন, নিজেও জিতবেন, তার পর আবার প্রধানমন্ত্রী হবেন। তা হলে ভারতের কী আশা ় আমি ভগু নই, ভারতপ্রেমিক ইংরেজরাও সবাই হতাশ। স্বাধীনতা নৈব নৈব চ। তবে মুসলিম লীগ তথা রাজন্মবর্গ যদি সন্মত হন তা হলে কেন্দ্রীয় সরকারেও স্বায়ত্তশাসন প্রবৃতিত হবে। স্বায়ত্ত-শাসন, স্বাধানতা নয়। ইংথেজরা শব্দের উপর অশেষ গুরুত্ব দেয়।"

ামলি তার সংসারের সমাচার ও পুত্তের বর্ণনা দিয়েছে। আর লিখেছে, "জানো, চন্দ্র বোদের সন্ধান পাওয়া গেছে। তিনি এখন বালিনে। বেতারে তাঁর ভাষণ মনিটর করা গেছে। কর্তারা আগে থেকে টের পেলে জ্যাম করতেন। ওটা কোনো নাম করা ফেশন থেকে নয়। স্থভাষচন্দ্রের ঘোষণা থেকে মনে হয় তিনি বেশাদিন সব্র করবেন না। গান্ধা, নেহরু প্রভৃতির অফুপস্থিতির দক্ষন ভারতের রাজনীতিক্ষেত্রে যে শৃহ্যতার স্কৃষ্টি হয়েছে সেটা পূরণ করতে ছুটে যাবেন। সঙ্গে সশস্ত্র সৈত্যদল। রাজনাতি একদম নয়া মোড় নেবে। এথার আসছে নয়া জর্জ ওয়াশিংটনের সেনাপতিত্বে সাম্রাজ্যের বিরুদ্ধে অস্ত্রশস্ত্র

নিয়ে যুদ্ধ। যেটা হওয়া উচিত ছিল অষ্টাদশ শতাব্দীতে। আমেরিকানরা যদি ফরাদীদের সাহায্য নিয়ে থাকে তো ভারতীয়রাই বা জাপানীদের সাহায্য নেবে না কেন। প্রকারান্তরে ইংরেজরা কি রাশিয়ানদের মদত নিচ্ছে না জার্মানদের বিরুদ্ধে আজকের এই যুদ্ধে । স্টালিন কমিউনিস্ট বলে যদি মহা বাইবেল অশুদ্ধ না হয় তবে তোজো ফাসিস্ট বলে কেন মহাভারত অশুদ্ধ হবে ?"

চিঠিখানা পড়তে দেওয়া হয় ভবতোষবাবুকে। ইতিমধ্যেই তিনি যুথিকাকে দিয়ে লিথিয়েছেন ও দে লেখা ছাপিয়েছেন। দেটা তার হাতে খড়ি। আর মানদের বইয়ের পাঙ্বলিপি পড়ে অগ্রিম সমালোচনা করেছেন। ওরা মাঝে মাঝে তাঁর ওখানে গিয়ে তাঁর স্বাস্থ্য সম্বন্ধে তত্ত্ব নেয়।

চিঠিখানা পতে তিনি ভেবে চিস্তে মত দেন। "গান্ধীজার নৈতিক জয় সম্বন্ধে আমি নিঃসন্দেহ। বিবেকচালিত আপত্তিকারীরা নানা দেশে স্বেচ্ছায় কারাবরণ করলেও গান্ধী নেতৃত্বে ভারতের মতো আর কোনো দেশে হাজারে হাজারে ও কাতারে কাতারে নয়। এটা একটা বিষ রেকর্ড। সারা বিশ্বের সৰ মান্ত্ৰ এর জন্মে গৰ্ব অমুভব করতে পারে। ভারতীয় হিসাবে আমারও উচ্চতা এক ইঞ্চি বেডে গেছে। নিরস্ত পরাধীন দেশ এর চেয়ে উচ্চ হতে পারত না, দেদিক থেকে এটা একটা কীতি। কিন্তু আমার মনে কোথায় থটকা বাধছে, বলব ? কংগ্রেসকর্মীদের বেশ কয়েকজন স্বেচ্ছায় কারাবরণ করেননি, রেল লাইন ভাঙতে, টেলিগ্রাফের তার কাটতে, দাঁকো উড়িয়ে দিতে, থানা চড়াও হতে জনতাকে শিক্ষা দিয়েছেন। জনতাও উত্তেজনার জোয়ারে ভেষে গিয়ে খুন থারাপি করেছে। রেল স্টেশন পুড়িয়ে দিয়েছে। অস্ত্র শস্ত্র লুট করেছে। এতে অহিংদার মহিমা রাছগ্রন্থ হয়েছে। হিংদার সম্মোহন ত্বার হয়েছে। আবার সেই এণ্ডদ জাষ্টিফাই মীন্দ। উদ্দেশ্ত-সিদ্ধির জত্তে সাত খুন মাফ। সেদিক থেকে আমরা গান্ধীপূর্ব যুগে ফিরে গেলুম। এটা একটা স্থলক্ষণ নয়। একদিন হয়তো এরাই গৃহযুদ্ধ লড়বে আপনার লোকের সঙ্গে অহিংদ উপায়ে নয়, সহিংদ উপায়ে। কে শুনবে গান্ধীজীর বাণী, অনুসরণ করবে মহাত্মার আদর্শ? জিল্লা এথন পর্যন্ত আসরে নামেননি। অপেকা করছেন। তিনি ভায়োলেণ্টও নন ননভায়োলেণ্টও নন। তিনি কনষ্টিউপন সমত উপায়ে বিশাসী। তিনি যদি একদিন হতাশ হয়ে উদ্বেশ্যসিদ্ধির জন্মে বিপরীত উপায় অবলম্বন করেন তবে তাঁর অমুগামীরা উত্তেজনার জোয়ারে ভেদে গিয়ে হিংসায় উন্মন্ত হতে পারে।

ইংরেজ না থামালে কে তাদের থামাবে ? ইংরেজই বা থামাতে যাবে কেন, তাদের যদি ভারতে ছাড়তে হয় ? আর তাদের যদি ভারতে থাকতে অন্থরোধ করা হয় সেটা রাজনৈতিক পরাজয়। আজকের দিনে আমরা যা করছি তার ধারা কালকের দিনের ইতিহাস নির্ধারিত হয়ে যাছে।"

মানস ও যুথিকা গুরু হয়ে শোনে। তাদের মুধ দেখে সম্পাদক মহাশয় আরো হ' চার কথা বলেন। "আমি ডিটারমিনিজমে বিশ্বাস করিনে। ইতিহাস আপনা হতে কিছু করে দেয় না। পারিপাশিক অবস্থা আপনা হতে সামাজিক পরিবর্তন ঘটায় না। প্রকৃতির থেকে আলাদা করে মায়্র্রের জগতের কথা ভাবলে এই সিদ্ধান্তে পে ছতে হয় যে মায়্র্রই তার অতীত কমের ফল ভোগ করে, বর্তমান করের ফলও ভোগ করেবে। তা সে ভালো মন্দ্র যাই হোক। ভোগ বলতে হঃখভোগও বোঝায়। স্বরাজ হাতে পেলেই স্বর্গ হাতে পাওয়া গেল এটা ভ্রম। নরকও হাতে পাওয়া যেতে পারে। ভূলের মাজল দিতে হবেই। কেউ কেউ মনে করেন ক্রিপ্র প্রস্তাব স্বর্গ এনে না দিলেও নরক ডেকে আনত না। তাদের মতে সেটা প্রত্যাধ্যান করা ভূলই হয়েছে। আমি এ বিষয়ে 'হঁ্যা' কি 'না' বলিনি। আজকেও বলতে পারব না। আরো কিছুকাল অপেকা করতে হবে।"

এর পর অন্য প্রসঙ্গ ওঠে। তাঁর কলকাতা প্রত্যাবত নের প্রসঙ্গ।

যুথিকা বিশ্বিত হয়ে বলে, "দে কী! আপনি আমাদের ছেড়ে চলে যাবেন কোথায় ? যেথানে সন্ধ্যা হলেই বাবের ভয়। সেই ভয়ে চারদিক আন্ধকার। কে জানে কোন্দিন হানা দেবে ? শেয়ালের মতো গতে চুকতে হবে।"

তিনি সহাক্ষে বলেন, "একটা কি ছটো বোমা তো কলকাতার মতো মহানগরীর দব ক'টা বাড়ীর উপর পড়বে না। আমার বাড়ীর উপর না-ও পড়তে পারে। শেয়ালের মতো গতে চুকতে গেলে দেখব সেখানে শেয়ালের ভিড়। এক একটা গতে যেন এক একটা অন্ধকৃপ। সেই অন্ধকৃপ হত্যার মতো ব্যাপার হবে। তার চেয়ে ঘরে বসে মরাই ভালো। বয়স তো হলো বড়ো কম নয়। আমার সহধমিণী আমার প্রেই স্বর্গে চলে গেছেন। আমিই বা আর কন্দিন প আমিও স্বর্গের জন্মে ওয়েটিং ক্লমে অপেক্ষা করছি।"

"এটাও তো আপনার নিজের বাড়ী। এথানে এমন কী অহুবিধে ? স্বার ওখানে এমন কী হুবিধে ?" মানস প্রশ্ন করে।

"আমাকে তো এই বয়সেও মাধার ঘাম পায়ে ফেলে রোজকার কটি অর্জন

করতে হয়। আমি তো পেনদন পাইনে। কলকাতার আমি কেবল দম্পাদকীয় লিখিনে। সহকারীদের কাজকর্মণ্ড দেখি। স্বত্বাধিকারী তো আমিই। ম্যানেজমেন্টও দেখান্তনা করতে হয়। নইলে কাগজ কবে উঠে যেত। তা ছাড়া আমার স্থ্রী না থাকলেও পরিবার আছে। রোজ আমার নাতি নাতনির সঙ্গে থেলা করি। দেটাই আমার একমাত্র বিনোদন। সেটা এথানে কোথায়? বড়ো বৌমা কত যত্র করে আমার জন্মে রোজ কিছু না কিছু রাধেন। তা ছাড়া আমার পারিবারিক ডাক্তার তো এথানে থাকেন না। এথানকার এঁরাও স্থৃচিকিংসক। কিছু আমার শরীরটাকে তেঃ চেনেন না। চিনলে অন্য রকম প্রেসক্রিপশন দিতেন। তারপর আমি একজন সামাজিক মামুষ। সপ্তাহে একদিন সমাজের মন্দিরে গিয়ে উপাসনায় যোগ দিই। মাঝে মাঝে আচার্যের হান পূরণ করি। বিবাহসভায় বা প্রান্ধসভায়ও আমার ভাক পড়ে আচার্য হতে। আমি সাড়া না দিয়ে পারিনে। ওটাও আমার আর এক কর্তব্য। এথানে আমি আমার সেইসব কত্রিয় সম্পাদন করতে পারিনে। তেমন উপলক্ষও জোটে না।" তিনি উত্তর দেন।

"কিন্ধ সাহিত্যিক কত ব্যের উপলক্ষও তো জোটে। সাহিত সভায় তো ডাক পড়ে। এথানে আপনাকে কে না চায় ? পায় না এই যা হুঃখ।" মানস বলে।

"কলকাতার মতো নয়। দেখানে বড়ো বড়ো সাহিত্যিকরা বাস করেন। তাঁদের সঙ্গে সাহিত্যালাপ হয়। এখানে আমি সভাপতিত্বই করতে যাই, আলাপ করতে নয়। কার সঙ্গে আলাপ করব ? মাফ করবেন। আপনাকে বাদ দিয়েই বলছি। তু'জন কি একজন আছেন পুরাতন সাহিত্যিক। তাঁরা সভায় যান না। আমিই তাঁদের বাড়ী যাই। তারা আধুনিক সাহিত্যের হালচাল জানেন না। প্রাচীন সাহিত্যে আমারও তেমন জ্ঞান নেই। প্রবন্ধ পেলে ছাপি। কলকাতায় একটা আধুনিকতার হাওয়া আছে। এখানে তা নেই। তু'দিনে হ'াফ ধরে বায়। আমাকে কলকাতায় ফিরে যেতেই হবে। তবে এখনো দিনক্ষণ ছির হয়নি। হলে আপনাদের খবর দেব। বাড়ী গিয়ে বিদায় নেব।" তিনি প্রতিশ্রুত্তি দেন।

"আপনি একদিন আমাদের শঙ্গে শাক্ডাত খাবেন। নিযন্ত্রণ রইল। আমি নিজে ব্লানা করে খাওরাব।" যুথিকা আমন্ত্রণ করে।

"আচ্ছা, আমি খুণি হৈয়ে খাব।" তিনি কথা দেন। "আমি কিন্তু মাছমাংস খাইনে। স্ত্রীবিয়োগের পর থেকে খাইনি।" শ নৈশভোজনের জন্যে নির্দিষ্ট দিনের একদিন আগে মানসের ওখানে উপস্থিত বৈন ভবডোষবাবুর পুত্র পরিভোষবাবু। কুশলপ্রশ বিনিমরের পর বলেন, 'এদেছি বাবার হয়ে ক্ষমা চাইতে। কালকের মধ্যেই তাঁকে কলকাতা ফিরে যাওয়ার জন্যে তৈরি হতে হবে, কারণ পরন্ত দকালেই তাঁর টেন। নিমন্ত্রণরকার জন্যে দময় কোথায় ? তবে আপনারা যদি দয়া করে তাঁর সঙ্গে দেখা করতে আনেন তিনি ত্'চার কথা বলার জন্যে সময় করে নেবেন।"

যুখিকা মানদের মুখের দিকে চেয়ে রাজী হয়ে যায়। এরপর পরিতোয-বাবুর আপ্যায়ন ও দেইসঙ্গে মানসের সঙ্গে কথোপকখন।

"আপনারা কি মনে করেন কলকাতা এখন নিরাপদ ? জাপানীরা আর বোমা বর্ষণ করবে না ? ইংরেজরা ওদের খোঁচাবে না ?" মানস স্থবায়।

''কার মনে কী আছে কেমন করে বলব ৈ তবে যতদূর অহমান করতে পারছি ওদের লক্ষ্য ভারত নয়, চীন। চানকে ওরা ভারত থেকে সাহায্য পাঠ।তে দেবে না বলেই বার্মা দল করেছে। বার্মা ভিন্ন আর তো কোনো স্থলপথ নেই। তাই মাদ হয়ে থাকে তবে বার্মা রোড পাহারা দেওয়াই তাদের লক্ষ্যভেদের সহায়ক। ভারত আক্রমণ করে লক্ষ্যভ্রপ্ত হতে যাবে কেন ? তা ছাড়া কংগ্রেগই যথন ইংরেজের সঙ্গে ছন্দরত তথন ভারত আক্রমণ করে কংগ্রেদকে ইংরেজের কোলে ঠেলে দেওয়া কেন ? ই্যা, ইংরেজে কংগ্রেদে কোলাকুলি হতে পারে। ক্রিপদ প্রস্তাব যদি দংশোধিত হয়। যদি দেশরক্ষার দায়িত্ব ভারতীয়দের উপর ছেড়ে দেওয়া হয়। যে কোনে। একজন ভারতীয় নাগরিককে যুদ্ধ দফতর পরিচালনার ভার দিলেই চলবে। কংগ্রেস নিজের জত্যে সেটা চাইবে না। জিল্লা সাহেবকে যদি দেওয়া হয় তা হলেও কংগ্রেস সহযোগিতা করবে। কংগ্রেস জাপানের সঙ্গে লড়তে প্রস্তুত ছিল। ইংরেজের সঙ্গে নয়। কিন্তু চাটিলের অনড় মনোভাবের জন্মেই তো মোড় ঘুরে গেল। অপ্রস্তুত অবস্থায় কংগ্রেদকে ইংরেজের দক্ষে লড়তে হলো। আর একটা মাস। আর একটা মাস সময় পেলেই রাজশক্তিকে দেখিয়ে দিত ভারতের প্রজাশক্তি কেমন হর্জর। এরোপ্লেন থেকে মেশিনগানের গুলী বর্ষণ করে ভারতীয়দের মেরেছে কারা ? জাপানী না ইংরেজ ? কংগ্রেস পক্ষের নিরক্ষর জনতা যদি বাড়াবাড়ি করেই থাকে তবু মোটের উপর তারা নিরস্তা। তোমরা সশস্ত। তোমরাও কি বাড়াবাড়ি করলে না ? ফলে কংগ্রেসের দক্ষিণপদ্মীরা আপস করতে আরো পেছপাও হবে। নয়তো বামপন্থীরা কংগ্রেস থেকে তাদের

হটাবে। তাদের মেজ্রিটি থাকবে না। স্বয়ং গাছীজীও তাদের জিতিরে দিতে পারবেন না। তেমন করতে গেলে তাঁর নিজের জনপ্রিয়তা হারাবেন। তাঁর এতকালের নেতৃত্ব চলে যাবে। বড়ো আগসোসের কথা স্থভাষচক্র এখন আমাদের মধ্যে নেই। থাকলে বিকল্প নেতৃত্বের জ্বন্তে ভাবতে হতো না। হয়তো তিনিই আবার কংগ্রেসে মেজরিটি পেতেন। 'হয়তো' বলছি এইজ্বন্তেই যে সেবারকার মতো এবার বামপন্থীরা সবাই একজোট নন। তাঁদের মধ্যে যারা কমিউনিস্ট তাঁদের কাছে আগে রাশিয়া, তারপরে ভারত। আগে রাশিয়া নাৎসীমৃক্ত হবে, তারপরে ভারত ব্রিটিশমৃক্ত হবে। এটা মেনে নেওয়া অক্যান্ত বামপন্থীদের পক্ষে অসম্ভব। এদের কাছে আগে ভারতের স্বাধীনতা, তারপরে রাশিয়ার বিপ্লবের সহায়তা। বিপ্লবের প্রতি তাদের অন্থরাগ কারো চেয়ে কম নয়। তারাও বিপ্লবী। কিন্তু যেদেশ স্বাধীন নয় সেদেশে বিপ্লব হয় না।" পরিতোষবারু চা থেতে থেতে বলেন।

"সমাজবিপ্লব হয় না।" মানস সংশোধন করে। "কিন্তু অন্তর্গ্রকম বিপ্লব তো হতে পারে। আমেরিকার স্বাধীনভাসংগ্রামকেও আমেরিকান রেভোলিউশন বলা হয়। ওদেশে একটি সংস্থা আছে, ভার নাম 'ডটার্স অফ ছারেভোলিউশন'। নাম শুনেছেন নিশ্চয়।"

"শুনেছি বইকি। ওর মতো প্রতিক্রিয়াশীল সংস্থা ওদেশে আর নেই। ধনতন্ত্রের একটি শুদ্ধ।" পরিতোষবাবুর মতে।

"এদেশের স্বাধীনতাসংগ্রাম সফল হলে এদেশেও সেইরকম একটি সংস্থার উদ্ভব হতে পারে। আমাদের জুলিও হতে পারে তার একজন পাণ্ডা।" মানস হাসে।

"জুলিটি কে ?" কৌতৃহলী হন পরিভোষবাবু।

"কেন, সেদিন তো আরতিদি বলে গেলেন জুলি তাঁর বিহু মাসীর মেরে। আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে আগ্রারগ্রাউণ্ডে থাকে। শুনছি ধরা পড়ে জেলে গেছে। আপনার কাছেই তো আশা করছি সঠিক খবর।" মানসঙ কৌতৃহলী।

''আমি অত থেঁ।জধবর রাধিনে। রাখলে আপনাকে জানাতুম। তবে, হাা, ওঁরা ধনতত্ত্বের ক্ষর্থক। জুলি নিজে কি না, বলতে পারবে না। ওর কমিউনিস্ট কমরেডদের সঙ্গে ওর বিশ্বছদ দটে গেছে। জুলি এখন স্বাধীনভার জন্মে লড্ডে। অৰুণা আসফ আলীর মতো। উনিও এখন কলকাতায়। হাঁ। আগারগ্রাউতে। পুলিশ ওঁকে কিছতেই ধরতে পারছে না। আগারগ্রাউত্তে থেকেই উনি যা আগুন ছডিয়ে চলেছেন তা নেবানো দমকলের অসাধ্য। এ. আর. পি'র মসাধ্য। কে জানে জুলির সঙ্গে হয়তো ওঁর যোগাযোগ আছে। স্বাধীনভার পর এ রা কে কোন পথে যাবেন এখন থেকে ভবিষ্যপাণী করা সম্ভব নয়। কিন্তু স্বাধীনতা হচ্ছে কী করে, বুঝতে পারছিনে। বামপন্থীরা দলে ভারী ছিল কমিউনিস্টরাও দলের সামিল ছিল বলেই না। নইলে স্থভাষ্চজ্ঞ कि ভোটে कि छ छ । এখন তো সেই জোটবল । नहे, সেই ভোটবল নেই। দক্ষিণপদ্বীরা আপদ করলে তাদের ভোটের জোরে হারাবে কে? আপদ করে यि ज्ञात्मानन थामिए एमन अरक हानिए दनवात मामर्थ कि ज्ञान्यकारम कि অরুণার আছে ? এই সাড়ে চার মাসের মধ্যেই আন্দোলনের মোমেন্টাম ক্ষীণ হয়ে এসেছে। কেউ কেউ নেপালে পালিয়ে গেছেন। কিন্তু সেখান খেকে আন্দোলন চালানো আরো কঠিন হবে। তার চেয়ে জেলের ভিতর থেকে চালানো তত কঠিন নয়। জেলের ভিতর থেকে চিঠি চালাচালি অনবরত চলেছে। ওয়ার্ডারদের যোগদাজশে। ব্যতিক্রম অবশ্র গান্ধাজী যেথানে বন্দী আর কংগ্রেস ওয়াকিং কমিটির সদস্তরা যেখানে বন্দী বা নির্বাসিত বা ভারতের বাইরে প্রেরিত।" পরিতোষবার বলেন।

"এখন ওরা কোখায় ?" মানস বোকার মত প্রশ্ন করে।

ভাট ইজ মোর ভান আই ক্যান টেল ইউ।" তিনি ইংরেজীতে উত্তর দেন। তারপর বলেন, "প্রত্যেকটি কাগজের উপর নির্দেশ ফাঁস করেছ কি মরেছ। কোনো পত্রিকারই সাহস নেই। না নিউজ এজেজীর। নইলে আমেরিকানরা এতদিনে প্রকাশ করে দিত। ই্যা, আময়া আমেরিকা থেকেও পত্রিকা পাই। বিলেত থেকে তো বটেই। ত্রিশ বছর হলো পেয়ে আসছি। আমরাও পত্রিকা পাঠাই। এমন গোপনীয়তা কোনো বারেই দেখা যায়নি। ওঁদের কুৎসা প্রচার সমানে চলেছে, অথচ ওঁদের আত্মপক্ষ সমর্থন করতে দেওয়া হচ্ছে না। অপরাধ যদি করে থাকেন তো আদালতে বিচার হোক। প্রমন কি, মিলিটারি ট্রাইবিউনালে। এটা কি রকম ব্রিটিশ জাষ্টিস, বলুন তো জ্বজ সাহেব ?" পরিতোষবার পরিহাস করেন।

यानम लिक्कि हास यान, "ना, এটা क्रिकि नम्र।"

"देश्याकता कल निष्ठ त्नाम (शष्ट्र, त्रथून। अत्रा वदा अत्मत्र विद्रभव्य

স্টালিনের স**লে** ভাব করবে, তবু ওদেরই একজন যিনি, তাঁর সঙ্গে নয়। আমি কার কথা বলচি বরতে পেরেছেন ?" তিনি রসিকতা করেন।

"নেহরুর কথা। এটা সহজেই বোঝা যায়। হারো আর কেমব্রিছ। কড ভালো ইংরেজী লেখেন। পড়ে স্থুখ আছে।" মানস প্রশংসা করেন।

শগাদীক্ষী আবার ওঁকেই ওঁর উত্তরাধিকারী বলে ঘোষণা করেছেন। বেচারা উত্তরাধিকারীর একেবারেই ইংরেজের সঙ্গে লড়তে ইচ্ছে ছিল না। তার মহাশক্র হিটলার মুগোলিনি প্রভৃতি ফাসিস্ট। ওঁকে শুধু ইংরেজ নয়, মার্কসিস্টও রলা যায়। ক্ষমতা হাতে পেলে ওঁর প্রথম কাজই হতো চার্চিলের সাথী হয়ে স্টালিনের সঙ্গে সাক্ষাৎ করতে যাওয়া। দ্বিতীয় কাজ হতে। চীনদেশে গিয়ে চিয়াং কাই-শেকের সঙ্গে মাও ৎসে-তৃক্ষের মিলন ঘটানো। আন্তর্জাতিক ক্ষেত্রে ওঁর মতো যোগ্যতা আর কার কাছে যু বড়লাট তব্ শররাট্র দক্ষতর কিছুতেই ওঁকে দেবেন না। ক্রিণস প্রস্তাব বানচাল করার পেছনে বড়লাটেরও হাত ছিল।" আপ্রসাদ করেন পরিতোষবার।

মানসও জানত যে জবাহরলাল একান্ত অনিচ্ছুক সভ্যাগ্রহী। তিনি আপ্রাণ চেষ্টা করেছেন মিত্র হিসাবে যুদ্ধে নামতে, তাঁবেদার হিসাবে নয়। কিন্তু এমনি ইংরেজদের জেদ যে ওরা দাবী করেছে ব্রিটিশ দাবজেক্ট হিদাবে লয়ালটি, স্বাধীন দেশের নাগরিক হিসাবে মিত্রতা নয়। স্থতরাং একডন খনারেবল ম্যানের কর্তব্য খনহযোগ করা। আমিও ব্রিটেনে থেকেছি, গত মহাযুদ্ধের সময় ছাত্রহিসাবে। আমিও তথন সাহায্য করেছি। আমিও এই বৃদ্ধে ওদের পক্ষে। কিন্তু দেশের স্বাধীনতার বিনিময়ে নয়। ওদেশের পীপলের বিক্লব্ধে আমার কোনো অভিযোগ বা অভিযান নেই। ওরা সত্যিই ভালো। যত দোহ ওদের সামাজ্যবাদী শাসক ও শোষকদের। ওরাই ভো এদেশে ডিভাইড খ্যাও কল পলিসি চালিয়ে হিন্মু ম্সলমানের মনে এমন বিষ ঢুকিয়েছে বে ওদের গুরুমারা চেলারা শেষে হাঁকে কিনা 'ডিভাইড আ্যাণ্ড कृष्टे छैं। लक्क करत्र एक व व्यान्नालान मुनलमानता व्यार्गत मरणा राग দেয়নি। ব্যতিক্রম উত্তর-পশ্চিম সীমাস্ত প্রদেশের পাঠান। আন্দোলনের क्लाक्न बारे ट्रांक धक्टा किनिम त्वन व्लाहे श्राह । करश्चम बाउँ हा প্রদেশে আগের মতোই প্রভাবশালী। অধিকত্ক পশ্চিম বঙ্গে ও পূর্ব পাঞ্চাবে। ৰাকী অংশে কংগ্রেদ অভান্ত তুর্বল। মুদলিম জনতার তুর্বলভার

পূর্ণ স্থোগ নিলে আশ্চর্য হব না। ইংরেজরা করতেও পারে ভাগ আর ত্যাগ।" পরিভোষবার শক্ষিত।

"দেটা তো যুদ্ধ শেষ হওয়ার আগে নয়। তার এখনো ঢের দেরি। যুদ্ধে জয় পরাজয় সমান অনিশ্চিত। কত কী ঘটতে পারে! স্বভাষ বোদকে কেউ গণনার মধ্যে ধরছে না। গান্ধাজীর দম ফুরিয়ে আসছে, স্বভাষের দম ফুরোয়নি। সিণাহী বিজ্ঞাহের সম্ভাবনা কি উড়িয়ে দেওয়া যায়?" মানস তর্ক করে।

"সে রকম কানাঘ্যাও শোনা যাচ্ছে। আমি ওটাকে সীরিয়াস মনে করিনে। সিপাহীদের রেজিমেণ্ট গুলো সাম্প্রদায়িক নামে নামাঙ্কিত। অসাম্প্রদায়িক রেজিমেণ্ট একটাও নেই। ওরা কি ইংরেজদের বিরুদ্ধে লড়বে না পরস্পারের বিরুদ্ধে শ ইংরেজরা বিতীয় সিপাহী বিদ্রোহের সম্ভাবনাকে গর্ভের ভিতরেই বিনাশ করে রেখেছে। ওকে ওরা ভূমিষ্ঠ হতে দেবে না। ওটা স্বাধীনতা সংগ্রামকে বিপথগামী করবে। তেমনি বিপথগামী করবে জার্মান বা জাপানীদের সঙ্গে জোট বাঁধা।" পরিতোষবাবুর বিচারে।

পরের দিন মানস ও রুখিকা ভবতোষবাৰুকে বিদায় দিতে যায়। তিনি ছংথ প্রকাশ করেন। "নিমন্ত্রণ গ্রহণ করে নিমন্ত্রণ রক্ষা না করা একটা সামাজিক অপরাধ। কিন্তু কাল সকালে কলকাতার টেন ধরতে হলে আজ সন্ধ্যাবেলা কোথাও যাওয়া চলে না। অনেকেই আসছেন দেখা করতে।"

যুথিকা কলকাভায় তাঁর নিরাপত্তার জত্তে উবিগ্ন। "এই যে আপনি জাপানী বোমাকে উপেক্ষা করে ফিরে যাচ্ছেন এটা কি ঠিক হচ্ছে ?"

তিনি স্নিশ্ব হেসে বলেন, "আমার তো এমনিতেই যাবার বয়স হলো।
মানে পরপারে। ত্'দিন আগে গেলে এমন কী ভফাং । লোকের ধারণা
আমি জাপানী বোমার ভয়ে পালিয়ে এসেছি। সেটা অর্থ-সভ্য। বাকী
আধখানা হচ্ছে আমি সেই অজুহাতে কিছুদিন নিভ্তে বাস করতে চেয়েছি।
আমি সাময়িকপত্র সম্পাদন করি, সাময়িককে নিয়েই আমার কারবার। কিন্তু
সাময়িকতার উধের উঠতে না পারলে মানব অন্তিত্বের অর্থ খুঁজে পাওয়া যায়
না। ওই যে এত লক্ষ মাহ্মষ দেশের নামে যুদ্ধ করতে বেরিয়েছে এরা কি
মৃত্যুর পরেও জার্মান বা জাপানী বা ইংরেজ বা মার্কিন বলে পরিচয় দিতে
পারবে । ওপারে কি কেউ চিনতে পারবেন এরা কোন্ দেশের মাহ্মষ ।
মাহ্মষ বলেই চিনবে কিনা সেটাও প্রশ্নসাপেক। মৃত্যুর পূর্বে তুমি জার্মান,

ষ্ত্যুর পরে তুমি কেউ নও। তুমি যা তোমার শক্র রাশিয়ানও তাই। আমি চেটা করছি দার্শনিকের চোথে দেখতে। আমার চোথে হারজিৎ তুই সমান। জার্মান ইটালিয়ান জাপানী শিবির জিতলে যে মানবজাতির সর্বনাশ হবে আর ইল মাকিন রুশ শিবির জিতলে যে সর্বলাভ তা আমার বিশাস হয় না। সব বুদ্ধে জয় পরাজয় আছে। এই যুদ্ধেও কোনো এক পক্ষ জিতবে ও কোনো এক পক্ষ হারবে। তাতে সমগ্র মানবজাতির কি এল গেল । একজন ভারতীয় হিসাবে নয়, একজন মাহুষ হিসাবে এই আমার জিজ্ঞাসা। সেই যে একটা কথা ছিল পশু যেমন বিবর্তনের সোপান বেয়ে ক্রমে ক্রমে মাহুষ হয়ে উঠেছে তেমনি মাহুষও ক্রমে ক্রমে দেবতা হয়ে উঠবে, সেই কথাটা কি সত্য । আপনাদের কি মনে হয় একটার পর একটা মহাযুদ্ধে মারতে মারতে ও মরতে মরতে মাহুষ ক্রমে ক্রমে ক্রমে ক্রমে জরে হয়ে উঠছে । না অহ্বর হয়ে উঠছে । না নেমে গিয়ে আবার পশু হচ্ছে । শেষে কি ভাইনোসরের মতো নির্বংশ হবে । শ

মানস যৃথিকার দিকে ভাকাতেই সে ফিক করে হাসে। "দেবতা হয়ে উঠছে না ভো কী ? চার্চিল, রুজভেন্ট, স্টালিন কি ব্রহ্মা, বিষ্ণু, শিব নন ?"

ভবতোষবাবুর মতে। গম্ভীর মাস্থ্যও হেসে ওঠেন। মানদের দিকে ভাকান।

"তা যদি বলো তবে ওডিন, থর, ফ্রিগ এঁরাও তো দেবতা। ফ্রিগ হলেন ওডিনজায়া। টিউটনদের এই তিন দেবতার নাম এখনো বহন করছে ওয়েনসডে, থার্সডে, ফ্রাইডে। হপ্তার পর হপ্তা আমরাও এঁদের নাম করি। ইদানীং জার্মানীতে এঁদের যুগ ফিরে আসছে। নাৎসীরা প্রাচীন গৌরব ফিরিয়ে আনছে।" মানস বলে।

ভবতোষবাবু চমকে ওঠেন। ''তার মানে কি জার্মানী থেকে গ্রীণ্টধর্ম উঠে যাবে ? হিটলারের জয় বলতে কি এত বড়ো বিপর্যয় বোঝায় ?''

''ন্টালিনের জন্ন হলে জাম'ানী থেকে ঈশারবিশাসই উঠে যাবে। যেমন উঠে গেছে রাশিয়া থেকে। যুদ্ধ ব্যাপারটা শুধু মাহুষের মরণ বাঁচনের প্রশ্ন নয়। ধমে'রও, মতবাদেরও, গভীরতম বিশাসেরও ভাগ্যবিপর্যেরে প্রশ্ন।'' মানস উত্তর দেয়।

ভবতোষবারু স্বীকার করেন বে যুদ্ধে হার জিৎ মানব জাতির ভাগ্য নির্বারণ করতে পারে।

॥ চব্বিশ ॥

এর পরে একদিন সাত সকালে রায় বাহাত্র এসে উপস্থিত। ''আপনাকে এত সকালে বেরোতে দেখিনে। ব্যাপার কী, রায়বাহাত্র ।''

"কী খাওয়াবেন, বলুন।" রায় বাহাত্র আদন নিয়ে বলেন, ''বি. বি. দি'র থবর। স্টালিনগ্রাডে জাম নি দেনা আত্মদমর্পণ করেছে। বন্দী হয়েছে দেনাপতি সমেত একানকাই হাজার দৈনিক।"

"কী আনন্দ। কী আনন্দ।" মানস যুথিকাকে ডেকে শোনায়।

"আপনার তো আনন্দ। আমার যে নিরানন্দ। কালকেই জামাই এসে হানা দেবে। আমার মেয়েকে ধরে নিয়ে যাবে। নাতি নাতনী সমেত। স্টালিনগ্রাডের পরাজ্যের পর জামনির মিতা জাপান আর এদিকে পা বাড়াবে না। স্ক্লকাতা নিরাপদ। কী জানি, বাপু।" তাঁর প্রতায় হয় না।

"এই তো দেদিন ভবতোষবাবু কলকাতা ফিরে গেলেন। নিরাপদ না হলে কি ষেতেন। তবে কেউ জাের করে বলতে পারবে না যে আার কখনাে বােমা পড়বে না। ব্যাক আউট বহাল থাকবে।'' মানস যতদ্র আন্দান্দ করতে পারে।

যুথিকা চা করে এনেছিল। মানস বলে, "আহ্ন, একটু দেলিত্রেট করা যাক।"

"কেন, আপনি কি প্রচ্ছন্ন কমিউনিফ ?" রায় বাহাত্র রসিকতা করেন। "ক্লভেন্ট, চার্চিল কি কমিউনিফ ? অত বাছবিচার করলে কি যুদ্ধ জেতা যায় ? ফালিনগ্রাডে হিটলারের পরাজয় তাঁদেরও জয় স্থচনা করছে। তাঁরা এবার বিতীয় ক্রন্ট খোলার তোড়জোড় করবেন। ফালিনগ্রাড একটা টানিং পয়েন্ট। এই প্রথমবার হিটলারকে হার মানতে হলো। না, আমি প্রচ্ছন্ন কমিউনিফ নই। আমি নন-কন্কমিফ। যেমন ধর্মে, তেমনি সমাজে, তেমনি গাহিত্যে, তেমনি রাজনীতিতে, তেমনি মতবাদে। তবে সরকারী চাকরিতে কন্ফ্ম করতেই হয়। নয়তো চাকরি ছাড়তে হয়। সেইজ্লেই পালাতে চাই।" মানস কৈফিয়ং দেয়। 'ভা হলে আপনার বিয়ে না করাই উচিত ছিল। পুত্রকভার পিতা হওয়া তো একেবারেই অহচিত।" তিনি সহাস্তে বলেন।

মানসও হাসতে হাসতে বলে, "নারীই হচ্ছে পুরুষের শক্তি। শিবের শক্তি যেমন পার্বতী, নারায়ণের শক্তি যেমন লন্ধী, রামের শক্তি যেমন সীতা, রুষ্ণের শক্তি যেমন রাধা, মানদের শক্তি তেমনি যুথিকা।"

শিবপার্বতীর যেমন কাত্তিক গণেশ" বলতে যাছিল, কিন্তু হঠাৎ কণ্ঠরোধ হয়। কথাটা ঘ্রিয়ে নিয়ে বলে, "কালিদাস একটা মহাকাব্যই লিখে ফেলেন কুমারকে সম্ভব করতে গিয়ে। নইলে সেকালের স্টালিনপ্রাডে সেকালের নাংসীদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করতেন সেকালের ক্লদেশের কোন্ সেনাপতি ।"

ক্ষণদেশকে আপনি দেখছি মর্ত্যের স্বর্গ বলে কল্পনা করছেন। আমি কিন্তু ভাবছি এক নেপোলিয়নকে হারিয়ে দিয়ে আপনারা আরেক নেপোলিয়নকে জিভিয়ে দিলেন। হিটলারের মতো স্টালিনেরও বাড় বেড়ে যাবে। হিটলারের আদ্ধ অনেক দূর গড়াবে। তথন আবার 'সামাল' গামাল' রব উঠবে।" রায় বাহাত্ব বলেন।

"দেখুন, রায় বাহাত্র, অপ্রিয় হলেও কথাটা সত্য। স্টালিন না থাকলে হিটলারকে কেউ রুখতে পারতেন না। আর চার্চিল, রুজতেন্ট সাহায্য না করলে স্টালিনও কি পারতেন । এক কথায় বলতে পারা যায় কমিউনিসট ও ক্যাপিটালিস্ট মিলে ফানিস্টকে রুখেছেন।" মানস বিচারকের রায় শোনায়। বাঁকে শোনায় তিনিও একজন বিচারক ছিলেন।

"তা যদি বলেন, চার্চিলকে সাহায্য করেছেন আটেলী, লেবার পার্টির নেতা। ক্যাপিটালকে সাহায্য করেছে লেবার। রুজভেন্টের পেছনেও তাঁর দেশের শ্রমিক নেতারা দাঁড়িয়েছেন। নাৎদীদের কেউ দেখতে পারে না। ওরা কি এতই খারাপ! ওরা যে বেকার সমস্যার সমাধান করে এতদিন সকলের প্রশংসা কুড়িয়ে এসেছে, এটাও কি সত্য নয়?" রায় বাহাত্র আশ্চর্য হন।

"কিছু মাত্র কৃতিত্ব যে ওদের নেই এমন কথা আমি বলব না। স্টালিন-গ্রাডে শুনছি আড়াই লাখ জার্মান প্রাণ দিয়েছে। দেশের জন্মে প্রাণ দেওয়াও একটা কৃতিত্ব। কিন্তু এই বিংশ শতাব্দীতে ওরা ওদের টিউটন পূর্বপুরুষদের মুগে ফিরে গেছে। খ্রীসীয় মূল্যবোধের ধার ধারে না। গ্রীক রোমান ঐতিহ্যের উত্তরাধিকার স্বীকার করে না। রেনেসাঁস. এনলাইটেনমেন্ট, লিবারল ডেমোক্রাসীর ধারা প্রবহমান রাখতে চায় না। আর কারো সঙ্গে ওদের মিলবে কেন? আবার সেই উইচ হান্ট ফিরিয়ে এনেছে। উইচ হয়েছে ইছদী মাত্রেই। জিপসী মাত্রেই। ক্রফাঙ্গ মাত্রেই। আর্থ আর অনার্থ এ ভেদবৃদ্ধি ওদের মজ্জাগত। অনার্থকে বাঁচতে দেবে না। স্ক্তরাং প্রাণের দায়ে স্বাইকে একজোট হতে হচ্ছে। নেপোলিয়নও এত রক্ম মানুষকে শক্রু করেননি। তিনি ছিলেন প্রগতিশীল। এরা প্রতিক্রিয়াশীল।" আবার রায় দেয় মানস।

রায় বাহাত্র ওঠেন। বলেন, ''দ্টালিনগ্রাডের খণ্ডযুদ্ধই তে। সম্পূর্ণ যুদ্ধ নয়। আরো অনেক জায়গায় লড়তে হবে। এখন থেকেই সেলিবেট করা বিজ্ঞ জনের কাজ নয়। আপনি এখনো ছেলেমাহুষ রয়েছেন।"

তাঁর প্রস্থানের পর যুথিক। মুখ থোলে। "চার্চিল আজ হাসছেন না কাঁদছেন তা আমি বাজি রেখে বলতে পারব না। ফালিনই এখন থেকে দিনিয়র পার্টনার। 'মার্শল ফালিন', 'মার্শল ফালিন' বলে খোদামোদ শুরু হয়ে যাবে। লোকটা আগাগোড়া ইস্পাত দিয়ে তৈরি। শুব শুতি নিন্দা কুংসা কিছুই ওঁকে টলাতে পারবে না। ইউরোপের ভাগ্য উনিই নিয়ম্বণ করবেন। এর পরে আর কোনো শক্তি রাশিয়া আমন্ত্রণ করতে স'হস পাবে না। তুকলে বেরোবার পথ পাবে না। ঘেরাও হয়ে আত্মসমর্পণ করবে। গোটা রাশিয়াটাই হবে বৃহত্তর ফালিনগ্রাড়। চার্চিল মশায় হাত পা কামড়াবেন। মতলবটা তো জার্মানী দখল করে রাশিয়ার দিকে হাত পা বাড়ানো। শক্তের ভক্ত, নরমের যম। যত হম্বি তম্বি গান্ধাজীর বেলা। সর্বংসহা বস্থমতী আর কতদিন এই দান্তিক জাতিকে সহ্য করবেন প কবে এর নেতাকে দিয়ে বলিয়ে নেবেন 'মহাত্মা গান্ধী' 'মহাত্মা গান্ধী' কবে এমন স্থদিন হবে যেদিন চার্চিল উডে আসবেন দেবাগ্রামে তাঁর নৈতিক সমর্থন প্রার্থনা করতে প পৃথিবীতে নৈতিক শক্তি বলে কি কিছু নেই প তবে এত মাসুষ যীশু গ্রীস্টের অনুগামী হতে যায় কেন প্রীত্রির অনুগামনকে কাজে না হোক, মনে মনে অবলম্বন করে কেন প্র

মানস এর উত্তরে বলে, "মনে মনে মানছেই বা ক'জন মাসুষ! গির্জাগুলো জনবিরল বা জনশৃহা। এটিনাদের মধ্যে খাঁটি এটিনারা সংখ্যাসঘু। টলস্টয়ের কথা যদি ভনত রুশদেশের চার্চ আত্মসংশোধন করত। তা না করে তাঁকেই করে বহিন্ধার। ফলে জারও গেছেন, প্যাট্রিয়ার্কও গেছেন, চার্চও গেছে। স্ব শাক্ষ করে দিয়েছেন লেনিন ও তাঁর বিপ্লবা দল। তাঁরাও গড়ে তুলেছেন নতুন এক চার্চ। কমিউনিস্ট পার্টি। নতুর্ন এক রাষ্ট্র, প্রোলিটারিয়ান রাষ্ট্র। তাঁদেরও একপ্রকার নৈতিক শক্তি আছে। আরো এক প্রশ্ব নৈতিক অফুশাসন। তাঁদের রাষ্ট্রে বেশ্চার্রিও নেই, বৈশ্চর্তি নেই, প্রফিট মোটিভ নেই। আদি প্রীস্টানদের সঙ্গে মিলে যার। তবে তলোয়ারের উপর অগাধ বিশাস। অনেকটা আদি মুসলমানদের মতো। যারা তাঁদের মতবাদে বিশাস করে না তারা ইনফাইডেল। তাদের কোতল করা হয়। প্রাণে বাঁচাবার জন্মে স্বাইকে কমিউনিস্ট দীক্ষা নিতে হয়েছে। থাটি কমিউনিস্টরা সংখ্যালঘু। তাদের মধ্যেও ঝাড়াই বাছাই চলেছে। আদি কমিউনিস্টরাও প্রায় সকলেই নিপাত গেছেন। তাঁরা নাকি প্রতিবিপ্লবী বা অতিবিপ্লবী। স্টালিন এখন কেবল পার্টির পোপ নন, রাষ্ট্রেরও সম্রাট, এখন আবার দৈক্যদেলর মহাসেনাপতি, ফীল্ড মার্শাল। সর্বপ্রকার রাাক্ষ তো বিপ্লবের সঙ্গে সঙ্গেই উঠিয়ে দেওয়া হয়েছিল। এখন আবার ফিরিয়ে আনা হয়েছে।"

"কিন্ত বিপ্লবটা আদৌ হলো কেন বলতে পারো? অধিকাংশ রাশিয়ানই তো ছিল ধর্মভৌক ও রাজভক্ত ?" যুথিকা জিজ্ঞানা করে।

'প্রধানত অর্থনৈতিক করণে। যুদ্ধের সময় সব দেশেই ইনফ্লেশন হয়ে থাকে কিন্তু ভাকে অতি যত্তে আয়তের মধ্যে রাথতে হয়। সেটা প্রথম মহাযুদ্ধের সময় জারের শাসনকালে হয়নি। ফেব্রুয়ারি বিপ্লব আপনা থেকে ঘটে যায়। জার সিংহাসন ত্যাগ করেন। লেনিন তথন দেশে ছিলেন না। কেরেনস্থি ও তাঁর মেনশেভিকরা বিপ্লবের হ্যোগ নিয়ে গভর্নমেন্ট গঠন করেন। কিন্তু একই ভুল তাঁরাও করেন। যুদ্ধ চালিয়ে যান, যুদ্ধের থরচ ইনফ্লেশন দিয়ে মেটান। একই পরিণাম। আবার বিপ্লব। এটা আপনা থেকে ঘটে না। ঝোপ বুঝে কোপ দেন লেনিন ও তাঁর বোলশেভিক দল। এ রা যুদ্ধ থামিয়ে দেন। রণক্লান্ত দৈর পক্ষ নেয়। শ্রমিকরা তো নেয়ই, কৃষকরাও জমির হৃত্ব পেয়ে এ দের পেছনে দাঁড়ায়। ইনফ্লেশনের পরিমাণ কমিয়ে আনা হয়। অবশ্র প্রতিবিপ্লবীদের দক্ষে লড়তে গিয়ে আবার পরিমাণ বাড়াতে হয়েছিল, তার হ্যোগ নিতে চেয়েছিল অভিবিপ্লবীয়া কিন্তু লেনিন ছিলেন বছদশী ও প্রাক্ত। হ্যোগর বিপ্লব আশাতীতভাবে কফল হয়। যদিও বিনা রক্তপাতে নয়। তবে ফরাদী বিপ্লবের মতো সন্ধাসের রাজত্ব তার আমলে হয়নি। তিনি ছিলেন শ্রারনিষ্ঠ। তায়নিষ্ঠাও মাছ্যকে মাহ্যবের প্রতি অভ্যাচার থেকে নিবৃত্ত

করে। নইলে রুশবিপ্পবশু ফরাসীবিপ্পবের মতো ব্যর্থ হতো। মহৎ উদ্দেশ্ত সিদ্ধির জন্তে মন্দ উপায়ও সার্থক এমনতরো নীতিরও একটা মাত্রাবোধ আছে। গান্ধীজীর বৈশিষ্ট্য হলো তিনি উপায়কে উদ্দেশ্তের চেয়ে আরো বেশী শুরুত্ব দেন। মানস ব্যাখ্যা করে।

''আচ্ছা, এখানেও তে। ইনফ্লেশন থেকে বিপ্লব হতে পারে। ইনফ্লেশনের উপরে কি গর্ভনমেণ্টের কন্ট্রোল আছে ?'' যুথিকা স্থধায়।

"এখন পর্যন্ত আছে। এ যুদ্ধ আরো তিন বছর গড়ালে ইনফ্লেশনের তথা বিপ্লবের সম্ভাবনা থাকবে। গান্ধীজী ততদিন অপেক্ষা করলে তাঁর আন্দোলনই বৈপ্লবিক আকার নিত। অসময়ে গণ আন্দোলন করতে গিয়ে তেমন বেশী সাড়া মেলেনি। শ্রমিকরা ও সৈনিকরা সরকার পক্ষে, মুসলমানরা উদাসীন।" মানস বলে।

দিন কয়েক পরে রায় বাহাত্বের পুনরাগমন। এবার রাত ন'টার পরে।

"শুনেছেন ? মহাত্মা গান্ধীর অনশন আরম্ভ হয়ে গেছে। একুশ দিনের মেয়াদ। সরকার তাঁকে সেই একুশ দিন মৃক্ত থাকতে দিতেন। তা হলে কিন্তু তিনি অনশন করতেন না। কাজেই তাঁকে বন্দী অবস্থায় অনশন করতে দেওয়া হয়েছে। সঙ্গে তাঁর নিজের ডাক্তার থাকবেন। নিকট আত্মীয়রাও থাকবেন। ফলাফলের জন্মে সরকার দায়ী নন। বড়লাটের সঙ্গে তাঁর যে পত্রবিনিময় হয় তা প্রকাশ করা হয়েছে। কালকের কাগজে দেখবেন।" রায় বাহাত্বর ইাপাতে ইাপাতে বলেন।

যুথিকা বজাহত। মানস যদিও জানত গান্ধীজী অনশন করতে পারেন, তবু ঠিক এই মুহুতে প্রত্যাশা করেনি। সেও হতবাক।

চুয়াত্তর বছর বয়সে একুশদিন অনশন মানে কী, বোঝেন ? নির্বাণ। কেউ যদি তাঁকে নির্ব্ত না করে। সরকার পাষাণের মতো অবিচল। সব চেয়ে থারাপটার জন্যেও প্রস্তুত। দেশবাসীরও তার জন্যে প্রস্তুত হতে হবে।" তিনি কাতরভাবে বলেন।

মানস তাঁকে এগিয়ে দিয়ে আসে। তিনি কেবলি আওড়াতে থাকেন, "অসতো মা সদ্পময়। তমসো মা জ্যোতির্গময়। স্বত্যো মা অস্থৃতং গময়।" এক ফাঁকে মানস তাঁকে জিজ্ঞাদা করে, "আপনি অতবার স্বৃত্যুর কথা বলছেন কেন ? আপনার কি মনে হয় মহাত্মা আর বাঁচবেন না ?"

"ওই শরীর শিয়ে এই বয়সে কেউ বাঁচে না। বাঁচলে বাঁচবেন আত্মার

ন্যোরে আর ভগবানের কুপায়। সোল ফোর্স আর ডিভাইন গ্রেস। সেইজন্তেই ডো এতবার জপ করছি, অমুতং গময়।" তিনি উত্তর দেন।

মানস ফিরে এসে যুথিকাকে শোনায়। সে ইতিমধ্যে দ্বির করে কেলেছে যে সেও অনশন করবে। সেটা তার অস্তরাত্মার নির্দেশ।

"সে কী! তুমি কেন করতে যাবে! করে কী লাভ হবে ? তুমিও কি আমাদের ছেড়ে চলে থেতে চাও ?" মানস ব্যাকুল হয়ে বলে।

'পাগল! আমি ছেড়ে যাব কোন্ ত্থে। আআর সঙ্গে আআর একটা অনুখ্য যোগহত আছে। আমার আআর প্রার্থনা তাঁর আআকে শক্তি জোগাতে পারে। অনশনও একপ্রকার অব্যক্ত প্রার্থনা। অস্থ সন্তানের আরোগ্যের জন্যে উপৰাস কি কোনো মা কথনো করে না? বাপুও তো আমার একটি ছেলে। ছেলের মূথে ভাত নেই, আমার মূথে ভাত কচবে ।" যুথিকা আবেগের সঙ্গে বলে।

''একুশ দিন তুমি পারবে কেন ? শরীরেরও তো একটা দাবী আছে। মাম্ববের সমন্ডটাই কি আত্মা ?'' মানস যুক্তির আশ্রয় নেয়।

"না, একুণ দিন নয়। দিন সাতেক।" যুথিকা জানায়।

পরের দিন যুথিকা অনশন শুরু করলে মানসও তাই করে। চা পর্যন্ত ছোঁয় না। পরিজ পড়ে থাকে।

"ও কী! তৃমি অনশন করবে! তোমাকে আদালতে যেতে হবে, মামলা অনতে হবে। পেটে কিছু না পড়লে কাজের ক্ষতি হবে না?" যুথিকা স্থায়।

বাপুর জন্মে আমারও কিছু করা উচিত। অদৃশ্য একটা ভালোবাসার ডোর যথন আছে। তাঁর সঙ্গে তাঁর প্রত্যেকটি দেশবাসীর। কেউ মানে না, কেউ মানে। আমি তো মানি। রায় বাহাত্বের মতো আমারও আশক্ষা এঘাত্রা তাঁর প্রাণ্দ শয়। তিনদিন পর্যন্ত আমার দৌড়। এই তিনদিন আমি আদালতে গিয়ে শক্তিকয় করব না। বাড়ীতে বসেই যা করতে পারি তা করব। অহুথবিহুথ করলে জজেরা তাই করেন ও হাইকোর্টকে জানিয়ে দিয়ে অহুমতি নেন। এ সপ্তাহে আমার কোর্টে দায়রার মামলা নেই। সিভিল ও ক্রিমিনাল আপীল তিনদিন সবুর করতে পারে। মামুলী ফাইল বাড়ীতে বসেও ডিস্পোঞ্চ করা চলে। ক্লার্করা এনে দেখিয়ে নিয়ে বাবেন।" মানস তার সিদ্ধান্ত জানায়।

সেরেন্তাদারকে ডেকে পাঠানো ছয়। তিনি বলেন তিনদিন কোনো মতে চালিয়ে দিতে পারা যাবে। তবে অনশনের কথাটা গোপন রাখতে হবে। বাইরে রটে গেলে কলকাতার কাগজে বেরিয়ে যাবে। সরকার চেপে ধরবে। অস্বথ তো সকলের করে। অস্বথটাই হবে প্রকাশ্য কারণ।

"না। আমি মিখ্যা কথা বলব না, লিখব না। তা যদি করি আমার অনশন বুথা হবে। এটা একটা রিচ্যাল নয়। গান্ধীলী সত্যের উপর জোর দেন। আমিও তাই করব। যদি হাইকোর্ট জানতে চায়। কিন্ধ আপাতত কোনো কারণ দর্শাতে হবে না। কার্যবিধিতে তেমন কোনো বাধ্যবাধকতা নেই। নিজের অহ্বথ না করলেও স্ত্রীর অহ্বথ তো করতে পারে।" মানস দৃঢ়তার সঙ্গে বলে।

্"তা হলে মিথ্যা কথাটা আমিই মুথে আনব, সার। মেমসাহেব অহম, সাহেব ব্যতিব্যস্ত। এই চার্টি শব্দই যথেষ্ট।" তিনি সাহস করে বলেন।

"তা হলে আবার সহাগ্নভূতি জানাতে উকীল বাবুর। ছুটে আসবেন। কী দরকার কোনো কৈফিয়ৎ দেবার ? আমি একথানা চিঠি লিথে দিচ্ছি সাব-জজ সাহেের নামে। পরে হাইকোটের রেজিস্টার সাহেবকে লিথব। কারণ কাউকেই জানাব না। সেটা প্রাইভেট।" মানস শেষ করে।

"কারণটা প্রাইভেট। ব্যুদ্, এই যথেষ্ট।" তিনি বিদায় নেন।

মানস জীবনে একটিবার উপবাস করেছিল। একাদশীর উপবাস। তার মা সেদিন হ'তিন ঘটা অস্তর অস্তরেষ উপরোধ করে এটা সেটা ওটা খাইয়ে হাস্তস্পদ করেছিলেন। তার স্ত্রাও যে তাই করবেন এটা তার অপ্রত্যাশিত ছিল না। কিন্তু সে সত্যি স্বত্যিই চব্বিশ ঘটা অনশনে কাটিয়ে দেয়। মাঝে মাঝে পান করে লেব্র সরবত।

পরের দিন থুব বেশী পীড়াপীড়ি করতে হয় না। এক পেয়ালা চা দিয়েই অনশন শুরু করে। কিন্তু সারাদিন লেবুর সরবত ছাড়া আর কিছু মুখে দেয় না। রাত্রে শোবার আগে আবার এক পেয়ালা হুধ। এই তার থিতীয় দিনের রেকর্ড। তৃতীয় দিন সকালে চা ও রাত্রে হুধ আর মাঝে মাঝে লেবুর সরবত। বিকেলে আরো কিছু পেটে পড়ে। একটা আগু কমলালেবু। যুথিকা কিন্তু তার পরেও আরো হু'দিন অনশন চালিয়ে যায়। লেবুর সরবত ছাড়া আর কিছু মুথে দেয় না। তারপরে সেও স্বীকার করে যে আর পারছে না। অক্রে অক্রে সাতদিন অনশন করলে শরীর সহু করবে না।

ইতিমধ্যে ওরা ছ্'জনেই অস্তরে অহুভব করে যে মহাত্মা এযাত্রা রক্ষা পাবেন। হয় বিখের জনমত সরকারকে বাধ্য করবে তাঁকে একুশদিনের আগে মৃক্তি দিতে, আর নয় তো তিনি অক্ষরে অক্ষরে একুশদিন পার করতে সমর্থ হবেন।

মানস বলে, "মলিকান্দায় তাঁকে দর্শন করতে গিয়ে আমি লক্ষ করেছি তাঁর ভিতরে একটা শক্তির রিজার্ভ। সে রিজার্ভ তাঁকে একুশদিন পার করিয়ে দেবে। আমাদের আর অনশন করতে হবে না। তবে প্রার্থনা সমানে চলবে।"

হাইকোর্টের রেজিস্টার পত্রপাঠ জ্বাব দেন। লেখেন, "আপনি তো কারণ দর্শাননি। মহামাত হাইকোর্ট কারণ জানতে চান।"

তথন মানস উত্তর দেয়, "আমার একজন প্রিয়জনকে অনশন করতে দেখে আমিও অনশন করি। বাড়ীতে বসেই দরকারী কাজ করি। অহমতি না দিলে ক্যাকুয়াল লীভ দেওয়া হোক।'

রেজিস্টার জানিয়ে দেন অসমতি বা ক্যান্স্যাল লীভ কোনোটাই মিলবে না। রেগুলার লীভের জল্যে সরকারের কাছে দরখান্ত করতে হবে।

রায় বাহাত্রকে খুলে বলতে হয়। তিনি শিউরে ওঠেন, "এই সেরেছে। সরকার সব খবর রাথে। ছুটির দরখান্ত না-মঞ্জুর তো হবেই, তিনদিনের মাইনে তো কাটা যাবেই, চাকরিতে ত্রেক হয়ে যাবে। দে এক গুরুতর ব্যাপার। এতকাল যে চাকরি করলেন পেনসনের সময় এই কার্যকালটা বেঁচে যাবে। আমার সঙ্গে পরামর্শ করলেন না কেন? লিখলেই পারতেন প্রিয়জন মানে সহধ্যিণী। মিসেস মল্লিকের অনশন দেখে আপনিও অনশন করেন তার অনশন ভাঙতে।"

"অশ্বথামা হতে। ইতি গল্পঃ। প্রিয়জন বলতে আমি কিন্তু বলতে চেয়েছি
বাপু। বাপুর অনশনে ব্যথিত হয়ে আমরা ছ'জনইে অনশন করি। কেন
মিথাা কথা লিখব ? তিনি আমার কাছে সভ্যভাষণের সাহস প্রভ্যাশা করেন।
নইলে অনশনের কী মানে ? পেনসনের সময় কী হবে না হবে তার জল্মে আমি
অপেক্ষা করব নাকি ? তার অনেক আগেই চাকরি ছাড়ব। রাশি রাশি
জবানবন্দী আর রায় লিখে লিখে যে সময়টা নই করছি সেটা আমারই আয়ু আর
বৌবন। টাকা দিয়ে আর সব কেনা বায়, আয়ু আর বৌবন কেনা বার না।
আমাকে ঝাঁপ দিতেই হবে। সরস্বতীর কুপা থাক্তে তাঁর সেবককে তিনি

সপরিবারে অভুক্ত রাথবেন না। আমিও যে অনশন করতে পারি এটা **আবিড়ার** করে আমি ভিতরে জোর পাচ্ছি।" মানস সবিনয়ে বলে।

"ছেলেমান্থৰ আর কাকে বলে। ছেলৈর লেখাপড়া বাকী, মেরের বিশ্বে থা বাকী। স্থীরও তো জামাকাপড়ের প্রয়োজন হবে। তিনি অনশন করওে পারেন, কিন্তু নিরাবরণ থাকতে পারবেন না। যাক, সরকার আপনাকে লখু পাপে গুরুদণ্ড দেবেন না। ইংরেজরা একটা মহং আতি। সত্যভাষণের মর্যাদা মানে। খুব সম্ভব আপনার কনফিডেনশিয়াল সার্ভিস রেকর্ডে একটা বিরূপ মন্তব্য থাকবে। আপনাকে লীগাল রিমেমগ্রান্ধার করবে না, সিলেকশন গ্রেছ্ড দেবে না, হাইকোটের জজ করবে না। আপনার নিচে বাদের পোজিশন তাঁরাই প্রমোশন পাবেন, আপনি সারা জীবন জেলা জজ হয়েই কাটাবেন। তবে গলার ডুব দিলে সব পাপের ক্ষালন আছে। পুলিশকে যদি খুশি করে দেব তবে আপনার প্রযোশন আটকায় কে?" রায় বাহাত্র রক্ষ করেন।

''পুলিশকে খুশি করলে আমাকে তো জজ না করে ম্যাজিস্টেট কর। হতে।, রায় বাহাত্তর।" মানস ভার কাছ থেকে বিদায় নেয়।

গান্ধীজীর অনশন থারাপের দিকে যাচ্ছে, অবস্থা উবেগজনক। বিশের
নানা দিক থেকে অন্থরোধ আসছে। বড়লাট কর্ণপাত করছেন না। তবে
তাঁকে শেষবারের মতো দর্শন করতে তাঁর ভক্তদের জ্বল্লে বার খুলে দেওয়া
হয়েছে। যুথিকার ইচ্ছা ছিল, উপায় ছিল না। সে বম্বেতে তার এক
বান্ধবীকে চিঠি লেথে বাপুকে দর্শন করে শুভকামনা জানাতে।

জেলা ম্যাজিস্টেট আলী হায়দার জেলা জজকে আধা-সরকারী ভাবে জানিয়ে রাখেন যে মিন্টার গান্ধীর আছেয়র জ্বত অবনতি হচ্ছে। সরকার সব কিছুর জতে প্রস্তুত। হালামার সম্ভাবনা অঙ্কুরেই বিনাশ করতে হবে। শান্ধিতক ঘটলে দৃঢ় হন্তে দমন করতে হবে।

যুথিকা মানসের মুখে ওনে কাঁদতে বসে। বলে, "মহৎ জাতি না শাদ। হাতী! শন্নতানের জ্ঞাতি! ওদের অন্তঃপরিবর্তন কি কোনদিন হবে না? ইংলণ্ডে কি মাহুষ নেই? সব বনমাহুষ ?"

ইতিমধ্যে হোমি মোদী, নলিনীরঞ্জন সরকার ও মাধবরাও অণে বড়লাটের । শাসন পরিষদ থেকে ইন্ডফা দিয়েছেন। তাতেও বড়লাটের মন গলেনি।

দিনকরেক পরে যুথিকার বান্ধবী শিরীন বিলিমোরিয়া লেখেন, "বাপু আমাকে দেখে চিনতে পারেন। শুভকামনার জন্তে ধন্তবাদ দিয়ে অভি কটে বলেন, 'ভৃষ্ণার্ডকে এক চামচ জল দিলে কি তার তৃষ্ণা মেটে ?' মনে হলো তিনি বোঝাতে চেয়েছেন এত কম সাড়া কেন ? দেশ কি আবার ঘূমিয়ে পড়েছে ? আমিও তাই ভাবি। আগস্ট মানের আগুন ফেব্রুয়ারিতে জল হয়ে গেছে ?''

যুথিকা রাগ করে বলে, "আমরাও মহৎ জাতি না কালো হাতী! কৃত্ত-কর্ণের জ্ঞাতি! ছ'মাসের জন্মে জাগি, দশ বছরের জন্মে ঘুমোই।"

গান্ধীজীর অন্ত্যেষ্টির জন্মে সরকার নাকি যথেষ্ট চন্দনকাঠ জন্ডো করে রেখে-ছিলেন। কিন্তু মরিয়ে না মরে রাম এ কেমন বৈরী! একুশদিন পরেও দেখা গেল তিনি বেঁচে বর্ডে আছেন। কন্তরবার হাত থেকে কমলালেব্র রস নিয়ে উপবাস ভঙ্গ করেন।

ডাক্তার বিধানচন্দ্র রায় পনেরো দিনের উপর গান্ধীজীকে চোখে চোথে রেখেছিলেন। ওঁর মতে তিনি মৃত্যুর খুব কাছাকাছি এসে পড়েছিলেন। "মহাত্মান্ধী আমাদের স্বাইকে বোকা বানিয়েছেন।" বলেন্ ডাক্তার রায়।

প্রবল ইচ্ছাশক্তির প্রয়োগে গান্ধীজী বেঁচে রইলেন আরেকদিন লড়বার জরো। মানস ও যুথিকা স্বন্ধির নিঃশাস ফেলে বাঁচল।

এর পরে তাদের ভাবনা সৌমাদা আর জুলির জন্তে। ওদের কে যে কোন্
কারাগারে, কবে মুক্তি পাবে কেউ জানে না। মিসেস সিন্হাও অন্ধকারে।
আগের বারের চেয়ে সরকার এবার আরো কড়া হয়েছেন। জেলখানা এখন
আর বৈঠকখানা নয়। ওয়ার্ডাররা জেনে গেছে স্বদেশীওয়ালাদের দৌড় কতদ্র। তাদের চাকরি কেউ কেড়ে নিতে পারবে না। লোকেও ব্রে গেছে
জাপানীদের দৌড় কতদুর। ইংরেজকে হটায় কার সাধ্য!

মানদের দ্র্ভাবনা ছিল সরকার হয়তো তার ছুটির দরথান্ত না-মঞ্র করে ভাকে জব্দ করবেন। তিনদিনের মাইনে তো কাটা যাবেই, তার মাথা কাটা যাবে। সে চারদিকে অন্ধকার দেখছে, এমন সময় চিঠি আসে ছুটি মঞ্র। সরকার থেকে জ্বাবদিহি চাওয়া হয়নি। দেও দরথান্ত পেশ করার সময় ভ্রাবিদিহি করেনি।

যুথিকা বলে, ''একটা কাঁড়া কেটে গেল। তুমিও পদ্চ্যুতির থুব কাছাকাছি এসে প্রভেছিলে।"

একদিন প্রিশ সাহেবের সবে দেখা। "একটা বেড়ালের ন'টা জীবন। একজন মহাত্মার ক'টা জীবন? এই নিয়ে ক'বার প্রাণরক্ষা হলো? ফের ক'বার হবে?" মানস বলে, "আপনারা তো তাঁকে পোড়াবার জ্বন্তে চন্দনকাঠও আনিয়ে বেথেছিলেন বন্দিশালায়। এখন হতাশ।"

"আপনি ভূল ব্বেছেন। এটুকু জ্ঞান আমাদের আছে যে গ্যাণ্ডী ডেড ইজ মোর ডেজেরাস ছান গ্যাণ্ডী লিভিং। তিনি মারা গেলে নতুন করে টেররিজমের টেউ আসত। কয়েকটা জেলা থেকে, কয়েকটা প্রদেশ থেকে আমরা ভেসে যেতুম, হয়তো বা মুছে যেতুম। এবারকার টেররিজম মৃষ্টিমেয় মধ্যবিত্তের মধ্যে নিবন্ধ পাকত না, উয়ত্ত জনতার সঙ্গে মোকাবিলা করতে হতো। তার জন্মে আমরা কেউ প্রস্তুত ছিলুম না। আমরা সিভিল অফিসাররা ভারতময় ছাড়য়ে ছিটয়ের য়য়ছি। একজাট হবার সময় পেতুম কথন? ইচ্ছে থাকলেও উপায় থাকত না। রেলপথ বিপর্যন্ত। মোটরের রান্তায় অবরোধ। প্রেন থাকলেও ল্যাণ্ডিং গ্রাভত্ত কোথায় যাক, এবারকার মতো ফাঁড়া কেটে গেছে। পরের বারের জন্মে সম্মা গাকতে প্রস্তুত হতে হবে। গ্যাণ্ডী লোকটা বিলকুল নাছোভবালা। কিছু ওর দাবী মেটাতে গেলে তো সভ্যি সভ্যি আমাদের, ভারত ছাড়তে হয়! তথন চাকরি পাব কোথায়? পেনসন দেবে কে? দেশে ফিরে গিয়ে কি না থেয়ে মরব ? তার চেয়ে লড়তে লড়তে মরাই ভালো।'' পুলিশ সাহেব উচ্চম্বরে চিস্তা করেন।

মহাত্মার নিধন হলে যে গতিবেগ সঞ্চারিত হতো তাঁর প্রাণরক্ষার ফলে সেটা আর হয় না। আগস্ট মাসে যে স্বতঃস্কৃতি জন জাগরণের জোয়ার এসে-ছিল মার্চ মাসের মধ্যেই তাতে ভাটা পড়ে যায়। সরকারকে আর ধরপাকড় করতে বা গুলী গোলা চালাতে হয় না। গান্ধী মৃত নন, আন্দোলনটাই মৃত।

ন্থাশনাল ওয়ার ফ্রণ্টের পরিদর্শন উপলক্ষে হিতেশ ভৌমিক আবার একদিন আসেন। এবারেও মানসের অতিথি হন। বলেন, "উত্তর, দক্ষিণ, পূর্ব,
পশ্চিম সারা বাংলাই আমি চষে বেড়াচ্ছি। কোথাও একটুকু প্রাণের স্পন্দন
নেই। কেউ লড়তে চায় না। না জাপানীদের সঙ্গে, না ইংরেজদের সঙ্গে।
ওয়ার ফ্রণ্ট এখন নাচ গান প্রোপাগাণ্ডার জায়গা। কবিদেরও আম্রা যথেষ্ট
সন্মান মর্থাদা দিই। তাঁদের কবিতা শুনি। 'কবিদল চিৎকারিছে জাগাইয়া
ভীতি।' সকলেই ঘোর ফাসিফবিরোধী। কংগ্রেসওয়ালারা জেলে যাওয়ায়
তাঁদের কঠম্বর আর শোনা যাচ্ছে না। বারা আগ্রারগ্রাউণ্ডে গা ঢাকা
দিয়েছেন। তাঁদের সাইক্রোফটাইলে লেখা ইস্তাহার মাঝে মাঝে চোথে পড়ে।
সরকার গ্রাহুই করেন না! ভাতে তাঁদের যুদ্ধোভোগের লেখমাত্র ইতরবিশেষ

হর না। যুদ্ধ মানেই বিগ বিজ্ঞানের। সে বিজ্ঞানের বাদেশী বিদেশী সকলেই নির্ক্ত। মুনাফা যা হচ্ছে তা আকাশহে ায়া। এমনি করেই এদেশে ক্যাপিটাল করমেশন হচ্ছে। ক্যাপিটালিজমের বুনিয়াদ আরো শক্ত হচ্ছে। স্বাধীনতা দিতে ইংরেজদের আপত্তি কমে আগছে, কারণ স্বাধীন ভারত হবে ক্যাপিটালিফ ভারত। তাতে মাড়োয়ারী, ভাটিয়া, গার্শী, বোহ্রা ও খোজাদের সক্তে ইংরেজদেরও পার্টনারশিপ থাকবে। রতনে রতন চেনে। আমি ক্যালকাটা ক্লাবে থাকি। ওইখানেই আমার ডেরা। ইংরেজ, বাঙালী, মাড়োয়ারী, সিদ্ধী সকলেরই লীলাখেলা দেখি। যোগ দিতে পারিনে। সঙ্গে নেই যে। না, আমি তেমন লোক নই যে স্ত্রীবিয়োগের পর সহধ্যিণীর প্রতি অবিশ্বাসের কাঞ্চ করব।" বলতে বলতে তাঁর কণ্ঠরোধ হয়।

মানস থাপ্পা হয়ে বলে, "ওদিকে বাপু অনশনে মারা যাচ্ছেন, এদিকে এরা ম্নাফা লুট আর মজা লুট করছে! বৌ থাকলে আপনিও যোগ দিতেন!"

দ্র। ঠাট্টাও বোঝেন না! বৌ থাকলে আমি ক্লাবেই থাকতুম না। আর সেও ছিল তেমনি পিউরিটান।" ভৌমিক নিজেও মদ থান না।

॥ পঁচিশ ॥

মহাত্মার মরদেহের জন্তে সরকার চন্দনকাঠ মজুত করেছেন এই গুজবটা সারা ভারতে রটে যায়। সৌম্য তা শুনে দ্বির থাকতে পারে না। সব কাজ ক্লেলে পুণা ছুটে যায়। পথে ধরা পড়তে পারত, কিন্তু কেউ তাকে চিনতে পারেনি। ধরা পড়লে তার কী দশা হবে ভাববার মতো মনের অবস্থা ছিল না। বাপু যদি পভিয় সভিয় চলে বান ভবে শেষবারের জন্তে তাঁকে দর্শন করে বিদার দিতে. ও নিতে হবে।

আগা থান্ প্রানাদের সদর দরজা থোলা পেয়ে দলে দলে মাহ্ন আনাবাওয়া করছিল। কাউকেই দাঁড়াতে দেওয়া হচ্ছিল না। গান্ধী পরিক্রমা করে ফেরবার সময় হঠাং লোনাদির সন্দে মুখোমুখি। তিনি ছিলেন সেবিকাদের একজন। সেবাগ্রাম থেকে গিরে সরকারের শহুমতি নিরে কন্তরবার সহায়িকা মণ্ডলীভুক্ত। "বাইরে গিয়ে অপেকা করো। আমি আদছি।" বলেন দোনাদি। যাঁর ভালো নাম শোভিনী দেব রায়, বিবাহস্ত্তে কেশবন্।

এই রে ! চিনতে পেরেছে ! সৌম্য ধরা পড়ে গেছে। কী আর করবে ? কার্চ্ন হাসে। মাথা নেড়ে সায় দেয়।

কিছুক্ষণ পরে সোনাদি এসে তাকে একটু দূরে ডেকে নিয়ে যান। বলেন, ''এট টু, ব্রুটে বৃ তুমিও, ব্রুটাস !''

সৌম্য ভড়কে যায়। "ও কী বলছেন, সোনাদি? কবে আমি কাকে ছোরা মারলুম ?" আমি যদি ত্রুটাস হই তো সীজারটি কে?"

"বাপু। ভগবান না করুন, তিনি যদি সত্যি প্রত্যা আমাদের ছেড়ে যান তা হলে তুমিও এর জন্মে দায়ী হবে, ভাই। তাঁর অনশন এই কথা জগৎকে জানাতে যে, এটা তাঁর পরিচালিত আন্দোলন নয়। তোমাদের বলা হয়েছিল গণসত্যাগ্রহ চালাতে। তোমরা ঘা চালিয়েছ তার মধ্যে অহিংসার ভাগ কতটুক ? আর সভ্যই বা তার মধ্যে কোথায় ? এই যে তুমি বাউল সেজে মহাত্মাকে দর্শন করে এলে এটাও তো ভোমার অসভ্য পরিচয়। তবে বুড়োকে ধারা দেওয়া অভ সহজ নয়। টের পেয়েছেন ঠিকই। যাও, কাল আবার এসো। নিজ বেশে। মাফ চেয়ো। কলকাতা ফিরে গিয়ে গলার ভূব দিয়ে লালবাজারে ধরা দিয়ো। ভোমরাই ধরিত্রীর লবণ। ভোমরাই বিদ লবণত হারাও তবে ভোমাদের লবণাক্ত করবে কে? বাপু এবার বাঁচলেও নতুন কোনো আন্দোলনে নেতৃত্ব করবেন না, যদি না জনগণকে ভোমরা অসভ্য ও হিংসার চোরাগলি থেকে সভ্য ও অহিংসার রাজপথে ফিরে আসতে শেখাও।" এই বলে সোনাদি চলে যান।

সৌম্য জ্বাবদিহি করার স্থযোগ পায় না। সোনাদির সঙ্গে তার আলাপ বছর বারো তেরো আগে লবণ দড্যাগ্রহ উপলক্ষে। পরে তিনি সেবাগ্রামে গিয়ে গান্ধীলীর সহকর্মীদের একজনকে বিয়ে করেন। দক্ষিণ ভারতীয়। সেবাগ্রামে গেলে সৌম্য তাঁদের কুটিরে অতিথি হয়।

কেশবন্ স্থাসিক পুক্ষ। বলতেন, ''বাপু আমাকে দারিন্তা দ্রীকরণের উপার বার করার ভার দিয়েছেন। আমি যথন বলি, বাপু, পপুলেশন না কমালে পভাটি কমবে না তিনি বলেন, পপুলেশন কমালে ম্যান পাওয়ার কমে বাবে, ম্যান পাওয়ার কমে গেলে প্রোভাকশন পড়ে বাবে। আমি যথন অফ ক্রে দেখিরে দিই বে যত লোক খার তত লোক কাল করে না, এত জমিই

নেই, জমির অহুপাতে লোকসংখ্যা বাড়তি তিনি তৎক্ষণাং উত্তর দেন, 'ব্রহ্মচর্য'। হাহাহাহা!"

কেশবন্ত বাপুকে দর্শন করতে পুণা এসেছিলেন। তাঁর আন্তানায় গিয়ে সৌম্য বেশ বদল করে। কিন্তু ধৃতী পায় না। দক্ষিণী লুক্ষী পরে।

"আমার তো মনে হয় বাপু এ যাতা বেঁচে যাবেন।" কেশবন্ বলেন। "তবু আরো ত্র'একদিন দেখে যাওয়াই ভালো। দোল ফোর্স। সোল ফোর্স ছাড়া এর আর কোনো ব্যাথ্যা নেই: সোল ফোর্স ই তাঁকে এতদুর নিয়ে এসেছে। এত বড়ো দেশকেও। কিন্তু ক্রমেই ধরা পড়ে যাচ্ছে এর লিমিটেশন। সারা দেশে ওই একজনমাত্র সভ্যাগ্রহী। আগেকার দিনে বলতে পারা থেত 'ওয়ান সত্যাগ্রহী ইজ ইনাফ।' এখন কিন্তু ও কথা বলা যায় না। আমরা পরিকার দেখতে পাচ্ছি ওয়ান সত্যাগ্রহী ইজ নট ইনাফ। জেলে যেতে রাজী হলেই সভ্যাগ্রহী হওয়া যায় না। জেল ভো আজকাল মামাবাড়ী। সেথানে কিসের অভাব ় হা হা হা । শুধু শ্য্যাসঙ্গিনীর। সেদিক থেকে বিচার করলে ব্রহ্মচর্য একান্ত আবশ্রক। কিন্তু যুদ্ধ কিংবা বিপ্লব কিংবা বিলোহের দিনে অন্তত শত খানেক সত্যাগ্রহী থাকা চাই ঘাঁরা গান্ধীজীর মতো শহীদ হতে প্রস্তুত। শতখানেক তো দুরের কথা দশন্তনও আছেন কি-না দন্দেহ। যারা বার বার জেলে যেতে রাজী তারা একবারও গুলী থেতে বা ফাঁসী যেতে রাজী নন। সাধারণ লোক সম্বাসবাদীদেরই বার বলে পূজা করে। আর এঁদের করে নাগী বলে শ্রন্ধা। সম্ভাসবাদীদেরও আর দে জনুস নেই। তাঁদেরও ভরদা দিপাহীদের উপরে। দিপাহীরা স্বার্থত্যাগীও নয়, দেশপ্রেমিকও নয়। যার নিমক খায় তার জন্যে লড়ে। জর্জ ওয়াশিংটনের বা গারিবান্দ্ভির ফৌজ এদেশে নেই। ডি'ভালেরার ফৌজই বা কোগায় ? মৃশ্বল সৈতা যেখানে নেই সেখানে উচ্চুখাল জনতা তার শৃত্যতা পূরণ করতে পারে না।"

সৌম্য প্রতিবাদ করে না। নীববে শুনে যায়। তার মনের ভিতর একটা মছন চলেছে। সে কি স্তিয় ভূল করেছে ?

কেশবন্ বৈলে যান, "ভগবান না করুন, মহাস্থাদ্দী যদি চলে যান তবে তাঁর সঙ্গে রাজনীতিক্ষেত্র থেকে সত্য আর অহিংসাও চলে যাবে। নেতার অভাব হবে না, নীতির অভাব হবে। মরাল লীডারশিপই গান্ধীবাদীদের বৈশিষ্ট্য। সদলবলে জেলযাত্রা নয়। এইবারই শেষবার। পরে আর এর পুনরার্ভি জমবে না। জেলবাজ সভ্যাগ্রহী নয়, জানবাজ সভ্যাগ্রহীই চাই। কিছ কোথায় তাঁরা দ ভোমাদের এখন কঠোর আত্মপরীক্ষার সময়। আন্দোলন ভো আপনা থেকেই থেমে এলেছে। ভোমরা ক'জনা মিলে ভো জগরাথের রথকে চালিয়ে নিয়ে যেভে পারবে না। যদি রথের রশি টানবার জ্বন্তে লক্ষ লক্ষ উৎসাহী ভক্ত না থাকে। তুমি ফিরে গিয়ে কী করবে, জানিনে। সেবা-গ্রামে বাস করতে চাও ভো আমাদের ওথানে স্থাগত।

সৌম্য তাঁকে ধন্যবাদ দিয়ে বলে, "আপনাকে জানাতে বাধ্য হচ্ছি যে আমার মাথার দাম এখন পাঁচ হাজার টাকা। ছদ্মবেশ পরে এতদিন পুলিশের চোথে ধুলো দিয়েছি। নিজ বেশ ধারণ করলে যেখানেই হোক ধরা পড়বই। সোনাদি বলেছেন লালবাজারে গিয়ে ধরা দিতে। সেই কথাই ভাবছি। শ্বীপাস্তর তো নিশ্চয়ই, কাঁদীও অসম্ভব নয়।"

"কী দর্বনাশ! খুন করেছ নাকি?" তিনি আঁতকে ওঠেন।

"না, খুন করিওনি, করাইওনি। কিন্তু রাজার বিরুদ্ধে যুদ্ধ তো প্রাণদণ্ডের যোগ্য অপরাধ। সেটা যে আমি করেছি তা কি অস্বীকার করতে পারি ? আমি যা করেছি তা অহিংস না হতে পারে, কিন্তু অসত্য নব। এক হাতে ইংরেজদের, আরেক হাতে জাপানীদের ঠেকিয়ে রাধার জন্মেই রেল লাইন ওপড়ানোর, ব্রেদ্ধ কালভার্ট ওড়ানোর, টেলিগ্রাফের তার কাটার হকুম দিয়েছি। দেশ যে যুদ্ধক্ষেত্রে পরিণত হয়নি এটা তো সত্য। উপায়টা অবগ্য অশুদ্ধ। ভুল যদি বলেন তো ভুল। আমি তৃংথিত।" সৌম্য শাস্তভাবে জানায়।

"কী দর্বনাশ।" মধ্যাপক আঁতকে ওটেন। "লালবাজারে গিয়ে পুলিশের কাছে তুমি এইপর কর্ল করবে নাকি ? তা হলেই হয়েছে। তোমাকে ওরা আ্যাঞ্চভার করে বাঁচিয়ে দেবে, কিন্ধু তোমার দহকর্মীদের ফাঁদীকাঠে ঝোলাবে। তোমার দোনাদি কি চান যে তোমার সহকর্মীরা ঝুলুক ? তুমি আমার পরামর্শ শোন। শহীদ হয়ে তোমার কাজ নেই। তুমি আপাতত বাংলাদেশে ফিরে যেয়ো না। আমরা তোমাকে দক্ষিণে পাঠিয়ে দিব। আমাদের কোনো একটি আশ্রমে গা ঢাকা দিয়ে গঠনের কাজ করবে। তোমার একটা দক্ষিণী নামকরণ হবে। লালবাজারে তুমি যেতে চাও তো বছর তিনেক পরে যেয়ো। ততদিনে যুদ্ধ শেষ হয়ে থাকবে। কংগ্রেদের দকে মিটমাট করতে ইংরেজদের দিক থেকে আগ্রহ দেখা দেবে। যদি ওরা যুদ্ধে জেতে। আমার কী মনে হয়, জানো? যুদ্ধে ওরা জিতবেই। রাশিয়া ওদের সাথী। আমেরিকা

ভাষের আছীর। গারের জারেও জার্মানী, ইটালী আর জাপান ওই তিন অভিপক্ষের চেরে জােরদার নর! ন্যারের জােরে তাে নরট। যুক্ত রের লক্ষণও কি লােট নর? কালিনগাডে কে জিতেছে। রাশিয়া না জার্মানী? ফলে ইংরেজদের মনের জােরও বেড়ে গেছে। ওরা এবার জার্মানীর উপর ঝাঁপিয়ে পড়বে। আর বার্মার উপরেও। জাপানীরা হটে যাবেই। হেরে যেতেও পারে। তথন কথা উঠবে তােমরা জাপানের সাহায্য নিতে চেয়েছিলে। বিটেনকে বিব্রত করতে চেয়েছিলে। চাপ দিয়ে সাধীনতা পেতে চেয়েছিলে। ছ্বি তাে হিংসাত্মক কাাধকলাপও করেছ—''

''হিংসাত্মক নয়, কেশবন্দা। ধ্বংসাত্মক।'' সৌম্য শুধরে দেয়।

"হো হো!" কেশবন হেদে বলেন, "সেটা তিন বছর পরে আদালতে গিয়ে বোলো। লালবাঞ্চারে গিয়ে নয়। লালবাঞ্চারে যদি যাও তবে শুধু এইটুকুই বলবে যে, আমি স্বেচ্ছায় ধরা দিছি। আমার যা বক্তব্য তা আমি আদালতে পেশ করব। থবরদার, সৌম্য, যুদ্ধকালে ওদব কবুল কোরো না। তোমাকে ওয়া যদি মিলিটারি ট্রাইবিউনালে পাঠায় তো আদালতের এক্তার থাকবে না। আদালতের রায় মোটের উপর নির্ভরযোগ্য। তোমার প্রাণদণ্ড নাও হতে পারে। না, না, তোমাকে আমবা শহীদ দেখতে চাইনে।"

সন্ধাবেলার প্রার্থনার পর সোনাদি আগা খান্ প্রাসাদ থেকে ফেরেন। রাতে উকে সেখানে থাকতে দেবে না। জেল কোড তো রদ হয়নি। তা ছাড়া কল্পরবাকে সাহায্য করতে মারা বেহ্ন তো রয়েছেন।

"শুনেছ সৌমার কাও।" কেশবন্ বলেন, "ওসব কাও হয়তো অবস্থা অফ্সারে ব্যবস্থা, ইতিহাসে নজীর আছে। নেপালিয়নের আক্রমণের মুথে মন্ধোর নাগরিকরা নিজেদের শহরে নিজরাই আগুন ধরিয়ে দিয়েছিল। তা বলে ওসব ব্যাপার কি গান্ধাজীর অহিংস নীতিসম্মত ? সৌমা যদি গান্ধীবাদী না হতো তবে ওর দিক থেকে ও ঠিক কাজই করেছে। গান্ধীবাদী হয়ে ওসব কাজ করা চলে না। করেই থাকে যদি তো কব্ল করে স্বান্ধবে ফাসীতে ঝুলতে এফ তাড়া কিসের। শহীদ হওয়া কি এতই জকরি ? বছর তিনেক সব্র করলে এমন কী কতি ? অভত মিলিটারি ট্রাইবিউনালের সরাসরি বিচারের হাত থেকে তো বাঁচুক। পরে আদালতের বিচারে বা হয় হবে। তোমার ছাইকে তুমি লালবাজারে সিয়ে ধরা দিতে বলেছ। আমি বলেছি দক্ষিণে পিমে পা ঢাকা দিয়ে গঠনের কাজ করতে। আছো, ফুলরম্ নামটা কেমন ?"

সোনাদি ভেবে চিন্তে বলেন, "ফ্ল্বরষ্ নাম নিরে অফ্ল্বর কাম করা কি ভালো? গা ঢাকা দেওয়াটা অফ্ল্বর কাম। লালবাজারে গিরে ধরা দিক ভো আগে। তার পরিণাম কী তা দেখা যাবে পরে। বিলেভে আমাদেরও বর্জন আছেন। তৃমি চিঠি লিখবে হরেস আলেকজাগুরকে। আমি লিখব ম্রিয়েল লেন্টারকে। সোম্যকে যদি চিঠি লিখতে দেয় সেও লিখবে তার প্যাসিফিন্ট বর্দের। আছো, সৌম্য, পার্লামেণ্টে ভোমার চেনাশোনা কেউ আছেন?"

"আমার নেই, আমার বন্ধু স্কুমার দত্তবিশাসের আছেন।" সৌমা উত্তর পের। "কিন্তু কাউকেই আমি চিঠি লিখব না, সোনাদি। আমার কুতকর্মের ফল আমি ভোগ করতে চাই। ফাঁদী হয় তো ফাঁদী, বীপান্তর হয় তো বীপান্তর, কারাদণ্ড হয় ডো কারাদণ্ড। দেশের স্বাধীনতা দেই পরিমাণেই মূলাবান যে পবিমাণে কন্তান্ধিত। স্থলতে যা পাণ্ডবা যায় তা আমল মৃক্তা নয়, নকল মৃক্তা। সেটা তো আমরা প্রত্যাখ্যান করেছি। তারপরে আবার দত্তবিশাসের মারফং সার স্টাফোর্ড ক্রিপসের কাছে দরবার। কিসের জন্তে । না আমার প্রাণরক্ষার জন্তে। দেশের জন্তে লড়ব, অথচ বিদেশের কাছে কুপা চাইব। আমার বারা ও কাক্ষ হবে না, দিদি। তবে এটাও ঠিক নয় যে আমি প্লিশের কাছে ধবা দিতে গিয়ে আমার সহক্ষীদেরও ধরিয়ে দেব। যদি ওদের নামধাম আমি ফাঁস করি ভো ওদের ফাঁসীর জন্তে আমিই দায়ী হব। কিন্তু মারেব চোটে ফাঁস করে ফেলা অসম্ভব নয়। টরচার সহ্য করার মতো তপোবল এখনো আমার উপজায়নি। যদিও ব্রহ্মচর্যের ফ্রটি নেই। বাপুকে জিজ্ঞাসা করতে ইচ্ছে করে, এই অবস্থায় আমার কর্তব্য কী ? কিন্তু তার বর্তমান অবস্থায় তাঁকে পান্তিতে বাচতে বা পান্তিতে মরতে দেওয়াই শ্রেয়।"

"না, বাপুকে বিরক্ত করা চলবে না। তাঁকে বাঁচতে দিতে হবে। তোমার মনে দ্বিধা থাকে তো লালবাঞ্চারে যেয়ো না। তার আগে তোমার সহকর্মীদের অভিমত জানতে চেষ্টা করো।" সোনাদি বলেন।

মহাত্মার মহাপ্রয়াণের আশক্ষায় নানা দিগ্দেশ থেকে দর্শন করতে শত শত যাত্রী এসেছেন। বন্দিশালার বার মৃক্ত করে দেওয়া হরেছে, কিছ বন্দীকে শৃক্তি দেওয়া হয়নি। তাঁর কানে কুলুপ, মৃথে কুলুপ। চারদিকে গুপুচর গিজগিল করছে। সৌম্য ব্যুতে পারে ও দর্শন করেই ক্ষান্ত থাকে। প্রতি-্বিদ্যুত্ত একবার করে আগা খান প্রাসাদে যায়, খোঁজ নেয় ভিনি কেমন

আছেন। তাঁর অনশনভঙ্কের সময় সেও উপস্থিত থাকে। সেও জয়ধ্বনি দেয়। চক্রের রাছমুক্তির পর বিখাসী হিন্দুদের মতো।

ইতিমধ্যেই দে মনংছির করেছিল যে নিজের আশ্রমেই ফিরে গিয়ে নিয়মিত গঠনকর্ম শুরু করে দেবে। ছেড়ে দেবে যুদ্ধবিরোধী ক্রিয়াকলাপ। তা সন্ত্থে যদি তাকে ধরতে আদে দে সানন্দে ধবা দেবে। কিন্তু এমন কিছু বলবে না যাতে আব কেউ বিপন্ন হয়। টরচার করলে সঙ্গে সঙ্গে নির্জ্জনা একাদশী। সেটা সে প্রত্যেক মাসেই তু'দিন পালন করে থাকে। এবার না হয় পূর্ণিমা আমাৰশ্রা অবধি জের টানবে। তবে পুরোপুরি নির্জ্জলা নয়। গান্ধাজীর অনশনের সম্য কিন্তু দে একদিনও অনশন করেনি। ওটা হাতে রেথেছে।

সোনাদিকে বলে. "ওথানে আমাকে কে না চেনে? কী পুলিশ, কী ম্যাজিস্টেট, কী জজ, কী পাবলিক প্রোসিকিউটর। সরকারী বেসরকারী ডাব্জারবাও আমার চেনা। আমাকে ডাক দিচ্ছে আমার নিজের আশ্রম। ধরতে এলে সেইথানেই ধরা দেব। সহকর্মীদের ধরিয়ে দেব না। কিন্তু চার তো ওরাও ধরা দেবে। এবার হবে আমাদের ত্যাগশক্তির অগ্নিপরীক্ষা।"

জুলির সঙ্গে পথে দেখা করে যায়। কলকাতায়। আন্দোলনে ভাটা পড়তে দেখে সেও ভাবছে মাটির তলা থেকে উপরে উঠবে। ধরা পড়ে তো পডবে। ওর মনে তুঃখ কেবল এই যে বাবলীটা জিতে গেল। স্টালিনগ্রাডে রাশিয়ার জিং মানে কলকাতায় বাবলীদের জিং। রেডিওতে নাকি স্থভাবচন্দ্রের কণ্ঠস্বর শোনা গেছে। তিনি ফিরবেন। কিন্তু কবে ফিরবেন, কোন্ পথে ফিরবেন, জলপথে না স্থলপথে না আকাশপথে, কেউ তা জানে না। জুলি মনঃস্থির করতে পারছে না। এই ইক্ষ্বীপের পক্ষপালগুলো যেন চিরস্থায়ী বন্দোবন্ত করেছে। ডেকে নিয়ে এসেছে মার্কিনী সাক্ষোপাক্ষদের। এদের দাপট দিন দিন বেড়ে যাচ্ছে। গান্ধী তো বার্থ। নেহক্ব তো অপদার্থ। কংগ্রেস তো আপনের ধ্যানে মগ্র। জুলিরা একা ক্রিকরেতে পারে ?

"তুমি তা হলে ফাঁদী বা দ্বীপাস্তরের ঝুঁকি নিতে যাচছ ?" জুলির গলা কাঁপে।

"দেও ভালো, কিছ এই ছন্মবেশে ও ছন্মনামে গা ঢাকা দিয়ে ঘুরে বেড়ানো ভালো নয়। যথন হাতে বিশেষ কোনো কাজ নেই। আমাদের আন্দোলন , ভো তার গতিবেগ হারিয়ে ফেলেছে। মহাত্মার অনশনও গতিবেগ সঞ্চার করতে পারেনি। লোকের মনে কেমন একটা হতাশ ভাব। যেন কিছতেই কিছু হবার নয়। ইংরেজরা ছেরে নাগেলে ভারত ছাড়বে না। তাদের হারাবে কে ৷ ভারতীয়রা তো নয়ই।'' সৌম্য উত্তর দেয়।

সব চেয়ে খারাপটা ধরে নিয়েই সে স্বস্থানে ফিরে যায়। সেখানে দেখে তার আশ্রম সরকারের দখলে। তার খাদিভাগুারও সীলবদ্ধ। কর্মীরা কে কোথায় ছিটকে পড়েছে। কাকে নিয়ে সে কী কাজ করবে? কোথায়ই বা উঠবে? পুরনো বন্ধুবাদ্ধবদের সঙ্গে সাক্ষাৎ করতে যায়।

ক্যাপটেন মুম্ভাফী তাকে বৃকে জড়িয়ে ধরেন। "যতদিন খুশি আমার এথানে থাকতে পারে।। তুমি নিজের থেকে ধরা না দিলে কেউ তোমাকে ধরতে আসবে না। ইউরোপীয়ান অফিসার একজনও নেই। সব উধাও। এখন স্বাই তোমার স্বদেশীয়। হয় হিন্দু, নয় মুসলমান। তুমি দেখবৈ পুলিশের লোকই এসে তোমাকে বলে যাবে ওরা তোমাকে ধরতে চায় না। তুমি যদি নতুন কিছু না কর তবে তাম যতদিন খুশি আমার এথানে থাকতে পারো। তুমি ধরা দিলেও ওরা রাট করে তোমার বিক্লছে চার্জনীট দেবে না। এক বছর ধরে তদস্ত চালাবে। চার্জনীট দিলেও গুরুত্বর অভিযোগ আনবে না। তোমার কাসী বা শীপান্তর ওরা চায় না। তুমি তো দেশকে মৃক্ত করতেই যা কিছু করেছ। দেশের মৃক্তি ওদেরও অন্তরের কামনা। পরের গোলামা অসহ হয়েছে। স্বাই তোমার পক্ষে। তবে তলে তলে হিন্দু মুসলমানের পরস্পারবিশ্বেষ চায়ের কেটলীর মতো ফুনছে। কথন যে ঢাকনা খুলে বেরিয়ে আসবে কে জানে।"

মৃত্তাফী কি জানতেন না যে সৌম্য একজন ঘোষিত অপরাধী, যার মাথার দাম পাঁচ হাজার টাকা? তাকে আশ্রয় দেওগাটাও একটা অপরাধ। এর জন্মে তার আশ্রয়দাতারও হাতে হাতকড়া পড়তে পারে। সে সবিনয়ে বলে, "আপনি যে নির্ভীক তা আমি ভালো করেই জানি। কিন্তু আমার সমস্যাটা আশ্রয়ঘটিত নয়। আশ্রমঘটিত। আশ্রম যদি বাজেয়াপ্ত থাকে, ভাগ্রার যদি বন্ধ থাকে, তবে আমার মৃক্ত থাকাটা নির্পেক। ছভিক্ষের পদধ্বনি ভনতে পাচ্ছি, কিন্তু কাউকে একম্টো চালও জোগাতে পারছিনে, এমন মৃক্তি কি একটা আশীর্বাদ, না একটা অভিশাপ? আমার মৃক্তি জেলথানায়, আমার মৃক্তি জীপাস্তরে, আমার মৃক্তি ফাঁসীকাঠে। আপনার পেদেন্টদের মধ্যে এমন গরিব কি কেন্ট নেই, যার জীবন নির্ভর করছে পাঁচহাজার টাকা দামের মন্ত্রপাতির উপর? তাকে আমার কাছে পাঠিয়ে দিন। সে আমাকে ধরিয়ে দিক।"

ৰ্ভানী 'ভোবা' ভোবা' করে ওঠেন। "বলো কী হে, দৌম্য ? আমার পোলেট কি ভূডাল বে জিশটা রৌপামুলার জন্তে বীশুকে ধরিয়ে দেবে ? না, বাবা, ভেমন অপকর্ম কেউ করবে না। আমিই বা ভার নিমিত্ত হতে যাই কেন ? আমার কি পাঁচহাজার টাকা খয়রাভ করার লামর্থ্য নেই ? যাও, যাও, ভূমি বেখানে খূশি যাও। মনে রেখো, গরিব হলেই কেউ অমাহ্য হয় না। ভোমারই এটা জানা উচিত, কারণ ভূমি গান্ধীবাদী। আর গান্ধী ভো গরিবের বন্ধু।"

সৌম্য মাক চায়। "কথাটা আমি না ভেবে চিস্তে বলেছি। আমার বলার উদ্দেশ্য টাকাটা যেন কোনো একজনের জীবনদায়ী হয়। অহিংসাবাদীর ধর্মই হচ্ছে মাহ্যকে প্রাণ দেওয়া, তার প্রাণ নেওয়া নয়। ছভিক্ষের দিন ও টাকা আণকার্বেও লাগতে পারে, যদি শ্লামকৃষ্ণ মিশনে দেওয়া হয়। তেমন প্রস্তাব কি নতুন পুলিশ সাহেব শুনবেন ? জাফর হোসেন তো নেই।"

দ্র, পাগল! রামকৃষ্ণ মিশন কি তোমাকে ধরিয়ে দিচ্ছে যে রামকৃষ্ণ মিশন ও টাকা পাবে । ওটা কোনো কাজের কথা নয়। পুলিশ সাহেব গোলাম নবী আমার পেদেউ। যাছিছ ওঁর চিকিৎসাস্থতে। তোমার সমস্তাটার কথা খুলে বলব। দেখা যাক তিনি কী করতে পারেন।" মৃস্থাফী আখাস দেন।

পুলিশ সাহেব ইতিমধ্যেই থবর পেয়েছিলেন যে সৌম্য চৌধুরী ক্যাপটেন
মৃত্তাফীর আপ্রয়ে। তিনি চূপি চূপি বলেন, "আপনি কি জানেন না যে এখানে
কেন্দ্রীয় সরকারের ইনটেলিজেশ অফিনার আছেন । তিনি সরাসরি দিল্লাতে
খবর পাঠান। সৌম্যবাব্র থবর কি এতক্ষণে দিল্লীতে পেঁছিয়নি ? কেন্টা
ইদি মিলিটারির নজরে পড়ে তবে ওদের হাতেই তাঁর জীবনমরণ। ও ব্যাটারা
সবাই গোরা। কংগ্রেস যে যুদ্ধকালে যুদ্ধ দফতর চেয়েছিল সেটা অযথা নয়।
তবে কেন্টা ভক্র করতে ওদের সময় লাগবে। তার আগেই যদি সৌম্যবাব্
ম্যাজিস্টেট সাহেবের কাছে আত্মনর্মণণ করেন ও সাহেব তাঁর কেন্টাকে নিজের
কোটে রাখেন তা হলে মিলিটারি হতক্ষেপ করতে পারবে না। তার আগেই
বিচারপর্ব সমাপ্ত হয়ে যাবে। সাজা অবশ্র হবেই, কিছু সেটা দাফণ কিছু নয়।
তার পরে সরকার হয়তো হাইকোটে আপীল করবেন, কিছু হাইকোট আরো
বেশী উদারতার সঙ্গে বিবেচনা করবেন। ততদিনে যুদ্ধও থতম হয়ে থাকবে।"

হাজির করে দেন তাঁর আপিদমরে। পরিচয় দেন, বুত্তান্ত বলেন। সৌষ্য একটা লিখিত বিবৃতি পেশ করে। সাহেব বলেন, "পাচ্ছা, চৌধুরীজী, স্বাপমি ইচ্ছে করলে আরো হু'তিন বছর আত্মগোপন করতে পারতেন। ভারত দেশটা তো ছোট নয়। কে আপনাকে ধরতে ৰাচ্ছিল ? কাগজে তো ফোটোও ছাপা হয়নি। যুদ্ধ শেষ হয়ে গেলে কেউ এ নিয়ে মাথা ঘামাত না। আপনি বলছেন আপনার মনে গভীর অমুতাপ জন্মেছে। আপনি ভেবেছিলেন ধ্বংসাত্মক কাৰু হিংদাত্মক কান্ধ নয়। এখন বুঝতে পেরেছেন যে ধ্বংদাত্মক কান্ধও হিংদাত্মক কাজ। হোয়াট নন্দেশ। আবে মশায়, করেছেন তো করেছেন। ভাতে হয়েছেট। কী ? ওসব ব্রিজ কালভার্ট এর মধ্যেই সারানো হয়েছে। টেলি-গ্রাফের তারও জোড়া লেগেছে। আপনি যদি জাপানী এজেট হতেন তা হলে নিশ্চয়ই মিলিটাবি ট্রাইবিউনালের পাল্লায় পড়তেন। তেমন কোনো রিপোর্ট আপনার বিরুদ্ধে নেই। রেকর্ড তো আপনার বরাবর ভালোই। এটা আপনার বৃদ্ধিভ্রম। আপনার সাজা হবে বইকি। কোন ধারায় সাজা, কী রকম সাজা, এসব আমি পাবলিক প্রোসিকিউটরের সঙ্গে পরামর্শ করে ছির করব। আপাতত আপনাকে জেলখানায় বিচারাধীন বলীহিসাবে থাকতে হবে। প্রথম শ্রেণীতেই স্থান পাবেন। তারিথ পডছে ছই সপ্তাহ পরে।"

সৌম্য কী বলে ধছাবাদ দেবে ভেবে পায় না। শুধু বলে, চরম দণ্ডের জন্তেও
আমি প্রশ্বত। বার্যায় যেমনটি ঘটেছে বাংলায়ও তেমনিটি ঘটত, ইংরেজরা
আমাদের জাপানীদের হাতে সঁপে দিয়ে যেত, তা কি কথনো সহা করা যায়,
সার ? অসামরিক জাভি বলে আমাদের অপবাদ আছে। সে অপবাদ আমি
ধণ্ডাতে চেয়েছি। তবু তো কারো প্রাণ নিইনি। নিলে এমন কী অন্তায়
হতো? যদি সেটা দেশরক্ষার জন্তে হতো। আমাদের দেশরক্ষা আমাদেরই
দায়। সাত সমুদ্র তেবো নদীর ওপার থেকে আসা ইংরেজের নয়। পেরেছে
কি ওরা বার্যা রক্ষা করতে ? পারত কি ওরা পূব বাংলা রক্ষা করতে, আসাম
রক্ষা করতে ? ছিল তো ওরা পালাবার তালে। পালাত আর পোড়ামাটি
করত। আমাদের নৌকা ডোবাত, ধানচাল পোড়াত, বন্দর ভাঙ্ ত, রেল
লাইন ওড়াত, ব্রিজ কালভার্ট ধ্বংস করত। ওরা করলে এসব হতো মিলিটারি
নেসেনিটি । আমরা করলে সাবোটাশ ! যাক্. জাপান আসছে না। আনক্ষের
কথা। কিন্তু ইতিহাস যথন লেখা হবে তথন কোনো কোনো ঐতিহাসিক
আ্যাদের সাধুবাদ দেবেন। লিখবেন জাপানীরা যে এল না তার কারণ তার।

ব্রতে পেরেছিল যে আমরা তাদের হাতের পুতৃল না হয়ে পায়ের কুডুল হতুম।
ইংরেজের শৃশ্যতা পূরণ করত্ম আমরাই। জাপানীরা নয়। এখন ইংরেজরা
বাহবা নিচ্ছে নিক। আমরা বাহবার জন্যে দেশের সম্পত্তি ধ্বংস করিনি,
আমাদের ওটা আ্যাডভেঞ্চারও নয়। বৃদ্ধিশ্রম কেন বলছেন, সার? আমরা
কি কম বৃদ্ধি এঁটেছি শ আমাদেরও একটা ইন্টেলিজেজ বিভাগ ছিল। কিপ্ত
থাক ওসব কথা। আমি কারো নাম ফাস করব না বলে প্রতিজ্ঞাবদ্ধ।
আমাদের হাতে ক্ষমতা যেদিন আসবে—যদি কখনো আসে—তা হলে ওদের
সোনার পদক দিতে বলব। তবে এটাও আমি হদয়ল্পম করেছি যে আমরা
যেটা অহসরণ করেছি সেটা গান্ধাপদ্ধা নয়। বাপুর নামে কলঙ্ক রটেছে বলে
আমি নিরতিশয় তৃঃথিত। তাঁর মনশনের জন্যে আমিও দায়ী। আমাকে
প্রায়শ্চিত্ত করতেই হবে। একভাবে না একভাবে। আপনি আমাকে ছেড়ে
দিলেও আমি নিজেকে ছাড়ব না। ক্রমফাল্ড সাহেবকে গান্ধীজী যা বলেছিলেন আপনাকেও আমি তাই বলছি। দিন আমাকে আপনার ক্ষমতায়
যেটা কঠোর তম শান্তি। কিন্তু আমার সাথীদের যেন রেহাই দেন।"

মীরচন্দানী শুনে অভিভূত হন। বলেন, আপনার কর্তব্য আপনি করে-ছেন। আমার কর্তব্য আমি করব। এর পর মৃস্তাফীর দিকে ফিরে বলেন, "এবার আপনার পালা। ওই পাঁচহাজার টাকা পুরস্কারটা আপনারই পাওনা, ক্যাপটেন মুকাফী।"

"আরে, না, না। আমি ও টাকা স্পর্শ করতে পারিনে। লোকে বলবে অত বড়ো দেশপ্রেমিককে ধরিয়ে দিয়েছি আমি, দেশদ্রোহী অর্থপিশাচ। না, না, ও টাকা হারাম। ও টাকা আপনারা হুভিক্ষপীড়িতদের ত্রাণ তহবিলে দিন। যারা থেতে পাচ্ছে না তারা থেতে পাবে।" মৃস্তাফী মিনতি করেন।

"ত্ভিক্ষ! কোথায় ত্ভিক্ষ! ওটা সরকারের বিরুদ্ধে অপপ্রচার। চাল কম পড়েছে। আমরা চাল আনিয়ে নিয়ে বাজারে ডাম্প করব। বাজার ভাসিয়ে দেব। থেতে না পেয়ে একটিও মাহ্য মরবে না।" মারচন্দানী তুভিক্ষের পদধ্বনি শুনতে পান না।

যথাকালে সৌম্যর তিন বছর সশ্রম কারাদণ্ড হয়। প্রথম শ্রেণীতে ওর আগত্তি এত তীত্র বে ওটাকে বিতীয় শ্রেণীতে পরিণত করা হয়। তাতেও ওর আগত্তি। কিছু ম্যাজিস্টেট ব্লেন, ''একজন বিলেতফের্তা বাঙালী ভদ্রলোককে তৃতীয় শ্রেণীভূক্ত করতে আমার হাত উঠবে না।"

খৰরটা কলকাতার কাগজে বেরিয়ে যায়। ছুলি তা পড়ে কেঁদে ফেলে। তারপরে সামলে নিয়ে বলে, "ভারী ভো তিন বছর। দেখতে দেখতে কেটে যাবে।"

একদিন ইলিসিয়াম রো থেকে এক বাঙালী পুলিশ অফিসার আসেন মিসেস সিনহার সঙ্গে দাক্ষাৎ করতে। "আইচ আমার নাম। ভনে হৃ:খিত হবেন যে আপনার মেয়ে মঞ্ আমাদের ওথানে গিয়ে স্বেচ্ছায় সারেণ্ডার করেছে। আমরাও দুঃখিত। ওর হাতে বোমা নেই, রিভনভার নেই, কিছ যা আছে তা আরো মারাত্মক। কলম। ইংরেজ দৈনিকদের সম্বোধন করে ও লিখেছে. 'তোমাদের মাতৃভূমি বিপন্ন, মাতৃজাতি বিপন্ন, এদেশে এসেছ তোমরা কী করতে ? আমাদের মাতভূমিকে ও মাতৃজাতিকে বিপন্ন করতে ৷ তোমরা এনেছ বলেই জাপানীরা আদছে, তোমাদের তাড়াতে। তার আগেই তোমরাও সরে পড়ো না কেন ্ কুইট ইণ্ডিয়া।' আমেরিকান সৈনিকদের সম্বোধন করে লিখেছে, 'ওয়াশিংটন ও লিংকনের বংশধর ! লিবার্টি মৃতির উপাসক ! তোমরাও শেষকালে কন্স্ক্রিণ্ট হলে! কোনু মহান আদর্শ সাধন করতে? ভারতের মাটিতে জাপানীদের সঙ্গে লড়তে ? ভেবেছ আমরা উলুখড় ? তুই আগুনের মারাথানে পড়ে প্রাণ হারাব ? শাদা মাহুষের সঙ্গে হলদে মাহুষের যুদ্ধে কালো মাকুষের টান কার দিকে তা অহুমান করতে পারো। নিপ্রোদের দঙ্গে ব্যবহারটা यि वक्र जाता कत्र जा राज ना रश जामात्मत मराश्चृ जि जामा कत्र जा। তবে আমরা কেউ জাপানীদের অগ্রগতি চাইনে। তার আগেই তোমাদের পশ্চাদ্গতি চাই।' ভারতীয় দৈনিকদের দম্বোধন করে লিথেছে, 'ভোমাদের দেশরক্ষার জত্যে তোমরাই তো যথেষ্ট। তোমাদের কেন পাঠানো হচ্ছে ইউরোপে, আফ্রিকায়, পশ্চিম এশিয়ার ? ইন্ধ্-মার্কিনদের কেন ডেকে আনা হচ্ছে তোমাদের জায়গায় ? ওদের জ্বের কত গোমাংস আর কত নারীমাংস রোজ সরবরাহ করতে হচ্ছে, জানো ? হয় চাকরি ছেড়ে দাও, নয় ওদের ওসব খোরাক বন্ধ করো। যে যার নিজের দেশ থেকে আনিয়ে নিক ওপব খোরাক। দেখুন, মিদেদ দিন্হা, এ দমন্তই আমাদের প্রাণের কথা। ওকে আমরা প্রাণ ধরে মিলিটারি ট্রাইবিউনালের থপ পরে ঠেলে দেব না। কিন্তু বেকহুর ছেড়ে দিই বা কী করে ? বড়ো সাহেবকে বুঝিয়েছি যে ওর ভগ্নাপতি স্ট্যাওিং কাউন্সেল। তার মানরক্ষা করতে হবে। হোম ইন্টার্ন করাই শ্রেষ। আপনি যদি ওঁকে রাজী করাতে পারেন তা হলে আমরাও মনন্তাপ থেকে বেঁচে ঘাই।"

জুলির সঙ্গে কথা বলে ওর মা মিন্টার রবার্টসনকে বলেন, "ওর ফির্নাসে সৌম্য চৌধুরীর তিন বছর সশ্রম করাদণ্ড ও বিতীয় শ্রেণীর করেদীদের মধ্যে ছান হয়েছে। সমতা রক্ষার জয়ে ওকেও দিতে হবে তিন বছর সশ্রম কারাদণ্ড ও বিতীয় শ্রেণীর কয়েদীদের মধ্যে স্থান। অব্বা, একও য়ে মেয়ে। আমার কন্ট্রোলের বাইরে। আমার মেজ জামাতার সঙ্গে পরামর্শ করে আপনারাই যা করবার করবেন। আমি তাতেই রাজী।"

ভাই হলো। পর পর ছু'ছুটো খারাপ খবর পড়ে যুথিকার মন খারাপ খবল খারাপ। মানস তাকে সান্ধনা দিতে বলে, "যারা চড়া স্টেকে থেলতে যায় ভারা চড়া স্টেকে জেতে বা চড়া স্টেকে হারে। আর একটু হলে ওরাই ভো জিতত। প্রোভিজনাল গভর্নমেন্ট ঘোষণা করে দেশের একাংশের স্বাধীনতা ঘোষণা করত। হয়তো বেশীদিনের জত্যে নয়, তবু ইতিহাসের একটা পৃষ্ঠা লাল অক্ষরে ছাপা হতো। মহাত্মার একুশ দিনের অনশনও চড়া সেটকের খেলা। শিরদার তো সরদার। মরতে মরতে বেঁচে গেলেন।"

গান্ধীজীর অনশন সারা হতে না হতে তাঁর দেশবাসীর অনশন শুরু হয়।
মানস ও যুথিকার মন আরো থারাপ। ছুটি নিয়ে মানসসরোবর অভিমুখে যাত্রা
করে মানস ও তার হংসবলাকা। থামে আলমোড়ায়। অত দূর থেকে
শুনতে পায় না বাংলাদেশের রাজধানীর রাজপথে কারা সব কেঁদে বলছে, "একটু
ক্যান দাও, মা। একমুঠো ভাত দাও, বাবা।" বিপ্লবীরা কর্ণপাত করে না।
বিপ্লবের লগ্ন বয়ে যায়।

॥ বিভীয় পর্ব সমাপ্ত ॥